Numb. 80. ৮০)

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JANUARY 4, 1842.

কলিকাতা মঙ্গলবার ১৮৪২ সাল ৪ জানুআরি।

ACTS

FORT WILLIAM,
LEGISLATIVE DEPARTMENT,
THE 20TH DECEMBER, 1841

The following Act passed by the Right Honourable the Governor General of India in Council on the 20th of December 1841, is hereby promulgated for general information

ACT No XXX OF 1841

An Act for repressing obstructions to Justice in certain Courts of the East India Company

I Whereas sufficient provision is not made for repressing obstructions to Justice committed in the Courts of the East India Company,—It is hereby enacted that all persons whatsoever, whether generally amenable to the Courts of the East India Company or otherwise, using menacing gestures or expressions, or otherwise obstructing Justice in the presence of any Zillah or City Magistrate, Joint Magistrate, or other Officer under a Magistrate empowered to try Criminal cases, or any superior or inferior Court, Civil or Criminal of the East India Company shall be liable to be fined by the Authority whose proceedings are obstructed to any amount not exceeding 200 Rupees or in case such fine be not paid to be imprisoned for any period not exceeding one month Provided that from the award of punishment in such case an appeal shall lie if preferred within one month, to the Authority, Civil or Criminal, appointed by law to hear appeals in all other cases from the decisions of the Officer by whom the fine was imposed and provided also that notwithstanding any thing in this Act it shall be lawful to indict any person amenable to Her Majesty's Supreme Courts as for a misdemeanor in any of the cases aforesaid sustainable before this Act, if no proceeding shall have been had against the offender in the Court where the offence was committed, but not otherwise

[Government Gazette, January 4th, 1842.]

৮

আইন।

ফোর্ট উলিয়ম।
লেজিসলেটিব ডিপার্টমেণ্ট।
ইঙ্গরেজী ১৮৪১ সাল ২০ ডিসেম্বর।

ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৪১ সালের ২০ ডিসেম্বর তারিখে নীচের লিখিত আইন জারী করিলেন এবং তাহা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হইতেছে।

ইঙ্গরেজী ১৮৪১ সাল ৩০ আইন।

কোম্পানি বাহাদুরের কোন২ আদালতে যথার্থ বিচারের বাধা নিবারণের আইন।

১ ধারা। যেহেতুক কোম্পানি বাহাদুরের আদালতে যথার্থ বিচারের যে বাধা হয় তাহা নিবারণের প্রচুর বিধান নাহি অতএব ইহাতে হুকুম হইল যে কোন জিলা বা শহরের মাজিস্ট্রেট সাহেবের অথবা জাইণ্ট মাজিস্ট্রেট সাহেবের কিম্বা মাজিস্ট্রেট সাহেবের অধীনে ফৌজদারী মোকদ্দমার বিচার করিবার ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন কার্য্যকারকের সম্মুখে অথবা কোম্পানি বাহাদুরের দেওয়ানী বা ফৌজদারী কোন উপরিস্থ বা নীচস্থ আদালতের সম্মুখে যে সকল ব্যক্তি ভয় দর্শাওনের অঙ্গভঙ্গীর কিম্বা কথার দ্বারা অথবা অন্য প্রকারে যথার্থ বিচারের বাধা জন্মায় সেই সকল ব্যক্তি সামান্যতঃ কোম্পানি বাহাদুরের আদালতের অধীন হউক কি না হউক যে কার্য্যকারকের বিচারের বাধা হয় তাহার দ্বারা তাহারা ২০০ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক কিম্বা ঐ জরীমানা না দেওয়া গেলে এক মাসের অনধিক মিয়াদে কয়েদের যোগ্য হইবেক। কিন্তু এইমত গতিকে যে কার্য্যকারক হুকুম না করেন তাঁহার নিষ্পত্তির উপরি অন্য২ মোকদ্দমাতে যে কোন দেওয়ানী অথবা ফৌজদারীর কার্য্যকারক আপীল শুনিতে আইন মতে নিযুক্ত হন তাঁহার নিকটে এক মাসের মধ্যে ঐ দণ্ডের হুকুমের উপর আপীল হইতে পারে। এবং উপরের উক্ত যে কোন গতিকে এই আইনের পূর্ব্বে নালিশ হইতে পারিত সেই২ গতিকে যে আদালতে অপরাধ হইয়াছিল সেই আদালতে অপরাধির বিরুদ্ধে কোন কার্য্য না হইলে শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টের অধীন কোন ব্যক্তির নামে অপরাধের নিমিত্ত এই আইনের কোন বিধি থাকিলেও ঐ সুপ্রিম কোর্টে নালিশ হইতে পারে কিন্তু অন্য গতিকে হইতে পারে না ইতি।

II And it is hereby further enacted, that the Sudder Board of Revenue, the local Commissioners, or other Officers exercising the powers of either of those authorities, the Collectors, or other Officers exercising the powers of Collector, shall be competent to punish any obstruction of the nature aforesaid, by fine to an extent not exceeding 200 Rupees, and in case such fine be not paid by imprisonment in the Civil Jail for a period not exceeding one month Provided that the orders passed in such cases shall be subject on appeal to the revision and controul of the superior Revenue Authorities, as in all others, and shall as well as the sentences passed under Section I of this Act be carried into effect by the Magistrate on application being made to that Officer, in the usual mode

III And it is hereby enacted, that Section XLII, the further proviso contained in Section LXXIV, Regulation XXIII 1814, Clauses second and third, Section V and Section VI Regulation XII of 1825, of the Bengal Code are repealed

I H Maddock,
Secy to the Govt of India

DRAFTS OF ACTS

FORT WILLIAM,
LEGISLATIVE DEPARTMENT,
The 27th December 1841

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 27th of December 1841

Act No —— of 1841

An Act for amending the Law concerning the jurisdiction and procedure of the Courts of Ameens and Moonsiffs

I In modification of Clause 4, Section 18, Regulation V of 1831, Bengal Code, it is hereby enacted, that in the trial and decision of all original Suits referred to them by the Judge, the Principal Sudder Ameens shall be guided by the rules established for the conduct of business in the Courts of the Zillah and City Judges

II And it is hereby enacted, that the provisions of Section 4, Act No XXV of 1837, in respect to appeals from decisions passed by Principal Sudder Ameens, in Suits of the nature specified therein, be extended to all interlocutory orders passed by those Officers in such Suits

III And it is hereby enacted, that such parts of Regulation XXIII 1814, as prohibit the Sudder Ameens and Moonsiffs from requiring security from defendants, or from attaching their property in cases pending before them or from realizing fines imposed by them without first obtaining the sanction of the Zillah Judge, be repealed

IV And it is hereby enacted, that it shall be competent to the Sudder Ameens and Moonsiffs to demand security from the defendant, under the pro-

২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে সদর বোর্ড রেবিনিউর সাহেবেরা ও রাজস্বের কমিস্যনর সাহেবেরা অথবা উক্ত কোন কার্য্যকারকেরদের ক্ষমতাপ্রাপ্ত অন্য২ কোন কার্য্যকারক সাহেবেরা কিম্বা কালেক্টর সাহেবেরা অথবা কালেক্টর সাহেবেরদের ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন কার্য্যকারকেরা উপরের উক্ত প্রকারে বাধা করণিয়া ব্যক্তির ২০০৲ টাকার অনধিক জরীমানা করিতে পারেন এবং ঐ জরীমানার টাকা না দেওয়া গেলে অপরাধি ব্যক্তিকে এক মাসের অনধিক মিয়াদে দেওয়ানী জেলখানাতে কয়েদ করিতে পারেন। কিন্তু অন্য২ মোকদ্দমাতে উক্ত কার্য্যকারকেরদের হুকুমের উপর যেমত আপীল হইতেছে সেইমত এ সকল গতিকেও ঐ কার্য্যকারকেরদের হুকুমের উপর উপরিস্থ রাজস্বের কার্য্যকারকেরদের বিচার ও নিষ্পত্তির নিমিত্ত আপীল হইতে পারে এবং এই আইনের ১ ধারার নির্দ্দিষ্ট দণ্ডের হুকুম এবং উক্ত কার্য্যকারকেরদের দণ্ডের হুকুম মাজিষ্ট্রেট সাহেবের নিকটে চলিত নিয়মমতে দরখাস্ত হইলে তাহার দ্বারা জারী হইবেক ইতি।

৩ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে বাঙ্গলা দেশের চলিত ১৮১৪ সালের ২৩ আইনের ৪২ ধারা এবং ৭৪ ধারার নিয়মান্তরের কথা এবং ১৮২৫ সালের ১২ আইনের ৫ ধারার ২।৩ প্রকরণ এবং ৬ ধারা রদ হইল ইতি।

টি এচ মাডক।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

John C Marshman *Bengalee Translator*

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
লেজিসলেটিব ডিপার্টমেণ্ট।
ইঙ্গরেজী ১৮৪১ সাল ২৭ ডিসেম্বর।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪১ সালের ২৭ ডিসেম্বর তারিখে হুজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪১ সাল —— আইন।

আমীনেরদের এবং মুনসেফেরদের আদালতের এলাকা ও কার্য্যবিষয়ক আইন সংশোধনের আইন।

১ ধারা। বাঙ্গলা দেশের চলিত ১৮৩১ সালের ৫ আইনের ১৮ ধারার ৪ প্রকরণ মতান্তর হইয়া ইহাতে হুকুম হইল যে জজ সাহেব প্রধান সদর আমীনকে প্রথমত উপস্থিত যে সকল মোকদ্দমা অর্পণ করেন তাহা জিলা এবং শহরের জজ সাহেবেরদিগের আদালতের কার্য্য চালাওনের বিষয়ে যে সকল বিধি নির্দ্দিষ্ট আছে তদনুসারে প্রধান সদর আমীনের দ্বারা বিচার ও নিষ্পত্তি হইবেক ইতি।

২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে ১৮৩৭ সালের ২৫ আইনের ৪ ধারার নির্দ্দিষ্ট প্রকার মোকদ্দমায় প্রধান সদর আমীনেরদের নিষ্পত্তির উপর আপীলের বিষয়ে ঐ ধারাতে যে বিধান আছে সেই বিধান ঐ বিচারক ঐ প্রকার মোকদ্দমাতে যে সকল হুকুম করেন তাহার বিষয়েও খাটিবেক ইতি।

৩ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে ১৮১৪ সালের ২৩ আইনের যে২ ভাগে সদর আমীন ও মুনসেফদিগের প্রতি আসামীর স্থানে জামিন চাহিবার অথবা তাঁহারদের সম্মুখে উপস্থিত মোকদ্দমাতে আসামীর সম্পত্তি ক্রোককরণের অথবা জিলার জজ সাহেবের অনুমতিবিনা তাঁহারদের হুকুমকরা জরীমানা উসুল করণের নিষেধ আছে সেই২ ভাগ রদ হইল ইতি।

৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে সদর আমীন ও মুনসেফেরদের সম্মুখে উপস্থিত মোকদ্দমায় তাঁহারা আসামীর স্থানে ১৮০৬ সালের ২ আইনের ৪ এবং

visions of Sections 4 and 5, Regulation II 1806, in cases pending before them and also to proceed without reference to the Zillah Judge, to the realization of fines imposed by them, provided that all orders passed by the Sudder Ameens and Moonsiffs under this Section, be subject to an appeal to the Zillah Judge

V And it is hereby enacted in modification of Section 22, Regulation V of 1831, that decrees passed in the Courts of the Judges or Principal Sudder Ameens in cases of appeal from the decisions of the Sudder Ameens and Moonsiffs shall be executed by the Courts in which the original decisions were passed, under the general rules prescribed for the execution of decrees passed by those Courts applications for the execution of such decrees shall be presented, together with a certified copy of the decree of the Judge or Principal Sudder Ameen to the Court of original jurisdiction In appeals from the orders of the Moonsiff or Sudder Ameen in such cases the decision of the Zillah or City Judge shall be final

VI And it is hereby enacted, that Clause 2, Section 13, Regulation XXIII 1814, and Clause 4, Section 5, Regulation V 1831, be repealed

VII And it is hereby enacted, that no person whatever shall by reason of place of birth, or by reason of descent be in any Civil proceeding whatever, exempted from the jurisdiction of the Courts of the Moonsiffs, in the Territories subject to the Presidency of Fort William in Bengal

VIII And it is hereby enacted that persons invested with the powers of Moonsiffs shall be competent to receive, try and determine suits of every description under the restrictions as to local jurisdiction and value of property mentioned in Clauses 1, 2 and 3, Section 5, Regulation V 1831 Provided, however that no Moonsiff shall try any suit, in which he himself, or his relatives, or dependants, or the Vakeels or Officers of his Court shall be a party

IX And it is hereby enacted, that in cases, where by reason of the above Section, a Moonsiff cannot try a suit because he himself, or his relatives or dependants, or the Vakeels or Officers of his Court are a party to the suit, it shall nevertheless be competent to the Moonsiff to receive the suit, and forward it to the Judge of the Zillah to which he is subordinate, who may thereupon refer the same for trial and decision to any other Moonsiff of the District

---

Ordered, that the Draft now read, be published for general information

Ordered, that the said Draft be reconsidered at the first Meeting of the Legislative Council of India, after the 27th day of March 1842

T H Maddock,
Secy to the Govt. of India.

[*Government Gazette, 4th January,* 1842]

৫ ধারার বিধানুসারে জামিন চাহিতে পারেন এবং জিলার জজ সাহেবের অনুমতি না লইয়া তাঁহারদের হুকুমকরা জরীমানা উসুল করিতে পারেন কিন্তু এই ধারার অনুসারে সদর আমীন ও মুনসেফেরা যে সকল হুকুম করেন তাহার উপর আপীল জিলার জজ সাহেবের নিকটে হইতে পারে ইতি ।

৫ ধারা । এবং ১৮৩১ সালের ৫ আইনের ২২ ধারা মতান্তর হইয়া ইহাতে হুকুম হইল যে সদর আমীন ও মুনসেফেরদের নিষ্পত্তির উপর আপীল হইলে তাহাতে জজ সাহেব ও প্রধান সদর আমীনেরা যে ডিক্রী করেন তাহা যেং আদালতে প্রথম নিষ্পত্তি হইয়াছিল সেইং আদালতের দ্বারা ঐ আদালতের করা ডিক্রী জারীর বিষয়ে যে সাধারণ বিধি আছে তদনুসারে জারী হইবেক । এবং যে আদালতে ঐ মোকদ্দমা প্রথমত উপস্থিত হইয়াছিল তাহাতে জজ সাহেব অথবা প্রধান সদর আমীনের ডিক্রীর সর্টিফিকট হওয়া নকলসমেত ঐং ডিক্রী জারী করণের দরখাস্ত দিতে হইবেক । এইং গতিকে মুনসেফ অথবা সদর আমীনের হুকুমের উপর আপীল হইলে জিলা অথবা শহরের জজ সাহেব যে নিষ্পত্তি করেন তাহা চূড়ান্ত হইবেক ইতি ।

৬ ধারা । আরো ইহাতে হুকুম হইল যে ১৮১৪ সালের ২৩ আইনের ১৩ ধারার ২ প্রকরণ এবং ১৮৩১ সালের ৫ আইনের ৫ ধারার ৪ প্রকরণ রদ হইল ইতি।

৭ ধারা । এবং ইহাতে হুকুম হইল যে বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন দেশের মধ্যে কোন ব্যক্তি জন্মস্থানপ্রযুক্ত অথবা বংশপ্রযুক্ত কোন প্রকার দেওয়ানী বিষয়ে মুনসেফের আদালতের এলাকার বহির্ভূত হইবেন না ইতি।

৮ ধারা । আরো ইহাতে হুকুম হইল যে মুনসেফের ক্ষমতাবিশিষ্ট ব্যক্তিরা ১৮৩১ সালের ৫ আইনের ৫ ধারার ১ । ২ এবং ৩ প্রকরণে স্থাননির্দেশের এলাকা ও সম্পত্তির মূল্যের বিষয়ে যে নিষেধ আছে তাহা বহাল থাকিয়া সর্ব্ব প্রকার মোকদ্দমা লইতে ও বিচার ও নিষ্পত্তি করিতে পারেন । কিন্তু যে মোকদ্দমায় কোন মুনসেফ স্বয়ং অথবা তাহার কুটুম্বেরা কি তাঁহার আশ্রিত ব্যক্তি অথবা তাহার আদালতের উকীল বা আমলা একপক্ষ হন সেই প্রকার মোকদ্দমার বিচার কোন মুনসেফ করিতে পারিবেন না ইতি ।

৯ ধারা । এবং ইহাতে হুকুম হইল যে এপ্রকার গতিকে উক্ত ধারাপ্রযুক্ত কোন মুনসেফ স্বয়ং অথবা তাঁহার কুটুম্ব কি তাঁহার আশ্রিত ব্যক্তি কিম্বা তাহার আদালতের উকীল বা আমলা মোকদ্দমার এক পক্ষহওয়াতে তিনি সেই মোকদ্দমার বিচার করিতে পারেন না সেইং গতিকে মুনসেফ তথাপি ঐ মোকদ্দমা লইতে পারেন এবং যে জিলার অধীন সেই জিলার জজ সাহেবের নিকটে পাঠাইবেন পরে জজ সাহেব তাহা ঐ জিলার অন্য কোন মুনসেফের নিকটে বিচার ও নিষ্পত্তির নিমিত্তে অর্পণ করিবেন ইতি ।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্ত প্রকাশ হয় ।

হুকুম হইল যে ১৮৪২ সালের ২৭ মার্চ তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের প্রথম যে বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনর্ব্বার বিবেচনা করা যাইবেক ।

টি এচ মাডক ।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী ।
John C. Marshman, *Bengalee Translator.*

[Third Insertion.]

FORT WILLIAM,

LEGISLATIVE DEPARTMENT,

THE 1ST NOVEMBER 1841

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 1st of November, 1841.

ACT No. —— OF 1841.

An Act for Consolidating and Amending the Laws relating to trespasses by Cattle.

I. It is hereby enacted, that all persons who negligently or wilfully shall allow Cattle to damage any species of growing Crop shall, on complaint of any party injured, be liable, upon being convicted before any Magistrate, to a fine not exceeding two hundred Rupees for every such offence.

II. And it is hereby enacted, that it shall be lawful for every Magistrate, before whom any person shall be convicted of the aforesaid offence, to levy the same by distress of any property of the offender, and at his discretion, to apply the amount levied, or any part thereof, for compensating the party or parties injured, and in case the fine or any part thereof cannot be levied the offender shall be liable to be imprisoned for any period not exceeding two months unless the fine, or the residue thereof, be previously paid.

III. And it is hereby provided, that nothing in this Act contained shall prevent any person from recovering compensation for any damage committed by Cattle to any growing Crop, provided he shall have received no compensation for the same under this Act, but not otherwise.

Ordered, that the Draft now read, be published for general information.

Ordered, that the said Draft be reconsidered at the first Meeting of the Legislative Council of India after the 1st day of February next.

T. H. MADDOCK,
Secy. to the Govt. of India.

[Third Insertion.]

FORT WILLIAM,

LEGISLATIVE DEPARTMENT,

THE 15TH NOVEMBER, 1841.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 15th of November, 1841.

ACT No. —— OF 1841.

An Act for the better enforcing of duties incident to the Tenure of Lands.

Whereas doubts have arisen whether all subjects of Her Majesty acquiring and holding property under the provisions of Act No. IV. of 1837, are subject to the same jurisdiction as Natives acquiring and holding such property, in regard to charges and duties incident to the tenure thereof;—

It is hereby declared and enacted, that all subjects of Her Majesty acquiring and holding pro-

[তৃতীয়বার প্রকাশিত।]

ফোর্ট উলিয়ম।

লেজিসলেটিব ডিপার্টমেন্ট।

ইঙ্গরেজী ১৮৪১ সাল ১ নবেম্বর।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪১ সালের ১ নবেম্বর তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪১ সাল——আক্ট।

পশুর দ্বারা ক্ষেত্র বিনষ্ট করণবিষয়ক আইন একত্র ও সংশোধন করণের আইন।

১ ধারা। ইহাতে হুকুম হইল যে যে কোন প্রকার ফসল জন্মিতেছে তাহা গাফলীপ্রযুক্ত কিম্বা জানিয়া শুনিয়া যে সকল ব্যক্তি পশুকে নষ্ট করিতে দেয় তাহারদের নামে ক্ষতিগ্রস্ত ব্যক্তি নালিশ করিলে এবং তাহারদের দোষ মাজিষ্ট্রেট সাহেবের সমক্ষে সাব্যস্ত হইলে তাহারা ঐরূপ প্রত্যেক অপরাধের নিমিত্ত দুই শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে প্রত্যেক মাজিষ্ট্রেট সাহেবের সমক্ষে কোন ব্যক্তির উক্ত অপরাধ সাব্যস্ত হয় তিনি অপরাধি ব্যক্তির কোন সম্পত্তি ক্রোক করিয়া ঐ জরীমানা আদায় করিতে পারেন এবং আপনার বিবেচনাতে আদায়হওয়া সমুদয় টাকা অথবা তাহার কতক অংশ লইয়া ক্ষতিগ্রস্ত ব্যক্তি বা ব্যক্তিরদের ক্ষতিপূরণ করিতে পারেন এবং যদি ঐ জরীমানা অথবা তাহার কোন অংশ আদায় না হইতে পারে তবে ঐ জরীমানা অথবা তাহার অবশিষ্ট অংশ দুই মাসের মধ্যে না দেওয়া গেলে ঐ অপরাধি ব্যক্তি দুই মাসের অনধিক কালপর্য্যন্ত কয়েদের যোগ্য হইবেক ইতি।

৩ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে যে ফসল জন্মিতেছে তাহা পশুতে ক্ষতি করিলে যদি ক্ষতিগ্রস্ত ব্যক্তির এই আইনক্রমে ক্ষতিপূরণ না হয় তবে ক্ষতিপূরণের বিষয়ে নালিশ করিতে এই আইনের দ্বারা নিষেধ নাহি কিন্তু এই আইনের দ্বারা ক্ষতিপূরণ হইলে অন্যত্র নালিশ হইতে পারে না ইতি।

হুকুমহইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্ত প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ১ ফেব্রুআরি তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের প্রথম যে বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যাইবেক।

টি এচ মাডক।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

[তৃতীয়বার প্রকাশিত।]

ফোর্ট উলিয়ম।

লেজিসলেটিব ডিপার্টমেন্ট।

ইঙ্গরেজী ১৮৪১ সাল ১৫ নবেম্বর।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪১ সালের ১৫ নবেম্বর তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪১ সাল——আক্ট।

ভূমির অধিকারসম্পর্কীয় কর্ত্তব্য কর্ম্ম পূর্ব্বাপেক্ষা উত্তমরূপে করাওনের আইন।

যেহেতুক এদেশীয় লোক ভূমি সম্পত্তি প্রাপ্ত হইলে ও দখল করিলে তাহার অধিকারসম্পর্কীয় ঝুঁকী ও কর্ত্তব্য কর্ম্মের বিষয়ে তাহারা যে আদালতের অধীন ১৮৩৭ সালের ৪ আইনের বিধানানুসারে শ্রীশ্রীমতী মহারাণীর সমস্ত প্রজা ভূমি সম্পত্তি প্রাপ্ত হইলে ও দখল করিলে তাহারা সেই আদালতের অধীন কি না এই বিষয়ে সন্দেহ হওয়াতে

ইহাতে হুকুম ও নির্দ্দিষ্ট হইল যে এদেশীয় লোকেরা কি মৌরুসী কি মিয়াদী ভূমির দখল করিলে সেই ভূমি

perty under the provisions of the aforesaid Act shall be liable to the same charges and duties as Natives in respect of the tenure of lands held by them in perpetuity, or for a term of years and such charges and duties may be enforced by the like means and by the same authorities as in the case of Natives holding such property

---

Ordered, that the Draft now read, be published for general information

Ordered, that the said Draft be reconsidered at the first Meeting of the Legislative Council of India after the 15th day of February next

T H Maddock,
Secy to the Govt of India

[*Third Insertion*]

FORT WILLIAM

LEGISLATIVE DEPARTMENT

The 22d November, 1841

The following Act passed by the Right Honourable the Governor General of India in Council on the 22d of November 1841, is hereby promulgated for general information

Act No —— of 1841

An Act concerning the reckoning of service towards pay or pension by Soldiers belonging to the Native Forces of the East India Company during confinement

It is hereby enacted, that no Native Soldier shall be entitled to pay or to reckon service towards pay or pension when in confinement under any sentence of any Court, or during absence from duty by commitment under the Civil power on a charge of any offence cognizable by a Civil or Criminal Court, or by reason of any arrest for debt, or as a prisoner of war, or while in confinement under any charge of which he shall afterwards be convicted

---

Ordered, that the Draft now read, be published for general information

Ordered, that the said Draft be reconsidered at the first Meeting of the Legislative Council of India after the 22d day of February next

T H Maddock,
Secy to the Govt of India

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT

No 4121

To the Civil and Session Judges, the Commissioner of the 19th Division, and the Session Judge for the trial of Thugs

The Government have been pleased to sanction the adoption, in regard to Law Officers absent on leave, of a rule similar to that which holds in the case of Native Judges, viz a deduction of one-half the fixed Salary in the event of absence at any

সম্পর্কে তাহারদের উপর যে ঝুঁকী ও কর্ত্তব্য কর্ম্ম অর্শে উক্ত আইনের বিধানুসারে শ্রীশ্রীমতী মহারাণীর সমস্ত প্রজা ভূমি সম্পত্তি প্রাপ্ত হইলে ও দখল করিলে তাহারদের উপরেও সেই ঝুকী ও কর্ত্তব্য কর্ম্ম অর্শিবেক। এবং সেই প্রকার ভূমি সম্পত্তির দখীলকার এদেশীয় লোকেরদের প্রতি ঐ ঝুকী ও কর্ত্তব্য কর্ম্ম যে উপায় ও যে কার্য্যকারকের দ্বারা করাণ যায় সেই উপায় ও কার্য্যকারকের দ্বারা ঐ ঝুঁকী ও কর্ত্তব্য কর্ম্ম সমস্ত প্রজাকে করাণ যাইবেক ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ১৫ ফেব্রুআরি তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের প্রথম যে বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনর্ব্বার বিবেচনা করা যাইবেক।

টি এচ মাডক।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।
John C Marshman *Bengalee Translator*

[তৃতীয়বার প্রকাশিত।]

ফোর্ট উলিয়ম।

লেজিসলেটিব ডিপার্টমেণ্ট।

ইঙ্গরেজী ১৮৪১ সাল ২২ নবেম্বর।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪১ সালের ২২ নবেম্বর তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠকরা গেল।

ইঙ্গরেজী ১৮৪১ সাল —— আক্ট।

কোম্পানি বাহাদরের এদেশীয় সৈন্যসম্পর্কীয় সিপাহীরদের মাহিয়ানা অথবা পেনসন পাইবার নিমিত্ত চাকরীর গণনা করণ বিষয়ক আইন।

ইহাতে হুকুম হইল যে এদেশীয় কোন সিপাহী কোন আদালতের দণ্ডাজ্ঞাক্রমে কয়েদ থাকনসময়ে অথবা দেওয়ানী কি ফৌজদারী আদালতের বিচার্য্য কোন নালিশক্রমে দেওয়ানীর কার্য্যকারকেরদের দ্বারা কয়েদ হওনপ্রযুক্ত অথবা কর্জের নিমিত্ত কয়েদ হওনপ্রযুক্ত কিম্বা যুদ্ধে বন্দি হওনপ্রযুক্ত কর্ম্মে উপস্থিত না থাকনসময়ে অথবা যে নালিশে সে ব্যক্তি তৎপরে দোষী হয় এমত নালিশক্রমে কয়েদ থাকনসময়ে সে ব্যক্তি মাহিয়ানা পাইবেক না অথবা মাহিয়ানা কিম্বা পেনসন পাইবার নিমিত্ত তাহার চাকরী গণ্য হইবেক না ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্ত প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ২২ ফেব্রুআরি তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের প্রথম যে বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনর্ব্বার বিবেচনা করা যাইবেক।

টি এচ মাডক।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।
John C Marshman, *Bengalee Translator*

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

৪১২১ নম্বর।

শ্রীযুত সিবিল ও সেশন জজ সাহেব এবং ১৯ সংখ্যক এলাকার শ্রীযুত কমিস্যনর সাহেব ও ঠগেরদের বিচারার্থ শ্রীযুত সেশন জজ সাহেব বরাবরেষু।

এদেশীয় বিচারকেরা ছুটী লইয়া কর্ম্ম স্থানহইতে গমন করিলে তাঁহারদের বিষয়ে যে বিধি চলিতেছে সেই বিধি গবর্ণমেণ্ট ব্যবস্থাদায়কেরদের বিষয়েও চালাইবার অনুমতি দিয়াছেন অর্থাৎ আদালতের নিয়মিত বন্দের সময়ভিন্ন অন্য কোন সময়ে ছুটী লইলে তাঁহারা নিরূপিত মাহিয়ানার অর্দ্ধেক পাইবেন কিন্তু ঐ বন্দের

other period than the regular vacations, for absence during which no deduction is to be made

W Kirkpatrick, *Deputy Register*
Fort William, 26th November 1841

No 4164

To the several Civil and Criminal Authorities in the Regulation and Extra Regulation Provinces

1 The Court, having observed in various instances, that the proceedings and orders of the different Courts of justice are headed with the names of the heathen Deities, desire me to request that such practice may be discontinued in all orders of the Courts and processes emanating therefrom

2 At the same time, I am directed to observe that the above order has no reference whatever to petitions, documents, or papers of any kind which may be presented to the Courts, in regard to which you will be careful to abstain from all interference

W Kirkpatrick, *Deputy Register*
Fort William, 3rd December, 1841

CIVIL APPOINTMENTS

No 1865

ORDERS BY THE RIGHT HONOURABLE THE GOVERNOR OF BENGAL

JUDICIAL AND REVENUE DEPARTMENT,

The 21st December 1841

LEAVES OF ABSENCE

Mr J F G Cooke, Civil and Sessions Judge of Dacca, for three weeks, at intervals, under Medical Certificate

Mr J C Dick Officiating Superintendent of Khass Mehals in Patna, to the 15th proximo, preparatory to his applying for Furlough

Mr R C Raikes, Officiating Joint Magistrate and Deputy Collector of Bogr307ah, for two months under Medical Certificate from the date of his making over charge of the office to Mr G C Fletcher

Dr J Baker, of Noacolly, for four days, from the 28th instant to the 1st proximo, in extension under Section XI of the Rules of 29th January, 1840

Dr A Wilson, of Rajeshye, for one month, on private affairs, under the same Section and Rules

Dr G N Cheek, of West Burdwan for one month from 2d January to 2d February 1842, under the same Section and Rules

Dr A Kean, of Moorshedabad, for ten days, on private affairs

Mr D McFarlan, Chief Magistrate of Calcutta, from the 1st proximo to the date on which the Steamer "India" may leave the Sand Heads, preparatory to his departure by that Vessel to Europe

Moulvie Osman Ali, late Sudder Ameen of Shahabad, transferred to East Burdwan, for one month, in further extension, on private affairs.

[গবর্ণমেন্ট গেজেট ১৮৪২ । ৪ জানুআরি ।]

সময়ে অনুপস্থিত থাকিলে তাহারদের মাহিয়ানা কাটা যাইবেক না।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর
ফোর্ট উলিয়ম ১৮৪১। ২৬ নবেম্বর।

৪১৬৪ নম্বর।

আইনের অধীন এবং আইনবহির্ভূত প্রদেশের প্রত্যেক দেওয়ানী ও ফৌজদারীর কার্য্যকারক বরাবরেষু।

১। সদর আদালতের সাহেবেরা পরম্পরা দেখিয়াছেন যে নানা আদালতের কার্য্যকারী ও হুকুমনামার শিরোভাগে দেবতারদের নাম লেখা থাকে অতএব তোমাকে জ্ঞাত করিতে আদেশ পাইয়াছি যে আদালতের সমুদয় হুকুমনামাতে এবং আদালত হইতে যে সকল পরওয়ানা বাহির হয় তাহাতে ঐ ব্যবহার বর্জিত হয়।

২। এইমত সময়ে তোমাকে আদেশ করিতে হুকুম পাইয়াছি যে দরখাস্ত কি দলীলদস্তাবেজ অথবা অন্য যে কোন প্রকার কাগজপত্র আদালতে দাখিল হয় তাহাতে ঐ হুকুম খাটিবেক না এবং এই বিষয়েতে তুমি সাবধান হইয়া হস্তক্ষেপ করিবা না।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।
ফোর্ট উলিয়ম ১৮৪১। ২২ ডিসেম্বর।

John C Marshman, *Bengalee Translator*

রাজকর্ম্মে নিয়োগ।

১৮৬৫ নম্বর।

বাঙ্গল দেশের শ্রীযুত গবরনর সাহেবের হুকুম।

জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেণ্ট।

১৮৪১ সাল ২১ ডিসেম্বর।

ছুটী।

ঢাকার সিবিল ও সেশন জজ শ্রীযুত জে এফ জি কুক সাহেব নানা সময় ধরিয়া চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

পাটনার খাসমহালের একটিং সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত জে সি ডিক সাহেব নিয়মিত ছুটীর প্রার্থনাকরণোপলক্ষে আগামি মাসের ১৫ তারিখপর্য্যন্তের ছুটী পাইয়াছেন।

বগুড়ার একটিং জাইণ্ট মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত আর সি রেক্স সাহেব যে তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত জি সি ফেলচর সাহেবের প্রতি অর্পণ করিবেন সেই তারিখঅবধি চিকিৎসকের সর্টিফিকট ক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

নওয়াখালীর চিকিৎসক শ্রীযুত জে বেকর সাহেব ১৮৪০ সালের ২৯ জানুআরি তারিখের বিধির ১১ ধারানুসারে বর্ত্তমান মাসের ২৮ তারিখঅবধি আগামি মাসের ১ তারিখপর্য্যন্ত অতিরিক্ত চারি দিবসের ছুটী পাইয়াছেন।

রাজশাহীর চিকিৎসক শ্রীযুত এ উইলসন সাহেব উক্ত বিধির ঐ ধারানুসারে স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

পশ্চিম বর্দ্ধমানের চিকিৎসক শ্রীযুত জি এন চীক সাহেব উক্ত বিধির ঐ ধারানুসারে ১৮৪২ সালের জানুআরি মাসের ২ তারিখঅবধি ফেব্রুআরি মাসের ২ তারিখপর্য্যন্ত এক মাসের ছুটী পাইয়াছেন।

মুরশিদাবাদের চিকিৎসক শ্রীযুত এ কীন সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে দশ দিনের ছুটী পাইয়াছেন।

কলিকাতার প্রধান মাজিস্ট্রেট শ্রীযুত ডি মাকফার্লন সাহেব ইণ্ডিয়া নামক বাষ্পীয় জাহাজের দ্বারা ইউরোপে গমনের উপলক্ষে আগামি মাসের ১ তারিখঅবধি যে তারিখে ঐ বাষ্পীয় জাহাজ খাজুরীহইতে গমন করিবেক সেই তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

শাহাবাদের পূর্ব্বের সদর আমীন কিন্তু এক্ষণে পূর্ব্ব বর্দ্ধমানে নিযুক্ত শ্রীযুত মৌলবী ওসমান আলী স্বীয় কর্ম্মোপলক্ষে অতিরিক্ত এক মাসের ছুটী পাইয়াছেন।

Baboo Govind Persad Pundit, Deputy Collector under Regulation IX of 1833, in Sylhet, for fifteen days, in extension, under Medical Certificate

APPOINTMENTS, &c

Mr C Tucker to be President of the Presidency Committee for the Examination of Candidates for the office of Moonsiffs, vice Mr D C Smith

Dr W C B Eatwell to officiate as Civil Assistant Surgeon of Pubna

Mr I E H Repton made over charge of the Balasore Treasury to Mr Uncovenanted Collector Brown on the 20th ultimo, pending the arrival of Mr T Young

F J Halliday
Secy to the Govt of Bengal

No 1866
FORT WILLIAM,
JUDICIAL AND REVENUE DEPARTMENT,
The 14th December, 1841
NOTIFICATION

The individuals named on the margin,* lately attached to the Treasury of the Deputy Collectorate of Pulloah having been convicted of Embezzlement of the public monies, are, under Section IV Regulation II of 1813, hereby declared incapable of serving Government in future in any public capacity

By Order,
F J Halliday
Secy to the Govt of Bengal

* Doorgachurn Roy, Treasurer Ramanund Doss, Poddar, Ramkunnye Sein and Chunder Muddun Mohurirs

---

No 308
FORT WILLIAM,
GENERAL DEPARTMENT,
The 29th December, 1841

The following Gentlemen of the Civil Service have reported their arrival at Bombay on return from England on the dates inserted opposite their names

Mr C M Caldecott	12th December 1841
„ B J Colvin	Ditto,
„ F J Morris,	13th Ditto
„ D Pringle,	14th Ditto

The Honourable R Forbes, of the Civil Service, reported his return to this Presidency from England on board the Ship 'Duke of Argyle,' which Vessel reached Kedgeree on the 28th instant

G A Bushby
Secy to the Govt of Bengal

No 1896
ORDERS BY THE RIGHT HONOURABLE THE GOVERNOR OF BENGAL
JUDICIAL AND REVENUE DEPARTMENT
The 28th December, 1841
LEAVES OF ABSENCE

Mr C Garstin, Judge of Behar, for five days, in

১৮৩৩ সালের ৯ আইনানুসারে ছিলটের ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গোবিন্দপ্রসাদ পণ্ডিত চিকিৎসকের সর্টিফিকটক্রমে অতিরিক্ত পনের দিবসের ছুটী পাইয়াছেন।

নিয়োগপ্রভৃতি।

মৃত ডি সি স্মিথ সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত সি টকর সাহেব মুনসেফী কর্ম্মাকাঙ্ক্ষি ব্যক্তিরদের বিচার করণের রাজধানীর কমিটির প্রেসীডেন্ট হইলেন।

শ্রীযুত ডাক্তর ডবলিউ সি বি ইটওএল সাহেব পাবনার সিবিল আসিষ্টান্ট চিকিৎসকতা কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত জে ই এচ রেপ্টন সাহেব শ্রীযুত টি ইয়ং সাহেবের না পহুছনপর্য্যন্ত গত মাসের ২০ তারিখে বালেশ্বরের খাজনাখানার ভার অচিহ্নিত কালেক্টর শ্রীযুত ব্রৌণ সাহেবের প্রতি অর্পণ করিলেন।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৮৬৬ নম্বর।
ফোর্ট উলিয়ম।
জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেণ্ট।
১৮৪১ সাল ১৪ ডিসেম্বর।
বিজ্ঞাপন।

নীচের লিখিত * যে ব্যক্তিরা পূর্ব্বে পলুয়ার ডেপুটী কালেক্টরের খাজানাখানাতে নিযুক্ত ছিল তাহারদের নামে সরকারী ধন অপহরণকরণ দোষ সাব্যস্ত হওয়াতে তাহারা ১৮১৩ সালের ২ আইনের ৪ ধারানুসারে এই বিজ্ঞাপনের দ্বারা উত্তর কালে কোন সরকারী কার্য্যে নিযুক্ত হনের অযোগ্য প্রকাশ হইতেছে।

হুকুমানুসারে।
এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

* খাজাঞ্চী দুর্গাচরণ রায়।
পোদ্দার রামানন্দ দাস।
মুহরীর রামকানাই সেন ও চন্দ্র মাধব।

---

৩০৮ নম্বর।
ফোর্ট উলিয়ম।
জেনরল ডিপার্টমেণ্ট।
১৮৪১ সাল ২৯ ডিসেম্বর।

সিবিলসম্পর্কীয় নীচের লিখিত সাহেবেরা আপনং নামের পার্শ্বস্থ তারিখে ইংলণ্ড হইতে বোম্বাইতে আপনারদের আগমনের রিপোর্ট করিয়াছেন।

শ্রীযুত সি এম কালডিকট সাহেব		১৮৪১ সাল ১২ ডিসেম্বর।	
„ বি জে কালবিন সাহেব	„	ঐ	ঐ
„ এফ জে মরিস সাহেব	„	১৩	ঐ
„ ডি প্রিঙ্গল সাহেব	,	১৪	ঐ

সিবিলসম্পর্কীয় শ্রীযুত অনরেবল আর ফর্বস সাহেব ইংলণ্ড হইতে রাজধানীতে ডিউক অফ আরগাইল নামক জাহাজে রাজধানীতে তাঁহার পহুছনের রিপোর্ট করিয়াছেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ২৮ তারিখে খাজুরিতে পহুছে।

জি এ বুসবি।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৮৯৬ নম্বর।
বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেবের হুকুম।
জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেণ্ট।
১৮৪১ সাল ২৮ ডিসেম্বর।
ছুটী।

বেহারের জজ শ্রীযুত সি গার্ষ্টিন সাহেব গত অক্টো

extension of the leave of absence granted to him on the 26th October last, to enable him to rejoin his Station

Mr F W Russel, Civil and Sessions Judge of Hooghly, for 14 days, on Medical Certificate making over charge of his Office to the Principal Sudder Ameen of the District

Mr E Starling, Collector of Burdwan, for one month, to commence from the 17th instant

Mr Assistant Surgeon John Edge, of Rungpore for two months, to visit the Presidency on account of ill health

Mr C J H Graham, until the sailing of the Ship Madagascar, in further extension of the leave for six weeks, granted to him on the 16th ultimo

Baboo Openderchunder, Sudder Ameen of Maldah, for twenty days, in excess of the Dusserah Vacation

Baboo Doorga Churn Chatterjee Deputy Collector under Regulation IX of 1833, in Mymensing, for one month, under Medical Certificate, in extension of the leave of absence granted to him on the 7th instant

The leave of absence for two years granted to Captain G Ellis Revenue Surveyor, from the 1st November and gazetted on the 1st December 1840, to take effect from the 1st March 1841

APPOINTMENTS

Mr G F Cockburn to Officiate as Magistrate of Jessore

Mr J Stainforth, Session Judge for the trial of Thugs at Patna, to Officiate as special Commissioner under Regulation III of 1828, in Cuttack, making over charge of his Office to the Judge of the District nearest his Station

Mr W H Martin to Officiate as Session Judge for the trial of Thugs at Patna

Mr F Skipwith Collector of Behar, to act as Civil and Sessions Judge of Chittagong, until further orders

The 31st December, 1841

Mr J H Patton, Civil and Sessions Judge of the 24 Pergunnahs, to Officiate as Chief Magistrate of Calcutta, and the other Offices hitherto held by Mr McFarlan

Mr R Torrens, Magistrate of the 24 Pergunnahs, and Superintendent Allypore Jail, to Officiate as Civil and Sessions Judge of that District

Mr R H Mytton to Officiate as Magistrate of the 24 Pergunnahs and Superintendent Allypore Jail

Mr J H D'Oyly, Judge of Beerbhoom, to officiate as Special Commissioner under Regulation III of 1828, for the Calcutta Division

Mr F Cardew to Officiate as Civil and Sessions Judge of Beerbhoom

Mr T Bruce to Officiate as ditto ditto of Tipperah

[গবর্ণমেন্ট গেজেট ১৮৪২।৪ জানুআরি।]

বর মাসের ২৬ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত আপনার কর্ম্মের স্থানে পঁহুছনের নিমিত্ত পাঁচ দিনের ছুটী পাইয়াছেন।

হুগলীর সিবিল ও সেশন জজ শ্রীযুত এফ ডবলিউ রসেল সাহেব আপনার কাছারীর কর্ম্মের ভার ঐজিলার প্রধান সদর আমীনের প্রতি সমর্পণ করিয়া চিকিৎসকের সর্টিফিকটক্রমে চৌদ্দ দিবসের ছুটী পাইয়াছেন।

বর্দ্ধমানের কালেক্টর শ্রীযুত ই ষ্টর্লিং সাহেব বর্ত্তমান মাসের ১৭ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

রঙ্গপুরের আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জান এজ সাহেব আপনার অস্বাস্থ্যপ্রযুক্ত রাজধানীতে গমনের নিমিত্ত দুই মাসের ছুটী পাইয়াছেন।

শ্রীযুত সি জে এচ গ্রেহাম সাহেব গত মাসের ১৬ তারিখে যে ছয় সপ্তাহের ছুটী পান তদতিরিক্ত মাডাগাস্কার নামক জাহাজের না গমনপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

মালদহের সদর আমীন শ্রীযুত বাবু উপেন্দ্রচন্দ্র দশহরার বন্দের অতিরিক্ত কুড়ি দিবসের ছুটী পাইয়াছেন।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে ময়মনসিংহের ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু দুর্গাচরণ চাটুর্য্যা বর্ত্তমান মাসের ৭ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

রেবিনিউ সরবেয়র শ্রীযুত কাপ্তান জি এলিস সাহেব নবেম্বর মাসের ১ তারিখঅবধি যে দুই বৎসরের ছুটী পান এবং যাহা গেজেটে ১৮৪০ সালের ১ ডিসেম্বর তারিখে প্রকাশ হয় তাহা ১৮৪১ সালের ১ মার্চ তারিখঅবধি গণ্য হইবেক।

নিয়োগ।

শ্রীযুত জি এফ কোকর্ণ সাহেব যশোহরের মাজিষ্ট্রেটী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

পাটনাতে ঠগেরদের বিচারার্থ সেশন জজ শ্রীযুত জে ষ্টানিফোর্থ সাহেব আপনার কর্ম্মের ভার আপন জিলার অতিনিকটস্থ জজ সাহেবের প্রতি অর্পণ করিয়া ১৮২৮ সালের ৩ আইনানুসারে কটকের স্পেসিয়ল কমিস্যনরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত ডবলিউ এচ মার্টিন সাহেব পাটনাতে ঠগেরদের বিচারার্থ সেশন জজী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

বেহারের কালেক্টর শ্রীযুত এফ স্কিপউইথ সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত চাটিগাঁর সিবিল ও সেশন জজী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৪১ সাল ৩১ ডিসেম্বর।

চব্বিশ পরগনার সিবিল ও সেশন জজ শ্রীযুত জে এচ পাটন সাহেব কলিকাতার প্রধান মাজিষ্ট্রেটী এবং অন্য যে সকল কর্ম্ম শ্রীযুত মাকফার্লন সাহেব নির্ব্বাহ করিতেন তাহা নির্ব্বাহ করিতে নিযুক্ত হইয়াছেন।

চব্বিশ পরগনার মাজিষ্ট্রেট এবং আলীপুরের জেলখানার সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত আর টরন্স সাহেব ঐ জিলার সিবিল ও সেশন জজী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত আর এচ মিটন সাহেব চব্বিশ পরগনার মাজিষ্ট্রেটী এবং আলিপুরের জেলখানার সুপরিণ্টেণ্ডেণ্টী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

বীরভূমের জজ শ্রীযুত জে এচ ডাইলি সাহেব ১৮২৮ সালের ৩ আইনানুসারে কলিকাতা জিলার স্পেসিয়ল কমিস্যনরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এফ কারডিউ সাহেব বীরভূমের সিবিল ও সেশন জজী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত টি ব্রুস সাহেব ত্রিপুরার ঐ কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

Mr. G. G. Mackintosh, Officiating Collector of Cuttack, made over charge of his Treasury to Mr. L. T. Trevor, Officiating Deputy Collector, on the 7th instant, and proceeded into the Mofussil on public duty.

F. J. HALLIDAY,
Secy. to the Govt. of Bengal.

কটকের একটিং কালেক্টর শ্রীযুত জি জি মাকিণ্টশ সাহেব বর্ত্তমান মাসের ৭ তারিখে আপনার খাজানা খানার ভার একটিং ডেপুটী কালেক্টর শ্রীযুত ই ট্রেবর সাহেবের প্রতি অর্পণ করিয়া সরকারী কর্ম্মেতে মফসলে গমন করিয়াছেন।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

MISCELLANEOUS ADVERTISEMENTS

To W. H. SMOULT, Esq.
Sheriff of Calcutta.

Sir,—We the undersigned Inhabitants of Calcutta, request that you will convene a public Meeting at the Town Hall, on Thursday next the 6th January at 3 o'clock in the afternoon, for the purpose of proposing some Testimony of the esteem and regard entertained for Dwarkanath Tagore by his fellow Citizens.

We are Sir,
Your Obdt. Servants,

Calcutta, Dec. 31st 1841.

L. Ryan,	Radhamadub Banerjee,
Thos. E. M. Turton,	T. Dickens,
H. M. Parker,	Radhapersad Roy,
Wm. Patrick,	G. A. Bushby,
James Young,	W. D. H. Ochme,
Longueville Clarke,	J. H. Stocqueler,
J. F. Leith,	Wm. Bruce,
Rustomjee Cowasjee,	Jas. J. Mackenzie,
Russomoy Dutt,	John Storm,
A. Garden,	Wm. Storm,
J. Grant,	Hy. A. Woollaston,
R. Walker,	R. J. Dring,
N. Wallich, M. D.	G. J. Gordon,
W. N. Forbes,	Neil B. E. Baillie,
C. G. Mansel,	G. Aubert,
A. G. Warris,	J. Franks,
Wm. Byrne,	J. Wm. Kaye,
Wm. S. Smith,	Edwd. Sterling,
James Bradbury,	Saml. Kitchin,
Samuel Smith,	W. C. Braddon,
H. Piddington,	Henry Chapman,
J. Andrews,	A. Gouger,
J. H. Cockburn,	J. S. Stopford,
Gourmohun Addy,	Edwd. J. Ryder,
J. L. Russell,	Andw. Henderson,
W. Thompson,	Mooty Loll Seal.
W. L. Frase,	

[*Government Gazette, 4th January,* 1842.]

In compliance with the above requisition, I convene a public Meeting at the Town Hall on Thursday the 6th of January at the hour of 3 o'clock in the afternoon, for the purpose mentioned.

W. H. SMOULT,
Sheriff.

Calcutta, Dec. 31st, 1841.

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান মার্শমন সাহেব কর্ত্তৃক মুদ্রিত।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JANUARY 11, 1842.

কলিকাতা মঙ্গলবার ১৮৪২ সাল ১১ জানুআরি।

ACTS

FORT WILLIAM,
LEGISLATIVE DEPARTMENT,
THE 20TH DECEMBER, 1841

The following Act passed by the Right Honourable the Governor General of India in Council on the 20th of December 1841, is hereby promulgated for general information

ACT No XXXI OF 1841

An Act for amending the provisions of the Bengal Code touching Criminal Appeals, and the revision of sentences and Orders of Criminal Courts

I Whereas the provisions of the Bengal Code concerning Criminal Appeals and revision of Sentences and Orders of Criminal Courts required to be amended,—

It is hereby enacted, that those parts of the Bengal Code which concern the powers and duties of the Criminal Courts in respect to appeals and revision of sentences of a Lower Court by a higher, are repealed

II And it is hereby enacted, that from every sentence or order in Criminal trials, within the limitation prescribed by Sections VIII and IX Regulation IX 1793, Section IV Regulation XVI 1795, and Sections VIII and IX Regulation VI 1803, or in Judicial proceedings other than Criminal trials passed by an Assistant to a Magistrate, or by a Sudder Ameen, or by a Law Officer, or by any other Officer under a Magistrate empowered to try Criminal cases, there shall be permitted one appeal to the Magistrate, Joint Magistrate, or Officer exercising the powers of Magistrate, within one month from the date of such Sentence or Order And from every Sentence or Order in Criminal trials beyond the limitation prescribed by Sections VIII and IX. Regulation IX 1793, Section IV Regulation XVI 1795, and Sections VIII and IX Regulation VI

আইন।

ফোর্ট উলিয়ম।
লেজিসলেটিব ডিপার্টমেণ্ট।
ইঙ্গরেজী ১৮৪১ সাল ২০ ডিসেম্বর।

ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৪১ সাল ২০ ডিসেম্বর তারিখে নীচের লিখিত আইন জারী করিলেন এবং তাহা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্ত প্রকাশ হইতেছে।

ইঙ্গরেজী ১৮৪১ সাল ৩১ আইন।

ফৌজদারী আপীলের বিষয়ি এবং ফৌজদারী আদালতের দণ্ডাজ্ঞা ও হুকুম শুধরিবার বিষয়ি বাঙ্গলা দেশের চলিত আইনের বিধান সংশোধনকরণের আইন।

১ ধারা। যেহেতুক ফৌজদারী আপীলের বিষয়ি এবং ফৌজদারী আদালতের দণ্ডাজ্ঞা ও হুকুম শুধরিবার বিষয়ি বাঙ্গলা দেশের চলিত আইনের বিধান সংশোধন করা উচিত বোধ হইল

অতএব ইহাতে হুকুম হইল যে আপীলের বিষয়ে এবং উপরিস্থ আদালতের দ্বারা অধস্থ আদালতের দণ্ডাজ্ঞা শুধরিবার বিষয়ে ফৌজদারী আদালতের ক্ষমতা ও কার্য্যের সহিত বাঙ্গলা দেশের চলিত আইনের যেং ভাগ সম্পর্ক রাখে তাহা রদ হইল ইতি।

২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টাণ্ট অথবা সদর আমীন অথবা পণ্ডিত কি মৌলবী অথবা মাজিষ্ট্রেট সাহেবের অধীন অন্য যে কোন কার্য্যকারক ফৌজদারী বিষয়ের বিচার করিতে ক্ষমতাপন্ন তিনি ১৭৯৩ সালের ৯ আইনের ৮ ও ৯ ধারা এবং ১৭৯৫ সালের ১৬ আইনের ৪ ধারা এবং ১৮০৩ সালের ৬ আইনের ৮ এবং ৯ ধারার নির্দ্দিষ্ট অপরাধের সীমার মধ্যে ফৌজদারী মোকদ্দমায় অথবা ফৌজদারী মোকদ্দমাছাড়া আদালতসম্পর্কীয় অন্য কার্য্যে যে সকল দণ্ডাজ্ঞা অথবা হুকুম করেন তাহার উপর মাজিষ্ট্রেট সাহেব অথবা জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেব অথবা মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারকের নিকটে ঐ দণ্ডাজ্ঞা অথবা হুকুমের তারিখের পর এক মাসের মধ্যে এক আপীল করিতে অনুমতি হইল। এবং মাজিষ্ট্রেট সাহেব অথবা জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেব অথবা বিশেষ ক্ষমতাপ্রাপ্ত মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টাণ্ট কিম্বা ফৌজদারী মোকদ্দমার বিচার করিতে ক্ষমতাপন্ন

1803 or in judicial proceedings other than Criminal trials passed by a Magistrate, Joint Magistrate, Assistant to a Magistrate vested with special powers, or other Officer empowered to try Criminal cases, there shall be permitted within one month as aforesaid one appeal to the Sessions Judge. And from every Sentence or Order passed in Criminal trials by a Sessions Judge, there shall be permitted within three months, one appeal to the Court of Nizamut Adawlut. And except as provided in the next Section of this Act the Sentences or Orders passed upon such appeals shall be final.

III. And it is hereby enacted, that it shall be at all times lawful for the Courts of Nizamut Adawlut to call for the records of any Criminal trials of any Subordinate Court and to pass upon them such orders as may seem fit.

IV. Provided however and it is hereby enacted, that it shall not be lawful for the Court of Nizamut Adawlut in cases so called for or for any Criminal Court in Appeals preferred to it, to enhance any punishment awarded or to punish any person acquitted by the Court below.

V. And it is hereby enacted, that it shall be at all times lawful for a Sessions Judge and for a Magistrate, Joint Magistrate or Officer exercising the powers of Magistrate, to call for and examine the records of any Court immediately subordinate to their respective Courts, for the purpose of satisfying themselves as to the regularity of the proceedings of such Subordinate Courts. But it shall not be lawful for any Court under the degree of the Nizamut Adawlut to alter any Sentence or Order of any Subordinate Court except upon Appeal by parties concerned, duly made according to the provisions of this Act.

VI. And it is hereby enacted, that it shall be competent to a Sessions Judge to refer to the Nizamut Adawlut any trial in which he may consider the sentence he is empowered to pass, inadequate to the guilt of the prisoner, any thing in the existing regulations to the contrary notwithstanding.

VII. And it is hereby enacted, that nothing in this Act contained shall be held to alter or interfere with the powers and duties of a Superintendent of Police as laid down in Act No. XXIV of 1837 and other parts of the Bengal Code.

T. H. Maddock,
Secy. to the Govt. of India.

অন্য কার্য্যকারক ১৭৯৩ সালের ৯ আইনের ৮ ও ৯ ধারা এবং ১৭৯৫ সালের ১৬ আইনের ৪ ধারা এবং ১৮০৩ সালের ৬ আইনের ৮ ও ৯ ধারার নির্দ্দিষ্ট অপরাধের সীমার বহির্ভূত ফৌজদারী মোকদ্দমায় অথবা ফৌজদারী মোকদ্দমাছাড়া আদালতসম্পর্কীয় অন্য কার্য্যে যে সকল দণ্ডাজ্ঞা অথবা হুকুম করেন তাহার উপর পূর্ব্বোক্তমতে এক মাসের মধ্যে সেশন জজ সাহেবের নিকটে এক আপীল করিতে অনুমতি হইল। এবং সেশন জজ সাহেব ফৌজদারী মোকদ্দমায় যে সকল দণ্ডাজ্ঞা অথবা হুকুম করেন তাহার উপর তিন মাসের মধ্যে সদর নিজামৎ আদালতে এক আপীল করিতে অনুমতি হইল। এবং এই আইনের ৩ ধারার নির্দ্দিষ্ট গতিকভিন্ন ঐ আপীলের উপর যেং দণ্ডাজ্ঞা অথবা হুকুম হয় তাহা চূড়ান্ত হইবেক ইতি।

৩ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে সদর নিজাম আদালতের সাহেবেরা নিত্য২ কোন আদালতের ফৌজদারী কোন মোকদ্দমার রোয়দাদ তলব করিতে পারেন এবং তাহার বিষয়ে যেং হুকুম উচিত বোধ হয় তাহা করিতে পারেন ইতি।

৪ ধারা। কিন্তু ইহাতে আরো হুকুম হইল যে যে মোকদ্দমা সদর নিজামৎ আদালত এরূপে তলব করেন সেই মোকদ্দমায় ঐ আদালত অথবা যে আপীল কোন ফৌজদারী আদালতে হয় তাহাতে ঐ আদালত হুকুমতওয়া দণ্ড বেশী করিতে পারেন না অথবা যে ব্যক্তি অধস্থ আদালতের দ্বারা নির্দ্দোষী হইয়াছিল তাহার দণ্ড করিতে পারেন না ইতি।

৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে সেশন জজ সাহেব এবং মাজিস্ট্রেট সাহেব অথবা জাইন্ট মাজিস্ট্রেট সাহেব কিম্বা মাজিস্ট্রেট সাহেবের ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারক সাহেব নিজ২ আপনং আদালতের অব্যবহিত অধীন কোন আদালতের কার্য্য নিয়মমত হইতেছে কি না ইহা সম্যোরূপে নিশ্চয় জানিবার নিমিত্ত ঐং আদালতের রোয়দাদ তলব করিয়া তজবীজ করিতে পারেন। কিন্তু নিজামৎ আদালতের তুল্য আদালতব্যতিরিক্ত অন্য কোন আদালত অধস্থ কোন আদালতের দণ্ডাজ্ঞা অথবা হুকুমের উপর তৎসম্পর্কীয় ব্যক্তিরা এই আইনের বিধানানুসারে রীতিমত আপীল না করিলে ঐ দণ্ডাজ্ঞা বা হুকুমের অন্যথা করিতে পারেন না ইতি।

৬ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে সেশন জজ সাহেব যে দণ্ডের হুকুম দিতে পারেন তাহা আসামীর অপরাধের তুল্য না বোধ করিলে তিনি ঐ মোকদ্দমা নিজামৎ আদালতে সোপর্দ্দ করিতে পারিবেন এবং চলিত আইনের মধ্যে ইহার বিপরীত কোন বিধি থাকিলেও তাহার নিষেধ হইবেক না ইতি।

৭ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে এই আইনের কোন ভাগের এমত অর্থ করিতে হইবেক না যে তাহার দ্বারা ১৮৩৭ সালের ২৪ আইনে এবং বাঙ্গলা দেশের চলিত আইনের অন্য২ ভাগে পোলীসের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের যে ক্ষমতা ও কার্য্য নির্দ্দিষ্ট আছে তাহা মতান্তর হইল অথবা তাহাতে হস্তক্ষেপ করা হইল ইতি।

টি এচ মাডক।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

John C. Marshman, *Bengalee Translator.*

DRAFTS OF ACTS.

FORT WILLIAM,
LEGISLATIVE DEPARTMENT,

The 3d January, 1842.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 3rd of January, 1842.

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
লেজিসলেটিব ডিপার্টমেণ্ট।

ইঙ্গরেজী ১৮৪২ সাল ৩ জানুআরি।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪২ সালের ৩ জানুআরি তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ACT No —— of 1842

An Act for extending the provisions of Act XXI of 1839 to certain petty thefts, not being cases of simple larceny

I Whereas it has been found that property has been rendered insecure in many cases, by reason of the impunity with which petty thefts that are not of the description of simple larcenies, have been committed, it is hereby enacted, that Act No XXI of 1839, shall be applicable, besides cases of simple larceny where the property does not exceed 20 Rupees, to the following cases, where the property stolen does not exceed the same amount, that is to say, stealing any goods or merchandize in any vessel, barge, or boat of any description whatsoever, or from any dock, wharf or quay—stealing by any servant, of any chattel or money belonging to or in possession or power of his Master—stealing any chattel or money from the person of another

---

Ordered, that the Draft now read be published for general information

Ordered, that the said Draft be reconsidered at the first Meeting of the Legislative Council of India after the 3d day of March next

T H MADDOCK,
Secy to the Govt of India

CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE

No 35

To the Commissioner of Revenue for the Division of ———

I am directed by the Sudder Board of Revenue to send you Copies of a letter addressed to the Board by Baboo Prossonno Coomar Tagore, and of the Treatise on land surveying to which it refers, and to request that you will distribute them to the Officers employed on Settlement duty in your Division, with an intimation that the Board will be happy to receive any suggestions for the use of the author with a view to an improved edition of the Work

E CURRIE, *Secretary*

Fort William, 8th December, 1841

To E CURRIE, *Esq*
Secretary to the Sudder Board of Revenue, &c &c &c

1 As the controlling Authority over the Revenue Department of the Presidency, I take the liberty to submit for the perusal and acceptance of the Members of the Board the accompanying four Copies of a little Work, on Anglo Indian Surveying, which has been reduced into the form of a treatise from a code of Instructions originally framed for the guidance of my private servants, and the system which it expounds, having since been practically tested, and its efficiency ascertained, I have from those motives, and at the recommendation of several friends, and likewise from the consideration that this Volume may prove of some service in

ইঙ্গরেজী ১৮৪২ সাল —— আক্ট।

অস্থাবর বস্তু চুরর অপরাধভিন্ন কোনং ক্ষুদ্র চুরীর বিষয়ে ১৮৩৯ সালের ২১ আইনের বিধ খাটাইবার আইন।

১ ধারা। যেহেতুক দৃষ্ট হইয়াছে যে যে ক্ষুদ্র চুরী অস্থাবর সম্পত্তি চুরীর অপরাধের মধ্যে গণ্য নহে তাহা করিয়াও অপরাধিরদের দণ্ড না হওয়াতে অনেকং গতিকে সম্পত্তির বিঘ্ন হইতেছে অতএব ইহাতে হুকম হইল যে ১৮৩৯ সালের ২১ আইন যে অস্থাবর সম্পত্তির মুল্য কুড়ি টাকার ঊর্দ্ধ নহে ঐ প্রকার সম্পত্তির চুরীর বিষয়ে যেমন খাটে তেমনি পশ্চাৎ লিখিত যেং গতিকে চুরী হওয়া সম্পত্তির মুল্য কুড়ি টাকার ঊর্দ্ধ না হয় তাহাতেও খাটিবেক। সেইং গতিক এই কোন বড় বা ছোট জাহাজ বা কোনপ্রকার নৌকা হইতে কিম্বা কোন গুদী বা ঘাট বা পোস্তাহইতে কোন জিনিস বা বাণিজ্য দ্রব্য চুরাকরণ এবং কোন চাকর আপনার মুনিবের অথবা মুনিবের দখলে কি অধীনে কোন দ্রব্য বা টাকা চুরী করণ অথবা অন্য ব্যক্তির শরীরহইতে কোন জিনিস বা টাকা চুরাকরণ ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্ত প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ৫ মার্চ তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কোনসলের প্রথম যে বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনর্ব্বার বিবেচনা করা যাইবেক।

টি এচ মাডক।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

সদর বোর্ড রেবিনিউর সরকুলর অর্ডর।

---

৩৫ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেব বরাবরেষু।

বোর্ডের নিকটে শ্রীযুত বাবু প্রসন্নকুমার ঠাকুর যে পত্র লিখিয়াছেন এবং ভূমি জরিপকরণ বিষয়ক যে এক পুস্তকের বিষয় ঐ পত্রে লেখে তাহার কএকখান নকল সদর বোর্ড রেবিনিউর হুকমক্রমে তোমার নিকটে পাঠাইয়া আদেশ করিতেছি যে তুমি ঐ পুস্তক ও পত্র তোমার এলাকার বন্দোবস্তী কার্য্যে নিযুক্ত কার্য্যকারকেরদের মধ্যে বিতরণ কর এবং তাহারদিগকে জানাও যে ঐ পুস্তক সংশোধনপূর্ব্বক দ্বিতীয়বার মুদ্রিত করণার্থ ঐ পুস্তকলেখকের সাহায্য নিমিত্ত তাঁহারা যদি কোন পরামর্শ দেন তবে তাহাতে বোর্ডের সাহেবেরা সন্তুষ্ট হইবেন।

ই করি। সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম ১৮৪১। ৮ ডিসেম্বর।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

৪৩৮৬ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত প্রত্যেক সিবিল জজ সাহেব বরাবরেষু।

১৮৩৬ সালের ২৯ জুলাই তারিখের ১৭৮ নম্বরী সরক্যুলর অর্ডরে এই মত হুকুম দেওয়া গিয়াছে যে সদর আদালতে আপীলহওয়া মোকদ্দমার রোবকারী পাঠাইবার সময়ে সাক্ষিরদের আসল জোবানবন্দী এবং উভয় পক্ষের দ্বারা যে দস্তাবেজ দাখিল করা তাহা স্বতন্ত্র থামে মোহর করিয়া পাঠাইতে হইবেক এবং প্রত্যেক পুলিন্দায় যে সকল কাগজপত্র থাকে তাহার নিঘণ্ট এবং দস্তাবেজের নথীতে দেওনসময়ে তাহা যেরূপ ছিল তাহার এক সর্টিফিকট পাঠাইতে হইবেক। কিন্তু আদালতের সাহেবেরা দেখিয়াছেন যে ঐ বিধি প্রতিপালনের বিষয়ে দিন২ আরো অমনোযোগ হইতেছে অতএব তাঁহারা ঐ সরক্যুলর অর্ডরের উক্ত বিধিতে জজ সাহেবেরদের বিশেষ মনোযোগ করিবার হুকুম দিতেছেন। ঐ বিধি অধস্থ আদালতের প্রতিও খাটাইবার ঐ সরক্যুলর অর্ডরের দ্বারা হুকুম দেওয়া গিয়াছিল অতএব যদি ঐ আবশ্যক বিধিতে উত্তর কালে কিছু অমনোযোগ হয় তবে সদর আদালতের সাহেবেরা তাহা অতিগুরুতর দোষ জ্ঞান করিবেন।

ডব্লিউ কর্কপাট্রিক। ডেপুটী রেজিষ্টর।
ফোর্ট উলিয়ম ১৮৪১। ৮ অক্টোবর।

৪৩৮৫ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত নিখিল জজ সাহেব বরাবরেষু।

১। সর্ব্বসাধারণলোককে জ্ঞাত করিবার নিমিত্ত তোমাকে জ্ঞাত করিতে আজ্ঞা হইয়াছে যে নিম্ন ও পশ্চিম প্রদেশের সদর দেওয়ানী আদালতের সাহেবেরা এই স্থির করিয়াছেন যে কোন অধস্থ আদালতের নিষ্পত্তির উপর ঐ আপীলসদর আদালতে হইলে ঐ আপীল যে উকীল ঐ আদালতে দাখিল করেন তিনি আপেলাণ্টের নিযুক্ত ক্ষমতাপ্রাপ্ত কার্য্যকারকরূপে ১৭৯৩ সালের ৬ আইনের ১০ ধারা এবং ১৭৯৭ সালের ১২ আইনের ৩ ধারায় যে এত্তেলা দিবার হুকুম আছে সেই এত্তেলা তাহার অবশ্য লইতে হয় এবং তিনি তাহার বিষয়ে রসীদ দিলে আপেলাণ্টের উপর জারী হইয়াছে এমত বোধ করা যাইবেক।

2 To obviate any doubt or misconception on the point, the Court are pleased to direct that every Vakeel presenting a petition of appeal of the nature contemplated, to the lower Court, be required to procure the insertion, in his Vakalutnamah of a Clause specially empowering him to receive the prescribed notice It is to be observed, however, that the omission of such a Clause in the Vakalutnamah will not absolve the Vakeel from the necessity of receiving the notice for service upon his client

W KIRKPATRICK, *Deputy Register*
Fort William, 17th December, 1841

CIVIL APPOINTMENTS

No 9
NOTIFICATION
POLITICAL DEPARTMENT,
FORT WILLIAM,
The 3d January, 1842

The Rao Rajah of Boondee being about to proceed to Muttra, Allahabad, Benares, Gya and Pooree, the Right Honourable the Governor General of India in Council is pleased to direct that the Officers, Civil and Military of the Districts and Stations visited by His Highness be careful to show him every appropriate mark of attention and respect On the Rao Rajah's entering a Military Station, the Commanding Officer will cause a Salute of 13 guns to be fired, and the like Salute on the occasion of his departure from the Station

It is requested that all Authorities, Civil and Military, will promptly comply with any application which they may receive from the Political Officers in Rajpootana connected with the objects of the Rao Rajah's pilgrimage

T H MADDOCK,
Secy to the Govt of India

FORT WILLIAM,
FINANCIAL DEPARTMENT,
The 8th January 1842

Messrs D McFarlan and W Dent, of the Civil Service, have the permission of Government to proceed to England, and to embark on the Steam Ship "India," advertised to quit Calcutta for Suez on the 10th instant

G A. BUSHBY,
Secy to the Govt of Bengal

No 315
FORT WILLIAM,
GENERAL DEPARTMENT,
The 5th January, 1842

Mr F. M Lind has been permitted to proceed to Goruckpore and prosecute his study of the Oriental Languages under the Superintendence of Mr H Armstrong, the Officiating Judge of that Station

ECCLESIASTICAL DEPARTMENT

The Reverend J J Tucker, Chaplain of Chunar,

২। এই বিষয়ে কোন সন্দেহ বা ভ্রম না হয় এ নিমিত্তে সদর আদালতের সাহেবেরা হুকুম করিতেছেন যে উক্ত প্রকার আপীলের দরখাস্ত কোন উকীলের কোন অধঃস্থ আদালতে দাখিল করিতে হইলে তিনি আপনার ওকালৎনামাতে এই বিষয়ে এমত কথা লেখাইয়া লইবেন যে ঐ নিয়মিত এত্তেলা লইতে তাঁহাকে বিশেষ ক্ষমতা দেওয়া গেল। কিন্তু যদ্যপিও ওকালৎনামায় ঐরূপ কথা লেখা না থাকে তথাপি আপনার মওক্কেলের উপর ঐ এত্তেলা জারীকরণের নিমিত্ত তাহা লইতে উকীলের যে কর্ত্তব্যতা আছে তাহাহইতে তিনি মুক্ত নহেন।

ডবলিউ কর্কপাট্রিক। ডেপুটী রেজিষ্টর।
ফোর্ট উলিয়ম ১৮৪১। ১৭ ডিসেম্বর।
JOHN C MARSHMAN, *Bengalee Translator*

রাজকর্ম্মে নিয়োগ।

৯ নম্বর।
বিজ্ঞাপন।
পোলিটিকাল ডিপার্টমেণ্ট।
ফোর্ট উলিয়ম।
১৮৪২ সাল ৩ জানুআরি।

বুন্দিস্থানের শ্রীযুত রাও রাজা মথুরা ও প্রয়াগ ও কাশী ও গয়া এবং জগন্নাথক্ষেত্রে গমন করিবেন অতএব ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে হুকুম করিতেছেন যে ঐ রাও রাজা যে কোন জিলাতে বা সদর স্থানে গমন করিবেন সেই স্থানের সিবিল ও ফৌজদারীর কার্য্যকারক সাহেবেরা তাঁহার প্রতি উপযুক্ত সমাদর ও সম্ভ্রম করিবেন। এবং ঐ রাও রাজা কোন ছাউনিতে প্রবেশ করিলে সৈন্যাধ্যক্ষ সাহেব ১৩ সেলামী তোপ করিতে হুকুম দিবেন এবং ঐ স্থান হইতে প্রস্থান করিলেও সেইরূপ তোপ করিতে হইবেক।

হুকুম হইতেছে যে রাও রাজার যাত্রার বিষয়ে দেওয়ানী অথবা ফৌজদারীর সকল সাহেবেরা রাজপুতানার পোলিটিকাল কার্য্যকারকেরদের স্থানহইতে যে কোন হুকুম পাইবেন তাহা তৎক্ষণাৎ মানিবেন।

টি এচ মাডক।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম
ফিনান্সিয়াল ডিপার্টমেণ্ট।
১৮৪২ সাল ৮ জানুআরি।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত ডি মাকফার্লন সাহেব এবং শ্রীযুত ডবলিউ ডেণ্ট সাহেব ইঙ্গলণ্ডে গমনার্থে এবং ইণ্ডিয়ান নামক যে বাষ্পীয় জাহাজ বর্ত্তমান মাসের ১০ তারিখে কলিকাতাহইতে সুয়েজে গমন করিবেক প্রকাশ হইয়াছে তদ্দ্বারা প্রস্থান করিতে গবর্ণমেণ্টের অনুমতি পাইয়াছেন।

জি এ বুসবি।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

৩১৫ নম্বর।
ফোর্ট উলিয়ম।
জেনরল ডিপার্টমেণ্ট।
১৮৪২ সাল ৫ জানুআরি।

শ্রীযুত এফ এম লিণ্ড সাহেব গোরক্ষপুরে গমনপূর্ব্বক ঐ স্থানের একটিং জজ শ্রীযুত এচ আরমষ্ট্রঙ্গ সাহেবের অধীনে এদেশীয় ভাষা শিক্ষাকরণের অনুমতি পাইয়াছেন।

এক্লিসিয়াষ্টিকাল ডিপার্টমেণ্ট।

চুণারের ধর্ম্মোপদেশক শ্রীযুত জে জে টকর সাহেব

has obtained an extension of the leave granted to him under date the 15th ultimo, for a further period of one month to enable him to reach the Presidency

SEPARATE DEPARTMENT

The 7th January, 1842

Mr W Dent, Acting Opium Agent of Behar, has obtained leave of absence from the 1st instant, to enable him to prepare for his embarkation to Europe

Mr Assistant Surgeon J Corbet to have charge of the Offices of Opium Agent and Superintendent of Salt Chokies until relieved

G A BUSHBY,
Secy to the Govt of Bengal

No 316

FORT WILLIAM

GENERAL DEPARTMENT,

The 5th January 1842

Mr J Curtis has been permitted to resign the Honourable East India Company's Civil Service from the 31st instant, or from the date of the Pilot quitting the Ship "Vernon" at Sea

G A BUSHBY,
Secy to the Govt of Bengal

No 317

FORT WILLIAM,

GENERAL DEPARTMENT,

The 5th January, 1842

Mr Francis Mc   l nd   appointed by the Honourable the Court of Directors a Writer on the Bengal Establishment, reported his arrival on board the Ship Duke of Argyle, which Vessel reached Kedgeree on the 28th ultimo

SEPARATE DEPARTMENT,

The 10th January, 1842

Messrs H M Parker and R Walker, of the Civil Service, have reported their departure on Furlough to Europe on board the Steam Ship "India," which Vessel was left by the Pilot at Sea on the 11th instant

The Right Honourable the Governor of Bengal is pleased to make the following Appointments

Mr John Trotter to be Senior Member of the Board of Customs, Salt and Opium and of the Marine Board

Mr William Blunt to be Junior Member of the Board of Customs Salt and Opium, and of the Marine Board

Mr J J Harvey to be Collector of Government Customs at Calcutta

G A BUSHBY,
Secy to the Govt of Bengal

No 69

ORDERS BY THE RIGHT HONOURABLE THE GOVERNOR OF BENGAL

JUDICIAL AND REVENUE DEPARTMENT,

LEAVES OF ABSENCE

The 4th January 1842

Mr C Tottenham, Officiating Special Deputy

গত মাসের ১৫ তারিখের যে ছুটী পান তদতিরিক্ত রাজধানীতে পঁহুছিবার নিমিত্ত এক মাসের ছুটী পাইয়াছেন।

স্বতন্ত্র ডিপার্টমেণ্ট।

১৮৪২ সাল ৭ জানুআরি।

বেহারের আফিমের একটিং এজেণ্ট শ্রীযুত ডবলিউ ডেণ্ট সাহেব ইউরোপে গমনার্থ জাহাজে গমনের পূর্ব্বে বন্দোবস্ত করণার্থ ১ তারিখঅবধি ছুটী পাইয়াছেন।

অন্য কোন সাহেব ঐ কর্ম্মে নিযুক্ত না হওনপর্য্যন্ত আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জে করবেট সাহেব আফীমের এজেণ্ট ও নিমকচৌকীর সুপরিণ্টেণ্ডেণ্টের দপ্তরখানার ভার গ্রহণ করিবেন।

জি এ বসবি।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৩১৬ নম্বর।

ফোর্ট উলিয়ম।

জেনরল ডিপার্টমেণ্ট।

১৮৪২ সাল ৫ জানুআরি।

শ্রীযুত জে কর্টিস সাহেব বর্ত্তমান মাসের ৩১ তারিখঅবধি কিম্বা বর্ণন নামক জাহাজ যে তারিখে আড়কাটি সমুদ্রে ছাড়িয়া আইসে সে তারিখঅবধি কোম্পানির সিবিলসর্ব্বিস্ হইতে ইস্তফা দেওনের অনুমতি পাইয়াছেন। জি এ বসবি।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৩১৭ নম্বর।

ফোর্ট উলিয়ম।

জেনরল ডিপার্টমেণ্ট।

১৮৪২ সাল ৫ জানুআরি।

শ্রীযুত ফ্রান্সিস   সাহেব কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবদের দ্বারা কোম্পানির কেরাণী পদে নিযুক্ত হওয়াতে ডিউক অফ আরগাইল নামক জাহাজের দ্বারা আগমনের সংবাদ রিপোর্ট করিয়াছেন এবং এই জাহাজ গত মাসের ২৮ তারিখে কেজুরিতে পঁহুছে।

স্বতন্ত্র ডিপার্টমেণ্ট।

১৮৪২ সাল ১০ জানুআরি।

সিবিলসর্ব্বিসের শ্রীযুত এচ এম পার্কর সাহেবের ও শ্রীযুত আর ওয়াকর সাহেব ফর্লোতে ইউরোপে যাত্রা ইণ্ডিয়ানামক ষ্টীমর জাহাজে আরোহণপূর্ব্বক গমনের রিপোর্ট করিয়াছেন এবং ঐ জাহাজ বর্ত্তমান মাসের ১১ তারিখে আড়কাটি সমুদ্রে ছাড়িয়া আইসে।

বাঙ্গলা দেশের শ্রীযুত গবর্নর সাহেব নীচের লিখিত নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত জান ট্রাটর সাহেব কাষ্টম ও নিমক ও আফীমের বোর্ডের এবং মারিন বোর্ডের প্রধান মেম্বর হইবেন।

শ্রীযুত উলিয়ম ব্লণ্ট সাহেব কাষ্টম ও নিমক ও অফীম বোর্ডের এবং মারিন বোর্ডের কনিষ্ঠ মেম্বর হইলেন।

শ্রীযুত জে জে হার্বি সাহেব কলিকাতার গবর্ণমেণ্টের হাসিলের কালেক্টর হইলেন।

জি এ বসবি।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৬৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত গবর্নর সাহেবের হুকুম

জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেণ্ট।

ছুটী।

১৮৪২ সাল ৪ জানুআরি।

ত্রিহুতের স্পেসিয়ল একটিং ডেপুটী কালেক্টর শ্রীযুত

Collector of Tirhoot, for two months, from the 10th instant, under Section XI of the Rules of 29th January 1840, preparatory to proceeding to Europe on Furlough

Biboo Hurrynarain Ghose, Principal Sudder Ameen of Jessore, for one month, from the 11th instant, under Medical Certificate, in extension of the leave granted to him on the 28th September last

The 11th January, 1842

Mr J B Ogilvy, late Officiating Civil and Sessions Judge of Chittagong, for one month, in extension under Medical Certificate

Syed Amed, late Principal Sudder Ameen of Hooghly, from the 24th November 1841, to the 11th instant inclusive on account of illness

Pundit Luckynarain Nyalunker, Sudder Ameen of Purneah, for four months under Medical Certificate, making over charge of his Office to Shamlol Roy Moonsiff of Dundkhorah, who will officiate as Sudder Ameen and Moonsiff during the absence of the fixed incumbent, or until further orders

Mr Assistant Surgeon C Macintyre, of Furreedpore for one month, commencing from the 1st instant, on private affairs

Mr A C Bidwell, Special Deputy Collector of Tipperah, &c for five days, in extension, from the 26th to the 29th ultimo, to enable him to rejoin his Station

Pundit Sreeram Turklunker, Sudder Ameen of Midnapore for ten days, in excess of the leave granted to him on the 7th ultimo

The remaining portion of the leave of absence granted to Mr J H D'Oyly, Civil and Sessions Judge of Beerbhoom, on the 7th ultimo, has been cancelled from the 1st instant, the date on which he took charge of the Office of Special Commissioner for the Calcutta Division

APPOINTMENTS

Mr J H Patton to be Chief Magistrate of Calcutta, with concurrent authority as Joint Magistrate of the 24-Pergunnahs, Barasut, Hooghly, Nuddea and Jessore

Mr R Torrens to be Civil and Sessions Judge of the 24-Pergunnahs

Mr R H Mytton to be Magistrate of ditto and Superintendent of the Allipore Jail

Mr E E Woodcock to Officiate as Joint Magistrate and Deputy Collector in the 24-Pergunnahs, until further orders

Mr W S Alexander to be Civil and Sessions Judge of Shahabad, vice Mr W Dent proceeded to Europe on Furlough

Mr G F Houlton to be Collector of Patna, vice Mr W S Alexander

Mr G D Wilkins to be Magistrate of Sarun

Mr R N Farquharson to be Collector of Sarun, and to continue to officiate as Magistrate also, until relieved of the latter Office by Mr G D Wilkins

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ১৮ জানুআরি।]

সি টটনহাম সাহেব নিয়মিত ছুটী লইয়া ইউরোপে গমনের পূর্ব্বে ১৮৪০ সালের ২৯ জানুআরি তারিখের বিধির ১১ ধারানুসারে বর্ত্তমান মাসের ১০ তারিখ অবধি দুই মাসের ছুটী পাইয়াছেন।

যশোহরের প্রধান সদর আমীন শ্রীযুত বাবু হরিনারায়ণ ঘোষ গত সেপ্টেম্বর মাসের ২৮ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ১১ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪২ সাল ১১ জানুআরি।

চাটিগাঁর সাবেক একটিং সিবিল ও সেশন জজ শ্রীযুত জে বি ওগলবি সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে অতিরিক্ত এক মাসের ছুটী পাইয়াছেন।

হুগলির সাবেক প্রধান সদর আমীন শ্রীযুত সায়দ আহম্মদ পীড়াপ্রযুক্ত ১৮৪১ সালের ২৪ নবেম্বর তারিখ অবধি বর্ত্তমান মাসের ১১ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

পূরণিয়ার সদর আমীন শ্রীযুত পণ্ডিত লক্ষ্মীনারায়ণ ন্যায়ালঙ্কার চিকিৎসকের সর্টিফিকটক্রমে চারিমাসপর্য্যন্ত ছুটী পাইয়া আপনার কর্ম্মের ভার দণ্ডখরার মুনসেফ শ্রীযুত শ্যাম লাল রায়ের প্রতি সমর্পণ করিলেন এবং তাঁহার অনুপস্থানপর্য্যন্ত কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত ঐ মুনসেফ সদর আমীনী এবং মুনসেফী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ফরিদপুরের অসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত সি মাকিণ্টৈর সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে বর্ত্তমান মাসের ১ তারিখ অবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

ত্রিপুরাপ্রভৃতি স্থানের স্পেসিয়াল ডেপুটী কালেকটর শ্রীযুত এ সি বিডওয়েল সাহেব আপনার কর্ম্মস্থানে পঁহুছনার্থ গত মাসের ২৬ তারিখঅবধি ২৯ তারিখপর্য্যন্ত পাঁচ দিবসের ছুটী পাইয়াছেন।

মেদিনীপুরের সদর আমীন শ্রীযুত পণ্ডিত শ্রীরাম তর্কালঙ্কার গত মাসের ৭ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত দশ দিবসের ছুটী পাইয়াছেন।

বীরভূমের সিবিল ও সেশন জজ শ্রীযুত এচ ডয়লি সাহেব গত মাসের ৭ তারিখে যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল যে তারিখে কলিকাতার স্পেসিয়ল কমিস্যনরী কর্ম্ম গ্রহণ করিলেন অর্থাৎ বর্ত্তমান মাসের ১ তারিখ অবধি রহিত হইল।

নিয়োগ।

শ্রীযুত জে এচ পাটন সাহেব কলিকাতার প্রধান মাজিষ্ট্রেট হইবেন এবং চব্বিশ পরগনার ও বারাসতের ও হুগলীর ও নদীয়ার এবং যশোহরের জাইণ্ট মাজিষ্ট্রেটের ক্ষমতাপ্রাপ্ত হইবেন।

শ্রীযুত আর টরেন্স সাহেব চব্বিশ পরগনার সিবিল ও সেশন জজ হইবেন।

শ্রীযুত আর এচ মিটন সাহেব ঐ স্থানের মাজিষ্ট্রেট এবং আলীপুরের জেলখানার সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত ই ই উডকক সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত চব্বিশ পরগনার জাইণ্ট মাজিষ্ট্রেটী ও ডেপুটী কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত ডবলিউ ডেণ্ট সাহেব নিয়মিত ছুটী লইয়া ইউরোপে গমন করাতে তাঁহার স্থানে শ্রীযুত ডবলিউ এস আলেকজান্দর সাহেব শাহাবাদের সিবিল ও সেশন জজ হইবেন।

শ্রীযুত ডবলিউ এস আলেকজান্দর সাহেবের স্থানে শ্রীযুত জি এফ হৌল্টন সাহেব পাটনার কালেক্টর হইবেন।

শ্রীযুত জি ডি উইলকিন্স সাহেব সারণের মাজিষ্ট্রেট হইবেন।

শ্রীযুত আর এন ফারকর্সন সাহেব সারণের কালেক্টর হইবেন এবং শ্রীযুত জি ডি উইলকিন্স সাহেব উক্ত মাজিষ্ট্রেটী কর্ম্ম না গ্রহণ করণপর্য্যন্ত ঐ সাহেব ঐ কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

Mr F B Kemp, Officiating Collector of Dinagepore to proceed as soon as relieved of his present Office by Mr C D Russell to Behar, and officiate as Collector of that District, until further orders

Mr E DaCosta, Sudder Ameen of Hooghly to officiate as Principal Sudder Ameen of that District, from the date on which he received charge of the latter office, until further orders

F J HALLIDAY,
Secy to the Govt of Bengal

শ্রীযুত সি ডি রসল সাহেব দিনাজপুরের একটিং কালেকটরী কর্ম্ম গ্রহণ করিলে দিনাজপুরের একটিং কালেক্টর শ্রীযুত এফ বি কেম্প সাহেব বেহারে গমনপূর্ব্বক অন্য হুকুম না হওনপর্য্যন্ত ঐ জিলার কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

হুগলীর সদর আমীন শ্রীযুত ই ডাকষ্টা সাহেব যে তারিখে ঐ জিলার প্রধান সদর আমীনী কর্ম্মগ্রহণ করেন সেই তারিখঅবধি অন্য হুকুম না হওনপর্য্যন্ত হুগলীর প্রধান সদর আমীনী কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS

গবর্ণমেণ্টের ইশ্তিহার।

ইস্তাহার।

গত মাহার ১৬ তারিখে যে হুকুম জারি হয় তাহার পরিবর্ত্তে অর্থাৎ বদলে এই ইস্তেহার দেওয়া যাইতেছে যে সরকারি বিটেইল গোলাহইতে যে সকল নমক বিক্রী হইবেক তাহার যে ছাড়ের কারণ ৫ মোনঅবধি ৫০ মোনপর্য্যন্ত ।০ আনা ও ৫০ মোনের অধিক অথচ ১০০ মোনের মধ্যে ॥০ আনা এবং ১০০ মোন কিম্বা তাহার অধিক হইলে কোং ১৲ এক টাকা হিসাবে ফিস অর্থাৎ খরচা লওয়া যাইবেক ইতি তাং ৭ জানুআরি ১৮৪২ সাল।

বিমৌজিব হুকুম বোর্ড পরমিট নমক ও আফিম। এচ টরেন্স। সেক্রেটারী।

NOTICE

Found and supposed to be stolen, a Silver Watch, No 26779, maker Edward Gower, London also a Patent Silver Pencil Case with the impression of a head on the Seal Apply to the Magistrate of Hooghly

The 13th January, 1842

বিজ্ঞাপন।

২৬৭৭৯ নম্বরী লণ্ডননগরেরএডউয়ার্ড গৌবের নির্ম্মিত এক রূপার ঘড়ী এবং এক রূপার পেনসিল কেশ অর্থাৎ পেনসিল রাখিবার আধার পাওয়া গিয়াছে ঐ পেনসিল কেশের মোহরের উপর এক মস্তকের প্রতিমূর্ত্তি আছে বোধ হয় যে এই জিনিস চুরী হইয়াছে তাহার বিষয়ে হুগলীর মাজিষ্ট্রেট সাহেবের নিকটে দরখাস্ত করিতে হইবেক।

১৮৪২ সাল ১৩ জানুআরি।

ইস্তাহার।

যেহেতুক মেদিনীপুর জেলার শামিল দোবদুমনাগ পরগনা সন ১৮২২ সালের ৭ সাত আইনানুসারে বন্দোবস্ত হইতেছে কিন্তু অপ্রকাশ নাই যে পরগনা মজকুরের অনেক নিষ্কর ভূম্যধিকারিদিগের নিবাস জেলা হুগলী ও ২৪ পরগনা ও নদীয়া ও বর্দ্ধমান ও মুরশিদাবাদ ও ঢাকা ও পুরুষোত্তমক্ষেত্র ও কটক ও বালেশ্বর ও ডিহি পঞ্চান্নগ্রাম ও নিজ কলিকাতা সংক্রান্ত আছে অতএব অদ্য দিবসীয় বোরডের অনুজ্ঞানুসারে ঘোষণাপত্র দেওয়া যাইতেছে যে সকল ব্যক্তিদিগের নিষ্কর ভূমি সরকারের বিচারেকর বার্য্যের যোগ্য হইয়াছে তাহারা স্বয়ং অথবা প্রতিনিধির দ্বারায় হাজরপূর্ব্বক ঐ ভূমি অর্দ্ধেক করেবন্দোবস্ত গ্রহণ করে ও যে সকল ব্যক্তিদিগের নিষ্কর ভূমির বিচার হয় নাই ঐ ভূমি সন ১৮২৫সালের ৯ আইনের মর্ম্মমতে বিচার করা যাইবেক অতএব পরগনা মজকুরের নিষ্কর ভূমির ভোগিদিগের কর্ত্তব্য যে তাহারাও ঐমত পরগনা মজকুরে উপস্থিত হইয়া আপনার নিষ্করের ভোগের প্রমাণ দশায় সন ১৮৪২ সাল তারিখ ১৪ জানুআরি।

R FINNEY, *Deputy Collector*

[*Government Gazette*, 18*th January*, 1842]

নম্বর লাট	নম্বর রেজষ্টরি	নাম মহাল ও পরগনা	মালিকের নাম যাহা সেরেস্তার লেখা যায়	মছলম মহলের সদর জমা	চাকরান বাজেয়াপ্তি	একুন জমা ৫০০০হাজার অবধি তদূর্দ্ধ	নাম থানা ও জেল	যাহা বিক্রয় হইবেক তাহার বকম	বাকী সরকারী ১২৪৮ সাল আশ্বিন লাং শেষ	সন লাং কাৰ্ত্তিক তল রেব বাকী	একুন বাকী
৪৯ নং	৬৫ নং	মাজদে ওং পং জাহাঙ্গীরাবাদ	হরিপ্রসাদ চক্রবর্ত্তী	৯৪০১॥৶১১	০	৯৪০১॥৶১১	পূর্ব্বস্থলী	মুছলম	২০৩১।৭	১১৵৮	২০৪২।৵৩
৫১ নং	৬৮ নং	খড়ম্পুর ওং পং শাহাবাদ	সৈদ আবদুলহাকীম ওং	৬১৮৯।৵	৭৮৶৶	৬২ ৮।০	মন্তেশ্বর	ঐ	২৮১৭ ৩	১৪ ৶	২৮৩২৵৩
৫৫ নং	৭২ নং	কিং পাটুলী ওং পং পাটুলী	জগৎচন্দ্র চৌধুরী ওং	৫৭৮৬ ৩	৬৯৶২	৫৮৫৫।৶৫	পূর্ব্বস্থলী	ঐ	৩৩৭৯৵৭	১৫৶৬	৩৩৯৪৵১
৫৮ নং	৭৫ নং	নিমদহ ওং পং জাহাঙ্গীরাবাদ	বৈদ্যনাথ মল্লিক ওং	৮৮০৭ ১১	০	৮৮০৭ ১১	ঐ	ঐ	৩৫৫৫৵ ১০	১২ ৷৩	৩৫৬৭৶১
৬৬ নং	৮৩ নং	পরাণবাটী ওং পং শাহাবাদ	জয়গোপাল চট্টোপাধ্যায়	৫৪৫০।৵৩	০	৫৪৫০।৵৩	মন্তেশ্বর	ঐ	৩১৭৪ ৶	৩০।৩	৩২০৫৷ ৩
৬৭ নং	৮৪ নং	বেনুণী ওং পং ঐ	হরিসিংহ রায়	৫৪৫০॥৵৩	০	৫৪৫০॥৵৩	ঐ	ঐ	১১৪৮৴১০	০	১১৪৮৴১০
৯১ নং	১০৮ নং	কুবজপুর ।৵আনা ওং পং বুবজ	মিবকরিমদ্দীন	৭০৪৮॥৴৫	১২৬।৵৭	৭১৭৫।০	পূর্ব্বস্থলী	ঐ	২৪৬৪ ৮	৬।৩	২৪৭০।৴১১
৯২ নং	১০৯ নং	পুব শাতসৈকা ওং ।৵ আনী পং শাতসৌকা	ওয়ানজল আলীএয	২১৭২৮৸৴২	০	২১৭২৮৸৴২	মন্তেশ্বর	ঐ	৪৬১০।৴১১	০	৪৬১০।৴১১
৯৩ নং	১১০ নং	শাত সৈকা ৶ আনী পং ঐ	চন্দ্রশেখর চৌধুরী	৭২৯৯৶	০	৭২৯৯৶	ঐ	ঐ	২৩৪৫৵৮	৩॥৶৬	২৩৪৮ ৴২
১৪১ নং	১৫৮ নং	কীং শাতসৈকা সমুদ্র গড় ওং পং ঐ	মহাম্মদমুজহর খাঁ	১১৫২৩॥৵৫	০	১১৫২৩॥৵৫	পূর্ব্বস্থলী	ঐ	৫৯১৯।৶২	৬৭॥৴৬	৫৯৮৭৷ ২
১৪৪ নং	১৬১ নং	শাতসৈকা।০ আনী পং ঐ	ওয়ানজল আলীএয	১৪৪৩৩।৶৫	০	১৪৪৩৩।৶৫	মন্তেশ্বর	ঐ	৩২৫৩।৴৪	৴৬	৩২৫৩৵১০
১১৮ নং	১৮৫ নং	বেহালাবাজার ওং পং বয়েড়া ওং	জমীদার তারাচাদ বাবু	২৪৩১৬॥৴৪	০	২৪৩১৬॥৴৪	জাহানাবাদ জেল হুগলী	ঐ	৯৫১৮৵১	২৯৶৬	৯৫৪৭।৴৭

C D RUSSELL, *Collector*

নীচের লিখিত মহালের বাকী মালগুজারী ইহার মধ্যে তাদায় না হইলে ঐ২ মহাল ইঙ্গরেজী ১৮৪২ সালের ২৮ জানুআরি তারিখে অর্থাৎ বাঙ্গলা ১২৪৮ সালের ১৬ মাঘ তারিখে জিলা যশোহরের কালেক্টর সাহেবের কাছারীতে নীলাম করা যাইবেক।

যে২ মহাল নীলাম হইবেক এবং ঐ মহাল যে পরগনায় আছে তাহার নাম এবং কালেক্টর সাহেবের নীলামের ইশতিহারে রেজিষ্টরীর জমীদার ঐ২ মহালের লাটের নম্বর।		সালিয়ানা সদর জমা			১২৪৮ সালের পৌষ মাসের কিস্তীপর্য্যন্ত যত মালগুজারী বাকী তাহা এবং তাহার সুদ ও জরীমানা।			বয়ান
পং চেংলিয়া মদদেআ	নং ৪৮ কালীপ্রসন্ন মুখুয্যা	১৭৯১৯	৶	৮	৩৫১৭	।৶	১০	এই মহা
পং চিঙ্গলিয়া	নং ৪৯ গোপাল লাল ঠাকুর	২০৮২৪	।/	৯	৮৬৯৩	৶	৮	লে নীল ই
পং দস্তিয়া	নং ৬০ ঈশ্বরচন্দ্র পালচৌধুরী ওং	৪৭৩২২	।/	৬	১১৪৭০	/	৯	ত্যাদিজন্মে ঐ
পং এসপপুর আমীরাবাদ	নং ৭২ বিমলা দাসী	১৪৯৯৪	৸৶	১১	৬৫৮৪৲		৭	ঐ
পং এমাদপুর	নং ৭৪ উদয়চাদ আঢ্য ওং	৬৮৫৭	৶	১০	৪০৪৭	/	৪	ঐ
পং হাবিলি	নং ৯৪ হরকুমার ঠাকুর	৩৪৭৮৮	৶	১১	১০৮৫৩	॥৶	৮	ঐ
পং হাকিমপুর	নং ৯৫ ঐ	৬৯২৭	॥/	৮	২৩৭৬	।০	৯	ঐ
পং ঘোগলা	নং ১০০ গঙ্গানারায়ণ রায়	১৫৫৭৩৲		৩	৫৭৫৫	৸৶	৬	ঐ
ঐ	নং ১০১ রাধামোহন ঘোষ	৯৩২৪	৶	৯	৪৭৭৬	॥	২	ঐ
তং জুবাদা	নং ১২৫ রাজীবলোচন রায় ওং	৫৮৯৫৲		১	২০০০	।/	৪	ঐ
তং কুলবেড়িআ	নং ১৩৮ রামকানাইদেব রায়	৮২৮৫	৶	১১	১৯৮৭	।৶	২	ঐ
পং মকীমপুর	নং ১৬৩ রাসমণি দাসী	২৭০৩৭	।৶	১১	৪১৮৪	৶		ঐ
পং মহিমশাহী	নং ১৬৪ চন্দ্রমোহন চাটুয্যা	১৭০১৫	॥৶	৯	২৪৫৩৲		৫	
পং মল্লাই	নং ১৬৭ প্রাণনাথ চৌধুরী	২৪২৫৭	৸৶	১০	৯৫৯৯৲		৪	ঐ
পং মহম্মদশাহী ।৶৮ হিস্যা	নং ১৬৮ তারিণীচরণ বাঁড়ুয্যা ওং	৪৭৫৭০	৸০		৬৫৫৪	৸৶	৩	ঐ
ঐ ৶৪ হিস্যা	নং ১৬৯ ঐ	৩৪১৪৯	/	৩	৯৮৫৯	॥৶	৩	ঐ
তং মাউলি	নং ১৮৮ বনমালি বসু	১১৩৮৩৲		৫	২১৪৬	৶	৫	ঐ
পং নলদী	নং ১৯৩ শ্রীনারায়ন সিংহ	৭১২১১	॥৶	৭॥	২১৪২৭	॥৶	৫	ঐ
পং নসীবসাহী	নং ১৯৪ মধুসূদন সান্ন্যাল	১৮০৬৬	॥৶	২	২৬৭৪	।৶		ঐ
পং নূরনগর	নং ১৯৫ গোপাল লাল ঠাকুর	৬৫৭২	।/	৫।	২৭৬৫৲		১	ঐ
পং রামচন্দ্রপুর	নং ২২৪ কালীনাথ রায় ওং	১৮৪৫৪	৶	৪	৬৪৪৯	।/	৭	ঐ
পং রাঙ্গদেয়া	নং ২২৫ আশুতোষ দেব ওং	৭৯৪৯	।/	৫	১৯৮০	৸৶	২	ঐ
তং রসুলপুর	নং ২৩৩ পুলিনবেহারি সেন ওং	২৯৪৯২	॥	৩	৭৬০৭	॥	৩	ঐ
তং রূপাপথ	নং ২৩৫ রামরতন রায় ওং	১০০৩১	।	৪	১৬০১	॥৶	৭	ঐ
পং সাতোর	নং ২৩৯ ঈশ্বরচন্দ্র পাল চৌধুরী ওং	৪২৬৩৩	।৶	৫	২২০৫৬	/	৮	ঐ
পং সায়দপুর	নং ২৪০ রাজা বরদাকণ্ঠ রায়	৪৬১৮২	॥৶	২	২৭০৯৪	৸৶	১১॥	ঐ
পং সুলতানপুর খরোবিয়া	নং ২৪৪ বিশ্বেশ্বর দত্ত	১১০৩৭	॥/	৫	৪২২৪	।৶		ঐ

উপরের লিখিত মহালভিন্ন আর ২৬৬ মহাল আছে তাহার সদর জমা ৫০০০৲ টাকার কম ২০০৲ টাকার অনধিক এবং ১৪১৫ মহাল তাহার প্রত্যেকের সদর জমা ২০০৲ টাকার কম এবং ১০৲ টাকার অনধিক তাহাও ঐ তারিখে নীলাম হইবেক এমত ইশতিহার দেওয়া গিয়াছে।

জিলা যশোহরের কালেক্টর সাহেবের কাছারী ১৮৪১ সাল ৩১ ডিসেম্বর।

C STEER, *Collector*

ইস্তাহারনামা কাছারি কালেকটরী জেলা মুরশিদাবাদ এই যে সন ১৮৪১ ইঙ্গরেজীর ১২ দ্বাদশ আইনের ৮ ধারার আজ্ঞানুযায়ি মহেন্দ্র নারায়ণ রায় নাবালগের জমিদারি কীঃ পরগণে ফতে সিংহের ইজারদার জগদম্বা চৌধুরাণীর জিম্মায় সন ১২৪৮ সালের কিস্তি কার্ত্তিকপর্য্যন্ত সুদের বাকী আদায় কারণ ঐক্ত ইজারদারের মালজামিন রামমণি দেব্যাপ্রভৃতির নীচের লিখিত জায়দাদ লাটবন্দী হইয়া সন ১৮৪২ সাল ইঙ্গরেজী তারিখ ২৮ জানুআরি মোতাবেক সন ১২৪৮ সাল তারিখ ১৬ মাঘ নীলামের দিবস ধার্য্য হইয়া তাহার ইস্তাহার জারি হইল যদ্যপি বাকীদার নীলামের পূর্ব্ব দিবস সুর্য্যাস্তপর্য্যন্ত ইস্তাহারের লিখিত সমুদায় বাকী টাকা [গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ১৮ জানুআরি।]

দাখিল না করে তবে ঐ নীলামের তারিখে বাকী টাকা গ্রহণ না করিয়া উপরোক্ত মালজামিনদিগের নীচের লিখিত জায়দাদএই কালেক্টরী কাছারীতে নীলাম হইবেক যে কেহ খরিদের বাঞ্ছা রাখহ ডাকের সংখ্যার শতকরা ২৫৲ টাকার হিসাবে ফীসের টাকা সম্বলিত হাজির হইয়া আইনমত খরিদ করহ এবিষয় সর্ব্ব সাধারণের বিদিতার্থে ইস্তাহার দেওয়া গেল ইতি সন ১৮৪২ ইংরেজী তারিখ ৩ জানুআরি মোং সন ১২৪৮ সাল তারিখ ২১ পৌষ।

নম্বর লাট	নম্বর রেজষ্টরী	নাম মহাল	নাম তালুকদার	জমা সালিয়ানা সদর	তায়দাদরকম যা হা বিক্রী হইবেক	কৈং বাকী সুদ ইং১জ্যৈষ্ঠ লাং ৩০ কার্ত্তিক সন ১২৪৮
১	২৩৯৩	ডিহি মোস্তাফাপুর	রামমণিদেব্যা ও বলভদ্রতেওয়ারি ও বিশ্বনাথহাজরা	৭৭৭৯॥৵১০	উক্ত মহাল মধ্যে রামমণিদেব্যার জামিনির লিখিত হক॥	
২	২১০২	মৌজে কেদাষ্টা	বলভদ্রতেওয়ারি ও রামনারায়ণ ও নবকীশোর	৮৪২॥৶৯	উক্তমহাল মধ্যে বেণিমাধব ও নিতাইসুন্দর ও পরশুনাথ ও রামনারায়ণ ত্রিবেদীর জামিনীর লিখিত হক॥	
৩	১৯৬৪	কীং পরগণে মহনন্দী	ব্রজমোহন রায় ও মাহাম্মদবক্স	১৬৭৮॥৵১১	উক্তমহালমধ্যে ব্রজমোহন রায়ের জামিনীর লিখিত হক।	
৪	৩৯৪	কীং মৌজে কোদলা রবিচন্দ্রপুর	কৃষ্ণকিঙ্কর রায়	১১৯৫৶	মুছল্লম মহাল	
৫	২৩১০	কীং মৌজে পাতলা	ঈশ্বরচন্দ্র দাস	৩৮২॥১০	ঐ	৩৬৪৮৭

P TAYLOR, *Collector*

ইস্তাহারনামা কাছারি কালেক্টরী জেলা মুরশিদাবাদ এই যে সন ১৮৪১ ইংরেজীর ১২ আইনের ৮ ধারার মর্ম্মানুযায়ি সন১২৪৮ সালের লাগাইদ কাস্তা পৌষের বাকী বাবত কীসমত পরগনে ফতেসিংহওগয়রহ এলাকা মহেন্দ্রনারায়ণ রায় নাবালগ ইজারদার জগদম্বা দেব্যার জিম্মার দেনা আদায় কারণ তাহার মালজামিন রামমণি দেব্যাইত্যাদির জায়দাদ জেলা মজকুরের মোতালক যাহেক নীচের তপসীল সন ১৮৪২ ইংরেজীর তারিখ ২৮জানুআরী মোতাবক সন ১২৪৮ সাল তারিখ ১৬ মাঘ রোজ শুক্রবার নিলামের ইস্তাহার জারী হইল যদ্যপি মালজামিন মজকুরান ইস্তাহারের লিখিত সমুদায় টাকা নিলামের পূর্ব্ব দিবস সূর্য্যাস্তপর্য্যন্ত দাখিল না করে তবে ঐ নিলামের নিরূপিত দিবসে বাকী টাকা গ্রহণ না হইয়া এই কালেক্টরির সদর কাছারিতে নিলাম হই বেক যে কেহ খরিদের বাসনা রাখহ ঐ নিলামের তারিখে কিশত ২৫৲ টাকা হিসাবে ফিসের টাকা সম্বলিত হাজির হইয়া আইনমত খরিদ করহ এবিষয় সকলের জ্ঞাতকারণ ইস্তাহার দেওয়া গেল ইতি সন১৮৪২ ইংরজী তারিখ ৩ জানওয়ারী মোতাবক সন ১২৪৮ সাল তারিখ ২১ পৌষ।

নম্বর লাট	নম্বর রেজষ্টরী	নাম মহাল	নাম তালুকদার	জমা সালিয়ানা সদর	তায়দাদরকম যা হা বিক্রী হইবেক	বাকী মাল গুজারী ও মুনাফা ইং কীং কার্ত্তিক লাং পৌষ সন ১২৪৮
১	২৩৯৩	ডিহি মুস্তফাপুর	রামমণি দেব্যা ও বলভদ্র তেওয়ারি ও বিশ্বনাথ হাজরা	৭৭৭৯॥৵১০	উক্ত মহাল মধ্যে রামমণি দেব্যার জামিনীর লিখিত হক।	
২	২১০২	মৌজে কেদিষ্টা	বলভদ্র তেওয়ারি ও রামনারায়ণ ও নবকীশোর	৮৪২॥৶৯	উক্ত মহাল মধ্যে বেণিমাধব ও নিতাইসুন্দর ও পরশুনাথ ও রামনারায়ণ ত্রিবেদীর জামিনীর লিখিত যে হক।	
৩	১৯৬৪	কীং পরগনে মহনন্দ	ব্রজমোহন রায় ও মাহাম্মদ বক্স	১৬৭৮॥৵১১	উক্ত মহাল মধ্যে ব্রজমোহন রায়ের জামিনীর লিখিতে যে হক।	৩০৬১৫॥৯
৪	৩৯৪	কীং মৌজে কোদলা কবিচন্দ্রপুর	কৃষ্ণকিঙ্কর রায়	১১৯৫৷০	মুছল্লম	
৫	২৩১০	কীং মৌজে পাতলা	ঈশ্বরচন্দ্র দাস	৩৮২॥১০	ঐ	

P TAYLOR, *Collector*

[*Government Gazette*, 18*th January*, 1842]

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JANUARY 25, 1842.

কলিকাতা মঙ্গলবার ১৮৪২ সাল ২৫ জানুআরি।

ACTS

FORT WILLIAM,
LEGISLATIVE DEPARTMENT,
THE 10TH JANUARY, 1842

The following Act passed by the Right Honourable the Governor General of India in Council on the 10th of January 1842, is hereby promulgated for general information

ACT No I OF 1842

An Act for better regulating the sale of Opium and other intoxicating drugs within the Town of Calcutta

It is hereby enacted, that all Laws and Regulations prohibiting the sale of Spirituous Liquors within the Town of Calcutta except under licences, and regulating the granting such licences, and for inflicting penalties for breach of the conditions thereof, or for selling Spirituous Liquors without having obtained such licences shall be applicable to the sale of Opium and other intoxicating drugs within the Town of Calcutta

T H MADDOCK,
Secy to the Govt of India

আইন।

ফোর্ট উলিয়ম।
লেজিসলেটিব ডিপার্টমেণ্ট।
ইঙ্গরেজী ১৮৪২ সাল ১০ জানুআরি।

ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৪২ সালের ১০ জানুআরি তারিখে নীচের লিখিত আইন জারী করিলেন এবং তাহা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্ত প্রকাশ হইতেছে।

ইঙ্গরেজী ১৮৪২ সাল ১ প্রথম আইন।

শহর কলিকাতার মধ্যে আফীন ও অন্যান্য নেশাজনক সামগ্রী বিক্রয়ের বিষয়ে পূর্ব্বাপেক্ষা উত্তম নিয়ম করণের আইন।

ইহাতে হুকুম হইল যে যে সকল আইন ও বিধানের দ্বারা পাট্টাবিনা শহর কলিকাতার মধ্যে মাদক সামগ্রী বিক্রয়ের নিষেধ আছে এবং ঐ পাট্টাদেওনের নিয়ম নির্দ্দিষ্ট আছে এবং তাহার নিয়ম উলঙ্ঘনকরণের অথবা সেইরূপ পাট্টা না পাইয়া মাদক সামগ্রী বিক্রয় করণের দণ্ড নিরূপিত আছে সেই সকল আইন ও বিধান শহর কলিকাতার মধ্যে আফীন ও অন্যান্য নেশাজনক দ্রব্য বিক্রয়ের বিষয়ে খাটিবেক ইতি।

টি এচ মাডক।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।
JOHN C MARSHMAN, *Bengalee Translator*

DRAFTS OF ACTS

[*Second Insertion*]
FORT WILLIAM,
LEGISLATIVE DEPARTMENT,
THE 20TH DECEMBER, 1841

The following Extract from the Proceedings of the Right Hon'ble the Governor General of India in Council, in the Legislative Department, under date the 20th December 1841, is published for general information

[*Government Gazette, 25th January,* 1842.]

আইনের মুসাবিদা।

[দ্বিতীয়বার প্রকাশিত।]
ফোর্ট উলিয়ম।
লেজিসলেটিব ডিপার্টমেণ্ট।
ইঙ্গরেজী ১৮৪১ সাল ২০ ডিসেম্বর।

ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলে লেজিসলেটিব ডিপার্টমেণ্টে ১৮৪১ সালের ২০ ডিসেম্বর তারিখের কার্য্যের বিবরণের নীচের লিখিত চুম্বক সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্ত প্রকাশ হইতেছে।

Read a second time the Draft of a proposed Act, dated the 19th of July 1841, and published in the Calcutta Gazette of the 21st of the same month, for amending the Rules of Special Appeals

Resolution —The Right Hon'ble the Governor General in Council resolves that the following Amended Draft on the subject be re-published for general information

ACT No —— OF 1841

An Act for amending the Rules of Special Appeals

I It is hereby enacted that from and after the a Special Appeal shall lie to the Courts of Sudder Dewanny Adawlut at Calcutta and Allahabad respectively, to the Court of Sudder Adawlut at Madras and to the Court of Sudder Dewanny Adawlut at Bombay, from all decisions passed on regular Appeals in the Civil Courts subordinate to them respectively, which shall appear to be inconsistent with some law, or usage having the force of law, or some practice of the Courts, or shall involve some question of law, usage or practice, upon which there may be reasonable doubts

II And it is hereby enacted, that applications for Special Appeals shall not be admitted unless they are presented to the proper Court as aforesaid within the period limited for the presentation of regular Appeals

III And it is hereby enacted, that every application for a Special Appeal shall be accompanied by copies of the several decrees previously passed on the case

IV And it is hereby enacted, that every application for a Special Appeal duly presented to the proper Court as aforesaid shall be heard by a single Judge of the Court in the presence of the Special Appellant, or his Vakeel, or Agent and it shall be competent to the Judge at his discretion, to call for and peruse any document forming a part of the record of the cause, and to summon the opposite party to answer the application

V And it is hereby enacted that if it shall appear to the Judge, that a Special Appeal is admissible under this Act, he shall pass an order accordingly, and shall at the same time reduce the point or points to be determined to writing in English in the form of a Certificate which shall be translated into the vernacular language in use in the Court and the Special Appeal shall then be brought on the file of the Court to be heard and determined in due course

VI And it is hereby enacted, that if it shall appear to the Judge that a Special Appeal is not admissible under this Act he shall reject the petition, and his order so rejecting a petition for a Special Appeal shall be final

VII And it is hereby enacted, that in every case of Special Appeal admitted as aforesaid, the Court of Sudder Dewanny Adawlut shall determine the point or points, certified as above enacted and no other point or part of the case whatever

খাস আপীলের বিধি সংশোধনের নিমিত্ত ১৮৪১ সালের ১৯ জুলাই তারিখের যে প্রস্তাবিত আইন ঐ মাসের ২১ তারিখের গবর্ণমেন্ট গেজেটে প্রকাশ হইয়াছিল তাহা দ্বিতীয়বার পাঠ করা গেল।

নির্দ্ধারণ।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদর হুজুর কৌন্সেলে স্থির করিয়াছেন যে উক্ত বিষয়ে নীচের লিখিত সংশোধিত মুসাবিদা সর্ব্ব সাধারণ লোকের বিজ্ঞাপনার্থে পুনরায় প্রকাশ হয়।

ইঙ্গরেজী ১৮৪১ সাল —— আক্ট।

খাস আপীলের বিধি সংশোধনের আইন।

১ ধারা। ইহাতে হুকুম হইল যে অমুক দিবসাবধি এবং অমুক দিবসের পর কলিকাতার এবং আলাহাবাদের সদর দেওয়ানী আদালত ও মান্দ্রাজের সদর আদালত এবং বোম্বায়ের সদর দেওয়ানী আদালতের অধীন দেওয়ানী আদালতসকলে জাবেতামত আপীলের যে সকল নিষ্পত্তি কোন আইনের বিরুদ্ধ অথবা আইনের তুল্য প্রবল কোন ব্যবহারের বিরুদ্ধ কিম্বা আদালতের কোন রেওয়াজের বিপরীত দৃষ্ট হয় অথবা আইনের কিম্বা ব্যবহারের বা রেওয়াজের যে কোন বিষয়ে উপযুক্ত সন্দেহ হইতে পারে এইমত কোন নিয়মঘটিত হয় সেই আপীলের নিষ্পত্তির উপর খাস আপীল ঐ২ সদর আদালতে হইতে পারে ইতি।

২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে জাবেতামত আপীলের দরখাস্ত দাখিলকরণের যে মিয়াদ নির্দ্দিষ্ট আছে সেই মিয়াদের মধ্যে খাস আপীলের দরখাস্ত উপরের উক্তমতে উপযুক্ত সদর আদালতে দাখিল না হইলে তাহা গ্রাহ্য হইবেক না ইতি।

৩ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে যে মোকদ্দমার সম্পর্কে খাস আপীল হয় তাহাতে পূর্ব্বে যে সকল ডিক্রী হইয়াছিল তাহার নকল খাস আপীলের দরখাস্তের সঙ্গে দাখিল করিতে হইবেক ইতি।

৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে খাস আপীলের প্রত্যেক দরখাস্ত উপরের উক্তমতে উপযুক্ত সদর আদালতে রীত্যনুসারে দাখিল হইলে তাহা খাস আপেলান্ট কি তাহার উকীল বা মোখ্তারকারের সম্মুখে ঐ আদালতের এক জন জজ সাহেব শুনিবেন এবং ঐ জজ সাহেব আপনার বিবেচনামতে ঐ মোকদ্দমার মিসিলের সম্পর্কীয় কোন দলীলদস্তাবেজ তলব করিয়া পাঠ করিতে পারেন এবং ঐ দরখাস্তের জওয়াব দেওনের নিমিত্ত বিপরীত পক্ষকে তলব করিতে পারেন ইতি।

৫ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে জজ সাহেবের যদি এইমত বোধ হয় যে এই আইনমতে খাস আপীল গ্রাহ্য হইতে পারে তবে তিনি তদনুসারে হুকুম দিবেন এবং সেই সময়ে আপীলের যে মূল বিষয় বা বিষয়সকলের বিচার করিতে হইবেক তাহা সর্টিফিকটের ন্যায় ইঙ্গরেজী ভাষায় লিখিবেন পরে ঐ আদালতে যে দেশীয় ভাষা চলিত আছে তাহাতে তাহা তর্জমা করা যাইবেক এবং তাহার পর ঐ খাস আপীল দাড়ামত শুনানি ও নিষ্পত্তি হইবার নিমিত্ত আদালতের নথীর শামিল করা যাইবেক ইতি।

৬ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে জজ সাহেবের যদি এইমত বোধ হয় যে এই আইনমতে খাস আপীল গ্রাহ্য হইতে পারে না তবে তিনি দরখাস্ত না মঞ্জুর করিবেন এবং খাস আপীলের দরখাস্ত নামঞ্জুর করণের বিষয়ে তাঁহার হুকুম চূড়ান্ত হইবেক ইতি।

৭ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উপরের উক্তমতে কোন খাস আপীল গ্রাহ্য হইলে উপরের উক্ত ধারামতে যে মূল বিষয় বা বিষয়সকল সর্টিফিকটে লেখা যায় কেবল তাহার বিচার সদর দেওয়ানী আদালত করিবেন এবং ঐ মোকদ্দমার অন্য কোন বিষয় বা অংশের বিচার করিবেন না ইতি।

[গবর্ণমেন্ট গেজেট ১৮৪২। ১৫ জানুয়ারি।]

VIII Provided that when the special ground of Appeal may have been incorrectly or incompletely certified, it shall be competent to the Court to amend the Certificate

IX And it is hereby declared, that the existing Laws and Regulations of the Presidencies of Bengal, Madras and Bombay, relating to Special Appeals, shall continue in force so far as they are not inconsistent with the provisions of this Act

X And it is hereby enacted, that nothing contained in this Act shall affect the hearing of second or Special Appeals which shall have been admitted and be pending in Appeal at the time of the passing of this Act, and that all such second or Special Appeals shall be heard and decided in the same manner as if this Act had not passed

---

Ordered, that the said Draft be reconsidered at the first Meeting of the Legislative Council of India after the 20th day of March next

T H MADDOCK,
Secy to the Govt of India

৮ ধারা। কিন্তু আপীলের বিশেষ কারণ যদি অশুদ্ধ বা অসম্পূর্ণরূপে সর্টিফিকটের মধ্যে লেখা যায় তবে ঐ সদর আদালত ঐ সর্টিফিকট শুদ্ধ করিয়া দিতে পারেন্ ইতি।

৯ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে বাঙ্গলা এবং মান্দ্রাজ ও বোম্বায়ের রাজধানির খাস আপীলের বিষয়ে যে সকল আইন ও বিধি আছে তাহা যেপর্য্যন্ত এই আইনের বিধির বিরুদ্ধ না হয় সেইপর্য্যন্ত প্রবল থাকিবেক ইতি।

১০ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইন জারীহওনের সময়ে যে দ্বিতীয় অর্থাৎ খাস আপীল গ্রাহ্য হইয়া মুলতবী থাকে এই আইনের কোন হুকুমের দ্বারা তাহা শুনানির ব্যতিক্রম হইবেক না এবং এই আইন জারি না হইলে ঐ দ্বিতীয় অর্থাৎ খাস আপীলের যেরূপে শুনানি ও নিষ্পত্তি হইত সেইরূপে শুনানি ও নিষ্পত্তি হইবেক ইতি।

হুকুম হইল যে আগামি মার্চ মাসের ২০ তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের প্রথম যে বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যাইবেক। টি এচ মাডক।

ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

CIRCULAR ORDERS OF THE SUDDER NIZAMUT ADAWLUT

No 4388

To the several Criminal Authorities in the Lower Provinces

In modification of Rule 12, of the Circular Order, No 2583, of the 9th July last, which authorizes Magistrates to indent on the Commissariat for Iron Degchees or Cooking Pots I am directed by the Court to intimate to you that Magistrates are to make their own arrangements for procuring those articles

W KIRKPATRICK, *Deputy Register*

Fort William, 17th December, 1841

সদর নিজামৎ আদালতের সরকুলর অর্ডর।

৪৩৮৮ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত প্রত্যেক ফৌজদারীর কার্য্যকারক বরাবরেষু।

গত জুলাই মাসের ৯ তারিখের ২৫৮৩ নম্বরী সরকুলর অর্ডরের ১২ বিধিতে হুকুম হইয়াছিল যে মাজিস্ত্রেট সাহেবেরা কমিসেরিয়টের দফ্তরহইতে লোহার ডেগ অর্থাৎ পাকের হাড়ি আনাইবেন কিন্তু তাহা মতান্তর হইয়া সদর আদালতের হুকুমক্রমে তোমাকে জানাইতেছি যে মাজিস্ট্রেট সাহেবেরা ঐ জিনিস খরীদ করিবার নিমিত্ত আপনারা নিয়ম করিবেন।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম ১৮৪১। ১৭ ডিসেম্বর।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

APPOINTMENTS BY THE SUDDER DEWANNY ADAWLUT

THE 31ST DECEMBER, 1841

Baboo Kisto Chunder Sein to officiate as Moonsiff of Issapore, Zillah Chittagong

Moulvee Uzuluddeen to officiate as Additional Moonsiff of Howlah, in the same Zillah

Khondkar Akamutallah to officiate as Moonsiff of Zorowargunge Zillah Chittagong

THE 14TH JANUARY, 1842

Moulvee Gholam Ushruff, who has obtained a Diploma, to be Moonsiff of Burdwan

THE 21ST JANUARY, 1842

Munmohun Baboo (who has received a Diploma) to be Moonsiff of Issapore, Zillah Chittagong

J HAWKINS *Register*

সদর দেওয়ানী আদালতের নিযোগ।

১৮৪১ সাল ৩১ ডিসেম্বর।

শ্রীযুত বাবু কৃষ্ণচন্দ্র সেন জিলা চাটিগাব ঈশাপুর স্থানের মুনসেফী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত মৌলবী অজলুদ্দীন ঐ জিলার হৌলা স্থানের অতিরিক্ত মুনসেফী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত খণ্ডকার আকামৎ উল্লা জিলা চাটিগাব জোরোবরগঞ্জের মুনসেফী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৪২ সাল ১৪ জানুআরি।

শ্রীযুত মৌলবী অশরফ যোগ্যতার পত্র পাইয়া বর্দ্ধমানের মুনসেফ হইয়াছেন।

১৮৪২ সাল ২১ জানুআরি।

শ্রীযুত মনমোহন বাবু যোগ্যতার পত্র প্রাপ্ত হওয়াতে জিলা চাটিগাব ঈশাপুরের মুনসেফ হইবেন।

জে হকিন্স। রেজিষ্টর।

CIVIL APPOINTMENTS

No 316
FORT WILLIAM,
GENERAL DEPARTMENT
The 13th January, 1842

The Right Honourable the Governor General in

রাজকর্ম্মে নিযোগ।

১৩৬ নম্বর।
ফোর্ট উলিয়ম।
জেনরল ডিপার্টমেন্ট।
১৮৪২ সাল ১৩ জানুআরি।

শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে

Council has been pleased to appoint Mr H V Bayley to be Deputy Secretary to the Governments of India and Bengal in the General Department, and Ex-Officio Secretary to the Council of Education and to its several Sub-Committees

G A Bushby,
Secy to the Govt of India

No 172
FORT WILLIAM,
GENERAL DEPARTMENT,
The 10th January, 1842
MEMORANDUM

The Governor General in Council having been pleased to resolve that the Institutions founded and supported by the Government for the diffusion of Education shall be brought more directly under the control of the Government itself, aided by a Council of Education composed of the present Members of the General Committee of Public Instruction and such other Officers as may from time to time be joined with them, the Local Committees of the Colleges and Schools in the two Divisions of the Bengal Presidency will in future address their Reports and References to the Secretary in the General Department of the Government of India

The Governor General in Council has been pleased to appoint the Honourable Mr W W Bird to be President of the Council of Education and of its several Sub Committees

These Sub-Committees are requested to continue in the discharge of their duties of Examination and Superintendence as at present, being now Sub Committees of the Council of Education

The General and Financial business of the Department of Education will be assumed by the Government, and the Council of Education be maintained for purposes of reference and advice upon all matters of important administration and correspondence, retaining, under the directions of the Government, the Supervision now established over the Institutions at the Presidency

A Deputy Secretary will be appointed to the General Department of the Government of India and Bengal, who will be ex officio Secretary of the Council of Education and of its different Sub Committees

In the mean time Dr Wise, the present Secretary, will be pleased to act under the orders of the Secretary in this Department, until all the measures for the transfer of business and the appointment of a Deputy can be matured

By Order of the Right Honourable the Governor General of India in Council

G A Bushby,
Secy to the Govt of India

No 318
FORT WILLIAM,
GENERAL DEPARTMENT,
The 12th January 1842

Mr M J Tierney, of the Civil Service, report-

শ্রীযুত এচ বি বেলি সাহেবকে জেনরল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের ও বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ডেপুটী সেক্রেটারী এবং পদোপলক্ষে বিদ্যাধ্যাপনের কৌন্সেলের ও তাহার প্রত্যেক সবকমিটির সেক্রেটারী পদে নিযুক্ত করিয়াছেন।

জি এ বুসবি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

১৭২ নম্বর।
ফোর্ট উলিয়ম।
জেনরল ডিপার্টমেণ্ট।
১৮৪২ সাল ১০ জানুআরি।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে নির্দ্ধারণ করিয়াছেন যে বিদ্যাধ্যাপনের নিমিত্ত গবর্ণমেণ্টের দ্বারা যে সকল বিদ্যালয় স্থাপন হইয়াছে ও প্রতিপালন হইতেছে তাহা পূর্ব্বাপেক্ষা অধিক গবর্ণমেণ্টের অধীন থাকে এবং ঐ কর্ম্মসাধনে বিদ্যাধ্যাপনের এক কৌন্সেল সাহায্য করিবেন ঐ কৌন্সেলে বিদ্যাধ্যাপনের সাধারণ কমিটির বর্ত্তমান মেম্বরেরা এবং সময়ে২ অন্য যে২ কর্ম্মকারক তাহাতে নিযুক্ত হন তাঁহারা থাকিবেন এবং কলিকাতা রাজধানীর অন্তঃপাতি দেশের দুই অংশের মধ্যে সমস্ত কালেজ ও ইস্কুলের কমিটি উত্তরকালে আপনারদের রিপোর্ট ও পত্রাদি জেনরল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারীর নিকটে পাঠাইবেন।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে অনরবিল শ্রীযুত ডবলিউ ডবলিউ বর্ড সাহেবকে বিদ্যাধ্যাপনের কৌন্সেলের এবং তাহার সমস্ত সবকমিটির প্রসিডেণ্টী কর্ম্মে নিযুক্ত করিয়াছেন।

ঐ সবকমিটি এক্ষণে বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সবকমিটি হইয়াছেন এবং তাঁহারা যেমত বিদ্যালয়ের ছাত্রেরদের পরীক্ষা ও তত্ত্বাবধারণ করিয়া আসিতেছেন সেইমত করিতে থাকিবেন।

বিদ্যাধ্যাপন দপ্তরের সাধারণ ও টাকাঘটিত কার্য্য গবর্ণমেণ্ট স্বহস্তে গ্রহণ করিলেন এবং গুরুতর বিষয়ের তত্ত্বাবধারণ ও লিখনপঠন উপস্থিত হইলে গবর্ণমেণ্ট ঐ কৌন্সেলে জিজ্ঞাসাবাদ করিবেন এবং ঐ কৌন্সেল গবর্ণমেণ্টকে পরামর্শ দিবেন এবং রাজধানীর বিদ্যালয়ের তত্ত্বাবধারণ যেমন এক্ষণে করিতেছেন সেইমত গবর্ণমেণ্টের হুকুমক্রমে উত্তর কালে করিবেন।

বাঙ্গলাদেশ এবং ভারতবর্ষের গবর্ণমেণ্টের জেনরল ডিপার্টমেণ্টে এক জন ডেপুটী সেক্রেটারী নিযুক্ত হইবেন এবং তিনি ঐ পদোপলক্ষে বিদ্যাধ্যাপনের কৌন্সেলের এবং তাহার নানা সবকমিটির সেক্রেটারী হইবেন।

ইতিমধ্যে ডেপুটী সেক্রেটারী নিযুক্তকরণ এবং কার্য্য তাঁহার হস্তে সমর্পণ করণের সকল নিয়ম সিদ্ধ না হওন পর্য্যন্ত বর্ত্তমান সেক্রেটারী শ্রীযুত ডাক্তর ওয়াইজ সাহেব ঐ ডিপার্টমেণ্টে সেক্রেটারী সাহেবের হুকুমের অধীনে কার্য্য করিবেন।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের হুকুমক্রমে।

জি এ বুসবি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৩১৮ নম্বর।
ফোর্ট উলিয়ম।
জেনরল ডিপার্টমেণ্ট।
১৮৪২ সাল ১২ জানুআরি।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত এম জে টিয়র্ণি সাহেব বর্ত্তমান

ed his return to this Presidency from the Cape of Good Hope, on board the Ship "Robert Small," on the 8th instant

Mr C J H Graham, of the Civil Service, embarked for England on board the Ship "Madagascar," which Vessel was left by the Pilot at Sea on the 9th instant

Mr R J Scott has been permitted to return to the Presidency for the purpose of prosecuting his Studies in the Oriental Languages at the College of Fort William

The 14th January, 1842

Messrs N Smith, W Dent, W Luke and S S Brown, of the Civil Service, have reported their departure for England on board the Steam Ship 'India," which Vessel was left by the Pilot at Sea on the 11th instant

The 18th January 1842

The Right Honourable the Governor of Bengal has been pleased to accept the resignation by Mr J Curtis, of the Honourable East India Company's Civil Service, to take effect from the 31st instant

G A Bushby,
Secy to the Govt of Bengal

FINANCIAL DEPARTMENT,
The 19th January, 1842
APPOINTMENT

The Right Honourable the Governor of Bengal is pleased to appoint Mr George Adams to officiate as Assistant to the Sub Treasurer until further Orders

G A Bushby,
Secy to the Govt of Bengal

No 99
FORT WILLIAM,
JUDICIAL AND REVENUE DEPARTMENT,
The 11th January 1842

The Right Honourable the Governor of Bengal has been pleased under the provisions of Act VII of 1835, to transfer from the Commissioner of the 19th or Cuttack Division to the Session Judge of Cuttack, the whole of the duties connected with Criminal Justice appertaining to the Districts of Cuttack, Balasore and Pooree

F J Halliday,
Secy to the Govt of Bengal

No 100
ORDERS BY THE RIGHT HONOURABLE THE GOVERNOR OF BENGAL
JUDICIAL AND REVENUE DEPARTMENT,
LEAVES OF ABSENCE
The 11th January, 1842

Captain E R Lyons, Superintendent of Cachar, for two months, under Medical Certificate, to proceed to Sea for the benefit of his health Lieutenant William McCulloch will Officiate as Superintendent of Cachar during Captain Lyons' absence, or until further orders.

The services of Captain J Wemyss, Principal Assistant at Gowahatty, have this day been placed

মাসের ৮ তারিখে রাবর্ট স্মলনামক জাহাজের দ্বারা কেপ হইতে আপনার প্রত্যাগমনের রিপোর্ট করিয়াছেন।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত সি জে এচ গ্রেহাম সাহেব মাডাগাস্কর নামক জাহাজের দ্বারা ইঙ্গলণ্ডে গমন করিয়াছেন এবং বর্ত্তমান মাসের ৯ তারিখে আড়কাটি ঐ জাহাজ সমুদ্রপথে ছাড়িয়া আইসে।

শ্রীযুত আর জে স্কট সাহেব ফোর্ট উলিয়ম কালেজে এদেশীয় ভাষা শিক্ষাকরণার্থ রাজধানীতে পুনর্ব্বার আগমনের অনুমতি পাইয়াছেন।

১৮৪২ সাল ১৪ জানুআরি।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত এন স্মিথ সাহেব ও শ্রীযুত ডবলিউ ডেণ্ট সাহেব ও শ্রীযুত ডবলিউ ল্যুক সাহেব ও শ্রীযুত এস এস ব্রোণ সাহেব ইণ্ডিয়ানামক বাষ্পীয় জাহাজের দ্বারা ইঙ্গলণ্ডে আপনারদের প্রস্থানকরণের রিপোর্ট করিয়াছেন এবং ঐ জাহাজ বর্ত্তমান মাসের ১১ তারিখে আড়কাটি সমুদ্রপথে ছাড়িয়া আইসে।

১৮৪২ সাল ১৮ জানুআরি।

শ্রীযুত জে কর্টিস সাহেব কোম্পানি বাহাদুরের সিবিলসম্পর্কীয় কর্ম্মে ইস্তাফা দেওয়াতে বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেব তাহাতে সম্মত হইয়াছেন এবং ঐ কর্ম্মে তাঁহার ইস্তাফা দেওন বর্ত্তমান মাসের ৩১ তারিখঅবধি গণ্য হইবেক।

জি এ বুসবি।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ফিনান্সিয়াল ডিপার্টমেণ্ট।
১৮৪২ সাল ১৯ জানুআরি।
নিয়োগ।

বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত জর্জ আডমস সাহেবকে সবট্রেজুরের আসিস্টাণ্ট কর্ম্ম নির্ব্বাহ করিতে নিযুক্ত করিয়াছেন।

জি এ বুসবি।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৯৯ নম্বর।
ফোর্ট উলিয়ম।
জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেণ্ট।
১৮৪২ সাল ১১ জানুআরি।

বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেব ১৮৩৫ সালের ৭ আইনের বিধানানুসারে কটক ও বালেশ্বর ও পুরীতে ফৌজদারী মোকদ্দমার বিচারসম্পর্কীয় সমস্ত কার্য্য ১৯ সংখ্যক অর্থাৎ কটক জিলার কমিস্যনর সাহেবের হাত হইতে লইয়া কটকের সেশন জজের হাতে সমর্পণ করিয়াছেন।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

১০০ নম্বর।
বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেবের হুকুম।
জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেণ্ট।
ছুটী।
১৮৪২ সাল ১৪ জানুআরি।

কাছাড়ের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত কাপ্তান ই আর লায়ন্স সাহেব স্বীয় স্বাস্থ্যার্থে সমুদ্রে গমনার্থ চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন। কাপ্তান লায়ন্স সাহেবের অনুপস্থানপর্য্যন্ত কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট উলিয়ম মেকলক সাহেব কাছাড়ের সুপরিণ্টেণ্ডেণ্টী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

গৌহাটীর প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান জে উইমস

at the disposal of His Excellency the Commander in Chief

The 18th January, 1842

Mr C Cardew, Civil and Sessions Judge of Tipperah, for two years, under Medical Certificate, to proceed to the Cape and the Mauritius

Mr J F Cathcart, Civil and Sessions Judge of Purneah, for one month, under Medical Certificate, preparatory to proceeding to sea for the recovery of his health, making over charge of his office to the Principal Sudder Ameen, pending the arrival of the Honourable R Forbes who has this day been appointed to Officiate as Civil and Sessions Judge of Purneah

Mr A Turnbull, Officiating Magistrate of East Burdwan, for fourteen days, on private affairs, making over charge of his Office to Mr C D Russell, the Officiating Collector

Dr J Kean, of Moorshedabad, for seven days, in extension, in supercession of the five days granted to him on the 4th instant

Baboo Nittanund Chatterjee, Deputy Collector under Regulation IX of 1833, in Nuddeah, for seven days, in extension

APPOINTMENTS, &c

Mr J C Brown Civil and Sessions Judge of Nuddea, to dispose of the commitments made by Mr R Torrens in his late capacity of Magistrate of the 24 Pergunnahs, also of Appeals from that Officer's decisions

Mr W Onslow to be Joint Magistrate and Deputy Collector of Champarun, but to continue to Officiate as Judge of Mymensing until further orders

Mr L L Woodcock to Officiate as Joint Magistrate and Deputy Collector of Champarun until further orders This cancels the Orders of the 11th instant appointing him to the 24 Pergunnahs

Mr J A O Farquharson to be Magistrate of Patna

Mr F L Dalrymple to exercise the powers of a Joint Magistrate and Deputy Collector in the 24-Pergunnahs

Mr W Vansittart Deputy Collector of Monghyr, made over charge of the Treasury to Mr D Cunliffe on the 5th instant and proceeded to the interior of the District on public duty

F J HALLIDAY,
Secy to the Govt of Bengal

সাহেবের কর্ম্ম অদ্য শ্রীযুত সৈন্যাধ্যক্ষ সাহেবের আজ্ঞাধীন করা গিয়াছে।

১৮৪২ সাল ১৮ জানুআরি।

ত্রিপুরার সিবিল ও সেশন জজ শ্রীযুত সি কার্ডিউ সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে কেপে এবং মরিচ উপদ্বীপে গমনার্থ দুই বৎসরের ছুটী পাইয়াছেন।

পূরণীয়ার সিবিল ও সেশন জজ শ্রীযুত জে এফ কাথকার্ট সাহেব স্বীয় স্বাস্থ্যার্থে সমুদ্রে গমনের পূর্ব্বে চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন। এবং শ্রীযুত অনরবিল আর ফর্বস সাহেব অদ্য পূরণীয়ার সিবিল ও সেশন জজের কর্ম্ম নির্ব্বাহ করিতে নিযুক্ত হওয়াতে তাঁহার সেই স্থানে না পঁহুছনপর্য্যন্ত কাথকার্ট সাহেব আপনার কর্ম্মের ভার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করিবেন।

পূর্ব্ব বর্দ্ধমানের একটিং মাজিস্ত্রেট শ্রীযুত এ টর্ণবুল সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে চৌদ্দ দিবসের ছুটী পাইয়া আপনার কর্ম্মের ভার একটিং কালেকটর শ্রীযুত সি ডি রসেল সাহেবের প্রতি অর্পণ করিবেন।

মুরশিদাবাদের চিকিৎসক শ্রীযুত জে কীন সাহেব বর্ত্তমান মাসের ৪ তারিখে যে পাঁচ দিনের ছুটী পান্ তদ্ব্যতিরিক্ত সাত দিবসের ছুটী পাইয়াছেন।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে নদীয়ার ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু নিত্যানন্দ চাটুয্যা অতিরিক্ত সাত দিবসের ছুটী পাইয়াছেন।

নিয়োগপ্রভৃতি।

শ্রীযুত আর টরেন্স সাহেব চব্বিশ পরগনার মাজিস্ত্রেটী কর্ম্ম নির্ব্বাহ করত যাহারদিগকে বদেদ করিয়াছেন তাহারদের মোকদ্দমার বিচার করিতে এবং ঐ কার্য্যকারকের নিষ্পত্তির উপর যে আপীল হইয়াছে তাহার বিচার করিতে নদীয়ার সিবিল ও সেশন জজ শ্রীযুত জে সি ব্রোণ সাহেব নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত ডবলিউ অনস্লো সাহেব চম্পারণের জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটী কালেকটর হইয়াছেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত ময়মনসিংহের জজী কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত ই ই উডকক সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত চম্পারণের জাইন্ট মাজিস্ত্রেটী ও ডেপুটী কালেকটরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন এবং বর্ত্তমান মাসের ১১ তারিখের যে হুকুমক্রমে তিনি চব্বিশ পরগনায় নিযুক্ত হইয়াছিলেন তাহা রহিত হইল।

শ্রীযুত জে এ ও ফারকার্সন সাহেব পাটনার মাজিস্ত্রেট হইবেন।

শ্রীযুত এফ ই ডালরিম্পল সাহেব চব্বিশ পরগনার জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটী কালেকটর হইবেন।

মুঙ্গেরের ডেপুটী কালেকটর শ্রীযুত বান্সিটার্ট সাহেব বর্ত্তমান মাসের ৫ তারিখে আপনার খাজানাখানার ভার শ্রীযুত ডি কনলিফ সাহেবের প্রতি অর্পণ করিয়া সরকারী কর্ম্মের নিমিত্তে মধ্য দেশে গমন করিয়াছেন।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

SALT
ইস্তেহার।

ইস্তেহার দেওয়া যাইতেছে যে এই ঘোষণাপত্রের তারিখঅবধি যে সকল ব্যক্তি জেলা হিজলির ঘাট কালনগরহইতে সন ১২৪৬ সালের পোক্তানি নেমক ৫০০ মোনের অধিক সমান মোনের ওজনে অর্থাৎ ৬০০ ৭০০/ ৮০০/ মোন ইত্যানুসারে এক্ষণকার নির্দ্ধারিত নিরিখ ফিশত মোন ৪১৮৲ টাকার দরে অন্যকার তারিখ হইতে আগামি ১ এপ্রেল তারিখের মধ্যে রপ্তানি করিবেক তাহারা ঐ নেমক রপ্তানির বাবদ জেলা মজকুরের এজেণ্ট সাহেবের দস্তখতী সর্টিফিকট দাখিল করলে রপ্তানির মেকদারের সমান ওজন ঐ সনের নেমক ঐ

নিমক।

ঘাটহইতে ফিশত মোন ৪০০৲ টাকা দরে পাইবার যোগ্য হইবেক তাহাতে ধারামত এই কাছারিতে বসীদ দাখিল করিয়া ছাড় রওয়ানা লইতে হইবেক পূর্ব্বোক্ত নিয়ম বর্ত্তমান সনের আগামি ১ এপ্রেলপর্য্যন্ত সাব্যস্ত থাকিবেক।

যদিস্যাৎ সন১২৪৬ সালের তাবৎ নেমক ঐ পূর্ব্বোক্ত শর্ত্তমতে গোলা নিকাস হইয়া যায় তবে উপরি উক্ত নিয়মানুসারে যাহারা দাওয়াদার হইবেক তাহারদিগের এক্তিয়ার থাকিবেক যে সন ১২৪৭ সালের নেমক যে দর বিক্রয়ার্থ নিরিখ নির্দ্দিষ্ট হইবেক সেই দরে পা

হইতে পারিবেক অথবা ৪২৮৲ টাকা দরে যে নেমক খরিদ করিয়া চলান করিবেক তাহার ফিশত মোনে২৮৲ টাকার হিসাবে এজেন্ট সাহেবের সর্টিফিকেট দাখিল করিলে ফেরত পাইবেক কিন্তু ১২৪৬ সালের মাল মৌজুদ না থাকিলে এজেন্ট সাহেবের সর্টিফিকেট কার্য্যকারক হইবেক না।

বিমৌজিব হুকুম সাহেবান আলিসান বোর্ড পরমিট নেমক ও আফিম সন ১৮৪২ সাল তারিখ ১৫জানুআরি।

এচ টরেন্স। সেক্রেটারী।

ইস্তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৪২ সাল তারিখ ২৭ জানুআরি রোজ বৃহস্পতিবার বেলা দুই প্রহর এক ঘন্টার পূর্ব্বে যে কোন সময়ে হউক নীচের লিখিত মোয়াজী নেমক যাহা মোং শালিখার সরকারী গোলায় মৌজুদ আছে তাহার খরিদের জন্য দরখাস্ত সিল মোহর বন্দকরা এই দপ্তরখানায় লওয়া যাইবেক তদনন্তর ঐ নেমকের দর শ্রীযুত সাহেবান আলিসান বোর্ড পরমিট নেমক ও আফিমের হুকুমানুসারে নির্দ্ধারিত হইবেক ঐ সকল দরখাস্তে ফিশত মোন নেমকের উপর যে ব্যক্তি যত মুল্য দিতে চাহিবেক তাহা কোম্পানির টাকায় লিখিতে হইবেক আর ঐ দরখাস্তের উপর এমত জিকির থাকিবেক যে ক্রোকী পাঙ্গা নেমকের বাবদ দরখাস্ত এবং দরখাস্তের শিরনামার উপর দরখাস্তকারি অথবা তাহার মোক্তার কিম্বা তাহার গোমাস্তার নাম লিখিত থাকিবেক ও দরখাস্ত খুলিবার নিরুপিত সময়ে দরখাস্তকারি অথবা তাহার মোক্তার কিম্বা গোমাস্তা কেহ এক জন উপস্থিত না থাকিলে দরখাস্ত খোলা যাইবেক না এবং দরখাস্তের মাতবরির জন্য এক২ শত টাকা আমানতের স্বরুপ দাখিল করিতে হইবেক তৎব্যতীত কোন দরখাস্ত মাতবর জ্ঞান করা যাইবেক না ঐ ১০০৲টাকা যে ব্যক্তির দরখাস্ত মনজুর হইবেক তাহার নামে এই নেমক খরিদের হিসাবে জমা হইবেক কিম্বা দরখাস্ত মনজুর না হইলে ফেরত দেওয়া যাইবেক।

যে সকল ব্যক্তি নেমক খরিদের জন্য দরখাস্ত করিবেক তাহারদিগের উচিত যে দরখাস্তকরণের পূর্ব্বে ঐ নেমকের নমুনা গোলায় স্বচক্ষে দেখিয়া নেমকের রকম বুঝিয়া আপনার খাতির জমা মতে দরখাস্ত করে ইতি।

নেমকের রেওরা।

এজেন্সী অর্থাৎ জেলার নাম	ঘাটের নাম	কোন সনের ক্রোকী	মোয়াজিয়ে নেমক
ক্রোকী পাঙ্গা নেমক	শালিখা	১৮৪১। ১৮৪২ সাল	ন্যূনাতিরেক ৩০৫৫৯॥ মোন

বিমৌজিব হুকুম সাহেবান আলিসান বোর্ড পরমিট নেমক ও আফিম ইতি সন ১৮৪২ তারিখ ২০ জানুআরি।

এচ টরেন্স। সেক্রেটারী।

SALLS OF LAND

জমীদারী নীলাম।

ইস্তাহারনামা কাছারি কালেকটরি জেলা মুরশিদাবাদ এই যে শহর মুরশিদাবাদের দেওয়ানী আদালতের ডিক্রীর টাকা মায় খরচা ও সুদ মৃত মহেশচন্দ্র চৌধুরির বনিতা রতনমণি চৌধুরাণী ও ভ্রাতা কৃষ্ণচন্দ্র চৌধুরি বাদিগণের পাওনা রাজা কৃষ্ণচন্দ্র বাহাদুর প্রতিবাদির দেনা আদায় কারণ চতুর্দ্দশ বিভাগের প্রবলপ্রতাপ শ্রীযুত রেবিনিউ কমিস্যনর বাহাদরের সন ১৮৩৮ ইঙ্গরেজির ১৭ আগষ্ট তারিখের চিটী ও এই জেলার প্রধান সদর আমীনের সন ১৮৪১ ইঙ্গরেজির ১৫ জুলাই ও ১১ সেপ্টম্বর তারিখের রুবকারি অনুযায়ি প্রতিবাদির সম্পত্তি পরগনে কোতর প্রতাপওগয়রহের রকম ।০ চারিআনা সেওয়ায় পরগনে গয়শাবাদ ও পরগনে ধাওয়া ও চাকলে রোনহাট নীলামের দিবস সন ১৮৪১ ইঙ্গরেজি ২৩ নবম্বর ধার্য্য হইয়া ইস্তাহার জারিহওয়ার পর রাণীকুলকুন্ডর'র মোজাহেম অনুযায়ি উক্ত পরগনার শামিল ডিহি মথরাপুরের নীলাম স্থগিত রাখার বিষয়ে প্রধান সদর আমীনের ঐ নবম্বর মাসের ১৮তারিখের রুবকারি পঁহুছাতে নালাম স্থগিত থাকিয়া সন ১৮৪১ সালের ১২ আইনের আট ধারার অনুজ্ঞানি বক্রী ভূমি নাচের তপশীলমত সন ১৮৪২ ইঙ্গরেজির ৭ ফিব্রুআরি মোতাবেক সন ১২৪৮সালের ২৬ মাঘ রোজ সোমবার নীলামহওনের ইস্তাহার জারি হইল যদি প্রতিবাদী এই ইস্তাহারের লিখিত সমুদয় টাকা নীলামের পূর্ব্ব দিবস সূর্য্যাস্তপর্য্যন্ত দাখিল না করে তবে ঐ নীলামের নিরুপিত দিবসে দেনদারের টাকা গ্রহণ না করিয়া নীলাম হইবেক যে কেহ খরিদের বাসনা রাখহ ঐ তারিখে ডাক আরম্ভ হওয়ার পূর্ব্ব ফিশত ২৫৲ টাকা ফিস সমেত হাজির হইয়া আইনমত খরিদ করহ এ বিষয় সকলের জ্ঞাতকরণ ইস্তাহার দেওয়া গেল ইতি সন ১৮৪২ ইঙ্গরেজি তারিখ ৫ জানুআরি মোতাবেক সন ১২৪৮ সাল তারিখ ২৩ পৌষ।

নম্বর লাট	নম্বর রেজষ্টরি	নাম মাহাল	নাম তালুকদার	সদর জমা সালিয়ানা মায় থানা দারির	তাইন রকম যাহা নীলাম হইবেক	তায়দাদ ডিক্রীর টাকা	কৈঃ
১	১৬৮৭	পরগনে কোতরপ্রতাপ ওগয়রহ	রাজা কৃষ্ণচন্দ্র বাহাদুর ও রাণী অন্নপূর্ণা	১৮২৬৪৭॥/৬	এই জেলার প্রধান সদর আমীনের সন ১৮৪০ সালের ৩ জানুআরি ও সন ১৮৪১ সালের ১৫ জুলাই ও ১১ সেপ্টেম্বর ও ১৮ নবম্বর তারিখের রুবকারি অনুযায়ি এই মহালের মধ্যে পরগনে গয়শাবাদ ও পরগনে ধাওয়া ও চাকলে রোনহাট ও ডিহি মথুরাপুর ব্যতীত রকম ।০ চারিআনা রাজা কৃষ্ণচন্দ্র বাহাদুরের হক নীলাম হইবেক।	উক্ত প্রধান সদর আমীনের সন ১৮৪১ সালের ১৫ জুলাই তারিখের রুবকারির অনুযায়ি ৮৪৭৭।৯ ঐ টাকার সুদ ইস্তক সন ১২৪৭সালের ২১ বৈশাখ লাগাইত সন ১২৪৮ সালের ২৫ মাঘ মুদ্দত ১।৯।৫ দিবসের কাত ১৭৯৪।/ ১০২৭১॥/৯	

সদব বোর্ডেব সন ১৮৪১ সালেব ২০ সেপ্টেম্বরেব২৫ নবম্ববেব সবকুল্যব চিঠীর আজ্ঞানুযায়ি বিজ্ঞাপন কবা যায় যে উক্ত ভূমিব সাবেক মালিকেব উপব যে সকল দায় আছে তাহা খরিদাবকে অর্শিবেক এবং মহালের পব সবকাবের যে দাওয়া থাকে ঐ নীলামের দ্বাবা কিছু লোপ হইবেক না।

P. TAYLOR, *Collector*

ইস্তাহাবনামা কাছাবি কালেক্টবি জেলা মুবশিদাবাদ এই যে সন ১৮৪১ইঙ্গরেজিব ১২ আইনেব ৮ ধাবাব মর্ম্মানুযায়ি এই জেলাব প্রধান সদব আমীনেব ডিক্রীর টাকা বাবু বেহাবিলাল বাদিব পাওনা বাধাবমণ দাস ও শ্রীমন্তদাস ও মৃত বালকৃষ্ণ দাসেব বনিতা তিনকড়ি দাস্যা প্রতিবাদিগণেব দেনা আদায় কাবণ চতুর্দ্দশ বিভাগেব প্রবলপ্রতাব শ্রীযুত বেবিনিউ কমিস্যনর বাহাদুবেব সন ১৮৪১ ইঙ্গবেজিব ১১ দিজম্বব তাবিখেব চিঠী ও সহর মবশিদাবাদেব শ্রীযুত জজ সাহেবেব ঐ সনেব ২৫ সেপ্টম্বব তাবিখেব রুবকাবিব আজ্ঞানুসাবে প্রতিবাদিগণেব পত্তনী মাহাল নীচেব তপসীলমত সন ১৮৪২ ইঙ্গবেজীব ৭ ফেব্রুআবি মতাবেক সন ১২৪৮ সালেব ২৬ মাঘ নীলামহওনেব ইস্তাহাব জাবি হইল যদি প্রতিবাদিগণ এই ইস্তাহাবেব লিখিত সমুদয় টাকা নীলামেব পূর্ব্বদিবস সূর্য্যাস্তপর্য্যন্ত দাখিল না কবে তবে ঐ নীলামের নিরূপিত দিবসে দেনদাবের টাকা গ্রহণ না হইয়া এই কালেক্টরিব কাছাবিতে নীলাম হইবেক যে কেহ খবিদেব বাসনা রাখহ ঐ তাবিখে ডাক আবম্ভ হওয়ার পূর্ব্ব ফিশত ২৫৲ টাকা ফিসসমেত হাজির হইয়া আইনমত খবিদ কবহ এ বিষয় সকলেব জ্ঞাত কাবণ ইস্তাহার দেওয়া গেল ইতি সন ১৮৪২ ইঙ্গবেজি তারিখ ১০ জানুআবি মোতাবেক সন ১২৪৮ সাল তাবিখ ২৮ পৌষ।

নম্বর লাট	নাম মহাল পত্তনি ও পরগনা	নাম পত্তনিদারান	জমা পত্তনি	তাইন বকম যাহা নীলাম হইবেক।	তায়দাদ ডিক্রীর টাকা মায় খরচা ও সুদ	কৈঃ
১	মৌজে জোতশাদিপুব পরগনে ইছলামপুব	বাধাবমণদাস ও শ্রীমন্ত দাস	২৬৮।০	সমুদায় মাহাল	শ্রীযুত জজ সাহেবেব সন ১৮৪১ ইঙ্গবেজিব ২৫ সেপ্টেম্বব তাবিখেব রুবকাবি অনুযায়ি২২২॥৵৫ ঐ টাকাব সুদ ই৲ সন ১৮৪১ সালেব ১৬ সেপ্টেম্বব লাগাইদ সন ১৮৪২ সালেব ৬ ফেব্রুআবি মুদ্দত ৪।২১ বোজেব কাত ১০।৶৩ ২৩৩/৮	

P TAYLOR, *Collector*

ইস্তাহাবনামা কাছাবি কালেক্টবি জেলা মুবশিদাবাদ এই যে মাহাম্মদ ফোয়াজ ও মেছবাউদ্দীনেব আয়মা মাহাল কীৎ তালিবপুবেব সন ১৮৪১ সালেব লাগাইদ কিস্তি আপবেলেব সবকাবেব বাজস্ব আদায় কাবণ সন ১৮৪১ সালেব ২৩ আগস্ট তাবিখে উক্ত মাহাল নীলাম হইয়া বাদ মঞ্জুবি খবদাব পণ বাহাব বক্রী টাকা দাখিল না কবাতে শ্রীযুত বেবিনিউ কমিস্যনব সাহেব সন ১৮৪১ সালেব ১৩ দিজম্বব তাবিখেব রুবকাবিব দ্বাবা উক্ত মাহাল ছানি নীলামকবণেব হুকুম প্রকাশ কবিয়াছেন মতে সন ১৮৪১ সালেব ১২ আইনেব ৮ ধাবাব হুকুমানুযায়ি সন ১২৪৮ সালেব লাগাইদ কিস্তি পৌষেব মালগুজাবি আদায় কাবণ উক্ত মাহাল নীচেব তপসীল মত সন ১৮৪২ সালেব তাবিখ ৭ ফেব্রুআবি মোতাবেক সন ১২৪৮ সাল তাবিখ ২৬ মাঘ নীলামেব ইস্তাহাব জাবি হইল যদ্যপি উক্ত বাকীদাব নীলামেব পূর্ব্ব দিবস সর্য্যাস্তপর্য্যন্ত ইস্তাহাবেব লিখিত সমুদয় বাকী টাকা দাখিল না কবে তবে ঐ নীলামেব তাবিখে টাকা গ্রহণ না কবিয়া এই কালেক্টবিতে নীলাম হইবেক যে কেহ খবিদেব বাসনা বাখহ ডাকেব সংখ্যা শতকবা ২৫৲ টাকাব হিসাবে ফিসেব টাকা সম্বলিত হাজিব হইয়া আইনমত খবিদ কবহ এ বিষয় সকলেব জ্ঞাত কাবণ ইস্তাহাব দেওয়া গেল ইতি সন ১৮৪২ সাল তাবিখ ১০ জানুআবি মোতাবেক সন ১২৪৮ তাবিখ ২৮ পৌষ।

নম্বর লাট	নম্বর বেজষ্টবি	নাম মাহাল	নাম আয়মাদাব	জমা সালিয়ানা সদব	তায়দাদ বকম যাহা বিক্রয় হইবেক	বাকী মালগুজাবি লাৎ পৌষ সন ১২৪৮
১	১৩৫৭	কীৎতালিবপুর	মাহাম্মদ ফোয়াজ ও মেছবাউদ্দীন	৬।৶১১	মুছল্লম মাহাল	১১৸২

P TAYLOR, *Collector*

এস্তাহাবনামা কাছাবি কালেকটবি জেলা মুবশিদাবাদ এই যে নীলাম্বব চট্টোপাধ্যায় তালুক কীসমত সৈদাবাদ সন ১৮৪১ ইঙ্গবেজিব লাগাএদ আপরেল সবকাবেব বাজস্বাদি আদায় নিমিত্ত সন মজকুরের ১১ আগস্ট নীলাম হওয়াতে জেলা বিবভূমের মোতালক দেচাতবা নিবাসি ঠাকুবদাস ঘোষ মবলগে ৮৬ টাকা মুল্যে খবিদ কবিয়া বাদমঞ্জুরি বাকী পণবাহার টাকা না দেওয়াতে শ্রীযুত বেবিনিউ কমিস্যনব সাহেবেব সন ১৮৪১ সালেব ১১ দিজম্ববের হুকুম সুরত খবিদারের দাখিল ফিস জব্দ কবিয়া ছানি নীলামেব এস্তাহাব জারি করা আবশ্যকমতে সন ১৮৪১ সালেব ১২ দ্বাদশ আইনেব ৮ ধাবাব মর্ম্মানুযায়ি মহাল মজকুবেব সন ১২৪৮ সালেব লাৎ কিস্তি পৌষেব সবকাবেব মালগুজারি ওগয়বহ আদায় জন্য নীচেব তপসীল মহাল সন ১৮৪২ সালেব ৭ ফেব্রুআবি মোতাবক সন ১২৪৮ সালের ২৬ মাঘ নীলামেব দিবস ধার্য্য হইয়া এস্তাহাব দেওয়া যাইতেছে যে যদ্যপি বাকীদাব নীলামেব পূর্ব্ব দিবস সূর্য্যাস্ত সময়পর্য্যন্ত উক্ত বেবাক বাকী আদায় না কবে তবে নীলামের নিরূপিত দিবসে বাকীদাব টাকা দিলেও তাহা গ্রহণ না কবিয়া এই কালেক্টবিতে নীলাম হইবেক যে কেহ খবিদেব বাসনা বাখহ ফিশত ২৫৲ টাকা হিসাবে ফিস সম্বলত হাজির হইয়া মোতাবেক আইন খরিদ কবহ এ বিষয় সকলেব জ্ঞাতনিমিত্তক ইস্তাহাব দেওয়া গেল ইতি সন ১৮৪২ সাল তারিখ ১০ জানুআবি মোতাবেক সন ১২৪৮ সাল তাবিখ ২৮ পৌষ।

P TAYLOR, *Collector*

[গবর্ণমেন্ট গেজেট ১৮৪২। ২৫ জানুআরি।]

নম্বর লাট	নম্বর রেজেষ্টরির	নাম মহাল	নাম তালুকদার	সদর জমা সালিয়ানা	তায়দাদ রকম যাহা বিক্রয় হইবেক	বাকী মাল গুজারিলাৎ পৌষ সন ১২৪৮।	বাকী সুদ লাৎ কার্ত্তিক সন ১২৪৮।	একুন বাকী	কৈঃ
১	৩৩৮	কিসমত সৈদাবাদ	নীলাম্বর চট্টোপাধ্যায়	৮৫।/৪	মুফুলম মাহাল	১১৬॥৶০	৮॥৶২	১২৫।২	

P TAYLOR, *Collector*

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা মুরশিদাবাদ এই যে।

থানা হরিরপাড়ার মোতালক প্রতাপপুরনিবাসি রাম কৃষ্ণ পাঠক এক কেতা দরখাস্ত এই মর্ম্ম দাখিল করে যে কাৎ গরগনে উজীরাবাদের রকম ৶ আনা দেন ডিগরির টাকা আদায় জন্য এই কালেক্টরিতে নিলাম হওয়া শ্রী পুরনিবাসি শ্রীরাম চট্টোপাধ্যায় খরিদ করিয়া দখিল কার ছিল তাহার ফৌত পরে তস্য বনিতা বিশ্বেশ্বরী দেব্যা ও তাহার ভ্রাতা পরেশচন্দ্র চট্টোপাধ্যায় উক্ত রকম ৩৫০০৲ টাকা পণে মজহরের নিকট বিক্রী করিয়া রীতি মত কওয়ালা কবজ লিখিয়া দিয়াছে মতে প্রার্থনা রাখে যে মৃত ব্যক্তির নাম পরিবর্ত্তে মজহরের নাম জারি করা যায় মতে ইস্তাহার দেওয়া যাইতেছে যে সেওয়ায় মজহর আর কেহ উক্ত রকমের দাবিদার থাকে ১৫ রোজ মধ্যে হুজুরে হাজীর হইয়া আপনং দরখাস্ত মায় শাবুদ গুজরায় নচেৎ মেয়াদ গতে উচিত হুকুম হইবেক ইতি সন ১৮৪২। ৮ জানুআরি সন ১২৪৮। ২৬ পৌষ।

P TAYLOR, *Collector*

ইস্তাহারনামা কাছারি কালেক্টরী জেলা মুরশিদাবাদ এই যে সন ১৮৪১ ইঙ্গরেজীর ১২ দ্বাদশ আইনের ৮ ধারার আজ্ঞানুযায়ি মহেন্দ্র নারায়ণ রায় নাবালগের জমিদারি কীঃ পরগণে ফতেসিংহের ইজারদার জগদম্বা চৌধুরাণীর জিম্মায় সন ১২৪৮ সালের কিস্তি কার্ত্তিকপর্য্যন্ত সুদের বাকী আদায় কারণ উক্ত ইজারদারের মালজামিন রামমণি দেব্যাপ্রভৃতির নীচের লিখিত জায়দাদ লাটবন্দী হইয়া সন ১৮৪২ সাল ইঙ্গরেজী তারিখ ২৮ জানুআরি মোতাবেক সন ১২৪৮ সাল তারিখ ১৬ মাঘ নীলামের দিবস ধার্য্য হইয়া তাহার ইস্তাহার জারি হইল যদ্যপি বাকীদার নীলামের পূর্ব্ব দিবস সূর্য্যাস্তপর্য্যন্ত ইস্তাহারের লিখিত সমুদায় বাকী টাকা দাখিল না করে তবে ঐ নীলামের তারিখে বাকী টাকা গ্রহণ না করিয়া উপরোক্ত মালজামিনদিগের নীচের লিখিত জায়দাদ এই কালেক্টরী কাছারীতে নীলাম হইবেক যে কেহ খরিদের বাঞ্ছা রাখহ ডাকের সংখ্যার শতকরা ২৫৲ টাকার হিসাবে ফিসের টাকা সম্বলিত হাজির হইয়া আইনমত খরিদ করহ এবিষয় সর্ব্ব সাধারণের বিদিতার্থে ইস্তাহার দেওয়া গেল ইতি সন ১৮৪২ ইংরেজী তারিখ ৩ জানুআরি মোৎ সন ১২৪৮ সাল তারিখ ২১ পৌষ।

নম্বর লাট	নম্বর রেজেষ্টরী	নাম মহাল	নাম তালুকদার	জমা সালিয়ানা সদর	তায়দাদ রকম যাহা বিক্রী হইবেক	কৈৎ বাকী সুদ ইৎ১জ্যৈষ্ঠ লাৎ ৩০ কার্ত্তিক সন ১২৪৮
১	২৩৯৩	ডিহি মোস্তাফাপুর	রামমণিদেব্যা ও বলভদ্রুতেওয়ারি ও বিশ্বনাথহাজরা	৭৭৭৯॥৶১০	উক্ত মহাল মধ্যে রামমণিদেব্যার জামিনির লিখিত হক॥	
২	২১০২	মৌজে কেন্দীষ্টা	বলভদ্রুতেওয়ারি ওরামনারায়ণ ও নবকীশোর	৮৪২॥৵৯	উক্তমহাল মধ্যে বেণিমাধব ও নিতাইসুন্দর ও পরশুনাথ ও রামনারায়ণ ত্রিবেদীর জামিনীর লিখিত হক॥	
৩	১৯৬৪	কীৎ পরগণে মহনন্দী	ব্রজমোহন রায় ও মাহাম্মদবক্স	১৬৭৮॥৶১১	উক্তমহালমধ্যে ব্রজমোহন রায়ের জামিনীর লিখিত হক।	
৪	৩৯৪	কীৎ মৌজে কোদলা কবিচন্দ্রপুর	কৃষ্ণকিঙ্কর রায়	১১৯৫৶	মুফুলম মহাল	
৫	২৩১০	কীৎ মৌজে পাতলা	ঈশ্বরচন্দ্র দাস	৩৮২॥১০	ঐ	৩৬৪৩৭

P TAYLOR, *Collector*

ইস্তাহারনামা কাছারি কালেকটরী জেলা মুরশিদাবাদ এই যে সন ১৮৪১ ইঙ্গরেজীর ১২ আইনের ৮ ধারার মর্ম্মানুযায়ি সন১২৪৮ সালের লাগাইদ কার্ত্তিক পৌষের বাকী বাবত কীসমত পরগনে ফতেসিংহওগয়রহ এলাকা মহেন্দ্রনারায়ণ রায় নাবালগ ইজারদার জগদম্বা দেব্যার জিম্মার দেনা আদায় কারণ তাহার মালজামিন রাম মণি দেব্যাইত্যাদির জায়দাদ জেলা মজকুরের মোতালক মাফেক নীচের তপসীল সন ১৮৪২ ইঙ্গরেজীর তারিখ ২৮জানুআরী মোতাবক সন ১২৪৮ সাল তারিখ ১৬ মাঘ রোজ শুক্রবার নিলামের ইস্তাহার জারী হইল যদ্যপি মালজামিন মজকুরান ইস্তাহারের লিখিত সমুদায় টাকা নিলামের পূর্ব্ব দিবস সূর্য্যাস্তপর্য্যন্ত দাখিল না করে তবে ঐ নিলামের নিরূপিত দিবসে বাকী টাকা গ্রহণ না হইয়া এই কালেকটরির সদর কাছারিতে নিলাম হই বেক যে কেহ খরিদের বাসনা রাখহ ঐ নিলামের তারিখে ফিশত ২৫ টাকা হিসাবে ফিসের টাকা সম্বলিত

হাজিব হইয়া আইনমত খবিদ কবহ এবিষয় সকলেব জ্ঞাতকাবণ ইস্তাহার দেওয়া গেল ইতি সন১৮৪২ ইঙ্গরজী তারিখ ৩ জানুআরি মোতাবক সন ১২৪৮ সাল তাবিখ ২১ পৌষ।

নম্বর লাট	নম্বর বেজষ্টরী	নাম মহাল	নাম তালুকদাব	জমা সালিয়ানা সদব	তায়দাদবকম যা হা বিক্রী হইবেক	বাকী মাল গুজাবী ও মুনফা ইং কীং কার্ত্তিক লাং পৌষ সন ১২৪৮
১	২৩৯৩	ডিহি মুস্তফাপুর	বামমণি দেব্যা ও বলভদ্র তেওয়াবি ও বিশ্বনাথ হাজবা	৭৭৭৯৷৷৵১০	উক্ত মহাল মধ্যে বামমণি দেব্যাব জামিনীব লিখিত হক।	
২	২১০২	মৌজে কেন্দিষ্টা	বলভদ্র তেওয়াবি ও বামনাবায়ণ ও নবকীশোব	৮৪২৷৷৴৯	উক্ত মহাল মধ্যে বেণিমাধব ও নিতাইসুন্দব ও পবশুনাথ ও রামনাবায়ণ ত্রিবেদীব জামিনীব লিখিত যে হক।	
৩	১৯৬৪	কীং পরগনে মহনন্দ	ব্রজমোহন বায় ও মাহাম্মদ বক্স	১৬৭৮৷৷৵১১	উক্ত মহাল মধ্যে ব্রজমোহন বায়েব জামিনীব লিখিত যে হক।	৩০৬১৫৷৷৯
৪	৩৯৪	কীং মৌজে কোদলা কবিচন্দ্রপুর	কৃষ্ণকিঙ্কব রায়	১১৯৫৷৴০	মুছল্লম	
৫	২৩১০	কীং মৌজে পাতলা	ঈশ্ববচন্দ্র দাস	৩৮২৷৷১০	ঐ	

P TAYLOR, *Collector*

ইস্তাহাবনামা কাছাবি কালেক্টবি জেলা মুবশিদাবাদ এই যে সন ১৮৪১ ইঙ্গবেজীব ১২ আইনেব ৮ ধাবাব মর্ম্মানুযায়ি গৌবসুন্দব রায়েব তাহুত তবফ বামনগবেব সন ১২৪৮ সাল লাগাইদ কিস্তি পৌষেব মালগুজারিব বাকী আদায় কাবণ উক্ত মহাল বিমর্জিম নীচেব তপসীল সন ১৮৪২ ইঙ্গবেজীব তাবিখ ২৮ জানুআবি মোতাবেক সন ১২৪৮ সাল তাবিখ ১৬ মাঘ রোজ শুক্রবাব নীলাম হওনের ইস্তাহাব জাবি হইল যদ্যপি বাকীদাব মজকুর নীলামেব পূর্ব্ব দিবস সূর্য্যাস্তপর্য্যন্ত বাকী দাখিল না কবে তবে ঐ নীলামেব নিরূপিত দিবস বাকী টাকা গ্রহণ না হইয়া জিলা মজকুবেব সদব কালেক্টবিব কাছাবিতে নীলাম হইবেক যে কেহ খবিদেব বাসনা বাখহ ঐ নীলামেব তাবিখে ফিশত ২৫৲ টাকাব হিসাবে ফিসেব টাকা সম্বলিত হাজিব হইয়া আইনমত খবিদ করহ এবিষয় সকলেব জ্ঞাত কাবণ ইস্তাহাব দেওয়া গেল ইতি সন ১৮৪২ ইঙ্গবেজী তাবিখ ৩ জানুআবি মোতাবেক সন ১২৪৮ সাল তাবিখ ২১ পৌষ।

নম্বব লাট	নাম মহাল	নাম তালুকদাব	জমা সদব	তায়দাদ বকম যাহা বিক্রী হইবেক	বাকী মালগুজাবি ইং কিং আশ্বিন লাং কিস্তি পৌষ সন ১২৪৮।
১	তবফ বামনগব	গৌবসুন্দব	২৭০৯ ৮৬	মুসল্লম মহাল	১০২৪

P TAYLOR, *Collector*

ইস্তাহাবনামা কাছাবি কালেকটবি জেলা মুবশিদাবাদ এই যে সন ১৮৪১ ইঙ্গবেজীব ১২ আইনেব ৮ ধাবাব মর্ম্মানুযায়ি বামবতন সান্ন্যাল ইত্যাদির তালুক কিসমত পরগনে চুণাখালিব সন ১২৪৮ সালেব লাগাইদ কিস্তি পৌষেব সবকাবেব বাজস্ব বাকী আদায় কাবণ উক্ত মহাল বিমর্জীম নীচেব তপসীল সন ১৮৪২ ইঙ্গবেজীর তাবিখ ২৮ জানুআবি মোতাবেক সন ১২৪৮ সাল তাবিখ ১৬ মাঘ বোজ শুক্রবাব নীলাম হওনেব ইস্তাহাব জাবি হইল যদ্যপি বাকীদাব মজকুবান নীলামের পূর্ব্ব দিবস সূর্য্যাস্তপর্য্যন্ত বেবাক বাকী দাখিল না কবে তবে ঐ নীলামেব নিরূপিত দিবসে বাকী টাকা গ্রহণ না কবিয়া এই কালেকটবি সদব কাছাবিতে নীলাম হইবেক যে কেহ খবিদেব বাঞ্ছা বাখহ ঐ নীলামেব তাবিখে ফিশত ২৫৲ টাকা হিসাবে ফিসেব টাকা সম্বলিত হাজিব হইয়া আইনমতে খবিদ কবহ এবিষয় সকলেব জ্ঞাত কাবণ ইস্তাহাব দেওয়া গেল ইতি সন ১৮৪২ ইঙ্গবেজী তাবিখ ৩ জানুআবি মোতাবেক সন ১২৪৮ সাল তাবিখ ২১ পৌষ।

নম্বব লাট	নম্বব বেজষ্টবী	নাম মহাল	নাম তালুকদার	জমা সালিয়ানা সদব	তায়দাদ বকম যাহা বিক্রী হইবেক	বাকী মালগুজারি ইং কিস্তী আষাঢ় সন ১২৪৭ সাল লাং কিং পৌষ সন ১২৪৮ সাল।
১	২২৯	কিসমত পবগনে চুণাখালি	বামবতন সান্ন্যাল ওগয়বহ	১৫৩০	মুছল্লম মহাল	২৫৫৪৷৷/৫

P TAYLOR, *Collector*

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ২৫ জানুআবি।]

ইস্তাহারনামা কাছারি কালেক্টরী জেলা মুরশিদাবাদ এই যে সন ১৮৪১ সালের ১২ দ্বাদশ আইনের তৃতীয় ও ষষ্ঠ ধারার মর্ম্মানুযায়ি এ জেলার সংক্রান্ত মহালাতের সন ১২৪৮ সালের লাগাইদ কিস্তী পৌষের সরকারের বাকী আদায় জন্য দশ টাকার উপর সদর জমার মহালাত এবং ঐ জমার সঙ্খ্যার মহালাত মধ্যে বাটওয়ারার অধীন মহালাত নিলামের দিবস সন১৮৪২ সালের ২৮ জানুআরি মোতাবক সন ১২৪৮ সালের ১৬ মাঘ বোর্ডের সাহেবান ধার্য্য করিয়াছেন অতএব উক্ত আইনের মর্ম্মানুযায়ি ইস্তাহারদেওয়া যাইতেছে যে যদ্যপি এ জেলার সংক্রান্ত দশ টাকার উপর সদর জমার ও বাটওয়ারার মহালাতের তালুকদারান নিলামের পূর্ব্ব দিবস সূর্য্যাস্তপর্য্যন্ত আপন২ জিম্মার মালগুজারি বে বাক দাখিল না করে তবে ঐ নিলামের দিবস বাকীদারের টাকা না লইয়া মহালাত নিলাম হইবেক যে কেহ খরিদের বাসনা রাখহ নিলামের দিবস নিলামের ডাক আরম্ভ হওয়ার পূর্ব্বে ফিশত ২৫৲ টাকার হিসাবে ফিসের টাকার সমেত হাজির হইয়া খরিদ করহ এ বিষয় সকলের জ্ঞাতার্থে ইস্তাহার দেওয়া গেল ইতি সন ১৮৪২ সাল তারিখ ৩ জানুআরি মোং সন ১২৪৮। ২১ পৌষ।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা মুরশিদাবাদ এই যে সন ১৮৪১ ইঙ্গরেজির ১২ দ্বাদশ আইনের ৮

অষ্টম ধারার মর্ম্মানুযায়ি সন ১২৪৮ সালের লাগায়ে কিস্তী কার্ত্তিকের কিস্তী খেলাফী সুদের বাকী আদায় জন্য নীচের তপসীল মোতাবেক উক্ত জেলার মোতালক বাকীদারদিগের মহালসকল সন ১৮৪২ ইঙ্গরেজির তা রিখ ২৮ জানুআরি মোতাবেক সন ১২৪৮ সালের তারিখ ১৬ মাঘ নিলাম হওনের ইস্তাহার জারি হইল যদ্যপি বাকীদার সকল নিল মের পূর্ব্ব দিবস সূর্য্যাস্ত পর্য্যন্ত ইস্তাহারের লিখিত সমুদায় বাকী টাকা দাখিল না করে তবে ঐ নিলামের তারিখে বাকী টাকা গ্রহণ না করিয়া কালেক্টরীতে নিলাম হইবেক যে কেহ খরিদের বাঞ্ছা রাখহ ডাকের সঙ্খ্যার শতকরা ২৫৲ টাকা হিসাবে ফিসের টাকা সম্বলিত হাজির হইয়া আইনমত খরিদ করহ এ বিষয় সর্ব্ব সাধারণের বিদিতার্থে ইস্তাহার দেওয়া গেল ইতি সন ১৮৪২ ইঙ্গরেজি তারিখ ৩ জানুআরি মোতাবেক সন ১২৪৮ সাল তারিখ ২১ পৌষ।

আসামী	মহাল
জের বাটওয়ারার মহালাত	১৪
বাটওয়ারার অনধিক	
আকছর মহালাত	১১৫৫
	১১৬৯

P TAYLOR, *Collector*

NOTICE

Found and supposed to be stolen, a Silver Watch, No 26779, maker Edward Gower, London, also a Patent Silver Pencil Case with the impression of a head on the Seal Apply to the Magistrate of Hooghly

The 13th January, 1842

বিজ্ঞাপন।

২৬৭৭৯ নম্বরী লণ্ডননগরেরএডউয়ার্ড গৌবের নির্ম্মিত এক রূপার ঘড়ী এবং এক রূপার পেনসিল কেশ অর্থাৎ পেনসিল রাখিবার আধার পাওয়া গিয়াছে ঐ পেনসিল কেশের মোহরের উপর এক মস্তকের প্রতিমূর্ত্তি আছে বোধ হয় যে এই জিনিস চুরী হইয়াছে তাহার বিষয়ে হুগলীর মাজিষ্ট্রেট সাহেবের নিকটে দরখাস্ত করিতে হইবেক।

১৮৪২ সাল ১৩ জানুআরি।

SHERIFF'S SALES

সরিফের নীলাম।

ইহার দ্বারা সম্বাদ দেওা যাইতেছে যে বর্ত্তমান জানুআরি মাসের ২৭ তারিখ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময়ে সুপ্রিম কোর্টের ঘরের নীচের বারাণ্ডায় সরিফের দফ্তর খানায় প্রবেশ দ্বারের নিকটে কলিকাতার সরিফ সাহেব রাজনারায়ণ বসাক ও জয়কৃষ্ণ বসাকের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াস নামক পরওয়ানাক্রমে নীচের লিখিত বিষয় বিক্রয় করিবেন।

১ দফা। কলিকাতা নগরের মাছুয়া বাজারের শামিল ও তমধ্যস্থিত সুরৎকুমার রাইর বাটী নামক যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত বসতি বাটী তাহা এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ /৪চারি কাটা তাহাতে ওতাহার মধ্যে ও তাহার উপর উক্ত জয়কৃষ্ণ বসাকের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক তাহা এইরূপে চতুঃ সীমাবদ্ধ বিশেষত উত্তর দিগে গঙ্গাধর হালদারের বাটী ও ভূমি দক্ষিণ দিগে গৌরাঙ্গ দাস সেটের বাটী ও ভূমি পশ্চিম দিগে সরকারী রাস্তা পূর্ব্ব দিগে শ্রীমতী ঠাকুরমণি দাসীর বাটী ও ভূমি।

২ দফা। এবং উক্ত কলিকাতা নগরে রতন সরকারের রাস্তার শামিল ও তমধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত বসতি বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমিকমবেশ ১/ এক বিঘা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত জয়কৃষ্ণ বসাকের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক তাহা এইরূপে চতুঃ সীমাবদ্ধ বিশেষত উত্তর দিগে মৃত বৈষ্ণবচরণ মল্লিকের রাইয়তী ভূমি ও বাটী দক্ষিণ দিগে কোম্পানির রাস্তা পশ্চিম দিগে মুক্তাওয়ালীর বাটী নামে খ্যাত এক বাটী ও ভূমি পূর্ব্ব দিগে মহিষা দলের বাজার রাইয়তী ভূমি ও বাটী।

৩ দফা। এবং উক্ত কলিকাতা নগরের মনসাতলার রাস্তার শামিল ও তমধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি কমবেশ ।৲ ছয় কাটা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত জয়কৃষ্ণ বসাকের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক তাহা এইরূপে চতুঃ সীমাবদ্ধ বিশেষত উত্তর দিগে যজ্ঞেশ্বর বসাকের বাটী ও ভূমি দক্ষিণ দিগে রামগোপাল বসাকের বাটী ও ভূমি পূর্ব্ব দিগে রামনাথ বসাকের বাটী ও ভূমি।

৪ দফা। এবং উক্ত কলিকাতা নগরের রতন সরকারের রাস্তার শামিল ও তমধ্যস্থিত মুক্তাওয়ালীর বাটী নামে খ্যাত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ /১৸/ এক কাটা তের ছটাক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত জয়কৃষ্ণ বসাকের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষত উত্তর দিগে মৃত বৈষ্ণবচরণ মল্লিকের ভূমি দক্ষিণ দিগে সরকারী রাস্তা পশ্চিমে দিগে হরিমোহন সেটের বাটী ও ভূমি পূর্ব্ব দিগে মৃত বৈষ্ণবচরণ মল্লিকের গোলা বাটী।

৫ দফা। এবং উক্ত কলিকাতা নগরের রতন সরকারের রাস্তার শামিল ও তমধ্যস্থিত রামমোহন আড্ডির বাটীনামে খ্যাত যে এক একতালা ইষ্টকনির্ম্মিত বসতি বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ /১ এক কাটা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত জয়কৃষ্ণ বসাকের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক

আছে তাহা বিক্রয় হইবেক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষত উত্তরদিগে সরকারী রাস্তা দক্ষিণ ও পশ্চিম দিগে উদয়চরণ বাবুর বাটী ও ভূমি পূর্ব্ব দিগে উক্ত রামমোহন আডিডর বাটী ও ভূমি।

৬ দফা। এবং উক্ত কলিকাতা নগরের আড়কুলি স্থানের শামিল ও তন্মধ্যস্থিত আড়কুলি দীঘী নামে খ্যাত যে এক পুষ্করিণী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ ৩০/ ত্রিশ বিঘা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত জয়কৃষ্ণ বসাকের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষত উত্তর দিগে মুক্তারাম বাবুর বাগাৎ ভূমি দক্ষিণ দিগে সরকারী রাস্তা পশ্চিম দিগে গৌরাঙ্গদাস সেটের বাইয়তী ভূমি পূর্ব্ব দিগে রাধাকৃষ্ণ বসাক ও কাশীনাথ বসাকের রাইয়তী ভূমি।

৭ দফা। এবং উক্ত কলিকাতা নগরের আড়কুলি স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি কমবেশ ১৬।৩ ষোল বিঘা পনের কাটা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত জয়কৃষ্ণ বসাকের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষত উত্তর দিগে সরকারী রাস্তা দক্ষিণ দিগে ভবানীচরণ দত্তের বাগাৎ ভূমি পশ্চিম দিগে ইমামবাড়ী পূর্ব্ব দিগে হলধর বসাক ও গুরুদাস বসাকের রাইয়তী ভূমি।

৮ দফা। এবং উক্ত কলিকাতা নগরের চীনাবাজারের শামিল ও তন্মধ্যস্থিত যে এক একতালা ইষ্টকনির্ম্মিত বসতি বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ ॥২ বারো কাটা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত জয়কৃষ্ণ বসাকের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষত উত্তর দিগে কৃষ্ণচন্দ্র কলিনার বাটী ও ভূমি দক্ষিণ দিগে কাশীনাথ বসাকের বাটী ও ভূমি পশ্চিম দিগে সরকারী রাস্তা পূর্ব্ব দিগে রাধাকৃষ্ণ বসাকের ভাড়াটীয়া বাটী ও ভূমি।

৯ দফা। এবং উক্ত কলিকাতা নগরের মাছুয়া বাজারের শামিল ও তন্মধ্যস্থিত কলাবাগান নামে খ্যাত যে এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি কমবেশ ১১/ এগার বিঘা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত জয়কৃষ্ণ বসাকের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষত উত্তর দিগে সরকারী রাস্তা দক্ষিণ দিগে কোম্পানির নর দমা পশ্চিম দিগে শ্রীকৃষ্ণ বসাকের ভূমি পূর্ব্ব দিগে সেখ ফিদর আলীর দরগা।

১০ দফা। এবং বাঙ্গলা দেশের জিলা চব্বিশ পরগনার খড়া স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ বাগাত ভূমি কমবেশ ৩০/ ত্রিশ বিঘা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত জয়কৃষ্ণ বসাকের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষত উত্তর দিগে মথুরমোহন সেনের বাগাত ভূমি দক্ষিণ দিগে সরকারী রাস্তা পশ্চিম দিগে টীকারাম ঘোষের বাগাৎ ভূমি পূর্ব্ব দিগে রামতনু বসাকের বাগাত ভূমি।

সরিফের দফতরে অন্বেষণ করিলে নীলামের নিয়ম জানা যাইতে পারিবেক।

সাবেক সরিফের নীলাম।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান জানুআরি মাসের ২৭ তারিখ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্টের ঘরের নীচের বারাণ্ডায় সরিফের দফতরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার সাবেক সরিফ শ্রীযুত উলিয়ম ক্লোড ব্রাডেন সাহেবের হাতে নেগারা বেগমের নামে ১৮৪০ সালের ২৩ আইনানুসারে চব্বিশ পরগনার দেওয়ানী আদালতের মোহরকরা ও জারীহওয়া যে এক পরওয়ানা আছে তদনুসারে নীচের লিখিত বিষয় বিক্রয় হইবেক।

কলিকাতা নগরের কলুটোলার শামিল ও তন্মধ্যস্থিত ৬৯ নম্বরী যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত বসতিবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ /৪ চারি কাটা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত নেগারা বেগমের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে রামধন দত্তের বাটী ও ভূমি পশ্চিম দিগে সরকারী রাস্তা দক্ষিণ দিগে জহর আলী খাঁর বাটী ও ভূমি উত্তর দিগে গলী।

সরিফের দফতরে অন্বেষণ করিলে এই নীলামের নিয়ম জানা যাইতে পারিবেক।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান জানুআরি মাসের ২৭ তারিখ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময়ে সুপ্রিম কোর্টের ঘরের নীচের বারাণ্ডায় সরিফের দফতরখানায় প্রবেশ দ্বারের নিকটে কলিকাতার সাবেক সরিফ শ্রীযুত উলিয়ম ক্লোড ব্রাডেন সাহেব নবকুমার ঘোষ ও রাজকিশোর রায় চৌধুরীর নামে ফাইরাই ফেসিয়সনামক যে এক পরওয়ানা তাহার হাতে আছে তদনুসারে নীচের লিখিত বিষয় বিক্রয় করিবেন।

বিশেষত। কলিকাতা নগরের সূতানুটীতে যোড়া সাকোর শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত বসতি বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ ৪।০ চারি বিঘা দশ কাটা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত নবকুমার ঘোষের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষত। দক্ষিণ দিগে প্রাণকৃষ্ণ পালের বাটী ও ভূমি ও সরকারী রাস্তা পশ্চিম দিগে উক্ত প্রাণকৃষ্ণ পালের ভূমি পূর্ব্ব দিগে চাষা ধোবা পাড়ার গলি উত্তর দিগের এক ভাগে কৃষ্ণচাঁদের বাটী ও ভূমি অন্য দিগে রামচাঁদ দাসের বাটী ও ভূমি এবং অপর ভাগে মদন চট্টোপাধ্যায়ের বাটী ও ভূমি।

সরিফের দফতরে অন্বেষণ করিলে এই নীলামের নিয়ম জানা যাইতে পারিবেক।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান জানুআরি মাসের ২৭ তারিখ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময়ে সুপ্রিম কোর্টের ঘরের নীচের বারাণ্ডায় সরিফের দফতরখানার প্রবেশ দ্বারের নিকটে কলিকাতার সাবেক সরিফ শ্রীযুত উলিয়ম ক্লোড ব্রাডেন সাহেবের হাতে বিবি চুহানের নামে বেণ্ডিসিয়োনি এক্স পোনাস নামক যে পরওয়ানা আছে তদনুসারে নীচের লিখিত বিষয় বিক্রয় করিবেন।

১ দফা। জিলা চব্বিশপরগনার শিয়ালদহের মুনশী বাজারের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টক নির্ম্মিত বসতি বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ /৪ চারি কাটা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত বিবি চুহনের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে মুনশী বুআলীর বাটী ও ভূমি পশ্চিম দিগে মিরজা বুআলীর বাটী ও ভূমি দক্ষিণ দিগে সরকারী রাস্তা এবং উত্তর দিগে ভিতু জমাদারের বাটী ও ভূমি।

২ দফা। এবং উক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ বাগাত ভূমি কমবেশ ৮০পনের কাটা তাহাতে যে এক পুষ্করিণী ও নানা প্রকার গাছ আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত বিবি চুহনের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষত উত্তর দিগে ভোলানাথ রায়ের বাগান দক্ষিণ দিগে মুনশী আমীরের বাগান পূর্ব্ব দিগে লাকষ্টিন সাহেবের বাগান পশ্চিম দিগে শিবু জালিয়ার বাগান।

সরিফের দফতরে অন্বেষণ করিলে নীলামের নিয়ম জানা যাইতে পারিবেক।

[গবর্ণমেন্ট গেজেট ১৮৪২। ২৫ জানুআরি।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, FEBRUARY 1, 1842.

কলিকাতা মঙ্গলবার ১৮৪২ সাল ১ ফেব্রুআরি।

DRAFTS OF ACTS

[*Second Insertion*]

FORT WILLIAM,

LEGISLATIVE DEPARTMENT,

THE 6TH DECEMBER, 1841

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 6th of December, 1841

ACT No —— OF 1841

An Act for requiring Traders within Military Cantonments to be registered

It is hereby enacted, that no person residing within the limits of any Military Cantonment shall be allowed to recover in any Military Court of Requests the amount of any debt contracted within such Cantonment by any person amenable to Articles of War, unless the person seeking to recover such debt shall at the time of contracting the same have been duly registered as a Military Bazarman

Ordered, that the Draft now read, be published for general information

Ordered, that the said Draft be reconsidered at the first Meeting of the Legislative Council of India, after the 6th day of March next

T H MADDOCK,

Secy to the Govt. of India

[*Second Insertion*]

FORT WILLIAM,

LEGISLATIVE DEPARTMENT,

THE 3D JANUARY, 1842

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 3rd of January, 1842

ACT No —— OF 1842

An Act for extending the provisions of Act XXI of 1839 to certain petty thefts, not being cases of simple larceny

I Whereas it has been found that property has

আইনের মুসাবিদা।

[দ্বিতীয়বার প্রকাশিত।]

ফোর্ট উলিয়ম।

লেজিসলেটিব ডিপার্টমেণ্ট।

ইঙ্গরেজী ১৮৪১ সাল ৬ ডিসেম্বর।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪১ সালের ৬ ডিসেম্বর তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪১ সাল ——আক্ট।

সৈন্যের ছাউনির মধ্যে ব্যবসায়িদিগকে রেজিষ্টরী হওনের হুকুম করণবিষয়ক আইন।

ইহাতে হুকুম হইল যে যুদ্ধসম্পর্কীয় আইনের অধীন কোন ব্যক্তি সৈন্যের ছাউনির মধ্যে ঐ ছাউনির সীমার মধ্যনিবাসি কোন ব্যক্তির দেনদার হইলে ঐ পাওনিয়া ব্যক্তি যদি তৎসময়ে সৈন্যসম্পর্কীয় বাজারওয়ালার ন্যায় রেজিষ্টরী না ছিল তবে ঐ পাওনা টাকা যুদ্ধসম্পর্কীয় কোর্ট রিকেষ্টের দ্বারা আদায় করিতে পারিবেক না ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ৬ মার্চ তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের প্রথম যে বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনর্ব্বার বিবেচনা করা যাইবেক।

টি এচ মাডক।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

[দ্বিতীয়বার প্রকাশিত।]

ফোর্ট উলিয়ম।

লেজিসলেটিব ডিপার্টমেণ্ট।

ইঙ্গরেজী ১৮৪২ সাল ৩ জানুআরি।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪২ সালের ৩ জানুআরি তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪২ সাল——আক্ট।

অল্পাদর বস্তু চুরির অপরাধভিন্ন কোন২ ক্ষুদ্র চুরির বিষয়ে ১৮৩৯ সালের ২১ আইনের বিধি খাটাইবার আইন।

১ ধারা। যেহেতুক দৃষ্ট হইয়াছে যে২ ক্ষুদ্র চুরী

been rendered insecure in many cases, by reason of the impunity with which petty thefts, that are not of the description of simple larcenies, have been committed, it is hereby enacted, that Act No XXI of 1839, shall be applicable, besides cases of simple larceny where the property does not exceed 20 Rupees, to the following cases, where the property stolen does not exceed the same amount, that is to say, stealing any goods or merchandize in any vessel, barge, or boat of any description whatsoever, or from any dock, wharf or quay—stealing by any servant, of any chattel or money belonging to or in possession or power of his Master—stealing any chattel or money from the person of another

Ordered, that the Draft now read be published for general information

Ordered, that the said Draft be reconsidered at the first Meeting of the Legislative Council of India after the 3rd day of March next

T H MADDOCK,
Secy to the Govt of India

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT

No 4387

To the Civil Judges in the Lower Provinces

1 By the 3rd Clause of the Rules for the examination of Candidates for Moonsiffships, passed by the Governor General on the 4th August 1840, the Zillah Judges were required to certify as to the fitness of Applicants to enjoy the privilege of examination It appearing, however, that Certificates of fitness were granted to applicants without sufficient discrimination a particular form of certificate was enjoined by the 13th Clause of the Rules passed by the Governor of Bengal under date the 20th April 1841, and the points on which enquiry was expected to be made by the Zillah Judges, were indicated in the previous Clause

2 The Court now deem it necessary to communicate to you the following remarks, which were submitted by them to Government, regarding the standard of character and acquirements to be required from those who offer themselves as candidates for the office of Moonsiff and which you are requested to keep in view in disposing of applications for certificates

"The Court are persuaded that His Lordship will coincide with them as to the necessity of requiring a higher standard of character from future Candidates than what the merely negative and equivocal terms of the Certificate* serve to indicate They would suggest that the Zillah Judges be required in future to make particular enquiries into the situation and circumstances in life of applicants, and to give certificates to none but those whom from their general respectability and intelli

* The rescinded form of Certificate is alluded to

অস্থাবর সম্পত্তি চুরীর অপরাধের মধ্যে গণ্য নহে তাহা করিয়াও অপরাধিরদের দণ্ড না হওয়াতে অনেকং গতিকে সম্পত্তির বিঘ্ন হইতেছে অতএব ইহাতে হুকুম হইল যে ১৮৩৯ সালের ২১ আইন যে অস্থাবর সম্পত্তির মুল্য কুড়ি টাকার উর্দ্ধ নহে ঐ প্রকার সম্পত্তি চুরীর বিষয়ে যেমন খাটে তেমনি পশ্চাৎ লিখিত যেং গতিকে চুরী হওয়া সম্পত্তির মুল্য কুড়ি টাকার উর্দ্ধ না হয় তাহাতেও খাটিবেক। সেইং গতিক এই কোন বড় বা ছোট জাহাজ বা কোনপ্রকার নৌকা হইতে কিম্বা কোন গুদী বা ঘাট বা পোস্তাহইতে কোন জিনিস বা বাণিজ্য দ্রব্য চুরীকরণ এবং কোন চাকর আপনার মুনিবের অথবা মুনিবের দখলে কি অধীনে কোন দ্রব্য বা টাকা চুরী করণ অথবা অন্য ব্যক্তির শরীরহইতে কোন জিনিস বা টাকা চুরী করণ ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্ত প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ৩ মার্চ তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের প্রথম যে বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনর্ব্বার বিবেচনা করা যাইবেক।

টি এচ মাডক।
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

সদর দেওযানী আদালতের সরকুলর অর্ডর।

৪৩৮৭ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহেব বরাবরেষু।

মুনসেফী কর্ম্মাকাঙ্ক্ষি ব্যক্তিরদের পরীক্ষা লইবার বিষয়ে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর ১৮৪০ সালের ৪ আগষ্ট তারিখে যে বিধি করেন তাহার ৩ দফাতে জিলার জজ সাহেবদিগকে হুকুম দেওয়া গিয়াছিল যে কর্ম্মাকাঙ্ক্ষি ব্যক্তিরা পরীক্ষাদেওনের উপযুক্ত কিনা ইহার এক সর্টিফিকট লিখিয়া দেন। কিন্তু দৃষ্ট হইল যে ঐ কর্ম্মাকাঙ্ক্ষ ব্যক্তিদিগকে উপযুক্ততার সর্টিফিকট উত্তমরূপে বিবেচনা না করিয়া দেওয়া যাইত তাহাতে বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেবের ১৮৪১ সালের ২০ আপ্রিল তারিখের বিধির ১৩ দফাতে ঐ সর্টিফিকট লিখিবার এক বিশেষ পাঠ নিরূপণ হইল এবং জিলার জজ সাহেবের যেং বিষয়ের অনুসন্ধান করিতে হয় তাহাও তাহার পূর্ব্ব দফাতে লিখিত হইল।

২। এক্ষণে মুনসেফী কর্ম্মাকাঙ্ক্ষিরদের যে প্রকার সদাচারিতা ও জ্ঞান থাকা আবশ্যক তদ্বিষয়ে সদর আদালতের সাহেবেরা গবর্ণমেন্টের নিকটে যে প্রস্তাব করিয়াছেন তাহা তোমারদিগকে জ্ঞাত করিতে আবশ্যক বোধ হইল। এবং সর্টিফিকটের দরখাস্ত মঞ্জুর এবং নামঞ্জুর করণসময়ে তুমি তাহাতে দৃষ্টি রাখিবা সেই প্রস্তাব এই।

"পূর্ব্বকার সর্টিফিকটের মধ্যে কর্ম্মাকাঙ্ক্ষিরদের আচার ব্যবহারের বিষয়ে কেবল ইহা লিখিবার হুকুম ছিল যে তাঁহারা দোষরহিত এবং ঐ সর্টিফিকটের কথাও এলোমেলো ছিল কিন্তু সদর আদালতের সাহেবেরা বোধ করেন যে উত্তর কালে কর্ম্মাকাঙ্ক্ষিরদের তদপেক্ষা উত্তম আচার ব্যবহার থাকনের আবশ্যক আছে এবং ঐ সাহেবেরা ভরসা করেন যে এই বিষয়ে বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেবও সম্মত হইবেন। অতএব তাঁহারা এই পরামর্শ দেন যে জিলার জজ সাহেবদিগকে এমত হুকুম করা যায় যে তাঁহারা উত্তর কালে কর্ম্মাকাঙ্ক্ষি

* এই স্থানে সর্টিফিকটের রদহওয়া পাঠের বিষয় লেখে।

gence, they consider calculated to do honor to the Office of Moonsiff and eventually to the higher offices to which under the recent rules, a creditable discharge of the duties of a Moonsiffship can alone render individuals eligible A proper degree of care in this point, on the part of the Zillah Judges, will obviate the necessity of the Examining Committee's paying attention to any thing but the acquirements and qualifications of the Candidates to which, in the opinion of the Court, those bodies should strictly confine themselves "

W Kirkpatrick, *Deputy Register*

Fort William, 17th December, 1841

ব্যক্তিবদেব ভদ্রাভদ্রতা ও অবস্থাব বিষয়ে বিশেষ অনুসন্ধান কবেন্। এবং যাহারদের আপন২ সাধারণ মান্যতা ও বুদ্ধি প্রযুক্ত মুনসেফী কর্ম্ম প্রশংসিতরূপে করণের সম্ভাবনা আছে এবং মুনসেফী কর্ম্ম উত্তমরূপে কবিলে সম্প্রতিকাব বিধানুসাবে যে উচ্চ পদে লোকেবা মনোনীত হওনের যোগ্য হন্ সেই উচ্চ পদেব কর্ম্ম প্রশংসিতরূপে নির্ব্বাহকরণেব সম্ভাবনা আছে কেবল এমত ব্যক্তিবদিগকে জজ সাহেবেবা সর্টিফিকট দেন্। এই বিষয়ে জিলাব জজ সাহেবেবদেব বিলক্ষণ মনোযোগ থাকিলে কর্ম্মাকাঙ্ক্ষিবদেব জ্ঞান ও উপযুক্ততাভিন্ন অন্য কোন বিষয়ে পরীক্ষক কমিটিব সাহেবেবদেব মনোযোগকরণেব আবশ্যক থাকিবেক না এবং সদব আদালতের সাহেবেবা বোধ কবেন্ যে কেবল ঐ২ বিষয় পরীক্ষক কমিটিব সাহেবেবদেব বিবেচনাকবা কর্ত্তব্য।"

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী বেজিষ্টব।

ফোর্ট উলিয়ম ১৮৪১। ১৭ ডিসেম্বব। ৩

John C Marshman, *Bengalee Translator*

CIRCULAR ORDERS OF THE SUDDER NIZAMUT ADAWLUT

No 34

To the Magistrates and Joint Magistrates in the Lower Provinces

1 I am directed to draw your attention to the provisions of Act XXXI of 1841 and to communicate to you the following observations on the subject of criminal appeals

2 You will observe first, that every order of an Assistant to a Magistrate not exercising special powers of a Principal Sudder Ameen, Sudder Ameen or Law Officer, passed in a criminal trial or proceeding, is appealable to the Magistrate or other officer exercising the power of Magistrate, whose decision on the appeal is final

Secondly That every sentence of a Magistrate, Joint Magistrate or Assistant vested with special powers, awarding a higher punishment than that prescribed by Sections 8 and 9, Regulation IX 1793, is appealable to the Session Judge, whose decision thereon is final.

Thirdly That the law allows no appeal to the Session Judge from the sentence of a Magistrate, Joint Magistrate or Assistant vested with special powers, awarding a punishment within the limitation prescribed by the abovementioned enactments

Fourthly That every order of a Magistrate, Joint Magistrate, or Assistant vested with special powers passed in any judicial proceeding other than a criminal trial is appealable to the Session Judge, whose decision thereon is final

3 With reference to the foregoing remarks, the Court request that you will furnish the Session Judge with a monthly statement, (after the form of the statement No 11, for the Session Judge's of-

সদব নিজামৎ আদালতেব সবকুলব অর্ডব।

৩৪ নম্বব।

বাঙ্গলাপ্রভৃতি দেশেব শ্রীযুত মাজিষ্ট্রেট ও জাইন্ট মাজিষ্ট্রেট সাহেব বরাবরেষু।

১৮৪১ সালেব ৩১ আইনেব বিধিব বিষয়ে তোমাকে মনোযোগ কবিতে এবং ফৌজদাবী আপীলসম্পর্কে নীচেব লিখিত বিষয় তোমাকে জানাইতে আদেশ পাইয়াছি।

২। তুমি এই২ বিষয় জানিবা যে প্রথমতঃ মাজিষ্ট্রেট সাহেবেব যে আসিষ্টান্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত না হইয়াছেন তিনি কিম্বা প্রধান সদব আমীন বা সদব আমীন অথবা পণ্ডিত কি মৌলবী ফৌজদাবী মোকদ্দমাতে কি কার্য্যেতে যে প্রত্যেক হুকুম দেন তাহাব উপর মাজিষ্ট্রেট সাহেবেব নিকটে অথবা মাজিষ্ট্রেট সাহেবের কর্ম্ম নির্ব্বাহক অন্য কোন কার্য্যকাবকের নিকটে আপীল হইতে পারে এবং আপীলে ঐ সাহেবের নিষ্পত্তি চূড়ান্ত হইবেক।

দ্বিতীয়। মাজিষ্ট্রেট সাহেব কিম্বা জাইন্ট মাজিষ্ট্রেট সাহেব অথবা বিশেষ ক্ষমতাপ্রাপ্ত কোন আসিষ্টান্ট সাহেব ১৭৯৩ সালেব ৯ আইনের ৮ এবং ৯ ধারার নির্দ্দিষ্ট দণ্ডেব অধিক দণ্ডেব যে প্রত্যেক হুকুম দেন তাহাব উপব সেশন জজ সাহেবের নিকটে আপীল হইতে পাবে এবং তাহাতে ঐ সাহেবের নিষ্পত্তি চূড়ান্ত হইবেক।

তৃতীয়। মাজিষ্ট্রেট সাহেব কি জাইন্ট মাজিষ্ট্রেট সাহেব অথবা বিশেষ ক্ষমতাপ্রাপ্ত কোন আসিষ্টান্ট সাহেব উপবেব লিখিত আইনেব নির্দ্দিষ্ট সীমার মধ্যে যে দণ্ডেব হুকুম করেন্ তাহাব উপর আইনমতে সেশন জজ সাহেবের নিকটে কোন আপীল হইতে পারে না।

চতুর্থ। ফৌজদাবী মোকদ্দমাছাড়া আদালতসম্পর্কীয় অন্য কোন কার্য্যে মাজিষ্ট্রেট সাহেব কিম্বা জাইন্ট মাজিষ্ট্রেট সাহেব অথবা বিশেষ ক্ষমতাপ্রাপ্ত আসিষ্টান্ট সাহেব যে হুকুম দেন্ তাহার উপর সেশন জজ সাহেবের নিকটে আপীল হইতে পাবে এবং তাহাতে ঐ সাহেবেব নিষ্পত্তি চূড়ান্ত হইবেক।

৩। উপরেব লিখিত কথার উপলক্ষে সদর আদালতের সাহেবেবা এই আদেশ করেন যে তোমার অধীন আসিষ্টান্ট সাহেব কি প্রধান সদর আমীন বা সদর আমীন অথবা পণ্ডিত কি মৌলবীরদের নিষ্পত্তি ও হুকু

fice*) of the appeals preferred to you from the sentences and orders of the Assistants, Principal Sudder Ameens, Sudder Ameens, and Law Officers subordinate to you The statement should accompany the rest of your monthly criminal statements.

W KIRKPATRICK, *Deputy Register*

Fort William, 7th January, 1842

* See Circular Order, No 6, dated 2d February, 1838 The leading of the 4th column should be "preferred during the month," and the note prescribed by paragragh 2 of the Circular Order should be omitted

ভার উপর তোমার নিকটে যে সকল আপীল করা যায় তাহার এক মাসিক কৈফিয়ৎ (সেশন জজ সাহেবের* দফ্তরখানার নিমিত্তে ১১ নম্বরী কৈফিয়তের পাঠানুসারে প্রস্তুত করিয়া সেশন জজ সাহেবের নিকটে পাঠাইব। ঐ কৈফিয়ৎ তোম র মাসিক অন্যান্য ফৌজদারী কৈফিয়তের সঙ্গে২ পাঠ ইতে হইবেক।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম ১৮৪২। ৭ জানুআরি।

* ১৮৩৮ সালের ২ ফেব্রুআরি তারিখের ৬ নম্বরী সরকুলর অর্ডর দেখ। চতুর্থ শ্রেণীর শিরোভাগে যে কথা লেখা আছে তাহা ত্যাগ করিয়া "মাসের মধ্যে দাখিল হওয়া" এই কথা লিখিতে হইবেক এবং ঐ সরক্যুলর অর্ডরের ২দফাতে যে মন্তব্য কথা আছে তাহা ত্যাগ করিতে হইবেক।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

SUDDER BOARD OF REVENUE

NOTICE

The undermentioned dates have been fixed by the Sudder Board of Revenue, under Section III Regulation XII of 1841, for commencing the Sale of permanently Settled Estates for Arrears of Land Revenue due thereon, in the year 1842 43, and succeeding years, until otherwise notified from this Office

In Districts, and for Mehals, in which the Bengal, or Umlee Era is current, with the exception of Zillah Sylhet,

28th June,
28th September,
28th December, and
28th March

In Districts and for Mehals in which the Fusly Era is current,

7th June,
28th September,
28th December and
28th March

Petty Estates, the Jummas of which do not exceed 100 Rupees, will be liable to Sale only once, twice or three times in the year, according to the amount of their respective Jummas, viz

Bengal and Umlee Mehals

Estates with a Jumma of 10 Rs and under,	in March
Estates with a Jumma exceeding 10 and not exceeding 50 Rupees,	in December and March
Estates with a Jumma exceeding 50 and not exceeding 100 Rupees,	in December, March and June

Fusly Mehals

Estates with a Jumma of 10 Rupees and under,	in June
Estates with a Jumma exceeding 10 and not exceeding 50 Rupees,	in December and June
Estates with a Jumma exceeding 50 and not exceeding 100 Rupees,	in December, March and June

The following dates have been fixed for Zillah Sylhet,

সদর বোর্ড রেবিনিউ।

এস্তেলা।

ইস্তমরারী জমা ধার্য্য হওয়া ভূমির ১৮৪২। ৪৩ এবং তৎপরং সালের বাকী মালগুজারী আদায়কারণ ১৮৪১ সালের ১২ আইনের ৩ ধারানুসারে তাহা নীলাম করিবার নিমিত্ত সদর বোর্ড রেবিনিউর সাহেবেরা নীচের লিখিত তারিখ নিরূপণ করিয়াছেন এবং ঐ বোর্ডের দফ্তরহইতে অন্য এস্তেলা না হওনপর্য্যন্ত ঐ২ তারিখ বহাল থাকিবেক।

ছিলট জিলা ভিন্ন যে জিলা ও মহালে বাঙ্গলা অথবা অমলী সন চলন আছে তাহাতে এই২ তারিখে নীলাম হইবেক।

২৮ জুন।
২৮ সেপ্টেম্বর।
২৮ ডিসেম্বর ও
২৮ মার্চ।

যে২ জিলা ও মহালে ফসলী সন চলন আছে তাহাতে এই২ তারিখে নীলাম হইবেক।

৭ জুন।
২৮ সেপ্টেম্বর।
২৮ ডিসেম্বর এবং
২৮ মার্চ।

যে ক্ষুদ্র২ মহালের জমা ১০০৲ টাকার অনধিক তাহা জমা বুঝিয়া বৎসরের মধ্যে এক কিম্বা দুই বা তিন বার নীলাম হইবেক অর্থাৎ।

যে মহালে বাঙ্গলা ও অমলী সন চলন আছে তাহাতে।

১০৲ টাকা ও তাহার কম জমা ধার্য্য হওয়া ভূমি	মার্চ মাসে।
১০৲ টাকার অধিক কিন্তু ৫০৲ টাকার অনধিক জমা ধার্য্য হওয়া ভূমি . .	ডিসেম্বর ও মার্চ মাসে।
৫০৲ টাকার অধিক কিন্তু ১০০৲ টাকার অনধিক, জমা ধার্য্য হওয়া ভূমি	ডিসেম্বর ও মার্চ এবং জুন মাসে।

যে মহালে ফসলী সন চলন আছে তাহাতে।

১০৲ টাকা ও তাহার কম জমা ধার্য্য হওয়া ভূমি	জুন মাসে।
১০৲ টাকার অধিক কিন্তু ৫০৲ টাকার অনধিক জমা ধার্য্য হওয়া ভূমি . .	ডিসেম্বর ও জুন মাসে।
৫০৲ টাকার অধিক কিন্তু ১০০৲ টাকার অনধিক জমা ধার্য্য হওয়া ভূমি	ডিসেম্বর মার্চ ও জুন মাসে।

জিলা ছিলটের নিমিত্তে নীচের লিখিত তারিখ নিরূপণ হইয়াছে।

28th September,
18th January, and
18th April

N B —This Notice does not apply to the Districts of the Chittagong Division, viz Chittagong, Tipperah, and Bullooah, the fixed dates for which have been already advertized under the authority of the Commissioner of that Division

E CURRIE Secretary
Fort William, January 22d, 1842

APPOINTMENT BY THE SUDDER DEWANNY ADAWLUT

THE 21ST JANUARY, 1842

Baboo Collienath Chatterjee, who has received a Diploma, to be Moonsiff of Pertabpore, Zillah Midnapore, vice Ussud Ally who has been transferred to Zillah Sarun

J HAWKINS *Register*

CIVIL APPOINTMENTS

No 319
FORT WILLIAM,
GENERAL DEPARTMENT,
The 19th January 1842

Mr C M Caldecott, of the Civil Service reported his arrival within the limits of the Bengal Presidency on the 6th instant

G A BUSHBY,
Secy to the Govt of Bengal

No 320
FORT WILLIAM,
GENERAL DEPARTMENT,
The 19th January 1842

Mr A Ross, of the Civil Service has obtained leave of absence till the sailing of the Ship "Vernon," in extension of the leave granted to him by the Hon'ble the Lieutenant Governor, under date the 28th August last

SEPARATE DEPARTMENT
The 26th January, 1842

The Right Hon'ble the Governor of Bengal has been pleased to appoint Mr H S Oldfield to be Opium Agent and Superintendent of Salt Chokeys in Behar

G A BUSHBY,
Secy to the Govt of Bengal

No 321
FORT WILLIAM,
GENERAL DEPARTMENT,
The 24th January, 1842

Mr T Taylor, of the Civil Service, reported his return from England on board the Ship Windsor, which Vessel reached Kedgeree on the 11th instant

G A BUSHBY,
Secy to the Govt of Bengal.

[*Government Gazette, 1st February,* 1842]

২৮ সেপ্টেম্বর।
১৮ জানুআরি এবং
১৮ আপ্রিল।

মন্তব্য কথা। এই এত্তেলা চাটিগাঁর এলাকার মধ্যে অর্থাৎ চাটিগাঁ ও ত্রিপুরা এবং বলুআ জিলার নানা মহালে খাটিবেক না। ঐ২ জিলার মহাল নীলাম করণের নিরূপিত দিবস ঐ এলাকার কমিস্যনর সাহেবের হুকুমক্রমে পূর্ব্বে প্রকাশ হইয়াছে।

ই করি। সেক্রেটারী।
ফোর্ট উলিয়ম ১৮৪২। ২২ জানুআরি।
JOHN C MARSHMAN, *Bengalee Translator*

সদর দেওয়ানী আদালতের নিয়োগ।

১৮৪২ সাল ২১ জানুআরি।

শ্রীযুত আসদ আলী জিলা সারণে নিযুক্ত হওয়াতে তাঁহার পরিবর্ত্তে শ্রীযুত বাবু কালীনাথ চাটুয্যা যোগ্যতার পত্র প্রাপ্ত হওয়াতে জিলা মেদিনীপুরের প্রতাপপুরের মুনসেফী পদে নিযুক্ত হইয়াছেন।

জে হকিন্স। রেজিষ্টর।

JOHN C MARSHMAN, *Bengalee Translator.*

রাজকর্ম্মে নিয়োগ।

৩১৯ নম্বর।
ফোর্ট উলিয়ম।
জেনরল ডিপার্টমেণ্ট।
১৮৪২ সাল ১৯ জানুআরি।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত সি এম কালডিকট সাহেব বর্ত্তমান মাসের ৬ তারিখে বাঙ্গলা দেশে আপনার পঁহুছনের রিপোর্ট করিয়াছেন।

জি এ বুসবি।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

৩২০ নম্বর।
ফোর্ট উলিয়ম।
জেনরল ডিপার্টমেণ্ট।
১৮৪২ সাল ১৯ জানুআরি।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত এ রস সাহেব গত আগষ্ট মাসের ২৮ তারিখে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের স্থানে যে ছুটী পান তদতিরিক্ত বর্ণননামক জাহাজের না গমনপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

স্বতন্ত্র ডিপার্টমেণ্ট।
১৮৪২ সাল ২৬ জানুআরি।

বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেব শ্রীযুত এচ এস ওলড্‌ফিলড্‌ সাহেবকে বেহারের আফীনের এজেণ্টী ও নিমকচৌকীর সুপরিণ্টেণ্ডেণ্টী কর্ম্মে নিযুক্ত করিয়াছেন।

জি এ বুসবি।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

৩২১ নম্বর।
ফোর্ট উলিয়ম।
জেনরল ডিপার্টমেণ্ট।
১৮৪২ সাল ২৪ জানুআরি।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত টি টেলর সাহেব উইণ্ডসর নামক জাহাজের দ্বারা ইঙ্গলণ্ডহইতে আপনার প্রত্যাগমনের রিপোর্ট করিয়াছেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ১১ তারিখে খাজুরীতে পঁহুছে।

জি এ বুসবি।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

No 177

FORT WILLIAM,

GENERAL DEPARTMENT,

The 19th January, 1842

The Right Honourable the Governor General in Council is pleased to re attach Mr Thos Taylor, of the Civil Service, to the Bengal Division of the Presidency of Fort William

G A BUSHBY

Secy to the Govt of India

No 321

FORT WILLIAM,

SEPARATE DEPARTMENT,

The 26th January, 1842

LEAVE OF ABSENCE

Mr John Trotter, Senior Member of the Board of Customs, Salt and Opium, and of the Marine Board, from the 27th to the 31st instant preparatory to his resignation of the Honourable East India Company's Civil Service

APPOINTMENTS

Mr W Blunt to officiate as Senior Member of the Board of Customs, Salt and Opium and of the Marine Board from the 27th instant

Mr H S Lane to officiate as Junior Member of the Board of Customs, Salt of Opium, and of the Marine Board

Mr T P Marten to officiate as Opium Agent at Benares Dr Macnab to have charge of the Agency until relieved by Mr Marten

G A BUSHBY,

Secy to the Govt of Bengal

No 139

ORDERS BY THE RIGHT HONOURABLE THE GOVERNOR OF BENGAL

JUDICIAL AND REVENUE DEPARTMENT,

APPOINTMENTS

The 18th January 1842

Dr J Macrae to officiate as Civil Assistant Surgeon of Rungpore, during the absence of Doctor Edge, on sick leave

The 25th January, 1842

Captain H Marsh, Assistant Superintendent for the Suppression of Thuggee to exercise the powers of a Joint Magistrate in the Districts of Tirhoot, Monghyr, Bhaugulpore Purneah, Maldah, Dinagepore, Rungpore, and Bograh

F J HALLIDAY,

Secy to the Govt of Bengal

GOVERNMENT ADVERTISEMENTS

SALT

বর্ত্তমান মাসের গত ১৫ তারিখে যে এস্তেহার জারী হইয়াছিল তদ্দৃষ্টে এস্তেহার দেওয়া যাইতেছে যে সন ১২৪৭ সালের ঘাট কালীনগরের নমকের বাবদ যেরূপ কাম্পেল সেসন ডিলীবরী অর্থাৎ পূরবস্তুরে নেমক ভাঙ্গা করিলে কমদস্তুরে নেমক ওজন দেওয়ার নিয়ম ও মেয়াদ নির্দ্দিষ্ট আছে সেই মেয়াদ ও সেই নিয়ম ঐ সনের কৃষ্ণ নগরের নমকের প্রতিও খাটিবেক ইতি।

[গবর্ণমেন্ট গেজেট ১৮৪২। ১ ফেব্রুআরি।]

১৭৭ নম্বর

ফোর্ট উলিয়ম

জেনরল ডিপার্টমেন্ট।

১৮৪২ সাল ১৯ জানুআরি।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হুজুর কৌন্সেলে সিবিলসম্পর্কীয় শ্রীযুত টি টেলর সাহেবকে বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীতে পুনর্ব্বার নিযুক্ত করিয়াছেন।

জি এ বুসবি।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৩২১ নম্বর।

ফোর্ট উলিয়ম।

স্বতন্ত্র ডিপার্টমেন্ট।

১৮৪২ সাল ২৬ জানুআরি।

ছুটী।

হাসিল ও নিমক ও আফীমের বোর্ডের এবং মরিন বোর্ডের প্রধান মেম্বর শ্রীযুত জান টটর সাহেব কোম্পানি বাহাদুরের সিবিলসম্পর্কীয় কর্ম্মে ইস্তাফা দেওনের পূর্ব্বে বর্ত্তমান মাসের ২৭ তারিখঅবধি ৩১ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

নিয়োগ।

শ্রীযুত ডবলিউ ব্লন্ট সাহেব বর্ত্তমান মাসের ২৭ তারিখঅবধি হাসিল ও নিমক এবং আফীমের বোর্ডের এবং মরিন বোর্ডের প্রধান মেম্বরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এচ এস লেন সাহেব হাসিল ও নিমক এবং আফীমের বোর্ডের এবং মরিন বোর্ডের দ্বিতীয় মেম্বরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত টি পি মারটিন সাহেব বারাণসীতে আফীমের এজেন্টী কর্ম্ম নির্ব্বাহ করিবেন শ্রীযুত মারটিন সাহেব ঐ এজেন্টী কর্ম্ম না গ্রহণপর্য্যন্ত শ্রীযুত ডাক্তর মাকনাব সাহেব ঐ কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

জি এ বুসবি।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

১৩৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেবের হুকুম।

জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেণ্ট।

নিয়োগ।

১৮৪২ সাল ১৮ জানুআরি।

চিকিৎসকের সর্টিফিকটক্রমে শ্রীযুত ডাক্তর এজ সাহেবের অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত ডাক্তর জে মাক্রে সাহেব রঙ্গপুরের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসকতা কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৪২ সাল ২৫ জানুআরি।

ঠগী নিবারণার্থ আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত কাপ্তান এচ মার্শ সাহেব জিলা ত্রিহুত ও মুঙ্গের ও ভাগলপুর ও পূরণীয়া ও মালদহ ও দিনাজপুর ও রঙ্গপুর এবং বোগরাতে জাইণ্ট মাজিষ্ট্রেটী ক্ষমতাপ্রাপ্ত হইলেন।

এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

নিমক।

বিমৌজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড পরমিট নেমক ও আফিম ইং শন ১৮৪২ সাল তারিখ ২৪ জানুআরি মোতাবেক বাঙ্গালা সন ১২৪৮ সাল তারিখ ১২ মাঘ।

এচ টরেন্স। সেক্রেটারী।

OPIUM

আফিম।

এস্তেহার।

সরকারী নীলামে আফিম খরিদারদিগের বিজ্ঞাপনার্থে জানান যাইতেছে যে আগামি মাসের ১ পহিলা তারিখঅবধি ও তদনন্তর যে সকল ব্যক্তি জাহাজে রপ্তানিকরণার্থে দরখাস্ত করিবেক অথবা আফিমের বাবদ টাকা দাখিলের নিমিত্তে ত্রেজুরী রসিদ দিবেক তাহারদিগের নিকটহইতে এক বেওরাপূর্ব্বক লিখিত ইয়াদদাস্ত অর্থাৎ আদেশপত্র তলব করা যাইবেক। তাহাতে যত নম্বর লাট অর্থাৎ যে আন্দাজ আফিমের রপ্তানি বা টাকা দাখিল হইবেক তাহা স্পষ্ট করিয়া লিখিতে হইবেক যে তদ্দৃষ্টে পাস সর্টিফিকেট প্রস্তুত হইতে পারে নতুবা লিখিত উপদেশের কাহারো মুখভারতী অর্থাৎ বাচিক জবানী আরজ মারফত করাতে কদাচ কিছু ফেরফার করা যাইবেক না ইতি। থিমোজির হুকুম সাহেবান আলিশান বোর্ড পরমিট নেমক ও আফিম সন ১৮৪২ সাল তারিখ ১০ জানুআরি।

ফোর্ট উলিয়ম আফিম দপ্তর সন ১৮৪২ সাল তারিখ ১২ জানুআরি মোতাবেক সন ১২৪৮ সাল তারিখ ৩০ পৌষ।

এস্তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৪২ সাল তারিখ ৭ ফিব্রেআরি মোতাবেক বাঙ্গালা সন ১২৪৮ সাল তারিখ ২৬ মাঘ সোমবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘন্টার সময়ে মোকাম কলিকাতার এক্স চেঞ্জঘরে নীচের লিখিত মেকদার সন ১৮৪০। ৪১ সালের পয়দায়শী আফিম সমুদ্রপথে রপ্তানি জন্য নীলামে পশ্চাৎ লিখিত শরুতে বিক্রয় হইবেক।

বেহারের পয়দায়শী আফিম———১৪০০

বানারসের পয়দায়শী আফিম———৬০০

জমুলা সিন্দুক ২০০০

নীলামের শরত।

১ দফা। পূর্ব্বোক্ত আফিম সকল সমুদ্রপথে রপ্তানির জন্য বিক্রয় করা যাইবেক এবং এরূপ রপ্তানির মাল ভিন্ন অন্য কোন বাবতে সর্টিফিকেট দেওনা যাইবেক না।

২ দফা। ফিসিন্দুক আফিম ন্যূন সংখ্যা কোং ৪০০৲ টাকাদরে নীলামে ধরা যাইবেক তাহার উপর যে ব্যক্তি সর্ব্বাপেক্ষা অধিক মুল্য দিতে চাহিবেক তাহাকে বিক্রয় করা যাইবেক।

৩ দফা। যদি ঐ দিবসের নীলামে সমুদায় ২০০০ সিন্দুক আফিম বিক্রয় না হয় তবে পরমিট নেমক ও আফিম বোর্ডের সাহেবান আলিশানের এক্তিয়ার রহিল যে যে সকল লাটহায় বাকি থাকিবেক তাহা তাহার পর আগামি নীলামে বিক্রয়ার্থে অর্পণ করিবেন।

৪ দফা। ঐ আফিমের ফিলাট ৫ সিন্দুকে হইবেক।

৫ দফা। ঐ নীলামে আফিম খরিদ করণের সময় নীলাম ঘরের ভিতর ও খরিদারের নামে লাট রেজিষ্টরি হওনের পূর্ব্বে ফিলাট ১০০০৲ টাকার অর্থাৎ ফিসিন্দুক ২০০৲ টাকার হিসাবে আমানত পেশগী বাবতে দর্শনি প্রামিশরি নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিতে হইবেক আর আগামি ১১ ফিব্রেআরি শুক্রবার বেলা ২ প্রহর চারি ঘন্টার পূর্ব্বে বোর্ডের দপ্তরখানায় আসিয়া সবত্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ এওজ দিয়া পূর্ব্বোক্ত দর্শনি প্রামিশরিনোট সকল খালাস করিতে হইবেক কিন্তু নিরূপিত সময় মধ্যে যদি খালাস না করে তবে যে সকল লাটহায়ের আমানত পেশগী হিসাবের টাকা সবত্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ দাখিল না হইবেক তাহা বোর্ডের সাহেবান যে সময় ও নিয়ম স্থির করিবেন সেই সময়ে সেই নিয়মানুসারে স্থানি নীলামে বিক্রয় হইবেক তাহাতে যে লোকসান ও খরচখরচা পড়িবেক তাহা পূর্ব্বোক্তমতে যাহারদিগের আমানত পেশগী দাখিল করিতে ত্রুটি হইবেক তাহারদিগকে দিতে হইবেক ও মুনফা যদ্যপি হয় তাহা কোম্পানি বাহাদরের সরকারে জব্দ হইবেক।

৬ দফা। ঐ নীলামের দিবস পূর্ব্বোক্ত শরতমতে যে সকল প্রামিশরি নোট লওয়া যাইবেক তাহা যদি আগামি পূর্ব্বোক্ত সন ১৮৪২ সালের ১১ ফিব্রেআরি তারিখে খালাস না হয় তবে ঐ সকল নোট কোম্পানির তরফ উকীলের স্থানে দেওনা যাইবেক তাঁহাকে যেমত উচিত বোধ হইবেক সেইমত তিনি ঐ নোটের বাবদ টাকা আদায় করিবেন।

৭ দফা। যে আফিমের বাবত আমানত পেসগী টাকা ১১ ফিব্রেআরি দিবা দুই প্রহর চারি ঘন্টার পূর্ব্বে দাখিল না হইবেক তাহার হিসাবে কোন টাকা সব ত্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ পশ্চাৎ লওয়া যাইবেক না।

৮ দফা। যে সকল আফিম বিক্রার্থে এক্ষণে এস্তেহার দেওনা যাইতেছে তাহার কিম্মতের বেবাক টাকা নীলামের তারিখঅবধি ১ মাহার মধ্যে দাখিল করিতে হইবেক অর্থাৎ সন ১৮৪২ সালের ৭ মার্চ সোমবার দিবা দুই প্রহর চারি ঘন্টার পর উক্ত কিম্মতের বাবত ত্রেজরি রসিদ আর লওয়া যাইবেক না ও যে আফিমের কিম্মত পূর্ব্ব লিখিত মেয়াদের দিবস কিম্বা মেয়াদের পূর্ব্বে দাখিল হইয়া রফা না হইলে তাহার ঐ পূর্ব্বোক্ত ফিলাট ১০০০ টাকার হিসাবে অথবা ফিসিন্দুক ২০০৲ টাকার হিসাবে যে আমানত পেসগীর নগদ টাকা অথবা কোন রকম কোম্পানির কাগজ যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকিবেক তাহা সরকারে জব্দ হইবেক পরে বোর্ড পরমিট নমক ও আফিমের সাহেবান আলিশান দ্বারা যে তারিখ যে প্রকার নীলাম করা উচিত বিবেচনা হইবেক সেই দিবস সেই প্রকার ঐ আফিম সরকার বাহাদুরের নিজ হিসাবে বিক্রয় হইবেক।

৯ দফা। যে সকল খরিদারান পূর্ব্বোক্তমতে বেবাক টাকা দাখিল করিয়া আফিমের সর্টিফিকেট অর্থাৎ আফিম বাহির করিবার হুকুম লইবেক তাহারদিগের এক্তিয়ার রহিল যে আপন খরিদা আফিমের প্রত্যেক সর্টিফিকেটের মধ্যে কত লাট আফিম দরজ করিতে চাহে তাহা বিশেষ করিয়া জানায় কারণ ইহা স্পষ্টরূপে জানা কর্ত্তব্য যে পূর্ব্বোক্তমতে যে সকল সর্টিফিকেট একবার লইয়া যাইবেক তাহাতেই চূড়ান্ত হইবেক এবং ঐ সর্টিফিকেটের পরিবর্ত্তে পশ্চাৎ অন্য কোন সর্টিফিকেট অথবা হুকুম যাহাতে এক এক লাট করিয়া খালাস হইতে পারে অথবা প্রথম যত লাট কিম্বা সিন্দুকের জন্য সর্টিফিকেট দেওনা যায় তাহাভিন্ন অন্য কোন প্রকারে কমি বেশী পরিমাণ খালাস হইতে পারে এমত সর্টিফিকেট এওজ দেওনা যাইবেক না।

১০ দফা। এই এস্তেহারের ৫ দফার লিখিত নিয়মানুযায়ি আমানতের হিসাবে যে কোন কোম্পানির কাগজ অথবা সব ত্রেজরর সাহেবের রসিদ দাখিল করিয়া লইতে হইবেক তাহা কেবল যে সকল খরিদারের নাম সেল বহিতে লেখা থাকে তাহারদিগের নিকট হইতে অথবা তাহারদিগের এজেণ্ট অর্থাৎ মোক্তারের নিকটহইতে লওয়া যাইবেক এবং এইরূপ আমানত পেশগী দাখিলের রসিদ ঐ পূর্ব্বোক্ত খরিদারের নামে হইবেক ও আফিম মজুদ খালাস হইলে পরে পূর্ব্বোক্ত কোম্পানির কাগজ তাহারদিগকে অথবা তাহারদিগের বরাতি লোককে ফেরাইয়া দেওয়া যাইবেক।

১১ দফা। শ্রীযুত সাহেবান আলিশান বোর্ডের তরফ

[*Government Gazette, 1st February, 1842*]

সে সাহেব নীলামে সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন তাঁহার এমত এক্তিয়ার আছে যে তিনি তাঁহার বিবেচনাঅনুসারে কোন ব্যক্তির ডাক অগ্রাহ্য করেন কিন্তু যদিস্যাৎ তাহা রা যত লাট খরিদ করণার্থে ডাকিবেক তাহার ফিলাট ১০০০৲টাকার হিসাবে অর্থাৎ ফি সিন্দুক ২০০৲ টাকার হিসাবে বাঙ্গাল বেঙ্ক নোট কিম্বা সবএক্সবর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ দাখিল করে তবে তাহাদিগের ডাক অগ্রাহ্য করিবেন না।

১২ দফা। নিলামী খরিদারের এমত এক্তিয়ার আছে যে প্রথম যে লাট খরিদ করিবেক সেই লাট নম্বরহইতে যত লাট সেই মোকামের মাল খরিদ করিতে চাহে তাহা তৎক্ষণাৎপ্রকাশ করিয়া কহে এবং তদনুসারে খরিদ করে এমত পহিলা লাটঅবধি ৫০ লাটের অধিক না হয় ও ঐ প্রকার খরিদা লাটহায়ের ফি লাট ১০০০ টাকা করিয়া ডিপাজিট অর্থাৎ আমানত পেসগী দিতে হইবেক এবং এই দরে অর্থাৎ প্রথম লাটের দরে বাকি লাটহ যের কিম্মত ফি সিন্দুক হিশাব করিয়া দাখিল করিতে হইবেক এমতে যদিস্যাৎ এত লাট গর বিক্রী থাকে যাহাতে ঐ ৫০ লাট পূরা হইতে পারে তবে পাইবেক নতুবা পাইবেক না।

১৩ দফা। এই এস্তেহারের লিখিত আফিমের বিক্রী সম্পর্কীয় কিম্বা ঐ আফমের হিসাব বফার বিষয়ে কোন বিবাদ অথবা গরমেল উপস্থিত হইলে তাহা সুবে বাঙ্গালার সুপ্রেম কোর্ট আদালতের বিচারে নিষ্পত্তি হইবেক আর খরিদারেরদিগের মধ্যে কেহ ঐ আদালতের এলাকার অধীন নহে বলিয়া কোন আপত্তি করিলে গ্রাহ্য হইবেক না।

১৪ দফা। নীচের তপসীল মাফিক কাগজাত ও যে আফিম বিক্রয় হইবেক তাহার নমুনা নীলামের দিবস দেখান যাইবেক অথবা তাহার পূর্ব্বে বোর্ড পরমিট নমক ও আফিমের সেক্রেটরি সাহেবের দপ্তরখানায় অনুসন্ধান করিলে দেখিতে পাওয়া যাইবেক।

১ নং যে আফিম বিক্রয় কারণ এক্ষণে এস্তেহার হইল তাহার সর্টিফিকেট।

২ নং ঐ আফিম তজবিজের রিপোর্ট।

১৫ দফা। সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সন ১৮৪০। ৪১ সালের বেহার ও বানারসের আফিম তৈয়ারি কারণ গত সনহায়ের মত এহতিয়াত ও খবরদারি করা গিয়াছে বিশেষত আফিমের নোচগুদ্ধা নির্ভাজ প্রস্তুত করিয়া পাঠাইতে এবং গুটি তৈয়ারি কারণ নিয়মিত পরিমাণ পাতি ব্যবহার করিতে এবং প্রতিগুটিতে সমান ভাগ আফিম রাখিতে সাবধান হওয়া গিয়াছে আফিম মজুকুরের বেহার ও বানারসের মোকামি ওজনের হিসাব ও ঐ মোকামের ফি চালানহইতে ছয় সিন্দুক করিয়া কলিকাতায় যে ওজন করা যায় তাহার গড় ওজনের হিসাব বোর্ড পরমিট নমক ও আফিমের সেক্রেটরি সাহেবের দপ্তরখানায়তত্ত্ব করিলে দেখিতে পাওয়া যাইবেক।

১৬ দফা। গত ২ সনের পয়দায়শী যে চারি সিন্দুক বেহার ও বানারসের আফিম রাখা গিয়াছে তাহা নীলামের দিবস খরিদারান লোককে দেখান যাইবেক তদ্দষ্টে বেপারিআন বিবেচনা করিতে পারিবেন যে কি প্রকার নির্বিঘ্নাবস্থায় ঐ আফিম রহিয়াছে।

১৭ দফা। সকলকে জ্ঞাত করা যাইতেছে যে উপরের লিখিত মেকদার আফিম সেওয়ায় নীচের লিখিত মেকদার বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমিবেশী হউক পশ্চাৎ লিখিত তারিখেঅথবা তাহার কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ নীলামে ধরা যাইবেক।

	বেহারের আফিম।	বানারসের আফিম।	জুমলা।
	সিন্দুক।	সিন্দুক।	সিন্দুক।
১৮ এপ্রেল অথবা কিঞ্চিৎ অগ্র বা পশ্চাৎ ———	৩০০০	১২০০	৪২০০
২৩ মে অথবা কিঞ্চিৎ অগ্র বা পশ্চাৎ। ———	১৬০০	৯০০	২৫০০
২৭ জুন অথবা কিঞ্চিৎ অগ্র বা পশ্চাৎ। ———	৩০১৪	১১৪৬	৪১৬০
	৭৬১৪	৩২৪৬	১০৮৬০

বিমৌজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড পরমিট নেমক ও আফিম ইতি। এচ টরেন্স। সেক্রেটারী।

ইস্তাহার।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা মুরশিদাবাদ এই যে

বুজরুক মনোহরপুর ওরফে পলাশী সাকিনের হরমতন নেশা বিবি ও ইয়াতন নেশা বিবি ও খোন্দকার আবদুল রহমা এক কেতা দরখাস্ত এই মর্ম্মে গুজরায় যে খোন্দকার হয়দরবকশের আয়মা কীং কাগ্রাম সরকারের বাকী আদায় জন্য নীলামে বিক্রী হইয়া ২৬৫ টাকা তহবিলে মজুদ আছে উহারা সেওয়ায় আর কেহ ওয়ারিস নাই মতে প্রার্থনা রাখে যে সরকারের বাকী কর্ত্তন বাদে বক্রী টাকা উহারদিগে দেওয়ান যায় মতে ইস্তাহার দেওয়া যাইতেছে যে সেওয়ায় মজহরান উক্ত ফাজীল টাকায় অন্য কেহ দাবিদার থাকে ১৫ রোজ মধ্যে আপন২ দরখাস্ত মায় সাবুদ হজুরে গুজরায় নচেৎ মেয়াদ গতে উচিত হুকুম হইবেক ইতি সন ১৮৪২। ১৮ জানুআরি মং সন ১২৪৮। ৬ মাঘ।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা মুরশিদাবাদ এই যে

গঙ্গাগোবিন্দ মৈত্র এক কেতা দরখাস্ত এই মর্ম্মে গুজরায় যে তরফ নারায়ণপুর জুপীন্দা যাহার সদর জমা ১২৬০।৴৩ পাই মজহর ও বলদেব সাহার নামে তাল্লুদ লেখা যায় তাহার মধ্যে উক্ত সাহার রকম ॥০ আনা আর মজহরের রকম ।০ আনা তাহার জমা ৬৩০৴১॥ পাই আপন আবশ্যক মত জেলা নদীয়ার মতালক জমশেরপুর নিবাসি রামগঙ্গা বাগচীর নিকট ৫০০০৲ হাজার টাকা মূল্যে বিক্রী করিয়া পণের বেবাক টাকা লই। রীতিমত কওয়ালা কবজ লিখিয়া দিয়া প্রার্থনা রাখে যে উহার নাম খরিজের উক্ত রকমে বাগচীর নাম জারি করা যায় মতে ইস্তাহার দেওয়া যাইতেছে যে সেওয়ায় বাগচী উক্ত রকমের দাবিদার অন্য কেহ থাকে ১৫ রোজ মধ্যে হজুরে হাজির হইয়া আপন২ দরখাস্ত মায় সাবুদ গুজরায় নচেৎ মেয়াদ গতে উচিত হুকুম হইবেক ইতি সন১৮৪২। ১৫ জানুআরি মং সন ১২৪৮। ৩ মাঘ।

P TAYLOR, *Collector.*

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ১ ফেব্রুআরি।]

SALES OF LAND

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা মুরশিদাবাদ এই যে

এই জেলার সংক্রান্ত হরিরামপুর নিবাসি ভগীরথ দফাদার এক কেতা দরখাস্ত এই মর্ম্মে দাখিল করে যে কীং পরগনে চুনাখালি সরকারের বাকী আদায় কারণ ৫৯০০০৲ হাজার টাকা পণে বিক্রী হইয়া মঞ্জুরি পর সরকারের বাকী ৩১২৩।৶৯ পাই কর্ত্তন বাদে ৫৫৮৭৬॥৩ তহবিলে মজুদ আছে উক্ত পরগনার মধ্যে তরফ পুটী জকের রকম ৶১৩।— ক্রান্তি ও যোত সুফকের রমক।০ আনা একুনে দুই রকমের সদর জমা ১৫২॥৶৪॥ পাই মজহরের হিস্যা সদর জমার কশট সুরত ২১২৬৸৴৮। পাই মজহরের পাওনা মতে প্রার্থনা রাখে যে উক্ত টাকা মজহরের দোসরা তালুক কীংপরগনে চুনাখালির বাকীতে জমা খরচ হয় মতে ইস্তাহার দেওয়া যাইতেছে যে উক্ত রকমের টাকার প্রতি সেওয়ায় মজহর আর কেহ দাবিদার থাকে ১৫ রোজ মধ্যে হজুরে হাজির হইয়া আপন২ দরখাস্ত মায় সাবুদ গুজরায় নচেৎ মেয়াদ গতে উচিত হুকুম হইবেক ইতি সন ১৮৪২। তাং ২৪ জানুআরি মং সন১২৪৮ সাল ১২ মাঘ।

P TAYLOR, *Collector*

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা মুরশিদাবাদ এই যে মথুরমোহন দাস এক কেতা দরখাস্ত এই মর্ম্মে দাখিল করে যে তরফ সাগর দিঘী সরকারের বাকী আদায় কারণ নিলাম বিক্রী হইয়া নিলাম মঞ্জুরি পর বেবাক পণের টাকা তহবিলে মজুদ আছে তাহার মধ্যে রাজকুমারীর হিস্যা।।০ আনা বিক্রী॥০ আনার মধ্যে

ভূমি বিক্রয়।

মজহরের হিস্যা ৶১৩। — ক্রান্তি মতে প্রার্থনা রাখে যে উক্ত রকমের ফাজীল টাকা উহাকে দেওয়ান যায় যে উহার অন্য তালুক বারজাটীয়ার বাকীতে দাখিল করে মতে ইস্তাহার দেওয়া যাইতেছে যে সেওয়ায় মজহর উক্ত টাকার দাবিদার থাকে ১৫ রোজ মধ্যে হাজির হইয়া আপন২ দরখাস্ত দাখিল করে এবং প্রমাণ পেশ করে নচেৎ মেয়াদ গতে উচিত হুকুম প্রকাশ হইবেক ইতি সন ১৮৪২। ২৫ জানুআরি মং সন ১২৪৮ তারিখ ১৩ মাঘ।

P TAYLOR, *Collector.*

ইস্তাহারনামা কাছারী কালেক্টরী জেলা মুরশিদাবাদ এই যে আরঙ্গাবাদ সাকিনের রাজেশ্বরী গুপ্তা তরফ চক নদীয়ার শামিল নক্করপুর মায় মুদাফা রকম ।৫ আনায় আপন নাম জারির প্রার্থনায় দরখাস্ত করায় ইস্তাহার জারী হয় তাহাতে রামেশ্বর চৌধুরী উক্ত মহাল আপন করার দিয়া উক্ত ব্যক্তির নাম জারিতে আপত্তির দরখাস্ত দাখিল করিয়াছে মতে পুনরায় অন্য২ দাবিদার হাজির হওনজন্য ইস্তাহার জারী করা আবশ্যক হইয়া ইস্তাহার দেওয়া যাইতেছে যে সেওয়ায় মজহরা ও আপত্তিকারক আর কেহ দাবিদার থাকে ১৫ রোজ মধ্যে হজুরে হাজির হইয়া আপন২ দরখাস্ত মায় সাবুদ গুজরায় নচেৎ মেয়াদ গতে উচিত হুকুম হইবেক ইতি সন ১৮৪২। ২৫ জানুআরি মং সন ১২৪৮। ১৩ মাঘ।

P TAYLOR, *Collector*

NOTICE

Found and supposed to be stolen, a Silver Watch, No 26779, maker Edward Gower, London, also a Patent Silver Pencil Case with the impression of a head on the Seal Apply to the Magistrate of Hooghly

The 13th January, 1842

বিজ্ঞাপন।

২৬৭৭৯ নম্বরী লণ্ডননগরের এডউয়ার্ড গোএরের নির্ম্মিত এক রূপার ঘড়ী এবং এক রূপার পেনসিল কেশ অর্থাৎ পেনসিল রাখিবার আধার পাওয়া গিয়াছে ঐ পেনসিল কেশের মোহরের উপর এক মস্তকের প্রতিমূর্ত্তি আছে বোধ হয় যে এই জিনিস চুরী হইয়াছে তাহার বিষয়ে হুগলীর মাজিষ্ট্রেট সাহেবের নিকটে দরখাস্ত করিতে হইবেক।

১৮৪২ সাল ১৩ জানুআরি।

SHERIFF'S SALES

সরিফের নীলাম।

সরিফের নীলাম।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে আগামি ফেব্রুআরি মাসের ৩ তারিখ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময়ে সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারাণ্ডায় সরিফের দফতরখানার প্রবেশ দ্বারের নিকটে কলিকাতার সরিফ সাহেবের হাতে তিলকচন্দ্র বসাকের নামে ফাইরাই ফেসিয়াস নামক যে এক পরওয়ানা আছে তদনুসারে তিনি নীচের লিখিত বিষয় নীলাম করিবেন।

১ দফা। কলিকাতা নগরের বড় বাজারে পায়রা তলার গলির শামিল ও তম্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টক নির্ম্মিত বসতিবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বদ্ধ ভূমি কমবেশ ১।০ এক বিঘা পাঁচ কাটা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত তিলকচন্দ্র বসাকের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ অর্থাৎ দক্ষিণ দিগে রাস্তা পূর্ব্ব দিগের এক ভাগে রাস্তা অন্য ভাগে পীতাম্বর সেটের বাটী ও ভূমি পশ্চিম দিগে সরূপমল্লিকের এক খণ্ড ভূমি উত্তর দিগে রাধাকৃষ্ণ বসাকের বাটী ও ভূমি।

২ দফা। এবং চব্বিশ পরগনার মধ্যে উল্টাডিঙ্গির শামিল ও তম্মধ্যস্থিত যে এক খণ্ড ও বদ্ধ বাগাত ভূমি কমবেশ ১২/ বারো বিঘা এবং তাহার মধ্যে যে এক পুষ্করিণী ও অনেক গাছ তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত তিলকচন্দ্র বসাকের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ অর্থাৎ পশ্চিম দিগে রাধামাধব বন্দ্যোপাধ্যায়ের বাগান পূর্ব্ব দিগে কাশীনাথ ঘোষালের বাগান দক্ষিণ দিগে খাইজু মোল্লার বাটী ও ভূমি উত্তর দিগে সরকারী রাস্তা।

সরিফ সাহেবের দফতরখানায় অন্বেষণ করিলে নীলামের নিয়ম জানা যাইতে পারিবেক।

[*Government Gazette, 1st February, 1842*]

In the month of February 1842, *will be published*

THE GUIDE

TO THE

CIVIL REGULATIONS

OF THE

BENGAL PRESIDENCY

COMPRISING

ALL THE UNREPEALED REGULATIONS ACTS, CONSTRUCTIONS AND CIRCULAR ORDERS TO THE CLOSE OF 1841

COMPILED AND METHODICALLY ARRANGED UNDER THE PATRONAGE OF THE GOVERNMENT OF BENGAL

By JOHN C MARSHMAN

SERAMPORE
1842

The Compiler has at length the pleasure of presenting to the community, the GUIDE TO THE CIVIL REGULATIONS OF THE BENGAL GOVERNMENT It is now ten years since the Native Judicial service was remodelled by Lord William Bentinck, on which occasion a Guide for the Moonsiffs Sudder Ameens and Principal Sudder Ameens, was published Another edition of it has for some time been called for, but the powers of Native Judges, more especially of the Principal Sudder Ameens, have been so greatly enlarged since that period, that any work to serve as a Directory for their proceedings, must embrace the whole body of Civil Law at this Presidency It has therefore been deemed advisable to include in the present compilation every Civil Enactment, Circular Order and Construction which has not been repealed, in order to render the work a complete *vade mecum* to the Legal Institutions of this Government

The work is printed in one Volume, Royal Octavo, and will contain between Six and Seven Hundred pages It is divided into Seven Chapters, and about Two Hundred and fifty Sections.

It consists of two parts, the Epitome, or introduction, and the Body of the work The Epitome contains the substance of each rule, in brief and simple language The reader is thus presented with the quintessence of the laws in the small compass of about a hundred and thirty pages, a perusal of which will be found useful in giving him a general view of our local legislation The Body of the work contains the Regulations, Acts, Constructions and Circular Orders in full, the two latter in a type smaller than that in which the statutes themselves are printed To the body of the work the Epitome will also serve as an Index

A list of every Regulation, Act, Construction or Circular Order, with reference to the page in the Epitome and the Body of the work in which it is to be found, will also be given

The *Appendix* will contain all those Regulations, Constructions and Orders in the department of Revenue, which are of ordinary use, and which it is the province of the Civil Courts to administer and enforce This part of the work will include more especially every rule affecting the mutual rights and interests of the agricultural community

The object of the Compiler has been to place the Civil Laws within the reach of all classes, in a form which would allow of an easy and correct reference to them in a portable volume and at a reasonable charge The price of the work has therefore been fixed at Twenty Rupees

To render the work available to the Judicial officers and the community in the North West Provinces a reference is made at the foot of each enactment to the corresponding Regulations, Constructions and Circular Orders passed for Benares and the Ceded and Conquered Provinces

A Bengalee Edition of it is in the press but the necessity of giving an official translation of the Constructions and Circular Orders, will probably protract the appearance of it for some months

Serampore, January 27th, 1842

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ১ ফেব্রুয়ারি।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জ ন মার্শমন সাহেবকর্তৃক মুদ্রিত।

গবর্ণমেন্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, FEBRUARY 8, 1842.

কলিকাতা মঙ্গলবার ১৮৪২ সাল ৮ ফেব্রুআরি।

CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE

No 1

To the Commissioners of Revenue for the Divisions of Patna, Bhaugulpore, Moorshedabad, Dacca, Jessore and Cuttack

I am directed by the Sudder Board of Revenue to call your attention to the notice published in the Calcutta Gazette of this day's date, fixing the sale days for 1842 3 and succeeding years, and to request that you will issue instructions to the Collectors of your Division for the *immediate* publication of the advertisement prescribed in Sect III Reg XII of 1841, in the several Courts and offices therein specified and also to take such measures as may be necessary for making the substance of the notice generally known throughout their several Districts.

E Currie, *Secretary*

Fort William, 22d January 1842

NOTICE

The undermentioned dates have been fixed by the Sudder Board of Revenue, under Section III Regulation XII of 1841, for commencing the sale of permanently Settled Estates for Arrears of Land Revenue due thereon, in the year 1842 43, and succeeding years, until otherwise notified from this Office:

In Districts, and for Mehals, in which the Bengal, or Umlee Era is current, with the exception of Zillah Sylhet,

28th June,
28th September,
28th December, and
28th March

In Districts, and for Mehals, in which the Fusly Era is current.

[*Government Gazette, 8th February, 1842.*]

সদর বোর্ড রেবিনিউর সরক্যুলর অর্ডর।

১ নম্বর।

পাটনা ও ভাগলপুর ও মুরশিদাবাদ ও ঢাকা ও যশোহর এবং কটকের এলাকার শ্রীযুত রাজস্বের কমিস্যনর সাহেব বরাবরেষু।

১ ফেব্রুআরি তারিখের বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটের প্রকাশিত যে একেলাতে ১৮৪২। ৪৩ এবং তৎপর২ সালে নীলামকরণের তারিখ নিরূপিত হইয়াছে তাহার বিষয়ে সদর বোর্ড রেবিনিউর হুকুমক্রমে তোমারদিগকে বিশেষ জানাইতেছি এবং আদেশ করিতেছি যে তোমরা আপন২ এলাকার কালেকটর সাহেবদিগকে ১৮৪১ সালের ১২ আইনের ৩ ধারার নির্দিষ্ট ইশতিহার ঐ ধারার লিখিত প্রত্যেক আদালত ও কাছারিতে অবিলম্বে প্রকাশ করিতে হুকুম দিবা এবং ঐ ইশতিহারের মর্ম্ম তাঁহারদের জিলার মধ্যে সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে যে উদ্যোগ আবশ্যক বোধ হয় তাহাই করিতে হুকুম দিবা।

ই করি। সেক্রেটারী

ফোর্ট উলিয়ম ১৮৪২। ২২ জানুআরি।

John C Marshman, *Bengalee Translator*

এস্তেহার।

ইস্তমরারী জমা ধার্য্যহওয়া ভূমির ১৮৪২। ৪৩ এবং তৎপর২ সালের বাকী মালগুজারী আদায়কারণ ১৮৪১ সালের ১২ আইনের ৩ ধারানুসারে তাহা নীলাম করিবার নিমিত্ত সদর বোর্ড রেবিনিউর সাহেবেরা নীচের লিখিত তারিখ নিরূপণ করিয়াছেন এবং ঐ বোর্ডের দফতরহইতে অন্য একেলা না হওনপর্য্যন্ত ঐ২ তারিখ বহাল থাকিবেক।

ছিলট জিলাভিন্ন যে জিলা ও মহালে বাঙ্গলা অথবা অমলী সন চলন আছে তাহাতে এই২ তারিখে নীলাম হইবেক।

২৮ জুন।
২৮ সেপ্টেম্বর।
২৮ ডিসেম্বর ও
২৮ মার্চ।

যেং জিলা ও মহালে ফসলী সন চলন আছে তাহাতে এই২ তারিখে নীলাম হইবেক।

7th June,
28th September,
28th December, and
28th March

Petty Estates, the Jummas of which do not exceed 100 Rupees, will be liable to sale only once, twice, or three times in the year, according to the amount of their respective jummas, viz

Bengal and Umlee Mehals

Estates with a Jumma of 10 Rs and under,	in March
Estates with a Jumma exceeding 10 and not exceeding 50 Rupees,	in December and March
Estates with a Jumma exceeding 50 and not exceeding 100 Rupees,	in December March and June

Fusly Mehals

Estates with a Jumma of 10 Rupees and under,	in June
Estates with a Jumma exceeding 10 and not exceeding 50 Rupees,	in December and June
Estates with a Jumma exceeding 50 and not exceeding 100 Rupees,	in December, March and June

The following dates have been fixed for Zillah Sylhet,

28th September,
18th January, and
18th April

N B—This Notice does not apply to the Districts of the Chittagong Division, viz Chittagong, Tipperah, and Bullooah, the fixed dates for which have been already advertized under the authority of the Commissioner of that Division

E CURRIE *Secretary*
Fort William, January 22d, 1812

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY AND NIZAMUT ADAWLUT

No 4402.

To the Civil and Session Judges in the Lower Provinces, the Commissioner of the 19th Division, and the Session Judge for the trial of Thugs

I am directed by the Courts of Sudder Dewanny and Nizamut Adawlut to transmit to you a Copy of a List of qualified Moulvees, received from the Deputy Secretary to the Government of Bengal in the Judicial Department, and to desire that should the services of the Candidates therein named be required, their claims may be duly considered, on the occurrence of vacancies in the situation of Law Officer

W KIRKPATRICK, *Deputy Register.*
Fort William, 24th December, 1841

[গবর্ণমেন্ট গেজেট ১৮৪২। ৮ফেব্রুআরি।]

৭ জুন।
২৮ সেপ্টেম্বর।
২৮ ডিসেম্বর এবং
২৮ মার্চ।

যে ক্ষুদ্র২ মহালের জমা ১০০৲ টাকার অনধিক তাহার জমা বুঝিয়া বৎসরের মধ্যে এক কিম্বা দুই বা তিনবার নীলাম হইবেক অর্থাৎ।

যে মহালে বাঙ্গলা ও অমলী সন চলন আছে তাহাতে।

১০৲ টাকা ও তাহার কম জমা ধার্য্য হওয়া ভূমি	মার্চ মাসে।
১০৲ টাকার অধিক কিন্তু ৫০৲ টাকার অনধিক জমা ধার্য্য হওয়া ভূমি	ডিসেম্বর ও মার্চ মাসে।
৫০৲ টাকার অধিক কিন্তু ১০০৲ টাকার অনধিক জমা ধার্য্য হওয়া ভূমি	ডিসেম্বর ও মার্চ এবং জুন মাসে।

যে মহালে ফসলী সন চলন আছে তাহাতে।

১০৲ টাকা ও তাহার কম জমা ধার্য্য হওয়া ভূমি	জুন মাসে।
১০৲ টাকার অধিক কিন্তু ৫০৲ টাকার অনধিক জমা ধার্য্য হওয়া ভূমি	ডিসেম্বর ও জুন মাসে।
৫০৲ টাকার অধিক কিন্তু ১০০৲ টাকার অনধিক জমা ধার্য্য হওয়া ভূমি	ডিসেম্বর মার্চ ও জুন মাসে।

জিলা শ্রীহট্টের নিমিত্তে নীচের লিখিত তারিখ নিরূপণ হইয়াছে।

২৮ সেপ্টেম্বর।
১৮ জানুআরি এবং
১৮ আপ্রিল।

মন্তব্য কথা। এই এস্তেলা চাটিগাঁর এলাকার মধ্যে অর্থাৎ চাটিগা ও ত্রিপুরা এবং বলুআ জিলার নানা মহালে খাটিবেক না। ঐ২ জিলার মহাল নীলাম করণের নিরূপিত দিবস ঐ এলাকার কমিস্যনর সাহেবের হুকুমক্রমে পূর্ব্বে প্রকাশ হইয়াছে।

ই করি। সেক্রেটারী।
ফোর্ট উলিয়ম ১৮৪২। ২২ জানুআরি।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের সরক্যুলর অর্ডর।

৪৪০২ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল ও সেশন জজ সাহেব ও ১৯ সংখ্যক এলাকার শ্রীযুত কমিস্যনর সাহেব ও ঠগেরদের বিচারার্থ নিযুক্ত শ্রীযুত সেশন জজ সাহেব বরাবরেষু।

জুডিসিয়ল ডিপার্টমেন্টে বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের ডেপুটী সেক্রেটারীর স্থানে কর্ম্মোপযুক্ত মৌলবীরদের যে এক ফর্দ্দ পাওয়া গিয়াছে তাহার নকল সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের হুকুমক্রমে তোমার নিকটে পাঠাইয়া এই আদেশ করিতেছি যে ব্যবস্থাদায়ক কর্ম্মকারকের কোন পদ শূন্য হইলে ঐ ফর্দ্দের লিখিত কর্ম্মাকাঙ্ক্ষি কোন ব্যক্তিরদিগকে কর্ম্মে নিযুক্ত করণের আবশ্যক হইলে তাঁহারদের বিষয়ে উপযুক্ত মত বিবেচনা করা যায়।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।
ফোর্ট উলিয়ম। ১৮৪১। ২৪ ডিসেম্বর।

LIST of Moulavees who obtained Certificates of qualification in Mahomedan Law from the Committee of Examination Acting under the provisions of Regulation XI 1826 at a General Examination held on the 21st October 1841

Nos	Names	Age	BIRTH PLACE			Present Residence	Remarks
			Village	Pergunnah	Zillah		
1	Walee Ashruf,	27	Ghorashal	Shureefpore,	Dacca,	Cal Mudrassa	
2	Alee Tahir,	29	Yeelacheepore,	Muveemabad,	Dacca Jelalpore,	Ditto	
3	Abdoor Rubb	31	Shaikpore,	Ramchunderpore,	Jessore,	24 Pergunnahs	
4	Seyud Mohummud Hoseyn,	40	Dehlee,	Dehlee,	Dehlee City	Culingah	
5	Ajeeb Ahmud	35	Rampore,	Rampore,	Sumbhul Moradabad,	Cal Muddrassa	

J W J OUSELEY, *Jt Secy Law Exn Committee*

১৮৪১ সালের ২১ অকটোবর তারিখে সাধারণ পরীক্ষার সময়ে ১৮২৬ সালের ১১ আইনের বিধানানুসারে পরীক্ষার কমিটির সাহেবেরদের স্থানে যে মৌলবীরা মুসলমানের শরা তে যোগ্যতাওনের সর্টিফিকট পাইয়াছেন তাঁহারদের নামের ফর্দ্দ।

নম্বর	নাম	বয়ঃক্রম	জন্মস্থান			বর্ত্তমান বাসস্থান	মন্তব্য কথা
			গ্রাম	পরগনা	জিলা		
১	ওয়ালী আশরফ	২৭	ঘোড়াশালা	সরিফপুর	ঢাকা	কলিকাতার মদরসা	
২	আলী তাহির	২৯	এলাচীপুর	মক্কিমাবাদ	ঢাকা জলালপুর	ঐ	
৩	আদের রব	৩১	সেকপুর	রামচন্দ্রপুর	যশোহর	চব্বিশপরগনা	
৪	সায়দ মহম্মদ হুসেন	৪০	দিল্লী	দিল্লী	দিল্লী শহর	কলিঙ্গা	
৫	আজীব আহমদ	৩৫	রামপুর	রামপুর	সম্ভলমুরাদাবাদ	কলিকাতার মদরসা	

জে ডবলিউ জে উসলি। আইনপরীক্ষক কমিটির জাইন্ট সেক্রেটারী।

JOHN C MARSHMAN, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT

No 4434

To the Civil Judges in the Lower Provinces

1 The Court are pleased to circulate the following directions regarding the duties and remuneration of Ameens, appointed under the Circular Order No 197, 13th January 1837

2 The duties on which the Civil Courts are empowered by the Circular Order above mentioned

সদর দেওয়ানী আদালতের সরকুলর অর্ডর।

৪৪৩৪ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহেব বরাবরেষু।

১। ১৮৩৭ সালের ১৩ জানুআরি তারিখের ১৯৭ নম্বরী সরকুলর অর্ডরঅনুসারে যে আমানেরা নিযুক্ত হন তাঁহারদের কার্য্য ও মেহনতানার বিষয়ে সদর আদালতের সাহেবেরা নীচের লিখিত হুকুম প্রকাশ করিতেছেন।

২। দেওয়ানী আদালতের সাহেবেরা উপরের লিখিত সরকুলর অর্ডরঅনুসারে আমানেরদিগকে যে

to employ Ameens are detailed in Section 50 to 53, of Regulation XXIII, 1814, and may be classed under these heads

1 The investigation of accounts in revenue or mercantile transactions, regarding the boundaries of lands or houses, regarding the right of way in roads or pathways, regarding any right in forests, commons, rivers, lakes, ponds, wells reservoirs or water courses, regarding the quantity and description of land and rent to which it is liable, and generally all questions of local rights and usages which cannot be ascertained by reference to the Collector's records and cannot conveniently be decided without an enquiry on the spot

II The delivery of formal possession of lands, houses, or other real property in conformity with decrees or orders of Court

III The attachment and sale of houses, gardens, orchards or small portions of Lakhiraj land, as well as of personal property, for the purpose of realizing the amount of fines, or of decrees, or other orders of Court, and

IV Enquiring into and reporting on the sufficiency of Securities, and the indigence of persons suing in forma pauperis

3 As regards the last class of duties, it has been ruled by Construction 1078, that no fees can be levied for the remuneration of the Ameen in cases in which he may be employed in investigating the sufficiency of Securities tendered to the Sudder Dewanny Adawlut or Zillah Courts, or in enquiring into the circumstances of parties desiring to sue as paupers, and that, therefore if the employment on those duties of persons who do not receive any fees, should be deemed objectionable, the Judges may as heretofore, confide the duty to the Nazir or to the Moonsiffs The latter course, it is to be presumed, would be always followed, the gratuitous use of the services of an unsalaried Agent dependant for livelihood on the commission he may receive for work performed, being obviously improper

4 As respects the first two classes of cases, the Court consider that no better rule for the Ameens' remuneration can be adopted than that contained in Clause 2, Section 51, Regulation XXIII 1814, cited in the margin * The Law nowhere fixes the specific amount of remuneration to be paid to the Ameens under the rule above referred to, but merely directs that the Court shall order such sum to be paid to the Ameen as may be thought reason-

* Viz that previously to issuing any instructions to a Moonsiff for the performance of any of the duties described in that or the preceding Section, the Judge shall require either the plaintiff or the defendant, according to the circumstances of the case, to pay into Court such a sum of money as may be an adequate remuneration to the Moonsiff for his trouble, provided such sum do not exceed the probable expense which would be incurred if an Ameen or a Native Officer of the Court were employed on the same duty.

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২ । ৮ ফেব্রুআরি ।]

কর্ম্মে নিযুক্ত করিতে পারেন তাহা ১৮১৪ সালের ২৩ আইনের ৫০ । ৫১ । ৫২ । ৫৩ ধারাতে বিশেষরূপে লিখিত হইয়াছে এবং তাহা এই২ ।

প্রথম দফা। মালগুজারীর হিসাবকিতাবের কিম্বা তেজারতের কারবারের বাবৎ কিম্বা ভূমি কিম্বা বাটীর সীমাসরহদ্দের বাবৎ অথবা সরেবাস্তা কি পথ দিয়া গমনাগমনের হকের বাবৎ অথবা জঙ্গল কি অনেকের ব্যবহারের পতিত ভূমির কিম্বা নদনদী কি ঝীল ক পুষ্করিণী কি কূপ কি জলাশয় কি খালের বাবৎ কিম্বা জমীর সংখ্যা ও রকমের ও তাহার জমার বাবৎ এবং সামান্যত. যে সকল বিষয় ও বস্তু স্থানের রেওয়াজ ও দস্তুরের সহিত সম্পর্ক রাখে এমত যে সকল বিষয় কালেক্টর সাহেবের রোয়দাদের মধ্যে অন্বেষণ করিলে নির্য্যাস পাওয়া যায় না এবং সরে জমীনে গিয়া তজবীজ না করিলে ভালমতে নিষ্পত্তি হইতে পারে না এমত সকল বিষয়ের তজবীজকরণ।

দ্বিতীয় দফা। আদালতের ডিক্রী ও হুকুমমতে ভূমি কিম্বা বাটী অথবা অন্য স্থাবর বস্তুতে দখল দেওয়ান।

তৃতীয় দফা। জরীমানার টাকা উসুলের কিম্বা আদালতের ডিক্রী বা অন্য হুকুমের টাকা আদায়ের কারণ বাটী কিম্বা বাগান বা ফলের বাগান কি ক্ষুদ্র বন্দ লাখেরাজ ভূমি বা অন্য অস্থাবর বস্তু ক্রোক ও বিক্রয়করণ।

চতুর্থ দফা। জামিনীর মাতবরীর তহকীক করিয়া তাহার রিপোর্টকরণ এবং যে ব্যক্তিরা পাপরমতে নালিশ করিতে চাহে তাহারদের মফলিসী অর্থাৎ যোত্রহীনতার তহকীক করিয়া রিপোর্টকরণ।

৩ । চতুর্থ দফার লিখিত কার্য্যের বিষয়ে ১০৭৮ নম্বরী ব্যাখ্যাতে হুকুম আছে যে সদর দেওয়ানী আদালতে অথবা জিলা আদালতে যে জামিনীর প্রস্তাব হয় তাহার মাতবরীর বিষয়ে তহকীক করণার্থ এবং পাপরমতে যাহারা নালিশ করিতে চাহে তাহারদের যোত্রহীনতার বিষয়ে তহকীককরণার্থ আমীনেরা নিযুক্ত হইলে তাঁহারদের মেহনতানার নিমিত্ত কোন রসুম লওয়া যাইতে পারে না অতএব যে ব্যক্তিরা কোন রসুম পান না তাহারদিগকে সেই২ কার্য্যে নিযুক্তকরা যদি উচিত বোধ না হয় তবে জজ সাহেবেরা পূর্ব্ববৎ সেই২ কার্য্যের ভার নাজির কিম্বা মুনসেফের প্রতি অর্পণ করিতে পারেন বোধ হয় যে নাজির কিম্বা মুনসেফের হাতে তাহা অর্পণ করাই ভদ্র যেহেতুক যে২ কর্ম্মকারক মাহিয়ানা পান না কিন্তু আপনারদের নিষ্পাদিত কার্য্যের উপর যে কমিস্যন পান তাহাতেই গুজরাণ হয় এমত কর্ম্মকারকদিগকে যে কার্য্যে কমিস্যন নাহি তাহাতে নিযুক্তকরা অনুচিত।

৪ । সদর আদালতের সাহেবেরা বোধ করেন যে প্রথম ও দ্বিতীয় দফার লিখিত কার্য্যের নিমিত্ত ১৮১৪ সালের ২৩ আইনের ৫১ ধারার * লিখিত মেহনতানা আমীনেরদের বিষয়ে নির্দ্দিষ্ট করিয়া দেওয়া উত্তম। ঐ ধারানুসারে আমীনকে যে মেহনতানা দিতে হয় তাহা আইনেতে বিশেষরূপে নির্দ্দিষ্ট নাহি আইনে এইমাত্র হুকুম আছে যে আমীনের মেহনৎ বুঝিয়া যে মেহনতানা উচিত বোধ হয় তাহা আদালতের সাহেবেরা দিতে হুকুম

* এই ধারার কি ইহার পূর্ব্ব ধারার লেখা কর্ম্ম নির্ব্বাহকরণের বিষয়ে মুনসেফদিগেরে হুকুম দিবার পূর্ব্বে জজ সাহেবের কর্ত্তব্য যে যে মোকদ্দমা যেমন তাহার মতে ফরিয়াদী কি আসামীকে হুকুম দেন যে মুনসেফদিগের ঐ কর্ম্মকরণের যে মেহনতানা উপযুক্ত হয় ও সেই কর্ম্ম নির্ব্বাহ করিতে আমীন কি আদালতের অন্য আমলা নিযুক্ত হইলে যে আন্দাজ খরচ হইত তাহার অধিক না হয় তাহা আদালতে দাখিল করে।

able for his trouble, and enjoins care on the part of the Court, that expenses be not unnecessarily incurred by the Ameen through delay, or other cause

5 The Court have been pleased to fix the maximum amount of remuneration to be awarded to the Ameen in such cases at 12 annas per diem for himself, and 3 annas for the hire of two peadahs, or a total rate of 15 annas per diem, and this rate is on no account to be exceeded

6 It will be the duty of the presiding authority, at the time of directing the appointment of an Ameen, to fix the period within which he should be required to make his return, and to determine the rate of his remuneration under the limits above laid down, as well as by which of the parties the amount shall be deposited, and the Ameen shall on no account be appointed till such sum have been paid in The amount having been deposited, a moiety of it shall be paid to the Ameen and the balance on the completion, to the satisfaction of the Court, of the duty assigned to him When such duty may be found to have been discharged in a negligent or improper manner, the Court shall pass in regard to the balance in deposit, such order as in each case, on a full review of the circumstances, may appear just and proper, either causing its refund to the depositing party, or appointing a second Ameen, for the satisfactory completion of the work, the latter shall not however, be entitled to receive as remuneration, more than the balance remaining in deposit

7 Where the Ameen may find it impracticable to make his return within the period fixed by the Court, he shall submit a report to that effect, prior to the expiration of that term, stating fully the progress he has made towards execution of the order, and the circumstances which hinder completion within the period allowed The Court shall immediately take such report into consideration, and if it appear that the delay has arisen from neglect of the parties, or either of them or from other circumstances beyond the control of the Ameen and in no way involving his conduct, it shall be competent to the Court to grant such extension of time as may seem proper, and to direct the deposit, within a certain period, of such additional sum for the remuneration of the Ameen as may be deemed reasonable The Court shall at the same time, be competent to order payment to the Ameen of such portion of the balance of original deposit, as may suffice for his immediate expenses In the event of the further deposit not being made within the time fixed, and the party, or his Vakeel, ordered to deposit the same, not being able to shew satisfactory cause for the delay, the Court shall order the Ameen to strike the case off on default, and direct the payment to him, of the balance in deposit. When however the delay may be owing to the neglect of the Ameen, the Court shall require him to complete the duty within such further period as it may be fit to grant, but shall not allow him any additional compensation for that period

8. As regards the third and most numerous

করিবেন এবং বিলম্ব বা অন্য কারণপ্রযুক্ত আমীনের দ্বারা অনাবশ্যক কিছু খরচ না হয় এ বিষয়ে সাবধান হইবেন।

৫। এক্ষণে সদর দেওয়ানী আদালত হুকুম করিতেছেন যে উক্ত কার্য্যে নিযুক্ত হইলে আমীন প্রতিদিন আপনার নিমিত্তে ৸৹ আনা করিয়া এবং দুই পেয়াদার নিমিত্তে ৶ আনা করিয়া সর্ব্বসুদ্ধ দিনপ্রতি ৸৶ আনার অধিক কখন পাইবেন না।

৬। কর্ত্তৃত্বকারি কর্ম্মকারকের উচিত যে আমীনকে যখন নিযুক্ত করেন তখন যে মিয়াদের মধ্যে কার্য্য সম্পন্ন করিয়া তাহার রিটর্ণ করিতে হইবেক তাহা এবং উপরের লিখিত সীমার মধ্যে তাঁহাকে যে মেহনতানা দেওয়া যাইবেক তাহা এবং উভয় বিবাদির যে পক্ষের ঐ মেহনতানার টাকা আমানৎ করিতে হইবেক তাহা নির্দ্দিষ্ট করেন। এবং ঐ টাকা দাখিল না হইলে আমীন নিযুক্ত হইবেন না। ঐ টাকা আমানৎ হইলে তাহার অর্দ্ধেক আমীনকে দেওয়া যাইবেক এবং অর্পিত কার্য্য সম্পন্ন হইলে এবং আদালত তাহাতে সন্তুষ্ট হইলে অবশিষ্ট টাকা তাঁহাকে দেওয়া যাইবেক। যখন এইমত দৃষ্ট হয় যে ঐ কার্য্য শৈথিল্য বা অনুচিতরূপে করা গিয়াছে তখন আদালত সমস্ত বিষয়ের উত্তমরূপে বিবেচনা করিয়া আমানতী টাকার অবশিষ্ট বিষয়ে যেরূপ যথার্থ বোধ হয় সেইরূপ হুকুম দিবেন অর্থাৎ হয় ঐ টাকা আমানৎকারি ব্যক্তিকে ফিরিয়া দেওয়াইবেন নতুবা ঐ কার্য্য খাতিরজমারূপে নির্ব্বাহ করণের নিমিত্ত অন্য এক জন আমীনকে নিযুক্ত করিবেন। যদ্যপি অন্য আমীন নিযুক্ত হন তবে তিনি আপনার মেহনতানার নিমিত্ত আমানতের অবশিষ্ট যত টাকা থাকে তাহার অধিক পাইবেন না।

৭। আদালত যে মিয়াদ নিরূপণ করেন তাহার মধ্যে কার্য্য সিদ্ধ করিয়া রিটর্ণ করা যদ্যপি আমীনের অসাধ্য হয় তবে তিনি ঐ মিয়াদের শেষ না হইতে২ তাহার বিষয়ে এক রিপোর্ট করিবেন এবং ঐ হুকুম জারীকরণেতে যেপর্য্যন্ত কার্য্য হইয়াছে তাহা এবং নিরূপিত মিয়াদের মধ্যে কার্য্য সম্পন্ন করিতে যে২ বাধা হইয়াছে তাহা ঐ রিপোর্টে লিখিবেন। আদালত ঐ রিপোর্ট তখনি বিবেচনা করিবেন এবং যদ্যপি এইমত দৃষ্ট হয় যে ঐ বিলম্ব উভয় বিবাদির কিম্বা তাহার কোন এক জনের ত্রুটিপ্রযুক্ত হইয়াছে অথবা আমীনের নিবারণকরা অসাধ্য এমত কোন প্রতিবন্ধকপ্রযুক্ত হইয়াছে এবং তাহাতে আমীনের কিছু কসুর নাহি তবে আদালত অধিক যে মিয়াদ উচিত বোধ করেন তাহা দিতে পারেন এবং আমীনের মেহনতানার নিমিত্ত যে অধিক টাকা ওয়াজীবী বোধ হয় তাহা কোন নিরূপিত কালের মধ্যে আমানৎ করিতে হুকুম দিতে পারেন। পরে প্রথমবারের আমানতের অবশিষ্ট টাকার যে ভাগ আমীনের সদ্যঃ খরচের নিমিত্ত উচিত বোধ হয় তাহা তাঁহাকে দেওয়াইতে হুকুম করিতে পারেন। দ্বিতীয়বারের আমানতী টাকা যদি নির্দ্দিষ্ট কালের মধ্যে দাখিল না হয় এবং যে বিবাদিকে তাহা আমানৎ করিতে হুকুম হয় যদি সে ব্যক্তি অথবা তাহার উকীল বিলম্বের উপযুক্ত কারণ না দেখাইতে পারে তবে আদালত আমীনকে ঐ বিষয় কসুরপ্রযুক্ত উঠাইয়া ফেলিতে হুকুম দিবেন এবং আমানতী টাকার অবশিষ্ট তাঁহাকে দেওয়াইতে হুকুম করিবেন। কিন্তু যখন কার্য্য নির্ব্বাহের বিলম্ব আমীনের ত্রুটিপ্রযুক্ত হয় তখন আদালত যে অধিক মিয়াদ নির্দ্দিষ্ট করিতে উচিত বোধ করেন্ সেই মিয়াদের মধ্যে তাঁহাকে ঐ কার্য্য সম্পন্ন করিতে হুকুম করিবেন কিন্তু ঐ অধিক কালের নিমিত্ত তাঁহাকে অধিক মেহনতানা দেওয়াইবেন না।

৮। তৃতীয় দফার লিখিত কার্য্য অর্থাৎ দেওয়ানী

class of cases, in which real or personal property has to be attached and sold in realization of sums awarded by the Civil Courts,* much difference of practice is believed to prevail in the manner of employing the Ameens, in some districts their agency being confined to the conduct of the sale, while it includes the attachment as well as the drawing up and issue of the sale advertisement in others and in some instances Ameens have been in the habit of receiving petitions of objection to the sale, and transmitting them to the Court, whence they have been generally directed to conduct the inquiry into such objections, and report the results for orders. It has been, however determined by the Court, that the duty of issuing the advertisement of sale, as well as the reception of their own authority of any petition of objections to the sale, is beyond the competency of the Ameens to perform, and their agency is to be restricted to the attachment and sale.

9. For this duty under Section 51, Regulation XXIII 1814, the Ameens are entitled to receive a Commission of one anna in the Rupee on the proceeds of sales effected by them, but provision is not made for the following contingencies, on the occurrence of which under the above rule the Ameen can receive no compensation to which he is nevertheless entitled for the trouble and expense to which he may have been subjected.

I. Where no part, or only a very small portion of the property included in the Schedule filed by the decree holder, and ordered to be attached through the Ameen, may, after due search and enquiry, be forthcoming.

II. Where, after attachment of the property but prior to the date fixed for its sale, the party liable for the demand, may discharge the same, or, having compromised the matter with the decree holder, the latter may file a "razeenamah" or where the sale may be postponed and eventually stopped by order of the Court, or where, from any other cause, it may not take place.

III. Where the Ameen may actually have proceeded, on the day fixed for sale, to the spot, and the sale may not take place owing to payment of the amount, or other cause, and

IV. Where the sale having taken place, may afterwards be reversed for some cause not involving the conduct of the Ameen.

10. Respecting the first three contingencies, the Court have resolved that the Ameen, in compensation for his trouble and expense, shall be paid by the same rate of daily allowance, as that fixed

---

* It has been ruled that Ameens appointed under Circular Order 13th January 1837, have the constructive power under Clause 3, Section 2, Regulation VII 1825, of selling real as well as personal property in satisfaction of decrees. See Circular Order No 69, 7th February 1840.

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ৮ ফেব্রুআরি।]

আদালতের হুকুমকর টাকা আদায়ের নিমিত্ত স্থাবর ও অস্থাবর সম্পত্তি ক্রোক ও বিক্রয়করা* ইহাই অধিক হয়। সেই২ কর্ম্মে আমীনদিগকে নিযুক্তকরণের রীতি ও ব্যবহারের বিষয়ে অনেক বৈলক্ষণ্য আছে। কোন২ জিলাতে তাঁহারা শুদ্ধ নীলাম নির্ব্বাহ করেন অন্য২ জিলায় তাঁহারা সম্পত্তি ক্রোক করেন এবং নীলামের ইশ্‌তিহার প্রস্তুত করিয়া জারী করেন। কখন২ নীলামের বিষয়ে আপত্তির দরখাস্ত আমীনেরা লইয়া আদালতে পাঠাইয়া থাকেন এবং আদালতের সাহেবেরা প্রায়ই তাঁহারদিগকে ঐ আপত্তির বিষয় তহকক করিয়া আদালতের হুকুম পাইবার নিমিত্ত রিপোর্ট করিতে আজ্ঞা দেন। কিন্তু সদর আদালতের সাহেবেরা এই স্থির করিয়াছেন যে নীলামের ইশ্‌তিহার জারীকরণের কার্য্য এবং ঐ নীলামের আপত্তির দরখাস্ত আমীনেরা আপনারদের বিবেচনাক্রমে গ্রহণ করিতে পারেন না। তাঁহারা শুদ্ধ সম্পত্তি ক্রোক ও নীলাম করিতে পারেন।

৯। ১৮১৪ সালের ২৩ আইনের ৫১ ধারায় হুকুম আছে যে আমীনেরা এই কার্য্য সম্পাদনের নিমিত্ত তাঁহারদের দ্বারা নিষ্পত্তিহওয়া নীলামী টাকার ষোল আনার এক আনা কমিস্যন পাইবেন কিন্তু তাহার মধ্যে পশ্চাৎ লিখিত বিশেষ২ গতিকের নিমিত্ত কিছু নির্দ্দিষ্ট নাহি ঐ২ গতিক উপস্থিত হইলে আমীন উক্ত বিধানানুসারে কিছু মেহনতানা পাইতে পারেন না অথচ ঐ২ কার্য্যসাধনে তাঁহার যে মেহনৎ ও খরচ পড়ে তাহা তাঁহাকে অবশ্য পোষাইয়া দেওয়া উচিত।

প্রথম দফা। যে গতিকে ডিক্রীদারের দাখিলহওয়া তফসীলের লিখিত সম্পত্তি আমীনের দ্বারা ক্রোককরণের হুকুম হয় ঐ সম্পত্তির বিষয়ে উপযুক্তমত অনুসন্ধান ও অন্বেষণ করিয়া তাহার কোন ভাগ পাওয়া যায় না অথবা তাহার ক্ষুদ্র ভাগমাত্র পাওয়া যায় সেই গতিক।

দ্বিতীয় দফা। যে গতিকে সম্পত্তি ক্রোককরণের পর কিন্তু তাহা নীলামের দিবসের পূর্ব্বে যে ব্যক্তি দায়ী তিনি সেই টাকা পরিশোধ করেন অথবা ডিক্রীদারের সঙ্গে বন্দোবস্ত করিয়া ঐ ডিক্রীদার এক রাজিনামা দাখিল করেন অথবা আদালতের আজ্ঞাক্রমে ঐ নীলামের বিলম্ব হয় এবং পরিশেষে রহিত হয় অথবা যে গতিকে অন্য কারণপ্রযুক্ত নীলাম না হয় সেই২ গতিক।

তৃতীয় দফা। যে গতিকে নীলামের নিরূপিত দিবসে আমীন স্থানে পঁহুছেন কিন্তু টাকা পরিশোধহওয়াতে অথবা অন্য কারণে নীলাম না হয় সেই গতিক।

চতুর্থ দফা। যে গতিকে নীলাম সম্পন্ন হইলে পর আমীনের বিনাদোষে কোন কারণপ্রযুক্ত তাহা রহিত হয় সেই গতিক।

১০। পূর্ব্বোক্ত প্রথম তিন গতিকে সদর আদালতের সাহেবেরা এই স্থির করিয়াছেন যে আমীন আপনার মেহনৎ ও খরচের নিমিত্ত এই পত্রের ৫ ধারার নিরূপিত হারানুসারে দিন২ মেহনতানা পাইবেন অর্থাৎ

---

* মন্তব্য কথা। এইমত হুকুম হইয়াছে যে ১৮৩৭ সালের ১৩ জানুআরি তারিখের সরকুলর অর্ডরঅনুসারে যে আমীনেরা নিযুক্ত হন তাঁহারা যেমতে আদালতের ডিক্রী অনুসারে অস্থাবর সম্পত্তি নীলাম করিতে পারেন সেইমত ১৮২৫ সালের ৭ আইনের ২ ধারার ৩ প্রকরণের। অর্থানুসারে স্থাবর সম্পত্তিও নীলামকরিতে পারিবেন ১৮৪০ সালের ৭ ফেব্রুআরি তারিখের ৬৯ নম্বরী সরকুলর অর্ডর দেখ।

in paragraph 5 of this letter, viz 12 annas for himself and 3 annas for the hire of peadahs, the number of days being calculated according to the distance, on a fixed scale of distance per diem, which the Court are pleased to establish at 10 miles per diem Every day of detention at the place of attachment or sale, which may be compulsory, and beyond the control of the Ameen, will be charged for in addition at the above rate, and the remuneration of one day will be paid to the Ameen on the occurrence of the 2d contingency, should the sale have been stopped in time enough to prevent the departure of the Ameen from his usual abode, for the purpose of effecting the sale

11 It is at the same time provided, that the total amount receivable by the Ameen under the above rule, shall in no case, exceed the amount he would have got if the sale had been effected in due course

12 In the fourth and last contingency mentioned, the Court deem it just that the Ameen, where the sale, having taken place, may be reversed, receive the full commission of 1 anna in the Rupee on the proceeds of the sale as he will have been subjected to the same labour and expense, and have incurred the same responsibility as if the sale had been confirmed The Court ordering the sale will in such case determine by which of the parties the cost incurred on this account, as well as when the sale may be stayed by an order of the Court, shall be ultimately borne When the decree holder may file a razeenamah, the Commission of the Ameen shall be recovered from him, leaving him to make his arrangements for obtaining reimbursement of the amount in any compromise concluded with the opposite party, but when the sale may be stayed owing to the payment into Court, or to the Ameen of the demand by the opposite party, such payment shall also include the Ameen's Commission calculated under whichever of the foregoing rules may apply to the case and which should first be paid to the Ameen before any payment is made to the decree holder

13 Ordinarily the delivery of possession to auction purchasers of property sold by Ameens is to be considered as included in the duty for the performance of which the Ameen receives the Commission of 1 anna in the Rupee on the sale proceeds, but where the delivery of possession may have been unduly resisted, it will form a separate case, falling within the rule laid down in paragraph 4 of this letter, and be dealt with accordingly

W Kirkpatrick, *Deputy Register*

Fort William, December, 31st, 1841

CIRCULAR ORDERS OF THE SUDDER NIZAMUT ADAWLUT

No 33

To the Session Judges in the Lower Provinces.

I I am directed to draw your attention to the provisions of Act XXXI of 1841, and to comma-

আপনার নিমিত্তে ৷৵০ আনা এবং পেসাদারদের নিমিত্ত ৶ আনা। এবং দিনের সংখ্যা দূরত্বানুসারে হিসাব করা যাইবেক এবং সদর আদালতের সাহেবেরা হুকুম করিতেছেন যে প্রতিদিন দশমাইল অর্থাৎ পাচ ক্রোশ ধরা যাইবেক। যে স্থানে জিনিস ক্রোক অথবা নীলাম হয় সেই স্থানে যদি আমীনের নিবারণকরা অসাধ্য কোন কারণ প্রযুক্ত তাঁহার অগত্যা থাকিতে হয় তবে উক্ত হারের অতিরিক্ত ঐ দিবসের মেহনতানা তিনি পাইবেন। যদি দ্বিতীয় দফার লিখিত গতিকে দিন থাকিতে নীলাম স্থগিত হয় এবং নীলাম করিবার নিমিত্ত আমীনের আপনার সাধারণ বাসস্থানহইতে গমনকরা নিবারণ হয় তবে তিনি এক দিনমাত্রের মেহনতানা পাইবেন।

১১। কিন্তু আরো নির্দ্দিষ্ট হইল যে উক্ত ১০ ধারার বিধানানুসারে আমীন যাহা পাইতে পারেন তাহা সকল সুদ্ধ রীতিমতে নীলাম সম্পন্ন হইলে যাহা পাইতেন তদপেক্ষা অধিক হইবেক না।

১২। চতুর্থ এবং শেষের লিখিত গতিকের বিষয়ে সদর আদালতের সাহেবেরা এই স্থির করিয়াছেন যে যখন নীলাম নিষ্পত্তি হইয়া পরে রহিত হয় তখন নীলামী টাকার মধ্যে ষোল আনার এক আনা সম্পূর্ণ কমিস্যান আমীনকে দেওয়া যথার্থ কেননা নীলাম মঞ্জুর হইলে কি না হইলে তাঁহার তুল্য মেহনৎ ও খরচ ও দায়। এই নিমিত্ত এবং আদালতের হুকুমক্রমে নীলাম স্থগিত হইলে যে খরচ হইয়াছে তাহা উভয় বিবাদির কাহার শিরে পড়িবেক ইহা নীলামের হুকুমকারি আদালত হুকুম করিবেন। যখন ডিক্রীদার রাজীনামা দাখিল করে তখন আমীনের কমিস্যান তাহার স্থানে পাওয়া যাইবেক এবং অন্য পক্ষের সঙ্গে তিনি যে বন্দোবস্ত করেন তাহাতে ঐ টাকা ফিরিয়া পাইবার বিষয়ে আপন ইচ্ছামতে নিয়ম করিতে পারেন। কিন্তু যখন দাওয়ার টাকা আসামী আদালতে দাখিল করাতে অথবা আমীনকে দেওয়াতে নীলাম রহিত হয় তখন ঐ টাকার সঙ্গে আমীনের কমিস্যানও দিতে হইবেক ঐ কমিস্যানে পূর্ব্বোক্ত যে বিধি খাটে সেই বিধির অনুসারে হিসাব করা যাইবেক এবং ডিক্রীদারকে টাকা দেওনের পূর্ব্বে আমীনের কমিস্যান আমীনকে দিতে হইবেক।

১৩। যে কার্য্যের নিমিত্ত আমীন নীলামী টাকার ষোল আনার এক আনা কমিস্যান পান্ সেই কার্য্যের মধ্যে আমীনের নীলামকরা সম্পত্তির দখল নীলামের ক্রেতাকে দেওয়া সামান্যতঃ গণ্য করিতে হইবেক। কিন্তু যখন দখল দেওনের বেআইনমতে প্রতিবন্ধক হয় তখন তাহা স্বতন্ত্র মোকদ্দমার ন্যায় জ্ঞান হইবেক এবং এই পত্রের চতুর্থ দফার বিধির মধ্যে পড়িবেক এবং তদনুসারে তাহার কার্য্য করিতে হইবেক।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিস্টর।

ফোর্ট উলিয়ম ১৮৪১। ৩১ ডিসেম্বর।

John C Marshman, *Bengalee Translator*

সদর নিজামৎ আদালতের সরকুলর অর্ডর।

৩৩ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সেশন জজ সাহেব বরাবরেষু।

১। ১৮৪১ সালের ৩১ আইনের বিধির বিষয়ে তোমাকে মনোযোগ করাইতে এবং ফৌজদারী আপীলসম্পর্কে

nicate to you the following observations on the subject of Criminal appeals

2 You will observe, first, that every order of an Assistant to a Magistrate not exercising special powers, of a Principal Sudder Ameen, Sudder Ameen, or Law officer, passed in a Criminal trial or proceeding, is appealable to the Magistrate, or other officer exercising the power of Magistrate, whose decision on the appeal is final

Secondly That every sentence of a Magistrate Joint Magistrate, or Assistant vested with special powers, awarding a higher punishment than that prescribed by sections 8 and 9, Regulation IX 1793, is appealable to the Session Judge, whose decision thereon is final

Thirdly That the law allows no appeal to the Session Judge from the Sentence of a Magistrate Joint Magistrate or Assistant vested with special powers, awarding a punishment within the limitation prescribed by the above mentioned enactment

Fourthly That every order of a Magistrate, Joint Magistrate, or Assistant vested with special powers, passed in any judicial proceeding other than a Criminal trial, is appealable to the Session Judge, whose decision thereon is final

3 With reference to the foregoing remarks, you are requested to add another head to your Monthly statement No 11, shewing the appeals from the sentences and orders of the Assistant vested with special powers. The 4th column of the statement should be altered to 'preferred during the Month," and the note prescribed by paragraph 2, of the Circular Order No 6, dated 2d February, 1838 should be omitted The Magistrate has been directed to submit to you a Monthly statement (after the form of the Statement No 11 for your Office) of the appeals preferred to him from the sentences and orders of the Assistants, Principal Sudder Ameens, Sudder Ameens, and Law Officers subordinate to him, which will be submitted by you to the Court along with the rest of the Magistrate's Statements

W KIRKPATRICK, *Deputy Register*

Fort William, 7th January, 1842

নীচের লিখিত বিষয় তোমাকে জানাইতে আদেশ পাইয়াছি।

২। তুমি এই২ বিষয় জানিবা যে প্রথমতঃ মাজিষ্ট্রেট সাহেবের যে আসিষ্টান্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত না হইয়াছেন তিনি কিম্বা প্রধান সদর আমীন বা সদর আমীন অথবা পণ্ডিত কি মৌলবী ফৌজদারী মোকদ্দমাতে কি কার্য্যেতে যে প্রত্যেক হুকুম দেন তাহার উপর মাজিষ্ট্রেট সাহেবের নিকটে অথবা মাজিষ্ট্রেট সাহেবের কর্ম্মনির্ব্বাহক অন্য কোন কার্য্যকারকের নিকটে আপীল হইতে পারে এবং আপীলে ঐ সাহেবের নিষ্পত্তি চূড়ান্ত হইবেক।

দ্বিতীয়। মাজিষ্ট্রেট সাহেব কিম্বা জাইন্ট মাজিষ্ট্রেট সাহেব অথবা বিশেষ ক্ষমতাপ্রাপ্ত কোন আসিষ্টান্ট সাহেব ১৭৯৩ সালের ৯ আইনের ৮ এবং ৯ ধারার নির্দ্দিষ্ট দণ্ডের অধিক দণ্ডের যে প্রত্যেক হুকুম দেন তাহার উপর সেশন জজ সাহেবের নিকটে আপীল হইতে পারে এবং তাহাতে ঐ সাহেবের নিষ্পত্তি চূড়ান্ত হইবেক।

তৃতীয়। মাজিষ্ট্রেট সাহেব কি জাইন্ট মাজিষ্ট্রেট সাহেব অথবা বিশেষ ক্ষমতাপ্রাপ্ত কোন আসিষ্টান্ট সাহেব উপরের লিখিত আইনের নির্দ্দিষ্ট সীমার মধ্যে যে দণ্ডের হুকুম করেন তাহার উপর আইনমতে সেশন জজ সাহেবের নিকটে কোন আপীল হইতে পারে না।

চতুর্থ। ফৌজদারী মোকদ্দমাছাড়া আদালতসম্পর্কীয় অন্য কোন কার্য্যে মাজিষ্ট্রেট সাহেব কিম্বা জাইন্ট মাজিষ্ট্রেট সাহেব অথবা বিশেষ ক্ষমতাপ্রাপ্ত আসিষ্টান্ট সাহেব যে হুকুম দেন তাহার উপর সেশন জজ সাহেবের নিকটে আপীল হইতে পারে এবং তাহাতে ঐ সাহেবের নিষ্পত্তি চূড়ান্ত হইবেক।

৩ দফা। উপরের লিখিত কথার উপলক্ষে তোমাকে আদেশ করা যাইতেছে যে তোমার ১১ নম্বরী মাসিক কৈফিয়তে অন্য এক শ্রেণী করিয়া তাহাতে বিশেষ ক্ষমতাপ্রাপ্ত আসিষ্টান্ট সাহেবেরদের নিষ্পত্তি ও দণ্ডাজ্ঞার উপর আপীল লেখা যাইবেক। তোমার কৈফিয়তের চতুর্থ শ্রেণীর শিরোভাগের কথা ত্যাগ করিয়া" মাসের মধ্যে দাখিলহওয়া" এই কথা লিখিতে হইবেক এবং ১৮৩৮ সালের ২ ফেব্রুআরি তারিখের ৬ নম্বরী সরকুলর অর্ডরের ২ দফাতে যে মন্তব্য কথা আছে তাহা ত্যাগ করিতে হইবেক। এবং মাজিষ্ট্রেট সাহেবকে হুকুম দেওয়া গিয়াছে যে তাঁহার অধীন আসিষ্টান্ট সাহেব ও প্রধান সদর আমীন ও সদর আমীন এবং পণ্ডিত কি মৌলবীর নিষ্পত্তি ও দণ্ডাজ্ঞার উপর যে সকল আপীল তাঁহার নিকটে করা যায় তাহার এক মাসিক কৈফিয়ৎ তোমার দপ্তরখানার নিমিত্ত ১১ নম্বরী কৈফিয়তের পাঠানুসারে প্রস্তুত করিয়া তোমার নিকটে পাঠাইবেন এবং তুমি ঐ কৈফিয়ৎ মাজিষ্ট্রেট সাহেবদিগের অন্যান্য কৈফিয়তের সঙ্গে সদর আদালতে পাঠাইবা।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম ১৮৪২। ৭ জানুআরি।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

CIRCULAR LETTERS OF THE SUPERINTENDENT OF POLICE, LOWER PROVINCES

No 18 of 1841

To the Magistrates and Joint Magistrates, in the Lower Provinces

1st From a case which has come before me, and enquiries which I have made, I am led to believe

বাঙ্গলাপ্রভৃতি দেশের পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্টের সরক্যুলর পত্র।

১৮৪১ সাল ১৮ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত মাজিষ্ট্রেট সাহেব ও জাইন্ট মাজিষ্ট্রেট সাহেব বরাবরেষু।

আমার নিকটে যে এক মোকদ্দমা সম্প্রতি উপস্থিত হইয়াছে এবং আমি যে অনুসন্ধান করিয়াছি তাহার

that it is a general practice for Bawds, keepers of Brothels and others, retaining young Females for the purpose of prostitution, or persons moving Loundies or alleged Slave girls from place to place, to register the names of all those, whom they may purchase, procure, or entice, to remain with them at the nearest Thannah or Police station

2nd The ostensible reason for this is to give notice to the Police of their having such persons residing with them, and to secure themselves from any suspicion of coming under the provisions of Section 2, Regulation VII of 1819, but their real object is to induce a belief that they have a legal claim over these girls, whom they frequently retain against their wills by the aid of the Police supporting such a registry, and considering all the money, ornaments, and clothes which these unfortunate girls may procure, or have given them from their earnings, is not belonging to them, they refuse to part with them unless they are first reimbursed what they demand as their expenses for keeping and clothing them, using this registry as a means of intimidating the young females into compliance

3rd I desire therefore, that you will immediately issue a notice to all your Darogahs and other Police officers, strictly prohibiting their keeping any such registry, or allowing any list of such girls to be delivered to, or the girls to be brought before them at any place whatever, as such a practice leads to a belief that the Police has authority to interfere with these persons, and to give their alleged owners an illegal power over them, whilst it is besides open to many other kinds of very gross abuse

4th Any Police officer disobeying this injunction, will be immediately and finally removed from his situation

W DAMPIER,
Superintendent of Police, L P

Office of Superintendent of Police L P
Camp Arrah, 31st Dec 1841

দ্বারা বোধ হয় যে কুটনী এবং বেশ্যালয়ের গিন্নী এবং অন্য যে ব্যক্তিরা ব্যভিচারের নিমিত্ত যুবতী স্ত্রীলোককে আপনার নিকটে রাখে অথবা যাহারা লৌণ্ডী কি কথিত দাসীরদিগকে স্থানে২ লইয়া যায় তাহারা যত ছুকরীকে ক্রয় করে বা প্রাপ্ত হয় বা ফুসলিয়া আপনার নিকটে রাখে তাহারদের নাম নিকটস্থ থানা অথবা পোলীসের আড্ডার মধ্যে রেজিষ্টরী করিয়া দেয়।

২। এইরূপ রেজিষ্টরীকরণের কথিত অভিপ্রায় এই যে এইমত ব্যক্তি তাহারদের সঙ্গে বাস করিতেছে ইহার সম্বাদ পোলীসে দিয়া ১৮১৯ সালের ৭ আইনের ২ ধারার বিধির উলঙ্ঘনের বিষয়ে তাহারদের উপর কোন সন্দেহ না পড়ে। কিন্তু বাস্তবিক তাহারদের অভিপ্রায় এই যে পোলীসের আমলারা ঐ রেজিষ্টরী মঞ্জুরকরাতে যে ছুকরীদিগের অনিচ্ছায় রাখিতেছে তাহারদিগকে আইনমতে রাখিতে তাহারদের অধিকার আছে লোকেরদের এমত বিশ্বাস জন্মে। এবং যে সকল টাকা কি গহনা কিম্বা পোশাক ঐ অভাগা ছুকরীরা আপনারদের ব্যবসায়ের দ্বারা পায় অথবা ঐ ছুকরীরদিগকে দেওয়া যায় তাহা ঐ গিন্নীরা ছুকরীরদের নয় এমত জ্ঞান করে এবং ঐ গিন্নীরা ছুকরীরদের খোরাক পোশাকের খরচের নিমিত্ত যে দাওয়া করে তাহা না পাইলে তাহারদিগকে যাইতে দেয় না পরে ঐ রেজিষ্টরীর দ্বারা ছুকরীরদিগকে ভয় দেখাইয়া আপনারদের নিকটে রাখে।

৩। অতএব তুমি অগৌণে তোমার দারোগারদিগকে ও পোলীসের অন্যান্য আমলারদিগকে এত্তেলার দ্বারা এমত হুকুম দিবা যে তাহারা এমত কোন রেজিষ্টরী না রাখে অথবা ঐ ছুকরীরদের নামের ফর্দ্দ থানায় দাখিল করিতে না দেয় অথবা ঐ ছুকরীরদিগকে যে কোন স্থানে হউক তাহারদের সম্মুখে আনিতে না দেয় যেহেতুক এমত ব্যবহারের দ্বারা লোকেরদের এই বিশ্বাস জন্মে যে ঐ প্রকার ব্যক্তিরদের উপর পোলীসের কর্ত্তৃত্ব আছে এবং তাহারদের কথিত মালিকেরদিগকে তাহারদের উপর বেআইনী পরাক্রম দেওয়া হইতেছে এবং তাহাছাড়া আর অনেক২ প্রকার অনিষ্ট হইতেছে।

৪। যদি কোন পোলীসের আমলা এই হুকুমের অন্যথা করে তবে ঐ ব্যক্তি তৎক্ষণাৎ কর্ম্মচ্যুত হইয়া আর কর্ম্মে নিযুক্ত হইবেক না।

ডবলিউ ডাম্পিয়র। বাঙ্গলাপ্রভৃতি দেশের পোলীসের সুপরিন্টেণ্ডেণ্ট।

আড়াতে বাঙ্গলাপ্রভৃতি দেশের পোলীসের সুপরিন্টেণ্ডেণ্টের দফ্তরখানা ১৮৪১।
৩১ ডিসেম্বর।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

APPOINTMENTS BY THE SUDDER DEWANNY ADAWLUT

THE 21ST JANUARY, 1842

Baboo Doorgapershad Roy, who has received a Diploma, to be Moonsiff of Cusba Noorunggur, Zillah Tipperah

THE 28TH JANUARY, 1842

Baboo Madhub Chunder Chowdhree, who has obtained a Diploma, to be Moonsiff of Chuppye, Zillah Rajshahye

Baboo Juggoobundoo Bannerjee, who has obtained a Diploma, to be Moonsiff of Bishenpore, Zillah West Burdwan.

J HAWKINS, *Register.*

[*Government Gazette, 8th February, 1842*]

সদর দেওয়ানী আদালতের নিয়োগ।

১৮৪২ সাল। ২১ জানুআরি।

শ্রীযুত বাবু দুর্গাপ্রসাদ রায় যোগ্যতার পত্র প্রাপ্ত হওয়াতে জিলা ত্রিপুরার কসবা নূরনগরের মুনসেফ হইবেন।

১৮৪২ সাল। ২৮ জানুআরি।

শ্রীযুত বাবু মাধবচন্দ্র চৌধুরী যোগ্যতার পত্র প্রাপ্ত হওয়াতে জিলা রাজশাহার চপূপাই স্থানের মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু জগবন্ধু বাঁড়ুয্যা যোগ্যতার পত্র প্রাপ্ত হওয়াতে পশ্চিম বর্দ্ধমান জিলার বিষ্ণুপুর গ্রামের মুনসেফ হইবেন।

জে হকিন্স। রেজিষ্টর।

CIVIL APPOINTMENTS

No 153
FORT WILLIAM,
JUDICIAL AND REVENUE DEPARTMENT,
The 1st February, 1842
NOTIFICATION

The Right Honourable the Governor of Bengal has this day been pleased to relieve the Special Commissioner of Chittagong, from the powers hitherto exercised by him under Regulation III 1828, within the District of Tipperah, and to transfer those powers to the Civil and Sessions Judge of Tipperah

J H YOUNG,
Depy Secy to the Govt of Bengal

No 154
ORDERS BY THE RIGHT HONOURABLE THE GOVERNOR OF BENGAL
JUDICIAL AND REVENUE DEPARTMENT
APPOINTMENTS
The 18th January, 1842

Roy Radhagobind Soon to be Principal Sudder Ameen of Hooghly, vice Syed Ahmed deceased

Baboo Hurrynarrun Ghose to be ditto ditto of the 24 Pergunnahs

Baboo Bijenath Sein to be 1st ditto of Jessore

Mr E DaCosta to be 2nd ditto of ditto

Moulvie Mahomed Ibrahim to be Sudder Ameen of Hooghly

J H YOUNG,
Depy Secy to the Govt of Bengal

No 175
ORDERS BY THE RIGHT HONOURABLE THE GOVERNOR OF BENGAL
JUDICIAL AND REVENUE DEPARTMENT
APPOINTMENTS, &c
The 1st February, 1842

Dr E Mitchell to be Civil Assistant Surgeon of Pubna, vice Dr Thornton proceeded to Europe on Furlough

Mr J G Campbell to officiate as Collector of Bhaugulpore, until further orders

Dr R W Wrightson to be Civil Assistant Surgeon of Howrah, vice Dr Green proceeded to Europe on Furlough

Mr W H Martin to make over charge of the current duties of the Sylhet Judge's Office to the Principal Sudder Ameen and proceed to Chuprah to assume charge of the office of Sessions Judge for the trial of Thugs

LEAVES OF ABSENCE
The 2d February, 1842

Mr A Turnbull, for three days in extension, to enable him to rejoin his late appointment of Officiating Magistrate of East Burdwan

The 3d February, 1842

Mr L J H Grey, Magistrate of Rungpore, for thirty days, on private affairs, under the Rules of 29th January 1840, making over charge of his Office to Mr A T Dick, the Collector

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ৮ ফেব্রুআরি।]

রাজকর্ম্মে নিয়োগ।

১৫৩ নম্বর।
ফোর্ট উলিয়ম।
জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেণ্ট।
১৮৪২ সাল ১ ফেব্রুআরি।
বিজ্ঞাপন।

চাটিগাব শ্রীযুত স্পেসিয়ল কমিসানর সাহেবের ১৮২৮ সালের ৩ আইনানুসারে জিলা ত্রিপুরার মধ্যে যে ক্ষমতা ছিল সেই ক্ষমতা বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেব রহিত করিয়া ত্রিপুরার সিবিল ও সেশন জজ সাহেবকে অর্পণ করিয়াছেন।

জে এচ ইয়ং।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ডেপুটী সেক্রেটারী।

১৫৪ নম্বর।
বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেবের হুকুম
জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেণ্ট।
নিয়োগ।
১৮৪২ সাল ১৮ জানুআরি।

সায়দ আহম্মদের মৃত্যু হওয়াতে শ্রীযুত রায় রাধাগোবিন্দ সোম হুগলীর প্রধান সদর আমীন হইবেন।

শ্রীযুত বাবু হরিনারায়ণ ঘোষ চব্বিশ পরগনার ঐ ঐ হইবেন।

শ্রীযুত বাবু ব্রজনাথ সেন যশোহরের প্রথম ঐ ঐ হইবেন।

শ্রীযুত ই ডাকষ্টা সাহেব ঐ স্থানের দ্বিতীয় ঐ ঐ হইবেন।

শ্রীযুত মৌলবী মহম্মদ ইব্রাহিম হুগলীর সদর আমীন হইবেন।

জে এচ ইয়ং।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ডেপুটী সেক্রেটারী।

১৭৫ নম্বর।
বাঙ্গলাদেশের শ্রীযুত গবরনর সাহেবের হুকুম।
জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেণ্ট।
নিয়োগপ্রভৃতি।
১৮৪২ সাল ১ ফেব্রুআরি।

শ্রীযুত ডাক্তর থর্ণটন সাহেব নিয়মিত ছুটী লইয়া ইউরোপে গমন করাতে তাঁহার পরিবর্ত্তে শ্রীযুত ডাক্তর ই মিচল সাহেব পবনার সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক হইবেন।

শ্রীযুত জে জি কাম্বেল সাহেব অন্য হুকুম না হওন পর্য্যন্ত ভাগলপুরের কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত ডাক্তর গ্রিন সাহেব নিয়মিত ছুটী লইয়া ইউরোপে গমন করাতে তাঁহার পরিবর্ত্তে শ্রীযুত আর ডবলিউ রাইটসন সাহেব হাবড়ার সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক হইবেন।

শ্রীযুত ডবলিউ এচ মারটিন সাহেব শ্রীহট্টের জজের কাছারীর চলিত কর্ম্মের ভার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করিয়া ছাপরাতে গমনপূর্ব্বক ঠগেরদের বিচারার্থ সেশন জজী কর্ম্মের ভার গ্রহণ করিবেন।

ছুটী।
১৮৪২ সাল ২ ফেব্রুআরি।

শ্রীযুত এ টর্ণবুল সাহেব পূর্ব্ব বর্দ্ধমানের একটিং মাজিষ্ট্রেটী যে কর্ম্মে নিযুক্ত হইয়াছিলেন তাহা পুনরায় গ্রহণার্থ অতিরিক্ত তিন দিবসের ছুটী পাইয়াছেন।

১৮৪২ সাল ৩ ফেব্রুআরি।

রঙ্গপুরের মাজিষ্ট্রেট শ্রীযুত এল জে এচ গ্রে সাহেব আপনার কর্ম্মের ভার কালেক্টর শ্রীযুত এ টি ডিক সাহেবের প্রতি অর্পণ করিয়া ১৮৪০ সালের ২৯ জানুআরি তারিখের বিধির অনুসারে স্বীয় কর্ম্মোপলক্ষে ত্রিশ দিনের ছুটী পাইয়াছেন।

Moulvie Mahomed Rufik, Sudder Ameen of Monghyr, for one week on private affairs making over charge of his office to Moonsiff Dataram, who will officiate as Sudder Ameen during the absence of the fixed incumbent

F J HALLIDAY,
Secy to the Govt of Bengal

মুঙ্গেরের সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ রফীক আপনার কর্ম্মের ভার মুনসেফ শ্রীযুত দাতারামের প্রতি অর্পণ করিয়া স্বীয় কর্ম্মোপলক্ষে এক সপ্তাহের ছুটী পাইয়াছেন এবং নিযুক্ত কর্ম্মকারকের অনুপস্থানপর্য্যন্ত ঐ মুনসেফ সদর আমীনী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

এস্তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৪২ সাল তারিখ ১০ ফেব্রুআরি রোজ বৃহস্পতিবার বেলা দুই প্রহর এক ঘণ্টার পূর্ব্বে যে কোন সময়ে হউক নীচের লিখিত মোবাজি নেমক যাহা জেলা ২৪ পরগনা মোং বালিয়া ঘাটার শ্রীযুত প্রিন্সেপ সাহেবের নমকের কারখানায় মৌজুদ আছে তাহার খরিদের জন্য দরখাস্ত সিল মোহর বন্দকরা এই দপ্তরখানায় লওয়া যাইবেক তদনন্তর ঐ নেমকের দর শ্রীযুত সাহেবান আলিসান বোর্ড পরমিট নেমক ও আফিমের হুকুমানুসারে নির্দ্ধারিত হইবেক। ঐ সকল দরখাস্তে কিশত মোন নেমকের উপর যে ব্যক্তি যত মূল্য দিতে চাহিবেক তাহা কোম্পানির টাকায় লিখিত হইবেক আর ঐ দরখাস্তের উপর এমত জি কির থাকিবেক যে বালিয়াঘাটা পাক্কা নেমকের বাবদ দরখাস্ত এবং দরখাস্তের শিরনামার উপর দরখাস্তকারি অথবা তাহার মোক্তার কিম্বা তাহার গোমাস্তার নাম লিখিত থাকিবেক ও দরখাস্ত খুলিবার নিরূপিত সময়ে দরখাস্তকারি অথবা তাহার মোক্তার কিম্বা গোমাস্তা এক জন উপস্থিত না থাকিলে দরখাস্ত খোলা যাইবেক না এবং দরখাস্তের মাতবরির জন্য এক শত টাকা আমানতের স্বরূপ দাখিল করিতে হইবেক তদ্ব্যতীত কোন দরখাস্ত মাতবর জ্ঞান করা যাইবেক না ঐ ১০০৲ টাকা যে ব্যক্তির দরখাস্ত মনজুর হইবেক তাহার নামে এই নেমক খরিদের হিসাবে জমা হইবেক কিম্বা দরখাস্ত মনজুর না হইলে ফেরত দেওয়া যাইবেক।

যে সকল ব্যক্তি নেমক খরিদের জন্য দরখাস্ত করিবেক তাহারদিগের উচিত যে দরখাস্ত করণের পূর্ব্বে ঐ নেমকের নমুনা মোং বালিয়াঘাটার গোলায় স্বচক্ষে দেখিয়া নেমকের রকম বুঝিয়া আপনার খাতির জমামতে দরখাস্ত করে ইতি।

নেমকের সেওরা।

এজেন্সী অর্থাৎ জেলার নাম	ঘাটের নাম	কোন সনের পোক্তান	মোবাজিনে নেমক
শ্রীযুত প্রিন্সেপ সাহেবের বালিয়াঘাটা নেমক	বালিয়া ঘাটা	১২৪৮ সাল	১০০০/ মোন

বিমৌজিব হুকুম সাহেবান আলিসান বোর্ড পরমিট নেমক ও আফিম ইতি সন ১৮৪২ তারিখ ৩১ জানুআরি।
এচ টরেন্স। সেক্রেটারী।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা মুরশিদাবাদ এই যে।

এই কাছারির সাবেক নাজিরের রিপোর্টে গোপীনাথপুর পুনিন্দার জমিদার জগমোহন মাহাতার প্রাপ্তি হওয়া প্রকাশে হুকুম হয় যে সন ১৭৯৩ সালের ১০ আইন ও নূতন কানুনের সহিত পেশ হয় আর মহাফেজান কৈফিয়ৎ দেয় যে আবরীর লিখিত মহাল মৃত ব্যক্তির নামে সেরেস্তায় লেখা যায় কি না মহাফেজানের কৈফিয়তে বিদিত হইল যে তরফ সেনগাটী যাহার জমা ২২১৮ ৭পাই কাৎমৌজে বেরপাড়া যাহার জমা ২৫৩ ৪ পাই ও বৈকুণ্ঠপুর যাহার জমা ২০॥/৩ পাই জগমোহন মাহাতার নিজ নামে ও গোপীনাথপুর পুনন্দা জমা ৩১৬৫।৵৩পাই লালমোহন ও মদনমোহন ও জগমোহন মাহাতার নামে ও মৌজে রাণীনাথপুর যাহার জমা ৬৭৮॥৵১০ মাহাম্মদ বাকর ও মৃত জগমোহন মাহাতার নামে ও মৌজে মোক্রারপুর যাহার জমা ৫৫৫৲ টাকা গোপীনাথ রায় ও ৺ লক্ষ্মীনারায়ণ ঠাকুর মৃত গঙ্গামোহনের নামে ও বেড়পোড়া যাহার জমা ২৫৩ ৩ দি ম্মত আলি ওরফে মঙ্গলুখাঁ ও মৃত জগমোহনের নামে ও কাৎ পরগনে চুনাখালির জমা ১২২৯।৵১ পাই খো শাল ও বৈকুণ্ঠনাথ ও ফেক সিং ও ৺ লক্ষ্মীনারায়ণ ঠাকুরের সেবাইত ঐ জগমোহনের নামে ও পরগনে দানাগর যাহার সদর জমা ৯৫১০৵১ পাই ফকীরায়া ও জগমোহন মাহাতা ও রাধাগোবিন্দ ঠাকুর সেং ব্রজমণি দাস্যার নামে এজমালিতে তালুক লেখা যায় মতে ইস্তাহার দেওয়া যাইতেছে যে মৃত ব্যক্তির কেহ ওয়ারিস ও দাবিদার থাকে তবে ১৫ রোজ মধ্যে হজুরে হাজির হইয়া নাম জারির প্রার্থিত হইয়া দরখাস্ত দায় সাবুদ গুজরায় নচেৎ মেয়াদ গতে উচিত হুকুম হইবেক ইতি সন ১৮৪২। ২০ জানুআরি মং সন ১২৪৮ সাল তারিখ ৮ মাঘ।

C D RUSSELL, *Collector*

ইস্তেহার।

ইস্তেহার দেওয়া যাইতেছে যে বর্ত্তমান মাসের ১৭ তারিখ বৃহস্পতিবার বেলা দুই প্রহর এক ঘণ্টার পূর্ব্বে যেকোনো সময়ে হউক পিত্তলের মোন অর্থাৎ বাটখারা ও বাচাড়িপ্রভৃতি সবরবাহ করণের নিমিত্তে শীল মোহরে বন্ধকরা দরখাস্ত এই দপ্তরখানায় লওয়া যাইবেক উক্ত দরখাস্তে ৮০ তোলার সেরের হিসাবে কি মোনের বাবদ কত দর তাহার জিকির থাকিবেক আর ঐ দরখাস্তের উপরি ভাগে পিত্তলের বাটখারার দরখাস্ত বলিয়া ইংরেজী এবং বাঙ্গলাতে লিখিতে হইবেক।

ইহার বিশেষ বৃত্তান্ত জানিবার আবশ্যক হয় তবে দরখাস্ত করিলে জানিতে পারিবেক।

বিমৌজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড পরমিট নমক ও আফিম ইতি সন ১৮৪২ সাল তারিখ ৪ ফিব্রুআরি।
এচ টরেন্স। সেক্রেটারী।

[*Government Gazette, 8th February*, 1842]

GOVERNMENT ADVERTISEMENT

Required, a Treasurer for the Chittagong Collectorship Security of the value of Rs. 32,079 must be tendered Salary Rupees 50, per mensem

A SCONCE, *Collector*

Chittagong Collectorate, the 29th January, 1842

NOTICE

Found and supposed to be stolen, a Silver Watch, No 26779, maker Edward Gower, London, also a Patent Silver Pencil Case with the impression of a head on the Seal Apply to the Magistrate of Hooghly

The 13th January, 1842

[গবর্ণমেন্ট গেজেট ১৮৪২। ৮ ফেব্রুআরি।]

গবর্ণমেন্টের ইশ্তিহার।

চাটিগাঁর কালেক্টর সাহেবের খাজানাখানাতে এক জন খাজাঞ্চীর আবশ্যক হইয়াছে কোন ব্যক্তি ঐ পদে নিযুক্ত হইতে চাহিলে তাঁহাকে ৩২০৭৯৲ টাকার জামিন দিতে হইবেক ঐ পদের মাহিয়ানা ৫০৲ টাকা।

চাটিগাঁর কালেক্টরী কাছারী। এ স্কন্স। কালেক্টর। ১৮৪২। ২৯ জানুআরি।

বিজ্ঞাপন।

২৬৭৭৯ নম্বরী লণ্ডননগরের এডউয়ার্ড গৌবের নির্ম্মিত এক রূপার ঘড়ী এবং এক রূপার পেনসিল কেশ অর্থাৎ পেনসিল রাখিবার আধার পাওয়া গিয়াছে ঐ পেনসিল কেশের মোহরের উপর এক মস্তকের প্রতিমূর্ত্তি আছে বোধ হয় যে এই জিনিস চুরী হইয়াছে তাহার বিষয়ে হুগলীর মাজিষ্ট্রেট সাহেবের নিকটে দরখাস্ত করিতে হইবেক।

১৮৪২ সাল ১৩ জানুআরি।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত উলিয়ম মিচল সাহেবকর্ত্তৃক মুদ্রিত।

Numb. 86. ৮৬)

(৭১)

গবর্ণমেন্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, FEBRUARY 15, 1842.

কলিকাতা মঙ্গলবার ১৮৪২ সাল ১৫ ফেব্রুআরি।

DRAFTS OF ACTS

[*Second Insertion*]

FORT WILLIAM,
LEGISLATIVE DEPARTMENT,
THE 27TH DECEMBER, 1841

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 27th of December, 1841

ACT No —— OF 1841

An Act for amending the Law concerning the jurisdiction and procedure of the Courts of Ameens and Moonsiffs

I In modification of Clause 4, Section 18, Regulation V of 1831, Bengal Code, it is hereby enacted, that in the trial and decision of all original Suits referred to them by the Judge, the Principal Sudder Ameens shall be guided by the rules established for the conduct of business in the Courts of the Zillah and City Judges

II And it is hereby enacted, that the provisions of Section 4, Act No XXV of 1837, in respect to appeals from decisions passed by Principal Sudder Ameens, in Suits of the nature specified therein, be extended to all interlocutory orders passed by those Officers in such Suits

III And it is hereby enacted, that such parts of Regulation XXIII 1814, as prohibit the Sudder Ameens and Moonsiffs from requiring security from defendants, or from attaching their property in cases pending before them, or from realizing fines imposed by them without first obtaining the sanction of the Zillah Judge, be repealed

IV And it is hereby enacted, that it shall be competent to the Sudder Ameens and Moonsiffs to demand security from the defendant, under the provisions of Sections 4 and 5, Regulation II 1806, in cases pending before them, and also to proceed

আইনের মুসাবিদা।

[দ্বিতীয়বার প্রকাশিত।]

ফোর্ট উলিয়ম।
লেজিসলেটিব ডিপার্টমেন্ট।
ইঙ্গরেজী ১৮৪১ সাল ২৭ ডিসেম্বর।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪১ সালের ২৭ ডিসেম্বর তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪১ সাল —— আক্ট।

আমীনেরদের এবং মুনসেফেরদের আদালতের এলাকা ও কার্য্যবিষয়ক আইন সংশোধনের আইন।

১ ধারা। বাঙ্গলা দেশের চলিত ১৮৩১ সালের ৫ আইনের ১৮ ধারার ৪ প্রকরণ মতান্তর হইয়া ইহাতে হুকুম হইল যে জজ সাহেব প্রধান সদর আমীনকে প্রথমত উপস্থিত যে সকল মোকদ্দমা অর্পণ করেন তাহ জিলা এবং শহরের জজ সাহেবদিগের আদালতের কার্য্য চালাওনের বিষয়ে যে সকল বিধি নির্দ্দিষ্ট আছে তদনুসারে প্রধান সদর আমীনের দ্বারা বিচার ও নিষ্পত্তি হইবেক ইতি।

২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে ১৮৩৭ সালের ২৫ আইনের ৪ ধারার নির্দ্দিষ্ট প্রকার মোকদ্দমায় প্রধান সদর আমীনেরদের নিষ্পত্তির উপর আপীলের বিষয়ে ঐ ধারাতে যে বিধান আছে সেই বিধান ঐ বিচারক ঐ প্রকার মোকদ্দমায় যে সকল হুকুম করেন তাহার বিষয়ে খাটিবেক ইতি।

৩ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে ১৮১৪ সালের ২৩ আইনের যে২ ভাগে সদর আমীন ও মুনসেফদিগের প্রতি আসামীর স্থানে জামিন চাহিবার অথবা তাঁহারদের সম্মুখে উপস্থিত মোকদ্দমাতে আসামীর সম্পত্তি ক্রোককরণের অথবা জিলার জজ সাহেবের অনুমতিবিনা তাঁহারদের হুকুমকরা জরীমানা উসুল করণের নিষেধ আছে সেই২ ভাগ রদ হইল ইতি।

৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে সদর আমীন ও মুনসেফেরদের সম্মুখে উপস্থিত মোকদ্দমায় তাঁহার আসামীর স্থানে ১৮০৬ সালের ২ আইনের ৪ এবং ৫ ধারার বিধানুসারে জামিন চাহিতে পারেন এবং জিলার জজ সাহেবের অনুমতি না লইয়া তাঁহারদের

without reference to the Zillah Judge, to the realization of fines imposed by them, provided that all orders passed by the Sudder Ameens and Moonsiffs under this Section, be subject to an appeal to the Zillah Judge

V And it is hereby enacted, in modification of Section 22, Regulation V of 1831, that decrees passed in the Courts of the Judges or Principal Sudder Ameens, in cases of appeal from the decisions of the Sudder Ameens and Moonsiffs, shall be executed by the Courts in which the original decisions were passed, under the general rules prescribed for the execution of decrees passed by those Courts — applications for the execution of such decrees shall be presented, together with a certified copy of the decree of the Judge or Principal Sudder Ameen to the Court of original jurisdiction In appeals from the orders of the Moonsiff or Sudder Ameen in such cases, the decision of the Zillah or City Judge shall be final

VI And it is hereby enacted, that Clause 2, Section 13, Regulation XXIII 1814, and Clause 4, Section 5, Regulation V 1831, be repealed

VII And it is hereby enacted, that no person whatever shall, by reason of place of birth, or by reason of descent be in any Civil proceeding whatever, exempted from the jurisdiction of the Courts of the Moonsiffs, in the Territories subject to the Presidency of Fort William in Bengal

VIII And it is hereby enacted, that persons invested with the powers of Moonsiffs shall be competent to receive, try, and determine suits of every description under the restrictions as to local jurisdiction and value of property mentioned in Clauses 1 2 and 3, Section 5, Regulation V 1831 Provided, however that no Moonsiff shall try any suit, in which he himself, or his relatives, or dependants, or the Vakeels or Officers of his Court shall be a party

IX And it is hereby enacted that in cases, where by reason of the above Section, a Moonsiff cannot try a suit because he himself, or his relatives or dependants, or the Vakeels or Officers of his Court are a party to the suit, it shall nevertheless be competent to the Moonsiff to receive the suit and forward it to the Judge of the Zillah to which he is subordinate, who may thereupon refer the same for trial and decision to any other Moonsiff of the District

---

Ordered, that the Draft now read be published for general information

Ordered, that the said Draft be reconsidered at the first Meeting of the Legislative Council of India after the 27th day of March, 1842

T H Maddock,
Secy to the Govt of India.

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ১৫ ফেব্রুআরি।]

হুকুমকর্ত্তারা জরীমানা উসুল করিতে পারেন কিন্তু এই ধারার অনুসারে সদর আমীন ও মুনসেফেরা যে সকল হুকুম করেন্ তাহার উপর আপীল জিলার জজ সাহেবের নিকটে হইতে পারে ইতি।

৫ ধারা। এবং ১৮৩১ সালের ৫ আইনের ২২ ধারা মতান্তর হইয়া ইহাতে হুকুম হইল যে সদর আমীন ও মুনসেফেরদের নিষ্পত্তির উপর আপীল হইলে তাহাতে জজ সাহেব ও প্রধান সদর আমীনেরা যে ডিক্রী করেন্ তাহা যে২ আদালতে প্রথম নিষ্পত্তি হইয়াছিল সেই২ আদালতের দ্বারা ঐ আদালতের করা ডিক্রী জারীর বিষয়ে যে সাধারণ বিধি আছে তদনুসারে জারী হইবেক। এবং যে আদালতে ঐ মোকদ্দমা প্রথমত উপস্থিত হইয়াছিল তাহাতে জজ সাহেব অথবা প্রধান সদর আমীনের ডিক্রীর সর্টিফিকট হওয়া নকল সমেত ঐ২ ডিক্রী জারী করণের দরখাস্ত দিতে হইবেক। এই২ গতিকে মুনসেফ অথবা সদর আমীনের হুকুমের উপর আপীল হইলে জিলা অথবা শহরের জজ সাহেব যে নিষ্পত্তি করেন তাহা চূড়ান্ত হইবেক ইতি।

৬ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে ১৮১৪ সালের ২৩ আইনের ১৩ ধারার ২ প্রকরণ এবং ১৮৩১ সালের ৫ আইনের ৫ ধারার ৪ প্রকরণ রদ হইল ইতি।

৭ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন দেশের মধ্যে কোন ব্যক্তি জন্মস্থানপ্রযুক্ত অথবা বংশপ্রযুক্ত কোন প্রকার দেওয়ানী বিষয়ে মুনসেফের আদালতের এলাকার বহির্ভূত হইবেন না ইতি।

৮ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে মুনসেফের ক্ষমতাবিশিষ্ট ব্যক্তিরা ১৮৩১ সালের ৫ আইনের ৫ ধারার ১। ২ এবং ৩ প্রকরণে স্থানবিশেষের এ[illegible] ও সম্পত্তির মূল্যের বিষয়ে যে নিষেধ আছে তাহা বহাল থাকিয়া সর্ব্বপ্রকার মোকদ্দমা লইতে ও বিচার ও নিষ্পত্তি করিতে পারেন্। কিন্তু যে মোকদ্দমায় কোন মুনসেফ স্বয়ং অথবা তাঁহার কুটুম্বেরা কি তাঁহার আশ্রিত ব্যক্তি অথবা তাহার আদালতের উকীল বা আমলা এক পক্ষ হন সেই প্রকার মোকদ্দমার বিচার কোন মুনসেফ করিতে পারিবেন না ইতি।

৯ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে ঐ প্রকার গতিকে উক্ত ধারাপ্রযুক্ত কোন মুনসেফ স্বয়ং অথবা তাহার কুটুম্ব কি তাঁহার আশ্রিত ব্যক্তি কিম্বা তাঁহার আদালতের উকীল বা আমলা মোকদ্দমার এক পক্ষ হওয়াতে তিনি সেই মোকদ্দমার বিচার করিতে পারেন না সেই২ গতিকে মুনসেফ তথাপি ঐ মোকদ্দমা লইতে পারেন্ এবং যে জিলার অধীন সেই জিলার জজ সাহেবের নিকটে পাঠাইবেন পরে জজ সাহেব তাহা ঐ জিলার অন্য কোন মুনসেফের নিকটে বিচার ও নিষ্পত্তির নিমিত্তে অর্পণ করিবেন ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্ত প্রকাশ হয়।

হুকুম হইল যে ১৮৪২ সালের ২৭ মার্চ তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের প্রথম যে বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনর্ব্বার বিবেচনা করা যাইবেক।

টি এচ মাডক।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।
John C Marshman, *Bengalee Translator*

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT

No. 74.

To the Civil Judges in the Lower Provinces, and the Civil Authorities in the Extra Regulation Provinces

1 I am directed to inform you that Baboo Ramgobind Shome, who has been appointed Deputy Register under Act VII 1840, has been charged, by a resolution of the Court of this day's date, with the duty of issuing requisitions to the subordinate Courts in all matters connected with the preparation of causes and the execution of decrees of the Sudder Dewanny Adawlut You will be pleased to give the same attention to the Roobukaries of that Officer, as to any other requisitions issued under their authority

2 The purport of this Circular is to be communicated to the Principal Sudder Ameens

J Hawkins, *Register*

Fort William, 7th January, 1842

No 149

To the Civil Judges in the Lower Provinces, the Governor General's Agent at Hazareebagh, the Commissioners of Assam and Arracan, and the Superintendent of Cachar

The Court authorize you to close the Civil Courts of your District for the Mohurrum Vacation for the space of fifteen days from the 1st day of Mohurrum 1258, Hegira, which will correspond with Saturday the 12th or Sunday the 13th February next, according as the Moon may be visible or not on the night preceding the former of these days

W Kirkpatrick, *Deputy Register*

Fort William, 21st January, 1841

CIRCULAR ORDERS OF THE SUDDER NIZAMUT ADAWLUT

No 69

To the Criminal Authorities in the Lower Provinces

It being the intention of the Court to prescribe the use of new forms of Criminal Statements from the year 1843, I am directed to request that you will indent on the Government Lithographic Press for only such numbers of the present forms as may be calculated to last until December next

W. Kirkpatrick, *Deputy Register*

Fort William, 14th January, 1842.

No 11

To the Session Judges in the Lower Provinces

The Court having observed an increasing inattention on the part of some of the Session Judges to their Circular Order No 41, Vol III dated 27th March 1840, direct me to request that you

[*Government Gazette, 15th February*, 1842]

সদর দেওয়ানী আদালতের সরকুলর অর্ডর।

৭৪ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহেব এবং আইনবহির্ভূত প্রদেশের শ্রীযুত দেওয়ানী কার্য্যকারক বরাবরেষু।

১। তোমাকে জানাইতে হুকুম পাইয়াছি যে বাবু রাম গোবিন্দ সোম ১৮৪০ সালের ৭ আইনানুসারে ডেপুটী রেজিষ্টরী পদে নিযুক্ত হইয়া সদর আদালতের অদ্যকার তারিখের নির্দ্ধারণানুসারে সদর দেওয়ানী আদালতের মোকদ্দমা প্রস্তুতকরণ এবং ডিক্রী জারী করণবিষয়ে অধঃস্থ আদালতের প্রতি হুকুম পাঠাইতে নিযুক্ত হইয়াছেন অতএব সদর আদালতের অন্যং হুকুমের বিষয়ে যেমত মনোযোগ আছে সেইমত ঐ কার্য্যকারকের রুব কারীর বিষয়ে মনোযোগ করিবা।

২। এই সরকুলর অর্ডরের মর্ম্ম প্রধান সদর আমীন দিগকে জানাইতে হইবেক।

জে হকিন্স। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম ১৮৪২। ৭ জানুআরি।

১৪৯ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ ও হাজারীবাগের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের এজেন্ট ও আসাম ও আরাকাণের শ্রীযুত কমিসানর ও কাছাড়ের শ্রীযুত সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব বরাবরেষু।

সদর আদালতের সাহেবেরা তোমার জিলার দেওয়ানী আদালত মহরমের পর্ব্বের নিমিত্ত ১২৫৮ হিজরীর মহরমের প্রথম দিনাবধি পনের দিনের নিমিত্তে বন্দ করিতে অনুমতি দিতেছেন। তাহা ইঙ্গরেজী ১২ ফেব্রুআরি শনিবার অথবা ১৩ ফেব্রুআরি রবিবারে পড়িবেক অর্থাৎ যদি শনিবার ১২ ফেব্রুআরি তারিখের পূর্ব্ব রাত্রে চন্দ্র দৃষ্ট হয় তবে তাহা ঐ শনিবার দিনে পড়িবেক যদ্যপি চন্দ্র দৃষ্ট না হয় তবে রবিবার ১৩ ফেব্রুআরি তারিখে পড়িবেক।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪২। ২১ জানুআরি।

John C Marshman, *Bengulee Translator*

সদর নিজামৎ আদালতের সরকুলর অর্ডর।

৬৯ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দে[illegible] শ্রীযুত ফৌজদারী কার্য্যকারক বরাবরেষু।

সদর আদালতের সাহেবেরা ১৮৪৩ সালের আরম্ভ অবধি ফৌজদারী কৈফিয়তের নূতন পাঠ ব্যবহারকরণের হুকুম দেওয়ার মানস করিয়াছেন অতএব তোমাকে আদেশ করিতে হুকুম পাইয়াছি যে বর্ত্তমানের চলিত যত পাঠ আগামি ডিসেম্বর মাসপর্য্যন্ত আবশ্যক হয় কেবল তত পাঠ সরকারী পাথরীয়া ছাপাখানাহইতে চাহিয়া লইবা।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম ১৮৪২। ১৪ জানুআরি।

১১ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সেশন জজ সাহেব বরাবরেষু।

সদর আদালতের সাহেবেরা দেখিয়াছেন যে সদর নিজামৎ আদালতের সরকুলর অর্ডরের তৃতীয় বালমে ১৮৪০ সালের ২৭ মার্চ তারিখের ৪১ নম্বরী সরকুলর অর্ডরের বিষয়ে কোনং সেশন জজ সাহেব দিনং অধিক

will invariably conform to the rule therein laid down, in regard to Prisoners whom you may recommend to be imprisoned for life, and especially to that part of the rule which requires the Session Judge to state the reasons for his recommendation in regard to the place of confinement, whether in transportation or the Allipore Jail

W KIRKPATRICK *Deputy Register*
Fort William, 7th January, 1842

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY AND NIZAMUT ADAWLUT

No 4437

To the Civil and Session Judges and Magistrates, and Joint Magistrates in the Lower Provinces, and to the Authorities in the extra Regulation Districts

Supplementary to the Circular Orders No 1368, of the 1st March last, relative to processes under Act XXIII 1840, the Court publish the subjoined forms

W KIRKPATRICK *Deputy Register*
Fort William, 24th December, 1841

CIVIL PROCESSES

No 10

Notice of Execution, for Service on defendants against whom decrees may be passed exparte

In the Court of Dewanny Adawlut, for the Zillah of Nuddeah

Mirzah Gholam Furreed Pltf

Vs

Rammohun Chootyar, and Bheem Chootyar, son and heir of Bindabun Chootyar, of Baugh Bazar, in the Town of Calcutta Defdts

To Rammohun Chootyar and Bheem Chootyar of Baugh Bazar, in the Town of Calcutta

Take notice that an exparte decree was passed against you on the 7th day of August 1839, in favour of Mirza Gholam Furreed, Plaintiff by the Moonsiff of Hunvah in this District, for the sum of Company's Rupees forty five, three annas, and six gundas, including costs and interests to the 7th of May 1841

You are therefore required, agreeably to Clause 8, Section 15, Regulation XXVI of 1814, to acknowledge the receipt of this notice and further to attend in person or by Vakeel on or before the 5th day of August 1841, and shew sufficient cause to the satisfaction of the Court why the said Decrees should not be executed against you

Given under my hand, and the Seal of this Court, this 9th day of July 1841

A B
Judge

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ১৫ ফেব্রুআরি।]

শৈথিল্য করিতেছেন অতএব তোমাকে আদেশ করিতে হুকুম দিয়াছেন যে যে অপরাধিরদের যাবজ্জীবন কয়েদের বিষয়ে পরামর্শ দিবা তাহারদের বিষয়ে ঐ সরকুলর অর্ডরের লিখিত নিয়মানুসারে নিয়ত কার্য্য করিবা. এবং বিশেষত ঐ বিধির যে অংশেতে সেশন জজ সাহেবের প্রতি হুকুম হইয়াছে যে অপরাধির কয়েদ দ্বীপান্তরে কি আলীপুরের জেলখানায় হওনের পরামর্শ দিলে তাহার হেতু লিখিবেন তাহাতে বিশেষ মনোযোগ করিবা।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।
ফোর্ট উলিয়ম ১৮৪২। ৭ জানুআরি।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের সরকুলর অর্ডর।

৪৪৩৭ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল ও সেশন জজ সাহেব এবং শ্রীযুত মাজিষ্ট্রেট ও জাইন্ট মাজিষ্ট্রেট সাহেব এবং আইনবহির্ভূত প্রদেশের শ্রীযুত কার্য্যকারক সাহেব বরাবরেষু।

১৮৪০ সালের ২৩ আইনানুসারে হুকুমবিষয়ক গত মার্চ মাসের ১ তারিখের ১৩৬৮ নম্বরী সরকুলর অর্ডরের অনুযায়ি আদালতের সাহেবেরা নীচের লিখিত শরওয়া প্রকাশ করিতেছেন।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।
ফোর্ট উলিয়ম ১৮৪১। ২৪ ডিসেম্বর।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

দেওয়ানী হুকুম।

১০ নম্বর।

ডিক্রীজারিকরণের এত্তেলা।

জিলা নদীয়ার দেওয়ানী আদালত।

ফরিয়াদী মিরজা গোলাম ফরীদ।

আসামী রামমোহন ছুতার এবং শহর কলিকাতার বাগবাজার নিবাসি বৃন্দাবন ছুতারের পুত্র ও উত্তরাধিকারি ভীম ছুতার।

শহর কলিকাতার বাগবাজার নিবাসি
রামমোহন ছুতার ও ভীম ছুতার প্রতিআগে।

তোমারদিগকে খবর দেওয়া যাইতেছে যে এই জিলার মধ্যে হুনবার মুনসেফ ফরিয়াদী মিরজা গোলাম ফরীদের পক্ষে ১৮৩৯ সালের ৭ আগষ্ট তারিখে তোমারদের নামে খরচা ও ১৮৪১ সালের ৭ মেপর্য্যন্ত সুদ সমেত কোম্পানির ৪৫৶৬ একতরফা ডিক্রী করিয়াছেন।

অতএব তোমারদিগকে হুকুম দেওয়া যাইতেছে যে ১৮১৪ সালের ২৬ আইনের ১৫ ধারার ৮ প্রকরণক্রমে তোমার এই এত্তেলা পাইবার রসিদ দিবা এবং ১৮৪১ সালের ৫ আগষ্ট তারিখে বা তাহার পূর্ব্বে তোমরা স্বয়ং কিম্বা উকীলের দ্বারা হাজির হইয়া ঐ ডিক্রী তোমার উপর জারি না হইবার এমত উপযুক্ত কারণ দেখাইবা যে তাহাতে আদালতের খাতিরজমা হয়।

আমার দস্তখৎ এবং এই আদালতের
মোহরে এই এত্তেলা অদ্য ১৮৪১ সালের
৯ জুলাই তারিখে দেওয়া গেল।

অমুক জজ।

No 11.

Notice for the appearance of Heirs of Deceased parties

In the Court of Dewanny Adawlut for the Zillah of

A B Plaintiff or Appellant
Vs
B C Defendant or Respondt

Whereas it appears from the return of the Nazir of this Court (or Petition, &c as the case may be,) that A B, Plaintiff in the above case, has deceased, notice is hereby given, that the Heirs of the late A B are required and directed to attend in this Court within from the day of and prove their right and title to succeed to the Estate of the said A B deceased Given under my hand and the Seal of this Court, this day of 184

L S E F
Judge

১১ নম্বর।

এত্তেলা উত্তরাধিকারিদিগের হাজির হওনের নিমিত্তে।

অমুক জিলার দেওয়ানী আদালত।

ফরিয়াদী অথবা আপীলান্ট অমুক।

আসামী অথবা রেস্পাণ্ডেন্ট অমুক।

যেহেতুক এই আদালতের নাজিরের রিটর্ণের দ্বারা অথবা দরখাস্তপ্রভৃতির দ্বারা দৃষ্ট হইল যে উক্ত মোকদ্দমার অমুক ফরিয়াদী মরিয়াছে অতএব সম্বাদ দেওয়া যাইতেছে যে মৃত অমুক ব্যক্তির উত্তরাধিকারিরদের প্রতি এই আজ্ঞা ও হুকুম হইল যে তাহারা অমুক মাসের অমুক তারিখের পর এত দিনের মধ্যে এই আদালতে হাজির হইয়া উক্ত মৃত অমুক ব্যক্তির সম্পত্তি প্রাপণের বিষয়ে তাহারদের যে স্বত্ব ও অধিকার আছে তাহার প্রমাণ দেয়।

আমার দস্তখৎ ও আদালতের মোহরে অমুক সালের অমুক মাসের অমুক তারিখে দেওয়া গেল।

মোহরের স্থান — অমুক জজ

SUDDER BOARD OF REVENUE

NOTICE

The undermentioned dates have been fixed by the Sudder Board of Revenue, under Section III Regulation XII of 1841, for commencing the sale of permanently Settled Estates for Arrears of Land Revenue due thereon, in the year 1842 43, and succeeding years, until otherwise notified from this Office

In Districts, and for Mehals, in which the Bengal, or Umlee Era is current, with the exception of Zillah Sylhet,

28th June,
28th September,
28th December, and
28th March

In Districts, and for Mehals, in which the Fusly Era is current

7th June,
28th September,
28th December, and
28th March

Petty Estates, the Jummas of which do not exceed 100 Rupees, will be liable to Sale only once, twice, or three times in the year, according to the amount of their respective jummas, viz

Bengal and Umlee Mehals

Estates with a Jumma of 10 Rs and under,	in March
Estates with a Jumma exceeding 10 and not exceeding 50 Rupees,	in December and March
Estates with a Jumma exceeding 50 and not exceeding 100 Rupees, ...	in December, March and June

[*Government Gazette 15th February, 1842*]

সদর বোর্ড রেবিনিউর সরকুলর অর্ডর।

এত্তেলা।

ইস্তমরারী জমা ধার্য্যহওয়া ভূমির ১৮৪২। ৪৩ এবং তৎপর২ সালের বাকী মালগুজারী আদায়কারণ ১৮৪১ সালের ১২ আইনের ৩ ধারানুসারে তাহা নীলাম করিবার নিমিত্ত সদর বোর্ড রেবিনিউর সাহেবেরা নীচের লিখিত তারিখ নিরূপণ করিয়াছেন এবং ঐ বোর্ডের দফ্তরহইতে অন্য এত্তেলা না হওনপর্য্যন্ত ঐ২ তারিখ বহাল থাকিবেক।

ছিলট জিলাভিন্ন যে জিলা ও মহালে বাঙ্গলা অথবা অমলী সন চলন আছে তাহাতে এই২ তারিখে নীলাম হইবেক।

২৮ জুন।
২৮ সেপ্টেম্বর।
২৮ ডিসেম্বর ও
২৮ মার্চ।

যে২ জিলা ও মহালে ফসলী সন চলন আছে তাহাতে এই২ তারিখে নীলাম হইবেক।

৭ জুন।
২৮ সেপ্টেম্বর।
২৮ ডিসেম্বর এবং
২৮ মার্চ।

যে ক্ষুদ্র২ মহালের জমা ১০০৲ টাকার অনধিক তাহার জমা বুঝিয়া বৎসরের মধ্যে এক কিম্বা দুই বা তিনবার নীলাম হইবেক অর্থাৎ।

যে মহালে বাঙ্গলা ও অমলী সন চলন আছে তাহাতে

১০৲ টাকা ও তাহার কম জমা ধার্য্য হওয়া ভূমি ..	মার্চ মাসে।
১০৲ টাকার অধিক কিন্তু ৫০৲ টাকার অনধিক জমা ধার্য্য হওয়া ভূমি . ..	ডিসেম্বর এবং মার্চ মাসে।
৫০৲ টাকার অধিক কিন্তু ১০০৲ টাকার অনধিক জমা ধার্য্য হওয়া ভূমি	ডিসেম্বর ও মার্চ এবং জুন মাসে।

Tusly Mehals

Estates with a Jumma of 10 Rupees and under,	in June
Estates with a Jumma exceeding 10 and not exceeding 50 Rupees,	in December and June
Estates with a Jumma exceeding 50 and not exceeding 100 Rupees,	in December, March and June

The following dates have been fixed for Zillah Sylhet,

28th September,
18th January, and
18th April

N B —This Notice does not apply to the Districts of the Chittagong Division, viz Chittagong, Tipperah, and Bullooah, the fixed dates for which have been already advertized under the authority of the Commissioner of that Division

E CURRIE Secretary

Fort William, January 22d, 1842

যে মহালে ফসলী সন চলন আছে তাহাতে

১০৲ টাকা ও তাহার কম জমা ধার্য্য হওয়া ভূমি	জুন মাসে।
১০৲ টাকার অধিক কিন্তু ৫০৲ টাকার অনধিক জমা ধার্য্য হওয়া ভূমি	ডিসেম্বর ও জুন মাসে।
৫০৲ টাকার অধিক কিন্তু ১০০৲ টাকার অনধিক জমা ধার্য্য হওয়া ভূমি	ডিসেম্বর মার্চ ও জুন মাসে।

জিলা ছিলটের নিমিত্তে নীচের লিখিত তারিখ নিরূপণ হইয়াছে।

২৮ সেপ্টেম্বর।
১৮ জানুআরি এবং
১৮ আপ্রিল।

মন্তব্য কথা। এই এস্তেহার চাটিগাঁর এলাকার মধ্যে অর্থাৎ চাটিগাঁ ও ত্রিপুরা এবং বলুআ জিলার নানা মহালে খাটিবেক না। ঐ২ জিলার মহাল নীলাম করণের নিরূপিত দিবস ঐ এলাকার কমিস্যনর সাহেবের হুকুমক্রমে পূর্ব্বে প্রকাশ হইয়াছে।

ই করি। সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম ১৮৪২। ২২ জানুআরি।

JOHN C MARSHMAN *Bengalee Translator*

CIVIL APPOINTMENTS

No 324
FORT WILLIAM,
GENERAL DEPARTMENT,
The 2d February, 1842

Messrs G C Cheap and John Thornton, of the Civil Service, reported their arrival at Bombay on return from England on the 15th ultimo

Mr. F E Reid, of the Civil Service, reported his return to this Presidency on board the Ship "Lord Hungerford," which vessel reached Kedgeree on the 26th ultimo

ECCLESIASTICAL DEPARTMENT

The Reverend J J Tucker, Chaplain of Saugor, is permitted to proceed to Europe, on Furlough, under Medical Certificate

G A BUSHBY
Secy to the Govt of Bengal

No 179
FORT WILLIAM
GENERAL DEPARTMENT,
The 2d February 1842

The Right Honourable the Governor General in Council is pleased to re attach Mr D Pringle, of the Civil Service to the Bengal Division of the Presidency of Fort William

The Right Honourable the Governor General in Council is pleased to re attach Messrs G C Cheap and F E Reid, of the Civil Service, to the Bengal Division of the Presidency of Fort William, and Mr John Thornton, of the Civil Service, to the North Western Provinces

G A BUSHBY,
Secy to the Govt of India

রাজকর্ম্মে নিয়োগ।

৩২৪ নম্বর।
ফোর্ট উলিয়ম।
জেনরল ডিপার্টমেণ্ট।
১৮৪২ সাল ২ ফেব্রুআরি।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত জি সি চীপ সাহেব এবং শ্রীযুত জান থর্ণটন সাহেব গত মাসের ১৫ তারিখে ইঙ্গলণ্ড হইতে বোম্বাইতে আপনারদের পঁহুছনের রিপোর্ট করিয়াছেন।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত এফ ই রীড সাহেব লার্ড হঙ্গরফোর্ডনামক জাহাজের দ্বারা রাজধানীতে আপনার প্রত্যাগমনের রিপোর্ট করিয়াছেন। ঐ জাহাজ গত মাসের ২৬ তারিখে খাজুরীতে পঁহুছে।

ইক্লিসিয়াষ্টিকেল ডিপার্টমেণ্ট।

সাগরের ধর্ম্মোপদেশক শ্রীযুত জে জে টকর সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে নিয়মিত ছুটী লইয়া ইউরোপে গমনের অনুমতি পাইয়াছেন।

জি এ বুসবি।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৭৯ নম্বর।
ফোর্ট উলিয়ম।
জেনরল ডিপার্টমেণ্ট।
১৮৪২ সাল ২ ফেব্রুআরি।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে সিবিলসম্পর্কীয় শ্রীযুত ডি প্রিঙ্গল সাহেবকে ফোর্ট উলিয়ম রাজধানীর বাঙ্গলা দেশে পুনরায় নিযুক্ত করিলেন।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে সিবিলসম্পর্কীয় শ্রীযুত জি সি চীপ সাহেবকে এবং শ্রীযুত এফ ই রীড সাহেবকে ফোর্ট উলিয়ম রাজধানীর বাঙ্গলা দেশে এবং সিবিলসম্পর্কীয় শ্রীযুত জান থর্ণটন সাহেবকে উত্তর পশ্চিম দেশে পুনরায় নিযুক্ত করিয়াছেন।

জি এ বুসবি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ১৫ ফেব্রুআরি।]

No 197

ORDERS BY THE RIGHT HONOURABLE THE GOVERNOR OF BENGAL

JUDICIAL AND REVENUE DEPARTMENT

The 8th February, 1842

APPOINTMENTS

Mr C Steer to be Collector of Jessore, from the 3d instant, the date of the sailing of the "Vernon," on which Vessel Mr J B Ogilvy has taken his departure to Sea

Mr Wm Tayler to be Magistrate of Ditto, from the same date Mr G F Cockburn will continue to Officiate as Magistrate of Jessore during the absence of Mr Tayler, or until further orders

The Honourable E Drummond to be Magistrate of Behar, vice Mr Wm Tayler, from the same date

Mr W Onslow to be Magistrate of East Burdwan from the 3d instant, vice Mr C Steer Mr Onslow will continue to Officiate as Judge of Mymensing, until further orders

Mr E F Woodcock to be Joint Magistrate and Deputy Collector of Champarun

Mr R P Harrison to be Joint Magistrate and Deputy Collector of Bancoorah (West Burdwan) from the 9th ultimo the date of the sailing of the "Madagascar," on which Vessel Mr C Graham has taken his departure to Sea

Syed Izzut Ali Khan to be Principal Sudder Ameen of Beerbhoom, vice Moulvie Mahomed Faik deceased

Baboo Ramlochun Ghose to be ditto ditto of Nuddea

Hedayet Ali Khan to be 1st ditto ditto of Behar

Mr E DaCosta to be 2d ditto ditto of ditto, vice Baboo Ramlochun Ghose

Baboo Ramcoomar Chowdree to be 2d ditto ditto of Jessore, vice Mr E DaCosta

Moulvie Mahomed Kulleem, Sudder Ameen of Jessore, to Officiate as Additional Principal Sudder Ameen at Hooghly, until further orders

Moulvie Khyroollah Sha Budduksharee, Moonsiff of Seetakoond in Chittagong, to be a 1st grade Moonsiff, vice Moulvie Mahomed Ibrahim promoted

Syed Furzund Ali, late Law Officer of Tirhoot, to be Law Officer of East Burdwan

LEAVES OF ABSENCE

Mr G F Brown, Commissioner of Revenue of the 12th or Bhaugulpore Division, for four weeks from the 10th ultimo, in supercession of the leave granted to him on the 14th December 1841

Mr O W Malet made over charge of the Treasury of the Southern Division of Cuttack to Mr I T Trevor on the 17th ultimo, in order to proceed to the interior of his district on public duty

Mr J Wheler, made over charge of the Treasury of Bulloah to Mr Uncovenanted Deputy Collector L Barber on the 25th ultimo, for the like purpose

Baboo Kaleepud Ghosal Deputy Collector under

[*Government Gazette*, 15th *February*, 1842

১৯৭ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেবের হুকুম।

জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেন্ট।

১৮৪২ সাল ১৮ ফেব্রুআরি।

নিয়োগ।

বর্ণন নামক যে জাহাজে শ্রীযুত জে বি ওগলবি সাহেব গমন করিয়াছেন সেই জাহাজের গমনের তারিখ অর্থাৎ বর্ত্তমান মাসের ৩ তারিখঅবধি শ্রীযুত সি ষ্টিয়র সাহেব যশোহরের কালেক্টর হইবেন।

ঐ তারিখঅবধি শ্রীযুত ডবলিউ টৈলর সাহেব ঐ স্থানের মাজিষ্ট্রেট হইবেন শ্রীযুত টৈলর সাহেবের অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত জি এফ কোবর্ণ সাহেব যশোহরের মাজিষ্ট্রেটী কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

ঐ তারিখঅবধি শ্রীযুত ডবলিউ টৈলর সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত অনরবিল ই ড্রমণ্ড সাহেব বেহারের মাজিষ্ট্রেট হইবেন।

শ্রীযুত সি ষ্টিয়র সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত ডবলিউ অন্সলো সাহেব বর্ত্তমান মাসের ৩ তারিখঅবধি পূর্ব্ব বর্দ্ধমানের মাজিষ্ট্রেট হইবেন। অন্য হুকুম না হওন পর্য্যন্ত শ্রীযুত অন্সলো সাহেব ময়মুনসিংহের জজী কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত ই ই উডকক সাহেব চম্পারণের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

মাডাগাস্কার নামক যে জাহাজের দ্বারা শ্রীযুত সি গ্রেহাম সাহেব সমুদ্রে গমন করিয়াছেন সেই জাহাজের গমনের তারিখ অর্থাৎ গত মাসের ৯ তারিখঅবধি শ্রীযুত আর পি হারিসন সাহেব পশ্চিম বর্দ্ধমান অর্থাৎ বাকুড়ার জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

মৌলবী মহম্মদ ফেকের মৃত্যুহওয়াতে শ্রীযুত সায়দ ইজ্জত আলী খাঁ বীরভূমের প্রধান সদর আমীন হইবেন।

শ্রীযুত বাবু রামলোচন ঘোষ নদীয়ার ঐ ঐ হইবেন।

শ্রীযুত হেদায়ত আলী খাঁ বেহারের প্রথম ঐ ঐ হইবেন।

শ্রীযুত বাবু রামলোচন ঘোষের পরিবর্ত্তে শ্রীযুত ই ডাকষ্টা সাহেব ঐ স্থানের দ্বিতীয় ঐ ঐ হইবেন।

শ্রীযুত ই ডাকষ্টা সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত বাবু রামকুমার চৌধুরী যশোহরের দ্বিতীয় ঐ ঐ হইবেন।

অন্য হুকুম না হওনপর্য্যন্ত যশোহরের সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ কলীম হুগলীর আতিরিক্ত প্রধান সদর আমীনী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত মৌলবী মহম্মদ ইব্রাহিম উচ্চপদস্থ হওয়াতে চাটিগার সীতাকুণ্ড স্থানের মুনসেফ শ্রীযুত মৌলবী খৈরুল্লা শা বদকসানী প্রথম শ্রেণীর মুনসেফ হইবেন।

ত্রিহুতের সাবেক ব্যবস্থাদায়ক শ্রীযুত সায়দ ফরজন্দ আলী পূর্ব্ব বর্দ্ধমানের ব্যবস্থাদায়ক হইবেন।

ছুটী।

১২ সংখ্যক অর্থাৎ ভাগলপুর এলাকার রাজস্বের কমিস্যনর শ্রীযুত জি এফ ব্রোণ সাহেব ১৮৪১ সালের ১৪ ডিসেম্বর তারিখে যে ছুটী পান তাহা রহিত হইয়া গত মাসের ১০ তারিখ অবধি চারি সপ্তাহের ছুটী পাইয়াছেন।

শ্রীযুত ও ডবলিউ মালেট সাহেব সরকারী কর্ম্মোপলক্ষে আপনার এলকার মফঃসল স্থানে গমনার্থ গত মাসের ১৭ তারিখে কটকের দক্ষিণাংশের খাজানাখানার ভার শ্রীযুত ই টি টুবর সাহেবের প্রতি সমর্পণ করিয়াছেন।

ঐ কর্ম্মোপলক্ষে শ্রীযুত জে উহীলর সাহেব গত মাসের ২৫ তারিখে বলুআর খাজানাখানার ভার অচিহ্নিত ডেপুটী কালেক্টর শ্রীযুত এল বারবর সাহেবের প্রতি সমর্পণ করিয়াছেন।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে মেদিনীপুরের ডে

Regulation IX of 1833, in Midnapore, for two months, from the 2d ultimo, in extension, under Medical Certificate

F J HALLIDAY,
Secy to the Govt of Bengal

No 325
FORT WILLIAM,
GENERAL DEPARTMENT,
The 9th February, 1842

Messrs J B Ogilvy and A Ross, of the Civil Service, embarked for England on board the Ship "Vernon," which Vessel was left by the Pilot at Sea on the 3d instant

SEPARATE DEPARTMENT

Mr R Houstoun, of the Civil Service has been appointed to Officiate as Head Assistant to the Board of Customs, Salt and Opium, and as Collector of Calcutta Stamps, from the 12th instant

G A BUSHBY,
Secy to the Govt of Bengal

No 180
FORT WILLIAM,
GENERAL DEPARTMENT,
The 9th February, 1842

Mr George Alexander, Post Master General, has obtained leave of absence under Section XI of the Rules of the 29th January 1840, from the 12th to the 19th instant, or the date of the departure of the "Earl of Hardwicke" from the Sand Heads on which Vessel he has taken his passage to Europe, on a Sick Certificate Furlough

Mr J B Thornhill has been appointed to Officiate as Post Master General

G A BUSHBY,
Secy to the Govt of India

ORDERS BY THE RIGHT HONOURABLE THE GOVERNOR OF BENGAL

JUDICIAL AND REVENUE DEPARTMENT
The 8th February, 1842
LEAVE OF ABSENCE

Mr P Taylor Collector of Moorshedabad, for two months, on private affairs, to take effect from the date on which he may make over charge of his Office to Mr C D Russell, who has been appointed to Officiate as Collector of Moorshedabad during Mr Taylor's absence, or until further orders

J H YOUNG,
Depy Secy to the Govt of Bengal

GOVERNMENT ADVERTISEMENTS

এস্তেহারনামা তাহ্ছাবি নমক মহাল জেলা হিজলি সন ১৮৪২ সাল তারিখ ৭ ফিবরেল।

এ এলাকার অন্তঃপাতি খাল কুঞ্জপূর ও মের্জাপুরের ইজারদার শ্রীরাজচন্দ্র বন্দোপাধ্যায় অদ্য হজুরে হাজির আসিয়া উক্ত দুই খান সাবেক দস্তুর মত ইজারা লইয়া একরার লিখিয়া দিলেক যে হাল সন ১৮৪২ সালের ইস্তক ১ মার্চ লাগাএত ৩০ জুন ঘাট কৃষ্ণ নগর গোলা

পুটী কালেক্টর শ্রীযুক্ত বাবু কালীপদ ঘোষাল চিকিৎসকের সর্টিফিকটক্রমে গত মাসের ২ তারিখঅবধি অতিরিক্ত দুই মাসের ছুটী পাইয়াছেন।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৩২৫ নম্বর।
ফোর্ট উলিয়ম।
জেনরল ডিপার্টমেণ্ট।
১৮৪২ সাল ৯ ফেব্রুআরি।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত জে বি ওগলবি সাহেব এবং শ্রীযুত এ রস সাহেব বর্ণননামক জাহাজের দ্বারা ইঙ্গলণ্ডে গমন করিয়াছেন এবং ঐ জাহাজ বর্ত্তমান মাসের ৩ তারিখে আড়কাটি সমুদ্রে ছাড়িয়া আইসে।

স্বতন্ত্র ডিপার্টমেণ্ট।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত আর হৌষ্টন সাহেব বর্ত্তমান মাসের ১২ তারিখঅবধি হাসিল ও নিমক ও আফীন বোর্ডের প্রধান আসিষ্টাণ্টী কর্ম্মে এবং কলিকাতার ইষ্টাম্পের কালেক্টরী কর্ম্মে নিযুক্ত হইয়াছেন।

জি এ বুসবি।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

১৮০ নম্বর।
ফোর্ট উলিয়ম।
জেনরল ডিপার্টমেণ্ট।
১৮৪২ সাল ৯ ফেব্রুআরি।

ডাকের অধ্যক্ষ শ্রীযুত জর্জ আলেকজান্দর সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে নিয়মিত ছুটী লইয়া অরল অফ হার্ডউইক জাহাজে ইউরোপে গমন করিবেন অতএব ১৮৪০ সালের ২৯ জানুআরি তারিখের বিধির ১১ ধারানুসারে বর্ত্তমান মাসের ১২ তারিখঅবধি ১৯ তারিখ পর্য্যন্ত অর্থাৎ যে তারিখে জাহাজ খাজুরীহইতে গমন করিবেক সেইপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

শ্রীযুত জে বি থর্ণহিল সাহেব ডাকের তৎ স্বত কর্ম্ম নির্ব্বাহ করিতে নিযুক্ত হইয়াছেন।

জি এ বুসবি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেবের হুকুম।
জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেণ্ট।
১৮৪২ সাল ৮ ফেব্রুআরি।

মুরশিদাবাদের কালেক্টর শ্রীযুত পি টেলর সাহেব যে তারিখে আপনার দফ্তরখানার কর্ম্মের ভার শ্রীযুত সি ডি রসল সাহেবের প্রতি সমর্পণ করিবেন সেই তারিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে দুই মাসের ছুটী পাইয়াছেন এবং শ্রীযুত টেলর সাহেবের অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত রসল সাহেব মুরশিদাবাদের কালক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিতে নিযুক্ত হইয়াছেন।

জে এচ ইয়ং।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ডেপুটী সেক্রেটারী।

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

হইতে বেপারিআন যে সকল নমক রওয়ান লইয়া নমক কিস্তিতে বোঝাই করিয়া খাল মের্জাপুর হইয়া যাইবেক সেই সকল নমক বোঝাই কিস্তির মাসুল ইজারদার মজুকুর লইবেক না কিন্তু অন্য২ মাল বোঝাইয়ের ও খালিয়ান কিস্তির মাসুল লইবেক একারণ এ বিষয় নেমকি বেপারিদিগকে ওয়াকিফ কারণ এই এস্তাহার দেওয়া যাইতেছে যে যে কোন বেপারি ঘাট কৃষ্ণ নগর গোলাহইতে লাং

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ১৫ ফেব্রুআরি।]

৩০ জুনের মধ্যে নমক লইয়া যাইবেক তাহারদিগকে মে র্জাপুবের খালের মাসুল ইস্তক ১ মার্চ লাং ৩০ জুন দিতে হইবেক না বিনা মাসুলে মের্জাপুবের খাল দিয়া উক্ত তা রিখতক নমক বোঝাই কিস্তি যাইতে পারিবেক আর খাল মজুকুরা উভয়রূপ খোদাইয়া লাং ১০। ২৫ ফিবরে ওয়ারিতক খোলা যাইবেক তাহাতে বেপারিআনের কিস্তি গমনাগমনের সুবিধা হইয়া অনায়াসে কিস্তি যাই বেক ইতি।

এ সি বাবরেল। নিমকের এজেন্ট।

এস্তেহার।

গত মাহার ১৫ তারিখে যে এস্তেহার জারী হইয়া ছিল তদ্দৃষ্টে এস্তেহার দেওয়া যাইতেছে যে সন ১২৪৬ সালের ঘাট কালী নগরের নমকের বাবদ যেরূপ কন্সোল সেশন ডিলিবরী অর্থাৎ পূরা দস্তুরে নেমক তাজা করি লে কম দস্তুরে নেমক ওজন দেওয়ার নিয়ম ও মেয়াদ নির্দ্দিষ্ট আছে সেই মেয়াদ ও সেই নিয়ম সন ১২৪৭ সালের কৃষ্ণ নগরের নেমকের প্রতিও খাটিবেক এই নিয়ম গত মাহার ২৪ তারিখ ইস্তক জারী হইল ইতি।

বিমোর্ডর হুকুম সাহেবান আলিসান বোর্ড পরমিট নেমক ও আফিম ইতি সন ১৮৪২ সাল তারিখ ৩ ফিব্রু আরি।

এচ টরেন্স। সেক্রেটারী।

ইস্তেহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত করকচ নেমক পশ্চাদুক্ত নিরিখ দরে বিক্রয়ার্থে প্রস্তুত আছে খরিদারানের উচিত যে ঐ নেমকের রকম মোং শালিখার গোলার নমুনাদৃষ্টে খাতির জমামত বুঝিয়া খরিদ করেন আর যে ব্যক্তি মোকাম মজকুরে প্রথমে রওয়ানা দাখিল করিবেক সেই ব্যক্তি পহিলা ওজন পাইবার যোগ্য হইবেক॥

নেমকের রেওরা।

এজেন্সী অর্থাৎ জিলার নাম	ঘাটের নাম	কোন সনের পোক্তান	মোযাজি নেমক	নিরিখ দর ফি ১০০/ মোন
মান্দ্রাজ করকচ নমক	শালিখা	১৮৪১। ৪২	১৩০০০/	কোং ৪১০৲টাকা

বোর্ড পরমিট নিমক ও আফিম তারিখ ৮ ফিবরেল ——— সন ১৮৪২ সাল। এচ টরেন্স। সেক্রেটারী।

এস্তেহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত পাঙ্গা নেমক পশ্চাদুক্ত নিরিখ দরে বিক্রয়ার্থে প্রস্তুত আছে খরিদারানের উচিত যে ঐ নেমকের রকম মোং আরাকেণের সরকারি গোলার নমুনা দৃষ্টে খাতির জমামত বুঝিয়া খরিদ করেন আর যে ব্যক্তি মোকাম মজকুরে প্রথমে রওয়ানা দাখিল করিবেক সেই ব্যক্তি পহিলা ওজন পাইবার যোগ্য হইবেক।

নেমকের রেওরা।

এজেন্সীঅর্থাৎ জেলার নাম	ঘাটেরনাম	কোন সনের পোক্তান	মওয়াজি নেমক	নিরিখ দর ফি ১০০ মোন
চট্টগ্রাম পাঙ্গা নেমক	আরাকেণ	১৮৪১। ৪২	মোন ৭০০০০/	কোং ৪১২৲টাকা

বোর্ড পরমিট নিমক ও আফিম তাং ১০ ফিব্রুআরি সন ১৮৪২ সাল। এচ টরেন্স। সেক্রেটারী।

বাকীজাত নমক সন ১৮৪১ সাল তারিখ ৩১ ডিসেম্বর।

জিলা হিজলি।

ঘাট দক্ষিণ কালীনগর	১২৪৫ সাল	৩১৪/ মোন
ঐ ঐ	১২৪৬	২৮৬২৫৮৸৫
ঐ ঐ	১২৪৭	৬০১৫১৯৷৹
উত্তর কালীনগর	১২৪৬	১২৪৪৬৭/
ঐ ঐ	১২৪৭	২৯৮৭৯৪/
কৃষ্ণ নগর	„	৩১৯৭১৪/

তমলুক।

নারায়ণপুর	১২৪৭	৪৫৪৮২৬৸৪/
ঐ ক্রোকী	„	৮৬।৬।/

২৪ পরগনা।

নারায়ণপুর বাহির বুনি	১২৪৭	৫৯১৪৷৹
ঐ তাফাল	„	৪১৮৩৫৸৹
শ্রীযুক্ত প্রিন্সেপ সাহেবের ফার্স্ট কোওয়ালিটী	„	৯৫০/৯৷
ঐ সিকাণ্ড ঐ	১২৪৪	৩।১
ঐ ঐ	১২৪৮	১৩৭০।৹
ডাএমাণ্ড হারবোর	১২৪৭	৩২৫০৯৸৹
বাগুণ্ডী	„	৯৩৬২৪/

চট্টগ্রাম।

ডোমখালি	১২৪৭	১১৫৯৫৪।৹

[*Government Gazette, 15th February, 1842*]

সদর ঘাট		৪৪৩৯২॥৫
আরাকেণ পাজা	১৮৪০। ৪১	৮০২২২॥৫
ঐ ঐ	১৮৪১। ৪২	৭১৮৬২।০
	শালিখা।	
খাদয়াজ পরমিট	১৮৩৬। ৩৭	১৮/
মক্কা নমক	১৮৪০। ৪১	২৩/৫
ঐ ঐ	১৮৩৯। ৪	১৮/৮
খুড়া সৈন্ধব ইনফিবিয়ব	১৮৪০। ৪১	৭৮॥৭॥/
ক্রোকী করকচ	১৮৪১	/১
কটক পাজা	১২৪৬	২০৮৮৯০/
ঐ ঐ	১২৪৭	১১৭৭৭৯॥০
খোরদা ঐ	১২৪৬	৯০২৭৩।০
বালেশ্বর ঐ	১২৪৬	৩৫০৯৭৬১
ঐ ঐ	১২৪৭	২২৩৪৬৭৬৪
বালিয়া ঘাটা	১২৪৭	১৮।০
ক্রোকী নেমক	১৮৪১	৩০৫৬৯॥

বিমৌজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড পরমিট নেমক ও আফিম ইতি সন ১৮৪২ সাল ১ ফিব্রুআরি।

এচ টরেন্স। সেক্রেটারী।

SHERIFFS SALE

সাবেক সরিফের নীলাম।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে আগামি মার্চ মাসের ১০ তারিখ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময়ে কলিকাতার সাবেক সরিফ শ্রীযুত তামস ব্রাকেন সাহেবের হাতে ফাইরাই ফেসিয়স নামক যে পরওয়ানা যাদবচন্দ্র শীলের বিরুদ্ধে আছে তদনুসারে ঐ সাহেব সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারাণ্ডায় সরিফ সাহেবের দফ্তরখানায় প্রবেশ দ্বারের নিকটে নীচের লিখিত বিষয় বিক্রয় করিবেন।

জিলা হুগলি পরগনা আর্শা চুচুড়ার অন্তঃপাতি চৌমাথা স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত বসত বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ /২ দুই কাটা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত যাদবচন্দ্র শীলের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে সরকারী রাস্তা পশ্চিম দিগে মৃত নীলমণি শীলের গোল বাটী দক্ষিণ দিগে গোপীচাদ শীলের বাগান পূর্ব্ব দিগে কৃষ্ণমোহন শীলের বাগান।

এবং উক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত অপর যে এক দোতালা ইষ্টক নির্ম্মিত বসত বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ ॥০ দশ কাটা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত যাদবচন্দ্র শীলের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে সরকারী রাস্তা ও কৃষ্ণমোহন শীলের ভূমি পশ্চিম দিগে উমাকান্ত রায়ের এক পুষ্করিণী দক্ষিণ দিগে উক্ত উমাকান্ত রায়ের ভূমি পূর্ব্ব দিগে নীলমণি শীলের গোল বাটী।

এবং উক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক তেতালা ইষ্টকনির্ম্মিত বসত বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ ॥০ দশ কাটা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত যাদবচন্দ্র শীলের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক।

সরিফের নীলাম।

তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে সরকারী রাস্তা এবং গোপীচাদ শীল ও নীলমণি শীল ও বিশ্বমোহন শীলের বৈঠকখানা পশ্চিম দিগে কৃষ্ণমোহন শীলের বাটী ও ভূমি এবং দক্ষিণ দিগে সরকারী রাস্তা।

এবং উক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক বসত বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ ॥৩ তের কাটা এবং তাহার উপরে যে ইষ্টকনির্ম্মিত প্রাচীর তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত যাদবচন্দ্র শীলের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ দক্ষিণ দিগে সরকারী রাস্তা পূর্ব্ব দিগে সপ্তগ্রামি বেণ্ডার বাটী ও ভূমি উত্তর দিগে গোপাল ঠাকুরের মন্দির পশ্চিম দিগে মৃত রাজীব চট্টোপাধ্যায়ের বাটী ও ভূমি এবং সরকারী রাস্তা।

এবং উক্ত জিলা ও পরগনায় মানবেল বাগানের দেপাড়া গলির শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টক নির্ম্মিত বসত বাটী বা বৈঠকখানা এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ /৩ তিন কাটা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত যাদবচন্দ্র শীলের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষত উত্তর দিগে অদ্বৈতচরণ দের বৈঠকখানা পূর্ব্ব দিগে উক্ত গোপাল ঠাকুরের মন্দির দক্ষিণ দিগে ঐ মন্দিরে গমনের রাস্তা পশ্চিম দিগে সরকারী রাস্তা

এবং উক্ত জিলা ও পরগনায় ময়ূরবেড়ের বলদিয়াতলার শামিল ও তন্মধ্যস্থিত যে বাগাৎ ভূমি কমবেশ ১।০ এক বিঘা পাঁচ কাটা এবং তাহার মধ্যে যে অনেক গাছ ও দুইটা পুষ্করিণী তাহার সতর টাকার অংশেতে ও তাহার সতর কাটার অংশের মধ্যে ও তাহার সতর টাকার অংশের উপর উক্ত যাদবচন্দ্র শীলের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক।

সরিফ সাহেবের দফ্তরখানায় অন্বেষণ করিলে নীলামের নিয়ম জানা যাইতে পারিবেক।

GOVERNMENT ADVERTISEMENT

Required, a Treasurer for the Chittagong Collectorship Security of the value of Rs 32,079 must be tendered Salary Rupees 50, per mensem

A Sconce, *Collector*

Chittagong Collectorate, the 29th January, 1842

গবর্ণমেন্টের ইশ্তিহার।

চাটিগাঁর কালেক্টর সাহেবের খাজানাখানাতে এক জন খাজাঞ্চীর আবশ্যক হইয়াছে কোন ব্যক্তি ঐ পদে নিযুক্ত হইতে চাহিলে তাঁহাকে ৩২০৭৯৲ টাকার জামিন দিতে হইবেক ঐ পদের মাহিয়ানা ৫০৲ টাকা।

চাটিগাঁর কালেক্টরী কাছারী। এ স্কন্স। কালেক্টর।
১৮৪২ । ২৯ জানুআরি।

[গবর্ণমেন্ট গেজেট ১৮৪২। ১৫ ফেব্রুআরি।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত উলিয়ম মিচল সাহেবকর্ত্তৃক মুদ্রিত।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, FEBRUARY 22, 1842.

কলিকাতা মঙ্গলবার ১৮৪২ সাল ২২ ফেব্রুআরি।

DRAFTS OF ACTS

[*Second Insertion*]

FORT WILLIAM,

LEGISLATIVE DEPARTMENT,

THE 10TH JANUARY, 1842

The following Extract from the Proceedings of the Right Hon'ble the Governor General in Council, in the Legislative Department, under date the 10th of January 1842, is published for general information

Read a second time the Draft of a proposed Act, dated 31st May 1841, and published in the Calcutta Gazette of the 2nd of June, for consolidating, amending, and extending the law relating to the Registration of Assurances

Resolution — The Right Hon'ble the Governor General in Council resolves that the following Amended Draft on the subject be re-published for general information

Act No. —— OF 1842

An Act for consolidating, amending, and extending the law relating to the Registration of Assurances

I It is hereby enacted, that Regulations XXXVI 1793, XXVIII 1795, XVII 1803, and Section 17, Regulation VIII 1805, so far as it relates to Regulation XVII 1803, also Section 32, Regulation XII 1805, Regulation XX 1812, and Regulation IV 1824, of the Bengal Code, Regulation XVII 1802, and Regulation XI of 1831 of the Madras Code, and Regulation IX. 1827 of the Bombay Code, and Act No XXX 1838, be repealed, from the first day of   in the year of our Lord

II And it is hereby enacted, that the Local Government of each Presidency shall on or before the day and year aforesaid establish at and for each Presidency Town, and each Zillah Station, and such

আইনের মুসাবিদা।

[দ্বিতীয়বার প্রকাশিত।]

ফোর্ট উলিয়ম।

লেজিসলেটিব ডিপার্টমেণ্ট।

ইঙ্গরেজী ১৮৪২ সাল ১০ জানুআরি।

ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলে লেজিসলেটিব ডিপার্টমেণ্টে ইঙ্গরেজী ১৮৪২ সালের ১০ জানুআরি তারিখের কার্য্যের বিবরণের নীচের লিখিত চুম্বক সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হইতেছে।

আসুরান্স অর্থাৎ দলীলদস্তাবেজ রেজিষ্টরী করণবিষয়ক আইন একত্র করণ এবং সংশোধন ও বিস্তারকরণের নিমিত্তে ১৮৪১ সালের ৩১ মে তারিখের যে প্রস্তাবিত আইন ঐ সালের ১৫ জুন তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হয় তাহার মুসাবিদা দ্বিতীয়বার পাঠ করা গেল।

নির্দ্ধারণ।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে স্থির করিয়াছেন যে উক্ত বিষয়ে নীচের লিখিত সংশোধিত মুসাবিদা সর্ব্ব সাধারণ লোকের বিজ্ঞাপনার্থে পুনরায় প্রকাশ হয়।

ইঙ্গরেজী ১৮৪২ সাল——আক্ট।

আসুরান্স অর্থাৎ দলীলদস্তাবেজ রেজিষ্টরীকরণের বিষয়ি আইন একত্রকরণ ও সংশোধন এবং বিস্তারকরণের আইন।

১ ধারা। ইহাতে হুকুম হইল যে ইঙ্গরেজী অমুক সালের অমুক মাসের ১ তারিখঅবধি বাঙ্গলা দেশের চলিত ১৭৯৩ সালের ৩৬ আইন ও ১৭৯৫ সালের ২৮ আইন ও ১৮০৩ সালের ১৭ আইন এবং ১৮০৫ সালের ৮ আইনের ১৭ ধারার যে ভাগ ১৮০৩ সালের ১৭ আইনের সঙ্গে সম্পর্ক রাখে তাহা এবং ১৮০৫ সালের ১২ আইনের ৩২ ধারা এবং ১৮১২ সালের ২০ আইন ও ১৮২৪ সালের ৪ আইন এবং মান্দ্রাজের আইনের মধ্যে ১৮০২ সালের ১৭ আইন ও ১৮৩১ সালের ১১ আইন এবং বোম্বাইয়ের আইনের মধ্যে ১৮২৭ সালের ৯ আইন এবং ১৮৩৮ সালের ৩০ আক্ট রদ হইল ইতি।

২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে প্রত্যেক রাজধানীর গবর্ণমেণ্ট উক্ত বৎসরের উক্ত তারিখে বা তাহার পূর্ব্বে প্রত্যেক রাজধানীর শহরে ও প্রত্যেক জিলার সদর স্থানে ও তাহার নিমিত্ত এবং তদপেক্ষা ক্ষুদ্র যে প্রদেশে

Districts of smaller extent as may be deemed necessary, an Office for the Registering of Assurances, and shall appoint such persons to superintend those offices, and shall assign to them such salaries and establishments, and shall take such securities for the due performance of their duties, and shall frame such rules for their guidance not inconsistent with this Act, as may seem fit And every original and final judgment, decree, or order of any Court and every Will or Codicil, or written authority from any husband to a wife to adopt after his decease any son, when any interest in land may be claimed by virtue of such adoption, and every Contract, Memorandum, Receipt or other writing whatsoever by which any estate or interest in any lands or any interest in the produce growing, or to be grown upon any lands, shall be created, transferred, or otherwise affected, and every writing which shall be the evidence of any act or matter whereby any such estate or interest shall be created transferred, or otherwise affected, shall be considered as an Assurance affecting such lands within the meaning of this Act

III And it is hereby enacted, that all Assurances to be made, passed, or executed after the day and year aforesaid by which any lands within the said Presidency Towns, or the said Zillahs shall be in any way affected at Law or in Equity may be registered at the local Register Office of the Town, or Zillah, or other district in which the said lands or the greater part of them may be situated in the manner hereinafter directed

IV And it is hereby enacted that where any Will, Codicil, or written authority as aforesaid, by which any lands within the said Presidency Towns, or the said Zillahs shall be in any way affected at Law or in Equity, shall have been made, passed or executed on or before the day and year aforesaid, and the Testator shall die after the same day and year, such Assurance may be in like manner registered at the local Register Office of the Town or Zillah, as the case may be

V And it is hereby enacted, that where any lands shall form part of the personal estate of any person deceased, every Will or Codicil duly proved or Letters of Administration or written authority as aforesaid, by which the personal representative of such person deceased shall be appointed, or by which the appointment of such personal representative shall be revoked, or by which the right to the personal representation of such person deceased shall be in any way regulated, shall be considered as affecting such land

VI And whereas it may often happen that some time will elapse pending the negociation for a sale or other contract in regard to interests in land, and that often by reason of the illness or absence of parties, or from other causes, the written transfer of such property will be delayed for want of due execution by all the requisite parties And whereas when conveyances are executed for a tem-

আবশ্যক হয় তাহাতে এবং তাহার নিমিত্ত আসুরান্স অর্থাৎ দলীলদস্তাবেজ রেজিষ্টরীকরণের এক দপ্তর স্থাপন করিবেন এবং যেমত উচিত হয় সেইমত ঐ দপ্তরের কার্য্য নির্ব্বাহকরণের নিমিত্ত আমলারদিগকে নিযুক্ত করিবেন এবং তাহারদের মাহিয়ানা ও সরিশতা নির্দ্দিষ্ট করিবেন এবং তাহারদের কার্য্য প্রকৃতরূপে নির্ব্বাহ করণের নিমিত্ত তাহারদের স্থানে জামিন লইবেন এবং তাহারদের কার্য্যসাধনের নিমিত্ত এই আইনের বিপরীত না হয় এমত নিয়ম নিরূপণ করিবেন। এবং প্রত্যেক আদালতের প্রত্যেক প্রথম ও চূড়ান্ত নিষ্পত্তি ও ডিক্রী অথবা হুকুম এবং প্রত্যেক দানপত্র ও তাহার ক্রোড়পত্র এবং কোন স্বামী আপনার স্ত্রীকে আপনার মরণের পর দত্তক পুত্র গ্রহণকরণের যে অনুমতিপত্র দেন যদি ঐ দত্তক পুত্র গ্রহণকরণের দ্বারা ভূমির কোন সম্পর্কের কোন দাওয়া হইতে পারে তবে ঐ অনুমতিপত্র এবং প্রত্যেক বন্দোবস্ত বা ক্ষুদ্র লিপি বা রসীদ কি অন্যান্য যে কোন লিখনের দ্বারা ভূমি সম্পত্তি বা ভূমির কোন সম্পর্ক বা ঐ ভূমির উপর যে কোন ফসল জন্মিতেছে বা জন্মিবেক তাহার কোন সম্পর্ক সৃষ্টি হয় কি হস্তান্তর হয় বা অন্য কোন প্রকারে তাহার লাভালাভ হয় এবং যে কোন কার্য্য বা ব্যাপারের দ্বারা সেই প্রকার ভূমিসম্পত্তি অথবা সম্পর্ক সৃষ্টি হয় অথবা হস্তান্তর হয় অথবা অন্য প্রকারে তাহার লাভালাভ হয় সেই কার্য্য অথবা ব্যাপারের যে লিখনের দ্বারা প্রমাণ হয় তাহা এই আইনের অর্থের মধ্যে ঐ ভূমিসম্পত্তির আসুরান্স জ্ঞান করা যাইবেক ইতি

৩ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে যে আসুরান্সের দ্বারা উক্ত রাজধানীর শহরের কিম্বা উক্ত জিলার কোন ভূমির বিষয়ে আইনের দ্বারা অথবা একুটির পক্ষে কোন প্রকার কার্য্য হয় তাহা উক্ত বৎসরের উক্ত তারিখের পর করা গেলে কি-জারী হইলে বা স্বাক্ষরিত হইলে যে শহর বা জিলা কি অন্য প্রদেশে ঐ ভূমি বা তাহার অধিকাংশ থাকে তাহার রেজিষ্টরী দপ্তরে ঐ আসুরান্স নীচের লিখিত প্রকারে রেজিষ্টরী হইতে পারে ইতি।

৪ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে যে দানপত্র অথবা দানপত্রের ক্রোড়পত্র অথবা উক্ত প্রকার অনুমতিপত্রের দ্বারা উক্ত রাজধানীর শহরের কিম্বা জিলার কোন ভূমির বিষয়ে আইনানুসারে বা একুটিপক্ষে কোন প্রকারে কার্য্য হয় ঐ দানপত্রপ্রভৃতি যদি উক্ত বৎসরের উক্ত তারিখে বা তাহার পূর্ব্বে করা যায় বা জারী হয় কি স্বাক্ষরিত হয় এবং যদি দানপত্রকারী উক্ত বৎসরের উক্ত তারিখের পরে মরে তবে ঐ আসুরান্স সেইরূপে শহরের বা জিলার রেজিষ্টরী দপ্তরে রেজিষ্টরী হইতে পারে ইতি।

৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যখন কোন ভূমি কোন মৃত ব্যক্তির নিজ ইষ্টেটের ভুক্ত থাকে তখন রীতিমতে প্রমাণহওয়া যে প্রত্যেক দানপত্র কি ঐ পত্রের ক্রোড়পত্র অথবা লেটর্স অফ আডমিনষ্ট্রেসন অথবা উক্ত প্রকার অনুমতিপত্রের দ্বারা ঐ মৃত ব্যক্তির স্থলাভিষিক্ত ব্যক্তি নিযুক্ত হয় অথবা যদ্দ্বারা ঐ স্থলাভিষিক্ত ব্যক্তির নিয়োগহওয়া রহিত হয় কিম্বা যদ্দ্বারা ঐ মৃত ব্যক্তির স্থলাভিষিক্ত হওনের অধিকার কোন প্রকারে নিয়ম হয় তাহা ঐ ভূমির লাভালাভসম্পর্কীয় এমত জ্ঞান করিতে হইবেক ইতি।

৬ ধারা। এবং যেহেতুক বারবার এইমত হইতে পারে যে ভূমির সম্পর্ক বিষয়ে কোন বিক্রয়করণ অথবা অন্য কোন বন্দোবস্ত করণের কথোপকথন হইতেই অনেক সময় লাগে এবং বারবার ব্যক্তিরদের পীড়া কি অনুপস্থানপ্রযুক্ত অথবা অন্য কোন কারণে আবশ্যক সকল ব্যক্তির স্বাক্ষর না পাওয়াতে রীতিমত ঐ সম্পত্তির হস্তান্তর করণপত্রের বিলম্ব হয় এবং যেহেতুক হস্তান্তরকরণপত্র কেবল অল্প কালের নিমিত্ত সহী হইলে

[গবর্ণমেন্ট গেজেট ১৮৪২। ২২ ফেব্রুআরি।]

porary purpose merely it may often be inconvenient and occasion unnecessary expense to register a conveyance containing all the particulars of the transaction it is hereby enacted that any person may require a Caveat according to form A appended to this Act, to be entered in the Register for any Town or District, against his own acts and in favour of any other person, for the protection of any Assurance affecting any lands within such Town or District, which shall have been made and executed, or shall be in progress, or shall have been in contemplation at the time of entering such Caveat

VII And it is hereby enacted, that every requisition for a Caveat shall be made in writing and shall be signed by the grantor thereof, and shall name or describe the person in whose favour the Caveat is to be entered and shall specify, or describe the lands which it is intended should be affected thereby and the time during which such Caveat shall remain in force which time shall not exceed six months from the date of the Caveat

VIII And it is hereby enacted, that in order that the establishment of the said Office shall be neither a source of expense nor revenue, it shall be lawful for the Governor General of India in Council from time to time to determine the fees which shall be paid to the Registrar of every Register Office within the respective Presidencies, for the acts and things authorized or required by this Act, provided that such fees shall be in proportion to the length of the assurance or other document registered, and that a Schedule of the same and of all alterations made at any time in the amount thereof shall be published in the Gazette, provided also that in addition to such fees a charge may be demanded according to the ordinary rates of Section writing when the assurance, or other document copy, or extract, shall be written in any European language

IX And it is hereby enacted, that every requisition for a Caveat which may be deposited at the Register Office, shall be registered in the same Register, and under the same head, and in the same manner as the Assurance to be protected by such Caveat would, under the provisions of this Act, have been registered, if the same had been registered at the time of entering such Caveat

X And it is hereby enacted, that the Registrar to whom an Assurance may be presented for registry shall immediately note upon it the day, hour, and minute of presentation and shall cause an exact copy of it to be entered in a book according to the order in which it is presented, or if two or more Assurances shall be received at the same time then according to their respective dates and shall attest the copy with his signature and with the signature of the party by whom the deed is presented and shall then return the original with a certificate under his signature endorsed thereon specifying the day, hour, and minute of receipt and of registry, with references to the book containing the registry thereof, and the page and number under which the same shall have been entered therein

[*Government Gazette, 22d February*, 1842]

যে বিক্রয়পত্রে কার্য্যের বিশেষ বেওরা লেখা আছে তাহা রেজিষ্টরী করণে ক্লেশ এবং অনাবশ্যক খরচ হয় অতএব ইহাতে হুকুম হইল যে " কেবিয়াট " লিখিয়া দেওন সময়ে কোন শহর বা জিলার মধ্যে ভূমিসম্পর্কীয় যে আসুরান্স করা গিয়া এবং জারী হইয়া থাকে অথবা করা যাইতেছে কিম্বা করিবার কল্প ছিল ঐ আসুরান্স রক্ষাকরণার্থ কোন ব্যক্তি আপন কার্য্যের বিপরীতে এবং অন্য ব্যক্তির পক্ষে কোন শহর অথবা জিলার রেজিষ্টরী বহীর মধ্যে এই আইনের শেষের *A* চিহ্নিত তফসীলের শরওয়ামতে কেবিয়াট নামক লিপি লিখিতে হুকুম করিতে পারে ইতি।

৭ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে কেবিয়াটের নিমিত্ত যে কোন দরখাস্ত করা যায় তাহা লিখিয়া দাখিল করিতে হইবেক এবং দরখাস্তকারী তাহাতে দস্তখত করিবেক এবং যে ব্যক্তির পক্ষে ঐ কেবিয়াট রেজিষ্টরীতে লিখিত হইবেক তাহার নাম অথবা পরিচয় তাহাতে থাকিবেক এবং যে ভূমির সঙ্গে ঐ কেবিয়াটের সম্পর্ক রাখণের কল্প আছে তাহা নির্দ্দিষ্ট করিতে এবং বিশেষ করিয়া লিখিতে হইবেক এবং ঐ কেবিয়াট যত কাল বলবৎ থাকিবেক তাহা নির্দ্দিষ্ট করিতে হইবেক এবং ঐ কাল কেবিয়াটের তারিখঅবধি ছয় মাসের অধিক হইবেক না ইতি।

৮ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে রেজিষ্টরী দফ্তরখানা স্থাপনেতে সরকারের কিছু ক্ষতিবৃদ্ধি না হয় এই নিমিত্তে এই আইনের দ্বারা যে সকল কার্য্য এবং ব্যাপার করিতে অনুমতি অথবা হুকুম হইয়াছে তাহার নিমিত্ত প্রত্যেক রাজধানীর মধ্যে প্রত্যেক রেজিষ্টরী দফ্তরখানার রেজিষ্ট্রারকে যে রসুম দেওয়া যাইবেক তাহা ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে সময়ে২ নিরূপণ করিবেন। কিন্তু রেজিষ্টরীহওয়া আসুরান্স অথবা অন্য কোন দলীলদস্তাবেজের বাহুল্যানুসারে ঐ রসুম নিরূপণ করা যাইবেক এবং তাহার এক তফসীল এবং যে কোন সময়ে ঐ রসুমের মতান্তর করা যায় তাহার এক তফসীল গেজেটে প্রকাশ হইবেক। এবং ঐ রসুমের অতিরিক্ত আসুরান্স অথবা অন্য কোন দলীল দস্তাবেজ বা তাহার চুম্বক ইউরোপীয় কোন ভাষাতে লিখিত থাকিলে তাহার নকলকরণের নিমিত্ত সরকারী দফ্তরে নকলকরণের নিয়মানুসারে অধিক টাকার দাওয়া হইতে পারিবেক ইতি।

৯ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে কেবিয়াটের নিমিত্তে যে প্রত্যেক দরখাস্ত রেজিষ্টরী দফ্তরে দাখিল হয় তাহা যে আসুরান্স রক্ষা করিবার নিমিত্ত করা যায় সেই আসুরান্স এই আইনের বিধিক্রমে কেবিয়াট দাখিলকরণ সময়ে রেজিষ্টরী হইলে যে রেজিষ্টরীতে ও যে খাতায় ও যেরূপে রেজিষ্টরী হইত সেইরূপে রেজিষ্টরী হইবেক ইতি।

১০ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে আসুরান্স রেজিষ্টরী হইবার নিমিত্ত যে রেজিষ্ট্রারের নিকটে আনা যায় তিনি তৎক্ষণাৎ আনয়নকরণের দিবস ও ঘন্টা ও মিনিট তাহাতে টুকিয়া রাখিবেন এবং যে ক্রমে তাহা আনা যায় তাহা অবিকলরূপে বহীতে নকল করিবেন। যদ্যপি দুই বা ততোধিক আসুরান্স একি সময়ে আইসে তবে ঐ আসুরান্সের তারিখের ক্রমে তাহা রেজিষ্টরী করিবেন এবং নকলেতে তিনি আপনি দস্তখৎ করিবেন এবং যে ব্যক্তি দস্তাবেজ আনে তাহারো দস্তখৎ তাহাতে করাইবেন। পরে আসল দস্তাবেজের পৃষ্ঠে আপনার সহীকরা এক সর্টিফিকট লিখিয়া তাহা ফিরিয়া দিবেন এবং যে দিবস ও ঘন্টা ও মিনিটে তাহা আনা গিয়াছিল এবং রেজিষ্টরী হইয়াছিল তাহা এবং রেজিষ্টরী বহীর যে পৃষ্ঠায় ও যে নম্বরে লেখা গিয়াছিল তাহা সকল ঐ সর্টিফিকটে লিখিবেন ইতি।

XI. And it is hereby enacted, that every Assurance by this Act authorized to be registered (except as hereinafter provided) shall, so far as regards any lands to be affected thereby, be void as against any person claiming under any subsequent Assurance duly registered unless the prior Assurance shall have been duly registered before the registration of the subsequent Assurance, any alleged notice of such prior Assurance notwithstanding.

XII. Provided however, and it is hereby enacted, that every Will, Codicil, Letters of Administration, or written authority as aforesaid which shall be registered within the space of one year after the death of the Testator, shall be as valid and effectual as if the same had been registered immediately after the death of such Testator.

XIII. And it is hereby enacted, that where any Assurance for the protection of which a Caveat shall have been entered shall be executed by the grantor of such Caveat, or by any person who shall claim under him, and shall also be executed by the person in whose favour such Caveat shall have been entered, or by his Executors Administrators, or any other person entitled to the benefit thereof, and shall be duly registered within the time not exceeding six months for which the Caveat shall have been registered, such Assurance shall be entitled to the same preference and protection as if the same had been registered at the time of entering the Caveat.

XIV. And it is hereby enacted that any person may apply to a Register Office for an office copy or extract of any Assurance, or other document registered thereat, and thereupon such copy or extract shall be prepared, and a certificate signed by the Registrar shall be written or endorsed thereupon which certificate shall state that such copy or extract is an examined copy or extract of the Assurance or other document registered, and shall specify the book and the place in which such Assurance or other document has been registered.

XV. And it is hereby enacted, that any person may on application at a Register Office, be allowed to inspect and search any of the registers to be kept at the said offices and to take extracts from any such registers, subject to such Regulations as shall be made in pursuance of this Act.

XVI. And it is hereby enacted that all office copies, extracts, and certificates to be provided under this Act, and all receipts to be given under this Act for the payment of fees and for deposits unless the same be required to be given in evidence in a Court of Civil Justice, shall be exempted from Stamp duty.

XVII. And it is hereby enacted, that every copy of or extract from any Assurance or other document registered at any Register Office, shall, if certified under the signature of the Registrar, be admitted in all Courts as evidence of the due regis-

১১ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে (পশ্চাৎ লিখিত বিষয়ব্যতিরিক্ত) পশ্চাৎ লিখিতহওয়া এবং রীতিমত রেজিষ্টরীহওয়া কোন আসুরান্সক্রমে কোন ব্যক্তি দাওয়া করিলে ঐ আসুরান্সসম্পর্কীয় ভূমির বিষয়ে এই আইনানুসারে যে কোন আসুরান্স রেজিষ্টরী করিতে হুকুম আছে তাহার বিষয়ে যদ্যপিও এত্তেলা দেওয়া গিয়াছিল তথাপি তাহা নিষ্ফল হইবেক কিন্তু পরের করা আসুরান্স রেজিষ্টরীহওনের পূর্ব্বে যদি প্রথম করা আসুরান্স রীতিমতে রেজিষ্টরী হইয়াছিল তবে ঐ পূর্ব্বের করা আসুরান্স বহাল থাকিবেক ইতি।

১২ ধারা। কিন্তু ইহাতে হুকুম হইল যে যে প্রত্যেক উইল অর্থাৎ দানপত্র অথবা ঐ দানপত্রের ক্রোড়পত্র বা লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন অথবা উক্ত প্রকার অনুমতিপত্র দানপত্রকারকের মরণের পর এক বৎসরের মধ্যে রেজিষ্টরী হয় তাহা ঐ ব্যক্তির মরণের পরেই রেজিষ্টরী হইল যেরূপ সিদ্ধ ও বলবৎ হইত সেইরূপ সিদ্ধ ও বলবৎ হইবেক ইতি।

১৩ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে আসুরান্সের রক্ষার্থ কেবিয়াট রেজিষ্টরীতে লিখিত হইয়াছিল যদি ঐ কেবিয়াটদায়ক ব্যক্তির দ্বারা সেই আসুরান্স দস্তখৎ করা যায় অথবা যে ব্যক্তি তাহার ক্ষমতাক্রমে দাওয়া করে এমত কোন ব্যক্তির দ্বারা দস্তখৎ করা যায় এবং যে ব্যক্তির পক্ষে ঐ কেবিয়াট লেখা যায় তাহার দ্বারাও অথবা তাহার অসি অথবা টর্ণির দ্বারা অথবা অন্য যে ব্যক্তি তাহাতে উপকার পাইবার অধিকারী যদি তাহার দ্বারা দস্তখৎ করা যায় এবং যে মিয়াদের নিমিত্ত ঐ কেবিয়াট রেজিষ্টরী হইয়া থাকে অর্থাৎ ছয় মাসের মধ্যে যদ্যপি ঐ আসুরান্স রীতিমত রেজিষ্টরী হয় তবে ঐ আসুরান্স কেবিয়াট লিখনের সময়েতে রেজিষ্টরী হইলে যেরূপ অগ্রগণ্য ও প্রবল হইত সেইরূপ অগ্রগণ্য ও প্রবল হইবেক ইতি।

১৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে কোন ব্যক্তি কোন রেজিষ্টরী দফ্তরে রেজিষ্টরীহওয়া কোন আসুরান্স অথবা অন্য কোন দস্তাবেজের নকল কিম্বা চুম্বক পাইবার দরখাস্ত করিতে পারে। এবং তাহা করিলে ঐ নকল অথবা চুম্বক প্রস্তুত করা যাইবেক এবং তাহার উপর কি তাহার পৃষ্ঠে রেজিষ্ট্রার এক সর্টিফিকট লিখিয়া তাহাতে সহী করিবেন। ঐ সর্টিফিকটে ইহা লেখা থাকিবেক যে এই নকল অথবা চুম্বক রেজিষ্টরীহওয়া আসুরান্স অথবা অন্য কোন দস্তাবেজের মোকাবিলাহওয়া নকল অথবা চুম্বক এবং যে বহীতে ও বহীর যে স্থানে ঐ আসুরান্স অথবা অন্য কোন দস্তাবেজ রেজিষ্টরী হইয়াছে তাহাও তাহাতে নির্দ্দিষ্ট থাকিবেক ইতি।

১৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে কোন ব্যক্তি রেজিষ্টরী দফ্তরে দরখাস্ত করিলে ঐ দফ্তরের কোন রেজিষ্টরী বহী দেখিতে ও অন্বেষণ করিতে অনুমতি পাইবেক এবং এই আইনক্রমে যে সকল নিয়ম হয় তাহার অনুসারে ঐ রেজিষ্টরীহইতে কোন কিছু চুম্বক করিয়া লিখিয়া লইতে পারে ইতি।

১৬ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে যে সকল নকল ও চুম্বক ও সর্টিফিকট এই আইনক্রমে দিতে হয় এবং রসুম ও আমানতী টাকা দাখিলহওনের বিষয়ে এই আইনক্রমে যে সমস্ত রসীদ দিতে হয় তাহা যদ্যপি কোন দেওয়ানী আদালতে প্রমাণস্বরূপ দাখিল না করিতে হয় তবে তাহাতে কিছু ইষ্টাম্পের মাসুল লাগিবেক না ইতি।

১৭ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে কোন রেজিষ্টরী দফ্তরে রেজিষ্টরীহওয়া কোন আসুরান্স অথবা অন্য দস্তাবেজের নকল অথবা চুম্বক যদ্যপি রেজিষ্ট্রারের দস্তখৎহওয়া সর্টিফিকট করিয়া দেওয়া যায় তবে ঐ সর্টিফিকটদেওনিয়া কার্য্যকারকের

tration of such Assurance or other document, or of such part of such Assurance or other document, as such copy or extract shall purport to contain, without proof of the hand-writing of the certifying Officer

XVIII And it is hereby enacted, that the fees for registering any Assurance, or for entering any Caveat, shall be brought or sent to the Register Office, with the document to be registered, and the fees for making office copies of and extracts from any registered documents, shall be paid before such office copies or extracts shall be delivered, and the fees for the several other acts and things for which fees are in the said Schedule expressed to be payable, shall be paid before such acts or things respectively shall be done or permitted, and no person shall be entitled to the delivery from a Register Office of any compared or examined document, office copy, extract or certificate or to make any search in the said Register Office, until the fees payable thereon shall have been paid

XIX And it is hereby enacted, that in case of the death or absence on leave of any person appointed by the Local Government to register Assurances under this Act, it shall be lawful for the Zillah Judge, or other Officer specially authorized by the Local Government, to appoint any person whom he may think proper to take temporary charge of the office, and to register Assurances in the same manner as if such person had been appointed to the office by the orders of the Local Government

XX And it is hereby enacted, that any person fraudulently removing any registered copy of any Assurance or other document from the office of Registry, or fraudulently making any alteration or erasure therein or fraudulently destroying, tearing or effacing the same, or any part thereof, shall be liable to be imprisoned with hard labour for any period not exceeding fourteen nor less than four years

FORM A OF CAVEAT IN SECTION VI

Grantor of Caveat	In whose favour	For what period	Particulars of Property
A B	C D	Any period not exceeding six months	Description of property to be accurate and definite

(Signed) A B

Ordered, that the said Draft be re-considered at the first Meeting of the Legislative Council of India after the 10th day of April next

T H MADDOCK,
Secy to the Govt of India.

[*Government Gazette, 22nd February,* 1842.]

হাতের লেখা কি না ইহার প্রমাণ বিনাও তাহা সকল আদালতের মধ্যে ঐ আসুরান্স অথবা অন্য দস্তাবেজের অথবা ঐ আসুরান্স অথবা অন্য দস্তাবেজের যে অংশ ঐ নকল কিম্বা চুম্বকের মধ্যে আছে কহা যায় সেই অংশের বিষয়ে নিয়মিতরূপে রেজিষ্টরী হওনের প্রমাণের ন্যায় গ্রাহ্য হইবেক ইতি।

১৮ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে কোন আসুরান্স রেজিষ্টরী করিবার নিমিত্ত অথবা কেবিয়াট লিখিয়া রাখিবার নিমিত্ত যে রসুম নির্দ্দিষ্ট আছে তাহা রেজিষ্টরী দফ্তরে রেজিষ্টরী হইবার দস্তাবেজের সঙ্গে আনিতে হইবেক অথবা প্রেরণ করিতে হইবেক। এবং রেজিষ্টরীহওয়া দস্তাবেজের নকল অথবা চুম্বক লিখনের যে রসুম নির্দ্দিষ্ট আছে তাহা ঐ নকল অথবা চুম্বকদেওনের পূর্ব্বে দিতে হইবেক। এবং অন্য২ সকল কার্য্য ও বিষয়ের নিমিত্ত ঐ তফসীলে যে রসুম দেওনের হুকুম আছে তাহা প্রথম না দিলে ঐ কার্য্য কি বিষয় করা যাইবেক না অথবা করিবার অনুমতি দেওয়া যাইবেক না। এবং কোন ব্যক্তি যদি দাতব্য রসুম পূর্ব্বে না দেয় তবে রেজিষ্টরী দফ্তরখানাহইতে কোন ঐক্য বা মোকাবিলা হওয়া দস্তাবেজ কিম্বা নকল অথবা চুম্বক কি সর্টিফিকট পাইবার যোগ্য হইবেক না অথবা ঐ রেজিষ্টরী দফ্তরখানায় অন্বেষণ করিতে পারিবেক না ইতি।

১৯ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে এই আইনক্রমে যে ব্যক্তি রাজধানীর গবর্ণমেণ্টের দ্বারা আসুরান্স রেজিষ্টরীকরণের নিমিত্ত নিযুক্ত হন্ সেই ব্যক্তি মরিলে অথবা ছুটী লইয়া স্থানান্তরিত হইলে জিলার জজ সাহেব অথবা রাজধানীর গবর্ণমেণ্টের দ্বারা বিশেষ ক্ষমতা প্রাপ্ত অন্য কোন কার্য্যকারক যে কোন ব্যক্তিকে উচিত বোধ করেন তাহাকে ঐ দফ্তরখানার কার্য্যের ভার কতক কালের নিমিত্ত লইতে হুকুম দিতে পারেন এবং রাজধানীর গবর্ণমেণ্টের হুকুমক্রমে ঐ কর্ম্মে নিযুক্ত হইলে যেরূপে আসুরান্স রেজিষ্টরী করিতে পারিতেন সেইরূপে ঐ ব্যক্তি রেজিষ্টরী করিতে পারিবেন ইতি।

২০ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যদি কোন ব্যক্তি চাতুরী করিয়া কোন আসুরান্স অথবা অন্য দস্তাবেজের রেজিষ্টরীহওয়া নকল কোন দফ্তরখানাহইতে লইয়া যায় অথবা চাতুরী করিয়া তাহাতে কিছু ফেরফার বা কাটকুট করে অথবা চাতুরী করিয়া তাহা অথবা তাহার কোন অংশ নষ্ট করে বা ছিঁড়িয়া ফেলে বা মুছিয়া ফেলে তবে সেই ব্যক্তি চৌদ্দ বৎসরের অনধিক এবং চারি বৎসরের অনূ্যন মিয়াদে পরিশ্রমবিশিষ্ট কয়েদের যোগ্য হইবেক ইতি।

ষষ্ঠ ধারার লিখিত কেবিয়াটের A চিহ্নিত তফসীল।

কেবিয়াটদেওনিয়ার নাম	যাহার পক্ষে দেওয়া গিয়াছে	যে সময় পর্য্যন্ত	সম্পত্তির বিশেষ
অমুক	অমুক	অনধিক ছয় মাসের নিমিত্ত	সম্পত্তির দেও বা বিশেষ ও ঠিকরূপে লিখিতে হইবেক

অমুকের দস্তখৎ।

হুকুম হইল যে আগামি ১০ আপ্রিল তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের প্রথম যে বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনর্ব্বার বিবেচনা করা যাইবেক।

টি এচ মাডক।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

JOHN C MARSHMAN, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE

No 2

To the Commissioner of Revenue for the Division of ———

With reference to the annexed Extracts from a Despatch from the Honourable Court of Directors and from a resolution of the Supreme Government, I am directed by the Sudder Board of Revenue to request that you will report, so far as you may have had opportunities of observation, upon the working in your division of Act IV of 1840, for preventing affrays concerning the possession of land

L CURRIE, *Secretary*

Fort William, 25th January, 1842

Extract

Para 4 We shall be anxious to learn that the provisions of Act IV of 1840, have proved successful in promoting the very desirable and important objects in view

Resolution

1 Ordered that the Governments of Bengal and the N W Provinces, be requested to obtain and furnish reports of the working of the Provisions of Act IV of 1840

(True Copy)

E CURRIE, *Secretary*

সদর বোর্ড রেবিনিউর সরকুলার অর্ডর।

২ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেব বরাবরেষু।

শ্রীযুত কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের পত্রহইতে এবং সুপ্রিম গবর্ণমেন্টের নির্দ্ধারণহইতে নীচের লিখিত চুম্বকের বিষয়ে সদর বোর্ড রেবিনিউর হুকুমক্রমে তোমাকে আদেশ করিতেছি যে ভূমির দখল বিষয়ে দাঙ্গ হঙ্গামা নিবারণের নিমিত্তে ১৮৪০ সালের ৪ আইনের যে ফল তোমার এলাকার মধ্যে দৃষ্ট হইতেছে তাহা যেপর্য্যন্ত তোমার জ্ঞাতসার হয় সেইপর্য্যন্ত রিপোর্ট করিবা।

ই করি। সেক্রেটারী

ফোর্ট উলিয়ম ১৮৪২। ২৫ জানুআরি।

চুম্বক।

৪ দফা। যে অত্যাবশ্যক ও গুরুতর অভিপ্রায়ে ১৮৪০ সালের ৪ আইনের বিধি জারী হইয়াছিল তাহা সফল হইয়াছে কি না এই বিষয় অবগত হইতে আমারদের অত্যন্ত মানস আছে।

নির্দ্ধারণ।

১। হুকুম হইল যে বাঙ্গলা দেশের এবং উত্তর পশ্চিম দেশের গবর্ণমেণ্টকে ১৮৪০ সালের ৪ আইনের বিধির ফলের বিষয়ে রিপোর্ট তলব করিয়া পাঠাইতে হুকুম দেওয়া যায়।

ই করি। সেক্রেটারী।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT

No 148

To the Civil Judges in the Lower Provinces

In modification of the rules contained in Construction No 1161, (page 19 of printed Construction Book, Volume III part 1) and Circular Order dated 3d January 1840 No 64, (Printed Edition, Volume III part 3) which are hereby cancelled, the Court of Sudder Dewanny Adawlut for the Lower and Western Provinces prescribe for the future guidance of the Courts under their respective jurisdictions, the rules which follow

1 It is discretionary with a Civil Court to give a reasonable time to a party presenting a document requiring a stamp, but written on plain paper, to apply to the Revenue authorities for the purpose of having it stamped

• The above is to be considered only applicable, as regards defendants, to the occasion of a defendant presenting such a document, on which his defence is founded, or by which it is supported, when the ends of justice may appear to require the indulgence being granted, and, in respect to plaintiffs, to very special cases, as rare exceptions to the general rule, which should be to non suit a plaintiff, presenting a document of the above description either

সদর দেওয়ানী আদালতের সরকুলর অর্ডর।

১৪৮ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহেব বরাবরেষু।•

১১৬১ নম্বরী আইনের ব্যাখ্যাতে (অর্থাৎ ছাপাহওয়া আইনের ব্যাখ্যা পুস্তকের ৩ বালমের ১ ভাগের ১৯ পৃষ্ঠায়) এবং ১৮৪০ সালের ৩ জানুআরি তারিখের ৬৪ নম্বরী সরকুলর অর্ডরে (অর্থাৎ ছাপাহওয়া সরকুলর অর্ডরের ৩ বালমের ৩ ভাগে) যে বিধি আছে তাহা এই পত্রের দ্বারা রদ হইয়াছে এবং তাহার পরিবর্ত্তে বাঙ্গলাপ্রভৃতি দেশের এবং উত্তর পশ্চিম দেশের সদর আদালতের সাহেবেরা আপনারদের অধীন আদালতের উত্তর কালে কার্য্যনির্ব্বাহের নিমিত্তে নীচের লিখিত বিধি জারী করিতেছেন।

১। যে দলীলদস্তাবেজ ইষ্টাম্প কাগজে লিখিবার হুকুম আছে তাহা সাদা কাগজে লিখিয়া যদি কোন ব্যক্তি দাখিল করে তবে তাহার ঐ কাগজ ইষ্টাম্পকরণার্থ রাজস্বের কার্য্যকারকেরদের নিকটে দরখাস্ত করিবার নিমিত্তে তাহাকে দেওয়ানী আদালত উচিত বোধ করিলে উপযুক্ত মিয়াদ দিতে পারেন্।

উপরের উক্ত বিধি আসামীরদের পক্ষে কেবল এই মত গতিকে খাটিতে পারিবেক অর্থাৎ যে দলীল আসামীর জওয়াবের মূল অথবা যদ্দ্বারা তাহার জওয়াবের সাহায্য হয় এমত দলীলের বিষয়ে উক্ত প্রকার অনুগ্রহ না করিলে যদি যথার্থ বিচারের ব্যাঘাত হয় তবে আসামীকে উক্ত প্রকার অনুগ্রহকরা যাইবেক। ফরিয়াদীরদের বিষয়ে কেবল বিশেষ গতিকে এবং সাধারণ নিয়ম বর্জিতের ন্যায় জ্ঞান করিয়া সেইরূপ অনুগ্রহ করিতে হইবেক কেননা ফরিয়াদীর বিষয়ে এই সাধারণ নিয়মকরা উচিত

as the ground of his claim, or in support thereof Whenever the indulgence is granted, the special reasons for according it should be distinctly stated in a separate proceeding

2 It is discretionary with a Civil Court to give a reasonable time to a party presenting a document bearing an improper Stamp to apply to the Revenue authorities for the purpose of having the proper Stamp affixed

The above should be the general rule when such course is thought necessary for the ends of justice, and the refusal to give time in such cases should form the exception

3 The principle of the two foregoing rules, and the remarks appended thereto is to be held applicable respectively to cases in which documents written on plain paper, or on stamp of inadequate value, may have been already filed

4 The Courts shall reject at once documents presented in miscellaneous cases of the sort described in Rules 1 and 2, whether written on plain paper or insufficient Stamp

5 A deed is admissible as evidence in a Court of Justice upon which the proper stamp has been affixed under the orders of any Commissioner of Revenue, on the representation of any Collector subordinate to his authority

6 It is not the province of the Civil Courts to decide upon the powers of the Revenue Officers in respect to each other but if a deed, when presented to a Court bears the proper Stamp, it should be received in evidence, without a question being admitted as to the competency of the authority by whose orders such stamp was affixed

7 A special appeal having been admitted in a case originally decided on the evidence of a deed bearing an improper Stamp, or requiring a Stamp but written on plain paper, the decisions of both the lower Courts should be set aside, and the Court of first instance directed to restore the case to its original number on the file, and after exercising its discretion in regard to granting or not granting the party who presented the deed an opportunity of remedying the defect in it in the mode laid down in Rules 1, and 2, (as either may apply), to dispose of the case accordingly

W Kirkpatrick, *Deputy Register*

Fort William, 7th January, 1842

যে যে দলীল তাহার দাওয়ার মূল কিম্বা যদ্দ্বারা তাহার দাওয়ার সাহায্য হইতে পারে এমত দলীল দস্তাবেজ সাদা কাগজে দিলে তাহার মোকদ্দমা ননসূট হইবেক। যখন এই প্রকার অনুগ্রহ করা যায় তখন তাহার বিশেষ হেতু এক স্বতন্ত্র রুবকারীতে লিখিতে হইবেক।

২। কোন ব্যক্তি অনুপযুক্ত ইষ্টাম্প কাগজে দস্তাবেজ দাখিল করিলে তাহাতে উপযুক্ত ইষ্টাম্প বসাইবার নিমিত্তে রাজস্বের কার্য্যকারকেরদের নিকটে দরখাস্ত করিতে দেওয়ানী আদালত উচিত বোধ করিলে ঐ ব্যক্তিকে উপযুক্ত মিয়াদ দিতে পারেন।

যথার্থ বিচারকরণের নিমিত্তে ঐ মিয়াদ দেওয়া উচিত বোধ হইলে উক্ত নিয়ম সাধারণ বিধির ন্যায় জ্ঞান করিতে হইবেক এবং এমত গতিকে মিয়াদ না দেওয়া বর্জিতের ন্যায় জ্ঞান করিতে হইবেক।

৩। যেং গতিকে সাদা কাগজের উপর অথবা অনুপযুক্ত মূল্যের ইষ্টাম্প কাগজের উপর লিখিত দলীলদস্তাবেজ ইহার পূর্ব্বে দাখিল হইয়াছে সেইং গতিকে উপরের লিখিত দুই বিধির নিয়ম এবং তাহার নীচে যে স্পষ্ট কথা লেখা গিয়াছে তাহা খাটিবেক।

৪। ১ এবং ২ বিধির নির্দ্দিষ্ট প্রকার দলীলদস্তাবেজ মুতফরক্কা মোকদ্দমায় দাখিল হইলে তাহা সাদা কাগজে লেখা হউক অথবা অনুপযুক্ত ইষ্টাম্প কাগজে লেখা হউক আদালত একেবারে তাহা অগ্রাহ্য করিবেন।

৫। রাজস্বের কমিস্যনর সাহেবের অধীন কোন কালেক্টর সাহেবের পরামর্শক্রমে ঐ কমিস্যনরের হুকুমানুসারে যে দলীলের উপর উপযুক্ত ইষ্টাম্প বসান গিয়াছে তাহা প্রমাণস্বরূপ আদালতে গ্রাহ্য হইতে পারে।

৬। রাজস্বের কার্য্যকারকেরদের পরস্পর ক্ষমতার বিষয় নির্দ্ধার্য্যকরা দেওয়ানী আদালতের এলাকা নহে। কিন্তু যে দলীলদস্তাবেজ আদালতে দাখিল হয় তাহাতে যদি উপযুক্ত ইষ্টাম্প থাকে তবে তাহা প্রমাণস্বরূপ গ্রাহ্য করিতে হইবেক এবং যে কার্য্যকারকের হুকুমক্রমে ঐ ইষ্টাম্প বসান গিয়াছে তাঁহার ক্ষমতার বিষয়ে কিছু জিজ্ঞাসা করিতে হইবেক না।

৭। যদি অনুপযুক্ত ইষ্টাম্পওয়ালা দলীলের প্রমাণে অথবা ইষ্টাম্প কাগজের উপর লিখনের আবশ্যক থাকিলে কেবল সাদা কাগজের লিখিত দলীলের প্রমাণে যদি কোন মোকদ্দমা আদৌ নিষ্পত্তি হইয়া থাকে এবং যদি তাহার উপর খাস আপীল হয় তবে অধঃস্থ উভয় আদালতের নিষ্পত্তি রদ করিতে হইবেক এবং যে আদালতে মোকদ্দমা প্রথমতঃ উপস্থিত হইয়াছিল সেই আদালতকে ঐ মোকদ্দমা আসল নম্বরে পুনর্ব্বার নথীর শামিল করিতে হুকুম দিতে হইবেক। পরে যে ব্যক্তি ঐ দলীল দাখিল করিয়াছিল তাহাকে প্রথম অথবা দ্বিতীয় বিধানের লিখিত নিয়মানুসারে অর্থাৎ যে গতিকে যে বিধি খাটে সেই বিধির অনুসারে ঐ দোষ শুধরণের উপায় দেওয়া বা না দেওয়ার বিষয়ে ঐ আদালত আপনার বিবেচনানুসারে কার্য্য করিয়া মোকদ্দমা নিষ্পত্তি করিবেন।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম ১৮৪২। ৭ জানুআরি।

John C Marshman, *Bengalee Translator.*

APPOINTMENT BY THE SUDDER DEWANNY ADAWLUT

The 11th February, 1842

Baboo Taruknath Bose (who has received a Diploma) to be Moonsiff of Bhotmaree, Zillah Rungpore

J Hawkins, *Register.*

[*Government Gazette, 22d February*, 1842]

সদর দেওয়ানী আদালতের নিযোগ।

১৮৪২ সাল ১১ ফেব্রুআরি।

শ্রীযুত বাবু তারকনাথ বসু যোগ্যতার পত্র প্রাপ্ত হওয়াতে জিলা রঙ্গপুরের ভটমারী স্থানের মুনসেফ হইবেন।

জে হকিন্স। রেজিষ্টর।

CIVIL APPOINTMENTS

No 326
FORT WILLIAM,
GENERAL DEPARTMENT
The 9th February, 1842
NOTIFICATION

The Right Honourable the Governor is pleased to appoint the Chief Magistrate of Calcutta for the time being to be officer for the Presidency of Fort William, for the purpose of granting licenses for the Exportation of Arms Ammunition, and Military Stores from Calcutta under the provisions of Act No XVIII of 1841

It is not the intention of this appointment to preclude the Collector of Customs from allowing the exportation of Arms, Ammunition or Military Stores when accompanied by an order of the Government in this Department, according to the practice heretofore in observance

By Order of the Right Honourable the Governor of Bengal

G A Bushby
Secy to the Govt of Bengal

No 327
FORT WILLIAM,
ECCLESIASTICAL DEPARTMENT
The 9th February 1842

The Revd R Eteson is appointed to Officiate as Chaplain to the General Hospital from the date when the appointment was vacated by the Reverend H S Fisher

G A Bushby
Secy to the Govt of Bengal

No 328
FORT WILLIAM,
SEPARATE DEPARTMENT
The 14th February, 1842

The Right Honourable the Governor of Bengal is pleased to make the following Appointments

Mr William Blunt to be Senior Member of the Board of Customs Salt and Opium, and of the Marine Board, to have effect from the 1st instant

Mr H S Lane to be Junior Member of the Board of Customs, Salt and Opium, and of the Marine Board

Mr T P Marten to be Opium Agent at Benares

G A Bushby,
Secy to the Govt of Bengal

No 329
FORT WILLIAM,
GENERAL DEPARTMENT
The 16th February, 1842

The following Gentlemen, appointed by the Honourable the Court of Directors to the Civil Service of this Presidency, have reported their

রাজকর্ম্মে নিয়োগ।

৩২৬ নম্বর।
ফোর্ট উলিয়ম।
জেনরল ডিপার্টমেণ্ট।
১৮৪২ সাল ৯ ফেব্রুআরি।
বিজ্ঞাপন।

বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেব হুকুম করিতেছেন যে যে ব্যক্তি কলিকাতার প্রধান মাজিষ্ট্রেট হইবেন তিনি ১৮৪১ সালের ১৮ আইনের বিধির অনুসারে কলিকাতাহইতে অস্ত্রশস্ত্র ও বারুদইত্যাদি ও যুদ্ধসরঞ্জাম রপ্তকরণের বিষয়ে পরওয়ানা দেওনের নিমিত্ত ফোর্ট উলিয়ম রাজধানীর মধ্যে নিযুক্ত হইবেন।

এইপর্য্যন্ত এমত রীতি চলিয়া আসিতেছে যে হাসিলের কালেক্টর সাহেব জেনরল ডিপার্টমেণ্টে গবর্ণমেণ্টের হুকুম প্রাপ্ত হইয়া অস্ত্রশস্ত্র অথবা বারুদইত্যাদি কি যুদ্ধসরঞ্জাম রপ্তকরণের অনুমতি দিতেছেন উক্ত ব্যবহার রহিতকরা এই বিজ্ঞাপনের অভিপ্রায় নহে।

বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেবের হুকুমক্রমে।

জি এ বুসবি।
বাঙ্গল দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

৩২৭ নম্বর।
ফোর্ট উলিয়ম।
এক্লিসিয়াষ্টিকেল ডিপার্টমেণ্ট।
১৮৪২ সাল ৯ ফেব্রুআরি।

শ্রীযুত এচ এস ফিশর সাহেব যে তারিখে জেনরল হাসপীটালের ধর্ম্মোপদেশকতা কর্ম্মে ইশ্তাফা দিলেন সেই তারিখঅবধি শ্রীযুত আর এটিসন সাহেব ঐ কর্ম্ম নির্ব্বাহ করিতে নিযুক্ত হইয়াছেন।

জি এ বুসবি।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

৩২৮ নম্বর।
ফোর্ট উলিয়ম।
স্বতন্ত্র ডিপার্টমেণ্ট।
১৮৪২ সাল ১৪ ফেব্রুআরি।

বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেব নীচের লিখিত নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত উলিয়ম ব্লণ্ট সাহেব হাসিল ও নিমক ও আফীমের বোর্ডের এবং মরিন বোর্ডের প্রধান মেম্বর হইয়া বর্ত্তমান মাসের ১ তারিখঅবধি তাঁহার ঐ কর্ম্ম গণ্য হইবেক।

শ্রীযুত এচ এস লেন সাহেব হাসিল ও নিমক ও আফীমের বোর্ডের এবং মরিন বোর্ডের দ্বিতীয় মেম্বর হইবেন।

শ্রীযুত টি পি মারটিন সাহেব বারাণসেতে আফীমের এজেণ্ট হইবেন।

জি এ বুসবি।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

৩২৯ নম্বর।
ফোর্ট উলিয়ম।
জেনরল ডিপার্টমেণ্ট।
১৮৪২ সাল ১৬ ফেব্রুআরি।

নীচের লিখিত সাহেবেরা কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের দ্বারা এই রাজধানীর সিবিলসম্পর্কীয় কর্ম্মে নিযুক্ত হওয়াতে "উআলমর কাটম"নামক জাহাজের

arrival from England on board the Ship "Walmer Castle," which Vessel reached Kedgeree on the 9th instant

Mr E C Bayley
" S Wauchope
" J F Shepherd

SEPARATE DEPARTMENT

Mr C Bury to be Salt Agent at Tumlook and Superintendent of the Tumlook Salt Chokies

Mr Houstoun to have charge of the Sulkeah Salt Golahs until Mr Bowring rejoins his appointment Mr Houstoun will accordingly relieve Mr Bury to enable that Officer to proceed to Tumlook

ECCLESIASTICAL DEPARTMENT,

The 17th February, 1842

The Revd Chas Wimberley is permitted to proceed to England on Furlough

The Revd F Fisher is appointed to Officiate as District Chaplain at Barrackpore, and Chaplain to the Governor General, on the departure of the Revd Mr Wimberley

G A BUSHBY,
Secy to the Govt of Bengal

No 224
FORT WILLIAM,
JUDICIAL AND REVENUE DEPARTMENT,
The 8th February, 1842
NOTIFICATION

The Right Honourable the Governor of Bengal has this day been pleased to re annex to the District of Mymensing the Serajgunge Moonsiffship which, under Orders of the 7th of June, 1836, was transferred to Zillah Rajeshye

F J HALLIDAY,
Secy to the Govt of Bengal

No 225

ORDERS BY THE RIGHT HONOURABLE THE GOVERNOR OF BENGAL

JUDICIAL AND REVENUE DEPARTMENT
APPOINTMENTS
The 8th February 1842

Dr A Campbell, Superintendent of Darjeeling, to exercise concurrent Magisterial authority in the Bykantpore Zemindary, Zillah Rungpore

Dr T W Wilson, Assistant Surgeon of Mymensing, to be Register of Deeds under Act XXX of 1838, in that District

The 12th February, 1842

Mr B J Colvin to be Superintendent of Settlements in the Patna and Behar Districts

The 15th February, 1842

Mr F B Kemp to continue to Officiate as Collector of Dinagepore until the arrival of Mr C D Russell, or until further orders. This cancels Mr Kemp's appointment of the 11th ultimo, directing

[*Government Gazette*, 22nd *February*, 1842.]

দ্বারা ইঙ্গলণ্ডহইতে আপনারদের পঁহুছনের রিপোর্ট করিয়াছেন এবং ঐ জাহাজ বর্ত্তমান মাসের ৯ তারিখে খাজুরীতে পঁহুছে।

শ্রীযুত ই সি বেলি সাহেব।
শ্রীযুত এস ওয়াখোপ সাহেব।
শ্রীযুত জে এফ শেপর্ড সাহেব।

স্বতন্ত্র ডিপার্টমেণ্ট।

শ্রীযুত সি বেরি সাহেব তমলুকের নিমকের এজেণ্ট এবং তমলুকের নিমক চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত বৌরিং সাহেব আপনার কর্ম্ম পুনর্গ্রহণ না করণ পর্য্যন্ত শ্রীযুত হৌষ্টন সাহেব শালিখার নিমক গোলার ভারপ্রাপ্ত হইবেন। অতএব শ্রীযুত বেরি সাহেব তমলুকে গমন করিতে পারেন এই নিমিত্ত শ্রীযুত হৌষ্টন সাহেব শালিখাতে তাঁহার কর্ম্ম গ্রহণ করিবেন।

এক্লিসিয়াষ্টিকেল ডিপার্টমেণ্ট।
১৮৪২ সাল ১৭ ফেব্রুআরি।

ধর্ম্মোপদেশক শ্রীযুত চার্লস উইমবলি সাহেব নিয়মিত ছুটী লইয়া ইঙ্গলণ্ডে গমনের অনুমতি পাইয়াছেন।

শ্রীযুত উইম্বলি সাহেব গমন করিলে পর শ্রীযুত এফ ফিশর সাহেব বারাকপুরের ধর্ম্মোপদেশকতা এবং শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের ধর্ম্মোপদেশকতা কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

জি এ বুসবি।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

২২৪ নম্বর।
ফোর্ট উলিয়ম।
জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেণ্ট।
১৮৪২ সাল ৮ ফেব্রুআরি।
বিজ্ঞাপন।

শেরাজগঞ্জের মুনসেফী ১৮৩৬ সালের ৭ জুন তারিখের হুকুমক্রমে জিলা রাজশাহীর শামিল করা গেল কিন্তু বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেব অদ্য ঐ মুনসেফী ময়মনসিংহের শামিল পুনরায় করিয়াছেন।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

২২৫ নম্বর।
বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেবের হুকুম।

জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেণ্ট।
নিয়োগ।
১৮৪২ সাল ৮ ফেব্রুআরি।

দারজিলিঙ্গের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ডাক্তর এ কাম্বেল সাহেব জিলা রঙ্গপুরের বৈকুণ্ঠপুর জমীদারীতেও মাজিষ্ট্রেটের ক্ষমতাপ্রাপ্ত হইবেন।

ময়মনসিংহের আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত টি ডব্লিউ উইলসন সাহেব ১৮৩৮ সালের ৩০ আইনানুসারে ঐ জিলাতে দলীলদস্তাবেজের রেজিষ্টর হইবেন।

১৮৪২ সাল ১২ ফেব্রুআরি।

শ্রীযুত বি জে কলবিন সাহেব পাটনা ও বেহারেতে বন্দোবস্তী কার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

১৮৪২ সাল ১৫ ফেব্রুআরি।

শ্রীযুত সি ডি রসেল সাহেবের আগমন না হওন কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত এফ বি কেম্প সাহেব দিনাজপুরের কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন। অতএব বেহারের কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবার গত মাসের ১১ তারিখে ঐ কেম্প সাহেবের যে

him to act as Collector of Behar, in which latter Office Mr J Reid will continue to officiate

LEAVES OF ABSENCE

Mr B Golding, Civil and Sessions Judge of East Burdwan, during the Mohurrum vacation, subject to the Rules of 29th January, 1840

Mr H C Hamilton, Magistrate, Collector and Salt Agent of the Southern Division of Cuttack (Pooree), for fifteen days, under Medical Certificate in addition to the period allowed for joining his Station

Mr I T Trevor, exercising powers of Joint Magistrate and Deputy Collector in Cuttack, for one month, from 1st proximo under Section XI of the Rules of 29th January 1840

Mr H Atherton, Joint Magistrate and Deputy Collector of Pubna for three months under Section XI of the same Rules to enable him to proceed to Darjeeling for the benefit of his health

Baboo Brijonath Sein Principal Sudder Ameen of Jessore, during the Mohurrum Vacation

Moulvie Mahomed Kulleem, Officiating Ditto of Ditto, during ditto

Moulvie Abdoollah, Officiating Sudder Ameen of Ditto, during ditto

Moulvie Izzut Alli, late Principal Sudder Ameen of Nuddea, during ditto

The remaining portion of the leave of absence granted to Dr G N Cheek, of the Civil Station of West Burdwan under date the 21st December, 1841 has been cancelled from the 24th idem, the date on which he returned to his duties

F J HALLIDAY,
Secy to the Govt of Bengal

নিয়োগ হইয়াছিল তাহা রহিত হইয়াছে এবং শ্রীযুত জে রীড সাহেব ঐ কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

ছুটি।

পূর্ব্ব বর্দ্ধমানের সিবিল ও সেশন জজ শ্রীযুত বি গোল্ডিং সাহেব ১৮৪০ সালের ২৯ জানুআরি তারিখের বিধির অধীনে মহরমের বন্দে ছুটী পাইয়াছেন।

কটকের দক্ষিণাংশ অর্থাৎ পুরীর মাজিষ্ট্রেট ও কালেকটর এবং নিমকের এজেণ্ট শ্রীযুত এচ সি হামিল্টন সাহেব স্বীয় কর্ম্ম স্থানে পঁহুছনের নিমিত্তে যত দিনের ছুটী পাইয়াছিলেন তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকট ক্রমে পনের দিবসের ছুটী পাইয়াছেন।

কটকের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত ই টি ট্রবর সাহেব ১৮৪০ সালের ২৯ জানুআরি তারিখের বিধির ১১ ধারানুসারে আগামি মাসের ১ তারিখ অবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

পাবনার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত এচ আথর্টন সাহেব স্বীয় স্বাস্থ্যার্থে দারজিলিঙ্গে গমনার্থ উক্ত বিধির ১১ ধারানুসারে তিন মাসের ছুটী পাইয়াছেন।

যশোহরের প্রধান সদর আমীন শ্রীযুত বাবু ব্রজনাথ সেন মহরমের বন্দে ছুটী পাইয়াছেন।

ঐ স্থানের একটিং ঐ শ্রীযুত মৌলবী মহম্মদ কলীম ঐ বন্দে ছুটী পাইয়াছেন।

ঐ স্থানের একটিং সদর আমীন শ্রীযুত মৌলবী আবদুল্লা ঐ বন্দে ছুটী পাইয়াছেন।

নদীয়ার সাবেক প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী ইজ্জৎ আলী ঐ বন্দে ছুটী পাইয়াছেন।

পশ্চিম বর্দ্ধমানের সদর স্থানের চিকিৎসক শ্রীযুত জি এন চীক সাহেব ১৮৪১ সালের ২১ ডিসেম্বর তারিখে যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল ঐ মাসের ২৪ তারিখঅবধি অর্থাৎ যে তারিখে আপনার কর্ম্ম পুনর্গ্রহণ করেন তদবধি রহিত হইয়াছে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. — গবর্ণমেণ্টের ইশ্তিহার।

SALT — নিমক।

এস্তেহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত পাঙ্গা নেমক পশ্চাদক্ত নিরিখ দরে বিক্রয়ার্থে প্রস্তুত আছে খরিদারানের উচিত যে ঐ নেমকের রকম এবং প্রিন্সেপ সাহেবের গোলার নমুনা দৃষ্টে খাতিরজমামত বুঝিয়া খরিদ করেন আর যে ব্যক্তি মোকাম মজকুরে প্রথমে রওয়ানা দাখিল করিবেক সেই ব্যক্তি পহিলা ওজন পাইবার যোগ্য হইবেক।

নেমকের রেওরা।

এজেন্সী অর্থাৎ জেলার নাম	ঘাটের নাম	কোন সনের পোক্তান	মওয়াজি নেমক	নিরিখ দর ফি ১০০/ মোন
প্রিন্সেপ সাহেবের বেলেঘাটা পাঙ্গা নেমক	বেলেঘাটা	১২৪৮ সাল	মোন ১০০০/	কোং ৪৫০৲টাকা

বোর্ড পরমিট নিমক ও আফিম তারিখ ১৪ ফিবরেল সন ১৮৪২ সাল। এচ টরেন্স। সেক্রেটারী।

NOTICE. — ইশ্তিহার।

এস্তাগারন মা কাছারী কালেক্টরি জেলা রঙ্গপুর সন ১৮৪২ ইঙ্গরেজী তারিখ ১৭ ফেব্রুআরি মোতাবেক সন ১২৪৮ সাল তা রখ ৭ ফাল্গুণ।

মহাল আবকারীওগএরহ যে সন ১২৪৮ সালের বন্দোবস্ত হইয়াছিল তাহার মিয়াদ সমাপন হওনের উদ্যতপ্রযুক্ত সন ১৮৪২ ইঙ্গরেজীর ১ মেই মোতাবেক সন ১২৪৯ সালের ২০ বৈশাখহইতে পত্তন করা আর

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ২২ ফেব্রুআরি]

শ্যক অতএব জেলা মজকুরের মোতালকে বর্ত্তমান সনের শরাব ও গাঞ্জা ও তাড়ী ও আফীম বিক্রীর দোকান যে নিরিখে ইজারা মোকরর আছে সেই সকল মহাল আএন্দা সনহইতে খাস হইয়া সরকারের সহিত বন্দোবস্ত হইবেক অতএব তাহার তাইন নীচের তপসীলে লিখিয়া ইস্তাহার দেওয়া যাইতেছে যে কেহ ঐ সকল মহালাত প্রণালিমত নগদ তিন মাহার টাকা আমানত দিয়া তালুক২ ও পরগনাওয়ারি থানা হিলিতে পত্তন হওয়ার বাঞ্ছা রাখে তবে সন ১৮৪২ ইঙ্গরেজীর ২৭ মার্চ মোতাবেক সন ১২৪৮ সালের ১৫ চৈত্র হজুরে হাজির আসিয়া দোকান লওয়ার প্রার্থনায় নগদ তিন মাহার টাকা আমানত সম্বলিত দরখাস্ত দাখিল করিলে ঐ তারিখ মজকুরে তাবৎ দরখাস্ত মোলাহেজা হইয়া জমা বেশী ও আমানত দৃষ্টে সন ১৮৪২ ইঙ্গরেজী মোতাবেক সন ১২৪৯ সালে বন্দোবস্ত আমলে আসিবেক ইতি। ১৮৪২ ইঙ্গরেজী তারিখ সন ১২৪৮ সাল তারিখ

তপসীল।

মহাল শরাব	মহাল গাঞ্জা	আফীম বিক্রী
ফী রোজ জমা	ফী রোজ জমা	ফী সের মোট
মোট কোম্পানি——১৪৲	মোট কোম্পানি——১৭৷৵	কোম্পানি——২৩৷৩

Rungpore Collectorate, 17th Feb 1842

A DICK, *Collector*

REQUIRED, a Treasurer for the Chittagong Collectorship Security of the value of Rs 32,079 must be tendered Salary, Rupees 50 per mensem

A SCONCE, *Collector*

Chittagong Collectorate, the 29th January, 1842

[*Government Gazette, 22nd February,* 1842]

চাটিগাঁর কালেকটর সাহেবের খাজানাখানাতে এক জন খাজাঞ্চীর আবশ্যক হইয়াছে কোন ব্যক্তি ঐ পদে নিযুক্ত হইতে চাহিলে তাঁহাকে ৩২০৭৯৲ টাকার জামিন দিতে হইবেক ঐ পদের মাহিয়ানা ৫০৲ টাকা।

চাটিগাঁর কালেকটরী কাছারী। এ স্কন্স। কালেকটর। ১৮৪২। ২৯ জানুআরি।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত উলিয়ম মিচল সাহেবকর্ত্তৃক মুদ্রিত।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MARCH 1, 1842.

কলিকাতা মঙ্গলবার ১৮৪২ সাল ১ মার্চ ।

DRAFTS OF ACTS

FORT WILLIAM,
LEGISLATIVE DEPARTMENT,
THE 14TH FEBRUARY, 1842

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 14th of February, 1842

Act No —— OF 1842

An Act for repealing certain provisions of the Bengal Code regarding translations

I —Whereas the rules regarding the rate of payment for translations of proceedings and other documents for the use of the Sudder Dewanny Adawlut fixed by Section V Regulation XIX. 1797, and Section XXXIII Regulation IV 1803, of the Bengal Code, require amendment ,—

It is hereby enacted, that Section V Regulation XIX 1797, and Sections XXXIII Regulation IV 1803, be repealed

Ordered, that the Draft now read be published for general information

Ordered, that the said Draft be reconsidered at the first Meeting of the Legislative Council of India after the 14th day of April next.

T H MADDOCK,
Secy to the Govt of India

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
লেজিসলেটিব ডিপার্টমেণ্ট।
ইঙ্গরেজী ১৮৪২ সাল ১৪ ফেব্রুআরি ।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪২ সালের ১৪ ফেব্রুআরি তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪২ সাল——আক্ট।

তরজমা করণবিষয়ক বাঙ্গলা দেশের চলিত আইনের কোন২ বিধি রদকরণের আইন।

১ ধারা। যেহেতুক সদর দেওয়ানী আদালতের নিমিত্তে রুবকারী এবং অন্যান্য কাগজপত্র তরজমাকরণের নিমিত্তে যে বেতন দেওয়া যায় তাহার হারের বিষয়ি যে বিধি বাঙ্গলা দেশের চলিত ১৭৯৭ সালের ১৯ আইনের ৫ ধারা এবং ১৮০৩ সালের ৪ আইনের ৩৩ ধারাতে নির্দ্দিষ্ট আছে তাহা মতান্তর করণ আবশ্যক বোধ হইল

সিবিলসম্পর্কীয় শ্রীযুত আব সি বেক্স সাহেব চিকিৎসকেব সর্টিফিকটক্রমে ইঙ্গলণ্ডে গমনকবণেব অনুমতি পাইয়াছেন।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত এফ জে মবিস সাহেব বর্ত্তমান মাসেব ১১ তাবিখে বাঙ্গলা রাজধানীব সীমাব মধ্যে আপনাব পঁহুছনের রিপোর্ট কবিয়াছেন।

কোম্পানিব কেবাণী শ্রীযুত ডবলিউ গ্রে সাহেব চিকিৎসকেব সর্টিফিকটক্রমে দাবজিলিঙ্গে গমন করিয়া দুই মাসপর্য্যন্ত রাজধানীহইতে অনুপস্থিত থাকিবার অনুমতি পাইয়াছেন।

কোম্পানিব কেবাণী শ্রীযুত এম এচ কোর্ট সাহেব ও শ্রীযুত ডবলিউ জে আর কার্ণক সাহেব ও শ্রীযুত জে জে ফিট্‌সপাত্রিক সাহেব এদেশীয় দুই ভাষায় সুশিক্ষিত হওয়াতে সবকারী কর্ম্মে উপযুক্ত এমত রিপোর্ট হইয়াছে।

এক্লিসিয়াষ্টিকেল ডিপার্টমেণ্ট।

ধর্ম্মোপদেশক শ্রীযুত হোবেসিও মৌল সাহেব বাঙ্গলা দেশের আসিষ্টাণ্ট ধর্ম্মোপদেশকতা কর্ম্মে নিযুক্ত হইয়া শা আলমনামক জাহাজেব দ্বাবা আপনার পঁহুছনের রিপোর্ট করিয়াছেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ১৭ তারিখে খাজুরীতে পঁহুছে।

জি এ বুসবি।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টেব সেক্রেটারী।

No. 332

FORT WILLIAM,
GENERAL DEPARTMENT

The 23d February, 1842

Mr W T Trotter, of the Civil Service, embarked for England on board the ship "Scotia," which Vessel was left by the Pilot at Sea on the 20th instant

ECCLESIASTICAL DEPARTMENT

The Reverend J J Tucker, Chaplain on the Bengal Establishment, embarked for England on board the ship "Scotia," which Vessel was left by the Pilot at Sea on the 20th instant

G A BUSHBY
Secy to the Govt of Bengal

৩৩২ নম্বর

ফোর্ট উলিয়ম।
জেনরল ডিপার্টমেন্ট।

১৮৪২ সাল ২৩ ফেব্রুআরি।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত ডবলিউ টি ট্রটর সাহেব স্কোসিয়া নামক জাহাজের দ্বারা ইঙ্গলণ্ডে গমন করিয়াছেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ২০ তারিখে আড়কাটি সমুদ্রপথে ছাড়িয়া আইসে।

এক্লিসিয়াষ্টিকেল ডিপার্টমেন্ট।

বাঙ্গলা দেশের ধর্ম্মোপদেশক শ্রীযুত জে জে টকর সাহেব স্কোসিয়া নামক জাহাজের দ্বারা ইঙ্গলণ্ডে গমন করিয়াছেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ২০ তারিখে আড়কাটি সমুদ্রপথে ছাড়িয়া আইসে।

জি এ বুসবি।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

No 333

FORT WILLIAM,
GENERAL DEPARTMENT

The 25th February, 1842

Mr G J Morris has been permitted to resign the East India Company's Civil Service

G A BUSHBY,
Secy to the Govt of Bengal

৩৩৩ নম্বর।

ফোর্ট উলিয়ম।
জেনরল ডিপার্টমেন্ট।

১৮৪২ সাল ২৫ ফেব্রুআরি।

শ্রীযুত জি জে মরিস সাহেব কোম্পানি বাহাদুরের সিবিলসম্পর্কীয় কর্ম্মে ইশ্‌তাফা দেওনের অনুমতি পাইয়াছেন।

জি এ বুসবি।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

No 184

FORT WILLIAM,
GENERAL DEPARTMENT

The 23d February, 1842

The Right Honourable the Governor General in Council is pleased to re-attach Mr F J Morris, of the Civil Service, to the Bengal Division of the Presidency of Fort William

G A BUSHBY,
Secy to the Govt of India

১৮৪ নম্বর।

ফোর্ট উলিয়ম।
জেনরল ডিপার্টমেন্ট।

১৮৪২ সাল ২৩ ফেব্রুআরি।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে সিবিলসম্পর্কীয় শ্রীযুত এফ জে মরিস সাহেবকে ফোর্ট উলিয়ম রাজধানীর বাঙ্গলা দেশে পুনরায় নিযুক্ত করিয়াছেন।

জি এ বুসবি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

No 185

FORT WILLIAM,
GENERAL DEPARTMENT

The 1st March, 1842

The Right Honourable the Governor General has been pleased to appoint Surgeon John Thomas Pearson, for the present, to the Medical charge of His Lord ship's Household

G A BUSHBY,
Secy to the Govt of India

১৮৫ নম্বর।

ফোর্ট উলিয়ম।
জেনরল ডিপার্টমেন্ট।

১৮৪২ সাল ১ মার্চ।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর চিকিৎসক শ্রীযুত জান তামস পিয়র্সন সাহেবকে কিঞ্চিৎ কালপর্য্যন্ত শ্রীযুতের পরিবারের চিকিৎসকতা কর্ম্মে নিযুক্ত করিয়াছেন।

জি এ বুসবি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী

FORT WILLIAM,
FINANCIAL DEPARTMENT,

The 22d February, 1842

LEAVE

Mr W H Oakes, of the Civil Service, has obtained leave of absence for two years, to proceed to the Cape of Good Hope for the benefit of his health

Mr W H Belli has been appointed to officiate as Sub-Treasurer

G A BUSHBY,
Secy to the Govt. of Bengal.

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ৮ মার্চ।]

ফোর্ট উলিয়ম।
ফিনান্সিয়ল ডিপার্টমেন্ট।

১৮৪২ সাল ২২ ফেব্রুআরি।

ছুটী।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত ডবলিউ এচ ওক্স সাহেব স্বীয় স্বাস্থ্যার্থে কেপে গমনার্থ দুই বৎসরের ছুটী পাইয়াছেন।

শ্রীযুত ডবলিউ এচ বেলাই সাহেব সবট্রেজুররী কর্ম্ম নির্ব্বাহ করিতে নিযুক্ত হইয়াছেন।

জি এ বুসবি।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

No 331
FORT WILLIAM,
SEPARATE DEPARTMENT,
The 3d March, 1842.
APPOINTMENT

Mr A F Donnelly to Officiate as Commissioner for the Superintendence of Abkarry Revenue, during the absence of Mr S G Palmer, to whom the Right Honourable the Governor is pleased to give leave of absence for three months, from the 10th instant, under Section XI of the Rules of the 29th January, 1840

G A Busby,
Secy to the Govt of Bengal

No 335
FORT WILLIAM
GENERAL DEPARTMENT,
The 4th March, 1842

Messrs R M Bird, George Alexander, and J C Dick, of the Civil Service, embarked for England on board the Ship "Earl of Hardwicke," which Vessel was left by the Pilot at Sea on the 28th ultimo

Mr C Tottenham, of the Civil Service, embarked for England on board the Ship "Robert Small," which Vessel was left by the Pilot at Sea on the 28th ultimo

ECCLESIASTICAL

The Rev Charles Wimberley, a Chaplain on the Bengal Establishment, embarked for England on board the Ship "Earl of Hardwicke," which Vessel was left by the Pilot at Sea on the 28th ultimo

G A Busby,
Secy to the Govt of Bengal

No 280
ORDERS BY THE RIGHT HONOURABLE THE GOVERNOR OF BENGAL
JUDICIAL AND REVENUE DEPARTMENT
APPOINTMENTS
The 22d February, 1842

Mr J Dunbar, Officiating Commissioner of the 18th or Jessore Division, to exercise temporarily the powers of a Session Judge, for the disposal of certain appeals pending in the Zillah of the 24 Pergunnahs

The 26th February, 1842

Mr W H Belli to be Collector of East Burdwan

Mr E Stirling to be ditto of Hooghly

The 28th February, 1842

Dr E Mitchell to be Civil Assistant Surgeon of Pubna The Orders of the 19th instant, appointing him to Shahabad, are hereby cancelled

Dr S H Batson to continue in Medical charge of the Civil Station of Shahabad

LEAVES OF ABSENCE &c

Mr F A E Dalrymple, from the 2d December 1841 to the 18th January 1842, the date on which he took charge of his appointment in the 24-Per-

Government Gazette, 8th March, 1842]

৩৩১ নম্বর।
ফোর্ট উলিয়ম।
স্বতন্ত্র ডিপার্টমেণ্ট।
১৮৪২ সাল ৩ মার্চ।
নিয়োগ।

বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেব শ্রীযুত এস জি পামর সাহেবকে ১৮৪০ সালের ২৯ জানুআরি তারিখের বিধির ১১ ধারানুসারে বর্ত্তমান মাসের ১০ তারিখঅবধি তিন মাসের ছুটী দিয়াছেন। তাঁহার অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত এ এফ ডনেলী সাহেব আবকারী রাজস্বের সুপরিণ্টেণ্ডেণ্টের কমিস্যনরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

জি এ বুসবি।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৩৩৫ নম্বর।
ফোর্ট উলিয়ম।
জেনরল ডিপার্টমেণ্ট।
১৮৪২ সাল ৪ মার্চ।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত আর এম বর্ড সাহেব ও শ্রীযুত জর্জ আলেকজান্দর সাহেব ও শ্রীযুত জে সি ডিক সাহেব আরল অফ হার্ডউইক নামক জাহাজে ইঙ্গলণ্ডে গমন করিয়াছেন ঐ জাহাজ গত মাসের ২৮ তারিখে আড়কাটি সমুদ্রপথে ছাড়িয়া আইসে।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত সি টটনহাম সাহেব রবর্ট স্মল নামক জাহাজে ইঙ্গলণ্ডে গমন করিয়াছেন ঐ জাহাজ গত মাসের ২৮ তারিখে আড়কাটি সমুদ্রপথে ছাড়িয়া আইসে।

এক্লিসিয়াষ্টিকেল ডিপার্টমেণ্ট।

বাঙ্গলা দেশের ধর্ম্মোপদেশক শ্রীযুত চার্লস উইমবর্লি সাহেব আরল অফ হার্ডউইক নামক জাহাজে ইঙ্গলণ্ডে গমন করিয়াছেন ঐ জাহাজ গত মাসের ২৮ তারিখে আড়কাটি সমুদ্রপথে ছাড়িয়া আইসে।

জি এ বুসবি।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

২৮০ নম্বর।
বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেবের হুকুম।
জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেণ্ট।
নিয়োগ।
১৮৪২ সাল ২২ ফেব্রুআরি।

১৮ সংখ্যক অর্থাৎ যশোহর এলাকার একটিং কমিস্যনর শ্রীযুত যে ডনবার সাহেব জিলা চব্বিশ পরগনায় মুলতবীথাকা কএক আপীলের নিষ্পত্তি করণার্থ কায়েম মোকামরূপে সেশন জজী কর্ম্ম নির্ব্বাহ করিতে নিযুক্ত হইয়াছেন।

১৮৪২ সাল ২৬ ফেব্রুআরি।

শ্রীযুত ডবলিউ এচ বেলাই সাহেব পূর্ব্ব বর্দ্ধমানের কালেক্টর হইবেন।

শ্রীযুত ই ষ্টর্লিং সাহেব হুগলীর ঐ হইবেন।

১৮৪২ সাল ২৮ ফেব্রুআরি।

শ্রীযুত ডাক্তর ই মিচল সাহেব পাবনার সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক হইবেন। বর্ত্তমান মাসের ১৯ তারিখের যে হুকুমক্রমে ঐ সাহেব শাহাবাদে নিযুক্ত হইয়াছিলেন তাহা রহিত হইয়াছে।

শ্রীযুত ডাক্তর এস এচ বাটসন সাহেব শাহাবাদের সদর স্থানের চিকিৎসকতা কর্ম্মে থাকিবেন।

ছুটীইত্যাদি।

শ্রীযুত এফ এ ই ডালরিম্পল সাহেব গত মে মাসের ১১ তারিখে চিকিৎসকের সর্টিফিকটক্রমে চীন দেশে গমনের যে ছুটী পাইয়াছিলেন তদতিরিক্ত ১৮৪১ সালের ২

gunnahs, in extension of the leave of absence granted to him on the 11th May last, to proceed to China under Medical Certificate

Mr R C Raikes, for one month, in extension, preparatory to his applying for leave to proceed to Europe, under Medical Certificate

Moulvie Syed Soojaoodeen Alli Khan, Principal Sudder Ameen of Tirhoot, during the Mohurrum Vacation

Moulvie Niamut Alli Khan, Ditto ditto of ditto, during ditto

Moulvie Rooknoodeen Khan, Ditto ditto of Purneah, during ditto

Mr P Taylor made over charge of the Collectorate of Moorshedabad to Mr C D Russell on the 19th instant

Mr W Vansittart made over charge of the Treasury of Monghyr to Mr D Cunliffe on the 5th ultimo, and proceeded to the interior of his District on public duty

F J HALLIDAY,
Secy to the Govt of Bengal

ডিসেম্বর তারিখঅবধি যে তারিখে চব্বিশ পরগনায় আপনার নিয়োজিত কর্ম্ম গ্রহণ করিয়াছেন অর্থাৎ ১৮৪২ সালের ১৮ জানুআরি তারিখপর্য্যন্ত ছুটী পাইলেন।

শ্রীযুত আর সি রেক্‌স সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে ইউরোপে গমনার্থ ছুটী পাওনের পূর্ব্বে অতিরিক্ত এক মাসের ছুটী পাইয়াছেন।

ত্রিহুতের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী সায়দ সুজাউদ্দীন আলী খাঁ মহরমের বন্দে ছুটী পাইয়াছেন।

ঐ স্থানের ঐ ঐ শ্রীযুত মৌলবী নেয়ামৎ আলী খাঁ ঐ বন্দে ছুটী পাইয়াছেন

পূরণীয়ার ঐ ঐ শ্রীযুত মৌলবী রুকনুদ্দীন খাঁ ঐ বন্দে ছুটী পাইয়াছেন।

শ্রীযুত পি টেলর সাহেব বর্ত্তমান মাসের ১৯ তারিখে মুরশিদাবাদের কালেক্টরী কর্ম্মের ভার শ্রীযুত সি ডি রসল সাহেবের প্রতি অর্পণ করিলেন।

শ্রীযুত ডবলিউ বান্সিটর্ট সাহেব গত মাসের ৫ তারিখে মুঙ্গেরের খাজানাখানার ভার শ্রীযুত ডি কনলিফ সাহেবের প্রতি অর্পণ করিয়া সরকারী কর্ম্মোপলক্ষে জিলার মফ সলে গমন করিলেন।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

SALT

নিমক।

এস্তেহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত পাঙ্গা নেমক পশ্চাদুক্ত নিরিখ দরে বিক্রয়ার্থে প্রস্তুত আছে খরিদারানের উচিত যে ঐ নেমকের রকম জেলা ২৪ পরগনার মোং নারায়ণপুরের সরকারি গোলার নমুনা দৃষ্টে খাতির জমামত বুঝিয়া খরিদ করেন আর যে ব্যক্তি মোকাম মজকুরে প্রথমে রওয়ানা দাখিল করিবেক সেই ব্যক্তি পহিলা ওজন পাইবার যোগ্য হইবেক।

নেমকের রেওরা।

এজেন্সী অর্থাৎ জেলার নাম	ঘাটের নাম	কোন সনের পোক্তান	মওয়াজি নেমক	নিরিখ দর ফি ১০০/ মোন
২৪ পরগনা বাহির বুনি তাফাল	নারায়ণপুর ঐ	১২৪৭ সাল ঐ	৩৩৫০/ মোন ১৪৪৩৩ ২/ ১৭৭৮৩।২ মোন	কোং ৪৫৩৲ টাকা ৪৫১

বোর্ড পরমিট নিমক ও আফিম তাং ২৮ ফিব্রুআরি সন ১৮৪২ সাল। এচ টরেন্স। সেক্রেটারী।

নিরিকনামা মোং পাটনা ডিবিজিআনের শস্যাদির ভাও তফরিকওয়ারি ফি জিলা২ বেণিয়া লোক যে দর বিক্রয় করে এবং মেজিষ্টর সাহেবের দ্বারা যে নিরিকনামা হয় তাহার গোশওয়ারা সন ১৮৪১ সালের এবং ইম সন ১৮৪২ লাং ৩১ জানের।

জিলা	সদর গঞ্জ	শস্যাদির নাম	রকম ওয়ারি	গত সন ১৮৪১ দর			ইম সন ১৮৪২ লাং ৩১ জানের দর			কৈফিয়ৎ।
				মোন	সের	ছটাক	মোন	সের	ছটাক	
		চাউল								
বেহার	সাহেবগঞ্জ	বাঁশমতি চাউল	আওল	,,	।৮	,,	,,	।৭	,,	এইইষ্টেটমেণ্ট
		ঐ	দোএম	,,	॥০	,	,,	।৮	,,	সকল মেজেষ্টর
		ঐ	সেম	,,	॥১	,,	,,	।৯	,,	সাহেবলোকের
		ঐ	চহরম	,,	॥৫	,,	,,	॥০	,,	দ্বারা তৈয়ারী
		আতব চাউল	আওল	,,	॥১	।০	,,	॥১	।০	হয়।
		ঐ	দোএম	,,	॥২	॥০	,,	॥২	॥০	
		উরণা চাউল	আওল	,,	৸২	॥০	,,	॥২	॥০	
		ঐ	দোএম	,,	৸৩	৸০	,,	॥৩	৸০	
		ঐ	সেম	,,	৸৬	।০	,,	॥৫	,,	
		দাউল								
		অরহর দাউল	আওল	,,	৸৩	৸০	,,	॥১	।০	
		ঐ	দোএম	,,	৸৫	,,	,,	॥২	॥০	
		খেসারি	আওল	১	/৮	৸০	,,	৸০	,,	

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ৮ মার্চ।]

		খেসারি	দোএম	১	।১	।০	„	৸১	।০	
		মুসুরি	আওল	১/	„	„	„	॥৬	।০	
		ঐ	দোএম	১	/১	।০	„	॥৭	॥০	
		উরিদ	আওল	১/	„	,	„	॥৮	৸০	
		ঐ	দোএম	১	/১	।০	„	৸০	,	
		মুগ		„	॥০	„	„	।৮	„	

জিলা	সদর গঞ্জ	শস্যাদির নাম	রকম ওয়ারি	গত সন ১৮৪১ দর			ইস সন ১৮৪২ সাং ৩১ জানের দর			কৈফিয়ৎ।
				মোন	সের	ছটাক	মোন	সের	ছটাক	
		চাউল		ফি তঙ্কা			ফি তঙ্কা			
পাটনা	বাকীপুর	বাশমতি	আওল	„	।৬	„	„	।৬	„	
		ঐ	দোএম	,	।৭	„	,	।৭	,	
		আতব চাউল	আওল	,	।৯	„	„	॥০		
		ঐ	দোএম	,	॥৩	॥০	„	॥৩	॥০	
		উষণা চাউল	আওল	,	॥০	॥০	,	॥০	॥০	
		ঐ	দোএম	„	॥১	॥০	„	॥৪	„	
		ঐ	সেম		॥৫	॥০	,	॥৫	॥০	
		ঐ	চহরম	„	॥৭	।০	„	॥৮	।০	
		দাউল								
		অরহর দাউল	„	„	॥২	,	„	॥২	॥০	
		খেসারি	„	„	৸৩	„	„	৸৩	„	
		মুসুরি	,		॥৮	।০	„	॥৮	।০	
		উরিদ	„	„	॥৮	।০	„	॥৮	।০	
		মুগ	„	„	।৭	„	„	।৬	„	
সারণ	ছাপরা	চাউল		ফি তঙ্কা			ফি তঙ্কা			
		বাঁশমতি	আওল	„	।৮	„	„	।৫	„	
		ঐ	দোএম	„	॥০	„	„	।৬	„	
		আতব চাউল	আওল	„	॥৫	„	„	।৯	„	
		ঐ	দোওম	„	॥৭	,	„	॥১	„	
		ঐ	সেম	„	৸৩	„	„	॥৩	„	
		উষণা চাউল	আওল	„	৸৫	„	,	॥৫	„	
		ঐ	দোএম	„	৸৮	„	„	॥৭	„	
		ঐ	সেম	১/	„	,	„	॥৮	„	
		ঐ	চহরম	১	/১	„	„	৸০	„	
		দাউল								
		অরহর দাউল	„	১/	„	„	„	॥২		
		খেসারি দাউল	„	১	/৫	„	„	॥৭	„	
		মুসুরি দাউল	„	১	/২	॥০	„	॥৫	„	
		উরিদ	„	„	॥৩	„	„	।৯	„	
		মটর	„	১	/২	„	„	॥৬	„	

জিলা	সদর গঞ্জ	শস্যাদির নাম	রকম ওয়ারি	গত সন ১৮৪১ দর			ইস সন ১৮৪২ সাং ৩১ জানের দর			কৈফিয়ৎ
				মোন	সের	ছটাক	মোন	সের	ছটাক	
				ফি তঙ্কা			ফি তঙ্কা			
চাম্পারণ	মতিহারি	আতব চাউল	আওল	„	॥৮	„	„	।৮	„	
		ঐ	দোএম	„	৸০	„	„	।৯	,	
		উষণা চাউল	আওল	„	৸২	„	„	॥৪	„	
		ঐ	দোএম	„	৸৪	„	„	॥৬	„	
		দাউল								
		অরহর দাউল	„	„	॥১	„	„	।৬	„	
		খেসারি	„	„	„	„	„	।৯	„	
		মুসুরি	„	„	„	„	„	॥১	„	
		মটর	„	„	„	„	„	„	„	
		কুরতি	„	„	৸০	„	„	।৯	„	
শাহাবাদ	আরা	চাউল		ফি তঙ্কা			ফি তঙ্কা			
		বাঁশমতি	আওল	„	॥১	„	„	।৬	॥০	
		ঐ	দোএম	„	॥২	„	„	।৭	।০	
		আতব চাউল	আওল	„	॥৪	„	„	।৮	„	
		ঐ	দোএম	„	॥৮	„	„	।৯	„	

[*Government Gazette, 8th March,* 1842.]

উষণা চাউল	আওল	,,	॥৭	,,	,,	॥১	,,
ঐ	দোএম	,,	॥৮	॥০	,,	॥২	,,
ঐ	সেম	১/	,,	,,	,,	॥৬	॥০
দাউল							
অরহর দাউল	,,	,,	৸০	,,	,,	॥২	॥০
খেসারি	,,	১	।০	,,	,,	৸৩	,,
মুসুরি দাউল	,,	১	/২	,,	,,	।৯	,,
উবিদ	,,	,,	৶০	,,	,,	॥২	,,
মুগ	,,	,,	,,	,,	,,	,,	,,

কমিসিআনেব কাছাবী পাটনা ও ডিবিজিআন তাং ফিবরেল সন ১৮৪২।

E C RAVENSHAW, *Commissioner*

SALES OF LAND

জমীদাবী নীলাম \

ইস্তাহাবনামা কাছাবী কালেকটবী জেলা মুবশিদা বাদ এই যে।

গোলাম সবফ এক কেতা দবখাস্ত এই মর্ম্মে দাখিল করে যে কীং কাগ্রাম আয়মা খোনকাব খোদাবকশ সবকাবেব বাকী আদায় কারণ নীলাম হইয়া মঞ্জুবী পর সনেব টাকা তহবীলে আমানত হইযাছে তাহাব মধ্যে মজহবেব হিস্যা ॥৶ আনা আব সইদ ওয়াসফ বহমার হিস্যা ৶ আনা আব তোরুফন নেশাদিগবেব হিস্যা ।০ আনা মতে মজহব প্রার্থনা বাখে যে উক্ত ।॥৶ আনাব ফাজীল টাকা মজহবকে দেওয়ান যায় মতে ইস্তাহাব দেওয়া যাইতেছে যে সেওয়ায় মজহব ঐ বক মেব ফাজীল টাকাব দাবিদাব থাকে ১৫ বোজ মধ্যে হজুরে হাজীব হইযা আপন২ দবখাস্ত মায সাবুদ গুজ বাগ নচেৎ মেয়াদ গতে উচিত হুকুম হইবেক ইতি সন ১৮৪২। ৫ ফেব্রুআরি।

C D RUSSEL *Actg Collector*

Moorshedabad Collectorate, 1st March, 1842

ইস্তাহাবনামা কাছাবী কালেক্টরী জেলা মুরশিদ বাদ এই যে।

উমদতন নেশা বিবি এক কেতা দবখাস্ত এই মর্ম্মে দাখিল করে যে মৌজে কুলতি সবকাবেব বাকী আদায় জন্য নীলাম হইয়া ১৭৭৫৲ টাকা তহবীলে মজুদ আছে তাহার মধ্যে মজহবাব মৃত স্বামী হোসেন নেওয়াজেব হিস্যা ৶১৩।– ক্রান্তী কাত ২৮৭॥০ টাকা পাওনা মতে প্রার্থনা বাখে যে উক্ত টাকা মজহবাকে দেওয়ান যায় মতে এস্তাহাব দেওয়া যাইতেছে যে সেওয়ায় মজহবা আব কেহ উক্ত টাকাব দাবিদাব থাকে ১৫ বোজ মধ্যে হজুবে হাজীব হইয়া আপন২ দবখাস্ত মায় সাবুদ গুজ বায় নচেৎ মেয়াদ গতে উচিত হুকুম হইবেক ইতি সন ১৮৪২। ২ ফেব্রুআবি মং সন ১২৪৮ তাং ২২ মাঘ।

C D RUSSEL, *Actg Collector*

Moorshedabad Collectorate, 1st March, 1842

ইস্তাহাবনামা কাছাবী কালেক্টরী জেলা মুবশিদা বাদ এই যে।

নফরচন্দ্র মজুমদাব এক কেতা দবখাস্ত এই মর্ম্ম দাখিল করে যে যোত গোকণ যাহাব সদব জমা ৫৮।/৮ পাই বাম২ মিত্র ও নৃসিংহ দাসেব নামে তাল্লুক লেখা যায় তাহাব মধ্যে নৃসিংহ দাসেব হিস্যাব সদব জমা ৪৬॥/১১ পাই বাকী বাম২ মিত্রেব দখিলকাব নফব কবিবাজদিগব তাহাব জমা ১১।৶৯ পাই নির্দ্দিষ্ট আছে নৃসিংহ দাস ফৌত হওয়ায় তস্য বনিতা শ্রীমতী দাস্যা উক্ত হিস্যাব দাখিলকাব থাকিয়া ৺ বৃন্দাবন ঠাকুবেব সেবা পূজা কবিয়া আসিতেছে উক্ত দাস্যাব সন্তান সন্ততি ও অন্য উত্তরাধিকাবি না থাকায় তাবৎ বস্তু ও জমীদাবী ও ৺ ঠাকুব সমেত মজহবকে হেবা কবিয়া হেবা নামা লিখিয়া দিয়া বেজিষ্টরা কারিয়া দিয়াছে মতে প্রার্থনা বাখে যে সাবেক নাম তদবিনে সবিকান এজ

মালে উহার নাম জাবী হয় মতে ইস্তাহাব দেওয়া যাই তেছে যে সেওয়ায় মজহব অন্য কেহ দাবিদাব থাকে তবে ১৫ বোজ মধ্যে হজুবে হাজীব হইযা আপন২ দব খাস্ত মায় সাবুদ গুজবায় নচেৎ মেয়াদ গতে উচিত হুকুম হইবেক ইতি সন ১৮৪২। ১৪ ফেব্রুআবি মং সন ১২৪৮। ৪ ফাল্গুণ।

C D RUSSEL *Actg Collector*

Moorshedabad Collectorate 1st March, 1842

ইস্তাহাবনামা কাছাবী কালেক্টবী জেলা মুবশিদা বাদ এই যে।

কমললোচন চৌধুবী ও শিবচবণ ও বামগতি ও বাম ধন ও বিজয়গোবিন্দ চৌধুবী এক কেতা দবখাস্ত এই মর্ম্মে দাখিল কবে যে কীং পবগনে বাওয়া সবকাবেব বাকী আদায় কাবণ নীলামে বিক্রয় হইয়া সবকাবেব বাকী আদায় কর্ত্তন বাদে ১৬৭৫।৶৫ পাই তহবীলে মজুদ আছে তাহাব মধ্যে কমললোচন মজহবেব হিস্যা ৻১৪৶৮॥ কাত ৭৭৸৫ পাই ও শিবচবণ ও বামগতিব হিস্যা ৻১৪৴১০ কাত ৭৬॥/৯ পাই ও বিজয়গোবিন্দ হিস্যা ৻২৩৶৫। কাত ৭৪৶৫ পাই ও বামধন হিস্যা ৻১৪৴১০ কাত ৭৬॥/৯ পাই একুনে ৶১৬৶৩ কাত ৩০৫৸৶৪ পাই পাওনা মতে প্রার্থনা বাখে যে উক্ত টাকা মজহবানদিগকে দেওয়া যায় অতএব ইস্তাহাব দেওয়া যাইতেছে যে সেওয়ায় মজহবান উক্ত বকমেব অন্য কেহ দাবিদাব থাকে ১৫ বোজ মধ্যে হাজীব হই য়া আপন২ দবখাস্ত মায় সাবুদ গুজবায নচেৎ মেয়াদ গতে উচিত হুকুম হইবেক ইতি সন ১৮৪২ সাল ২১ জানু আবি মং সন ১২৪৮ সাল তাং ১০ মাঘ।

C D RUSSEL, *Actg Collector*

Moorshedabad Collectorate, 1st March, 1842

ইস্তাহাবনামা কাছাবী কালেক্টবী জেলা মুবশিদা বাদ এই যে।

সোহাগঞ্জ সাকিনেব বিশ্বেশ্বরী দাসী বেডে কৃষ্ণধন মল্লাক মাদবে ব্রজগোবিন্দ ঘোষ এক কেতা দবখাস্ত এই বৃত্তান্তে গুজবায় যে পবগনে একবব শাহিব অন্তগত হুদা ভবানীপুর যাহাব সদব জমা ২৭১৪।/৮ পাই কৃষ্ণ মোহন সিংহদিগবেব বাকীদাবীতে নীলাম হওয়ায় বামেশ্বর বাগচি নীলামে খবীদ কবিয়া নীলাম মঞ্জুবীব পব মহালে দখল পাইয়া ঐ মহালেব মসলম বকম ॥০ আনা যাহাব জমা ১৩৫৭৶১০ পাই খোশকওয়ালাব দ্বাবা ৬৫০০৲ টাকা পণে মজহরাব নিকট বিক্রয় কবি য়া কওয়ালা ও কবজ লিখিয়া দিয়াছে এবং ঐ বকমে মজহবাকে দখল দেলাইয়াছে মতে মজহবা সবকারেব বাজস্ব আদায়পূর্ব্বক মহালেব বকম ॥০ আনাব দখিল কাব হইয়া প্রার্থনা বাখে যে উক্ত বকমে উপবিউক্ত বাগ চিব নাম সম্বলিত মজহবার নাম জাবী কবা যায় মতে ইস্তাহাব দেওয়া যাইতেছে যে সেওয়ায় মজহব উক্ত বক মেব আব কেহ দাবিদাব থাকে ১৫ বোজ মধ্যে হজুরে

[গবর্ণমেন্ট গেজেট ১৮৪২। ৮ মার্চ।]

হাজীর হইয়া আপন২ দরখাস্ত মায় সাবুদ গুজরায় নচেৎ মেয়াদ গতে উচিত হুকুম হইবেক ইতি সন ১৮৪২ ১ ফেব্রুআরি মং সন ১২৪৮ সাল তাং ২০ মাঘ।

C D RUSSEL, *Actg Collector*
Moorshedabad Collectorate, 1st March, 1842

ইস্তাহারনামা কাছারী কালেক্টরী জেলা মুরশিদাবাদ ঐই যে।

বিমলমণি দাস্যা এক কেতা দরখাস্ত এই বৃত্তান্তে গুজরায় যে কাং রাজেপুণ্যা যাহার জমা ৯৯॥৵১০ পাই ও কাং মিত্রপুরা যাহার জমা ১০৩৵১০ পাই ও কাং কলেশ্বর যাহার জমা ২০॥৵১ পাই মজহরার স্বামী কালীশঙ্কর চঙ্গের নামে তায়দ লেখা যায় কিন্তু উক্ত মহালাত উহার স্বামী ও তস্য ভ্রাতুষ্পুত্র বেণিমাধব চঙ্গ দুই জনে এজমালির টাকাহইতে খরীদ করিয়া এজমালিতে দখিলকার ছিল মজহরার স্বামী ফৌত করায় বেণিমাধব ও মজহরার পুত্র শ্রীনাথ চঙ্গ উক্ত মহালে নেসপানিসপী রকমে দখিলকার থাকিয়া বেণিমাধব আপন হিস্যা ॥০ আনা মজহরার নিকট বিক্রয় করিযাছে আর শ্রীনাথ চঙ্গ শারীরিক কাহিলপ্রযুক্ত আপন তাবৎ বিষয় আর উক্ত মহাল সন সন মজহরাকে মালিক করিয়া মালিকতনামা লিখিয়া দি॥ ফৌত করে মতে প্রার্থনা রাখে যে উক্ত দুই রকমে খোজ আনায় মজহরার নাম জারী হয় মতে ইস্তাহার দেওয়া যাইতেছে যে সেওয়ায় মজহরা আর কেহ উক্ত তালুকে দাবিদার থাকে ১৫ রোজ মধ্যে হজুরে হাজীর হইয়া আপন২ দরখাস্ত মায় সাবুদ গুজরায় নচেৎ মেয়াদ গতে উচিত হুকুম হইবেক ইতি সন ১৮৪২ সাল ১০ ফেব্রুআরি।

C D RUSSEL *Actg Collector*
Moorshedabad Collectorate, 1st March, 1842

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা মুরশিদাবাদ এই যে।

কাশীম বাজার নিবাসি শ্রীরাম চৌধুরি এক কেতা দরখাস্ত এই মৰ্ম্মে দাখিল করে যে মৌজে কুলগাছীওগয় রহ যাহার সদর জমা ৩২০॥১ পাই মজহরের পিতৃ সত্যেদরা দুগা দেব্যার নামে তাহুদ লেখা যায় উক্ত দেব্যা দরোবস্ত হকুক স্থাবর অস্থাবর সম্বলিত উক্ত জমিদারি সন ১২৪৭সালের ৫ শ্রাবণে মজহরকে দান হেবা করিয়া রীতিমত হেবানামা লিখিয়া দিয়া সন ১২৪৮ সালের ১৪ অগ্রহায়ণে ফৌত করিয়াছে পরে মজহর উক্ত বিষয়ে দখিলকার হইয়া প্রাথনা রাখে যে উক্ত দেব্যার নাম খারিজে মজহরের নাম জারি হয় মতে ইস্তাহারদেওয়া যাইতেছে যে সেওযায় মজহর আর কেহ উক্ত বিষয়ে দাবিদার থাকে ১৫ রোজ মধ্যে হাজির হইয়া আপন২ দরখাস্ত মায় সাবুদ গুজরায় নচেৎ মেয়াদ গতে উচিত হুকুম হইবেক ইতি সন১৮৪২। ২ ফেব্রুআরি মং সন ১২৪৮। ২২ মাঘ।

C D RUSSEL *Actg Collector*
Moorshedabad Collectorate, 1st March 1842

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা মুরশিদাবাদ এই যে।

জেলা বর্দ্ধমানের মোতালক নুন্দীপুর নিবাসি ব্রজলাল ঘোষ ও শ্যামলাল ঘোষ এক কেতা দরখাস্ত এই মৰ্ম্মে গুজরায় যে এই জেলার অধীন পরগনে কুতবপুরের অন্তঃপাতি কাশমত মৌজে ঈশানপুর যাহার সদর জমা ১০৭ ॥৵৯ পাই রামজয় মিত্র ও গৌরহরি মিত্র নামে সেরেস্তায় তাহুত লেখা যায় কিন্তু আদালতের ফয়সলা সুরত রামজয় মিত্র উক্ত মহালের মুহুলম রকমে হকদার হইয়া সরকারের রাজস্ব আদায়পূৰ্ব্বক দখীলকার ছিল উক্ত মিত্র নিঃসন্তানপ্রযুক্ত উহার দৌহিত্র এবং মোজহরদিগের মাতুল কালাচাঁদ কর্কে শাস্ত্রানুসারে ঐ বস্তু অর্শিয়া কর মজকুর মহালে দখীলকার থাকিয়া সরকারের মালগুজারি আদায় পূৰ্ব্বক ভোগবান থাকিয়া তেঁহ নিঃসন্তানে ফৌত হওয়ায় মোজহরান উক্ত করের ভাগিনেয় ও উত্তরাধিকারী সবরে ঐ মহালে দখীলকার হইয়া সরকারের মালগুজারী আদায় করিয়া আসিতেছে মতে প্রার্থনা রাখে যে উক্ত মাহালের সাবেক নাম খারিজ করিয়া উহাদিগের নাম জারি করা যায় মতে ইস্তাহার দেওয়া যাইতেছে যে মোজহরান সেওযায় যদি উক্ত মহালের অন্য কেহ হকদার থাকে তবে তাহাকে কৰ্ত্তব্য যে ১৫ রোজ মেয়াদ মধ্যে আপন২ ওজর হুজুরে দরপেষ করে নচেৎ মেয়াদ গত হইলে কাহারু কোন ওজর শুনা যাইবেক না এবিষয় সৰ্ব্ব সাধারণের জ্ঞাতার্থে ইস্তাহার দেওয়া গেল ইতি সন ১৮৪২ সাল তারিখ ১১ ফেব্রুআরি মোতাবক সন ১২৪৮ সাল তারিখ ১ফাল্গুণ

C D RUSSEL, *Actg Collector*
Moorshedabad Collectorate, 1st March, 1842

এস্তাহার নামা কাছারি কালেকটরি
জিলা ঢাকা জালালপুর এই যে

১৮৪১ সনের ১২ আইনের ৩ তিন ধারা ও সাহেবান সদর বোর্ডের ঐ সনের ৬ অক্টোবরের বিধিঅনুসারে লেখা যাইতেছে যে যে সকল মহালের সদর জমা মং ১০ টাকার অধিক তাহার ১২৪৮ সনের লাগায়ত কিস্তি ফাল্গুণের বাকি আদায় জন্যে ও যে সকল মহালাতের সদর জমা দশ টাকার অধিক নহে ঐ রকমের মহালাতের বাকি আদায় না হইলে ১৮৪২ সনের ৫ আপ্রেল মোং ১২৪৮ সনের ২৪ চৈত্র এ জিলার কালেক্টরি কাছারিতে নিলামে বিক্রয় হইবেক উক্ত মহালাতের মালগুজারদারানের উচিত যে আপন জিম্মার বাকি খাজানা ৪ আপ্রেল সূর্য্যাস্তের পূৰ্ব্বে অথবা তাহার পূৰ্ব্বে আদায় করে যদি বাকীদারান উক্ত নিয়ম মত বাকি আদায় না করে তবে ঐ বাকী টাকা না লইয়া বাকীর মহালাত নিলাম করা যাইবেক আর খাজানা না লওযার আপত্তি গ্রাহ্য হইবেক না ও যে কেহ নিলাম খরিদের বাসনা রাখহ ঐ তারিখে হাজির হইয়া খরিদ করহ ইতি সন ১৮৪২ ইং ২৫ ফেব্রুআরি মোং ১২৪৮ সন বাং ১৫ ফাল্গুণ।

J A ALLAN, *Offg Collector*

ইস্তাহার কাছারী ডিপুটী কালেকটরি জেলা মেদিনীপুর সংপ্রতি মোকাম কাথী বৈঠক শ্রীযুত রায় যাদবচন্দ্র চট্টোপাধ্যায় বাহাদুর ডিপুটী কালেক্টর।

> মং পরগনে মাজনামুঠা ও সবিকা বাদের যে সকল বাজেয়াপ্তা নিস্কর ভূমি আছে এহা বন্দবস্ত লওনার্থে ও যে সকল নিস্কর ভূমির সন ১৮২৫ সালের ৯ আইনের মর্ম্মানুসার যাহা মৎকর্ত্তৃক বিচার হইতেছে ও হইবেক তাহার জওয়াব দিতি জন্য নিস্কর ভূমিদিগের জ্ঞাতার্থে ঘোষণা পত্রী দেওনের বিষয়।

যেহেতুক জেলা মেদিনীপুরের অন্তপাতী মাজনামুঠা ও সবিকাবাদ পরগনাহায় সন ১৮২২ সালের ৭ আইনের মর্ম্মানুসার মৎকর্ত্তৃক বন্দবস্ত হইতেছে কিন্তু প্রকাশ আছে যে পরগনা মজকুরাণে মৌজাহায়ের মধ্যে যে সকল নিস্কর ভূমি আছে ঐ সকল নিস্কর ভূমির মধ্যে অনেক নিস্কর ভূমিভোগিদিগের নিবাসস্থান জেলা হুগলি ও জেলা চব্বিশ পরগনা ও জেলা নবদ্বীপ ও জেলা বর্দ্ধমান ও জেলা পুরুষোত্তম ও জেলা কটক ও জেলা বালেশ্বর ও ডিহি পঞ্চান্ন গ্রাম ও নিজ কলিকাতায় আছে অতএব অদ্য দিবসের রোবকারির অনুজ্ঞানুসারে ঘোষণা পত্রীর দ্বারায় প্রকাশ করা যাইতেছে যে যে

[*Government Gazette, 8th March,* 1812]

ব্যক্তির নিষ্কর ভূমি উক্ত পরগনাহায়ের মধ্যে সরকারি বিচারকর্ত্তার দ্বারা কর ধার্য্য যোগ্য হইয়াছে ঐ সকল ভূমির অর্দ্ধেক করে বন্দবস্তু লওনার্থে ও যে সকল ভূমির নষ্কর ভূমির বিচার হয় নাই তাহার বিচার সন ১৮২৫ সালের নবম আইনের ব্যবস্থাঅনুসারে মৎকর্ত্তৃক বিচার হইবেক অতএব কর্ত্তব্য যে এই সকল পরগনার সংক্রান্ত যাহার নিষ্কর ভূমি আছে তাহারা স্বয়ং কিম্বা প্রতিনিধির দ্বারায় মোকাম কাথীর কাছারিতে হাজির হইয়া উক্ত নিষ্কর ভূমির ভোগের প্রমাণ দর্শায় এবং ইহাও জানান যায় যে যদি নিষ্কর ভূম্যধিকারিরা সময়াধিকে না পৌঁছে তবে সরকারের ব্যবস্থানুসারে কর্ম্ম করা যাইবেক ইতি শন ১৮৪২ সাল তারিখ ১৪ ফেব্রুআরি।

A Grote, *Supt of Settlements*

Midnapore Settlmt Office, 26th Feb 1842

NOTICE

ইশ্‌তিহার।

এস্তাহারনামা কাছারী কালেক্‌টরি জেলা রঙ্গপুর সন ১৮৪২ ইঙ্গরেজী তারিখ ১৭ ফেব্রুআরি মোতাবেক সন ১২৪৮ সাল তারিখ ৭ ফাল্গুণ।

মহাল আবকারীওগএরহ যে সন ১২৪৮ সালের বন্দোবস্ত হইয়াছিল তাহার মিয়াদ সমাপন হওনের উদ্যতপ্রযুক্ত সন ১৮৪২ ইঙ্গরেজীর ১ মেই মোতাবেক সন ১২৪৯ সালের ২০ বৈশাখহইতে পত্তন করা আবশ্যক অতএব জেলা মজকুরের মোতালকে বর্ত্তমান সনের শরাব ও গাঞ্জা ও তাড়ী ও আফীম বিক্রীর দোকান যে নিরিখে ইজারা মোকরর আছে সেই সকল মহাল আএন্দা সনহইতে খাস হইয়া সরকারের সহিত বন্দোবস্ত হইবেক অতএব তাহার তাইন নীচের তপসীলে লিখিয়া ইস্তাহার দেওয়া যাইতেছে যে কেহ ঐ সকল মহাল প্রণালিমত নগদ তিন মাহার টাকা আমানত দিয়া তালুক২ ও পরগনাওয়ারি থানা বিজিতে পত্তন হওয়ার বাঞ্ছা রাখে তবে সন ১৮৪২ ইঙ্গরেজীর ২৭ মার্চ মোতাবেক সন ১২৪৮ সালের ১৫ চৈত্র হজুরে হাজির আসিয়া দোকান লওয়ার প্রার্থনায় নগদ তিন মাহার টাকা আমানত সম্বলিত দরখাস্ত দাখিল করিলে ঐ তারিখ মজকুরে তারৎ দরখাস্ত মোলাহেজা হইয়া জমা বেশী ও আমানত দৃষ্টে সন ১৮৪২ ইঙ্গরেজী মোতাবেক সন ১২৪৯ সালে বন্দোবস্ত আমলে আসিবেক ইতি ১৮৪২ ইঙ্গরেজী তারিখ সন ১২৪৮ সাল তারিখ

তপসীল।

মহাল শরাব	মহাল গাঞ্জা	আফীম বিক্রী
ফী রোজ জমা	ফী রোজ জমা	ফী সের মোট
মোট কোম্পানি——১৪৲	মোট কোম্পানি——১৭৷৵	কোম্পানি——২৩৷৩

Rungpore Collectorate, 17th Feb 1842

A Dick, *Collector*

Required, a Treasurer for the Chittagong Collectorship Security of the value of Rs 32,079 must be tendered Salary, Rupees 50 per mensem

A Sconce, *Collector*

Chittagong Collectorate, the 29th January, 1842

চাটিগাঁর কালেকটর সাহেবের খাজানাখানাতে এক জন খাজাঞ্চীর আবশ্যক হইয়াছে কোন ব্যক্তি ঐ পদে নিযুক্ত হইতে চাহিলে তাঁহাকে ৩২,০৭৯৲ টাকার জামিন দিতে হইবেক ঐ পদের মাহিয়ানা ৫০৲ টাকা।

চাটিগাঁর কালেক্‌টরী কাছারী। এ স্কন্স। কালেক্‌টর। ১৮৪২। ২৯ জানুআরি।

LATE SHERIFF'S SALE

সাবেক সরিফের নীলাম।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে আগামি ১০ মার্চ তারিখ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময়ে সুপ্রিম কোর্টের ঘরের নীচের বারাণ্ডার সরিফের দফ্তরখানায় প্রবেশ দ্বারের নিকটে কলিকাতার সাবেক সরিফ শ্রীযুত উলিয়ম ক্লোড ব্রাডেন সাহেবের হাতে রাধাকৃষ্ণ মল্লিকের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়সনামক যে পরওয়ানা আছে তদনুসারে ঐ সাহেব নীচের লিখিত বিষয় বিক্রয় করিবেন।

১ দফা। কলিকাতা নগরের মলঙ্গার বহুবাজারের শামিল ও তন্মধ্যস্থিত পোর্ত্তুগীস তলানামক যে এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি কমবেশ ১৷৷০ এক বিঘা দশ কাটা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত রাধাকৃষ্ণ মল্লিকের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে জিব সাহেবের বাটী ও ভূমি উত্তর দিগে কৃষ্ণমোহন পরামাণিকের বাটী ও ভূমি পশ্চিম দিগে রামকুমার সেনের ভূমি দক্ষিণ দিগে গলী।

২ দফা। কলিকাতার কলুটোলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি কমবেশ /১ এক কাটা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত রাধাকৃষ্ণ মল্লিকের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে গলী পশ্চিম দিগে রামমোহন মল্লিকের বাটী ও ভূমি দক্ষিণ দিগে রূপনারায়ণ সেনের বাটী ও ভূমি উত্তর দিগে মাণ্ডি সাহেবের বাটী ও ভূমি।

৩ দফা। উক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত বসতি বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ ১/ এক বিঘা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত রাধাকৃষ্ণ মল্লিকের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব ও উত্তর দিগে মাধব দত্তের বাটী ও ভূমি দক্ষিণ দিগে রাজবল্লভ শীলের বাটী ও ভূমি পশ্চিম দিগে রাধাকান্ত শীলের বাটী ও ভূমি।

৪ দফা। কলিকাতা নগরের ডেবেটীবাজারের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি কমবেশ /৩ তিন কাটা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত রাধাকৃষ্ণ মল্লিকের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে নরদমা পশ্চিম দিগে সাহেবের বাটী ও ভূমি দক্ষিণ দিগে নরদমা উত্তর দিগে রামতনু মল্লিকের বাটী ও ভূমি।

সরিফের দফ্তরে অন্বেষণ করিলে এই নীলামের নিয়ম জানাযাইতে পারিবেক।

[গবর্ণমেন্ট গেজেট ১৮৪২। ৮ মার্চ।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত উলিয়ম মিচল সাহেবকর্ত্তৃক মুদ্রিত।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MARCH 15, 1842.

কলিকাতা মঙ্গলবার ১৮৪২ সাল ১৫ মার্চ।

CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE

No 4

To the Commissioner of Revenue for the Division of ———

1 I am directed by the Sudder Board of Revenue to transmit for your information and guidance the accompanying Extract* from the orders of Government No 125, dated the 18th ultimo, in reply to the Board's report on the operations in the Jessore Division for the year 1840-41

2 In conformity with these orders, you will have the goodness to issue the necessary instructions for immediately relieving the accounts of the several Collectors and Superintendents in your Division of all Khass Balances up to 1246, B S, and you will see that the remanent Balances of 1247, are in like manner written off before the preparation of the Returns for 1841-42

3 You will give and enforce a heedful attention to the instructions contained in the 8th Para of the Government Orders, and you will be careful that the number of Seer Mehals, the demand against which is framed on a real Jummabundee, be distinguished in future returns from those in which the Jumma is merely conjectural

E CORRIE, *Secretary*

Fort William, 9th February, 1842

Extract from the Orders of Government No 125, *dated* 18*th January* 1842, *in reply to the Sudder Board's Report on the operations in the Jessore Division for* 1840-41

Para 4 Two things have for many years rendered these two important Statements in a great degree unavailing to the Government

First That the Jumma or demand of the year is for the most part quite conjectural, and generally

* Paras 4 to 8

সদব বোর্ড রেবিনিউব সবকুলাব অর্ডব।

৪ নম্বব।

অমুক এলাকাব বাজস্বেব শ্রীযুত কমিসানব সাহেব ববাববেষু।

১। ইঙ্গবেজী ১৮৪০। ৪১ সালে যশোহব এলাকাব মালগুজাবীব কার্য্যেব বিষয়ে বোর্ডেব সাহেবেবা যে বিপোর্ট কবিয়াছিলেন তাহাব উত্তবস্বরূপ গবর্ণমেণ্ট গত মাসেব ১৮ তাবিখেব ১২৫ নম্ববী যে হুকুম পাঠাইলেন তাহার নীচেব লিখিত * চুম্বক সদব বোর্ড রেবিনিউব হুকুমক্রমে তোমাব বিজ্ঞাপন ও উপদেশেব নিমিত্তে পাঠাইতেছি।

২। অতএব ঐ হুকুমানুসাবে তোমাব এলাকাব সমস্ত কালেক্টব সাহেব ও খাস মহালেব সুপবিন্টেণ্ডেণ্ট সাহেবদিগকে হুকুম কবিবা যে ঐ মহালেব হিসাবেতে বাঙ্গলা ১২৪৬ সালপর্য্যন্ত যে সকল খাস বকেয়া খাজানা লেখা থাকে তাহা অগৌণে হিসাবহইতে উঠাইয়া ফেলেন। এবং ১৮৪১। ৪২ সালেব কৈফিয়ৎ তৈয়াবকরণেব পূর্ব্বে বাঙ্গলা ১২৪৭ সালেব বকেয়া খাজানা সেইরূপে হিসাবহইতে উঠাইয়া ফেলা যায় এবিষয়ে তুমি মনোযোগ কবিবা।

৩। গবর্ণমেণ্টেব হুকুমেব ৮ ধাবাতে যে বিধান আছে তাহাব বিষয়ে তুমি আপনি মনোযোগ কবিবা এবং অন্যেবদিগকেও মনোযোগ কবাইবা এবং যে শীর মহালেব মালগুজাবী প্রকৃত জমাবন্দীক্রমে ধার্য্য হইয়াছিল এবং যে মহালেব মালগুজাবী কেবল আন্দাজী হইয়াছিল এই দুই উভব কালে কৈফিয়তের মধ্যে স্বতন্ত্র কবিয়া লিখিবা।   ই কবি। সেক্রেটাবী।

ফোর্ট উলিয়ম ১৮৪২ সাল ৯ ফেব্রুআবি।

ইঙ্গবেজী ১৮৪০। ৪১ সালে যশোহব এলাকাব মালগুজাবীর কার্য্যেব বিষয়ে বোর্ডেব সাহেবেবা যে বিপোর্ট কবিয়াছিলেন তাহাব উত্তবস্বরূপ গবর্ণমেণ্ট গত মাসের ১৮ তাবিখেব ১২৫ নম্ববী যে হুকুম পাঠাইলেন তাহাব চুম্বক।

৪ দফা। অনেক বৎসবাবধি দুই বিষয়প্রযুক্ত এই দুই অত্যাবশ্যক কৈফিয়ৎ গবর্ণমেণ্টের প্রায়ই বিফল হইয়াছে।

প্রথম। বৎসবের জমা অর্থাৎ মালগুজাবীর দাওয়া প্রায়ই আন্দাজে হইয়াছে এবং তাহা সামান্যতঃ প্রকৃত

* ৪ দফাঅবধি ৮ দফাপর্য্যন্ত।

very wide of the truth, and *secondly*, that the accounts are needlessly swelled by accumulations of old balances, calculated upon nominal Jummas, and therefore almost entirely irrecoverable

5 The attention of the Board has year by year been directed to these points, especially the latter, and a little progress has here and there been made in improving them But it is evident that by the means hitherto used, no complete reform will be effected Before a balance can be written off, however old and hopeless it may be, the Local Officer must make a tedious investigation into its history and give a detailed report in English of all its circumstances And reports of this kind, if the Local Officers ever find time to make them, have after all to be re-examined and reported on by other authorities in succession Hence it has naturally come to pass that the outstanding or Bakya balances under heads A and B amount in each Division to enormous sums, such, for instance, as 14,26,240 Rs in the report for the Jessore Division now under consideration, and they not only cumber the accounts and make it impossible to tell whether a Collector is doing good or bad service but hang for ever over the heads of the Ryots, interfering with their exertions for current payment, and giving to interested underlings a perpetual means of extortion and annoyance

6 It may very safely be taken for granted in a Government Khass Mehal, or in a resumed Mehal managed by Government, that so much of the bona-fide demand of the year as is not recovered during the first quarter of the following year or at farthest during the first two quarters, is, with few exceptions, irrecoverable, or, if it be subsequently recovered, that it is usually at the expense of the prosperity of the Estate concerned, and at the hazard of ruining the Ryots If this be so, whether the demand of the year is bona fide and formed upon actual data, it must be much more inconvenient in all respects to continue these perpetual balances, when they arise as in the present case out of conjectural and estimated demands, seldom, it may be presumed, lower than the truth, and for the most part far above it

7 If for Mehals so circumstanced, and as a commencement of a new system, a whole year be given for collecting the remaining balance of a preceding year, the Governor is satisfied that all older Balances may, with very trifling exceptions, be safely and wisely struck out of the accounts without further question, and in that conviction, His Lordship is pleased to direct that, with such exceptions as on special grounds shown in each case by the local authorities, the Board may think fit to direct, all outstanding Bakya balances of the operation reports under heads A and B of an older date than the year preceding the current year be written off the accounts, and all attempt at collecting them at once prohibited And that in future the same be

জমাহইতে অনেক তফাৎ। দ্বিতীয়। যে জমা নামমাত্র এবং সেইপ্রযুক্ত আদায় করা প্রায় অসাধ্য এমত জমার বহু কালের বকেয়া খাজানা রাশিরাশি হওয়াতে হিসাবের অনর্থক বাহুল্য হইয়াছে।

৫ দফা। এই দুই বিষয়ে বিশেষতঃ শেষ বিষয়ে প্রতিবৎসরে বোর্ডের সাহেবদিগকে মনোযোগ করিতে হুকুম দেওয়া গিয়াছে এবং কোনং স্থানে এই দোষ কিঞ্চিৎ শুধরাণ গিয়াছে। কিন্তু এইপর্য্যন্ত যে উপায় করা গিয়াছে তাহাতে সম্পূর্ণরূপে তাহা শুধরাণ যাইতে পারিবেক না ইহা স্পষ্ট দেখা যাইতেছে। কেননা কোন বকেয়া খাজানা যত কালের হউক না এবং আদায় করা যত দুঃসাধ্য হউক না কেন তাহা হিসাবহইতে উঠাইয়া ফেলনের পূর্ব্বে তাহার গোড়াঅবধি বিবরণের বিষয়ে মালগুজারীর কার্য্যকারকের অনুসন্ধান করিতে হয় তাহা অতিবিলম্বসাধ্য এবং তাহার সমস্ত বেওরার এক রিপোর্ট ইঙ্গরেজী ভাষায় লিখিতে হয়। এবং যদ্যপি ঐ কার্য্যকারকেরদের ঐ রিপোর্ট লিখনের অবকাশ থাকে তথাপি এই প্রকার রিপোর্ট অন্য কার্য্যকারকেরদের একের পর অন্যের মোকাবিলা করিয়া রিপোর্ট করিতে হয়। ইহাতেই সুতরাং এই ফল হইয়াছে যে A এবং B চিহ্নিত শ্রেণীতে যে বকেয়া খাজানা লেখা আছে তাহার সংখ্যা প্রত্যেক এলাকার মধ্যে অদ্ভুত। বিশেষতঃ যে যশোহরের এলাকার রিপোর্টের বিষয় এক্ষণে বিবেচনা হইতেছে তাহাতে এইরূপে ১৪,২৬,২৪০৲ টাকা লেখা আছে। ইহাতে হিসাব অত্যন্ত জড়ীভূত হয় এবং কালেক্টর সাহেব প্রকৃতরূপে কর্ম্ম করিতেছেন কি না ইহা নিশ্চয়করা দুঃসাধ্য। এবং ঐ বকেয়া চিরকাল রাইয়তেরদের শিরে পড়িয়া থাকে তাহাতে হাল কিস্তীর বিষয়ে তাহারদের উদ্যোগকরণের ব্যাঘাত হইতেছে এবং ঐ রাইয়তেরদের স্থানে অন্যায়রূপে টাকা লওন এবং উৎপাতকরণের লোভি আমলারদের নিত্য উপায়ের পথ হইতেছে।

৬ দফা। সরকারের খাস মহালে অথবা যে বাজেয়াপ্তী মহাল সরকারের হাতে আছে তাহাতে বৎসরের প্রকৃত দাওয়ার যে অংশ পর বৎসরের প্রথম তিন মাসের মধ্যে নিদানে প্রথম ছয় মাসের মধ্যে আদায় না হয় তাহা প্রায় নিত্য আদায়করা অসাধ্য ইহাতে প্রায় সন্দেহ নাই। যদ্যপিও কখনং তাহার পরে আদায় হয় তথাপি তাহাতে প্রায়ই মহালের অমঙ্গল ঘটে এবং রাইয়তের সর্ব্বনাশহওনের সম্ভাবনা। যে স্থলে বৎসরের জমা প্রকৃতপ্রস্তাবে এবং জমাবন্দীক্রমে ধার্য্য হইয়াছে সেই স্থলে যদ্যপি এই কথা সত্য হয় তবে যে স্থলে যশোহরের এলাকার ন্যায় ঐ জমা কেবলআন্দাজী দাওয়াক্রমে ধার্য্য হইয়াছে এবং তাহা প্রায় কখন প্রকৃত জমার কম নহে কিন্তু প্রায়ই তদপেক্ষা অধিক এমত স্থলে এইরূপে চিরকাল বকেয়ার হিসাব রাখাতে সুতরাং অধিক ক্লেশ জন্মে।

৭ দফা। যে মহাল এই অবস্থায় আছে সেই মহালে নূতন নিয়ম আরম্ভ করণার্থ যদ্যপি পূর্ব্ব বৎসরের অবশিষ্ট বকেয়া আদায় করিবার নিমিত্ত এক সম্পূর্ণ বৎসর দেওয়া যায় তবে শ্রীযুত গবরনর সাহেব বোধ করেন যে অল্প বর্জ্জিত ব্যতিরিক্ত তদপেক্ষা বহুকালীন বকেয়ার অনুসন্ধান না করিয়া হিসাবহইতে উঠাইয়া ফেলাতে কিছু বিঘ্ন হইবেক না এবং তাহা পরামর্শসিদ্ধ। অতএব শ্রীযুত গবরনর সাহেব এইমত হুকুম করিতেছেন যে রাজস্বের কার্য্যকারকেরা যে গতিকে কোন বিশিষ্ট হেতু দেখাওনেতে বোর্ডের সাহেবেরা তাহা বর্জ্জিত করিতে হুকুম করেন তাহাছাড়া কার্য্যের রিপোর্টের মধ্যে A এবং B চিহ্নিত শ্রেণীতে যে সকল বকেয়া সন হালের পূর্ব্ব বৎসরের অপেক্ষা পূর্ব্বকালের হয় তাহা হিসাবহইতে একেবারে উঠাইয়া ফেলা যায় এবং তাহা আদায়করণের উদ্যোগ নিবারণ

done at the commencement of each official year (with such exceptions as may be especially ordered as above), and so as that there may never be in future (except such special items) any balance in the Statements A and B of older date than the year preceding the current year

8 In regard to the conjectural Jummas, the Governor desires that it be made a special instruction to the Commissioners, that they without delay cause the Local Officers to revise and amend the Statement of ascertained and estimated Jummas under heads A and B, and to furnish to them a concise tabular Statement of the revision, to be by them examined, and if correct, confirmed But that as far as possible, *estimated* Jummas be got rid of, and the Statements framed upon actual Jummabundees, for forming which every successive year of collection in management in a Mehal must furnish improved means The Commissioners should report to the Board, and the Board to the Government, the completion of this work, and they should be urged to bring it to a conclusion as speedily as possible

E Currie, *Secretary*

Fort William, 9th February, 1842

No 5

To the Commissioner of Revenue for the Division of ———

1 I am directed by the Sudder Board of Revenue to request that you will report your sentiments on the points specified in paragraph 18, of the annexed extract* from orders of Government, relative to the assessment of alluvial formations

2 With your report, you will have the goodness to furnish a statement shewing 1st, the actual loss sustained by Government during the last ten years, in the several Districts of your division, from abatements of Jumma in consequence of diluvian, and 2dly, the gain which has accrued to Government during the same period, from the assessment of new alluvial lands

E Currie, *Secretary*

Fort William, 21st February, 1842

Extract from orders of Government dated 4th January, 1842, No 79

Para 17th The subject of River churs should, His Lordship conceives, undergo a careful examination Upon the system at present followed, there would seem to be no probable end to the harrassing litigation of Government against its Zemindars, which has already so long continued The reports of the Board now under consideration shew, after so many years and so many suits decided, an enormous quantity of alluvion yet in dispute, the suits concerning which, though already far beyond the means of the existing agency, are sure to increase

---

* Paras 17th, 18th and 19th of Government orders, dated 4th January, No 79

[*Government Gazette, 15th March,* 1842.]

হয়। এবং পূর্ব্বোক্তমতে বিশেষরূপে হুকুমহওয়া বর্জ্জিত ছাড়া উত্তর কালে প্রত্যেক মালগুজারীর সনের আরম্ভে সেইরূপ করিতে হইবেক এবং ঐ বিশেষ বিষয়ে বর্জ্জিত উত্তর কালে সন হালের পূর্ব্ব বৎসরঅপেক্ষা পূর্ব্বকালের কোন বকেয়া A এবং B চিহ্নিত কৈফিয়তে লেখা না যায়।

৮ দফা। আন্দাজী জমার বিষয়ে শ্রীযুত গবরনর্ সাহেবের ইচ্ছা আছে যে কমিস্যনর সাহেবদিগকে এমত বিশেষ হুকুম দেওয়া যায় যে A এবং B চিহ্নিত শ্রেণীর নীচে নিশ্চিত এবং আন্দাজী জমার কৈফিয়ৎ অগৌণে পুনর্দৃষ্টি এবং সংশোধন করিতে আপনার অধীন কার্য্যকারকদিগকে হুকুম দেন। পরে ঐ কার্য্যকারকেরা ঐ সংশোধনের কৈফিয়ৎ শ্রেণীমতে অতিসংক্ষেপে লিখিয়া পাঠাইবেন এবং ঐ কমিস্যনর সাহেবেরা তাহার তজবীজ করিয়া যদি শুদ্ধ বোধ হয় তবে তাহা মঞ্জুর করিবেন। কিন্তু যথাসাধ্য আন্দাজী জমাসকল ত্যাগ করিতে হইবেক এবং ঐ কৈফিয়ৎ প্রকৃত জমাবন্দীর অনুসারে প্রস্তুত করিতে হইবেক এবং মহালের খাজানা আদায় করণের কার্য্যের দ্বারা প্রতিবৎসরে প্রকৃত জমাবন্দী প্রস্তুত করণের উত্তরোত্তর সদুপায় হইবেক। এই কার্য্য যেমন সম্পন্ন হয় তেমনি কমিস্যনর সাহেবেরা বোর্ডের সাহেবদিগের নিকটে রিপোর্ট করিবেন এবং বোর্ডের সাহেবেরা গবর্ণমেণ্টের নিকটে রিপোর্ট করিবেন এবং যত শীঘ্র হইতে পারে তত শীঘ্র এই বিষয়ের শেষ করিতে কমিস্যনর সাহেবদিগকে তাগীদ করিতে হইবেক।

ই করি। সেক্রেটারি।

ফোর্ট উলিয়ম ১৮৪২। ৯ ফেব্রুআরি।

John C Marshman, *Bengalee Translator*

---

৫ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেব বরাবরেষু।

১। চড়ার খাজানা ধার্য্যকরণের বিষয়ে গবর্ণমেণ্টের হুকুমের যে চুম্বক* নীচে লেখা যাইতেছে তাহার ১৮ দফায় যে বিষয় লেখা আছে তাহাতে তোমার অভিপ্রায়ের রিপোর্ট করিতে সদর বোর্ডের সাহেবেরা হুকুম করিতেছেন।

২। তোমার রিপোর্টের সঙ্গে তুমি এই দুই বিষয়ের এক কৈফিয়ৎ লিখিয়া পাঠাইবা। ১। সিকস্তীপ্রযুক্ত জমা ছাড়িয়া দেওয়াতে তোমার এলাকার প্রত্যেক জিলাতে গত দশ বৎসরের মধ্যে সরকারের যে ক্ষতি হইয়াছে তাহা। ২। পয়ওস্ত ভূমির উপর খাজানা বসাওনের দ্বারা ঐ দশ বৎসরের মধ্যে সরকারের যে লাভ হইয়াছে তাহা।

ই করি। সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম ১৮৪২। ২১ ফেব্রুআরি।

১৮৪২ সালের ৪ জানুআরি তারিখের ৭৯ নম্বরী গবর্ণমেণ্টের হুকুমের চুম্বক।

১৭ দফা। শ্রীযুত গবরনর সাহেব বোধ করেন যে নদীর চড়ার বিষয়ে বিশেষ তজবীজ করা উচিত। এক্ষণে যে নিয়মানুসারে কার্য্য হইতেছে তাহাতে বোধ হয় যে জমীদারেরদের সঙ্গে গবর্ণমেণ্টের যে অতিক্লেশজনক বিরোধ বহুকালাবধি চলিতেছে তাহার শেষহওনের কিছু সম্ভাবনা নাই। বোর্ডের সাহেবেরদের যে রিপোর্টের এক্ষণে বিবেচনা হইতেছে তাহাতে দেখা যায় যে অনেক বৎসর গত হইলে এবং অনেক মোকদ্দমার নিষ্পত্তি হইলেও বিস্তর পয়ওস্ত ভূমি অদ্যাপিও বিরোধে আছে এবং তাহার বিষয়ি মোকদ্দমা বর্ত্তমান আদালতের দ্বারা শেষহওয়া কঠিন তথাপি

---

* গবর্ণমেণ্টের ৪ জানুআরি তারিখের ৭৯ নম্বরী হুকুমের ১৭ ও ১৮ ও ১৯ ধারা।

in every succeeding year Much of what is now done after long years of litigation, is often rendered useless by a sudden change in a river, which may produce at the same time new churs, and new causes of law suits, and the people are exposed to frequent extortion by spies and enemies

Para 18th The Board's enquiries should be directed, *first*, to the question whether it be necessary to prevent loss to the Government by diluvian, that it should have the power of assessing all alluvion *Secondly*, if it be on that or any other account necessary to assess alluvion as it forms, whether a more prompt and inexpensive, and a less harrassing mode than the present could not be devised and adopted

Para 19th The Board will, of course, call on the Commissioners for their assistance in framing their report on this important subject, and Mr Ricketts will also be requested to furnish his opinion upon it

E Currie, *Secretary*
Fort William, 21st February, 1842

প্রতিবৎসরে ঐ মোকদ্দমার বৃদ্ধিহওনের সম্ভাবনা আছে। অনেক বৎসরের বিরোধের পর যাহার নিষ্পত্তি হইতেছে তাহা নদীর স্রোতের অকস্মাৎ পরিবর্ত্তনের দ্বারা বিফল হইতেছে এবং ঐ পরিবর্ত্তনের দ্বারা নূতন চড়া এবং মোকদ্দমার নূতন হেতু জন্মিতেছে এবং ইহাতে গোয়েন্দারা এবং বিপক্ষেরা বারবার প্রজাবদের স্থানে অন্যায়রূপে টাকা লইতেছে।

১৮ দফা। বোর্ডের সাহেবেরদের এইং বিষয়ে অনুসন্ধান করিতে হইবেক যে সিকস্তীর দ্বারা সরকারের যে ক্ষতি হয় তাহা পূরণার্থ সমস্ত পয়ওস্ত ভূমির উপর রাজস্ব বসাওনের ক্ষমতা থাকনের আবশ্যক আছে কি না। দ্বিতীয়তঃ যদ্যপি সেই কারণ অথবা অন্য কোন কারণপ্রযুক্ত চড়া যেমন হয় তেমনি করধার্য্যকরা আবশ্যক হয় তবে এক্ষণকার চলিত রীতিঅপেক্ষা অন্য যে রীতি শীঘ্র ও অল্প ব্যয়েতে ও অল্প ক্লেশেতে হইতে পারে এমত কোন রীতি ধার্য্য করা যাইতে পারে কি না।

১৯ দফা। এই আবশ্যক বিষয়ের রিপোর্ট করণার্থ বোর্ডের সাহেবেরা শ্রীযুত কমিস্যনর সাহেবদিগকে সাহায্য করিতে হুকুম দিবেন এবং তাহার বিষয়ে শ্রীযুত রিকেট্স সাহেবকেও আপনার অভিপ্রায় লিখিতে হুকুম দেওয়া যাইবেক।

ই করি সেক্রেটারি।
ফোর্ট উলিয়ম ১৮৪২। ২১ ফেব্রুআরি।

John C Marshman, *Bengalee Translator*

CIRCULAR ORDERS OF THE SUDDER NIZAMUT ADAWLUT

No 291

To the Session Judges, and Magistrates and Joint Magistrates in the Lower Provinces

The Court request they may be furnished for the information of Government, with reports on the working of Act IV 1840 The reports are to be drawn up by the Magistrates and Joint Magistrates and submitted to the Session Judges, who will forward them to the Court with their own sentiments on the subject

W Kirkpatrick, *Deputy Register*
Fort William, 28th January, 1842

সদর নিজামৎ আদালতের সরক্যুলর অর্ডর।

২৯১ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সেশন জজ সাহেব ও শ্রীযুত মাজিষ্ট্রেট সাহেব ও শ্রীযুত জাইন্ট মাজিষ্ট্রেট সাহেব বরাবরেষু।

সদর আদালতের সাহেবেরা হুকুম করিতেছেন যে গবর্ণমেণ্টের বিজ্ঞাপনের নিমিত্তে ১৮৪০ সালের ৪ আইনের ফলের বিষয়ি রিপোর্ট তাঁহারদের নিকটে পাঠান যায়। মাজিষ্ট্রেট এবং জাইন্ট মাজিষ্ট্রেট সাহেবেরা ঐ রিপোর্ট তৈয়ার করিয়া সেশন জজ সাহেবের নিকটে পাঠাইবেন এবং ঐ সাহেব ঐ রিপোর্টের বিষয়ে আপনার অভিপ্রায় লিখিয়া তাহার সঙ্গে সদর আদালতে পাঠাইবেন।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।
ফোর্ট উলিয়ম ১৮৪২। ২৮ জানুআরি।

John C Marshman, *Bengalee Translator*

CIVIL APPOINTMENTS

No 336
FORT WILLIAM,
SEPARATE DEPARTMENT,
The 4th March, 1842

The Right Honourable the Governor of Bengal has been pleased to appoint Mr R Houstoun, of the Civil Service, to be Collector of Calcutta Stamps, and Head Assistant to the Board of Customs, Salt and Opium

G A Bushby,
Secy to the Govt of Bengal

রাজকর্ম্মে নিয়োগ।

৩৩৬ নম্বর।
ফোর্ট উলিয়ম।
স্বতন্ত্র ডিপার্টমেণ্ট।
১৮৪২ সাল ৪ মার্চ।

বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেব সিবিলসম্পর্কীয় শ্রীযুত আর হৌষ্টন সাহেবকে কলিকাতার ইষ্টাম্পের কালেক্টরী এবং হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের প্রধান আসিষ্টাণ্টী কর্ম্মে নিযুক্ত করিয়াছেন।

জি এ বুসবি।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

No 337
FORT WILLIAM,
GENERAL DEPARTMENT,
The 7th March, 1842

Mr G C Cheap of the Civil Service, reported

৩৩৭ নম্বর।
ফোর্ট উলিয়ম।
জেনরল ডিপার্টমেণ্ট।
১৮৪২ সাল। ৭ মার্চ।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত জি সি চীপ সাহেব গত মাসের

his arrival within the limits of the Bengal Presidency on the 21st ultimo

Mr James Davidson, of the Civil Service, reported his return to this Presidency from the Cape of Good Hope on the 24th ultimo

The 8th March, 1842

Mr W Monckton, of the Civil Service, embarked for England on board the Ship "Carnatic," which Vessel was left by the Pilot at Sea on the 4th instant

G A BUSHBY
Secy to the Govt of Bengal

No 186
FORT WILLIAM,
GENERAL DEPARTMENT,
The 2d March, 1842

The Right Honourable the Governor General in Council has been pleased to re-transfer Mr R Houstoun, of the Civil Service, to the Bengal Division of the Presidency of Fort William

G A BUSHBY,
Secy to the Govt of India

No 187
FORT WILLIAM,
GENERAL DEPARTMENT,
The 4th March, 1842

The Right Honourable the Governor General in Council has been pleased to appoint Mr J B Thornhill to be Post Master General

G A BUSHBY,
Secy to the Govt of India

No 301
FORT WILLIAM,
JUDICIAL AND REVENUE DEPARTMENT,
The 11th January, 1842
NOTIFICATION

The Right Honourable the Governor of Bengal has this day been pleased to reduce the District of Beerbhoom to a Joint Magistracy and Deputy Collectorate, and to place those offices under the charge of Mr C Whitmore

F J HALLIDAY,
Secy to the Govt of Bengal

No 302
ORDERS BY THE RIGHT HONOURABLE THE GOVERNOR OF BENGAL
JUDICIAL AND REVENUE DEPARTMENT
LEAVE OF ABSENCE
The 28th February, 1842

Mr A F Donnelly, for one month, under the Rules of 29th January 1840, in extension of the leave granted to him on the 16th December 1839, to proceed to the Cape of Good Hope.

APPOINTMENT

Mr W H Brodhurst to exercise the powers of a Joint Magistrate and Deputy Collector in Sarun

ERRATUM

In the Gazette of the 1st instant, page 97—

২১ তারিখে বাঙ্গলা রাজধানীর মধ্যে আপনার পঁহুছনের রিপোর্ট করিয়াছেন।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত জেম্‌স ডেবিডসন সাহেব গত মাসের ২৪ তারিখে কেপহইতে এই রাজধানীতে আপনার পঁহুছনের রিপোর্ট করিয়াছেন।

১৮৪২ সাল ৮ মার্চ।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত ডবলিউ মঙ্কটন সাহেব কার্ণাটিক নামক জাহাজের দ্বারা ইঙ্গলণ্ডে গমন করিয়াছেন এবং ঐ জাহাজ বর্ত্তমান মাসের ৪ তারিখে আড়কাটি সমুদ্রপথে ছাড়িয়া আইসে।

জি এ বুসবি।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

---

১৮৬ নম্বর।
ফোর্ট উলিয়ম।
জেনরল ডিপার্টমেন্ট।
১৮৪২ সাল ২ মার্চ।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে সিবিলসম্পর্কীয় শ্রীযুত আর হৌষ্টন সাহেবকে ফোর্ট উলিয়ম রাজধানীর বাঙ্গলা দেশে পুনশ্চ নিযুক্ত করিয়াছেন।

জি এ বুসবি।
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী।

---

১৮৭ নম্বর।
ফোর্ট উলিয়ম।
জেনরল ডিপার্টমেন্ট।
১৮৪২ সাল ৪ মার্চ।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে শ্রীযুত জে বি থর্ণহিল সাহেবকে ডাকের অধ্যক্ষতা কর্ম্মে নিযুক্ত করিয়াছেন।

জি এ বুসবি।
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী।

---

৩০১ নম্বর।
ফোর্ট উলিয়ম।
জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেন্ট।
১৮৪২ সাল ১১ জানুআরি।
বিজ্ঞাপন।

বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেব জিলা বীরভূম জাইন্ট মজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের অধীন করিয়াছেন এবং শ্রীযুত সি উইটমোর সাহেবের প্রতি ঐ ঐ কর্ম্মের ভার অর্পণ করিয়াছেন।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

---

৩০২ নম্বর।
বাঙ্গলা দেশের শ্রীযুত গবর্নর সাহেবের হুকুম।

জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেন্টে।
ছুটী।
১৮৪২ সাল ২৮ ফেব্রুআরি।

শ্রীযুত এ এফ ডনেলি সাহেব কেপে গমনার্থ ১৮৩৯ সালের ১৬ ডিসেম্বর তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত ১৮৪০ সালের ২৯ জানুআরি তারিখের বিধির অনুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

নিয়োগ।

শ্রীযুত ডবলিউ এচ ব্রডহর্ষ্ট সাহেব সারণের জাইন্ট মাজিষ্ট্রেটী ও ডেপুটী কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

অশুদ্ধ শোধন।

১ মার্চ তারিখের বাঙ্গলা গেজেটের ৯৭ পৃষ্ঠায় তাক্তর

For Dr W H Boyes—*Read* Dr W R Boyes to be Civil Assistant Surgeon at Gowalparah

F J Halliday,
Secy to the Govt of Bengal.

No 338
FORT WILLIAM,
GENERAL DEPARTMENT.
The 9th March, 1842

Mr R C Raikes, of the Civil Service, embarked for England on board the Ship "Carnatic," which vessel was left by the Pilot at sea on the 4th instant

ECCLESIASTICAL DEPARTMENT

The Reverend Walter J Whiting reported his arrival on Her Majesty's Ship "Cambrian," as an Assistant Chaplain on the Bengal Establishment which vessel reached Kedgeree on the 27th ultimo

No 340
FORT WILLIAM,
GENERAL DEPARTMENT
The 10th March 1842

The Right Honourable the Governor of Bengal has been pleased to appoint Surgeon Richard Mowbray Martin Thomson to be Marine Surgeon vice Surgeon H S Mercer proceeded to Europe

G A Bushby,
Secy to the Govt of Bengal

No 339
FORT WILLIAM,
ECCLESIASTICAL DEPARTMENT
The [illegible] *March*, 1842
APPOINTMENTS

The Reverend H Moule to Officiate as Chaplain of the Old Church

The Reverend W J Whiting to Officiate as Chaplain at Chinsurah

G A Bushby,
Secy to the Govt of Bengal

ডবলিউ এচ বয়স সাহেব না পড়িয়া তাহার পরিবর্ত্তে ডাক্তর ডবলিউ আর বয়স সাহেব গোয়ালপাড়ার সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক হইবেন এই কথা পাঠ করিতে হইবেক। এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

৩৩৮ নম্বর।
ফোর্ট উলিয়ম।
জেনরল ডিপার্টমেণ্ট।
১৮৪২ সাল ৯ মার্চ।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত আর সি রেক্স সাহেব কার্ণাটিক নামক জাহাজে ইঙ্গলণ্ডে গমন করিয়াছেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ৪ তারিখে আড়কাটি সমুদ্রপথে ছাড়িয়া আইসে।

একলিসিয়াষ্টিকেল ডিপার্টমেণ্ট।

ধর্ম্মোপদেশক শ্রীযুত ডবলিউ জে উআইটিং সাহেব কেমব্রিয়ান নামক শ্রীশ্রীমতী মহারাণীর জাহাজে বাঙ্গলা কোম্পানির ধর্ম্মোপদেশকস্বরূপ আপনার পঁহুছনের রিপোর্ট করিয়াছেন ঐ জাহাজ গত মাসের ২৭ তারিখে খাজুরীতে পঁহুছে।

৩৪০ নম্বর।
ফোর্ট উলিয়ম।
জেনরল ডিপার্টমেণ্ট।
১৮৪২ সাল ১০ মার্চ।

চিকিৎসক শ্রীযুত এচ এস মরসর সাহেব ইউরোপে গমনকরাতে বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেব চিকিৎসক শ্রীযুত রিচার্ড মোব্রে মার্টিন তামসন সাহেবকে মারিন চিকিৎসক করিয়াছেন। জি এ বুসবি।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

৩৩৯ নম্বর।
ফোর্ট উলিয়ম।
একলিসিয়াষ্টিকেল ডিপার্টমেণ্ট।
১৮৪২ সাল ৯ মার্চ।
নিয়োগ।

শ্রীযুত এচ মৌল সাহেব ওল্ডগিরজার ধর্ম্মোপদেশকর্ত্তা কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

1 The general power of control contemplated by Act XXV 1837, Section 12, having been interpreted by Circular Order, dated Lower Provinces 5th September and Western Provinces 5th October 1838, to include the duty of preventing improper appointments as well as unjust dismissals of Ministerial Officers of the Native Courts, and to invest the Judges with power to receive appeals from dismissed Officers and direct their restoration, if deemed expedient, the Court have resolved that, in order to the due and efficient exercise of such preventive and restraining power, a more certain and definite knowledge by the Judges of the acts of the subordinate Courts in this Department, than can be afforded by mere occasions of appeal, is necessary

2 It is accordingly notified, that for the future it shall be incumbent on Moonsiffs, Sudder Ameens, and Principal Sudder Ameens to report all appointments, dismissals, and changes of the Ministerial

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

৬৮৩ নম্বর

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহেব এবং হাজারীবাগের শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুরের এজেণ্ট সাহেব বরাবরেষু।

১। গবর্ণমেণ্টের সম্মতিক্রমে সদর আদালতের সাহেবেরা হুকুম করিতেছেন যে প্রধান সদর আমীনের দের যে সকল ডিক্রী সিরিশ্তায় থাকিবেক তাহা শ্রীরামপুরে প্রস্তুতকরা কাগজে লিখিতে হইবেক এবং ঐ বিচারকেরদের ঐ প্রকার যে কাগজের আবশ্যক হয় তাহা শ্রীযুত জে সি মার্শমন সাহেবের স্থানহইতে চাহিয়া লইবেন ও তাঁহাকে ঐ কাগজের প্রত্যেক রিমের মুল্য ৭৲ টাকার হিসাবে দিবেন।

২। বাঙ্গলাপ্রভৃতি এবং পশ্চিম দেশের যে২ জিলাতে প্রধান সদর আমীনেরা নিযুক্ত আছেন সেই২ জিলায় শ্রীরামপুরের কল ঘরহইতে ঐ কাগজ বিনা খরচে পাঠাইবার হুকুম গবর্ণমেণ্ট দিয়াছেন।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।
ফোর্ট উলিয়ম ১৮৪২। ২৫ ফেব্রুআরি।
JOHN C MARSHMAN, *Bengalee Translator*

৬৬৯ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহেব ও হাজারীবাগের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের এজেণ্ট সাহেব এবং আসামের শ্রীযুত কমিস্যনর সাহেব বরাবরেষু।

১৮৩৭ সালের ২৫ আইনের ১২ ধারায় হুকুম আছে যে মুনসেফ ও সদর আমীন এবং প্রধান সদর আমীনের আদালতের আমলার উপর জিলা ও শহরের জজ সাহেবেরদের ও সদর দেওয়ানী আদালতের সাধারণ কর্ত্তৃত্ব থাকিবেক অতএব ঐ সাধারণ কর্ত্তৃত্ব নির্দ্দিষ্ট করিবার নিমিত্তে এবং ঐ কর্ত্তৃত্ব যে গতিকে ও যে প্রকারে নিশ্চিত ও একিরূপে করিতে হইবেক তাহা নিরূপণকরণের নিমিত্ত কলিকাতা ও আলাহাবাদের সদর দেওয়ানী আদালত পশ্চাৎ লিখিত বিধান করিতেছেন।

১। ১৮৩৭ সালের ২৫ আইনের ১২ ধারায় যে সাধারণ কর্ত্তৃত্বের বিষয় কল্পনা আছে তাহার অর্থ বাঙ্গলাপ্রভৃতি দেশের সদর আদালতের ১৮৩৮ সালের ৫ সেপ্টেম্বর তারিখের এবং পশ্চিম দেশের সদর আদালতের ৫ অকটোবর তারিখের সরক্যুলর অর্ডরে এমত লেখা আছে যে জজ সাহেবেরা এদেশীয় বিচারকেরদের আদালতের আমলার পদে অনুপযুক্ত ব্যক্তিকে নিযুক্তকরণ এবং ঐ আমলারদিগকে অযথার্থরূপে তগীরকরণ নিবারণ করিবেন এবং তগীর হওয়া আমলারদের আপীল লইতে এবং উচিত বোধ হইলে তাঁহারদিগকে পুনর্ব্বার বহাল করিতে জজ সাহেবেরদের ক্ষমতা আছে অতএব ঐ নিবারণ ও নিষেধের ক্ষমতার কার্য্য উপযুক্ত ও সফলরূপে নির্ব্বাহ হয় এই নিমিত্ত মধ্যে২ আপীলহওনের দ্বারা ঐ অধস্থ আদালতের তদ্বিষয়ের কার্য্য জজ সাহেবেরা যেরূপে জ্ঞাত হইতে পারেন তদপেক্ষা অধিক নিশ্চিত সম্বাদ পাইবার তাঁহারদের আবশ্যক আছে।

২। অতএব হুকুম দেওয়া যাইতেছে যে উত্তর কালে মুনসেফ ও সদর আমীন ও প্রধান সদর আমীনেরা আপন২ আদালতের সকল আমলার নিযুক্ত ও তগীর

Officers of their Courts, for the information of the Judge to whom they may be subordinate

3 On reporting any new appointment on their establishment, the native Courts will submit to the Judge a statement in the following form —

Name of person appointed	Place of residence	Age and Caste	Office to which appointed and how vacant	Whether ever in public employ before, and where

Reports of changes from one situation to another on the same establishment will always be accompanied by a brief statement of the reasons for which they are made

Reports of dismissals will include a recital of the precise nature of the fault committed, and the reasons for considering the removal of the Officer necessary

Resignations will also be reported, with the grounds assigned for the step.

W Kirkpatrick, *Deputy Register*
Fort William, 25th February, 1842

এবং পরিবর্ত্তহওনের রিপোর্ট যে জজ সাহেবের অধীনে তাঁহারা থাকেন তাঁহার নিকটে দিবেন।

৩। ঐ বিচারকেরা আপনারদের সিরিশতার কোন ব্যক্তির নিযুক্তহওনের সম্বাদ দিলে নীচের লিখিত পাঠানুসারে এক কৈফিয়ৎ জজ সাহেবের নিকটে পাঠাইবেন।

নিযুক্ত হওয় ব্যক্তির নাম।	তাহার বাস স্থান।	তাহার বয়ঃক্রম ও জাতি।	যে পদে নিযুক্ত হইয়াছে এবং তাহা যেরূপে শূন্য হইল।	সেই ব্যক্তি পূর্ব্বে সরকারী কর্ম্মে ছিল কি না এবং কোন কর্ম্মে।

কোন সিরিশতার এক পদহইতে অন্য পদে কোন ব্যক্তির নিযুক্তহওনের রিপোর্ট করিলে তাহার সঙ্গে যে কারণে পরিবর্ত্ত করা গেল তাহার সংক্ষেপ কৈফিয়ৎ পাঠাইতে হইবেক।

কোন ব্যক্তির তগীরীর বিষয়ে রিপোর্ট হইলে তিনি যে দোষ করিয়াছেন তাহার নিশ্চিত প্রকার এবং ঐ আমলাকে কি২ কারণে তগীর করা আবশ্যক বোধ হইল ইহা লিখিতে হইবেক।

এবং কোন ব্যক্তি কর্ম্মে ইশতাফা করিলে তাহার রিপোর্ট করিতে হইবেক এবং যে কারণ জানাইয়া ইশতাফা করিলেন তাহাও জানাইতে হইবেক।

ডবলিউ কর্কপাট্রিক। ডেপুটী রেজিষ্টর।
ফোর্ট উলিয়ম। ১৮৪২। ২৫ ফেব্রুআরি।

John C Marshman, *Bengalee Translator*

CIRCULAR ORDERS OF THE SUDDER NIZAMUT ADAWLUT

No 559

To the Session Judges, and Magistrates and Joint Magistrates in the Lower Provinces

It is hereby notified that the principle of the rule in paragraph 4 of Circular Order of the Niza-

সদর নিজামৎ আদালতের সরকুলর অর্ডর।

৫৫৯ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সেশন জজ সাহেব ও শ্রীযুত মাজিষ্ট্রেট সাহেব এবং শ্রীযুত জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেব বরাবরেষু।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে কলিকাতা এবং আলাহাবাদের সদর আদালতের সাহেবেরা বিধান করিয়াছেন যে সদর নিজামৎ আদালতের ১৮৪০

mut Adawlut, No 53, dated 12th June 1840 has been held to apply to cases of *assault* by the Courts of Calcutta and Allahabad, who observe that, while certainly the character of the offence of assault may frequently be more grave, when committed with deliberation, and so far differ from the prevalent descriptions of affray arising from sudden quarrels, still it may safely be left to the discretion of the Magistrate to commit or dispose of the case himself, with reference to the nature of the injury and the apparent intent of the aggressor

W Kirkpatrick, *Deputy Registrar*
Fort William, 25th February, 1842

সাক্সের ১২ জুন তারিখের ৫৩ নম্বরী সরকুালর অর্ডরের ৪ দফার বিধির মুল নিয়ম মারিপীটের মোকদ্দমায় খাটিবেক। এবং ঐ সদর আদালতের সাহেবেরা কহেন যে হঠাৎ ঝকড়াতে যেপ্রকার দাঙ্গা প্রায় সর্ব্বদা হইতেছে পূর্ব্বে মনস্থ করিয়া যে মারিপীট হয় তাহা যদ্যপি তদপেক্ষা গুরুতর অপরাধ এবং ঐ দুই প্রকার অপরাধের কিঞ্চিৎ বিশেষ আছে তথাপি মাজিষ্ট্রেট সাহেবকে ক্ষতির প্রকার এবং অপরাধি ব্যক্তির যে অভিপ্রায় দৃষ্ট হইতেছে ইহা বুঝিয়া আপনার বিবেচনামতে হয় ঐ মোকদ্দমা সেশন আদালতে সোপর্দ্দ করিতে অথবা নিজে তাহার নিষ্পত্তি করিতে অনুমতি দিলে কিছু ক্ষতি নাই।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।
ফোর্ট উলিয়ম ১৮৪২। ২৫ ফেব্রুআরি।
John C Marshman, *Bengalee Translator*

EDUCATION

To G A Bushby *Esq*
Secretary to Government of India
GENERAL DEPARTMENT

Sir,

We have had the honour to receive your letter No 5 of the 10th of January, and No 10 of the 13th, relative to the constitution of the General Committee of Public Instruction, and the connection of the Government with the Institutions which have been founded or supported from the public funds, for the diffusion of Education

2 It is hardly necessary for us to assure the Right Honourable the Governor General in Council, that in compliance with the request which His Lordship in Council has caused to be conveyed to us, we shall be ever ready to use our best exertions to the advancement of the important cause of Public Education

3 Most anxious to further the views of Government relative to the constitution of the new Council of Education, we beg to report for the information and approval of Government, that we have determined upon the adoption of the following measures with that object

I That the correspondence of the Local Committees of Education be henceforward submitted direct from those Committees to Government

II That the following Sections of the Council be appointed for the management of the several Institutions referred to

Section of Council of Education for the Hindoo College

C H Cameron, Esq
J Grant, Esq
David Hare, Esq
Baboo Radhamadhub Banorjee
" Ramcomul Sen
" Russomoy Dutt
" Sreekissen Sing
" Prossonocoomar Tagore
H V Bayley, Esq
Baboo Russomoy Dutt, *Secy and Member*

বিদ্যাধ্যাপন।

জেনরল ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের
সেক্রেটারী শ্রীযুত জি এ বুসবি সাহেব বরাবরেষু।

বিদ্যাধ্যাপনের সাধারণ কমিটি সংস্থাপনের বিষয়ে এবং বিদ্যাদানের নিমিত্তে সরকারী খরচেতে যে সকল বিদ্যালয় স্থাপিত ও প্রতিপালিত হইয়াছে তাহাতে গবর্ণমেন্টের সম্পর্কের বিষয়ে জানুআরি মাসের ১০ তারিখের ৫ নম্বরী এবং ১৩ তারিখের ১০ নম্বরী তোমার পত্র পাইয়াছি।

২। শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে যে আদেশ আমারদিগকে করিয়াছেন তদনুসারে আমরা বিদ্যাধ্যাপনের অতিগুরুতর কার্য্যের বৃদ্ধি করণের নিমিত্ত সর্ব্বদাই অতিশয় উদ্যোগ করিতে প্রস্তুত আছি ইহা শ্রীযুতকে জ্ঞাপনকরা প্রায় অনাবশ্যক।

৩। বিদ্যাধ্যাপনের নূতন কৌন্সেলের সংস্থাপন বিষয়ে গবর্ণমেন্টের অভিপ্রায় সিদ্ধ করিতে আমরা অত্যন্ত আকাঙ্ক্ষী আছি অতএব গবর্ণমেন্টের বিজ্ঞাপন ও সম্মতির নিমিত্ত সম্বাদ দিতেছি যে উক্ত অভিপ্রায়ে আমরা নীচের লিখিত নিয়ম অবলম্বন করিতে স্থির করিয়াছি।

১। বিদ্যাধ্যাপনের নানাস্থানীয় কমিটির পত্র উত্তর কালে ঐ কমিটিহইতে একেবারে গবর্ণমেন্টের নিকটে পাঠান যাইবেক।

২। কৌন্সেলের নীচের লিখিত সম্প্রদায় এই নানা বিদ্যালয়ের কর্ত্তৃত্বকরণের নিমিত্ত নিযুক্ত হন।

হিন্দু কালেজের নিমিত্তে বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সম্প্রদায়।

শ্রীযুত সি এচ কামরণ সাহেব।
শ্রীযুত জে গ্রান্ট সাহেব।
শ্রীযুত ডেবিড হের সাহেব।
শ্রীযুত বাবু রাধামাধব বাঁডুয্যা।
শ্রীযুত বাবু রামকমল সেন।
শ্রীযুত বাবু রসময় দত্ত।
শ্রীযুত বাবু শ্রীকৃষ্ণ সিংহ।
শ্রীযুত বাবু প্রসন্নকুমার ঠাকুর।
শ্রীযুত এচ বি বেলি সাহেব।
শ্রীযুত বাবু রসময় দত্ত সেক্রেটারী ও মেম্বর।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ১২ আপ্রিল।]

For the Medical College

C H Cameron, Esq
F Millett, Esq
J Grant, Esq
J C C Sutherland, Esq

For the Madrassa

Honourable H T Prinsep, Esq
F Millett, Esq
J C C Sutherland, Esq
F J Halliday, Esq
Nawab Tuhawur Jung Bahadoor

For the Sanscrit College

Honourable H T Prinsep, Esq
Rajah Radakhant Deb Bahadoor
J C C Sutherland, Esq
Baboo Russomoy Dutt, *Secy and Member*

For the Hooghly College

C H Cameron, Esq
J Grant, Esq
G A Bushby, Esq
J C C Sutherland Esq
Nawab Tuhawur Jung Bahadoor
H V Bayley, Esq

For the selection of School Masters

Honourable A Amos, Esq
C H Cameron, Esq
J Grant, Esq

For the selection of Moulavies and Pundits

Honourable H T Prinsep, Esq
J C C Sutherland Esq
Raja Radhakanth Deb Bahadoor
Nawab Tuhawur Jung Bahadoor
Baboo Russomoy Dutt

For the selection of Books

Honourable A Amos, Esq
C H Cameron, Esq
J C C Sutherland, Esq
J Grant, Esq

The Honourable President of the Council to preside at the Meetings of all the above Sections and our Secretary to be a Member of the Hindoo College and Hooghly College Section, Baboo Russomoy Dutt continuing as Secretary to the Hindoo College and the Principal for the time being, as Secretary of the Hooghly College

3dly That with a view to facilitate and expedite the transaction of the business of the Education Department, as desired in para 7th of the Government letter under acknowledgment, each of the above Sections ordinarily correspond direct with Government through our General Secretary, submitting to the Council at large only such cases as may involve general principles of importance, or may be deemed by the Sections respectively extra ordinary, or as otherwise, demanding reference to the Council

[*Government Gazette, 12th April*, 1842.]

মেডিকাল কালেজের নিমিত্ত।

শ্রীযুত সি এচ কামরণ সাহেব।
শ্রীযুত এফ মিলট সাহেব।
শ্রীযুত জে গ্রাণ্ট সাহেব।
শ্রীযুত জে সি সি সদরলেণ্ড সাহেব।

মদরসার নিমিত্ত।

শ্রীযুত অনরবিল এচ টি প্রিন্সেপ সাহেব।
শ্রীযুত এফ মিলেট সাহেব।
শ্রীযুত জে সি সি সদরলেণ্ড সাহেব।
শ্রীযুত এফ জে হালিডে সাহেব।
শ্রীযুত নওয়াব তওবাহরজঙ্গ বাহাদুর।

সংস্কৃত কালেজের নিমিত্ত।

শ্রীযুত অনরবিল এচ টি প্রিন্সেপ সাহেব।
শ্রীযুত রাজা রাধাকান্ত দেব বাহাদুর।
শ্রীযুত জে সি সি সথরলেণ্ড সাহেব।
শ্রীযুত বাবু রসময় দত্ত সেক্রেটারী ও মেম্বর।

হুগলীর কালেজের নিমিত্তে।

শ্রীযুত সি এচ কামরণ সাহেব।
শ্রীযুত জে গ্রাণ্ট সাহেব।
শ্রীযুত জি এ বুসবি সাহেব।
শ্রীযুত জে সি সি সথরলেণ্ড সাহেব।
শ্রীযুত নওয়াব তওবাহরজঙ্গ বাহাদুর।
শ্রীযুত এচ বি বেলি সাহেব।

শিক্ষকেরদের মনোনীতকরণের নিমিত্তে।

শ্রীযুত অনরবিল এ এমস সাহেব।
শ্রীযুত সি এচ কামরণ সাহেব।
শ্রীযুত জে গ্রাণ্ট সাহেব।

মৌলবীরদের ও পণ্ডিতেরদের মনোনীতকরণের নিমিত্তে।

শ্রীযুত অনরবিল এচ টি প্রিন্সেপ সাহেব।
শ্রীযুত জে সি সি সথরলেণ্ড সাহেব।
শ্রীযুত রাজা রাধাকান্ত দেব বাহাদুর।
শ্রীযুত নওয়াব তওবাহরজঙ্গ বাহাদুর।
শ্রীযুত বাবু রসময় দত্ত।

পুস্তক মনোনীতকরণের নিমিত্তে।

শ্রীযুত অনরবিল এ এমস সাহেব।
শ্রীযুত সি এচ কামরণ সাহেব।
শ্রীযুত জে সি সি সথরলেণ্ড সাহেব।
শ্রীযুত জে গ্রাণ্ট সাহেব।

কৌন্সেলের শ্রীযুত প্রেসীডেণ্ট সাহেব উপরের উক্ত সমস্ত সম্প্রদায়ের বৈঠকে সভাপতি হইবেন এবং আমারদের সেক্রেটারী হিন্দু কালেজের এবং হুগলী কালেজের সম্প্রদায়ের অংশী হইবেন এবং শ্রীযুত বাবু রসময় দত্ত হিন্দু কালেজের সেক্রেটারীর পদে থাকিবেন এবং যে ব্যক্তি হুগলী কালেজের অধ্যক্ষ হন তিনি ঐ কালেজের সেক্রেটারী হইবেন।

৩। গবর্ণমেণ্টের যে পত্রের উত্তর এক্ষণে দিতেছি তাহার ৭ ধারার লিখিত হুকুমমতে বিদ্যাধ্যাপনের কার্য্য পূর্ব্বাপেক্ষা সহজে ও শীঘ্র নির্ব্বাহ হয় এই অভিপ্রায়ে উপরের লিখিত প্রত্যেক সম্প্রদায় সামান্যত আমারদের সাধারণ সেক্রেটারীর দ্বারা গবর্ণমেণ্টের নিকটে একেবারে লিখনপঠন করিবেন এবং যে স্থলে কোন গুরুতর সাধারণ মূল নিয়মের বিষয় উত্থিত হয় অথবা নানা সম্প্রদায় যে বিষয় অসামান্য জ্ঞান করেন অথবা অন্য কোন কারণে কৌন্সেলে অর্পণ করা আবশ্যক বোধ করেন কেবল সেই২ বিষয় কৌন্সেলসমূহের নিকটে অর্পণ করিবেন।

4thly That the Sub-Committee of Finance be dissolved, and each Section conduct the Financial details of its Institution, soliciting the sanction of Government in all cases that may appear to require the same

5thly That the Secretary be directed to prepare as early as possible, the Accounts of each Institution, in the following Form

Hindu College

Income available	Items of Charge	Total Charges for year ending 30th April 1841	Total Charges from 30th April to 1st Dec 1841	Total Charges per mensem as on the 1st of January 1842	Remarks

and that the sanction of Government be solicited to column 5, as representing the present charges of each Institution

6thly That on the above having been sanctioned by Government, each section consider itself authorized to conduct its receipts and disbursements on that scale without reference of any kind to Government, that each Section be also authorized to conduct its receipts and disbursements to any limit within the maximum allowed by para 9 of Mr Secretary Bushby's letter of 16th December, p cxxxix of the Appendix to the Report of 1839 40, reporting all increase beyond the sums of column 5, as passed by Government to that authority "*for information and communication to the Offices of Pay, Account and Audit*"

7thly That Government be solicited in furtherance of the above to authorize the Offices of Pay, Account and Audit to open a head in Account for each Section of the Council, and to conduct the Financial details of the Council of Education and its Sections precisely as the financial details of other State offices are conducted by them, and further that the Secretary to the Council be directed to place himself in communication with the Officers of Pay, Account and Audit through the

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ১২ আপ্রিল।]

৪। আয়ব্যয়ের বিষয়ে যে সবকমিটি নিযুক্ত ছিলেন তাহা নিবৃত্ত হইবেক এবং প্রত্যেক সম্প্রদায় আপন২ বিদ্যালয়ের ব্যয়ের হুকুম দিবেন এবং যে কোন বিষয়ে গবর্ণমেণ্টের অনুমতি লইবার আবশ্যক বোধ হয় সেই বিষয়ের অনুমতি প্রার্থনা করিবেন।

৫। যত শীঘ্র হইতে পারে তত শীঘ্র সেক্রেটারী সাহেব প্রত্যেক বিদ্যালয়ের হিসাব নীচের লিখিত পাঠানুসারে প্রস্তুত করিবেন।

হিন্দু কলেজ।

আয়	ব্যয়ের বেওরা	১৮৪১ সালের ৩০ আপ্রিল তারিখপর্য্যন্ত এক সম্বৎসর খরচ	১৮৪১ সালের ৩০ আপ্রিল তাবিখঅবধি ৩১ ডিসেম্বর তাবিখ পর্য্যন্ত সমুদয় খরচ	১৮৪২ সালের ১ জানুআরি তাবিখে যে মাসিক খরচ নির্দিষ্ট আছে তাহা	মন্তব্য কথা।

এবং পঞ্চম শ্রেণীতে প্রত্যেক বিদ্যালয়ের যে বর্ত্তমান খরচ লেখা আছে তাহাতে গবর্ণমেণ্টের অনুমতি প্রার্থনা হইবেক।

৬। উপরের লিখিত বিষয়ে গবর্ণমেণ্টের অনুমতি পাইলে প্রত্যেক সম্প্রদায় গবর্ণমেণ্টের নিকটে কোন প্রকার জিজ্ঞাসাবাদ না করিয়া আপনারাই ঐ হারানুসারে টাকা লইয়া ব্যয় করিবার ক্ষমতাপ্রাপ্ত হইবেন। ১৮৩৯। ৪০ সালের রিপোর্টের এপেণ্ডিক্সের ১৩৯ পৃষ্ঠার লিখিত শ্রীযুত সেক্রেটারী বুসবি সাহেবের ১৬ ডিসেম্বর তারিখের পত্রের ৯ দফাতে যে উর্দ্ধ সংখ্যা টাকা লেখা আছে সেইপর্য্যন্ত টাকা লইতে এবং ব্যয় করিতে ক্ষমতাপন্ন হইবেন। পঞ্চম শ্রেণীর লিখিত যে টাকার বিষয়ে গবর্ণমেণ্ট অনুমতি দিয়াছেন তদপেক্ষা অধিক খরচ করিতে হইলে "টাকা বিতরণ এবং হিসাব রাখণ ও মঞ্জুরকরণের" দফতরখানার বিজ্ঞাপন করণের নিমিত্ত ঐ সেক্রেটারী সাহেবের নিকটে তাহার রিপোর্ট করিবেন।

৭। উক্ত নিয়মের অনুসারে কৌন্সেলের প্রত্যেক সম্প্রদায়ের এক স্বতন্ত্র খাতা করিতে এবং সরকারী অন্য২ দফতরের আয়ব্যয়ের হিসাব যেরূপে রাখা যাইতেছে সেইরূপে বিদ্যাধ্যাপনের কৌন্সেলের এবং তাহার নানা সংপ্রদায়ের আয়ব্যয়ের হিসাব রাখিতে "টাকা দেওন ও হিসাব রাখণ এবং মঞ্জুরকরণের" দফতরের অধ্যক্ষদিগকে ক্ষমতা দিতে গবর্ণমেণ্টের নিকটে নিবেদন করা যায়। এবং আরো কৌন্সেলের সেক্রেটারী

Government, in order to ascertain in what form those Offices would wish, for the sake of uniformity or convenience, the Accounts of the Council and its Sections to be kept from the 1st of January 1842

We have the honor to be, Sir,

Your most obedient servants,

W W BIRD
H T PRINSEP
A AMOS
C H CAMERON
J C C SUTHERLAND
F MILLET
G A BUSHBY
J R COLVIN
J GRANT
TUHOWER JUNG
RADHAKANT DEB
RUSSOMOY DUTT

H V BAYLEY,
Secretary and Member

Fort William, 28th January, 1842

TO THE COUNCIL OF EDUCATION

Honourable Sirs, and Gentlemen

I am directed to acknowledge the receipt of your letter No 84½ and 3, dated 28th ultimo, on the constitution of the Council of Education, and the connection of Government with the Institutions founded or supported from the Public Funds for the diffusion of Education

2 I am directed in reply to convey to you the full approval of the Right Honourable the Governor General in Council to the several Propositions you have submitted, and to furnish for your information and guidance, and for communication to the Presidency Institutions, the accompanying copies of Instructions this day issued to the Offices of Pay, Audit and Account

I have, &c,
H V Bayley,
Deputy Secretary

Council Chamber, 9th February, 1842

CIVIL APPOINTMENTS

No 347

FORT WILLIAM,
GENERAL DEPARTMENT,
The 1st *April*, 1842

Mr C W Smith has been permitted to resign the Honourable East India Company's Civil Service, from the 30th instant.

The Right Honourable the Governor of Bengal has been pleased, as a temporary arrangement, to appoint Mr J M Dicey to the charge of the Office of Marine Store Keeper

G A. Bushby,
Secy to the Govt of Bengal.

[*Government Gazette*, 12*th April*, 1842]

সাহেবের প্রতি হুকুম হয় যে "টাকা বিতরণ ও হিসাব রাখণ ও মঞ্জুরকরণের" দফ্তরখানার অধ্যক্ষেরদিগকে গবর্ণমেণ্টের দ্বারা জিজ্ঞাসা করেন্ যে ১৮৪২ সালের ১ জানুআরি তারিখঅবধি কৌন্সেলের এবংতাহার সম্প্রদায়ের হিসাব একরূপ হওন এবং সুগমহওনের নিমিত্ত কিরূপে রাখিতে ঐ অধ্যক্ষ সাহেবেরদের ইচ্ছা আছে।

ডবলিউ ডবলিউ বর্ড।
এচ টি প্রিন্সেপ।
এ এমস।
সি এচ কামরণ।
জে সি সি সথরলেণ্ড।
এফ মিলেট।
জি এ বুসবি।
জে আর কালবিন।
জে গ্রাণ্ট।
শ্রীতওয়াহর জঙ্গ।
শ্রীরাধাকান্ত দেব।
শ্রীরসময় দত্ত।

এচ বি বেলি।
সেক্রেটারী ও মেম্বর।

ফোর্ট উলিয়ম ১৮৪২। ২৮ জানুআরি।

বিদ্যাধ্যাপনের কৌন্সেল বরাবরেষু।

বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সংস্থাপনের বিষয়ে এবং বিদ্যাদানের নিমিত্ত সরকারী খরচেতে যে সকল বিদ্যালয় স্থাপিত ও প্রতিপালিত হইয়াছে তাহাতে গবর্ণমেণ্টের সম্পর্কের বিষয়ি আপনারদের গত মাসের ২৮ তারিখের ৮৪॥ এবং ৩ নম্বরী পত্র প্রাপ্ত হওয়া গিয়াছে।

২। আপনারা যে সকল প্রস্তাব করিয়াছেন তাহাতে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে সম্মত আছেন ইহা তোমারদিগকে জ্ঞাপন করিতে আমি আজ্ঞা পাইয়াছি।এবং তোমারদের বিজ্ঞাপন ও কার্য্যসাধনের নিমিত্তে এবং এই রাজধানীর অন্তর্গত বিদ্যালয়সকলের অধ্যক্ষেরদিগকে জানাইবার নিমিত্ত অদ্য "টাকা বিতরণ ও হিসাবরাখণ ও মঞ্জুরকরণের" দফ্তরখানাতে যে হুকুম দেওয়া গিয়াছে তাহার নকল তোমারদের নিকটে পাঠাইতেছি।

এচ বি বেলি
ডেপুটী সেক্রেটারী।

কৌন্সেল ঘর ১৮৪২। ৯ ফেব্রুআরি।

John C Marshman, *Bengalee Translator*

রাজকর্ম্মে নিয়োগ।

৩৪৭ নম্বর।

ফোর্ট উলিয়ম।
জেনরল ডিপার্টমেণ্ট।
১৮৪২ সাল ১ আপ্রিল।

শ্রীযুত সি ডবলিউ স্মিথ সাহেব বর্ত্তমান মাসের ৩০ তারিখঅবধি কোম্পানি বাহাদুরের সিবিলসম্পর্কীয় কর্ম্মে ইশতাফা দেওনের অনুমতি পাইয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেব কিঞ্চিৎ কালের নিমিত্ত শ্রীযুত জে এম ডাইসি সাহেবকে জাহাজসম্পর্কীয় সরঞ্জাম রাখণের কর্ম্মে নিযুক্ত করিয়াছেন।

জি এ বুসবি।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

No 192
FORT WILLIAM,
GENERAL DEPARTMENT
The 1st April, 1842

The Right Honourable the Governor General in Council has been pleased to attach the Honourable F Drummond, of the Civil Service, reported qualified for the Public Service, to the Bengal Division of the Presidency of Fort William

G A BUSHBY,
Secy to the Govt of India

No 126
FORT WILLIAM
POLITICAL DEPARTMENT
The 28th March, 1842

The Right Honourable the Governor General of India in Council has been pleased to make the following arrangements and appointments in consequence of His Lordship's approaching departure for the Upper Provinces

Mr T H Maddock to accompany His Lordship in charge of all the Civil Departments with the Governor General

Lieutenant Colonel J Stuart as Secretary in the Military Department and Mr C G Mansel, Junior Secretary in the Financial Department as Junior Secretary in all the Civil Departments with the Governor General

Mr Maddock's duties at the Presidency as Secretary to the Government of India in the Legislative, Judicial, and Revenue Departments will devolve upon the Junior Secretary Mr F J Halliday, as Officiating Secretary, and Mr G A Bushby, Secretary in the General Department, will officiate for Mr Maddock as Secretary in the Secret and Political Department, and as Political Secretary for Bengal

Mr W Strachey is appointed as Assistant to the Secretary to the Government of India in the Secret and Political Department, and will be attached to the office under the Officiating Secretary at the Presidency till further orders

Major W M N Sturt, Officiating Deputy Secretary, will officiate as Secretary to Government in the Military Department, till further orders

By order of the Right Honourable the Governor General of India in Council,

T H MADDOCK,
Secy to the Govt of India

No 220
FORT WILLIAM
FINANCIAL DEPARTMENT,
The 6th April, 1842

Mr J B Thornhill is appointed to officiate for Mr C G Mansel, as Deputy Accountant General and Accountant in the Judicial, Revenue, Commercial, Marine, Salt and Opium Departments, during the absence of Mr Mansel with the Governor General in the North Western Provinces, or until further orders

১৯২ নম্বর।
ফোর্ট উলিয়ম।
জেনরল ডিপার্টমেন্ট।
১৮৪২ সাল ১ আপ্রিল।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত অনরবিল এফ ড্রমণ্ড সাহেব সরকারী কর্ম্মের নিমিত্ত উপযুক্ত এইমত রিপোর্ট হও সাতে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে তাঁহাকে ফোর্ট উলিয়ম রাজধানীর বাঙ্গলা প্রদেশে নিযুক্ত করিয়াছেন।

জি এ বুসবি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

১২৬ নম্বর।
ফোর্ট উলিয়ম।
পোলিটিকাল ডিপার্টমেণ্ট।
১৮৪২ সাল ২৮ মার্চ।

ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর উত্তর পশ্চিম প্রদেশে আপনার গমনের উপলক্ষে নীচের লিখিত নিয়ম এবং নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত টি এচ মাডক সাহেব সিবিল ডিপার্টমেণ্টের সমস্ত কর্ম্মের ভার গ্রহণ করিবার নিমিত্তে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের সঙ্গে গমন করিবেন।

শ্রীযুত লেপ্টেনেণ্ট কর্ণেল জে ষ্টুয়ার্ট সাহেব শ্রীযুতের সঙ্গে মিলিটেরী ডিপার্টমেণ্টের সেক্রেটারী পদে এবং ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের দ্বিতীয় সেক্রেটারী শ্রীযুত সি জি মানসেল সাহেব সিবিল ডিপার্টমেণ্টের দ্বিতীয় সেক্রেটারী পদে নিযুক্ত হইয়াছেন।

রাজধানীতে লেজিসলেটিব এবং জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেণ্টে শ্রীযুত মাডক সাহেবের ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী কর্ম্ম দ্বিতীয় সেক্রেটারী শ্রীযুত এফ জে হালিডে সাহেবের হস্তে অর্পিত হইলে তিনি এক্টিং সেক্রেটারী হইবেন এবং জেনরল ডিপার্টমেণ্টের সেক্রেটারী শ্রীযুত জিএ বুসবি সাহেব শ্রীযুত মাডক সাহেবের পরিবর্ত্তে সিক্রেট এবং পোলিটিকাল ডিপার্টমেণ্টের সেক্রেটারী ও বাঙ্গলা দেশের পোলিটিকাল সেক্রেটারীর কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত ডবলিউ ষ্ট্রেচি সাহেব অন্য হুকুম না হওন পর্য্যন্ত সিক্রেট ও পোলিটিকাল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারীর আসিষ্টাণ্টী পদে নিযুক্ত হইয়াছেন এবং রাজধানীর একটিং সেক্রেটারীর নিবিশেতায় থাকিবেন।

একটিং ডেপুটী সেক্রেটারী শ্রীযুত মেজর ডবলিউ এম এন ষ্টর্ট সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত মিলিটেরী ডিপার্টমেণ্টে গবর্ণমেণ্টের সেক্রেটারীর কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুক্ত গবরনর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের হুকুমক্রমে।

টি এচ মাডক।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

২২০ নম্বর।
ফোর্ট উলিয়ম।
ফিনান্সিয়ল ডিপার্টমেণ্ট।
১৮৪২ সাল ৬ আপ্রিল।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের সঙ্গে উত্তর পশ্চিম দেশে শ্রীযুত সি জি মানসেল সাহেব যত কাল থাকিবেন কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত জে বি থর্ণহিল সাহেব মানসেল সাহেবের পরিবর্ত্তে একটিংরূপে ডেপুটী একৌণ্টেণ্ট জেনরল এবং জুডিসিয়ল ও রেবিনিউ এবং কোমর্শল ও মারিন ও নিমক ও আফীমের ডিপার্টমেণ্টের একৌণ্টেণ্ট হইবেন।

Mr Thornhill is also appointed, Ex Officio, a Director of the Bank of Bengal and a Member of the Mint Committee

G A Bushby,
Secy to the Govt of Bengal

শ্রীযুত থর্ণহিল সাহেব ঐ পদোপলক্ষে বাঙ্গাল ব্যাঙ্কের ডাইরেক্টর এবং টাকশালের কমিটির মেম্বর হইবেন।

জি এ বুসবি।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

No 234
FORT WILLIAM,
FINANCIAL DEPARTMENT
The 6th April, 1842

Mr L J H Grey is appointed to officiate for Mr J B Thornhill, as Post Master General, until further orders

G A Bushby
Secy to the Govt of India

২৩৪ নম্বর।
ফোর্টউলিয়ম।
ফিনান্সিয়ল ডিপার্টমেণ্ট।
১৮৪২ সাল ৬ আপ্রিল।

শ্রীযুত জে বি থর্ণহিল সাহেবের পরিবর্ত্তে অথবা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত এল জে এচ গ্রে সাহেব ডাকের অধ্যক্ষতা কর্ম্মে নিযুক্ত হইবেন।

জি এ বুসবি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

FORT WILLIAM,
POLITICAL DEPARTMENT,
The 7th April, 1842

Mr G A Bushby has taken charge of the office and duties at the Presidency of the Secretary to the Government of India in the Secret and Political Department, and of Secretary to the Government of Bengal in the Political Department, in pursuance of the arrangement to that effect notified under date the 28th ultimo

G A Bushby,
Offg Secy to the Govt of India,
Sect and Poll Dept

ফোর্ট উলিয়ম।
পোলিটিকাল ডিপার্টমেণ্ট।
১৮৪২ সাল ৭ আপ্রিল।

গত মাসের ২৮ তারিখে যে নিয়ম করা গিয়াছিল তৎক্রমে শ্রীযুত জি এ বুসবি সাহেব রাজধানীতে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সিক্রেট ও পোলিটিকাল ডিপার্টমেণ্টের সেক্রেটারী এবং বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের পোলিটিকাল ডিপার্টমেণ্টের সেক্রেটারীর ভার গ্রহণ করিলেন।

জি এ বুসবি।
সিক্রেট ও পোলিটিকাল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS — গবর্ণমেণ্টের ইশ্তিহার।

SALT — নিমক।

এস্তেহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত পাঙ্গা নেমক পশ্চাদুক্ত নিরিখদরে বিক্রয়ার্থে প্রস্তুত আছে খরিদারানের উচিত যে ঐ নেমকের রকম মোং হিজলির সরকারী গোলার নমুনা দৃষ্টে খাতিরজমা মত বুঝিয়া খরিদ করেন আর যে ব্যক্তি মোকাম মজকুরে প্রথমে রওয়ানা দাখিল করিবেক সেই ব্যক্তি পহিলা ওজন পাইবার যোগ্য হইবেক।

নেমকের রেওরা।

এজেন্সী অর্থাৎ জেলার নাম	ঘাটের নাম	কোন্ সনের পোক্তান	মওয়াজি নেমক	নিরিখদর ফি ১০০/ মোন
হিজলি	দক্ষিণ কালীনগর	১২৪৬ সাল	মোন ১৫০০০০/	কোং টাকা ৪১৪৲
	কৃষ্ণনগর	১২৪৭ সাল	২২৫০০০/	৪০৯৲
			৩৭৫০০০/	

বোর্ড পরিমিট নিমক ও আফিম তাং ১ আপ্রেল সন ১৮৪২ সাল।   এচ টরেন্স। সেক্রেটারী।

এস্তেহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত পাঙ্গা নেমক পশ্চাদুক্ত নিরিখ দরে বিক্রয়ার্থে প্রস্তুত আছে খরিদারানের উচিত যে ঐ নেমকের রকম জেলা হিজলির ঘাট উত্তর কালীনগরের সরকারি গোলার নমুনা দৃষ্টে খাতির জমামত বুঝিয়া খরিদ করেন আর যে ব্যক্তি মোকাম মজকুরে প্রথমে রওয়ানা দাখিল করিবেক সেই ব্যক্তি পহিলা ওজন পাইবার যোগ্য হইবেক।

[*Government Gazette*, *12th April*, 1842]

নেমকের রেওরা।

এজেন্সী অর্থাৎ জেলার নাম	ঘাটের নাম	কোন সনের পোক্তান	মওয়াজি নেমক	নিরিখ দর ফি১০০/ মোন
হিজলি	উত্তর কালীনগর গোলা নম্বর ১১ গোলা নম্বর ৬	সন ১২৪৬ সাল	মোন ১৪৭৭৫/ ২০৯৭/	কোং টাকা ৪১৪৲

বোর্ড পরমিট নেমক ও আফিম তারিখ ৫ আপ্রেল সন ১৮৪২ সাল। এচ টরেন্স। সেক্রেটারী।

SALES OF LAND

জমিদারী নীলাম।

ইস্তাহারনামা কাছারী কালেক্টরি জেলা মুরশিদাবাদ এই যে।

রূপসিংহ রায় এক কেতা দরখাস্ত এই মর্ম্মে দাখিল করে যে কীং মৌজে ঝাঝরা সরকারের বাকী আদায় কারণ নীলামে বিক্রী হইয়া সরকারের পাওনা বাদে ১৬৭২৲ টাকা তহবিলে মজুদ আছে মতে প্রার্থনা রাখে যে উক্ত টাকা মজ্জরকে দেওয়ান যায় অতএব ইস্তাহার দেওয়া যাইতেছে যে সেওয়ায় মজ্জর উক্ত টাকার আর কেহ দাবিদার থাকে ১৫ রোজ মধ্যে হুজুরে হাজীর হইয়া আপনং দরখাস্ত মায় সাবুদ গুজরায় নচেৎ মেয়াদ গতে উচিত হুকুম হইবেক ইতি। সন ১৮৪২ সাল তাং ২৪ মার্চ মং সন ১২৪৮ সাল তারিখ ১২ চৈত্র।

Moorshedabad Collectorate, 24th March, 1842 C D RUSSELL, *Actg Collector*

ইস্তাহারনামা কাছারী কালেক্টরি জেলা মুরশিদাবাদ এই যে।

মৌলবী মাজম হোসেন ও গোলাম রসুল ও সইদ একরাম হোসেন ও সইদ মেহর আলি ও আসদ খাঁ এক কেতা দরখাস্ত এই মর্ম্মে গুজরায় যে কাশীম খাঁএর আয়মা কাং সিজ গ্রাম সরকারের বাকী আদায় কারণ নীলামে বিক্রী হইয়া ২৩০৲ টাকা তহবিলে মজুদ আছে মতে প্রার্থনা রাখে যে সরকারের বাকী কর্ত্তন বাদে বক্রী টাকা মজ্জরানদিগে দেওয়ান যায় অতএব ইস্তাহার দেওয়া যাইতেছে যে সেওয়ায় মজ্জরান আর কেহ দাবিদার থাকে ১৫ রোজ মধ্যে হুজুরে হাজীর হইয়া আপনং দরখাস্ত মায় সাবুদ গুজরায় নচেৎ মেয়াদ গতে উচিত হুকুম হইবেক ইতি। সন ১৮৪২ সাল তাং ২৪ মার্চ মং সন ১২৪৮ সাল তাং ১২ চৈত্র।

Moorshedabad Collectorate, 24th March, 1842 C D RUSSELL, *Actg Collector*

ইস্তাহারনামা কাছারী কালেক্টরি জেলা মুরশিদাবাদ এই যে।

ফরহত আলি কাং শাহাপুরের ফাজীল টাকা ৬/১০ পাই পাইবার কারণ এক কেতা দরখাস্ত হুজুরে গুজরায় মতে ইস্তাহার দেওয়া যাইতেছে যে সেওয়ায় মজ্জর উক্ত টাকার আর কেহ দাবিদার থাকে ১৫ রোজ মধ্যে হুজুরে হাজীর হইয়া আপনং দরখাস্ত মায় সাবুদ গুজরায় নচেৎ মেয়াদ গতে উচিত হুকুম হইবেক ইতি। সন ১৮৪২ সাল তাং ২৪ মার্চ মং সন ১২৪৮ সাল তারিখ ১২ চৈত্র।

Moorshedabad Collectorate, 24th March, 1842 C D RUSSELL, *Actg Collector*

FIVE HUNDRED RUPEES REWARD

Will be paid to any person who may apprehend or give information leading to the apprehension of Surroop Dutt, formerly Ghatmanjee at Bhugwan gola in the district of Moorshedabad, and a notorious Jemadar of Thugs, who has hitherto evaded search

Surroop Dutt, son of Raj Chunder Dutt, caste Kait—resident of Pookhereah Pergunnah Chand Pertab—Thannah Jeffergunge—Zillah Furreedpore, is about Sixty years old, but appears younger, fair in face and body, hair, beard, and Moustache grey, inclining to white, above the middling height, and stout, with front teeth a little broken, and of a respectable appearance

Surroop Dutt, or Surroop Ghat Manjee, as he is more generally termed, is reputed to be the most skilful and experienced Jemadar of River Thugs in

৫০০৲ টাকা পুরস্কার।

জিলা মুরশিদাবাদের ভগবান গোলার সাবেক ঘাট মাজি অথচ ঠগেরদের অতিপ্রসিদ্ধ জমাদার সরূপ দত্ত নামক যে ব্যক্তিকে এইপর্য্যন্ত গ্রেপ্তার করিতে পারা যায় নাই তাহাকে যে কোন ব্যক্তি গ্রেপ্তার করে অথবা গ্রেপ্তারকরণের উপযুক্ত কোন সম্বাদ দেয় তাহাকে ৫০০৲ টাকা পুরস্কার দেওয়া যাইবেক।

ঐ সরূপ দত্ত রাজচন্দ্র দত্তের পুত্র কায়স্থ জাতি এবং জিলা ফরিদপুরের জাফরগঞ্জ থানার চাঁদ প্রতাপ পরগনার পুখেরিয়া গ্রামবাসী। তাহার বয়ঃক্রম প্রায় ষাটি বৎসর কিন্তু দৃষ্টিতে কিছু কম বয়ঃক্রম বোধ হয় তাহার মুখ ও শরীর গৌর বর্ণ তাহার চুল দাড়ি গোঁপ প্রায় শুক্লবর্ণ এবং মাঝামাঝি অপেক্ষা কিছু লম্বা ও মোটা এবং সম্মুখের কএকটি দাঁত ভাঙ্গা আছে কিন্তু দেখিতে বিশিষ্ট ব্যক্তির ন্যায়।

ঐ সরূপ দত্তকে লোকেরা সরূপ ঘাট মাজি সামান্যতঃ বলিয়া ডাকে এবং কথিত আছে যে ঐ লোক বাঙ্গলা প্রভৃতি দেশের নদীর ঠগেরদের জমাদারেরদের মধ্যে

the Lower Provinces, and has carried his excursions as high as Benares

W DAMPIER,
Superintendent of Police, and for the suppression of Thuggee, L P

Office of Superintendent of Police L P
Monghyr, 24th March, 1842

ONE HUNDRED RUPEES REWARD

Will be paid for the apprehension of the two undermentioned Persons —

Ujoodhia Rai 33 years old, son of Busraj Rai, inhabitant of Mouzah Naraionpore, Pergunnah Arrah, Zillah Shahabad,—

Wheat Colour, broad forehead, joined eyebrows, beard and whiskers black, stout in body, coarse curling hair, some Pock marks on his forehead, is a notorious horse stealer and a bad character, and always goes armed to resist any attempt to arrest him

Boolakee Tewary, 22 years old, son of Hunooman Tewary, Inhabitant of Mouzah Chundous, Pergunnah Musoura Zillah Patna,—

What Colour, broad forehead, open eyebrows, sheep's eyes high nose, and middle stature—stands charged with murder ——— And

FIFTY RUPEES

For the apprehension of Rungoo Gwallah, 28 years old, son of Muhoongoo, inhabitant of Mouzah Chunda, Pergunnah Burragaon, Zillah Shahabad,—

Wheat Colour, broad forehead high nose, middle stature beard, and whiskers black—stands committed on a charge of highway robbery

These three prisoners broke out from the Jail of Arrah on the night of the 18th of this Month

W DAMPIER,
Supt of Police, L P

Office of Sup Pol L P
Monghyr, the 23d March, 1842

FIFTY RUPEES REWARD

Will be paid to any person who will apprehend or give information leading to the apprehension of the undermentioned Prisoner escaped from the Jail of the 24-Pergunnahs

Soobul alias Kanye Majee, alias Kumul Janah, son of Lukheekant Majee, alias Lukhun Doss, 45 years old, resident of Howrah, within the Jurisdiction of Thannah Sulkeah in Zillah 24 Pergunnahs, or Doro, Pergunnah Doro, Thannah Basoolee, Zillah Midnapore, or Byray, Thannah Adempore, Zillah Hooghly,—

Black complexion, sheep's eyes open eye brows, broad forehead, marks of small pox on his face and nose, Rattan marks on his back, inoculated on right arm, has had his sides perforated on account

অতিনিপুণ ও তৎকর্ম্মে পটু এবং বারাণসপর্য্যন্তও ঠগী কর্ম্ম করিয়াছে।

ডবলিউ ডাম্পিয়র।
বাঙ্গলাপ্রভৃতি দেশের পোলীসের এবং ঠগী নিবারণের সুপরিন্টেণ্ডেণ্ট।

মুঙ্গেরে পোলীসের সুপরিন্টেণ্ডেন্টের দপ্তরখানা।
১৮৪২। ২৪ মার্চ।

১০০৲ টাকা পুরস্কার।

নীচের লিখিত দুই জনকে যে কোন ব্যক্তি গ্রেপ্তার করে তাহাকে ১০০৲ টাকা পুরস্কার দেওয়া যাইবেক।

বসরাজ রায়ের পুত্র অযোধ্যা রায় তাহার বয়ঃক্রম তেত্রিশ বৎসর জিলা শাহাবাদের আরা পরগনার মৌজা নারায়ণপুরনিবাসী।

তাহার গমের ন্যায় বর্ণ কপাল চৌড়া যোড়া ভ্রূ দাড়ি গোপ কাল স্থূলকায় ও চুল কোকড়া ও মোটা কপালে বসন্তের দাগ এবং ঘোড়া চুরীকরণ বিষয়ে অতিপ্রসিদ্ধ ও অতিদুষ্ট লোক এবং পাছে তাহাকে কেহ গ্রেপ্তার করে এজন্য সর্ব্বদা অস্ত্র ধারণ করিয়া বেড়ায়।

হনূমান তেওয়ারীর পুত্র বুলাকী তেওয়ারী। তাহার বয়ঃক্রম বাইশ বৎসর জিলা পাটনা পরগনা মশৌরার চন্দৌস মৌজানিবাসী।

তাহার গমের ন্যায় বর্ণ ও কপাল চৌড়া ভ্রূ যোড়া নহে ভেড়ার চক্ষুর ন্যায় চক্ষু ও উচ্চ নাক এবং লম্বা মাঝামাঝি তাহার নামে খুনকরণের নালিশ হইয়াছে।—এবং

৫০৲ টাকা পুরস্কার।

নীচের লিখিত ব্যক্তিকে যে কেহ গ্রেপ্তার করে তাহাকে ৫০৲ টাকা পুরস্কার দেওয়া যাইবেক।

মহঙ্গুর পুত্র রঙ্গু গোআলা। বয়ঃক্রম আটাইশ বৎসর শাহাবাদ জিলার পরগনা বড়াগার চণ্ডা মৌজানিবাসী।

তাহার গমের ন্যায় বর্ণ কপাল চৌড়া উচ্চ নাক এবং লম্বা মাঝামাঝি ও দাড়ি গোপ কাল তাহার নামে কোম্পানির রাস্তায় চুরীকরণের নালিশ হইয়াছে।

এই তিন ব্যক্তি বর্ত্তমান মাসের ১৮ তারিখের রাত্রে আরার জেলখানা ভাঙ্গিয়া পলায়।

ডবলিউ ডাম্পিয়র।
বাঙ্গলাপ্রভৃতি দেশের পোলীসের সুপরিন্টেণ্ডেণ্ট।

মুঙ্গেরে পোলীসের সুপরিন্টেণ্ডেন্টের দপ্তরখানা।
১৮৪২ সাল ২ মার্চ।

---

৫০ টাকা পুরস্কার।

নীচের লিখিত কয়েদী চব্বিশ পরগনার জেলখানা ভাঙ্গিয়া পলাইয়াছে অতএব যে কেহ তাহাকে গ্রেপ্তার করিতে পারে অথবা তাহার গ্রেপ্তার করিবার উপযুক্ত কোন সম্বাদ দিতে পারে তাহাকে ৫০৲ টাকা পুরস্কার দেওয়া যাইবেক।

লক্ষ্মীকান্ত মাজি অথবা লক্ষ্মণ দাসের পুত্র সুবল বা কানাই মাজি কি কমল জানা। ইহার বয়ঃক্রম পঁয়তাল্লিশ বৎসর এবং জিলা চব্বিশ পরগনার শালিখার থানার অন্তঃপাতি হাবড়াস্থানে অথবা জিলা মেদিনীপুরের বাসুলী থানার দোরো পরগনার দোরো গ্রাম কিম্বা হুগলী জিলার আদমপুর থানার বয়ড়া গ্রামবাসী।

তাহার কৃষ্ণবর্ণ ও ভেড়ার চক্ষুর ন্যায় চক্ষু তাহার ভ্রূ যোড়া নহে কপাল চৌড়া তাহার মুখে ও নাকে বসন্তের দাগ ও তাহার পিঠে বেতের দাগ তাহার

of Churruck Poojah and several small scars about his legs Height 5 feet 5 inches, Dialect Bengalee, caste Kybut

W DAMPIER,
Supt of Police, L P

Office of Sup Pol L P
Monghyr, the 26th March, 1842

দক্ষিণ হস্তে টীকার দাগ তাহার কোমরে ফোঁড়ার দাগ তাহার পায়ে অনেক২ ক্ষুদ্র২ আঘাতের দাগ পাঁচ ফুট পাঁচ ইঞ্চি লম্বা বাঙ্গলা ভাষা কহে এবং কৈবর্ত্ত জাতীয়।

ডবলিউ ডাম্পিয়র।
বাঙ্গলাপ্রভৃতি দেশের পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্ট।
মুঙ্গেরে পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্টের দপ্তরখানা।
১৮৪২। ২৬ মার্চ।

SHERIFF'S SALES

সরিফের নীলাম।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে আগামি ১৪ আপ্রিল বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় কলিকাতার সরিফ সাহেবের হাতে মৃত রামগোবিন্দ সেনের আইনমত উত্তরাধিকারী ও ওয়ারিস বিধবা রাজেশ্বরী দাসীর নামে ফাইরাই ফেসিয়সনামক যে পরওয়ানা আছে তদনুসারে সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারাণ্ডায় সরিফ সাহেবের দপ্তরখানায় প্রবেশ দ্বারের নিকটে ঐ সাহেব নীচের লিখিত বিষয় নীলাম করিবেন।

১ দফা। কলিকাতা নগরের বটতলার রাস্তার শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত বসতি বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কম বেশ /৪ চারি কাটা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত মৃত রামগোবিন্দ সেনের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষত. উত্তর দিগে বটতলার রাস্তা দক্ষিণ ও পশ্চিম দিগে বিশ্বম্ভর সেনের বসতি বাটী ও ভূমি পূর্ব্ব দিগে প্যারী বৈষ্ণবীর বসতি বাটী।

২ দফা। এবং যে এক ইষ্টকনির্ম্মিত বসতি বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ /৪ চারি কাটা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত মৃত রামগোবিন্দ সেনের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষত. উত্তর দিগে বিশ্বম্ভর সেনের বসতি বাটী দক্ষিণ দিগে কটনষ্ট্রিট পূর্ব্ব দিগে ভুবনমোহন সেনের বসতি বাটী পশ্চিম দিগের এক ভাগে মৃত রামকৃষ্ণ সেনের বাটী ও অন্য ভাগে উক্ত বিশ্বম্ভর সেনের ভূমি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই নীলামের নিয়ম জানা যাইতে পারিবেক।

MISCELLANEOUS ADVERTISEMENT

সাধারণব্যক্তিদের ইস্তাহার।

নুতন পঞ্জিকা।

সকলকে জ্ঞাপন করা যাইতেছে যে নবদ্বীপ সম্মতা নূতন পঞ্জিকা অতি বাহুল্যরূপে শ্রীরামপুরস্থ শ্রীমনোহর মিস্ত্রির যন্ত্রালয়ে পণ্ডিতকর্ত্তৃক সংশোধিত হইয়া মুদ্রিত হইয়াছে যিনি লইতে বাঞ্ছা করেন শ্রীরামপুরে তত্ত্ব করিলে পাইতে পারিবেন। মূল্য ॥০ আট আনা।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ১২ আপ্রিল।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত উলিয়ম মিচল সাহেবকর্ত্তৃক মুদ্রিত।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, APRIL 19, 1842.

কলিকাতা মঙ্গলবার ১৮৪২ সাল ১৯ আপ্রিল।

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT

No 738

To the Civil Judges in the Lower Provinces

1 The Court, having had before them the returns to the Circular Order of the 28th August 1840, regarding the rates of Tullubanna payable in each Moonsiffship, and observing that there is great diversity in the rate of remuneration to Peons serving processes, are pleased to direct, that, in future, payment shall be made in all Districts within their jurisdiction, at one anna and half per diem, which is now paid in the Majority of the Districts both of Bengal and Behar

2 The Peons are to be paid, besides the number of days required for going to and returning from the place where process is to be served, for two days in addition for service of every subpœna, process of arrest, and process of attachment, and one day in addition for service of every other description of process

3 The Judges will cause to be framed, with due care, (revising it themselves before adoption,) a table in the Vernacular for suspension in each Moonsiff's Cutcherry, showing the computed distance of each Village within the jurisdiction from the Court Station, and the number of days allowed for the service of the process, calculated at the rate of 5 Kos or 10 Miles per diem, going and returning Thus Table being exposed under the signature and Seal of the Judge, in each Moonsiff's Court, for general information, no mistake can thereafter occur nor extra demand be made

[*Government Gazette, 19th April, 1842.*]

৮

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

৭৩৮ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানী জজ সাহেব বরাবরেষু।

প্রত্যেক মুনসেফের এলাকার মধ্যে তলবানার হারের বিষয়ে ১৮৪০ সালের ২৮ আগষ্ট তারিখের সরক্যুলর অর্ডরের রিটর্ণ সদর দেওয়ানী আদালত প্রাপ্ত হওয়াতে অবগত হইয়াছেন যে হুকুম জারীকরণের পেয়াদারদের তলবানার হারের অনেক বৈলক্ষণ্য আছে অতএব তাহারা হুকুম করিতেছেন যে বাঙ্গালা ও বেহারের অধিকাংশ জিলার মধ্যে এক্ষণে যে তলবানা দেওয়া যাইতেছে অর্থাৎ প্রতিদিন /১০ আনা সেই হার, অনুসারে তাহারদের অধীন সকল জিলাতে উত্তর কালে দেওয়া যায়।

২। যে স্থানে হুকুম জারী করিতে হইবেক সেই স্থানে যাইতে এবং তথাহইতে ফিরিয়া আসিতে যত দিন লাগে তাহাছাড়া পেয়াদারদিগকে প্রত্যেক সফীনা এবং গ্রেপ্তারীর ও ক্রোকের পরওয়ানা জারীকরণার্থ অতিরিক্ত দুই দিবস এবং অন্য প্রত্যেক প্রকার হুকুম জারী করণার্থ অতিরিক্ত এক দিন দেওয়া যাইবেক।

৩। প্রত্যেক মুনসেফের কাছারীতে লটকাইবার নিমিত্ত জজ সাহেবেরা অতিমনোযোগপূর্ব্বক দেশীয় ভাষায় এক টেবিল প্রস্তুত করিতে হুকুম দিবেন এবং তাহা ব্যবহারহওনের পূর্ব্বে আপনারাই তাহা সংশোধন করিবেন। ঐ টেবিলের মধ্যে আদালতের কাছারী হইতে ঐ এলাকার প্রত্যেক গ্রাম অনুমান যত দূর তাহা এবং দিনপ্রতি পাঁচ ক্রোশ অর্থাৎ দশ মাইলের হিসাবে হুকুম জারীকরণের নিমিত্ত যাইতে আসিতে যত দিন ধরা যাইবেক তাহা লেখা থাকিবেক। এই টেবিলে জজ সাহেবের দস্তখৎ ও মোহর হইলে এবং তাহা প্রত্যেক মুনসেফের কাছারীতে সকল লোকের বিজ্ঞাপনের নিমিত্তে লটকান গেলে কিছু ভুল হইতে পারিবেক না এবং উত্তর কালে কিছু বেশী দাওয়া হইতে পারিবেক না।

4 This Circular superseded all temporary orders that have been issued to the Judges on the returns abovementioned

W KIRKPATRICK, *Deputy Register*
Fort William, 11th March, 1842.

No 894

To the Civil Authorities in the Lower Provinces

Diversity of practice having been found to prevail in respect to the applicability or otherwise, of Section 8, Regulation VIII of 1831, to claims regarding *exactions* as well as *arrears* of rent, the Court notify that, on a late reconsideration of the subject, it has been determined by a Majority of the Courts at Calcutta and Allahabad, that Construction No 714, declaring the applicability of Section 8, Regulation VIII 1831, to claims regarding *exactions* as well as *arrears* of rent, and consequently making such claims cognizable by Moonsiffs as regular suits on one-fourth stamp, ought to be adhered to Should therefore the practice obtain in any district of requiring claims regarding exactions to be brought on stamp paper of the full value, it must be forthwith altered

W KIRKPATRICK, *Deputy Register*
Fort William, 18th February, 1842

No. 976.

To the several Civil Authorities in the Lower Provinces

It appearing, from several recent instances which have come before the Court, that many of the Local Civil tribunals, in sales held by them in execution of decrees or other judicial process under Regulation VII 1825, entirely neglect observance of the provisions of Clause 2, Section 3 of that enactment, in respect to the proclamation of Sale enjoined therein, both as regards *what particulars* such proclamation is to contain, and *how* it is to *be made* and *notified*, the Court beg the particular attention of judicial Officers to the rules referred to, and desire that proper notice be invariably taken by the Judges of all deviations therefrom on the part of the inferior Courts.

W KIRKPATRICK, *Deputy Register*
Fort William, 15th March, 1842

৪। পূর্ব্বোক্ত বিটর্ণ পাইয়া জজ সাহেবেরা কিছু কালের নিমিত্ত যে হুকুম দিয়াছিলেন তাহা এই সরকুলর অর্ডরের দ্বারা রহিত হইল।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর
ফোর্ট উলিয়ম ১৮৪২। ১১ মার্চ।
JOHN C MARSHMAN, *Bengalee Translator*

---

৮৯৪ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানী কার্য্যকারক বরাবরেষু।

১৮৩১ সালের ৮ আইনের ৮ ধারা যেমন বাকী মালগুজারীর বিষয়ে খাটে তেমনি মালগুজারীর অন্যায়েতে তহসীলকরণের বিষয়েও খাটে কি না এই বিষয়ে নানা স্থানে নানা প্রকার ব্যবহার চলিতেছে অতএব সদর আদালতের সাহেবেরা ইহা জানাইতেছেন যে এই বিষয়ের সম্প্রতি পুনর্ব্বার বিবেচনা হইয়াছে এবং কলিকাতা ও আলাহাবাদের সদর আদালতের অধিকাংশ জজ সাহেবেরা ইহা স্থির করিয়াছেন যে ৭১৪ নম্বরী আইনের অর্থানুসারে কার্য্যকরা উচিত। আইনের ঐ অর্থে বিধান আছে যে ১৮৩১ সালের ৮ আইনের ৮ ধারা যেমন বাকী মালগুজারীর বিষয়ে খাটে তেমনি মালগুজারীর অন্যায়েতে তহসীলকরণের দাওয়ার বিষয়েও খাটিবেক এবং সুতরাং ঐ প্রকার দাওয়ার জাবেতামত মোকদ্দমা হইলে তাহা মুনসেফেরা সামান্যতঃ সিকী মুল্যের ইষ্টাম্প কাগজে লইতে পারেন। অতএব যদি কোন জিলাতে মালগুজারীর অন্যায়েতে তহসীলকরণের বিষয়ে সম্পূর্ণ মুল্যের ইষ্টাম্প কাগজে নালিশ করণের ব্যবহার থাকে তবে তাহা অগৌণে পরিবর্ত্ত করিতে হইবেক।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।
ফোর্ট উলিয়ম ১৮৪২। ১৮ ফেব্রুআরি।
JOHN C MARSHMAN, *Bengalee Translator*

---

৯৭৬ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত প্রত্যেক দেওয়ানী কার্য্যকারক বরাবরেষু।

সদর আদালতের সাহেবেরা সম্প্রতি বারম্বার অবগত হইয়াছেন যে মফঃসলের অনেক দেওয়ানী আদালতে ১৮২৫ সালের ৭ আইনানুসারে ডিক্রী বা আদালতের অন্যান্য হুকুম জারীকরণার্থ নীলাম হইলে ঐ নীলামের ইশ্‌তিহারে যে২ বেওরা লিখনের বিষয়ে ও সেই ইশতিহার যেরূপে করিতে এবং ঘোষণা করিতে হয় এই বিষয়ে ঐ আইনের ৩ ধারার ২ প্রকরণে যে সকল বিধি আছে তদনুসারে ঐ মফঃসলের আদালতের বিচারকেরা কার্য্য করেন না অতএব সদর আদালতের সাহেবেরা উক্ত বিধানের বিষয়ে সকল আদালত সম্পর্কীয় বিচারকদিগকে বিশেষ মনোযোগ করিতে হুকুম দিতেছেন এবং আদেশ করিতেছেন যে অধস্থ আদালতেরা কোন সময়ে ঐ হুকুম লঙ্ঘন করিলে জজ সাহেবেরা নিয়ত শাসন করিবেন।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।
ফোর্ট উলিয়ম ১৮৪২। ১৫ মার্চ।
JOHN C. MARSHMAN, *Bengalee Translator*

[গবর্ণমেন্ট গেজেট ১৮৪২। ১৯ আপ্রিল।]

ERRATA

In the Bengalee Translation of the Circular Order of the Sudder Court, No 4405, Bengalee Government Gazette, of No. 81, of the 11th January, 1842, page 14, line 29, for "বাদী কিম্বা প্রতিবাদী read "বাদী অথবা আপেলাণ্ট" and in line 42 for" "২৬ নবেম্বর" read "২৪ ডিসেম্বর"।

EDUCATION

Proceedings at the Annual Distribution of Prizes to the Students of the Hindoo College, at the Town Hall, on the 6th of January, 1842, together with the Speech of the Right Honourable the Governor General, on the occasion

The Annual distribution of Scholarships and Prizes to the Students of the Hindoo College took place on the 6th January, 1842, at 10 A M at the Town Hall, before a large and respectable assemblage of Ladies and Gentlemen The Right Honourable the Earl of Auckland, G C B Governor General, presided There were likewise present the Honourable Sir Edward Ryan, The Honourable Sir H Seton, The Honourable W W Bird, C W Smith, Esq, C H Cameron, Esq, F Millett, Esq, G A Bushby, Esq, Dr Grant, Dr Duff, and others, as also a large concourse of Natives

Captain Richardson, the Principal of the College, opened the business of the day, by reading the following notice, on the mode of conducting the written examination for Scholarships at the Hindoo College for the year

"The Students who competed for Scholarships were assembled in the College Hall, without Books, or any previous intimation on the subject of the Examination Each Student was placed at a separate desk, so as to make it impossible for him to consult books, and very difficult to communicate with the other competitors This was further prevented by the presence of the President and several Members of the General Committee, who remained in the room during the whole time the Students were employed in preparing and writing the Essay, and answering the prescribed questions, which embraced the different branches of learning that they pursued in the College A certain number of the questions had been privately printed and were given to each Student to be answered without leaving the room, so that the result of the examination may be regarded as a perfectly safe and satisfactory criterion of the merits of the Students"

The following, which was considered the best Essay, "On the advantages and disadvantages of a life spent mainly in speculation or inaction," was then read by the author, Pearychurn Sircar, a Student of the senior class

[This Essay it did not appear necessary to translate]

The Right Honourable the Governor General then distributed the Scholarships awarded to the following Students:

[*Government Gazette, 19th April, 1842*]

অশুদ্ধ শোধন।

৪৪০৫ নম্বরী সদর আদালতের যে সরকুলর অর্ডরে ১৮৪২ সালের ১১ জানুআরি তারিখের ৮১ নম্বরী বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের ১৪ পৃষ্ঠায় প্রকাশ হইয়াছিল তাহার ২৯ পঁক্তিতে "বাদী কিম্বা প্রতিবাদী" এই কথার পরিবর্ত্তে "বাদী অথবা আপেলাণ্ট" এই কথা পাঠ করিতে হইবেক। এবং ৪২ পঁক্তিতে "২৬ নবেম্বর" এই কথার পরিবর্ত্তে "২৪ ডিসেম্বর" এই কথা পাঠ করিতে হইবেক।

বিদ্যাধ্যাপন।

১৮৪২ সালের ৬ জানুআরি তারিখে টৌনহালে হিন্দু কালেজের ছাত্রেরদের বার্ষিক পুরস্কার দানের কার্য্য এবং তৎসময়ে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের বক্তৃতা।

১৮৪২ সালের ৬ জানুআরি তারিখ বেলা দশ ঘন্টার সময়ে টৌনহালে অনেক অতিসম্ভ্রান্ত বিবি সাহেব ও সাহেবেরদের সম্মুখে হিন্দু কালেজের ছাত্রেরদিগকে বার্ষিক বৃত্তি ও পুরস্কার দেওয়া গিয়াছিল। তৎসময়ে শ্রীযুত লার্ড অকলণ্ড গবরনর জেনরল বাহাদুর ঐ কর্ম্মের অধ্যক্ষতা করিলেন এবং শ্রীযুত অনরবিল সর এড্বার্ড রায়ন সাহেব ও শ্রীযুত অনরবিল সর এচ সিটন সাহেব ও শ্রীযুত অনরবিল ডবলিউ ডবলিউ বর্ড সাহেব ও শ্রীযুত সি ডবলিউ স্মিথ সাহেব ও শ্রীযুত সি এচ কামরণ সাহেব ও শ্রীযুত এফ মিলট সাহেব ও শ্রীযুত জি এ বুসবি সাহেব ও শ্রীযুত ডাক্তর গ্রাণ্ট সাহেব এবং শ্রীযুত ডাক্তর ডফ সাহেবপ্রভৃতি অন্যান্য সাহেবেরা এবং এতদ্দেশীয় অনেক মহাশয়েরা উপস্থিত ছিলেন।

কালেজের অধ্যক্ষ শ্রীযুত কাপ্তান রিচার্ডসন সাহেব ঐ দিবসের কার্য্যারম্ভে গত বৎসরের মধ্যে হিন্দু কালেজে ছাত্রবৃত্তির নিমিত্তে যে রীত্যনুসারে লিখিত ইমতিহান লওনা গেল তাহার বিষয়ে নীচের লিখিত বিবরণ পাঠ করিলেন।

বৃত্তি প্রাপণার্থে যে ছাত্রেরা প্রতিযোগী ছিলেন তাঁহারা কোন পুস্তক না লইয়া এবং যে কথার ইমতিহান হইবেক তাহার বিষয় পূর্ব্বে অবগত না হইয়া কালেজের দালানে একত্র হইলেন। প্রত্যেক ছাত্র স্বতন্ত্র মেজে বসিলেন তাহাতে কোন প্রকার পুস্তক দেখিতে পারিলেন না এবং অন্যান্য প্রতিযোগি ছাত্রেরদের সঙ্গে কথাবার্ত্তা কহিতে অতিদুষ্কর হইল। ইহার অধিকরূপে নিবারণের নিমিত্ত প্রসীডেণ্ট সাহেব এবং জেনরল কমিটির কএক মেম্বর উপস্থিত হইয়া ছাত্রেরা যেপর্য্যন্ত আপনারদের এসে অর্থাৎ লিখন প্রস্তুত করিয়া না দিলেন এবং নির্দিষ্ট জিজ্ঞাসার উত্তর না দিলেন সেইপর্য্যন্ত সেই ঘরের মধ্যেই থাকিলেন। ঐ ছাত্রেরা কালেজের মধ্যে যে নানাপ্রকার বিদ্যা শিক্ষা করিয়াছিলেন তাহার বিষয়ে জিজ্ঞাসা করা গেল তাহার কএক জিজ্ঞাসা ছাত্রেরদের অজ্ঞাতসারে ছাপা হইয়া প্রত্যেক ছাত্রকে দেওয়া গেল এবং ঐ কামরাহইতে প্রস্থান না করিয়া ঐ জিজ্ঞাসার উত্তর দিলেন তাহাতে ইমতিহানের দ্বারা ছাত্রেরদের যোগ্যতা সম্পূর্ণ এবং স্ববোধরূপে জানা গেল।

তাহার পর দ্বৈধ কর্ম্মেতে কালযাপনকরার ফল এবং অফলের বিষয়ে প্রথম শ্রেণীর প্যারীচরণ সরকার নামক এক জন ছাত্র নীচের লিখিত যে এসে লিখিয়াছিলেন তাহা সকল এসের মধ্যে অত্যুত্তম বোধ হওয়াতে ঐ ছাত্র তাহা পাঠ করিলেন।

[ঐ এসের তর্জ্জমা করা আবশ্যক বোধ হইল না।]

তৎপরে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর নীচের লিখিত ছাত্রেরদিগকে বৃত্তি প্রদান করিলেন।

List of Students who obtained Senior Scholarships.

Five of these Scholarships were at 40, four at 30 rupees per mensem, and five were of lower value Two were competed for amongst all the Schools of Calcutta. They were all obtained, however, by Hindu College Students

	Value per mensem Rups	
Pearcechurn Sircar,	40	* Senior Scholarship, 1st class
Joges Chunder Chose,	40	* Do do
Madhubchundra Bhudra,	40	* Do do
Anundkishen Bose,	40	* Do do
Ganındra Mohun Tagore,	40	Raja of Burdwan's Scholarship do
Sreenauth Bose,	30	* Do 2d class
Joygopaul Set	30	* Do do
Rajnarrain Bose,	30	* Do do
Deenobundoo Dey,	30	* Do do
Kaleedoss Dutt,	28	Rajah of Burdwan's family do
Dwarkanauth Seel,	22	Prussono Comar Tagore s do
Chundernauth Mittre,	18	Gopeemohun Deb's do
Govinchunder Dutt,	12	Baboo Gunga Narain Doss s do
Greeschunder Deb,	12	Baboo Joykishen Sing s do

Those marked * are Government Scholarships

যে২ ছাত্রেরা প্রথম সম্প্রদায়ের বৃত্তি প্রাপ্ত হইলেন।

৯। অতএব গত জানুআরি মাসে নানা কমিটি যে ইমতিহান লইলেন তাহার এই ফল হইল যে ৩০ জন যুব লোক গবর্ণমেণ্টের আদালতসম্পর্কীয় কার্য্যে নিযুক্ত হইবার উপযুক্ত বোধ হইলেন। যে২ কর্ম্মাকাঙ্ক্ষী ইহার পূর্ব্বে যোগ্যতার পত্র প্রাপ্ত হইয়াছেন তাঁহারদের মধ্যে কিঞ্চিৎ কালের নিমিত্ত কর্ম্মপ্রাপ্ত ব্যক্তিছাড়া ৩১ জন মুনসেফী কর্ম্মে সম্পূর্ণরূপে নিযুক্ত হইয়াছেন ইহা দেখিয়া শ্রীযুত গবরনর সাহেব অত্যন্ত আহ্লাদিত হইয়াছেন। ঐ সকল নিয়োগ সম্প্রতি হইয়াছে তথাপি তাহার বিষয়ে যে পর্য্যন্ত এক্ষণে বিবেচনা হইতে পারে সেইপর্য্যন্ত বোধ হয় যে ঐ মুনসেফেরা কর্তৃত্বকারি সাহেবেরদের সন্তোষ জন্মাইয়াছেন ইহাও আহ্লাদের বিষয়।

১০। যে ব্যক্তিকে রাজধানির কমিটি যোগ্যতার পত্র দিলেন না তাহার বিষয়ে শ্রীযুত ডেপুটী গবরনর সাহেবের এই বক্তব্য যে তিনি কমিটির এবং সদর আদালতের সঙ্গে একবাক্য হইয়া বোধ করেন যে যাহারদের কোন প্রকার কলঙ্ক নাই কেবল এমত ব্যক্তিরদিগকে যোগ্যতার পত্র দেওয়া অত্যাবশ্যক। এবং ইমতিহানের আকাঙ্ক্ষিদিগকে সর্টিফিকট দেওনের বর্ত্তমান রীতির সংশোধনের বিষয়ে রাজধানীর কমিটি নীচের লিখিত যে২ পরামর্শ দিয়াছেন তাহাতে শ্রীযুত সম্মত আছেন।

১১। সেই পরামর্শ এই২ যত কর্ম্মাকাঙ্ক্ষি ব্যক্তির নাম ইমতিহানের নিমিত্তে রেজিষ্টরী হয় তাহার সংখ্যা নানা জজ সাহেবেরা সদর আদালতে জ্ঞাত করেন্ এবং কর্ম্মাকাঙ্ক্ষিরদের যথার্থ সংখ্যা জজ সাহেবেরা সদর আদালতে এইরূপে জ্ঞাত করিতে পারেন এই নিমিত্তে কমিটির বৈঠকের পূর্ব্বে এক মাসের কমে কোন সর্টিফিকট দেওয়া যাইবেক না।

১২। পাটনা ও মুরশিদাবাদ ও ঢাকা এবং চব্বিশ পরগনার জজ সাহেবদিগের প্রতি ইমতিহানের আকাঙ্ক্ষি ব্যক্তিরদিগকে সর্টিফিকট দেওনে যে নিষেধ আছে তাহা রহিত হইবেক এবং জজ সাহেবেরদের জিলার মধ্যে যে ব্যক্তিরা বাস করে অথবা কর্ম্মে নিযুক্ত থাকে সেই২ ব্যক্তিভিন্ন ঐ জজ সাহেব অন্য কাহাকে সর্টিফিকট দিবেন না। এবং কর্ম্মাকাঙ্ক্ষি ব্যক্তিরদের আচার ব্যবহার ও মান্যতার বিষয়ে জজ সাহেব অনুসন্ধান করিয়া যাহা জ্ঞাত হন্ তাহা এবং তাহারদের বংশ ও পরিবারেরদের বিষয়ে যে কোন বেওরা লিখিবার যোগ্য বোধ হয় তাহা সর্টিফিকটের উপর লিখিবেন।

১৩। নানা জিলার জজ সাহেবেরা যে নিয়মানুসারে এবং যে প্রকারে সর্টিফিকট দিয়া থাকেন সেই নিয়মানুসারে এবং সেইমতে কলিকাতার প্রধান মাজিষ্ট্রেট সাহেব কলিকাতানিবাসি অথবা কলিকাতায় কর্ম্মে নিযুক্ত ব্যক্তিরদিগকে ইমতিহানের সর্টিফিকট দিতে পারেন্।

১৪। এবং বিদ্যাধ্যাপনের কৌন্সেলের অধীন নানা বিদ্যালয় ও কালেজের অধ্যক্ষেরা সেইরূপে আপন২ বিদ্যালয় ও কালেজের প্রকৃত ছাত্রেরদিগকে সর্টিফিকট দিতে ক্ষমতাপ্রাপ্ত হইলেন। যে জিলার মধ্যে ঐ বিদ্যালয় অথবা কালেজ থাকে তাহার জজ সাহেব ঐ কর্ম্মা

th in which the School or College may be situate, after that Officer shall have satisfied himself that the Candidate is a fit person to be admitted to examination according to the Rules now in force

15 The Deputy Governor approves of the Court's proposal that the Local Judges be instructed to mention in the Certificates which they grant the number of times which the Candidate has already been examined, and that the Sudder Court decide with reference thereto whether they will admit the Candidate to re examination His Honor also agrees with the Court that no Candidates under the age of 21 be eligible to examination, and he is pleased to direct that individuals whose names are at the head of the list of Candidates who have received Diplomas, shall, on refusal to proceed to any station to which they may be appointed, have their names placed at the bottom of the list, and wait their turn accordingly

16 With a view to additional publicity and convenience, the Examinations of the Presidency Committee may in future as recommended by the Committee be held at the Town Hall Calcutta

Resolved, that the foregoing observations be published in the several Government Gazettes, and that a copy hereof be forwarded to the Court of Sudder Dewanny Adawlut, with a view to the necessary instructions being issued upon His Honor's orders

F J HALLIDAY,
Secy to the Govt of Bengal

CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE

No 9

To the Commissioner of Revenue for the Division of ———

In compliance with a suggestion of the Court of Sudder Dewanny Adawlut, the Sudder Board of Revenue desire me to request that you will bring to the notice of the Collectors of your Division, that the new Sale Law (as indeed was the case with Regulation XI of 1822,) has reference only to arrears of Government revenue, or other claims of Government recoverable as arrears of revenue, and that the rules in force for the Sale of Lands in execution of Decrees of Court are those prescribed in Regulation XLV 1793 *

E CURRIE, *Secretary*

Fort William, 27th April, 1842

No 10

To the Commissioner of Revenue for the Division of ———

With reference to Circular Order No 4, dated 9th February, I am directed by the Sudder Board of Revenue to inform you that the sanction of the

---

* See also Regulation XII of 1796, and C O No 25 September 20th, 1841

কাঙ্ক্ষি ব্যক্তি চলিত নিয়মানুসারে ইমতিহানের নিমিত্তে গ্রাহ্যহওনের যোগ্য আছেন এই বিষয় নিশ্চয় অবগত হইলে ঐ সর্টিফিকটে দস্তখৎ করিবেন।

১৫। সদর আদালত এই প্রস্তাব করিয়াছেন যে কর্ম্মাকাঙ্ক্ষি ব্যক্তির পূর্ব্বে যতবার ইমতিহান হইয়াছিল তাহার সংখ্যা সর্টিফিকটের মধ্যে লিখিতে জিলার জজ সাহেবের প্রতি হুকুম দেওয়া যায় এবং সদর আদালত তাহা বিবেচনা করিয়া কর্ম্মাকাঙ্ক্ষি ব্যক্তির পুনর্ব্বার ইমতিহান দিতে অনুমতি দিবেন বা না দিবেন শ্রীযুত ডেপুটী গবরনর্ সাহেব সদর আদালতের এই পরামর্শেতে ঐক্য আছেন। এবং সদর আদালতের পরামর্শানুসারে শ্রীযুত স্থির করিয়াছেন যে ২১ বৎসরবয়স্ক না হইলে কোন ব্যক্তি ইমতিহান দিবার যোগ্য হইবেন না। এবং শ্রীযুত আরো হুকুম করিতেছেন যে যোগ্যতার পত্র প্রাপ্তহওয়া কর্ম্মাকাঙ্ক্ষিরদের ফর্দ্দে যাহারদের নাম অগ্রে লেখা থাকে তাঁহারা কোন মোকামে মোকরর হইলে যদি তথায় যাইতে অস্বীকৃত হন তবে তাঁহারদের নাম ঐ ফর্দ্দের শেষে লেখা যাইবেক এবং তৎক্রমে তাঁহারা মোকরর হইবেন।

১৬। পূর্ব্বাপেক্ষা অধিক প্রকাশিতমতে এবং সুগমরূপে ইমতিহান হইবার নিমিত্ত কমিটিরদের পরামর্শক্রমে রাজধানীর কমিটি কলিকাতার টৌনহালে ইমতিহান লইতে পারিবেন

নির্দ্ধার্য্য হইল যে পূর্ব্বোক্ত প্রস্তাব নানা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হয় এবং তাহার এক নকল সদর দেওয়ানী আদালতে পাঠান যায় এবং শ্রীযুত ডেপুটী গবরনর সাহেবের হুকুম জারী করিবার নিমিত্ত ঐ আদালতের সাহেবেরা হুকুম দেন।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।
JOHN C MARSHMAN, *Bengalee Translator*

সদর বোর্ড রেবিনিউর সরক্যুলর অর্ডর।

---

৯ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিসানর সাহেব বরাবরেষু।

সদর দেওয়ানী আদালতের পরামর্শানুসারে সদর বোর্ড রেবিনিউর সাহেবেরা তোমাকে হুকুম দিতেছেন যে তুমি আপনার এলাকার কালেকটর সাহেবদিগকে জানাইবা যে জমীদারী নীলামবিষয়ক নূতন আইন কেবল সরকারের বাকী মালগুজারীর বিষয়ে অথবা সরকারের অন্য যে কোন দাওয়া বাকী মালগুজারীর ন্যায় আদায় করা যাইতে পারে তাহার বিষয়ে খাটে (১৮২২ সালের ১১ আইনও কেবল সেই২ বিষয়ে খাটিত) এবং ১৭৯৩ সালের ৪৫* আইনে যে সকল বিধি নির্দ্দিষ্ট আছে তাহা আদালতের ডিক্রী জারীকরণার্থ ভূমি নীলামকরণের বিষয়ে চলন আছে।

ই করি। সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম ১৮৪২। ২৭ আপ্রিল।

---

১০ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিসানর সাহেব বরাবরেষু।

৯ ফেব্রুআরি তারিখের ৪ নম্বরী সরক্যুলর অর্ডরের বিষয়ে সদর বোর্ড রেবিনিউর হুকুমক্রমে তোমাকে জানাইতেছি যে কমিসানর সাহেবের অনুমতি হইলেই

---

* ১৭৯৬ সালের ১২ আইন এবং ১৮৪১ সালের ২০ সেপ্টেম্বর তারিখের ২৫ নম্বরী সরক্যুলর অর্ডর দেখ।

Commissioner will be sufficient authority for the Collectors, or Khass Mehal officers, to write off their accounts, at the end of each year the uncollected Khass balances of the year preceding In asking for this sanction, it will not be necessary for the Collector (or other officer) to submit any detailed explanation of the several items, unless such explanation shall be specially required by the Commissioner

E CURRIE, *Secretary*

Fort William, 30th April, 1842

No 11

To the Commissioner of Revenue for the Division of ———

I am directed by the Sudder Board of Revenue to request that you will intimate to the Collectors and independent Deputy Collectors of your Division, that "when Government Securities are taken "as deposit under Section XV Act XII of 1841, "they must be received at such value as will be "sufficient, if brought to Sale, to meet the amount "for which they are deposited * Collectors will of course understand that Government Securities are not a legal tender in payment of purchase money, or of any public demand, they are receivable only in deposit to secure a certain amount which must be paid, when due, in the legal currency of the Country

L CURRIE, *Secretary*

Fort William, 27th April, 1842

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT

No 1322

To the Civil Judges in the Lower Provinces

The Sicca Rupee having ceased to be a legal tender on the 1st January 1838, (Act XIII 1836,) the Court of Sudder Dewanny Adawlut for the Lower and Western Provinces have been pleased to determine, in supersession of construction, No 1068, that all questions regarding the value of stamp paper, and the amount of suits recognizable by the different classes of Native Judges, shall be determined with reference to the existing and not to the old currency In accordance with this rule, the Moonsiffs (for instance) will not have cognizance of suits in which the amount contested may exceed 300 Company's Rupees, and the stamp required for a plaint in a suit for the sum abovementioned will be valued at 16 Rupees

W KIRKPATRICK, *Deputy Register*

Fort William, 15th April, 1842

---

* Orders of Government of India in the Financial Department 23d March, 1842

[*Government Gazette*, 17*th May*, 1842]

প্রতিবৎসরের শেষে তাহার পূর্ব্ব বৎসরের যে খাস বকেয়া খাজানা আদায় হয় নাই তাহা কালেক্টর সাহেবেরা অথবা খাস মহালের কার্য্যকারকেরা আপনারদের হিসাবহইতে উঠাইয়া ফেলিতে পারেন। কমিস্যানর সাহেব প্রত্যেক মহালের বিশেষ বেওরা না চাহিলে ঐ অনুমতি প্রার্থনাকরণ সময়ে কালেক্টর সাহেবের অথবা অন্য কার্য্যকারকের তাহার বিশেষ বেওরা ঐ কমিস্যানর সাহেবের নিকটে লিখিয়া পাঠাইবার আবশ্যক হইবেক না।

ই করি। সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম ১৮৪২। ৩০ আপ্রিল।

---

১১ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেব বরাবরেষু।

সদর বোর্ড রেবিনিউর হুকুমক্রমে তোমাকে আদেশ করিতেছি যে তুমি আপন এলাকার কালেকটর এবং স্বাধীন ডেপুটী কালেক্টর সাহেবদিগকে জানাইবা যে ১৮৪১ সালের ১২ আইনের ১৫ ধারানুসারে তাঁহারা কোন প্রোমিসরি নোট আমানৎস্বরূপ লইলে তাহার এইমত মুল্য ধরিতে হইবেক যে তাহা বিক্রয় হইলে যত টাকার নিমিত্ত আমানৎ হইয়াছিল তত্তুল্য টাকা পাওয়া যাইতে পারে।* কালেক্টর সাহেবেরা অবশ্যই অবগত আছেন যে আইনমতে গবর্ণমেণ্টের কোন প্রোমিসরি নোট কোন ভূমির মুল্য টাকা অথবা অন্য কোন সরকারী দাওয়া পরিশোধ করণের নিমিত্তে লওয়া যাইতে পারে না কিন্তু যে টাকা পরিশোধ করিতে হইবেক সেই টাকা উপযুক্ত সময়ে দেশের চলিত মুদ্রাতে দেওনের বিষয়ে ঐ নোট কেবল আমানৎস্বরূপ লওয়া যাইবেক।

ই করি। সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম ১৮৪২। ২৭ আপ্রিল।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

১৩২২ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহেব বরাবরেষু।

১৮৩৬ সালের ১৩ আইনানুসারে ১৮৩৮ সালের ১ জানুআরি তারিখঅবধি সিক্কা টাকা আইনমতে দিবার প্রস্তাব হইলে তাহা লওয়া যাইতে পারে না অতএব কলিকাতা এবং আলাহাবাদের সদর দেওয়ানী আদালতের সাহেবেরা ১০৬৮ নম্বরী কনষ্ট্রকসন অর্থাৎ আইনের অর্থ রদ করিয়া স্থির করিয়াছেন যে ইষ্টাম্পকাগজের মুল্য এবং এদেশীয় নানা বিচারকেরা যে২ মোকদ্দমার বিচার করিতে পারেন তাহার মুল্য পূর্ব্বকালের সিক্কা টাকাতে গণ্য না হইয়া বর্ত্তমান চলিত টাকাতে গণ্য হইবেক। তাহার উদাহরণ এই যে এই বিধানানুসারে কোম্পানির ৩০০৲ টাকার অধিক মূল্যের মোকদ্দমার বিচার মুনসেফেরা করিতে পারিবেন না এবং উক্ত মুল্যের মোকদ্দমার নালিশ ১৬৲ টাকা মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হইবেক।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম ১৮৪২। ১৫ আপ্রিল।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*,

---

* ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৪২ সালের ২৩ মার্চ তারিখের হুকুম।

EDUCATION
VERNACULAR CLASS BOOKS

Extract from Proceedings of the Council of Education at their General Meeting held on the 26th April, 1842

Read Proceedings of Section for Vernacular Class Books, dated April 9th, 1842, and circulated in a printed form to each Member of the Council of Education

Resolved,—That the Recommendations 1 and 2 be approved That 3 be approved with the reservation that the local Arithmetic be adapted to the European system of study, (including the rule of proportions with fractions decimal as well as Vulgar and the extraction of the Square and Cube Root,) though expressed in the forms, tables, and numbers peculiar to the locality

That Recommendations 4 and 5 be approved

That in regard to 6 it be suggested that while the aggregate of all the works do not exceed an amount which would allow a rate of 250 Duodecimo pages to each—that limit be not enforced for such particular work (say, for instance, General History and the History of India, which may be imperfect if so limited) as may require more space

That Recommendation 7 be approved, and that the Report therein referred to be furnished to the next General Monthly Meeting

That Recommendation 8 involves a matter which the Council of Education do not consider within the province of the Section, but only within that of the General Council or the Government

That the Section for Vernacular Books be requested to report further particulars regarding the terms, dates of completion, and proposed compilers—of the works by the next General Monthly Meeting

(True Extract,)

H V Bayley,

Secretary

বিদ্যাধ্যাপন।
দেশীয় ভাষার পুস্তক।

১৮৪২ সালের ২৬ আপ্রিল তারিখে বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সাধারণ বৈঠকে যে কার্য্য হইয়াছিল তাহার চুম্বক।

দেশীয় ভাষার পুস্তকের সম্প্রদায়ের ১৮৪২ সালের ৯ আপ্রিল তারিখের যে কার্য্যের বিবরণ ছাপা হইয়া বিদ্যাধ্যাপনের কৌন্সেলের প্রত্যেক মেম্বরের নিকটে পাঠান গিয়াছিল তাহা পাঠ করা গেল।

নির্দ্ধার্য্য হইল যে প্রথম এবং দ্বিতীয় পরামর্শ গ্রাহ্য হয়। তৃতীয় পরামর্শ গ্রাহ্য হইল বটে কিন্তু স্থানবিশেষের অঙ্কবিদ্যাপুস্তক ঐ স্থানের চলিত পাঠ ও টেবিল ও অঙ্কেতে লিখিত হইয়া ইউরোপীয় অঙ্কবিদ্যার নিয়মানুসারে প্রস্তুত করা যায়। ঐ পুস্তকের মধ্যে ত্রৈরাশিকের হিসাব এবং সামান্য অথবা দশকের ছিট এবং বর্গমুল ও ঘনমুল নির্ণীত করা থাকিবেক।

৪ ও ৫ নম্বরী পরামর্শ গ্রাহ্য হইয়াছে।

৬ নম্বরী পরামর্শের বিষয়ে এইরূপ প্রস্তাব হইয়াছে যে মোটে সমস্ত পুস্তকের যদ্যপি এত পৃষ্ঠা হয় যে গড়ে ২৫০ আড়াই শত করিয়া পড়ে তথাপি বিশেষ২ পুস্তকে অধিক পৃষ্ঠার আবশ্যক হয় অর্থাৎ সাধারণ ইতিহাস এবং ভারতবর্ষের ইতিহাসপ্রভৃতি পুস্তকের বিষয়ে ঐ নিয়ম খাটিবেক না যেহেতুক ঐ প্রকার পুস্তকের এইরূপ সীমা নির্দ্দিষ্ট করিলে তাহা সম্পূর্ণ হইতে পারে না।

৭ নম্বরী পরামর্শ গ্রাহ্য হইয়াছে এবং তাহার মধ্যে যে রিপোর্টের কথা হইয়াছে তাহা আগামি মাসিক সাধারণ বৈঠকে দাখিল করিতে হইবেক।

৮ নম্বরী পরামর্শেতে যে বিষয় লেখা আছে তাহা বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সাহেবেরা ঐ সম্প্রদায়ের এলাকার মধ্যে বোধ করেন না কিন্তু কেবল সাধারণ কৌন্সেলের অথবা গবর্ণমেণ্টের এলাকার মধ্যে।

দেশীয় ভাষা পুস্তকের সম্প্রদায়ের সাহেবদিগকে আদেশ করা যাইবেক যে ঐ সকল পুস্তক যে মুল্যে প্রস্তুত হইবেক ও যে তারিখে সমাপ্ত হইবেক এবং যাহার দ্বারা প্রস্তুত করা যাইবেক ইত্যাদি বেওরার আগামি মাসিক সাধারণ বৈঠকে রিপোর্ট করেন।

এচ বি বেলি।

সেক্রেটারী।

John C Marshman, *Bengalee Translator*

CIVIL APPOINTMENTS

No 653

FORT WILLIAM,
GENERAL DEPARTMENT
EDUCATION
The 27th April, 1842

The Honourable the President in Council has been pleased to appoint Lieutenant Thomas Brodie, Principal Assistant to the Commissioner, and Lieutenant C S Reynolds, Acting Adjutant of the Assam Light Infantry Battalion, Members of the Local Committee of Education at Sibsaugor

H V Bayley,
Deputy Secy. to Govt

রাজকর্ম্মে নিয়োগ।

৬৫৩ নম্বর

ফোর্ট উলিয়ম।
জেনরল ডিপার্টমেন্ট।
বিদ্যাধ্যাপন।
১৮৪২ সাল ২৭ আপ্রিল।

শ্রীযুত প্রেসীডেণ্ট সাহেব হজুর কৌন্সেলে আসামের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট টামস ব্রোডি সাহেবকে এবং আসামের লঘু অস্ত্রধারি পদাতিক সৈন্যেরদের একটিং আজুটাণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট সি এস রেনল্ডস সাহেবকে শিবসাগরে বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বরী কর্ম্মে নিযুক্ত করিয়াছেন।

এচ বি বেলি।
গবর্ণমেণ্টের ডেপুটী সেক্রেটারী।

No 524

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL

JUDICIAL AND REVENUE DEPARTMENT

APPOINTMENTS, &c

The 6th May, 1842

Mr J Lowis to be Junior Member of the Sudder Board of Revenue, from the 1st instant, vice Mr C W Smith resigned

The 9th May, 1842

The temporary appointment by the Judge of Rungpore of Syed Sudderool Hussein, to officiate as Register of Deeds, under Act XXX of 1838, in that Zillah, during the late absence of the Registrar (Dr Edge) is confirmed

To be Members of a Committee for the management of the Surplus Ferry Funds of the District of Bograh

Mr J W Pavter,
Mr A D Coull,
Mr W McDougall,
Mr M Mackenzie,
Mr R W J Frith,
Mr H H Huett

The remaining portion of the leave of absence granted to Dr J Macansh, of the Civil Station of East Burdwan, has been cancelled from the 1st instant, the date on which he rejoined his Station

NOTIFICATION

Mr W J Allen resumed charge of the Treasury of the Collectorate of Dacca from Mr B H Cooper on the 25th ultimo

F J HALLIDAY,
Secy to the Govt of Bengal

No 534,

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL

JUDICIAL AND REVENUE DEPARTMENT

APPOINTMENT

The 25th April, 1842

Mr E F Latour, Assistant to the Joint Magistrate and Deputy Collector of Malda, to exercise the special powers described in Sec XXI Reg VIII of 1831.

LEAVE OF ABSENCE

The 9th May, 1842

Dr G N Cheek, of the Civil Station of Bancoorah, from the 12th to the 31st instant, in extension

APPOINTMENT

The 16th May, 1842

Syed Zuhoor Allee, Law Officer of Tirhoot, to be Law Officer of Bancoorah

Ehsan Alli, ditto ditto of Bancoorah, to be ditto ditto of Tirhoot

NOTIFICATION

Hussein Buksh Khan, late Nazir of the Cuttack Special Deputy Collector's Office, having been convicted of privity to embezzlement of the public money, is hereby declared, under Sec IV Reg II of 1818, incapable of again serving the Government in any public capacity

F J HALLIDAY,
Secy to the Govt of Bengal

[*Government Gazette*, 17*th May*, 1842.]

৫২৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেন্ট।

নিয়োগপ্রভৃতি।

১৮৪২ সাল ৬ মে।

শ্রীযুত সি ডবলিউ স্মিথ সাহেব আপনার কর্ম্মে ইশতাফা দেওয়াতে তাঁহার পরিবর্ত্তে শ্রীযুত জে লৌইস সাহেব বর্ত্তমান মাসের ১ তারিখঅবধি সদর বোর্ড রেবিনিউর ছোট মেম্বর হইবেন।

১৮৪২ সাল ৯ মে।

রঙ্গপুরের রেজিষ্টর শ্রীযুত ডাক্তর এজ সাহেবের অনুপস্থানপর্য্যন্ত তথাকার জজ সাহেব ১৮৩৮ সালের ৩০ আইনানুসারে সায়দ সদরুলহুসেনকে কিঞ্চিৎ কালের নিমিত্ত দলীল দস্তাবেজের রেজিষ্টরী কর্ম্মে নিযুক্ত করিয়াছেন তাহা মঞ্জুর হইয়াছে।

জিলা বগুড়াতে গুদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণার্থ নীচের লিখিত সাহেবেরা কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত জে ডবলিউ পেটর সাহেব।
,, এ ডি কুল সাহেব।
,, ডবলিউ মাকডুগল সাহেব।
,, এম মাকেঞ্জি সাহেব।
,, আর ডবলিউ জে ফ্রিথ সাহেব।
,, এচ এচ হিউএট সাহেব।

পূর্ব্ব বর্দ্ধমানের সদর স্থানের ডাক্তর শ্রীযুত জে মাকান্স সাহেবকে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল তিনি বর্ত্তমান মাসের যে ১ তারিখে আপনার কর্ম্মস্থানে পুনর্ব্বার পঁহুছেন তাহাঅবধি রহিত হইল।

বিজ্ঞাপন।

শ্রীযুত ডবলিউ জে-আলেন সাহেব গত মাসের ২৫ তারিখে শ্রীযুত বি এচ কুপর সাহেবের স্থানে ঢাকার কালেকটরীর খাজানাখানার ভার পুনর্ব্বার গ্রহণ করিলেন।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

৫৩৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেন্ট।

নিয়োগ।

১৮৪২ সাল ২৫ আপ্রিল।

মালদহের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের আসিষ্টান্ট শ্রীযুত ই এফ লাটূর সাহেব ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারার নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতা প্রাপ্ত হইলেন।

ছুটী।

১৮৪২ সাল ৯ মে।

বাঁকুড়ার দেওয়ানী মোকামের চিকিৎসক শ্রীযুত ডাক্তর জি এন চীক সাহেব এই মাসের ১২ তারিখঅবধি ৩১ তারিখপর্য্যন্ত অতিরিক্ত ছুটী পাইয়াছেন।

নিয়োগ।

১৮৪২ সাল ১৬ মে।

ত্রিহুতের আদালতের ব্যবস্থাদায়ক শ্রীযুত সায়দ জহুর আলী বাকুড়ার আদালতের ব্যবস্থাদায়ক হইবেন।

বাঁকুড়ার আদালতের ব্যবস্থাদায়ক শ্রীযুত এহসান আলী ত্রিহুতের আদালতের ব্যবস্থাদায়ক হইবেন।

বিজ্ঞাপন।

কটকের স্পেসিয়ল ডেপুটী কালেক্টরের সাবেক নাজির শ্রীযুত হুসেন বক্‌শ খাঁ সরকারী তহবীল তছরূপ করণের বিষয় জ্ঞাত ছিল এই দোষ সাব্যস্ত হওয়াতে ১৮১৩ সালের ২ আইনের ৪ ধারানুসারে আর কোন সরকারী কার্য্যের যোগ্য নহে এমত হুকুম দেওয়া গেল।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS — গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

SALT — নিমক।

ইস্তেহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত নেমক পশ্চাদুক্ত নিরিখ দরে বিক্রয়ার্থে প্রস্তুত আছে খরিদারার উচিত যে ঐ নেমকের রকম মোঃ শালিখার গোলার নমুনা দৃষ্টে খাতির জমায়ত বুঝিয়া খরিদ করেন আর যে ব্যক্তি মোকাম মজকুরে প্রথমে রওয়ানা দাখিল করিবেক সেই ব্যক্তি পহিলা ওজন পাইবার যোগ্য হইবেক।

নেমকের রেওরা।

এজেন্সী অর্থাৎ জেলার নাম	ঘাটের নাম	কোন সনের পোক্তান	মওয়াজি নেমক	নিরিখ দর
খোরদা	শালিখা	সন ১২৪৫ সাল	২৮৪০/ মোন	কোং ৪৪০৲

এচ টরেন্স। সেক্রেটারী।

বোর্ড পরমিট নিমক ও আফিম তাং ১৩ মে সন ১৮৪২ সাল।

বাকিজাত নমক ইং সন ১৮৪২ সাল ৩১ মার্চ।

হিজলি			
দক্ষিণ কাঁথীনগর		১২৪৬ সাল	১৬৭৭৯০/৫
ঐ ঐ		১২৪৭ সাল	৬০১৩১৯৷৷০
ঐ .. ঐ		১২৪৮ সাল	১৪২৩২৫৷৷০
উত্তর ঐ		১২৪৬ সাল	১৬৮৭২
ঐ ঐ		১২৪৭ সাল	২৯৮৭৯৪/
কৃষ্ণনগর		১২৪৭ সাল	১৩৪৫২৯/
ঐ		১২৪৮ সাল	৭১৭৯৮/
ডের পাইকা		১২৪৮ সাল	৮২৯৮৮/
তমলুক।			
নারায়ণপুর		১২৪৭ সাল	৩৮৯২৯৫৷৬৷
ঐ		১২৪৮ সাল	১০০৮৯৬৴
ঐ ক্রোকি		ঐ	৯৬৷৮৷৷৴
চব্বিশ পরগনা			
নারায়ণপুর বাহির বুনি		১২৪৭ সাল	১২৫০/
ঐ তাফাল		ঐ	৬৩৯৪/৭৷৵
মোঃ প্রিন্সেপ সাহেবের	১ প্রথম রকম	১২৪৭ সাল	৯৫০/৯৷৷
ঐ	ঐ	১২৪৮ সাল	১১০০/
ঐ ...	২ দ্বিতীয় রকম	১২৪৪ সাল	৩৷১
ঐ	ঐ	১২৪৮ সাল	৩২৭০৷০
বালিয়াঘাটা		ঐ	২৯২২/
ডাইমন হারবোর		১২৪৭ সাল	২৮৪৮৫৸০
বাগুণ্ডি		ঐ	৪৮৬১৭/
চট্টগ্রাম।			
ডোমখালি		১২৪৭ সাল	১৮৩৭৩৷১৷৷
আরাকেন পাঙ্গা		১৮৪০। ৪১	৬৯১১২৷৷৫
ঐ ঐ		১৮৪১। ৪২	১৬৯০৫৯৸০
ঐ ক্রোকি		১৮৪২ সাল	৭/৯
সালিখা।			
মাদরাজ পরমিট		১৮৪১। ৪২ সাল	৩৫১৮২৯৷৪
মক্কা		১৮৩৯। ৪০ সাল	১৮/৮
ঐ		১৮৪০। ৪১ সাল	২৩/৫
ওড়াসৈন্ধব নীরস		ঐ	৭৮৷৷৭৷৷/
ক্রোকি করকচ		১৮৪১। ৪২ সাল	/১
কটক পাঙ্গা		১২৪৬ সাল	১২০১০৯৷০৷৷
ঐ ঐ		১২৪৭ সাল	৩১৫৬০৬৷০
খোরদা পাঙ্গা		১২৪৫ সাল	১৯৮০/
ঐ ঐ		১২৪৬ সাল	১৬৬৬৮৯৷৬
ঐ ঐ		১২৪৭ সাল	১২৭৮৭৬৷০
বালেশ্বর পাঙ্গা		১২৪৬ সাল	১৪৫৩৮৸৫
ঐ ঐ		১২৪৭ সাল	৩৫৪০০৭৷৷৫
ঐ ঐ		১২৪৮ সাল	১২১০৮৭৸১
বালিয়াঘাটা		১২৪৭ সাল	১৮৷০
ক্রোকি পাঙ্গা		১৮৪১। ৪২ সাল	৷৯

বিমৌজিব হুকুম সাহেবান আলিসান বোর্ড পরমিট নমক ও আফিম ইতি সন ১৮৪২। ৭ মে।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ১৭ মে।]

ইস্তেহার দেওয়া যাইতেছে যে আগামি ১ মে তারিখঅবধি ও তদনন্তর সরকারি নমক ১০০/ মোনের ন্যূন না হয় এমত পরিমাণে খোস সওদায় নির্দ্ধারিত মূল্যে বিক্রয় হইবেক আর ঐ ১০০/ মোনের অধিক কিছু লইতে হইলে উপরি ১৫০/ মোন অথবা ২০০/ মোন পূরা লইতে হইবেক অর্থাৎ ৩০০/ মোন ৩৫০/ মোন ৪০০/ মোন ৫০০/ মোন এই রূপ।

২ দফা। এক্ষণপর্য্যন্ত যে প্রকার ও যে দলিলে নমক ওজন দেওয়া যাইতেছে তদনুরূপে নিরিখ দরের ফর্দ্দের লিখিত নানা ঘাট ও গোলা হইতে নমক দেওয়া যাইবেক।

৩ দফা। যে ঘাট ও যে গোলা হইতে যে২ রকম নমক দেওয়া যাইবেক তাহার প্রত্যেকের দর নিরিখ দরে বেওরা পূর্ব্বক সময়ানুসারে প্রকাশ্য রূপে এস্তেহারের দ্বারা জানান যাইবেক।

৪ দফা। যে সকল ব্যক্তি যে যে ঘাট অথবা গোলা হইতে নমক ক্রয় করিতে বাঞ্ছা করিবেন তাঁহারদিগকে ঐ নমকের নির্দ্দিষ্ট নিরিখ দরে ঐ নমকের কিম্মতের টাকা জেনরেল ট্রেজুরিতে দাখিল করিতে হইবেক পরে ঐ টাকার বাবৎ সবট্রেজুরর সাহেবের রসিদ বোর্ড পরমিট ও নমক ও আফিমের দপ্তরখানায় এক দরখাস্তের সহিত দাখিল করিতে হইবেক ঐ দরখাস্তে যত নমক দরকার ও যে জেলা ও যে ঘাট হইতে নমক ওজন দেওয়া যাইবেক তাহার তাইন লিখিতে হইবেক ইহাতে শর্ত্ত এই যে যদি ঐ উক্ত ঘাট কিম্বা গোলায় ঐ দরখাস্তের লিখিত নমক মৌজুদ থাকে তবে দরখাস্তকর্ত্তা সেই জেলার সাল্ট এজেন্ট সাহেবের উপর অথবা সালিখার সুপরেন্টেণ্ডেন্ট সাহেবের উপর ঐ খরিদা নমক দেওনের নিমিত্তে এক হুকুম পাইবেক। সেই হুকুমের সম্বলিত ঐ নমকের হেফাজতের নিমিত্তে নিয়মিত দলিল থাকিবেক। এবং সেই দলিল এক্ষণে যে প্রকারে ব্যবসায়ার্থে চলন হইতেছে সেইরূপ হইবেক। যদ্যপি গোলায় যে নমক মৌজুদ আছে তদপেক্ষা অধিক নমকের দরখাস্ত পাওয়া যায় তবে যাহারদিগের নিকট এই দপ্তরখানায় আগের নম্বরের রেজেষ্টরি করা সবট্রেজুরর সাহেবের রসিদ থাকিবেক তাহারদিগের দরখাস্ত আগে গ্রাহ্য হইবেক। আর নমকদেওনের নিমিত্তে বোর্ডের হুকুমের তারিখঅবধি তিন মাসের মধ্যে যদি ঐ নমক গোলাহইতে খালাস না হয় তবে দরমাহা ফিশত মোনে ৪৲ চারি টাকার হিসাবে গোলা ভাড়া ও শুল্কি দিতে হইবেক।

৫ দফা। দশ দিবস পূর্ব্বে এস্তেহার না দিয়া অথবা যদ্যপিস্যাৎ বোর্ড পরমিট ও নমক ও আফিমের সাহেবানদিগের আবশ্যক বোধ হয় তবে আরো অধিক মেয়াদে এস্তেহার না দিয়া কোন প্রকারে যে সকল নমকের এস্তেহার দ্বারা দর নির্দ্দিষ্ট হইয়াছে সেই সকল নমকের দর কমি হইবেক না।

৬ দফা। ক্রোকি ও নোকসানি ও ময়লা রকম নমকের আহওয়াল দৃষ্টে যে দর ন্যায় বোধ হইবেক ও যে পরিমাণে বিক্রয় করা বোর্ড পরমিট ও নমক ও আফিমের সাহেবান সাব্যস্ত করিবেন সেই মূল্যে ও পরিমাণে বিক্রয়ার্থে সমর্পিত হইবেক।

৭ দফা। সরকারী গোলাহইতে যে সকল নমক বিক্রয় হয় তাহার দর কমির বাবৎ এস্তেহার সকল কলিকাতা গেজেটনামক ছাপার কাগজে প্রকাশিত হইবেক এবং তাহার নকল বোর্ড পরমিট ও নমক ও আফিমের দপ্তরখানায় ও অন্য২ সে২ স্থানে বোর্ডের সাহেবান নির্দ্ধার্য্য করিবেন সেই২ স্থানে লটকান যাইবেক।

৮ দফা। নিলামের নমক বিক্রয় করণের রীতি পুনশ্চ স্থাপিত করণের আবশ্যকতা হইবেক এমত কোন প্রকারেই গবর্ণমেন্টের অনুমান হয় না যদিস্যাৎ ঐ রীতি পুনঃস্থাপন নিতান্তই আবশ্যক হয় তবে দুই মাস পূর্ব্বে ঐ বিষয়ের এস্তেহার দেওয়া যাইবেক এবং ঐ এস্তেহারে প্রত্যেক রকম নমক যাহা এস্তেহারের তারিখহইতে দুই মাসের পর নিলামে বিক্রয়ের নিমিত্তে ধরা যাইবেক তাহার ফিশত মোনের নিরিখ দর লিখিতে হইবেক।

৯ দফা। ইহার পূর্ব্বে নিলামে বিক্রীত নমকের প্রতি নমকসম্বন্ধীয় আইনসকল যে রূপে খাটিত তত্তুল্যরূপে এ ইস্তেহারের দ্বারা যে নমক খোস সওদায় বিক্রয় হইবেক তাহারো প্রতি ঐ সকল আইনের হুকুম খাটিবেক।

১০ দফা। উপরের সকত সকল সন ১৮৪৩ সালের ৩০ আপরেলপর্য্যন্ত প্রবলরূপে প্রচলিত থাকিবেক।

বিমোজিব হুকুম সাহেবান আলিসান বোর্ড পরমিট ও নমক ও আফিম ইতি সন ১৮৪২ সাল তারিখ ৩০ আপরেল।

এচ টরেন্স। সেক্রেটারী।

ফোর্ট উইলিয়ম আফিম দপ্তর সন ১৮৪২ সাল তারিখ ২৮আপ্রেল মোতাবকে
সন ১২৪৯ সাল ১৭ বৈশাখ।

ইস্তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৪২ সাল তারিখ ২৩ মে মোতাবকে বাঙ্গলা সন ১২৪৯ সাল তারিখ ১১ জ্যৈষ্ঠ সোমবার পূর্ব্বাহ্ণে দিবা এগারো ঘণ্টার সময় মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে নীচের লিখিত মেকদার সন ১৮৪০।৪১ সালের পয়দায়সী আফিম সমুদ্রপথে রপ্তানি জন্য নীলামে পশ্চাৎ লিখিত শরতে বিক্রয় হইবেক

বেহারের পয়দায়সী আফিম——————১৬০০
বারাণসের পয়দায়সী আফিম—————— ৯০০
জুমলা সিন্দুক————————
২৫০০

নীলামের সরত

১ দফ। পূর্ব্বোক্ত আফিম সকল সমুদ্রপথে রপ্তানির জন্য বিক্রয় করা যাইবেক এবং এরূপ রপ্তানির মাল ভিন্ন অন্য কোন বাবতে সর্টিফিকেট দেওয়া যাইবেক না।

২ দফা। ফি সিন্দুক আফিম ন্যূন সংখ্যা কোং ৪০০৲টাকা দরে নীলামে ধরা যাইবেক তাহার উপর যে ব্যক্তি সর্ব্বাপেক্ষা অধিক মূল্য দিতে চাহিবেক তাহাকে বিক্রয় করা যাইবেক।

৩ দফা। যদি ঐ দিবসের নীলামে সমুদয় ২৫০০ সিন্দুক আফিম বিক্রয় না হয় তবে পরমিট নমক ও আফিম বোর্ডের সাহেবান আলিসান এক্তিয়ার রহিল যে যে সকল লাটহায় বাকি থাকিবেক তাহা তাহার পর আগামি নীলামে বিক্রয়ার্থে অর্পণ করিবেন।

৪ দফা। ঐ আফিমের ফি লাট ৫ সিন্দুকে হইবেক।

৫ দফা। ঐ নীলামে আফিম খরিদকরণের সময় নীলাম ঘরের ভিতর ও খরিদারের নামে লাট রেজিষ্টরি হওনের পূর্ব্ব ফিলাট ১০০০/ টাকার অর্থাৎ ফি সিন্দুক ২০০৲ টাকার হিসাবে আমানত পেষগী বাবতে দর্শনি

[*Gove nment Guzette, 17th May, 1842*]

প্রা মিশরি নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিতে হইবেক আর আগামি ২৭ মে শুক্রবার সন ১৮৪২ সাল বেলা দুই প্রহর চারি ঘন্টার পূর্ব্বে বোর্ডের দপ্তরখানায় আসিয়া সবত্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ এওজ দিয়া পূর্ব্বোক্ত দর্শনি প্রামিশরি নোটসকল খালাস করিতে হইবেক কিন্তু নিরূপিত সময় মধ্যে যদি খালাস না করে তবে যে সকল লাট হায়ের আমানত পেশগী হিসাবের টাকা সবত্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ দাখিল না হইবেক তাহা বোর্ডের সাহেবান যে সময় ও নিয়ম স্থির করিবেন সেই সময়ে সেই নিয়মানুসারে ছানি নীলামে বিক্রয় হইবেক তাহাতে যে লোকসান ও খরচখরচা পড়িবেক তাহা পূর্ব্বোক্তমতে যাহার দিগের আমানত পেশগী দাখিল করিতে ত্রুটি হইবেক তাহারদিগকে দিতে হইবেক ও মুনফা যদ্যপি হয় তাহা কোম্পানি বাহাদুরের সরকারে জব্দ হইবেক।

৬ দফা। ঐ নীলামের দিবস পূর্ব্বোক্ত সবত মতে যে সকল প্রামিশরি নোট লওয়া যাইবেক তাহা যদি আগামি পূর্ব্বোক্ত সন ১৮৪২ সালের ২৭ মে তারিখে খালাস না হয় তবে ঐ সকল নোট কোম্পানির তরফ উকিলের স্থানে দেওয়া যাইবেক তাহাকে যেমত উচিত বোধ হইবেক সেইমত তিনি ঐ নোটের বাবদ টাকা আদায় করিবেন।

৭ দফা। যে আফিমের বাবত আমানত পেশগী টাকা ২৭ মে দিবা ২ প্রহর চারি ঘন্টার পূর্ব্বে দাখিল না হইবেক তাহার হিসাবে কোন টাকা সবত্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ পশ্চাৎ লওয়া যাইবেক না।

৮ দফা। যেসকল আফিম বিক্রয়ার্থে এক্ষণে এস্তেহার দেওয়া যাইতেছে তাহার কিম্মতের বেবাক টাকা নীলামের তারিখঅবধি ১ এক মাহার মধ্যে দাখিল করিতে হইবেক অর্থাৎ সন ১৮৪২ সালের ২৩ জুন বৃহস্পতিবার দিবা দুইপ্রহর চারি ঘন্টার পর উক্ত কিম্মতের বাবত ত্রেজরির রসিদ আর লওয়া যাইবেক না ও যে আফীমের কিম্মত পূর্ব্ব লিখিত মেয়াদের দিবস কিম্বা মেয়াদের পূর্ব্বে দাখিল হইয়া বফা না হইলে তাহার ঐ পূর্ব্বোক্ত ফি লাট ১০০০ টাকার হিসাবে অথবা ফি সিন্দুক ২০০ টাকার হিসাবে যে আমানত পেশগীর নগদ টাকা অথবা কোন রকম কোম্পানির কাগজ যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকিবেক তাহা সরকারে জব্দ হইবেক পরে বোর্ড পরমিট নমক ও আফিমের সাহেবান আলিসান দ্বারা যে তারিখ যে প্রকার লীলাম করা উচিত বিবেচনা হইবেক সেই দিবস সেই প্রকার ঐ আফিম সরকার বাহাদুরের নিজ হিসাবে বিক্রয় হইবেক।

৯ দফা। যে সকল খরিদারান পূর্ব্বোক্ত মতে বেবাক টাকা দাখিল করিয়া আফিমের সর্টিফিকেট অর্থাৎ আফিম বাহির করিবার হুকুম লইবেক তাহারদিগের এক্তিয়ার রহিল যে আপন খরিদা আফিমের প্রত্যেক সর্টিফিকেটের মধ্যে কত লাট অফিম দরজ করিতে চাহে তাহা বিশেষ করিয়া জানায় কারণ ইহা স্পষ্টরূপে জান। কর্ত্তব্য যে পূর্ব্বোক্ত মতে যে সকল সর্টিফিকেট একবার লইয়া যাইবেক তাহাতেই চূড়ান্ত হইবেক এবং ঐ সর্টিফিকেটের পরিবর্ত্তে পশ্চাৎ অন্য কোন সর্টিফিকেট অথবা হুকুম যাহাতে এক এক লাট করিয়া খালাস হইতে পারে অথবা প্রথম যত লাট কিম্বা সিন্দুকের জন্য সর্টিফিকেট দেওয়া যায় তাহাভিন্ন অন্য কোন প্রকারে কমি বেশী পরিমাণ খালাস হইতে পারে এমত সর্টিফিকেট এওজ দেওয়া যাইবেক না।

১০ দফা। এই এস্তেহারের ৫ দফার লিখিত নিয়মানুযায়ি আমানতের হিসাবে যে কোন কোম্পানির কাগজ অথবা সবত্রেজরর সাহেবের রসিদ দাখিল করিয়া লইতে হইবেক তাহা কেবল যে সকল খরিদারের নাম সেল বহিতে লেখা থাকে তাহারদিগের নিকটহইতে অথবা তাহারদিগের এজেন্ট অর্থাৎ মোক্তারের নিকট হইতে লওয়া যাইবেক এবং এইরূপ আমানত পেশগী দাখিলের রসিদ ঐ পূর্ব্বোক্ত খরিদারের নামে হইবেক ও অফিম মজকুর খালাস হইলে পরে পূর্ব্বোক্ত কোম্পানির কাগজ তাহারদিগকে অথবা তাহারদিগের বরাতি লোককে ফেরাইয়া দেওয়া যাইবেক।

১১ দফা। শ্রীযুক্ত সাহেবান আলিসান বোর্ডের তরফ যে সাহেব নীলামে সুপ্রেণ্টেণ্ডেণ্ট হইবেন তাঁহার এমত এক্তিয়ার আছে যে তিনি তাহার বিবেচনানুসারে কোন ব্যক্তির ডাক অগ্রাহ্য করেন কিন্তু যদিস্যাৎ তাহারা যত লাট খরিদকরণার্থে ডাকিবেক তাহার ফি লাট ১০০০৲ এক হাজার টাকার হিসাবে অর্থাৎ ফিসিন্দুক ২০০৲ টাকার হিসাবে বাঙ্গাল বেঙ্ক নোট কিম্বা সবত্রেজরর সাহেবের রসীদ অথবা কোম্পানির কাগজ দাখিল করে তবে তাহার দিগের ডাক অগ্রাহ্য করিবেন না।

১২ দফা। নীলামী খরিদারের এমত এক্তিয়ার আছে যে প্রথম যে লাট খরিদ করিবেক সেই লাট নম্বরহইতে যত লাট সেই মোকামের মাল খরিদ করিতে চাহে তাহা তৎক্ষণাৎ প্রকাশ করিয়া কহে এবং তদনুসারে খরিদ করে এমত পহিলা লাটঅবধি ৫০ লাটের অধিক না হয় ও ঐ প্রকার খরিদা লাটহায়ের ফি লাট ১০০০৲ টাকা করিয়া ডিপাজিট অর্থাৎ আমানত পেশগী দিতে হইবেক এবং এই দরে অর্থাৎ প্রথম লাটের দরে বাকী লাটহায়ের কিম্মত ফি সিন্দুক হিসাব করিয়া দাখিল করিতে হইবেক এমতে যদিস্যাৎ এত লাট গরবিক্রী থাকে যাহাতে ঐ ৫০ লাট পূরা হইতে পারে তবে পাইবেক নতুবা পাইবেক না।

১৩ দফা। এই এস্তেহারের লিখিত আফিমের বিক্রীসম্পর্কীয় কিম্বা ঐ আফিমের হিসাব রফার বিষয়ে কোন বিবাদ অথবা গবমেল উপস্থিত হইলে তাহা সুবে বাঙ্গলার সুপ্রেম কোর্ট আদালতের বিচারে নিষ্পত্তি হইবেক আর খরিদারেরদিগের মধ্যে কেহ ঐ আদালতের এলাকার অধীন নহে বলিয়া কোন আপত্তি করিলে গ্রাহ্য হইবেক না।

১৪ দফা। নীচের তপশীল মাফিক কাগজাৎ ও যে আফিম বিক্রয় হইবেক তাহার নমুনা নীলামের দিবস দেখান যাইবেক অথবা তাহার পূর্ব্বে বোর্ড পরমিট নমক ও আফিমের সেক্রেটারী সাহেবের দপ্তরখানায় অনুসন্ধান করিলে দেখিতে পাওয়া যাইবেক।

১ নং যে আফিম বিক্রয় কারণ এইক্ষণে এস্তেহার হইল তাহার সর্টিফিকেট।

২ নং ঐ আফিম তজবীজের রিপোর্ট।

১৫ দফা। সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সন ১৮৪০। ৪১ সালের বেহার ও বানারসের আফিম তৈয়ারি কারণ গত সন হায়ের মত এহতিয়াত ও খবরদারি করা গিয়াছে বিশেষতঃ আফিমের লোচ মুক্তা নির্ভাজ প্রস্তুত করিয়া পাঠাইতে এবং গুটী তৈয়ারি কারণ নিয়মিত পরিমাণ পাতি ব্যবহার করিতে এবং প্রতি গুটীতে সমানভাগ অফিম রাখিতে সাবধান হওয়া গিয়াছে আফিম মজকুরের বেহার ও বানারসের মোকামি ওজনের হিসাব ও ঐ মোকামের ফি চালানহইতে ছয় সিন্দুক করিয়া কলিকাতায় যে ওজন করা যায় তাহার গড় ওজনের হিসাব বোর্ড পরমিট নেমক ও আফিমের সেক্রেটারী সাহেবের দপ্তরখানায় তলব করিলে দেখিতে পাওয়া যাইবেক।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ১৭ মে।]

১৬ দফা। গত ২ সনের পয়দায়সী যে চারি সিন্দুক বেহার ও বানারসের আফিম রাখা গিয়াছে তাহা নীলামের দিবস খরিদারান লোককে দেখান যাইবেক তদ্দৃষ্টে বেপারিয়ান বিবেচনা করিতে পারিবেন যে কি প্রকার নির্বিঘ্নাবস্থায় ঐ আফিম রহিয়াছে।

১৭ দফা। সকলকে জ্ঞাত করা যাইতেছে যে উপরের লিখিত মেকদার আফিম সেওয়ায় নীচের লিখিত মেকদার বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমি বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখে অথবা তাহার কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ নীলামে ধরা যাইবেক।

	বেহারের আফিম সিন্দুক	বানারসের আফিম সিন্দুক	জুমলা সিন্দুক
২৭ জুন অথবা কিঞ্চিৎ অগ্র বা পশ্চাৎ	৩০১৪	১১৪৬	৪১৬০

ফিব্রুআরি মাহার নীলামে	১৫
এপ্রেল নীলামে	১৪০
ম নীলামে	৪৫
জুন নীলামে	১০০
সিন্দুক	৩০০

১৮ দফা। ইঙ্গরেজ ও ফরাসিস উভয়ের ১৮১৫ সালের ৭ মার্চ তারিখের একরারনামার ৬দফা বিমৌজিব ফরাসের হাকিমানকে ৩০০ সিন্দুক আফিম দেওয়া যায় তাহা হাসিয়ার লিখিত দফানুসারে লওনার্থে তাঁহারা দরখাস্ত করিয়াছেন তদর্থে এস্তেহার দেওয়া যাইতেছে যে যদ্যপি নিয়মিত মেয়াদ মধ্যে অর্থাৎ নীলামের দিবসঅবধি ১ মাহার মধ্যে ঐ আফিমের তাবৎ অথবা তাহার মধ্যে কতক আফিম খালাস না করেন তবে সেই আফিম কিম্বা যে পরিমাণ আফিম গরখালাসি থাকিবেক তাহা হয় কিমত আদায়ের মেয়াদ গতে যে নীলাম উপস্থিত হইবেক সেই নীলামে অথবা এক স্বতন্ত্র নীলামে বিক্রয় করা যাইবেক।

বিমৌজিব হুকুম সাহেবান বোর্ড পরমিট নেমক ও আফিম ইতি। এচ টরেন্স। সেক্রেটারী।

SALES OF LAND জমাদারী নীলাম।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা মুরশিদাবাদ এই যে মৃত লালা সুন্দর লালের বনিতা মানকুমারী দাস্যা ও মৃত লালা মদনকুমারের বনিতা শ্রীমতী দাস্যা এক কেতা দরখাস্ত এই মর্ম্মে গুজরায় যে মৌজে নারায়ণপুর যাহার সদর জমা ১৩৬৷৶১০ পাই ও মৌজে ডোমপাড়া যাহার জমা ২৭১৻৫ পাই মজকুরানের স্বামিদিগের নামে তাহত লেখা যায় কিন্তু লালা সুন্দরলালের এক পুত্র লালা রূপলাল ও মদনকুমারের এক পুত্র লালা বিহারি লাল নাবালগ ওয়ারিস রাখিয়া ফোত করায় মজকুরান নাবালগদিগের উলিরূপে মৃত ব্যক্তিরদের জমিদারি ইত্যাদি তাবৎ ত্যাজ্য বস্তুতে দখিলকার আছে মজকুরান স্ত্রীলোক পরদানিশী পুন নাবালগ জমিদারির সুন্দর রূপ রক্ষণা বেক্ষণ হইতে না পারা বিধায় প্রার্থনা রাখে যে চলিত আইনানুসারে উক্ত জমিদারি কোর্ট আফ ওয়ার্ডসের নীচে আনিয়া উহারদিগের পুরোহিত গুরুপ্রসাদ শুকুলকে সরবরাহকার নিযুক্ত করিয়া নাবালকের হক বহাল রাখা যায় মতে এস্তাহার দেওয়া যাইতেছে যে সেওয়ায় মজকুরান উক্ত জমিদারির অন্য কেহ দাবিদার থাকে ১৫ রোজ মধ্যে হাজির হইয়া আপন২ দরখাস্ত মায় সাবুদ গুজরায় নচেৎ মেয়াদ গতে উচিত হুকুম হইবেক ইতি সন ১৮৪২ সাল তাং ২৬ আপরেল মং সন ১২৪৯ সাল তাং ১৫ বৈশাখ।

Moorshedabad Collectorate, 26th April, 1842 C D RUSSELL, *Actg Collector*

ইস্তাহারনামা কাছারি কালেকটরি জেলা মুরশিদাবাদ এই যে

গুরুদয়াল সিংহ কাঃ জোত রঘুর ফাজিল টাকা পাইবার বাসনায় হুজুরে দরখাস্ত দাখিল করিয়াছে মতে ইস্তাহার দেওয়া যাইতেছে যে সেওয়ায় মজকুর উক্ত মহালের ফাজিল টাকার অন্য কেহ দাবিদার থাকে তবে ১৫ রোজ মধ্যে হুজুরে হাজীর হইয়া আপন২ দরখাস্ত মায় সাবুদ হুজুরে গুজরায় নচেৎ মেয়াদ গতে উক্ত বিষয়ে উচিত হুকুম হইবেক ইতি সন ১৮৪২ সাল তারিখ ২৯ আপরেল মতাবেক সন ১২৪৯ সাল তারিখ ১৮ বৈশাখ।

Moorshedabad Collectorat, 29th April, 1842 C D RUSSELI, *Actg Collector*

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা মুরশিদাবাদ এই যে

রামগোপাল চক্রবর্ত্তী ও বিমলমুনি দেব্যা কাঃ দানপাড়ার রকম ।৶ আনা ও মৌজে নাগেশ্বরের ।৶ আনা ফাজীল টাকা পাইবার বাসনায় দরখাস্ত দাখিল করিয়াছে মতে ইস্তাহার দেওয়া যাইতেছে যে সেওয়ায় মজকুরান অন্য কেহ উক্ত রকমের ফাজীল টাকার প্রতি দাবিদার থাকে তবে ১৫ রোজ মধ্যে হুজুরে হাজির হইয়া আপন২ দরখাস্ত মায় সাবুদ গুজরায় নচেৎ মেয়াদ গতে উচিত হুকুম হইবেক ইতি সন ১৮৪২ সাল তাং ২৬ আপরেল মং সন ১২৪৯ সাল ১৫ বৈশাখ।

Moorshedabad Collectorate, 26th April 1842 C D RUSSELL, *Actg Collector*

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা মুরশিদাবাদ এই যে

কিশোরিমণি দেব্যা ও রাজকুমারী দেব্যা কাঃ দাসপাড়ার রকম ।০ আনা মৌজে নাগেশ্বরের রকম ।০ আনার ফাজীল টাকা পাইবার বাসনায় দরখাস্ত করিয়াছে মতে ইস্তাহার দেওয়া যাইতেছে যে সেওয়ায় মজকুরান অন্য কেহ উক্ত রকমের ফাজীল টাকার দাবিদার থাকে তবে ১৫ রোজ মধ্যে হুজুরে হাজীর হইয়া আপন২ দরখাস্ত মায় সাবুদের প্ররকরণ গুজারায় নচেৎ মেয়াদ গতে উচিত হুকুম হইবেক ইতি সন ১৮৪২। ২৬ আপ্রিল মং সন ১২৪৯। ১৫ বৈশাখ।

Moorshedabad Collectorate, 26th April, 1812 C D RUSSELL *Actg Collector*

ইস্তাহারনামা কাছারী কালেক্টরি জিলা মুরশিদাবাদ এই যে কিসমত ভড়ঙ্গার মাজুল তালুকদারান নফর পান ও সেবক পান ও মাণিক পান ও সোনাতন পান এক কিতা দরখাস্ত এই মর্ম্মে দাখিল করিলেক যে উক্ত কিসমত যাহার সদর জমা কোম্পানির কল ৫১৷৶১১ পাই সেরেস্তায় লিখাযায় সরকারের বাকি মালগুজারি আদায় কারণ সন ১২৪৮ সালের ২৯ শ্রাবণ নীলাম হইয়া নীলাম মঞ্জুরীর পর পোন বাহার ৪৯৫ টাকা দাখিল হইয়া

[*Government Gazette, 17th May,* 1812]

তহবিল মৌজুদ আছে অতএব সরকারের বাকী পাওনা বাদে উক্ত মহালের পোন ফাজীলের টাকা সমানাংশে মক্তহরদিগেরে দেওয়ান যায় মতে ইস্তাহার দেওয়া যাইতেছে যে মক্তহরানভিন্ন অন্য কেহ যদি ঐ পোন ফাজীলের দাবি দার থাকহ তবে পোনেরো দিবস মধ্যে হুজুরে স্বয়ং কিম্বা মোক্তারের দ্বারা হাজীর হইয়া দলিল দস্তাবেজ সমেত দরখাস্ত করিবা ইতি সন ১৮৪২ সাল তারিখ ১৮ আপ্রিল।

Moorshedabad Collectorate, 18*th April*, 1842 — C D Russell *Actg Collector*

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জিলা মুরশিদাবাদ এই বে

সেখ ফজলু খাঁ কিং বিবিচান্দপুরের ফাজীল টাকার অন্দরে বকম ।৵১০ আনার ফাজীল টাকা পাইবার বাসনায় দরখাস্ত হুজুরে গুজরাইলেক মতে ইস্তাহার দেওয়া যাইতেছে যে সেওয়ায় মজকুর অন্য কেহ উক্ত রকমের ফাজীল টাকার দাবিদার থাকে তবে ১৫ রোজ মধ্যে হুজুরে হাজীর হইয়া আপনং দরখাস্ত মায় সাবুদ গুজরাব নচেৎ মেয়াদগতে উচিত হুকুম হইবেক ইতি সন ১৮৪২। ২৮ আপরেল মং সন ১২৪৯। ১৭ বৈশাখ।

Moorshedabad Collectorate, 28*th April*, 1842 — C D Russell, *Actg Collector*

---

৫০ নং জামিনী

ইস্তাহারনামা কাছারি ডেপুটী কালেক্টরি জেলা মেদিনীপুর এজলাস শ্রীযুত গোবিন্দচন্দ্র বসাক রায় বাহাদুর ডেপুটী কালেক্টর।

যেহেতু এ জেলার শ্রীলশ্রীযুত কালেক্টর সাহেবের সন হালের ১৮ আপরেল তারিখের লিখিত কারকারির আদেশ মতে নীচের লিখিত জামিনী জায়দাদের রীতিমত তদারক করা আবশ্যক অতএব অদ্যকার হুকুমানুসারে ১ এক মাস মেয়াদে ইস্তাহার দেওয়া যাইতেছে যে যে কেহ জায়দাদ মজকুরের দাবিদার ওয়ারিস থাকে মেয়াদ মধ্যে খোদ কিম্বা মোখ্তারের দ্বারা হুজুরে হাজির হইয়া সাবুদ সম্বলিত ওজরাতের দরখাস্ত করে নচেৎ মেয়াদ গতে কাহারো কোন ওজর শুনা যাইবেক না ইতি সন ১৮৪২ সাল তারিখ ৩ মেই।

নাম জামিনীদায়ক	নাম জামিনদার	জামিনী জায়দাদ
শীতলপ্রসাদ শাহা সাং করনেল গোলা পং শহর মেদিনীপুর	হরনারায়ণ দত্ত	পং দাতনচোর মহাল কেশবত্তা তাং বনামে অভিরাম চৌধুরী ওঃ /২৮৩ দন্তী কাত তস্কীস ৯০৮/১০॥ তপে গগনেশ্বর মহাল বোনগোড়া তাং বনামে খোদ রকম ।০ আনা কাত তস্কীস ২৮৯৵৩৷

Midnapore Collectorate, 3*d May* 1842 — G C Bysack, *Depy Collector*

---

৫১ নং জামিনী।

ইস্তাহারনামা কাছারি ডেপুটী কালেকটরি জেলা মেদিনীপুর এজলাস শ্রীযুত গোবিন্দচন্দ্র বসাক রায় বাহাদুর ডেপুটী কালেকটর।

যেহেতু এ জেলার শ্রীলশ্রীযুত কালেক্টর সাহেবের সন হালের ২৬ আপরেল তারিখের কারকারির আদেশ মতে নীচের লিখিত জামিনী জায়দাদের রীতিমত তদারক করা আবশ্যক অতএব অদ্যকার হুকুমানুসারে এক মাস মেয়াদে ইস্তাহার দেওয়া যাইতেছে যে যে কেহ জায়দাদ মজকুরের দাবিদার ওয়ারিস থাকে মেয়াদ মধ্যে খোদ কিম্বা মোখ্তারের দ্বারা হুজুরে হাজির হইয়া সাবুদ সম্বলিত ওজরাতের দরখাস্ত করে নচেৎ মেয়াদ গতে কাহারো কোন ওজর শুনা যাইবেক না ইতি সন ১৮৪২ সাল তাং ৪ মেই

নাম জামিনদায়ক	নাম জামিনদার	জামিনী জায়দাদ
সরূপনারায়ণ মাইতি দারোগা পুল বন্দী চৌবাসী	রামপ্রসাদ মাইতি	পং কাশীযোড়া মৌজে গুড় চাকলি রকম ।০ আনা তস্কীস ৫৩৮৷৮৷ মধ্যে ১৫০৲

Midnapore Collectorate, 4*th May*, 1842 — G C Bysack, *Depy Collector*

---

৫২ নং জামিনী।

ইস্তাহারনামা কাছারি ডেপুটী কালেকটরি জেলা মেদিনীপুর এজলাস শ্রীযুত গোবিন্দচন্দ্র বসাক রায়বাহাদুর ডেপুটী কালেকটর।

যেহেতু এ জেলার শ্রীলশ্রীযুত কালেক্টর সাহেবের সন হালের ২৬ এপরেল তারিখের কারকারির আদেশমতে নীচের লিখিত জামিনী জায়দাদের রীতিমত তদারক করা আবশ্যক অতএব অদ্যকার হুকুমানুসারে এক মাস মেয়াদে ইস্তাহার দেওয়া যাইতেছে যে যে কেহ জায়দাদ মজকুরের দাবিদার ওয়ারিস থাকে মেয়াদ মধ্যে খোদ কিম্বা মোক্তারের দ্বারা হুজুরে হাজির হইয়া সাবুদ সম্বলিত ওজরাতের দরখাস্ত করে নচেৎ মেয়াদ গতে কাহারো কোন ওজর শুনা যাইবেক না ইতি সন ১৮৪২ সাল তাং ৪ মেই।

নাম জামিনদায়ক	নাম জামিনদার	জামিনী জায়দাদ
ঠাকুরদাস মাইতি দারোগা পুলবন্দী হুদ্দা রাজনগর	রামপ্রসাদ মাইতি	পং কাশীযোড়া মৌজে গুড়চাকলি রকম ।০ আনা কাত সদর তস্কীস ৫৩৮৷৮৷ মধ্যে ২৩৮৷৮৷

Midnapore Collectorate 4*th May*, 1842 — G C Bysack, *Deputy Collector*

---

৫৩ নং জামিনী।

ইস্তাহারনামা কাছারি ডেপুটী কালেক্টরি জেলা মেদিনীপুর এজলাস শ্রীযুত গোবিন্দচন্দ্র বসাক রায় বাহাদুর ডেপুটী কালেক্টর।

যেহেতু এ জেলার শ্রীলশ্রীযুত কালেক্টর সাহেবের সন হালের ২৬ এপরেল তারিখের কারকারির আদেশমতে

নীচের লিখিত জামিনী জায়দাদের রীতিমত তদারক করা আবশ্যক অতএব অদ্যকার হুকুমানুসারে ১ এক মাস মেয়াদে ইস্তাহার দেওয়া যাইতেছে যে যে কেহ জায়দাদ মজকুরের দাবিদার ও ওয়ারিস থাকে মেয়াদ মধ্যে খোদ কিম্বা মোক্তারের দ্বারা হুজুরে হাজির হইয়া সাবুদ সমেত উজরাতের দরখাস্ত করে নচেৎ মেয়াদ গতে কাহারো কোন ওজর শুনা যাইবেক না ইতি সন ১৮৪২ সাল তাং ৪ মেই।

নাম জামিনদায়ক	নাম জামিনদার	জামিনী জায়দাদ
পঞ্চম সিংহ দারোগা পুলবন্দী হুদ্দা কুতুবপুর	রামপ্রসাদ মাইতি	পং কাশীজোড়া মৌজে প্রভৃতাকলি বকয়া৷০আনা ৫৩৮৷৮৷ মধ্যে ১৫০

Midnapore Collectorate, 4th May 1842 — G C Bysack, *Deputy Collector*

৫৪ নং জামিনী।

ইস্তাহারনামা কাছারি ডেপুটী কালেক্টরি জেলা মেদিনীপুর এজলাস শ্রীযুত গোবিন্দচন্দ্র বসাক রায় বাহাদুর ডেপুটী কালেক্টর।

যেহেতু জেলা তমলুকের শ্রীযুত শাল্ট এজেণ্ট সাহেবের সন হালের ২৬ এপরেল তারিখের রুবকারির আদেশ মতে নীচের লিখিত জামিনী জামিনী জায়দাদের রীতিমত তদারক করা আবশ্যক অতএব অদ্যকার হুকুমানুসারে ১ এক মাস মিয়াদে ইস্তাহার দেওয়া যাইতেছে যে যে কেহ জায়দাদ মজকুরের দাবিদার ওয়ারিস থাকে মেয়াদ মধ্যে খোদ কিম্বা মোক্তারের দ্বারা হুজুরে হাজির হইয়া সাবুদ সমেত উজরাতের দরখাস্ত করে নচেৎ মেয়াদ গতে কাহারো কোন ওজর শুনা যাইবেক না ইতি সন ১৮৪২ সাল তারিখ ৬ মেই।

নাম জামিনদায়ক	নাম জামিনদার	জামিনী জায়দাদ
কমল বণিক মেট কয়াল ঘাট নারায়ণপুর জেলা তমলুক	মাধবানন্দ ঘোষ	পং কসবা হিজলির মৌজে খাজুরি বনাম মাধবানন্দ ঘোষ জঙ্গল বুরি ইত্ত বদার সদর তঙ্কীস সিক্কা ১৩৮৷৪৴ টাকার মধ্যে সিক্কা মং ১০০৲ টাকা।

Midnapore Collectorate, 6th May 1842 — G C Bysack, *Deputy Collector*

৫৫ নং জামিনী।

ইস্তাহারনামা কাছারি ডেপুটী কালেক্টরি জেলা মেদিনীপুর এজলাস শ্রীযুত গোবিন্দচন্দ্র বসাক রায় বাহাদুর ডেপুটী কালেক্টর।

যেহেতু এ জেলার শ্রীলশ্রীযুত কালেক্টর সাহেবের সন হালের ৩০ এপরেল তারিখের রুবকারির আদেশমতে নীচের লিখিত জামিনী জায়দাদের রীতিমত তদারক করা আবশ্যক অতএব অদ্যকার হুকুমানুসারে ১এক মাস মেয়াদে ইস্তাহার দেওয়া যাইতেছে যে যে কেহ জায়দাদ মজকুরের দাবিদার ওয়ারিস থাকে মেয়াদ মধ্যে খোদ কিম্বা মোক্তারের দ্বারা হুজুরে হাজির হইয়া সাবুদ সমেত উজরাতের দরখাস্ত করে নচেৎ মেয়াদ গতে কাহারো কোন ওজর শুনা যাইবেক না ইতি সন ১৮৪২ সাল তাং ৭ মেই।

নাম জামিনদায়ক	নাম জামিনদার	জামিনী জায়দাদ
মেঃ রাবর্ট ডন্টীন সাহেব আশিষ্টাণ্ট ওবর সিয়র	রামনারায়ণ রায় তালুকদার	পং শাহাপুর মৌজে চক জগদী ৩৷৵ তিন মৌজে দশ বিঘার কাত তঙ্কীস কোং ৩৩১/৪৷৷

Midnapore Collectorate 7th May, 1842 — G C Bysack, *Deputy Collector*

৫৬ নং জামিনী।

ইস্তাহারনামা কাছারি ডেপুটী কালেক্টরি জেলা মেদিনীপুর এজলাস শ্রীযুত গোবিন্দচন্দ্র বসাক রায় বাহাদুর ডেপুটী কালেক্টর।

যেহেতু এ জেলার শ্রীলশ্রীযুত কালেক্টর সাহেবের সন হালের ৩০ এপরেল তারিখের রুবকারির আদেশ মতে নীচের লিখিত জামিনী জায়দাদের রীতিমত তদারক করা আবশ্যক অতএব অদ্যকার হুকুমানুসারে ১ এক মাস মেয়াদে ইস্তাহার দেওয়া যাইতেছে যে যে কেহ জায়দাদ মজকুরের দাবিদার ওয়ারিস থাকে মেয়াদ মধ্যে খোদ কিম্বা মোক্তারের দ্বারা হুজুরে হাজির হইয়া সাবুদ সমেত উজরাতের দরখাস্ত করে নচেৎ মেয়াদ গতে কাহারো কোন ওজর শুনা যাইবেক না ইতি সন ১৮৪২ সাল তারিখ ৭ মেই।

নাম জামিনদায়ক	নাম জামিনদার	জামিনী জায়দাদ
মধুসূদন সিংহ দারোগা পুলবন্দী হুদ্দা মাল দিয়া	রামনারায়ণ রায় তালুকদার	পং কাশীজোড়া মৌজে খেনাগড় সদর তঙ্কীস সালিয়ানা কোংসিক্কা ৫৪৮৸৬৷ বাদ মধুসূদন দাস ক্রোক তহসীলদারের জামিনী এলাকায় দুই দফা ৪০০ বাকী তঙ্কীস ১৪৮৸৶৬৷

Midnapore Collectorate 7th May, 1842 — G C Bysack *Deputy Collector*

৫৭ নং জামিনি।

ইস্তাহারনামা কাছারি ডেপুটী কালেক্টরি জেলা মেদিনীপুর এজলাস শ্রীযুত গোবিন্দচন্দ্র বসাক রায় বাহাদুর ডেপুটী কালেক্টর।

যেহেতু এজেলার শ্রীলশ্রীযুত কালেক্টর সাহেবের সন হালের ৩০ এপরেল তারিখের রুবকারির মর্ম্মানুসারে নীচের লিখিত জামিনি জায়দাদের রীতিমত তদারক করা আবশ্যক অতএব অদ্যকার হুকুমানুসারে ১ এক মাস

মেয়াদে ইস্তাহাব দেওয়া যাইতেছে যে যে কেহ জায়দাদ মজকুবের দাবিদাব ওযাবিস থাকে মেয়াদ মধ্যে খোদ কিম্বা মোক্তাবেব দ্বাবা হুজুবে হাজিব হইয়া সাবুদ সম্বলিত ওজবাতেব দবখাস্ত কবে নচেৎ মেয়াদ গতে কাহাবো কোন ওজব শুনা যাইবেক না ইতি সন ১৮৪২ সাল তাং ৯ মেই।

নাম জামিনদায়ক	নাম জামিনদাব	জামিনী জায়দাদ
সেখ বেঅজদ্দীন দাবোগা পুলবন্দী তবফে চেতুয়া পং চেতুয়া	শিবপ্রসাদ বসু	•পং গাগনাপুব মহাল আলালপাড়া সদব তস্কীস কোং সিক্কা ৭৯৭৸৵৫৸ মধ্যে ৩০০৲ তিন শত টাকা মাত্র ইতি

Midnapore Collectorate, 9th May, 1842

G C BYSACK, *Deputy Collector*

---

৫৮ নং জামিনী।

ইস্তাহাবনামা কাছাবি ডেপুটী কালেকটবি জেলা মেদিনীপুব এজলাস শ্রীযুত গোবিন্দচন্দ্র বসাক বায় বাহাদুব ডেপুটী কালেকটব।

যেহেতু এজেলাব শ্রীলশ্রীযুত কালেকটব সাহেবেব সন হালের ৩০ এপবেল তাবিখেব কবকাবিব মর্ম্মানুসাবে নীচেব লিখিত জামিনি জায়দাদেব বীতিমত তদাবক কবা আবশ্যক অতএব অদ্যকাব হুকুমানুসাবে ১ এক মাস মেযাদে ইস্তাহাব দেওয়া যাইতেছে যে যে কেহ জাযদাদ মজকবেব দাবিদাব ওআবিস থাকে মেয়াদ মধ্যে খোদ কিম্বা মোক্তাবেব দ্বাবা হজুবে হাজিব হইয়া সাবুদ সম্বলিত ওজবাতেব দবখাস্ত করে নচেৎ মেয়াদ গতে কাহাবো কোন ওজব শুনা যাইবেক না ইতি সন ১৮৪২ সাল তাং ৯ মে।

নাম জামিনদায়ক	নাম জামিনদাব	জামিনী জাযদাদ
মথুবামোহনবক্ষিত দাবোগা পুলবন্দী তবফে চন্দ্রকোণা পং বগড়ি ও চন্দ্র কোণা	অদ্বৈতচবণ দিণ্ডা	পং কীং ময়না চৌডবা মৌজে হা ডোদচক দিগব সদব তস্কীস কোং সিক্কা ২৯৬৩৷১০। মধ্যে ৩০০৲ তিন শত টাকা মাত্র ইতি।

Midnapore Collectorate 9th May 1842

G C BYSACK, *Deputy Collector*

SHERIFF'S SALE

ইহাব দ্বাবা সংবাদ দেওয়া যাইতেছে যে মৃত বাম গোবিন্দ সেনেব উত্তবাধিকাবিণী এবং আইনমতে স্থল। ভিষিক্তা বিধবা বাজেশ্ববী দাসীব নামে বেন্দিসিযোনি এক্সপোনাস নামক যে পবওয়ানা কলিকাতাব সবিফ সাহেবেব হাতে আছে তাহাব ক্ষমতাতে তিনি বর্ত্তমান মে মাসেব ১৯ তাবিখ বৃহস্পতিবাব বেলা ঠিক দুই প্রহ বেব সময়ে সুপ্রিমকোর্ট ঘবেব নীচেব বাবাণ্ডায় সবিফ সাহেবেব দপ্তবখানায় প্রাবেশদ্বাবেব নিকটে নীচেব লি খিত বিষয় বিক্রয় কবিবেন।

১ দফা। কলিকাতা নগবেব বটতলাব বাস্তাব শামিল যে এক দোতালা ইষ্টক নির্ম্মিত বসতবাটী এবং তাহাব সঙ্গে যে এক খণ্ড বন্দ ভূমি কমবেশ /৪ চাবিকাঠা তাহাতে ও তাহাব মধ্যে ও তাহাব উপব উক্ত মৃত বামগোবিন্দ সেনেব যে স্বত্ত্ব ও অধিকাব ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষত উত্তবদিগে বড়তলাব বাস্তা দক্ষিণ ও পশ্চিম দিগে বিশ্বম্ভব সেনেব

সবিফেব নীলাম

বসতবাটী ও ভূমি পূর্ব্বদিগে প্যাবি বৈষ্ণবীব বসত বাটী।

১ দফা। এবং কলিকাতা নগবেব তুলাবাজাবেব বাস্তাব শামিল ও তন্মধ্যস্থিত যে এক ইষ্টক নির্ম্মিত বসতবাটী এবং তাহাব সঙ্গে যে এক খণ্ড বন্দ ভূমি কম বেশ /৪ চাবিকাঠা তাহাতে ও তাহাব মধ্যে ও তাহাব উপব উক্ত মৃত বামগোবিন্দ সেনেব যে স্বত্ত্ব ও অধি কাব ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক। তাহা এই রূপে চতুঃসীমাবদ্ধ বিশেষত উত্তবদিগে বিশ্বম্ভব সেনেব বসতবাটী দক্ষিণ দিগে তুলাবাজাবেব বাস্তা পূর্ব্বদিগে ভুবনমোহন সেনেব বসতবাটী এবং পশ্চিমদিগেব এক ভাগে মৃত বামকৃষ্ণ সেনেব বাটী অপব ভাগে উক্ত বিশ্ব ম্ভব সেনেব ভূমি।

সবিফ সাহেবেব দপ্তবখানায় অন্বেষণ কবিলে এই নীলামেব নিয়ম জানা যাইতে পাবিবেক।

TREASURER WANTED

For the delightful district of Kamroop, in Assam Security required for Thirty Thousand Rupees (30,000) Salary, (70) Seventy Rupees Per Mensem

H BIGGE *Collector*

Gowhatti, May 6th, 1842

খাজাঞ্চীব আবশ্যক।

আসামেব অতিউত্তম কামরূপ জিলাতে এক জন খা জাঞ্চীব আবশ্যক হইয়াছে তাঁহাব জামিনস্বরূপ ৩০,০০০ ত্রিশ হাজাব টাকা আমানৎ বাখিতে হইবেক এবং তাঁ হাব বেতন মাসিক ৭০৲ টাকা দেওয়া যাইবেক।

এচ বিগ। কালেকটব।

গৌহাটি। ১৮৪২। ৬ মে।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ১৭ মে।]

শ্রীরামপুবেব যন্ত্রালযে শ্রীযুত উলিয়ম মিচল সাহেবকর্ত্তৃক মুদ্রিত।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MAY 24, 1842.

কলিকাতা মঙ্গলবার ১৮৪২ সাল ২৪ মে।

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT

No 1397

To the Several Zillah and City Judges in the Lower Provinces

1 Much delay taking place and inconvenience being sustained by the omission of Decree-holders to specify, in the petition presented by them to the Civil Courts suing out execution of their decrees, the various particulars enjoined in Clause 6, Section 15, Regulation XXVI 1814, the Court are pleased to promulgate the following Rules of practice for general information, and to direct that the Judges forward a Copy of them to each of the subordinate Courts of their respective Districts, with instructions to make them as public as possible

2 It is to be explained that the Rules have equal application to petitions suing out execution of Decrees of the Sudder Dewanny Adawlut, the Zillah and the inferior Courts *

Rules

Whereas the Rule in Clause 6, Section 15, Regulation XXVI 1814, requiring the Statement of certain particulars by decree-holders in the petitions suing out execution of their decrees presented to the several Courts, is not generally observed, and its enforcement is requisite, the following instructions are promulgated for general information by the Court, and any petition hereafter presented otherwise than in conformity thereto, will be put in to the office without any further order recorded on it

1 Every decree-holder desirous of suing out execution of his decree, whether a pauper or otherwise, must write his petition on paper of the value prescribed for the Court by which the decree may

* Clause 4, Section 15, Regulation XXVI 1814, Section 22, Reg V 1831, Sec 7, Reg VII 1832

সদর দেওয়ানী আদালতের সরকুলর অর্ডর।

১৩৯৭ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের প্রত্যেক জিলা ও শহরের শ্রীযুত জজ সাহেব বরাবরেষু।

ডিক্রী জারীকরণের দরখাস্ত নানা দেওয়ানী আদালতে দেওনের সময়ে ঐ দরখাস্তে ১৮১৪ সালের ২৬ আইনের ১৫ ধারার ৬ প্রকরণের নির্দ্দিষ্ট যে নানা বিশেষ কথা ডিক্রীদারেরদের লিখিতে হয় তাহা তাহারা প্রায়ই লেখে না এবং তাহাতে অনেক বিলম্ব ও ক্লেশ হয় অতএব সাধারণ লোকেরদের বিজ্ঞাপনার্থ সদর আদালতের সাহেবেরা নীচের লিখিত ব্যবহারের বিধি প্রকাশ করিয়া হুকুম করিতেছেন যে জজ সাহেবেরা আপনং জিলার অধস্থ প্রত্যেক আদালতে ঐ বিধির একং নকল পাঠান এবং ঐং আদালতের বিচারকেরদিগকে যথাসাধ্য সর্ব্বত্র তাহা প্রকাশ করিতে হুকুম করেন্।

২। ইহা স্পষ্ট জ্ঞাত করিতে হইবেক যে সদর দেওয়ানী আদালতের কিম্বা জিলার আদালতের অথবা অধস্থ আদালতের* ডিক্রী জারীকরণের দরখাস্তের বিষয়ে ঐ বিধি তুল্যরূপে খাটিবেক।

বিধি।

যেহেতুক ডিক্রীদারেরা আপনং ডিক্রী জারীকরণের নিমিত্ত নানা আদালতে যে দরখাস্ত দেয় সেই দরখাস্তের মধ্যে ১৮১৪ সালের ২৬ আইনের ১৫ ধারার ৬ প্রকরণে নানা বিবরণ লিখনের হুকুম আছে কিন্তু ঐ বিধি সর্ব্বদাই পালন হয় না এবং ঐ বিধি চলনকরা অত্যাবশ্যক অতএব সাধারণ লোকেরদের বিজ্ঞাপনের নিমিত্তে সদর আদালতের সাহেবেরা নীচের লিখিত বিধি প্রকাশ করিতেছেন এবং ঐ বিধির অন্যমতে উত্তর কালে কোন দরখাস্ত দাখিল হইলে ঐ দরখাস্তের উপর কোন হুকুম লিখিত না হইয়া তাহা সিরিশতায় দাখিল হইবেক ইতি।

১ দফা। কোন ডিক্রীদার যোত্রহীন হউক কি না হউক আপনার ডিক্রী জারীকরণের ইচ্ছা করিলে যে আদালতে ডিক্রী করা গিয়াছে সেই আদালতের বিষয়ে যে ইষ্টাম্পের মূল্য নির্দ্দিষ্ট আছে সেই মূল্যের কাগজে দর

* ১৮১৪ স। ২৬ আ। ১৫ ধা। ৪ প্র। এবং ১৮৩১ সা। ৫ আ। ২২ ধা। এবং ১৮৩২ সা। ৭ আ। ৭ ধা দেখ।

have been passed, viz in the Moonsiff's Court on plain paper, in the Sudder Ameen's, Principal Sudder Ameen's and Zillah Court, on eight anna Stamp, and in the Sudder Dewanny Adawlut on paper value 2 Rs

2 Each petition suing out execution is to have written, at its head, a tabular Statement according to the form, and containing the particulars noted below

Tabular Form to be given at the head of every petition suing out execution of a Decree

1	2	3	4	5	6	7†	8
Number of the Suit.	Names of the Parties	Date of the Decree	Subject of decree, that is, thing decreed	Appeal preferred or admitted from the decision	Any and what adjustment of the matter in dispute since the Decree	Statement of the specific amount due to the petitioner under the Decree	Name of the individual against whom the enforcement of the decree is asked
1	Seetaram Plaintiff, appellant, Vrs Ramshee, &c Defendants, Respondents	1st Jany 1841	Possession of Mouzah Ram nuggur, &c with Mesne profits or Rs 2000 principal and Interest	Not Appealed	No Adjustment	3,200 Rupees	Ramshee Pershadee Loll, &c

3 I now proceed to annex the List of Forms above alluded to prefacing it with such general remarks and instructions and embodying in it such particular remarks in reference to each Return, as appear to me to be necessary

General Remarks and Instructions

1st With reference to Khass Mehals *on* the Toujee the Gross Collections in excess of their Toujee Jumma are to be credited at once by Collectors in their Treasury Accounts of 1842 43, and subsequent years, under the head, subordinate to profit and loss, of "Surplus collections from Khass Mehals on the Toujee,' and with reference to Khass Mehals *not* on the Toujee the *entire gross* Collections are to be credited by Collectors in their Treasury Accounts under the head subordinate to Profit and Loss, of "Gross Collections from Khass Mehals not on the Toujee"

2nd The Mofussil charges of Collection from Khass Mehals, being charges incurred by *Government*, are to be debited in the aggregate, by Collectors in their *Treasury Accounts*, of 1842-43, and subsequent years, on the authority of Bills passed by Commissioners * immediately on credit being afforded for the Collections on account of which the charges may have been incurred, and such portion of the charge as may remain *unpaid* in the month in which it may have been *debited* is to be written back and returned, pending disbursement, at credit of *Deposit* But as these charges are not charges upon *Government* Revenue, they should not be debited under Revenue charges General,' but under a separate head of "Mofussil charges of Khass Mehal Collections subordinate to the General head of Profit and Loss

3rd On the date that each of the Monthly, Quarterly and Annual Returns specified in the List is dispatched to this Office, a Copy thereof, or the original draft as may be most convenient, should also be submitted by each Collector to the Commissioner of his Division

4th The Classification of the Estates has been extended in the revised Forms hitherto in use from 4 to 6 heads The two additional heads are noted in the margin † This extension of Classification is required by the Board for administrative purposes

4 Whenever in regard to *Demand* an *English* month is specified in any heading in the Forms, the

---

* Note The Commissioners were vested by orders of the Government, dated the 13th April 1841, with authority to pass charges of Collection on Khass Mehals not exceeding in the aggregate 10 per cent on the total Collections of the year

† Mehals permanently settled paying a Jumma not exceeding 100 Rupees

Mehals attached by order of Judicial Authorities

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ৭ জুন।]

আবশ্যক না থাকন এবং তাহার দ্বারা যে নানা ব্যতিক্রম হয় তাহা নিবারণ করণ।

৪। ভূমির মালগুজারীর কৈফিয়ৎ পাঠাইবার যে২ তারিখ নিরূপিত আছে সেই২ তারিখে তাহা প্রস্তুত হয় ও পাঠান যায় এই নিমিত্ত ঐ কৈফিয়ৎ প্রস্তুত করণেতে কালেকটর সাহেবের পরিশ্রমের লাঘবকরণ।

৩। আমি এক্ষণে উপরের লিখিত কৈফিয়তের তালিকা লিখি এবং যে সকল সাধারণ কথা এবং উপদেশ এবং প্রত্যেক কৈফিয়তের বিষয়ে যে বিশেষ কথা আবশ্যক বোধ হয় তাহা লিখি।

সাধারণ কথা ও উপদেশ।

১। তৌজীর মধ্যে যে সকল খাস মহাল লেখা আছে সেই২ মহালের তৌজীর জমার অতিরিক্ত মোটে যত টাকা আদায় হয় তাহা কালেকটর সাহেবেরা একেবারে আপনারদের খাজানাখানার হিসাবে ১৮৪২। ৪৩ সালে এবং তৎপর সালে "লাভ নোকসানের খাতায়" 'তৌজীর লিখিত খাস মহালের ফাজীল আয় টাকা' এই কথার নীচে জমা করিবেন এবং তৌজীতে যে খাস মহাল লেখা নাহি তাহার আদায়হওয়া সমুদয় মোট টাকা কালেক্‌টর সাহেবেরা "লাভ নোকসানের খাতায়" 'তৌজীতে না লেখা খাস মহালের আদায়হওয়া মোট টাকা এই কথার নীচে জমা করিবেন।

২। খাসমহালে টাকা আদায়করণের মফঃসলের খরচ সরকার বাহাদুরের খরচ জ্ঞান হইয়া যে টাকা আদায় করণেতে ঐ খরচ হইয়াছে তাহা জমা হইলেই কমিস্যনর সাহেবের মঞ্জুরকরা বিলের ক্ষমতানুসারে* কালেক্‌টর সাহেবেরা আপনারদের ১৮৪২। ৪৩ এবং তৎপর সালের খাজানাখানার হিসাবে মোটে খরচ লিখিবেন। এবং হিসাবের বহীতে যে মাসে ঐ টাকা খরচ বলিয়া লেখা যায় সেই মাসে তাহার মধ্যে যত টাকা ব্যয় না হইয়া থাকে তাহা ব্যয় না হওনপর্য্যন্ত আমানতী টাকার ন্যায় জমা করিয়া পুনর্ব্বার লিখিতে হইবেক। কিন্তু এই সকল খরচ সরকারী মালগুজারীর উপর খরচ না হওয়াতে তাহা 'মালগুজারীর সাধারণ খরচ' এই খাতায় লিখিতে হইবেক না কিন্তু লাভ নোকসানের সাধারণ খাতায় "খাস মহালের টাকা আদায়করণার্থ মফঃসলের খরচ" এই কথার নিম্নে স্বতন্ত্র করিয়া লিখিতে হইবেক।

৩। তালিকার লিখিত মাসিক ও ত্রৈমাসিক ও বার্ষিক কৈফিয়ৎ যে তারিখে এই দফ্তরখানায় পাঠান যায় সেই তারিখে ঐ কৈফিয়তের এক নকল অথবা অধিক সুগম হইলে তাহার আসল লিপি প্রত্যেক কালেকটর সাহেব আপন এলাকার কমিস্যনর সাহেবের নিকটে পাঠাইবেন।

৪। পূর্ব্বের ব্যবহারহওয়া কৈফিয়তে মহাল চারি দফাতে বিভাগ ছিল শুদ্ধকরা কৈফিয়তে মহাল ছয় দফায় বিভাগ হইয়াছে। অতিরিক্ত যে দুই দফা হইয়াছে তাহা নীচে লেখা আছে †। এইরূপ মহাল বিভাগকরণ বোর্ডের সাহেবেরদের কার্য্য সাধনের নিমিত্ত আবশ্যক হইয়াছে।

৪। দাওয়ার টাকার বিষয়ে যদ্যপি কৈফিয়তের মধ্যে কোন দফায় কেবল ইঙ্গরেজী মাস লেখা গিয়া থাকে তবে বাঙ্গলা অথবা ফসলী মাস জ্ঞান করিতে হইবেক।

---

* গবর্ণমেণ্টের ১৮৪১ সালের ১৩ আপ্রিল তারিখের হুকুমানুসারে কমিস্যনর সাহেবেরা খাস মহালের টাকা আদায়করণের খরচের নিমিত্ত বৎসরের সর্ব্বসুদ্ধ আদায় হওয়া টাকার গড়ে শতকরা ১০ টাকার অনূর্দ্ধের বিল মঞ্জুর করিতে ক্ষমতা পাইয়াছেন।

† ইস্তমরারী জমা ধার্য্যহওয়া যে মহালের ১০০৲ টাকার অনধিক জমা হয়।

আদালতের হুকুমক্রমে যে মহাল ক্রোক হইয়াছে।

Bengally or Fusly month is understood, unless a settlement should, in any instance, have been made according to the English months Thus if the heading in the returns of a Collector in the Province of Bengal, runs, "Demand from May 1842 to April 1843," the demand meant is the aggregate of the 12 kists from *Bysack* to *Choit*

5 The Mehalwarry details though useful yet not being absolutely necessary for the purposes of the Revenue Accountant or the Board, are hereafter, with a view to relieve Collectors, to be omitted from all the annual accounts, except the Explanatory arrangement of Bukya Balances But the Accountant has been authorised to call, if necessary, upon Collectors to furnish him once in every five years, for the purposes of reference and record, with a detailed Jumma Wassil Bakee of all the Revenue paying Estates in each District The Mehalwarry details in the Explanatory arrangement are required by the Board for administrative purposes

6 A new Return has been prescribed in the revised Forms viz a Register of Balances due by Land Revenue Defaulters The necessity for such a return originates in the fact of balances remaining due after the sale of Estates, sold for arrears of Revenue, not being any longer debitable to the *estates* sold, but to the late *proprietors* of the Estates The same remark applies to balances due on lapsed or cancelled farming leases Hitherto, however, they have been improperly retained in the Toujees against the *Estates* All balances of this nature therefore, that may now be on the Toujees, are to be altogether written off the Toujees of 1842 43 and transferred to the Defaulters' Register

7 The 6th head in the Classification of Mehals in the revised returns (Mehals held Khass or of which the revised Jumma has not been confirmed) it is necessary to explain, is intended to embrace all Mehals of which the Jumma borne on the Toujee has ceased to represent the *real* demand

8 The forms now prescribed are to be understood as at present only *experimentally* adopted

J B Thornhill, *Offg. A R D*

Fort William Revenue Accountant's Office,

The 30th April, 1842

List

No 1 Abstract of the settlement and kistbundy of the annual Jumma or Demand on account of Land Revenue

Vide General Instructions No 4 To be dispatched on the 15th May of the year to which it appertains

No 2 Monthly Hall Toujee

Vide with reference to Demand, General Instructions No 4 Date of Dispatch the 15th of the month succeeding that to which the return appertains

At foot of this statement is a Memo of actual and estimated Demand and of actual Collections of Khass Mehals The Memo is required by the Board for the purpose of ascertaining the *actual* results of

কিন্তু যদি কোন গতিকে ইঙ্গরেজী মাসানুসারে বন্দোবস্ত করা গিয়া থাকে তবে ইঙ্গরেজী মাস জ্ঞান করিতে হইবেক অর্থাৎ যদি বাঙ্গলা প্রদেশে কালেক্টর সাহেবের কৈফিয়তের শিরোভাগে এইমত কথা লেখা থাকে ১৮৪২ সালের মে মাসঅবধি ১৮৪৩ সালের আপ্রিল মাসপর্য্যন্তের দাওয়া তবে তাহা বৈশাখ মাসঅবধি চৈত্র মাসপর্য্যন্ত বারো কিস্তীর মোটে দাওয়া বুঝা যাইবেক।

৫। মহালওয়ারী বিবরা কর্ম্মণ্য বটে তথাপি রেবিনিউর আকোণ্টেণ্ট সাহেবের অথবা বোর্ডের সাহেবেরদের কার্য্যের নিমিত্তে অত্যন্ত আবশ্যক নাই অতএব উত্তর কালে কালেক্টর সাহেবেরদের পরিশ্রম কমাইবার নিমিত্ত তাহা বার্ষিক হিসাবের মধ্যে লেখা যাইবেক না কিন্তু বাকী টাকা বুঝাইবার নিদর্শন লিপিতে লেখা যাইবেক। তথাপি আকোণ্টেণ্ট সাহেবের দেখিবার ও তাঁহার শিরিশতায় থাকিবার নিমিত্ত আবশ্যক হইলে কালেক্টর সাহেবেরদের স্থানে পাঁচ২ বৎসর অন্তরে প্রত্যেক জিলার মালগুজারীর সমস্ত মহালের জমা ওয়াসীল বাকীর বিস্তারিত বিবরণ চাহিতে পারেন। বুঝাইবার নিদর্শন লিপিতে মহালওয়ারী বিবরা বোর্ডের সাহেবেরদের কার্য্যসাধনের নিমিত্তে আবশ্যক।

৬। শুদ্ধকরা পাঠে এক নূতন কৈফিয়ৎ প্রস্তুত করিতে হুকুম হইয়াছে অর্থাৎ ভূমির মালগুজারীর বাকী দারের স্থানে পাওনা টাকার এক রেজিষ্টর। এইমত কৈফিয়তের আবশ্যকহওনের কারণ এই যে বাকী মালগুজারীর নিমিত্ত নীলামহওয়া মহালের নীলামের পর যে টাকা বাকী থাকে তাহা ঐ মহালের নামে আর লেখা যাইতে না পারে কিন্তু ঐ মহালের সাবেক মালিকের নামে লেখা উচিত এবং শেষহওয়া অথবা বদহওয়া ইজারার বাকী টাকার বিষয়ে এইরূপে করিতে হয়। এই পর্য্যন্ত ঐ সকল বাকী টাকা প্রত্যেক মহালের নামে তৌজীতে লিখিত হইয়াছে কিন্তু তাহা অনুচিত অতএব এই প্রকার যত বাকী টাকা এক্ষণে তৌজীতে লেখা থাকে তাহা ১৮৪২। ৪৩ সালের তৌজীহইতে একেবারে উঠাইয়া বাকীদারেরদের রেজিষ্টরীর মধ্যে লিখিতে হইবেক।

৭। খাস মহাল অথবা যে মহালের সংশোধিত জমা মঞ্জুর হয় নাই তাহা শুদ্ধকরা কৈফিয়তের মধ্যে মহাল বিভাগকরণের ছয় দফাতে লেখা আছে তাহার বিষয়ে ইহা মন্তব্য যে যে সকল মহালের তৌজীতে লেখা জমা তাহার প্রকৃত জমার সঙ্গে ঐক্য নাই সেই সকল ঐ ৬ দফাতে লিখিতে হইবেক।

৮। এক্ষণে যে কৈফিয়তের হুকুম হইয়াছে তাহা কেবল পরীক্ষার নিমিত্ত ব্যবহার হইবেক এমত বোধ করিতে হইবেক। জে বি থর্ণহিল।

রেবিনিউ ডিপার্টমেণ্টের একটিং আকোণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম ১৮৪২। ৩০ আপ্রিল।

তালিকা।

১ নম্বর। ভূমির মালগুজারীর নিমিত্ত বার্ষিক জমা অথবা দাওয়ার টাকার বন্দোবস্ত ও কিস্তিবন্দীর চুম্বক।

সাধারণ উপদেশের ৪ নম্বর দেখ। ঐ বন্দোবস্ত ও কিস্তিবন্দী যে বৎসরের নিমিত্তে হয় সেই বৎসরের ১৫ মে তারিখে পাঠাইতে হইবেক।

২ নম্বর। মাসিক হাল তৌজী।

দাওয়ার টাকার বিষয়ে ৪ নম্বরী সাধারণ উপদেশ দেখ। ঐ তৌজী যে মাসের হয় তাহার পর মাসের ১৫ তারিখে পাঠাইতে হইবেক।

এই কৈফিয়তের শেষে খাস মহালের প্রকৃত এবং আন্দাজী দাওয়ার টাকার এবং নিশ্চিত আদায় হওয়া টাকার এক লিপি আছে। ঐ লিপি বোর্ডের সাহেবেরা তৌজীর লিখিত খাস মহালের নিশ্চিত উৎপন্ন জানিবার নিমিত্তে চাহিয়াছেন যেহেতুক স্মরণ করিতে

Khass Mehals on the Toujee, for it will be recollected that these Estates are borne on the Toujee at their *former* settlement Jummas, consequently their Demand as shewn in the *body* of the Toujee is *nominal*, and their net collections when they happen to *exceed* the Toujee Demand, are shewn in the body of the account in *part* only, because they are shewn only to such extent as will cover the Toujee Demand, hence the necessity for the Memo to shew *actual* results

No 3 Quarterly Bukaya Toujee

To be dispatched on the 10th of the 1st month of the succeeding Quarter

No 4 Comparative Statement of Annual Jumma or Demand of Land Revenue

The chief modification of this return consists in the exhibition in it of the former and present of fiscal years Jumma of Estates resettled To be dispatched in all May of the ensuing year of Account

No 5 Jumma Wassil Bakee

A new Column has been prescribed in this Statement for the exhibition of balances due by Revenue Defaulters, which are in future to be altogether written off the rent roll and to be transferred to a separate register

Mehalwarry Details omitted Statement to be dispatched in all May of the ensuing year of account

No 6 Annual Bukaya Toujee Ditto ditto ditto

No 7 Explanatory arrangement of Balances

Mehalwarry details necessary See General Instructions No 5 To be dispatched in all May of the ensuing year of account

No 8 Detailed Register of Balances due by Revenue Defaulters

See General Instructions, No 6 To be dispatched in all May of the ensuing year of account

No 1 Quarterly Statement of collection of Mehals not on the Toujee

No 2 Quarterly Statement of charges of Collections of Do

See General Instructions, No 1 and 2 To be dispatched on the 10th of the first month of the succeeding Quarter

J B Thornhill, *Offg A R D*

Extract from the Board's Address to Government, dated 26th February, 1842, No 78

Part of Para 2 The forms now to be introduced involve only a slight modification of the existing system The object of that modification is twofold 1st, to assimilate, or rather to identify the Returns required by the superior Revenue Authorities with those furnished to the Accountant, and 2ndly, to lighten the labors of the Collectors' offices by the abolition of all unnecessary details

3 In pursuance of the first object the monthly Toujees heretofore furnished to the Accountant, and the quarterly Toujees submitted to the Board will be discontinued and, instead of them, quarterly

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ৭ জুন।]

হইবেক যে ঐ সকল মহালের সাবেক বন্দোবস্তী জমা তৌজীতে লেখা গিয়া থাকে অতএব ঐ সকল মহালের যে দাওয়ার টাকা তৌজীর মধ্যে লেখা যায় তাহা নাম মাত্র এবং সর্ব্বসুদ্ধ যে টাকা আদায় হয় তাহা যদি তৌজীর দাওয়ার টাকাহইতে অধিক হয় তবে তাহার কেবল এক ভাগ তৌজীর দ্বারা জানা যাইতে পারে যেহেতুক যত টাকার দ্বারা তৌজীর দাওয়ার টাকার পরিশোধ হইতে পারে কেবল তত টাকা তাহার মধ্যে লেখা থাকে অতএব তাহার নিশ্চিত উৎপন্ন টাকা জানিবার নিমিত্তে ঐ লিপির আবশ্যক।

৩ নম্বর। ত্রৈমাসিক বকেয়া তৌজী।

যে তিন মাসের তৌজী হয় তাহার পর প্রথম মাসের ১০ তারিখে তাহা পাঠাইতে হইবেক।

৪ নম্বর। ভূমির মালগুজারীর বার্ষিক জমা অথবা দাওয়ার টাকার মোকাবিলাহওয়া কৈফিয়ৎ।

সাবেক কৈফিয়ৎ এবং এই কৈফিয়তের বিশেষ এই যে ইহার মধ্যে যে সকল মহালের পুনর্ব্বার বন্দোবস্ত হইয়াছে তাহার সাবেক এবং বর্ত্তমান হিসাবী বৎসরের জমা দেখা যাইতেছে। যে বৎসরের বিবরণ এই কৈফিয়তে লেখা গিয়াছে তাহার পর বৎসরের মে মাসে তাহা পাঠাইতে হইবেক।

৫ নম্বর। জমা ওয়াসীল বাকী।

এই কৈফিয়তে মালগুজারীর বাকীদারদিগের স্থানে পাওনা টাকা দেখাইবার নিমিত্ত এক নূতন শ্রেণী নির্দ্দিষ্ট হইয়াছে ঐ বাকী টাকা তৌজীহইতে একেবারে উঠাইয়া স্বতন্ত্র এক রেজিষ্টরে লিখিতে হইবেক।

মহালওয়ারী রেওরা লেখা যাইবেক না। এই কৈফিয়তে যে বৎসরের হিসাব লেখা যাইতেছে তাহার পর বৎসরের মে মাসে তাহা পাঠাইতে হইবেক।

৬ নম্বর। বার্ষিক বকেয়া তৌজী।

ইহাও পর বৎসরের মে মাসে পাঠাইতে হইবেক।

৭ নম্বর। বাকী টাকা বুঝাইবার নিদর্শন লিপি।

ইহাতে মহালওয়ারী রেওরা লেখা আবশ্যক ৫ নম্বরী সাধারণ উপদেশ দেখ। ইহা হিসাবের পর বৎসরের মে মাসে পাঠাইতে হইবেক।

৮ নম্বর। মালগুজারীর বাকীদারদিগের স্থানে পাওনা টাকার বিস্তারিত রেজিষ্টর।

সাধারণ উপদেশের ৬ নম্বর দেখ। এই হিসাব পর বৎসরের মে মাসে পাঠাইতে হইবেক।

১ নম্বর। তৌজীতে না লেখা মহালের আদায়হওনা টাকার ত্রৈমাসিক কৈফিয়ৎ।

২ নম্বর। ঐ টাকার আদায়করণের খরচের ত্রৈমাসিক কৈফিয়ৎ।

সাধারণ উপদেশের ১ ও ২ নম্বর দেখ। এই কৈফিয়ৎ যে তিন মাসের নিমিত্ত হয় তাহার পর প্রথম মাসের ১০ তারিখে তাহা পাঠাইতে হইবেক।

জে বি থর্ণহিল। রেবিনিউ ডিপার্টমেণ্টের একটিং আকৌণ্টেণ্ট।

গবর্ণমেণ্টের প্রতি সদর বোর্ডের ১৮৪২ সালের ২৬ ফেব্রুআরি তারিখের ৭৮ নম্বরী পত্রের চুম্বক।

২ ধারার এক ভাগ। এক্ষণে যে কৈফিয়তের ব্যবহার হইবেক তাহাতে চলিত কৈফিয়তের কেবল যৎকিঞ্চিৎ মতান্তর হইয়াছে। সেইরূপ মতান্তরকরণের দুই অভিপ্রায় আছে প্রথম এই যে আকৌণ্টেণ্ট সাহেবের নিকটে যে কৈফিয়ৎ পাঠান যায় এবং রাজস্বের উপরিস্থ কার্য্যকারকেরদের নিকটে যে কৈফিয়ৎ পাঠাইতে হয় এই দুই এক প্রকার বরং একি হয় এবং দ্বিতীয় অভিপ্রায় যে অনাবশ্যক সমস্ত বিবরণ রহিতকরণের দ্বারা কালেক্টর সাহেবেরদের পরিশ্রম কম হয়।

৩। প্রথম অভিপ্রায় সিদ্ধকরণের নিমিত্তে এইপর্য্যন্ত যে মাসিক তৌজী আকৌণ্টেণ্ট সাহেবের নিকটে পাঠান যায় এবং যে ত্রৈমাসিক তৌজী সদর বোর্ডে পাঠান যায় তাহা রহিত হইবেক। এবং তাহার পরিবর্ত্তে

Toujees, Hall and Bukaya, will be prepared in duplicate and submitted simultaneously to the Accountant and to the Commissioners The Board will get a figured Statement from the Accountant, and the Commissioners will be required to submit to the Board a copy of their Resolutions on the Toujee of each District In furtherance of the second object, the Mehalwarry detail in the annual Jumma Wasil Bakee and Bukya Toujee will be dispensed with, the only document in which the Mehalwarry details are to be returned, being the explanatory arrangement of the Bukya balance The nature and use of this Return sufficiently indicate the necessity of its being prepared in detail it is a most valuable document for administrative purposes, and when duly examined by the superior Authorities will be an effectual check on the accumulation of arrears, as those Mehals, and those only are entered in it, against which a balance may have been outstanding for a longer period than 12 months

E CURRIE, *Secretary*

Fort William 11th May, 1842

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT

No 1626

To the Civil Authorities in the Lower Provinces

A difference of practice being understood to exist in respect to the value of Stamp on which Petitions under Article 7, Schedule B Regulation X of 1829, are required to be written in the Zillah and City Courts the Court intimate, in consultation with the Sudder Dewanny Adawlut at Allahabad, that such Petitions whether concerning matters before the Zillah and City Courts, *as such*, or as possessing the Jurisdiction once held by the Provincial Courts, should be engrossed on an 8 Anna, and not a Rupee Stamp

W KIRKPATRICK, *Deputy Register*

Fort William, 27th April, 1842

EDUCATION

No 23

TO THE SECRETARY TO THE LOCAL COMMITTEE

I am directed by the Honourable the President in Council to instruct you as follows

I Your Committee will be pleased to discontinue sending to this office in future, any Indents for any Books or other Instruments of instruction for the use of your Institution

II Your Committee will charge as a Contin

হাল ও বকেয়াব ত্রৈমাসিক তৌজীব দুই নকল প্রস্তু হইয়া একি সময়ে আকেকৌণ্টেণ্ট এবং কমিস্যনব সাহেবেবদেব নিকটে পাঠাইতে হইবেক। আকেকৌণ্টেণ্ট স হেব বোর্ডেব সাহেবেবদেব নিকটে অঙ্কেব এক কৈফি য়ৎ পাঠাইবেন এবং কমিস্যনব সাহেবেবা প্রত্যেক যি লাব তৌজীব বিষয়ে যাহা ধার্য্য কবেন্ তাহাব এক নক তাঁহাবা সদব বোর্ডে পাঠাইবেন। দ্বিতীয় অভিপ্রা সিদ্ধকবণেব নিমিত্তে বার্ষিক জমাওয়াসীল বাকী এবং বকেয়াব তৌজীতে মহালওযাবী বিবৰণ লেখা যাইবে না কেবল বাকী টাকা বুঝাইবাব নিদর্শন লিপিতে লেখ যাইবেক। এই কৈফিয়তেব ভাব ও কার্য্য বিবেচন কবিলে তাহা বেওবা কবিয়া প্রস্তুতকবণেব আবশ্যকত দৃষ্ট হইবেক। তাহা বাজকীয় কার্য্য চালাইবাব নি মিত্তে অতিপ্রযোজনীয় এবং উপবিস্থ কার্য্যকাবকেব উপযুক্তমতে যদি তাহাব তহকীক কবেন তবে বাকী টা কাব বৃদ্ধিহওয়া সম্পূর্ণরূপে নিবাবণ হইতে পাবিবে যেহেতুক বাবো মাসেব অধিক যে২ মহালেব টাক বাকী পড়িয়াছে কেবল সেই২ মহাল তাহাব মধ্যে লেখ যাইবেক।

ই কবি। সেক্রেটাবী।

ফোর্ট উলিয়ম ১৮৪২। ১১ মে।

JOHN C MARSHMAN, *Bengalee Translato*

সদব দেওযানী আদালতেব সবকুলব অর্ডব।

১৬২৬ নম্বব।

বাঙ্গলাপ্রভৃতি দেশেব শ্রীযুত দেওযানীব কার্য্যকা বক সাহেব ববাববেষু।

১৮২৯ সালেব ১০ আইনেব B তফসীলেব ৭ প্রক বণানুসাবে জিলা এবং শহবেব আদালতে যে মুল্যে ইষ্টাম্প কাগজে দবখাস্ত লিখিতে হয তাহাব বিষয়ে ব্যব হাবেব বৈলক্ষণ্য হইতেছে বোধ হওয়াতে সদব আদ লতেব সাহেবেবা আলাহাবাদেব সদব দেওযানী আদ লতেব সাহেবেবদেব সঙ্গে পবামর্শ কবিয়া হুকুম কবি তেছেন যে এইমত দবখাস্ত যদি জিলা ও শহবেব প্রকৃ কার্য্যেব সম্পর্কে তথায় কবা যায় অথবা সাবেক প্রভি ন্স্যল আদালতেব ক্ষমতা জিলা ও শহবেব আদালতে অর্পণহওয়াতে যে কার্য্য ঐ আদালতে উপস্থিত কব যায় তৎসম্পর্কে হয উভয গতিকে ১৲ টাকা মুল্যেব ইষ্টাম্প কাগজে না লিখিয়া ৷৷০ আনা মুল্যেব ইষ্টাম্প কাগজে লিখিতে হইবেক।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী বেজিষ্টব

ফোর্ট উলিয়ম ১৮৪২। ২৭ আপ্রিল।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

বিদ্যাধ্যাপন।

২৩ নম্বব।

লোকেল কমিটিব শ্রীযুত সেক্রেটাবী সাহেব ববাববেষু।

কৌন্সেলেব শ্রীযুত প্রসীডেণ্ট সাহেবেব হুকুমক্রমে তোমাব নিকটে নীচেব লিখিত উপদেশ পাঠাইতেছি।

১। তোমাব বিদ্যালয়েব নিমিত্তে যে কোন পুস্তক অথবা কোন যন্ত্রেব প্রয়োজন হয় তাহা তোমাব কমিটিব সাহেবেবা উত্তব কালে এই দপ্তবখানাহইতে চাহিবেন না।

২। তোমাব কমিটিব সাহেবেবা মাসে২ নীচেব লিখিত

ent Bill the sum of Rupees* per month, and from that source, and from the proceeds of Rule 41, to which rule you should most strictly adhere, you will provide such Books, &c, as your Local Committee may require for the Classes, confining yourself generally to the specification of works of this description laid down in p 14 to 19 of the Rules For works of reference for your Library and for Prize Books, your Committee will select such as you may wish —but for all Books, &c your Committee is to make your own arrangements with Book Agents in Calcutta or elsewhere, direct

III The amount thus drawn, when not expended in one month, may be reserved till required, but your Committee will furnish to this office a full account, on the 30th of April of each year, of the state of your Library, and of your Receipts and Expenditure on account of Books, &c including in the former in a separate column, those under Rule 41 —Donations of Books should be also noted separately

IV Your Correspondence with your Agents on this service will be free, under cover to, and under frank of, this office, when your Agents may be here —and of the Senior Civil Servant or the Secretary to the Local Committee at the place, when elsewhere The former (i e Senior Civil Servant) only in places where there may be no Local Committee Your "Service" parcels will also have free conveyance per the Government Steamers

V This grant is to have effect from 1st of May 1842, and is to be charged in separate bills

H V BAYLEY,
Deputy Secretary

Council Chamber }
May 11th, 1842 }

NOTIFICATION

APPOINTMENT BY THE SUDDER DEWANNY ADAWLUT

THE 27TH MAY 1842

Khyroolah Shah Budduk Shanee, Moonsiff of the

	Rs		Rs
* To Bancoorah,	20	Do Hill School,	20
Jessore,	20	Moulmein,	20
Dacca,	70	Benares,	100
Comillah	20	Ghazipore,	30
Chittagong,	30	Allahabad,	40
Bouleah	30	Saugor	30
Burrisal,	20	Jubbulpore,	25
Sylhet,	20	Azimghur,	25
Cuttack,	25	Goruckpore,	20
Midnapore,	25	Agra,	100
Gowahatee,	2‸	Dehlee,	100
Sibsaugor,	20	Bareilly,	30
Akyab,	20	Meerut,	25
Ramree,	20	Furruckabad,	25
Patna,	30	Ajmeer,	25
Bhaugulpore,	30		

[গবর্ণমেন্ট গেজেট ১৮৪২। ৭ জুন।]

টাকার নিমিত্তে উপরি বিল পাঠাইবেন*। এবং ঐ টাকা হইতে ও ৪১ সংখ্যক বিধিক্রমে যে টাকা পাওয়া যায় তাহাহইতে তোমার ছাত্রেরদের নিমিত্তে যে সকল পুস্তক প্রভৃতির আবশ্যক হয় তাহা লোকেল কমিটির সাহেবেরা ক্রয় করিবেন। ঐ ৪১ সংখ্যক বিধিতে তোমার নিয়ত মনোযোগ করা উচিত। কিন্তু সাধারণ মতে তাহারা বিধির ১৪ পৃষ্ঠাঅবধি ১৯ পৃষ্ঠাপর্য্যন্তের নির্দ্দিষ্ট পুস্তক ক্রয় করিবেন। তোমার পুস্তকালয়ে রাখিবার নিমিত্তে এবং ছাত্রেরদিগকে পুরস্কারস্বরূপ দেওনের নিমিত্তে যে পুস্তক আবশ্যক হয় তাহা তোমার কমিটির সাহেবেরা স্বেচ্ছামতে মনোনীত করিবেন। কিন্তু যত পুস্তকাদির প্রয়োজন হয় তাহা কমিটির সাহেবেরা কলিকাতার পুস্তক বিক্রয়কারিরদের নিকটহইতে আনাইবেন।

৩। এইরূপে যত টাকা পাওয়া যায় তাহা যদি এক মাসের মধ্যে ব্যয় না হয় তবে সেপর্য্যন্ত তাহার খরচ আবশ্যক না হইবেক সেইপর্য্যন্ত জমা থাকিবেক। এবং প্রতিবৎসরের ৩০ আপ্রিল তারিখে তোমার কমিটির সাহেবেরা তোমার পুস্তকালয়ের অবস্থা এবং পুস্তকাদির নিমিত্তে যত টাকা জমা ও খরচ হইয়াছে তাহার সম্পূর্ণ হিসাব এই দফ্তরখানায় পাঠাইবা। যত টাকা ৪১ সংখ্যক বিধিক্রমে পাওয়া গিয়াছে তাহা স্বতন্ত্র শ্রেণীতে জমা করিবা। তোমার পুস্তকালয়ে যত পুস্তক অন্যান্য ব্যক্তিকর্ত্তৃক দত্ত হয় তাহা স্বতন্ত্র লিখিবা।

৪। যে ব্যক্তির স্থানে তুমি পুস্তক ক্রয় করিবা তিনি যদি কলিকাতায় থাকেন তবে তাহার নিকটে তোমার পত্র তুমি বিনামাসুলে এই দফ্তরখানায় পাঠাইতে পার এবং তাঁহারদের উত্তর বিনামাসুলে তোমার দফ্তরখানায় পাঠান যাইবেক অথবা যদি সেই পুস্তকবিক্রেতা অন্য কোন স্থানে থাকেন তবে সেই স্থানে অগ্রগণ্য সিবিল সরবেন্ট অথবা সেই স্থানের কমিটির সেক্রেটারী সাহেবের দ্বারা বিনামাসুলে পাঠান যাইবেক। কেবল যে স্থানে কোন কমিটি নাই সেই স্থানে অগ্রগণ্য সিবিল সরবেন্টের দ্বারা পাঠাইতে হইবেক এবং ঐ পুস্তকের পুলিন্দা বিনাখরচে বাষ্পীয় জাহাজের দ্বারা তোমার নিকটে পাঠান যাইবেক।

৫। পুস্তকের নিমিত্ত এই টাকার দান ১৮৪২ সালের ১ মে তারিখঅবধি চলিবেক এবং তাহা স্বতন্ত্র২ বিলের মধ্যে লিখিতে হইবেক।

এচ বি বেলি। সেক্রেটারী।

কৌন্সেল ঘর ১৮৪২। ১১ মে।

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের নিয়োগ।

১৮৪২ সাল ২৭ মে।

প্রথম শ্রেণীর মুনসেফ শ্রীযুত খয়রুল্লা শা বদকশান

	টাকা		টাকা
* বাকুড়া	২০	তথাকার পর্ব্বতীয় পাঠশালা	২০
যশোহর	২০	মৌলমেন	২০
ঢাকা	৭০	বারাণস	১০০
কমিল্লা	২০	গাজীপুর	৩০
চাটিগা	৩০	আলাহাবাদ	৪০
বোয়ালিয়া	৩০	সাগর	৩০
বরিশাল	২০	জব্বলপুর	২৫
ছিলট	২০	আজীমগড়	২৫
কটক	২৫	গোরখপুর	২০
মেদিনীপুর	২৫	আগ্রা	১০০
গৌহাটি	২৫	দিল্লী	১০০
শিবসাগর	২০	বরেলি	৩০
আক্যাব	২০	মীরট	২৫
রামরি	২০	ফরক্কাবাদ	২৫
পাটনা	৩০	আজমীর	২৫
ভাগলপুর	৩০		

1st grade, to be Moonsiff of Zorawurgunge, and Moulvee Rukeebooddeen, late Moonsiff of Baus khally, to be Moonsiff of Howla, in Zillah Chittagong

Moulvie Bakaoollah, Moonsiff of Nusserabad, Mymensing, to be Moonsiff of Commercolly, Zillah Jessore

J HAWKINS, *Register*

CIVIL APPOINTMENTS

No 204
FORT WILLIAM,
GENERAL DEPARTMENT,
The 25th May, 1842

Mr R H Scott has been permitted to resign the East India Company's Civil Service —the resignation to take effect from the 24th instant

H V BAYLEY,
Deputy Secy to the Govt of Bengal

No 868
FORT WILLIAM
GENERAL DEPARTMENT
EDUCATION
The 25th May, 1842

Lieut H S Bigge Principal Assistant to the Commissioner of Assam, and Captain T Fisher, Commanding 1st Assam Sebundy Corps, are appointed Members of the Local Committee of Education at Gowahatty

H V BAYLEY,
Depy Secy to the Govt of India

No 904
FORT WILLIAM
GENERAL DEPARTMENT
EDUCATION
The 25th May, 1842

Syed Zainuddeen Hossein, Deputy Collector, has been appointed a Member of the Local Committee of Education at Bhaugulpore

H V BAYLEY
Depy Secy to the Govt of India

No 623
ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL
JUDICIAL AND REVENUE DEPARTMENT
The 16th May, 1842
LEAVE OF ABSENCE

Baboo Kewulkissen Roy, Deputy Collector under Regulation IX of 1833, in Bullooah, for one month from the 7th instant, under Medical Certificate

The 30th May 1842
APPOINTMENTS

To be Members of a Committee for the management of the Surplus Ferry Funds of the District of 24 Pergunnahs

Prince Gholam Mahomed,
Rajah Suttee Churn Ghossaul,

জববরগঞ্জের মুনসেফ হইবেন। এবং বাঁশখালির সবেক মুনসেফ শ্রীযুত মৌলবী রকীবুদ্দিন জিলা চাটিগাঁর হোলার মুনসেফ হইবেন।

ময়মনসিংহে নসীরাবাদের মুনসেফ শ্রীযুত মৌলবী বাকা উল্লা জিলা যশোহরের কুমারখালার মুনসেফ হইবেন।

জে হকিন্স। রেজিষ্টর।

রাজ কর্ম্মে নিযোগ।

২০৪ নম্বর।
ফোর্ট উলিয়ম
জেনরল ডিপার্টমেণ্ট।
১৮৪২ সাল ২৫ মে।

শ্রীযুত আর এচ স্কট সাহেব বর্ত্তমান মাসের ২৪ তারিখঅবধি কোম্পানি বাহাদুরের সিবিলসম্পর্কীয় কর্ম্মে ইশতাফা দেওনের অনুমতি পাইয়াছেন।

এচ বি বেলি।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ডেপুটী সেক্রেটারী।

৮৬৮ নম্বর।
ফোর্ট উলিয়ম।
জেনরল ডিপার্টমেণ্ট।
বিদ্যাধ্যাপন।
১৮৪২ সাল ২৫ মে।

আসামের কমিসনরের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট এচ এস বিগ সাহেব এবং আসামের সিবন্দি ১ পল্টনের সৈন্যাধ্যক্ষ শ্রীযুত কাপ্তান টি ফিশর সাহেব গৌহাটিতে বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বরী পদে নিযুক্ত হইয়াছেন।

এচ বি বেলি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের ডেপুটী সেক্রেটারী।

৯০৪ নম্বর।
ফোর্ট উলিয়ম।
জেনরল ডিপার্টমেণ্ট।
বিদ্যাধ্যাপন।
১৮৪২ সাল ২৫ মে।

ডেপুটী কালেক্টর শ্রীযুত সায়দ জৈনুদ্দীন হুসেন ভাগলপুরের বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বরী পদে নিযুক্ত হইয়াছেন।

এচ বি বেলি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের ডেপুটী সেক্রেটারী।

৬২৩ নম্বর।
বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবরনর সাহেবের হুকুম।
জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেণ্ট।
১৮৪২ সাল ১৬ মে।
ছুটী।

১৮৩৩ সালের ৯ আইনঅনুসারে বলুয়ার ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কেবলকৃষ্ণ রায় চিকিৎসকের সর্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ৭ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন

১৮৪২ সাল ৩০ মে।
নিয়োগ।

চব্বিশপরগনার গুদারার নৌকার দ্বারা প্রাপ্ত কাজিল টাকা ব্যয়করণার্থ নচের লিখিত মহাশয়েরা কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত শাজদা গোলাম মহম্মদ।
,, রাজা সত্যচরণ ঘোষাল।

Mr J Dunbar,
Revd A W Street,
Baboo Gooroopersaud Roy,
Baboo Ramrutton Roy

শ্রীযুত জে ডনবার সাহেব।
,, রেবেরেণ্ড এ ডবলিউ ষ্ট্রিট সাহেব।
,, বাবু গুরুপ্রসাদ রায়।
,, বাবু রামরত্ন রায়।

To be ditto of a ditto for the ditto of the ditto ditto of the District of Nuddea
Dr C W Fuller,
Mr Savi,
Mr Binny,
Baboo Bamun Dos Mokerjee
Baboo Sumboonath Mokerjee,
Baboo Rajib Lochun Sirkar
Baboo Rammohun Bannerjee

নদীয়া জিলাতে নীচের লিখিত মহাশয়েরা ঐ কর্ম্মেতে কমিটির মেম্বর হইবেন।
শ্রীযুত ডাক্তর সি ডবলিউ ফুলর সাহেব।
,, সাবি সাহেব।
,, বিনি সাহেব।
,, বাবু বামনদাস মুখোপাধ্যায়।
,, বাবু শম্ভুনাথ মুখোপাধ্যায়।
,, বাবু রাজীবলোচন সরকার।
,, বাবু রামমোহন বাড়ুয্যা।

Mr J W Yule, to be a Member of the ditto for the ditto of the ditto ditto of the District of Chumparun, vice Mr Henry Hill resigned

চম্পারণ জিলার ঐ কর্ম্মের মেম্বরী পদে শ্রীযুত হেনরি হিল সাহেব ইশতাফা দেওয়াতে তাঁহার পরিবর্তে শ্রীযুত জে ডবলিউ য়ুল সাহেব ঐ পদে নিযুক্ত হইয়াছেন।

LEAVES OF ABSENCE

ছুটী।

Mr C A Ravenshaw, Assistant to the Magistrate and Collector of Bhaugulpore, for one month under Medical Certificate

ভাগলপুরের মাজিস্ট্রেট ও কালেকটরের আসিষ্টাণ্ট শ্রীযুত সি এ রেবনশ সাহেব চিকিৎসাকের সর্টিফিকেট ক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

Moulvie Mahomed Farook Sudder Ameen and Moonsiff of Balasore, for ten days, from 30th May to 8th June 1842, on private affairs

বালেশ্বরের সদর আমীন ও মুনসেফ শ্রীযুত মৌলবী মহম্মদ ফারুক খাঁ কর্ম্মোপলক্ষে ১৮৪২ সালের ৩০ মে তারিখঅবধি ৮ জুনপর্য্যন্ত দশ দিবসের ছুটী পাইয়াছেন।

F J HALLIDAY,
Secy to the Govt of Bengal

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS — গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

SALT — নিমক।

ইস্তেহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত পাঙ্গা নেমক পশ্চাদুক্ত নিরিখ দরে বিক্রয়ার্থে প্রস্তুত আছে খরিদারানের উচিত যে ঐ নেমকের রকম মোং বেওতার গোলার নমুনাদৃষ্টে খাতিরজমামত বুঝিয়া খরিদ করেন আর যে ব্যক্তি মোকাম মজকুরে প্রথমে রওয়ানা দাখিল করিবেক সেই ব্যক্তি পহিলা ওজন পাইবার যোগ্য হইবেক।

নেমকের রেওরা।

এজেন্সী অর্থাৎ জেলার নাম	ঘাটের নাম	কোন সনের পোক্তান	মওয়াজি নেমক	নিরিখ দর ফি ১০০/ মোন
২৪ পরগনা	বেওতা	১২৪৮ সাল	২০০০/ মোন	কোং ৪৩২৲

বোর্ড পরমিট নিমক ও আফিম তাং ২৮ মে সন ১৮৪২ সাল। — এচ টরেন্স। সেক্রেটারী।

SALES OF LAND — জমীদারী নীলাম।

নং ৬৪ জামিনী।

ইস্তাহারনামা কাছারি ডেপুটী কালেক্টরি জেলা মেদিনীপুর এজলাস শ্রীযুত গোবিন্দচন্দ্র বসাক রায় বাহাদর ডেপুটী কালেক্টর।

যেহেতু নীচের লিখিত জামিনী জায়দাদের রীতিমত উদ্ধারক করা আবশ্যক অতএব উদ্ধারার্থ হুকুমানুসারে ১ এক মাস মেয়াদে ইস্তাহার দেওয়া যাইতেছে যে যে কেহ জায়দাদ মজকুরের দাবিদার ওয়ারিস থাকে মেয়াদ মধ্যে খোদ কিম্বা মোক্তারের দ্বারা হুজুরে হাজির হইয়া সাবুদ সমূলিত ওজরাতের দরখাস্ত করে নচেৎ মেয়াদ গতে কাহারো কোন ওজর শুনা যাইবেক না ইতি সন ১৮৪২ সাল তাং ২৪ মেই।

নাম জামিনদায়ক	নাম জামিনদার	জামিনী জায়দাদ
ত্রিলোচন নন্দ ইষ্টাম্প মোহরি থানা মহলন্দপুর।	মধুসুদন নন্দ	পং কাশিজোড়া নং ১৮৫ মহাল বাসুদেব বল্যা। তালুকে নীলামী খরিদ মধুসুদন নন্দ ও গুরুপ্রসাদ পোদ্দার উভয় কোং ৭৪৮/৩। ইহার মধ্যে জামিনদার ৩৭।১৯ জামিনিতে প্রতিবন্ধক।

Midnapore Collectorate, 24th May, 1842 — G C BYSACK, *Deputy Collector*

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ৭ জুন।]

100 RUPEES REWARD

A Reward of one Hundred Rupees will be given to any person who may apprehend, or give information leading to the apprehension of the undermentioned convict under sentence of imprisonment for life escaped from the Burdwan Jail

Nubboo koomar Bhuttacharjee, son of Atmaram Bhuttacharjee, caste Brahmin, 50 years of age, Inhabitant of Goonee, Thannah Punroo, Zillah Hooghly Complexion neither very dark nor fair sheep's eyes divided eyebrows, high nose, hair and mustachios frizzled, marks of small pox on his face and body, one scar on his right leg mark of inoculation on his right arm, Godena mark on his forehead Height 5 feet six inches

W Dampier,
Supt of Police L P

Monghyr the 19th May, 1842

১০০৲ টাকা পুরস্কার।

নীচের লিখিত কয়েদী ব্যক্তি যাবজ্জীবন কয়েদ থাকনের হুকুম পাইয়া বর্দ্ধমানের জেলখানাহইতে পলায়ন করিয়াছে অতএব যে কেহ তাহাকে গ্রেপ্তার করিতে পারে অথবা যাহাতে গ্রেপ্তার হয় এমত কোন সংবাদ দিতে পারে তাহাকে ১০০৲ টাকা পুরস্কার দেওয়া যাইবেক।

আত্মারাম ভট্টাচার্য্যের পুত্র নবকুমার ভট্টাচার্য্য। ব্রাহ্মণজাতি বয়স ৫০ বৎসর হুগলি জিলার পাড়ুয়া থানার গুনীগ্রাম নিবাসী। তাহার বর্ণ গৌরও নহে কালও নহে তাহার চক্ষুর বর্ণ মেষের চক্ষুর ন্যায় তাহার ভ্রূ যোড়া নহে তাহার নাক লম্বা তাহার চুল ও গোপ কোঁকড়া তাহার মুখে ও শরীরে বসন্তের দাগ তাহার দক্ষিণ পায়ে আঘাতের দাগ তাহার দক্ষিণ বাহুতে টীকার দাগ তাহার কপালে গোদনার দাগ এবং সে ব্যক্তি পাঁচ ফুট ছয় ইঞ্চি লম্বা।

ডবলিউ ডাম্পিয়র।
বাঙ্গলাপ্রভৃতি দেশের পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্ট।

মুঙ্গের। ১৮৪২ সাল। ১৯ মে।

NOTICE

Two half Bank of Bengal Notes Nos 24,011 and 9,125 one of Rs 50, the other of Rs 25 having been discovered in the possession of Bholanath Joogee, a resident of the City of Burdwan, Notice is hereby given that the owner or owners of the above will receive them on producing the remaining halves of the Notes before the undersigned

16th May, 1842

A Turnbull,
Offg Magistrate of East Burdwan

বিজ্ঞাপন।

৫০৲ টাকার ২৪,০১১ নম্বরী এবং ২৫৲ টাকার ৯১২৫ নম্বরী বাঙ্গলা বেঙ্ক নোটের অর্দ্ধেক খণ্ড বর্দ্ধমাননিবাসি ভোলানাথ যুগির স্থানে ধরা পড়িয়াছে অতএব ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে উক্ত নোট যাহার বা যাহারদের ছিল তাহারা এই নোটের অপর অর্দ্ধেক খণ্ড নীচের লিখিত সাহেবকে দেখাইলে উপরি লিখিত দুই খণ্ড নোট পাইতে পারিবেক।

১৬ মে ১৮৪২।

এ টর্ণবুল।
পূর্ব্ব বর্দ্ধমানের একটিং মাজিষ্ট্রেট।

TREASURER WANTED

For the delightful district of Kamroop, in Assam Security required for Thirty Thousand Rupees (30,000) Salary, (70) Seventy Rupees per Mensem

H Bigge, *Collector*

Gowhatti, May 6th, 1842

খাজাঞ্চীর আবশ্যক।

আমাদের অতিউত্তম কামরূপ জিলাতে এক জন খাজাঞ্চির আবশ্যক হইয়াছে তাহার জামিনস্বরূপ ৩০,০০০ ত্রিশ হাজার টাকা আমানৎ রাখিতে হইবেক এবং তাঁহার বেতন মাসিক ৭০৲ টাকা দেওয়া যাইবেক।

এচ বিগ। কালেক্টর।

গৌহাটি। ১৮৪২। ৬ মে।

SHERIFF'S SALE

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে নেহালচাঁদ বাবুর বিরুদ্ধে বেন্দি সমোইন এক্সপোনাস নামক যে এক পরওয়ানা কলিকাতার সরিফ সাহেবের হাতে আছে তাহার ক্ষমতাতে তিনি জুন মাসের ৯ তারিখ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময়ে সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারাণ্ডায় সরিফ সাহেবের দপ্তরখানায় প্রবেশ দ্বারের নিকটে নীচের লিখিত বিষয় নীলাম করিবেন।

১ নং। কলিকাতা নগরের তালতলা বাজারের শামিল ও তন্মধ্যস্থিত ৩১ নম্বরী ইষ্টকনির্ম্মিত যে সকল গুদাম এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমির উপরে উক্ত গুদাম নির্ম্মিত হইয়াছে ঐ ভূমির পরিমাণ কমবেশ ।০॥ পাঁচ কাঠা আট ছটাক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত নেহালচাঁদ বাবুর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে কোম্পানি বাহাদুরের রাস্তা উত্তর দিগে মিলেট সাহেবের বাটী ও ভূমি দক্ষিণ দিগে সেখ জরিফ কাপড়িয়ার গলি বা ভূমি পূর্ব্ব দিগে সেখ গুমানীর ভূমি।

২ নং। এবং কলিকাতা নগরের বড় বাজারের শামিল ও তন্মধ্যস্থিত প্রাণকৃষ্ণ মল্লিকের ভূমিতে মৃত নিমাইচরণ মল্লিকের বসত বাটীর পশ্চিমে যে এক দোতালা টাইলের ঘর তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত নেহালচাঁদ বাবুর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে কমলনয়নের বেড নামে রাস্তা পূর্ব্ব এবং উত্তর দিগে উক্ত প্রাণকৃষ্ণ মল্লিকের ভূমি দক্ষিণ দিগে কাশীনাথ মল্লিকের ভূমি।

সরিফের নীলাম।

সরিফ সাহেবের দপ্তরখানায় অন্বেষণ করিলে নীলামের নিয়ম জানা যাইতে পারিবেক।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে বিশ্বনাথ বিশ্বাসের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়স নামক যে এক পরওয়ানা সরিফ সাহেবের হাতে আছে তাহার ক্ষমতাতে তিনি জুন মাসের ৯ তারিখে বেলা ঠিক দুই প্রহর সময়ে সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারাণ্ডায় সরিফের দপ্তরখানায় প্রবেশ দ্বারের নিকটে নীচের লিখিত বিষয় নীলাম করিবেন।

১ নং। বিশেষতঃ কলিকাতা নগরের সুতালুটির ধর্ম্মতলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক ইষ্টক নির্ম্মিত বসত বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড বন্দ ভূমি কমবেশ ৮০ পনের কাঠা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত বিশ্বনাথ বিশ্বাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে হরিশ পালের বাটী ও ভূমি দক্ষিণ দিগে সরকারী রাস্তা পূর্ব্ব দিগে শম্ভুচন্দ্র করের বাটী ও ভূমি উত্তর দিগে ভবানী দত্তের এক খণ্ড ভূমি।

২ নং। উক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক

একতালা ইষ্টকনির্ম্মিত আস্তবল এবং তাহার সঙ্গে যে এক খণ্ড বন্দ ভূমি কমবেশ /৪ চারি কাঠা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত বিশ্বনাথ বিশ্বাসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা বিক্রয় হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষত. দক্ষিণ দিগে বিশ্বনাথ বিশ্বাসের এক খণ্ড ভূমি উত্তর দিগে মোহন লাল দত্তের এক খণ্ড ভূমি পশ্চিম দিগে রাধানাথ দত্ত নাপিতের এক খণ্ড ভূমি পূর্ব্ব দিগে সরকারী রাস্তা।

৩ নং। এবং উক্ত বিশ্বনাথ বিশ্বাসের ১ টা ঘুড়ী ও ২ টা ঘোড়া বিক্রয় হইবেক।

সরিফ সাহেবের দফ্তরখানায় অন্বেষণ করিলে নীলামের নিয়ম জানা যাইতে পারিবেক।

MISCELLANEOUS ADVERTISEMENT — সাধারণ ব্যক্তিবদের ইস্তাহার।

GENERAL MOFUSSIL AGENCY
FOR THE
CIVIL SERVICE AND ARMY

Established by Messrs Thos Wiltshire and Co of No 91, Wellesley Street, Calcutta, exclusively for the Honourable Company's Civil Service and the Queen's and Honourable Company's Army, attached to the different Mofussil or Out-Stations of the Bengal, Agra, Bombay and Madras Presidencies

MESSRS THOMAS WILTSHIRE AND CO

Have the honour to inform the gentlemen of the Honourable Company's Civil Service and the Queen's and Honourable Company's Army, attached to the different Mofussil or Out Stations of the Bengal, Agra, Bombay and Madras Presidencies, that at the earnest recommendation of several influential personages, they have been induced to establish themselves, *only as General Mofussil Agents, exclusively for the Civil Service and Army* concocted on such economical principles, and so well suited to the exigency of the present times, as to animate them invariably to import their own Wines Beer, Spirits, &c of first rate quality direct from Europe, and to undertake the transaction of any kind of Agency business from the Mofussil, without charging any Commission

Messrs Thomas Wiltshire and Co beg very respectfully to be most distinctly understood that, simply in consideration of their constituents pledging themselves permanently to take all their supplies of Wines, Beer, Spirits &c solely from their Establishment, and their, moreover, unanimously guaranteeing to subscribe perpetually to the subjoined rates of monthly payment, (which would never pay even for the wages of a common Sircar, if each individual employed one,) receivable either in advance or as they fall due, at the end of every month, Messrs Thomas Wiltshire and Co will immediately and continuously undertake to execute all orders, or Commissions, for any description and quantity of Articles or Goods, that might be required by Regimental Messes, or individuals from the Mofussil, procurable at the lowest retail market prices of the day in Town, without charging any Commission In fact with reference to the conditions set forth in this Circular, Messrs Thomas Wiltshire and Co will be happy to undertake any kind of Mofussil business, without charging any Commission whatever provided they are previously supplied with funds by Drafts, or Hoondies &c at either short or long dates.

☞ *In the event of Messrs Thomas Wiltshire and Co succeeding and obtaining universality of Support, or sufficient number of Subscribers, from the Presidencies of Bengal, Agra, Bombay and Madras, and, should pressing advances be required, they also purpose ultimately granting Loans of Money to their constituents in both services, so as to enable them to proceed to Europe, or elsewhere, on Furlough, upon sick certificate, or urgent private affairs, without charging them the usual Agency Interest and Commission*

Messrs Thomas Wiltshire and Co, have the honour to state for the especial information of those Out-Station Gentlemen or the Mofussil Community in general who may not feel disposed to subscribe to mensem or annum payments, and thereby forego the advantage of Furlough Loans, nevertheless, their miscellaneous business shall also always be attended to, without Commission, provided their constituents simply pledge themselves invariably to take all their supplies of Wines, Beer, Spirits &c, exclusively from their Establishment, and previously remit them ample funds

☞ *In conclusion, Messrs Thomas Wiltshire and Co, beg to bring to the very prominent notice of the highly discerning Mofussil public, that no Cotemporary Agencies, in or out of Town, offer such advantageous terms, as to grant Furlough Loans to the sick, &c, in the event of their subscribing, nor do they profess to transact only Out-Station business, without charging any Commission whatever, even when their Constituents do not subscribe to annual payments in advance ! ! !*

MESSRS THOMAS WILTSHIRE AND CO NEED HARDLY PLEDGE THEMSELVES TO DEVOTE THEIR UNDIVIDED AND ENTIRE ATTENTION TO THEIR GENERAL MOFUSSIL AGENCY, FOR THE CIVIL SERVICE AND ARMY AND THE FOLLOWING ARE THE MONTHLY RATES OF SUBSCRIPTION ADVERTED TO ABOVE —

Senior Merchants in the Civil Service, and Generals of the Queen's and Company's Army,	Co Rs	6	0	0
Junior Merchants ditto, Colonels and Superintending Surgeons,	ditto	5	0	0
Factors ditto, Majors, Chaplains, and Surgeons,	ditto	4	0	0
Writers ditto, Captains, and Assistant Surgeons,	ditto	3	0	0
Lieutenants of the Queen's and Company's Army,	ditto	2	0	0
Cornets and Ensigns,	ditto	1	0	0

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ৭ জুন।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত উলিয়ম মিচল সাহেবকর্ত্তৃক মুদ্রিত।

Numb. 103. ১০৩) (৩০১)

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JUNE 14, 1842.

কলিকাতা মঙ্গলবার ১৮৪২ সাল ১৪ জুন।

CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE

No 15

To the Commissioner of Revenue for the Division of ———

In continuation of Circular Order dated 1st April 1840, No 16, I am directed by the Sudder Board of Revenue to communicate for the information and guidance of the several Revenue Authorities in your Division that it has been held by the Courts of Sudder Dewanny and Nizamut Adawlut that parties, whether prosecutors or defendants, and witnesses, in any case before any Court of Justice, are exempt from arrest under Civil Process while in attendance on, or going to, or returning from such Court

E CURRIE, *Secretary*

Fort William, 18th May, 1842

No 16

To the Commissioner of Revenue for the Division of ———

In compliance with an Order of the Honourable Court of Directors communicated to the Sudder Board by the Secretary to Government, Revenue Department, under date the 2nd Instant, No 526, I am desired to intimate for the guidance of the several Revenue authorities in your Division that uncovenanted Deputy Collectors, Treasurers, and other Native revenue Officers are prohibited from engaging in any commercial transactions within the Districts in which they may be employed.

E CURRIE, *Secretary*

Fort William, 25th May, 1842

[*Government Gazette, 14th June, 1842.*]

সদর বোর্ড রেবিনিউর সরক্যুলর অর্ডর।

১৫ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেব বরাবরেষু।

১৮৪০ সালের ১ আপ্রিল তারিখের ১৬ নম্বরী সরক্যুলর অর্ডরের অনুক্রমে সদর বোর্ড রেবিনিউর হুকুম অনুসারে তোমার এলাকায় রাজস্বের নানা কার্য্যকারক দিগের বিজ্ঞাপন ও উপদেশের নিমিত্ত জানাইতেছি যে সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের সাহেবেরা বিধান করিয়াছেন যে কোন আদালতে উপস্থিত হওয়া কোন মোকদ্দমার কোন আসামী কি ফরিয়াদী অথবা সাক্ষী ঐ আদালতে হাজির থাকনসময়ে কি তথায় গমন সময়ে অথবা তথাহইতে আইসনসময়ে দেওয়ানী পরওয়ানাক্রমে গ্রেফ্তার হইতে পারে না।

ই করি। সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম ১৮৪২। ১৮ মে।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

১৬ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেব বরাবরেষু।

রেবিনিউ ডিপার্টমেণ্টে গবর্ণমেণ্টের শ্রীযুত সেক্রেটারী সাহেব বর্ত্তমান মাসের ২ তারিখের ৫২৬ নম্বরী পত্রের দ্বারা শ্রীযুত কোর্ট অফ ডৈরেকটর্স সাহেবেরদের যে হুকুম সদর বোর্ড রেবিনিউর সাহেবদিগকে জ্ঞাপন করিয়াছেন তদনুসারে তোমার এলাকার রাজস্বের নানা কর্ম্মকারকেরদের উপদেশের নিমিত্ত জানাইতেছি যে অচিহ্নিত ডেপুটী কালেক্টর অথবা খাজাঞ্চীরা কিম্বা রাজস্বের অন্য কোন এতদ্দেশীয় আমলা যেং জিলাতে নিযুক্ত আছেন সেইং জিলায় কোন প্রকার বাণিজ্য করিতে তাহারদের প্রতি নিষেধ হইয়াছে।

ই করি। সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম ১৮৪২। ২৫ মে।

JOHN C MARSHMAN, *Bengalee Translator.*

NOTIFICATION

APPOINTMENTS BY THE SUDDER DEWANNY ADAWLUT

THE 27TH MAY, 1842

Mahomed Mobeen, formerly a Moonsiff in Cuttack, is appointed Moonsiff of Gowas in Moorshedabad, in the room of Bhyrubchunder Bose, removed for corruption

Baboo Dwarkanath Roy, 1st grade Moonsiff of Mungulkote, East Burdwan, is appointed Moonsiff of Zeagunge, Moorshedabad, vice Cazee Tufuzzul Hossein removed for corruption

Baboo Gungachurn Shome, who has obtained a Diploma, is appointed Moonsiff of Mungulkote, East Burdwan

J HAWKINS, *Register*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের নিয়োগ।

১৮৪২ সাল ২৭ মে।

মুনসেফ ভৈরবচন্দ্র বসু ঘুষ লওয়াপ্রযুক্ত কর্ম্মচ্যুত হওয়াতে তাহার পরিবর্ত্তে কটকের সাবেক মুনসেফ শ্রীযুত মহম্মদ মবীন মুরশিদাবাদের গওয়াস গ্রামে মুনসেফী পদে নিযুক্ত হইয়াছেন।

কাজি তফজ্জল হুসেন ঘুষ লওনপ্রযুক্ত কর্ম্মচ্যুত হওয়াতে পূর্ব্ব বর্দ্ধমানের মঙ্গলকোটের প্রথম শ্রেণীর মুনসেফ শ্রীযুত বাবু দ্বারকানাথ রায় মুরশিদাবাদের জিয়াগঞ্জের মুনসেফী কর্ম্মে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত বাবু গঙ্গাচরণ সোম যোগ্যতার পত্র প্রাপ্ত হইয়া পূর্ব্ব বর্দ্ধমানের মঙ্গলকোটের মুনসেফী কর্ম্মে নিযুক্ত হইয়াছেন।

জে হকিন্স রেজিষ্টর।

CIVIL APPOINTMENTS.

No 330
FORT WILLIAM,
FINANCIAL DEPARTMENT
The 25th May, 1842

Mr R H Snell received charge of the office of Government Agent and of that of Secretary to the Savings Bank from Mr G F McClintock on the 23d instant

H V BAYLEY,
Deputy Secy to the Govt of Bengal

রাজকর্ম্মে নিয়োগ।

৩৩০ নম্বর।
ফোর্ট উলিয়ম।
ফিনান্সিয়ল ডিপার্টমেণ্ট।
১৮৪২ সাল ২৫ মে।

শ্রীযুত আর এচ স্নেল সাহেব বর্ত্তমান মাসের ২৩ তারিখে শ্রীযুত জি এফ মাক্লিণ্টক সাহেবের স্থানে গবর্ণমেণ্টের এজেণ্টী এবং সেবিংস্ ব্যাঙ্কের সেক্রেটারী কর্ম্ম গ্রহণ করিলেন।

এচ বি বেলি।
বাঙ্গলা দেশের গর্ণমেণ্টের ডেপুটী সেক্রেটারী।

No 643

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL

JUDICIAL AND REVENUE DEPARTMENT
The 30th May, 1842
APPOINTMENTS, &c

Mr J Stanforth to be Special Commissioner under Regulation III of 1828 for the Division of Cuttack, from the 30th ultimo, the date on which Mr T A Shaw resigned the Honourable Company's Service

Mr W H Martin to be Session Judge for the trial of Thugs from the same date, vice Mr Stanforth

Lieutenant W H Oakes to officiate as Junior Assistant to the Commissioner of Chota Nagpore, and to be in charge of the Colehan District, during the absence of Lieutenant Tickell, or until further orders

Dr J Davis, Civil Surgeon of Patna, to be Register of Deeds under Act XXX of 1838, in that Zillah

Moulvie Mahomed Ibrahim, Sudder Ameen of Hooghly, to be Sudder Ameen of Behar, vice Moulvie Ashruff Hossein promoted

Baboo Bhyrub Chunder Bose, 1st grade Moonsiff of Midnapore, to be Sudder Ameen of Hooghly

৬৪৩ নম্বর।
বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবরনর সাহেবের হুকুম।
জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেণ্ট।
১৮৪২ সাল ৩০ মে।
নিয়োগপ্রভৃতি।

শ্রীযুত টি এ শা সাহেব গত মাসের ৩০ তারিখে কোম্পানি বাহাদুরের কর্ম্মে ইশ্তাফা দেওয়াতে সেই তারিখঅবধি শ্রীযুত জে ষ্টানিফোর্থ সাহেব ১৮২৮ সালের ৩ আইনঅনুসারে জিলা কটকের স্পেসিয়ল কমিস্যনর হইবেন।

শ্রীযুত ষ্টানিফোর্থ সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত ডবলিউ এচ মার্টিন সাহেব ঐ তারিখঅবধি ঠগেরদের বিচার করণার্থ সেশন জজ হইবেন।

শ্রীযুত লেপ্টেনেণ্ট টিকল সাহেবের অনুপস্থান অথবা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট ডবলিউ এচ ওক্স সাহেব ছোট নাগপুরের কমিস্যনরের ছোট আসিষ্টাণ্টী কর্ম্ম নির্ব্বাহ করিবেন এবং জিলা কোলহানের অধ্যক্ষতা কর্ম্মে নিযুক্ত হইবেন।

পাটনার সিবিলসম্পর্কীয় চিকিৎসক শ্রীযুত ডাক্তর জে ডেবিস সাহেব ১৮৩৮ সালের ৩০ আইনঅনুসারে ঐ জিলাতে দলিল দস্তাবেজের রেজিষ্টর হইবেন।

শ্রীযুত মৌলবী আসরফ হুসেন উচ্চ পদ প্রাপ্ত হওয়াতে হুগলির সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ ইব্রাহিম বেহারের সদর আমীন হইবেন।

প্রথম শ্রেণীর মেদিনীপুরের মুনসেফ শ্রীযুত বাবু ভৈরবচন্দ্র বসু হুগলির সদর আমীন হইবেন।

The appointment of Pandit Kishenath Nyapunchanun, under date the 9th ultimo, to the Sudder Ameenship of Sylhet, has been cancelled at his own request

LEAVE OF ABSENCE, &c

Baboo Kissen Kanth Dutt, Deputy Collector under Regulation IX of 1833, in Chittagong, for ten days, from the 19th instant, on private affairs

The remaining portion of the leave of absence granted to Mr B Finney, Deputy Collector under Regulation IX of 1833, in Midnapore, under Orders of 25th April last, has been cancelled from the 26th idem, the date on which he resumed charge of his duties

The 1st June, 1842

Mr James Shaw, a Judge of the Sudder Dewanny and Nizamut Adawlut, for one week, from this date, under Medical Certificate

Mr F W Russell, Judge of Hooghly, for two years, to proceed to sea, under Medical Certificate Mr G C Cheap will continue to officiate as Judge of Hooghly, until further orders

F J HALLIDAY,
Secy to the Govt of Bengal

No 205

FORT WILLIAM
GENERAL DEPARTMENT
The 1st June, 1842

The Honourable the President in Council is pleased to re attach Messrs P C Trench and W J H Money, of the Civil Service, the former to the North Western Provinces and the latter to the Bengal Division of the Presidency of Fort William.

H V BAYLEY,
Depy Secy to the Govt of India

No 362

FORT WILLIAM,
GENERAL DEPARTMENT
The 25th May, 1842

Mr J P MacWhirter having exceeded the period within which, under the Orders of the Honourable the Court of Directors, he ought to have qualified himself for the public Service by proficiency in two of the Native languages, has been ordered to return to England

G A BUSHBY,
Secy to the Govt of Bengal

No 363

FORT WILLIAM,
GENERAL DEPARTMENT
The 1st June, 1842

Mr P C Trench, of the Civil Service, reported his return to this Presidency from England on the 29th ultimo

Mr. W. J H Money, of the Civil Service, re-

শ্রীযুত পণ্ডিত কৃষ্ণনাথ ন্যায়পঞ্চানন ছিলটের সদর আমীনী কর্ম্মে গত মাসের ৯ তারিখে নিযুক্ত হইয়াছিলেন কিন্তু সেই নিয়োগ তাঁহার প্রার্থনাতে রহিত হইয়াছে।

ছুটী প্রভৃতি।

১৮৩৩ সালের ৯ আইনঅনুসারে চাটিগাঁর ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কৃষ্ণকান্ত দত্ত স্বীয় কর্ম্মোপলক্ষে বর্ত্তমান মাসের ১৯ তারিখঅবধি দশ দিবসের ছুটী পাইয়াছেন।

১৮৩৩ সালের ৯ আইনঅনুসারে মেদিনীপুরের ডেপুটী কালেক্টর শ্রীযুত বি ফিনি সাহেব গত আপ্রিল মাসের ২৫ তারিখের হুকুমঅনুসারে যে ছুটী পাইয়াছিলেন তাহার অবশিষ্ট কাল ঐ মাসের ২৬ তারিখ অর্থাৎ যে তারিখে তিনি আপনার কর্ম্ম পুনর্গ্রহণ করিলেন ঐ তারিখঅবধি রহিত হইয়াছে।

১৮৪২ সাল ১ জুন।

সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের এক জন জজ সাহেব শ্রীযুত জেমস শা সাহেব চিকিৎসকের সর্টিফিকট ক্রমে এই তারিখঅবধি এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

হুগলির জজ শ্রীযুত এফ ডবলিউ রসেল সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে সমুদ্রে গমনার্থ দুই বৎসরের ছুটী পাইয়াছেন। অন্য হুকুম নাহওনপর্য্যন্ত শ্রীযুত জি সি চীপ সাহেব হুগলির জজী কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

২০৫ নম্বর।

ফোর্ট উলিয়ম।
জেনরল ডিপার্টমেণ্ট।
১৮৪২ সাল ১ জুন।

শ্রীযুত প্রসীডেণ্ট সাহেব হজুর কৌন্সেলে সিবিল সম্পর্কীয় শ্রীযুত পি সি ট্রেঞ্চ সাহেবকে উত্তর পশ্চিম প্রদেশে এবং শ্রীযুত ডবলিউ জে এচ মনি সাহেবকে ফোর্ট উলিয়ম রাজধানীর বাঙ্গলা প্রদেশে পুনর্ব্বার নিযুক্ত করিয়াছেন।

এচ বি বেলি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের ডেপুটী সেক্রেটারী।

---

৩৬২ নম্বর।

ফোর্ট উলিয়ম।
জেনরল ডিপার্টমেণ্ট।
১৮৪২ সাল ২৫ মে।

এতদ্দেশীয় দুই ভাষায় উত্তীর্ণহওনের নিমিত্তে শ্রীযুত কোর্ট অফ ডৈরেকটর্স সাহেবেরা যে মিয়াদ নির্দ্দিষ্ট করিয়াছেন তাহার মধ্যে শ্রীযুত জে পি মাকওয়ার্টর সাহেব ঐ দুই ভাষায় উত্তীর্ণ না হওনপ্রযুক্ত সরকারী কর্ম্মের নিমিত্ত উপযুক্ত না হওয়াতে ইঙ্গলণ্ড দেশে ফিরিয়া যাইতে হুকুম পাইয়াছেন।

জি এ বুসবি।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৩৬৩ নম্বর।

ফোর্ট উলিয়ম।
জেনরল ডিপার্টমেণ্ট।
১৮৪২ সাল ১ জুন।

Much diversity being believed by the Court to exist in the mode of marking convicts sentenced to imprisonment for life on the forehead by the process of "Godna," such process being often carried into effect in a very imperfect manner so as to escape observation, or admit of easy effacement, a relaxation of the rule which is understood to prevail chiefly in the case of the more influential Prisoners. The Court of Nizamut Adawlut for the Lower and Western Provinces, adverting to the declared object of the infliction of "Godna," viz to facilitate the re-apprehension of convicts under perpetual imprisonment who may escape from prison, are pleased to prescribe the following Rules

1st The particulars required by Law to be inscribed in the performance of "Godna" shall invariably be marked upon the forehead of the convict *immediately above the eye brows*, in a straight line, the injunction in Clause 4, Section 12, Regulation XVII 1817, for the performance of the operation early in the morning the adoption of precautions against effacement in the course of the day, and the subsequent renewal of the inscription when illegible, being duly observed by the Magistrates

2nd It is the duty of every Magistrate personally to examine each prisoner on whom "Godna" may have been inflicted, and for any deviation from or neglect of, the rule now laid down, which may occur, that functionary will be held responsible

W KIRKPATRICK, *Deputy Register*
Fort William, 10th June, 1842

১০০৬ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সেশন জজ সাহেব এবং মাজিষ্ট্রেট ও জাইন্ট মাজিষ্ট্রেট সাহেব বরাবরেষু।

সদর আদালতের সাহেবেরা বোধ করেন যে যে সকল বন্দুয়ানেরদের প্রতি যাবজ্জীবন কয়েদহওনের হুকুম হইয়াছে তাহারদের কপালে গোদনার দাগ বসাইবার রীতিতে অনেক বৈলক্ষণ্য হইতেছে যেহেতুক ঐ দাগ অতি আলগা করিয়া দেওয়া যাইতেছে তাহাতে ভালরূপে দেখা যাইতে পারে না কিম্বা অনায়াসে তাহা মুচিয়া ফেলা যাইতে পারে এইরূপ ব্যবহার প্রায়ই সম্ভ্রান্ত কয়েদীরদের বিষয়ে হইতেছে। গোদনার দাগ দেওনের নির্দ্দিষ্ট অভিপ্রায় এই যে যে বন্দুয়ানেরদের প্রতি যাবৎজীবন কয়েদ থাকনের হুকুম হয় তাহারা জেলখানা হইতে পলাইলে অনায়াসে গ্রেফ্তার হইতে পারে। এই নির্দ্দিষ্ট অভিপ্রায়ে দৃষ্টি রাখিয়া বাঙ্গলাপ্রভৃতি দেশের এবং পশ্চিম প্রদেশের সদর নিজামৎ আদালতের সাহেবেরা নীচের লিখিত নিয়ম স্থির করিয়াছেন।

১। গোদনার দ্বারা দাগ দিতে আইনমতে যে সকল কথার হুকুম আছে তাহা সর্ব্বদাই কয়েদীরদের কপালে ঠিক ভ্রূর উপরে এড়ো করিয়া দেওয়া যাইবেক। ১৮১৭ সালের ১৭ আইনের ১২ ধারার ৪ প্রকরণে হুকুম আছে যে ঐ দাগ প্রাতঃকালে দেওয়া যাইবেক এবং সেই দিবসের মধ্যে তাহা উঠাইয়া ফেলা না যায় এনিমিত্ত উপায় করিতে হইবেক এবং ঐ দাগ দেওয়া কথা যদি পড়া যাইতে না পারে তবে তাহা পুনর্ব্বার বসাইতে হইবেক এই সকল বিধিমতে মাজিষ্ট্রেট সাহেবেরদের প্রতি কার্য্য করিতে হুকুম হইল।

২। প্রত্যেক মাজিষ্ট্রেট সাহেবের কর্ত্তব্য যে গোদনার দাগ যে প্রত্যেক কয়েদীর কপালে দেওয়া যায় আপনি তাহা তহকীক করেন। যদি এই হুকুমের অন্যমত করেন অথবা কোন ত্রুটি করেন তবে তিনি দোষী হইবেন।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।
ফোর্ট উলিয়ম। ১৮৪২ সাল ১০ জুন।
JOHN C MARSHMAN, *Bengalee Translator*

EDUCATION

বিদ্যাধ্যাপন।

At a Meeting of the Section of the Council of Education for Vernacular Class Books, held at the President's House, on Monday, the 20th June, at 11 A M

জুন মাসের ২০ তারিখ সোমবার বেলা ১১ ঘণ্টার সময়ে বিদ্যাধ্যাপনীয় কৌন্সেলের দেশীয় ভাষার পুস্তক প্রস্তুতকরণের সম্প্রদায়ের প্রসীডেন্ট সাহেবের বাটীতে বৈঠক হইল।

PRESENT,

The Honourable H T PRINSEP, *President*
J C C SUTHERLAND Esq
J GRANT, Esq, M D
Baboo PROSONOCOOMAR TAGORE, *(Visitor)*
H V BAYLEY, *Secy and Member*

Read a letter from J C Marshman, Esq, dated 15th June, stating, in reply to the request of the Section that he is prepared, in furtherance of the Proceedings of the 9th and 26th of April and 12th of May to deliver—

A thousand copies of the History of Bengal, in Bengalee, for	1,500
A thousand copies of the History of England in English,	1,500
Ditto, in Bengalee,	1,500
A thousand copies of the Wonders of Nature and Art in India, in English for	1,500
Ditto, in Bengalee for	1,500
A thousand copies of the History of India, in English,	1,500
Ditto in Bengalee	1,500
Total,	10,500*

Ordered, that the following letters be written

To J MARSHMAN, ESQUIRE,

SIR, *Serampore*

I have laid before the Section for Vernacular Class Books, your communication of the 15th June

2 The Section have given the proposals therein contained their best consideration, and accept the same

3 The Section would wish that the works should be delivered first in English, so as to enable the Council to take measure for the earliest adaptation of them into the Vernacular dialects of the various Provinces of India, and would wish to know by what date you may contemplate being able to deliver such English Versions

4 With respect to the Bengalee Versions, the Section would prefer the

History of England,
History of India,
The Wonders of Nature and Art in India,
The History of Bengal,

to be delivered in the order above stated

5 The Section would be glad to learn if you could not undertake the preparation of the Ethnological View of the Rise and Progress and Fall of Kingdoms and Empires in English and Bengalee, and if so, the particulars with reference to which you could comply with this request

I have, &c
H V BAYLEY, *Secretary*

Council of Education, June 20th, 1842

---

* Note The greater portion of this repayable by sale of the books at 1 R or 1 R 4 As each

[*Government Gazette, 5th July,* 1842]

উপস্থিত।

শ্রীযুত আনরবল এচ টি প্রিন্সেপ সাহেব প্রসীডেন্ট।
,, জে সি সি সথরলাণ্ড সাহেব।
,, ডাক্তর জে গ্রান্ট সাহেব।
,, বাবু প্রসন্নকুমার ঠাকুর সমাজাগত।
,, এচ বি বেলি সাহেব সেক্রেটারী ও মেম্বর।

সম্প্রদায়ের সাহেবেরা শ্রীযুত জে সি মার্শমন সাহেবের নিকটে যে পত্র লেখেন তদুত্তরে ঐ সাহেবের জুন মাসের ১৫ তারিখের পত্র পাঠ করা গেল তাহাতে লেখেন যে সম্প্রদায়ের আপ্রিল মাসের ৯ এবং ২৬ তারিখ ও মে মাসের ১২ তারিখের কার্য্য সিদ্ধকরণার্থে নীচের লিখিত পুস্তক নীচের লিখিত মূল্যে প্রস্তুত করিতে সম্মত আছেন অর্থাৎ

বাঙ্গলা ভাষাতে বঙ্গদেশের ইতিহাসের হাজার খান	১,৫০০
ইঙ্গরেজী ভাষাতে ইঙ্গলণ্ড দেশের ইতিহাসের হাজার খান	১,৫০০
বাঙ্গলা ভাষায় ঐ পুস্তক	১,৫০০
ইঙ্গরেজী ভাষাতে ভারতবর্ষের মধ্যে ঈশ্বরের সৃষ্ট এবং মনুষ্যের সৃষ্ট আশ্চর্য্য নানা কার্য্যের বিবরণ পুস্তকের হাজার খান	১,৫০০
বাঙ্গলা ভাষাতে ঐ পুস্তক	১,৫০০
ইঙ্গরেজী ভাষাতে ভারতবর্ষের ইতিহাসের পুস্তকের হাজার খান	১,৫০০
বাঙ্গলা ভাষাতে ঐ পুস্তক	১,৫০০
মোট	১০,৫০০*

হুকুম হইল যে নীচের লিখিত পত্র পাঠান যায়।

শ্রীরামপুরস্থ শ্রীযুত জে মার্শমন সাহেব বরাবরেষু।

তোমার ১৫ জুনের পত্র দেশীয় ভাষার পুস্তক প্রস্তুতকরণীয় সম্প্রদায়ের নিকটে উপস্থিত করিয়াছি।

২। সম্প্রদায়ের সাহেবেরা ঐ পত্রে লিখিত সমস্ত প্রস্তাব উত্তমরূপে বিবেচনা করিয়া তাহাতে সম্মত হইয়াছেন।

৩। ঐ সকল পুস্তক ভারতবর্ষের নানা দেশীয় ভাষাতে অতিশীঘ্র তরজমাকরণের নিমিত্ত উদ্যোগ হয় এই অভিপ্রায়ে সম্প্রদায়ের সাহেবেরদের ইচ্ছা আছে যে তুমি প্রথমে ঐ সকল পুস্তক ইঙ্গরেজী ভাষাতে প্রস্তুত করিয়া তাহারদের নিকটে অর্পণ কর এবং ঐ সকল ইঙ্গরেজী পুস্তক যে তারিখে প্রস্তুত করিয়া দিতে পার তাহাও ঐ সাহেবেরা জানিতে চাহেন।

৪। ঐ সকল পুস্তকের বাঙ্গলা তরজমার বিষয়ে সম্প্রদায়ের সাহেবেরা ইচ্ছা করেন যে

প্রথমে ইঙ্গলণ্ড দেশের ইতিহাস প্রস্তুত হয়।
পরে ভারতবর্ষের ইতিহাস।
তৎপরে ভারতবর্ষের মধ্যে ঈশ্বরের সৃষ্ট এবং মনুষ্যের সৃষ্ট আশ্চর্য্য নানা কার্য্যের বিবরণ।
এবং শেষে বাঙ্গলা দেশের ইতিহাস প্রস্তুত হয়।

৫। আরো পৃথিবীর সমস্ত রাজ্য ও সাম্রাজ্যের উৎপত্তি ও চলন ও পতিত হওনের সংক্ষেপ বিবরণ পুস্তক ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষাতে প্রস্তুত করিতে স্বীকৃত কি না এই বিষয় সম্প্রদায়ের সাহেবেরা অবগত হইতে চাহেন এবং যদি সম্মত হও তবে তাহার সমস্ত বৃত্তান্তও জানিতে চাহেন।

এচ বি বেলি। সেক্রেটারী।

বিদ্যাধ্যাপনীয় কৌন্সল। ১৮৪২ সাল ২০ জুন।

---

* উক্ত পুস্তক সকল ১ কি ১।০ টাকা করিয়া বিক্রয় হইলে ঐ টাকা প্রায় ফিরিয়া পাওয়া যাইবেক।

To J Grant, Esquire, M D
Baboo Prosonocoomar Tagore

Gentlemen,

I am directed to enquire, with reference to the proceedings of the Section for Vernacular Class Books, dated 9th and 26th of April and 12th May, whether you will undertake in conjunction, the former the English and the latter the Bengalee Version of "a Reader of about 100 pages, conveying valuable instruction in the simplest language"

2 The MSS will be put to press at the expense of course of the Education Department

I have, &c
H V Bayley,
Secretary

Council of Education,
June 20th, 1842

শ্রীযুত ডাক্তর জে গ্রান্ট সাহেব বরাবরেষু।
তথা শ্রীযুত বাবু প্রসন্নকুমার ঠাকুর বরাবরেষু।

দেশীয় ভাষার পুস্তক প্রস্তুতকরণীয় সম্প্রদায়ের আপ্রিল মাসের ৯ ও ২৬ তারিখ এবং ১২ মে তারিখের কার্য্যের উপলক্ষে তোমারদিগকে জিজ্ঞাসা করিতে হুকুম পাইয়াছি যে তোমরা উভয়ে মিলিয়া প্রথমোক্ত সাহেব ইঙ্গরেজী ভাষাতে এবং শেষোক্ত মহাশয় বাঙ্গলা ভাষাতে ন্যূনাধিক ১০০ পৃষ্ঠার এক রিডর অর্থাৎ পাঠকরণের পুস্তক প্রস্তুত করিতে সম্মত কি না। ঐ পুস্তকে উত্তমং উপদেশ অতি সহজভাষাতে লিখিতে হইবেক।

২। ঐ পুস্তক বিদ্যাধ্যাপনীয় ডিপার্টমেন্টের খরচেতে ছাপা হইবেক।

এচ বি বেলি।
সেক্রেটারী।

বিদ্যাধ্যাপনীয় কৌন্সেল।
১৮৪২ সাল ২০ জুন।

(*CIRCULAR*)

TO THE SECRETARY TO THE LOCAL COMMITTEE

At Hindoo College
Benares
Dacca
Chittagong
Cuttack
Dehlee
Saugor
Patna
Bareilly
Allahabad
Azimghur

Sir

I am directed by the Section for Vernacular Class Books, with reference to the proceedings of that Section, dated 9th and 26th of April and 12th of May, printed copies of which were sent to you, to enquire whether your Committee can select any person who will be willing, and competent to prepare in MSS in the *Vernacular* dialect prevailing at the place, where your Institution is situated, the following works referred to in the Proceedings above cited, and if so on what terms, the expense of printing &c, remaining with the Education Department

Spelling Book,
Grammar,
Vocabulary,
Local Arithmetic,

and in *English and Vernacular* The History of the Province or Kingdom in which the Seminary is located

None of these treatises should exceed 250 octavo pages in print The last named should briefly notice—

1st Part
Divisions,
Physical Aspect and Bounds,
Soil,
Rivers,

সরক্যুলর।

নীচের লিখিত স্থানের কামিটির সেক্রেটারী সাহেব বরাবরেষু।

হিন্দু কালেজ।
বারাণস।
ঢাকা।
চাটিগাঁ।
কটক।
দিল্লী।
সাগর।
পাটনা।
বরেলি।
আলাহাবাদ।
আজীমগড়।

দেশীয় ভাষার পুস্তক প্রস্তুতকরণীয় সম্প্রদায়ের সাহেবেরদের আপ্রিল মাসের ৯ ও ২৬ তারিখ এবং মে মাসের ১২ তারিখের যে কার্য্যের বিবরণের ছাপাহওয়া নকল তোমারদের নিকটে পাঠান গিয়াছিল তাহার উপলক্ষে ঐ সম্প্রদায়ের সাহেবেরদের আজ্ঞাক্রমে তোমারদিগকে জিজ্ঞাসা করিতেছি যে তোমারদের বিদ্যালয় যে স্থানে আছে সেই স্থানের চলিত ভাষায় উক্ত কার্য্য বিবরণে প্রস্তাবিত নীচের লিখিত পুস্তকসকল প্রস্তুত করিতে ইচ্ছুক অথচ উপযুক্ত কোন ব্যক্তিকে তোমরা মনোনীত করিতে পার কি না। এবং যদি পার তবে সেই ব্যক্তি যে মূল্যেতে ঐ২ পুস্তক প্রস্তুত করিতে সম্মত হন তাহা লিখিবা। ঐ সকল পুস্তকের ছাপাইত্যাদির খরচ বিদ্যাধ্যাপনীয় ডিপার্টমেন্টের সাহেবেরা নির্ব্বাহ করিয়া দিবেন। সেই পুস্তক এইং।

বানানের পুস্তক।
ব্যাকরণ।
বাক্যাবলি।
সেই প্রদেশের চলিত অঙ্ক বিদ্যা।

এবং পাঠশালা যে প্রদেশে কি রাজ্যেতে থাকে সেই প্রদেশ কি রাজ্যের ইতিহাস। এই শেষোক্ত পুস্তক ইঙ্গরেজী ও দেশীয় ভাষাতে প্রস্তুত করিতে হইবেক।

ঐ পুস্তকের মধ্যে কোন পুস্তকে ৮ পৃষ্ঠায় ছাপা হওয়া ২৫০ পৃষ্ঠার অধিক থাকা অনুচিত। শেষোক্ত পুস্তকে এইং বিষয় সংক্ষেপে লিখিতে হইবেক।

প্রথম ভাগ।
দেশের বিভাগ।
স্বাভাবিক অবস্থা ও সীমা।
ভূমির প্রকার।
নদী।

Climate,
Animal, Mineral, and
Vegetable Products
2d Part
A Sketch of the past History of the District
3d Part
Its present state in
Cities and Town,
Roads and Communications,
Agriculture and Agricultural Relations,
Population,
Arts and Commerce,
Manners and Customs
Education,
Litigation,
Crime and
Mortality

2 It has occurred to the Section that possibly the Notification in the neighbourhood of the willingness of the Council to give a remuneration to be conditional on the approval of the MSS might induce one or more to compete in these undertakings, who from want of due notice might otherwise lose the opportunity

3 You are requested to report *fully* to this office on the subject of this communication and the Section confidently trust that the deep importance and general practical utility of the subject and the zeal and experience of your Committee, may combine to produce a hearty co operation on the part of all interested in the cause of Native Education and the satisfactory results, which such co operation can mainly command

I have, &c
H V BAYLEY, *Secretary*

Council of Education
June 20th, 1842

TO THE REVEREND DR YATES

SIR,

I am directed to enquire with reference to the proceedings of the Section for Vernacular Class Books dated 9th and 26th April and 12th of May, whether you will undertake the preparation in English, and then in Bengalee, of a "Compendium of General Geography, with a few leading Statistical facts,' in advertence to the plan and principles recommended in the proceedings cited, and if so on what terms, and by what date you will cause to be delivered 1000 copies of each version

I have, &c
H V BAYLEY, *Secretary*

Council of Education, June 20th, 1842

By order of the Honourable the President and of the Section for Vernacular Class Books,

H V BAYLEY, *Secretary.*

Council of Education, June 20th, 1842

[*Government Gazette, 28th June*, 1842]

শীত গ্রীষ্মাদি।
দেশজাত জীবজন্তু ও
ধাতুপ্রভৃতি ও বৃক্ষাদি।
দ্বিতীয় ভাগ।
ঐ প্রদেশের পূর্ব্বকার সংক্ষেপ বিবরণ
তৃতীয় ভাগ।
শহর ও নগরাদি।
রাস্তা ও গমনাগমনের পথ।
কৃষিকর্ম্ম ও কৃষিকার্য্য সম্বন্ধীয় বিষয়।
লোক সংখ্যা।
শিল্পবিদ্যা ও বাণিজ্য।
রীতিব্যবহার।
বিদ্যাধ্যাপনের উপায়।
বিবাদ।
অপরাধ।
মৃত ব্যক্তিরদের সংখ্যা।
এই সকল বিষয়ে দেশের বর্ত্তমান অবস্থা।

২। সম্প্রদায়ের সাহেবেরা বোধ করেন যে উক্ত প্রকার পুস্তক কোন ব্যক্তি প্রস্তুত করিয়া কৌন্সেলের সাহেবরদের নিকটে পাঠাইলে এবং তাহারা ঐ পুস্তক গ্রহণযোগ্য বোধ করিলে তাহার নিমিত্তে পুরস্কার দিবেন এমত সংবাদ চতুর্দিগস্থ লোকেরদিগকে জানাইলে যাহারা ঐ সংবাদ না পাওয়াতে গ্রন্থ প্রস্তুত করিতে উদ্যোগী হইতেন না এমত এক বা অধিক ব্যক্তি তাহা শুনিয়া উদ্যোগ করিতে পারেন।

৩। এই পত্রের লিখিত কথার বিষয়ে তোমাকে সম্পূর্ণ রূপে রিপোর্ট করিতে আদেশ হইল এবং সম্প্রদায়ের সাহেবেরা নিতান্ত ভরসা করেন যে এই কার্য্যের অত্যাবশ্যকতা এবং সর্ব্বসাধারণ লোকের পক্ষে তাহার সর্ব্বথাতা জানিয়া এবং তোমার কমিটির মহাশয়েরদের উৎসাহ ও কর্ম্মানুশীলন দেখিয়া এতদ্দেশীয় লোকেরদিগকে শিক্ষাকরণ কার্য্যেতে যাঁহারদের ব্যগ্রতা আছে তাহারা মনোযোগপূর্ব্বক তোমারদের সাহায্য করিবেন এবং এমত সহকারিতা হইলে অতি সন্তোষজনক ফল জন্মিবেক।

এচ বি বেলি। সেক্রেটারী।

বিদ্যাধ্যাপনীয় কৌন্সেল। }
১৮৪২ সাল ২০ জুন। }

শ্রীযুত ডাক্তর ইয়েটস্ সাহেব বরাবরেষু।

দেশীয় ভাষার পুস্তক প্রস্তুতকরণীয় সম্প্রদায়ের ৯ ও ২৬ আপ্রিল ও ১২ মে তারিখের কার্য্যের বিবরণ তোমাকে আজ্ঞাক্রমে জিজ্ঞাসা করিতেছি যে তুমি উক্ত কার্য্যেতে প্রস্তাব হওয়া নিয়ম ও ধারানুসারে প্রথমে ইঙ্গরেজী ভাষাতে এবং তৎপরে বাঙ্গলা ভাষাতে পৃথিবীর ভূগোলীয় সংক্ষেপ বিবরণ এবং প্রত্যেক দেশের অবস্থার স্থূল বিবরণের পুস্তক প্রস্তুত করিতে সম্মত কি না এবং যদি সম্মত হও তবে যে মূল্যেতে ও যে তারিখে ইঙ্গরেজী এবং বাঙ্গলা ভাষাতে ঐ পুস্তকের হাজার খান প্রস্তুত করিয়া দিতে পার তাহা জানাইবা।

এচ বি বেলি। সেক্রেটারী।

বিদ্যাধ্যাপনীয় কৌন্সেল। ১৮৪২ সাল ২০ জুন।

দেশীয় ভাষার পুস্তক প্রস্তুতকরণীয় সম্প্রদায়ের শ্রীযুত প্রেসিডেন্ট সাহেব এবং সম্প্রদায়ের সাহেবেরদের হুকুমক্রমে।

এচ বি বেলি। সেক্রেটারী।

বিদ্যাধ্যাপনীয় কৌন্সেল। ১৮৪২ সাল ২০ জুন।

NOTIFICATION

APPOINTMENTS BY THE SUDDER DEWANNY ADAWLUT

The 24th June, 1842

Baboo Baneemadhub Shome (who has obtained a Diploma) to be Acting Moonsiff of Habra, Zillah 24-Pergunnahs

Baboo Poornochunder Mitter (who has obtained a Diploma) to be Acting Moonsiff of Busheerhaut in the same Zillah

J Hawkins, *Register*

CIVIL APPOINTMENTS

No 372

FORT WILLIAM,

GENERAL DEPARTMENT

MARINE

The 1st July, 1842

The Honourable the Deputy Governor of Bengal has been pleased as a temporary arrangement, to appoint Mr J Woodley to the charge of the office of Marine Store Keeper

G A Bushby,

Secy to the Govt, of Bengal

No 370

FORT WILLIAM,

SEPARATE DEPARTMENT

The 29th June, 1842

LEAVE

Mr S G Palmer Commissioner for the Superintendence of Abkaree Revenue, has obtained leave of absence for two years, from the 1st proximo, under the Rules of the 29th January 1840, to proceed to the Cape of Good Hope, for the benefit of his health

APPOINTMENT

Mr A F Donnelly is appointed to officiate from the 1st proximo, as Commissioner for the Superintendence of Abkarry Revenue during the leave granted to Mr Palmer or until further orders

H V Bayley

Deputy Secy to the Govt of Bengal

No 371

FORT WILLIAM,

ECCLESIASTICAL DEPARTMENT

The 22d June, 1842

The Honourable the Deputy Governor of Bengal is pleased to appoint the Reverend Horatio Moule to officiate as Chaplain at Chinsurah

H V Bayley,

Deputy Secy to the Govt of Bengal

No 789

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL

JUDICIAL AND REVENUE DEPARTMENT

APPOINTMENTS

The 20th June, 1842

Mr R N Shore, Assistant to the Magistrate and

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের নিযোগ।

১৮৪২ সাল ২৪ জুন।

শ্রীযুত বাবু বেণিমাধব সোম যোগ্যতার পত্র প্রাপ্ত হওয়াতে জিলা চব্বিশপরগনার হাবড়ার একটিং মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র মিত্র যোগ্যতার পত্র প্রাপ্তহওয়াতে ঐ জিলার বসিরহাটের মুনসেফ হইবেন।

জে হকিন্স। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিযোগ।

৩৭২ নম্বর।

ফোর্ট উলিয়ম।

জেনরল ডিপার্টমেণ্ট।

জাহাজসম্পর্কীয় দপ্তর।

১৮৪২ সাল ১ জুলাই।

বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবরনর সাহেব কিঞ্চিৎ কালের নিমিত্ত শ্রীযুত যে উড্‌লি সাহেবকে জাহাজসম্পর্কীয় দ্রব্যের রক্ষকতা কর্ম্মে নিযুক্ত করিয়াছেন।

জি এ বস্‌বি।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৩৭০ নম্বর।

ফোর্ট উলিয়ম।

স্বতন্ত্র ডিপার্টমেণ্ট।

১৮৪২ সাল ২৯ জুন।

ছুটী।

আবকারীর রাজস্বের সুপরিণ্টেণ্ডেণ্টী কর্ম্মের কমিসনর শ্রীযুত এস জি পামর সাহেব স্বীয় স্বাস্থ্যার্থে কেপে গমন করিতে ১৮৪০ সালের ২৯ জানুআরির বিধানানুসারে আগামি মাসের ১ তারিখঅবধি দুই মাসের ছুটী পাইয়াছেন।

নিযোগ।

শ্রীযুত পামর সাহেবের ছুটী অতীত না হওন অথবা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত এ এফ ডনেলি সাহেব আগামি মাসের ১ তারিখ অবধি আবকারীর রাজস্বের সুপরিণ্টেণ্ডেণ্টের কমিসনরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

এচ বি বেলি।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ডেপুটী সেক্রেটারী।

---

৩৭১ নম্বর

ফোর্ট উলিয়ম।

এক্লিসিয়াষ্টিকেল ডিপার্টমেণ্ট।

১৮৪২ সাল ২২ জুন।

বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবরনর সাহেব শ্রীযুত হোরেসিয়ো মৌল সাহেবকে চুঁচুড়ার ধর্ম্মোপদেশকতা কর্ম্ম নির্ব্বাহ করিতে নিযুক্ত করিয়াছেন।

এচ বি বেলি।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ডেপুটী সেক্রেটারী।

---

৭৮৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেণ্ট।

নিয়োগ।

১৮৪২ সাল ২০ জুন।

কটকের মাজিষ্ট্রেট ও কালেক্টরের আসিষ্টাণ্ট

Collector of Cuttack, to exercise the special powers described in Regulations VII, of 1799, and VIII of 1831, in the Southern Division of Cuttack (Pooree)

Dr R J Brassey to be Register of Deeds under Act XXX of 1838 in Zillah Sarun from the date of his having been put in charge of that office by the Judge of the District

F J HALLIDAY,
Secy to the Govt of Bengal

শ্রীযুত আর এন শোর সাহেব কটকের দক্ষিণ ভাগে পুরীতে ১৭৯৯ সালের ৭ আইন এবং ১৮৩১ সালের ৮ আইনের নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

জিলা সারণের জজ সাহেব যে তারিখে ঐ জিলার দলীলদস্তাবেজের রেজিষ্টরী কর্ম্ম শ্রীযুত ডাক্তর আর জে ব্রাসি সাহেবকে সমর্পণ করেন সেই তারিখঅবধি ঐ সাহেব ১৮৩৮ সালের ৩০ আইনঅনুসারে ঐ জিলার দলীলদস্তাবেজের রেজিষ্টর হইবেন।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS — গবর্ণমেণ্টের ইশ্তিহার।

SALT — নিমক।

এস্তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৪২ সাল তারিখ ৪ জুলাই রোজ সোমবার বেলা দুই প্রহর এক ঘণ্টার পূর্ব্বে যে কোন সময়ে হউক নীচের লিখিত মোয়াজি নেমক যাহা জেলা চট্টগ্রামের সরকারি গোলায় মৌজুদ আছে তাহার খরিদের জন্য দরখাস্ত সিল মোহর বন্দ করা এই দপ্তরখানায় লওয়া যাইবেক তদন্তর ঐ নেমকের দর শ্রীযুত সাহেবান আলিসান বোর্ড পরিমিট নেমক ও আফিমের হুকুমানুসারে নির্দ্ধারিত হইবেক। ঐ সকল দরখাস্তে ফিশত মোন নেমকের উপর যে ব্যক্তি যত মূল্য দিতে চাহিবেক তাহা কোম্পানির টাকায় লিখিতে হইবেক আর ঐ দরখাস্তের উপর এমত জিকির থাকিবেক যে ডোমখালি নেমকের বাবদ দরখাস্ত এবং দরখাস্তের সিরনামার উপর দরখাস্তকারি অথবা তাহার মোক্তার কিম্বা তাহার গোমাস্তার নাম লিখিত থাকিবেক ও দরখাস্ত খুলিবার নিরূপিত সময়ে দরখাস্তকারি অথবা তাহার মোক্তার কিম্বা গোমাস্তা কেহ এক জন উপস্থিত না থাকিলে দরখাস্ত খোলা যাইবেক না এবং দরখাস্তের মাতবরির জন্য একশত টাকা আমানতের স্বরূপ দাখিল করিতে হইবেক তদ্ব্যতীত কোন দরখাস্ত মাতবর জ্ঞান করা যাইবেক না ঐ ১০০ টাকা যে ব্যক্তির দরখাস্ত মঞ্জুর হইবেক তাহার নামে এই নেমক খরিদের হিসাবে জমা হইবেক কিম্বা দরখাস্ত মঞ্জুর না হইলে ফেরত দেওয়া যাইবেক।

যে সকল ব্যক্তি নেমক খরিদের জন্য দরখাস্ত করিবেক তাহারদিগের উচিত যে দরখাস্তকরণের পূর্ব্বে ঐ নেমকের নমুনা মোং ডোমখালি গোলায় স্বচক্ষে দেখিয়া নেমকের রকম বুঝিয়া আপনার খাতির জমা মতে দরখাস্ত করে ইতি।

নেমকের সেওরা।

এজেন্সী অর্থাৎ জিলার নাম	ঘাটের নাম	কোন সনের পোক্তান	মোয়াজিয়ে নেমক
চট্টগ্রাম নেজামপুর ডোমখালি	ডোমখালি	১২৪৭ সাল	৪০০০/ মোন

বিমোজিব হুকুম সাহেবান আলিসান বোর্ড পরমিট নেমক ও আফিম ইতি সন ১৮৪২ সাল তারিখ ২৯ জুন।

এচ টরেন্স। সেক্রেটারী।

এস্তেহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত পাঙ্গা নেমক পশ্চাদুক্ত নিরিখ দরে বিক্রয়ার্থে প্রস্তুত আছে খরিদারানের উচিত যে ঐ নেমকের রকম মোং নারায়ণপুরের সরকারি গোলায় নমুনা দৃষ্টে খাতিরজমা মত বুঝিয়া খরিদ করেন আর যে ব্যক্তি মোকাম মজকুরে প্রথমে রওয়ানা দাখিল করিবেক সেই ব্যক্তি পহিলা ওজোন পাইবার যোগ্য হইবেক।

নেমকের সেওরা।

এজেন্সী অর্থাৎ জেলার নাম	ঘাটের নাম	কোন সনের পোক্তান	মওয়াজি নেমক	নিরিখ দর ফি ১০০৲ মোন
২৪ পরগনা তাফাল নেমক	নারায়ণপুর	১২৪৮ সাল	৫০০০০৲ মোন	কোং টাকা ৪৩০

বোর্ড পরমিট নেমক ও আফিম সন ১৮৪২ সাল তাং ২৮ জুন। এচ টরেন্স। সেক্রেটারী।

SALES OF LAND — জমীদারী নীলাম।

ইস্তাহার নামা কাছারি কালেক্টরী জেলা যশহর।

ছলিমুল্লা চৌধুরী সাকিন পদ্দবিলা পরগনে মামুদসাহি মজকুর।

মজকুর এককেতা দরখাস্ত এই মর্ম্মে দাখিল করে যে পরগনা মজকুরের হিস্যা ।৶৮ গোণ্ডার মোতালক গোর্দ্দ পশ্চিম তরফ সিংহদহদিগরের রকম ।৶ আনা সদরের ডিক্রী মোতাবেক ছাএলের জমিদারী উক্ত রকমের জমিদার

রাজা উমেশচন্দ্র দেব রায়ের বাকী আদায় নিমিত্ত মহাল মজকুর নীলাম হওয়াতে মজহেবের জমিদারী উক্ত তরফ নীলাম হইয়াছে অতএব সরকারী পাওনাবাদে বাকী যাহা পণ ফাজিল হয় তাহা উঁহাকে দেওয়ান যায় অতএব ১৫ দিবস মেয়াদে ইস্তাহার দেওয়াযাইতেছে যে কেহ উক্ত ডাক ফাজিল টাকার দাবিদার ওজরদার থাকে মেয়াদ মধ্যে খোদ কিম্বা মোক্তারের দ্বারা হজুরে হাজির আসিয়া সাবুদ সম্বলিত ওজরাতের দরখাস্ত করে নচেৎ মেয়াদ গতে কাহারো কোন ওজর শুনা যাইবেক না ইতি সন ১৮৪২ সাল তারিখ ৬ মে।

Jessore Collectorate, 6th May, 1842 — C STEER, *Collector*

ইস্তাহার নামা কাছারি কালেক্টরি মোং বাঁকুড়া জেলা বর্দ্ধমান।

সন ১৮৪১ সালের ১২ আইনের মর্ম্মানুসারে নীচের লিখিত মহালাতের বাঙ্গলা সন ১২৪৯ সালের লাগাদ জ্যৈষ্ঠ মাসের কিস্তির সরকারী মালগুজারী বাকী টাকা আদায় কারণ প্রবল প্রতাপান্বিত শ্রীযুত সাহেবান সদর বোর্ডের সন ১৮৪১ সালের ৬ অকটোবরের সরকুলর চিঠির আজ্ঞাপ্রমাণ সন ১৮৪২ সালের ২৮ জুন মং সন ১২৪৯ সালের ১৫ আষাঢ় মঙ্গলবারে দিবা দুই প্রহরের পর জেলা বর্দ্ধমান মোং বাঁকড়ার কালেক্টরি কাছারিতে প্রকাশ্যরূপে নম্বর শ্রেণীমত নীলাম বিক্রয় হইবেক নীলামের দিবসের পূর্ব্ব দিবস সূর্য্যাস্তের পূর্ব্বে সরকারী বাকী দাখিল হইবেক তৎপরে নীলামের নিরূপিত দিবসে কোনক্রমে বাকী টাকা দাখিল হইবেক না যেকেহ ইস্তাহারি মহালাত খরিদ করিবার বাসনা রাখহ নির্দ্ধারিত দিবসে জেলা বর্দ্ধমান মোং বাকুড়ার কালেকটরি কাছারিতে হাজির হইয়া খরিদ করিবা নীলাম শেষ হইলে পর মূল্যের টাকার চতুর্থাংশ অর্থাৎ সিকি টাকা নগদ কি বাঙ্গালবেঙ্ক নোট অথবা ঐ বেঙ্কের পোষ্টবিল কিম্বা দাঁড়ামত দস্তখৎ করা কোম্পানির প্রোমিশারি নোট বায়না স্বরূপ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক খরিদারকে নীলামের দিবসাবধি ত্রিংশৎ অর্থাৎ ত্রিশ দিবসের মধ্যে সূর্য্যাস্তের পূর্ব্বে অবশিষ্ট মূল্যের টাকা দিতে হইবেক ইতি সন ১৮৪২ সাল তাং ১ জুন।

নম্বর	নাম মহাল মৌজে	মালিকের নাম	জমা সদর	জায়দাদ বকম যাহা বিক্রয় হইবেক।	বাকী লাং জ্যৈষ্ঠ
		জমিদারী অর্থাৎ সুদামি মহাল।			
১৩ নং	লহনা	৺ শম্ভুনাথ হা জরা এয়ড়ে কৃষ্ণনাথ হাজরা	৫৫॥৶৪	মুহলম মৌজে	১৮॥
১৪ নং	বাঙ্গালিচক	কাজীসাএফআলি	১২৯	মুহলম মৌজা	১৪৶৭
		ইজারামহালাত সকল তফসীল যাহা ইজারা হকিয়ৎ।			
১৫ নং	চাতরাকৃষ্ণ নগরের জঙ্গলের আবাজী	কিশোর দাস মহন্ত	৬০	ইজারা হকিয়ৎ	২০৲
১৬ নং	পাইক বাদা	বেচারাম ভট্টাচার্য্য দিগর	১৩১৶৮	ঐ	৮৲
১৮ নং	যমুনাবান্দের আগান	শ্রীগোপাল সিংহ	১৬৬৶৭	ঐ	১৫
১৯ নং	জলমরা	রবিসিংহ রায়	১৮২৫৶৯	ঐ	১৭১৲
২০ নং	খোদ্দমাজ ডিহী	রাজাজয়সিংহ	১৯৩৫৶৬	ঐ	২৪১৷৶
২১ নং	ঐ শামিল জামশলা	মেহের আলী	১৮২৶	ঐ	৬০৸
২২ নং	রাধারমণপুর	চন্দ্রনারায়ণ চক্রবর্ত্তী	৩০৪৶	ঐ	১৮৶
২ নং	বুটী পাত্র সায়ের	অযোধ্যানাথ হাজরা দিং	৮০	ঐ	১৩১/৯
		মোদামি বন্দবস্ত সন ১২৪৯ সালহইতে তৌজিভুক্ত হইয়াছে এজন্য নম্বর পড়ে নাই।			
	সুরমানগর	রাধাকান্ত চক্রবর্ত্তী	৬৫৷৶১১	ঐ	৬
	মুড়রা	রাধাকান্ত মহাপাত্র ও গদাধর মহাপাত্র	১৬৭৶৪	ঐ	১৫॥৶
	পাত্রহাটী	গঙ্গানারায়ণ গোস্বামী	২৩৭৷৶৯	ঐ	১৫।৮

Bancoorah Collectorate, 1st June, 1842 — R P HARRISON, *Deputy Collector*

---

100 RUPEES REWARD

A Reward of 100 Rupees will be given to any person who may apprehend or give information leading to the apprehension of the undermentioned individual

Sobrun Sing, son of Koonjul Sing, aged 37 years —supposed usual place of residence Mowadh Boorwah, Pergunnah Puchroo Khee Thannah Mowaduh in Zillah Behar, dark complexion, broad forehead, eyebrows divided, sheep eyed, high nose, beard and moustachios black and marks of ball upon the right hand, thin and tall man, caste Rajpoot

W DAMPIER,
Supt of Police, L P

Office of Sup Pol L P
Monghyr the 23d June, 1842

১০০ টাকা পুরস্কার।

যে কেহ নীচের লিখিত ব্যক্তিকে গ্রেস্তার করিতে পারে কিম্বা যাহাতে তাহার গ্রেস্তার হয় এমত কোন সংবাদ দিতে পারে তাহাকে ১০০ টাকা পুরস্কার দেওয়া যাইবেক।

কুঞ্জল সিংহের পুত্র সুবর্ণ সিংহ। তাহার বয়স ৩৭ বৎসর এবং বোধ হয় যে প্রায় সর্ব্বদা জিলা বেহারের মওয়াদা থানার পচরুখী পরগনার মৌজা বুরুয়াতে বাস করে। তাহার বর্ণ কাল কপাল চৌড়া জ্রূ যোড়া নহে তাহার চক্ষু ভেড়ার চক্ষুর ন্যায নাক লম্বা দাড়ি গোপ কাল এবং তাহার ডাইন হাতে গোলার দাগ আছে ঐ ব্যক্তি ছিপছিপা লম্বা জাতি রাজপুত।

ডবলিউ ডাম্পিয়র।
বাঙ্গলা প্রভৃতি দেশের পোলীসের সুপরিন্টেণ্ডেণ্ট।
মুঙ্গের ১৮৪২ সাল ২৩ জুন।

NOTICE

Candidates for the situation of Moonsiff are hereby informed that the Presidency Committee will assemble at the Town Hall on Saturday the 9th instant 10 o'clock A M and all those candidates who attended on the 1st of this month on requisition to present themselves there

R TORRENS, *Judge*

Zillah 24-Perghs
Civil Court,
The 1st July, 1842

SHERIFF'S SALES

ইহাব দ্বাবা সম্বাদ দেওয়া যাইতেছে যে মানুবিবিব উত্তরাধিকাবি ও ওয়াবিস সেখ ফতু ও চাঁদ বিবিব বিরুদ্ধে বেন্দিসিয়োনৈ এক্সপোনাস নামক যে এক পবওযানা সবিফ সাহেবেব হাতে আছে তাহাব ক্ষমতাতে তিনি আগামি ৭ জুলাই বৃহস্পতিবাবে বেলা ঠিক দুই প্রহবের সময়ে সুপ্রিম কোর্ট ঘবেব নীচেব বাবাণ্ডায় সবিফ সাহেবেব দপ্তবখানায় প্রবেশ দ্বাবেব নিকটে নীচে লিখিত বিষয় নীলাম করিবেন।

কলিকাতা নগবেব কলিঙ্গাব নাবিকেল বাগান নামক স্থানেব শামিল ও তন্মধ্যস্থিত ২৩ নম্বরী যে এক একতালা ইষ্টক নির্ম্মিত বসত বাটী এবং তাহাব সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কম বেশ ।৩ আটকাটা তাহাতে ও তাহাব মধ্যে ও তাহাব উপব উক্ত মৃতা মানুবিবিব যে স্বত্ব ও অধিকাব ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে কমল বোতলওয়ালাব বাটী ও ভূমি পূর্ব্ব দিগে সবকাবি বাস্তা দক্ষিণ দিগে পেয়াবী ব াড়েব এক খণ্ড ভূমি উত্তব দিগে মেজর ক্রেগি সাহেবের বাটী ও ভূমি।

সবিফ সাহেবেব দপ্তবখানায় অন্বেষণ কবিলে এই নীলামেব বেওবা জানাযাইতে পাবে।

ইহাব দ্বাবা সংবাদ দেওয়া যাইতেছে যে কালীপ্রসাদ শানা ও গুরুচবণ শানা ও গঙ্গাচবণ শানা ও শিবচবণ শানা ও বামধন শানা ও বেণিমাধব শানা ও সনাতন সাধুখাঁ ও দিগম্বব শাহাব বিরুদ্ধে বেন্দিসিয়োনৈ এক্সপোনাস নামক যে এক পবওয়ানা কলিকাতাব সবিফ সাহেবেব হাতে আছে তদনুসাবে তিনি আগামি ৭ জুলাই তাবিখে বৃহস্পতিবাবে বেলা ঠিক দুই প্রহবেব সময়ে সুপ্রিম কোর্ট ঘবেব নীচেব বাবাণ্ডায় সবিফ সাহেবেব দপ্তবখানায় প্রবেশ দ্বাবেব নিকট নীচে লিখিত বিষয় নীলাম করিবেন।

হুগলি জিলাব আর্শা পরগনাব চুচুড়াব শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টক নির্ম্মিত বসত বাটী এবং তাহাব সঙ্গে যে একখণ্ড ও বন্দ ভূমি কমবেশ /৩ তিন কাটা তাহাতে ও তাহাব মধ্যে ও তাহাব উপর উক্ত দিগম্বর শাহাব যে স্বত্ব ও অধিকাব ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে বাস্তা উত্তব দিগে পার্ব্বতী নামক এক ব্যক্তির মাতার বাটী দক্ষিণ দিগে সাতকড়ি পালেব গুদাম পশ্চিম দিগে জয়চাঁদ সেকবাব বাটী ও ভূমি।

এবং উক্ত জিলা ও পবগনায় চুচুড়াব কামারপাড়াব বাজাবেব শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টক নির্ম্মিত বসত বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ ১/১ এক বিঘা এক কাটা তাহাতে ও তাহাব মধ্যে ও তাহাব উপব উক্ত কালীপ্রসাদ শানা ও গুরুচবণ শানা ও গঙ্গাচবণ শানা ও শিবচরণ শানা ও বামধন শানা ও বেণিমাধব শানা ও সনাতন সাধুখাঁব যে স্বত্ব ও অধিকাব ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক। তাহা

বিজ্ঞাপন।

ইহাব দ্বাবা মুনসেফী কর্ম্মাকাঙ্ক্ষি ব্যক্তিরদিগকে জানান যাইতেছে যে রাজধানীব কমিটিব সাহেবেবা বর্ত্তমান মাসেব ৯ তাবিখ শনিবাব বেলা দশ ঘন্টার সময়ে টৌনহালে একত্র হইবেন এবং কর্ম্মাকাঙ্ক্ষি যে সকল মহাশয়েরা বর্ত্তমান মাসেব ১ তারিখে উপস্থিত হইয়াছিলেন তাঁহাবদিগকে উপস্থিত হইতে হইবেক।

আব টরেন্স। জজ।

জিলা চব্বিশ পরগনার দেওয়ানী
আদালত। ১৮৪২ সাল ১ জুলাই।

সবিফেব নীলাম।

এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে গলি পূর্ব্ব দিগে দিননাথ ছুতারের বাটী ও ভূমি পশ্চিম দিগে মদন আগুবিব বাটী ও ভূমি দক্ষিণ দিগে মুবাবি দত্তের বাটী ও ভূমি।

সবিফ সাহেবেব দপ্তবখানায় অন্বেষণ কবিলে নীলামেব নিয়ম জানা যাইতে পাবিবেক।

ইহাব দ্বাবা সংবাদ দেওয়া যাইতেছে যে গেব্রিএল আবিএটিক টৈব ষ্টেফানুস সাহেবেব বিরুদ্ধে ফাইবাই ফেসিযাসনামক যে এক পবওয়ানা কলিকাতাব সবিফ সাহেবেব হাতে আছে তদনুসারে তিনি আগামি ১৪ জুলাই তাবিখ বৃহস্পতিবাব বেলা ঠিক দুই প্রহবের সময়ে সুপ্রিম কোর্ট ঘবেব নীচেব বাবাণ্ডায় সবিফ সাহেবেব দপ্তবখানায় প্রবেশ দ্বাবেব নিকটে নীচে লিখিত বিষয় নীলাম কবিবেন।

ঢাকা জিলাব মাহুৎটুলিব শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টক নির্ম্মিত বসত বাটী এবং তাহাব সঙ্গে যে একখণ্ড ও বন্দ ভূমি কমবেশ ॥০ দশ কাটা তাহাতে ও তাহাব মধ্যে ও তাহাব উপব উক্ত গেব্রিএল আবিএটিক টৈব ষ্টেফানুসেব যে স্বত্ব ও অধিকাব ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব ও দক্ষিণ দিগে দাউদ সাহেবেব বাটী ও ভূমি পশ্চিম দিগে গলি উত্তব দিগে মীর মহম্মদ আলিব একখণ্ড ভূমি।

এবং উক্ত স্থানেব শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ বাইয়তী ভূমি কম বেশ ॥২ বাবকাটা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপব উক্ত গেব্রিএল আবিএটিক টৈর ষ্টেফানুসের যে স্বত্ব ও অধিকাব ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে জলা ভূমি পশ্চিম দিগে আসামীব অপব এক বাটী দক্ষিণ দিগে দাউদ সাহেবেব বাগাৎ ভূমি এবং উত্তব দিগে উক্ত মীব মহম্মদ আলির এক খণ্ড ভূমি।

এবং উক্ত স্থানেব শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ বাগাৎ ভূমি কম বেশ ২॥০ দুই বিঘা দশ কাটা তাহাতে নানা জাতীয় বৃক্ষ আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহাব উপব উক্ত গেব্রিএল আবিএটিক টৈর ষ্টেফানুসেব যে স্বত্ব ও অধিকাব ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব ও পশ্চিম দিগে গলি দক্ষিণ [illegible] ঠাকুর সাহেবেব বাটী ও ভূমি উত্তব দিগে সাবেক জেহেলখানা।

এবং উক্ত বাগানেব নিকটে যে এক খণ্ড ও বন্দ ভূমি কম বেশ /৩ তিনকাটা এবং তাহাতে যে দুইটা ইষ্টক নির্ম্মিত এক তালা বাটী নির্ম্মিত হইযাছে তাহাতে ও তাহাব মধ্যে ও তাহাব উপব উক্ত গেব্রিএল আবিএটিক টৈব ষ্টেফানুসেব যে স্বত্ব ও অধিকাব ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে গলি পশ্চিম ও উত্তব দিগে জেহেলখানা দক্ষিণ দিগে উক্ত বাগান।

[*Government Gazette, 5th July*, 1842]

এবং উক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক এক তালা ইষ্টক নির্ম্মিত গৃহ বসত বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কম বেশ ৩/ তিন বিঘা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত গেব্রিএল আবিএটিক টের ষ্টেফানুসের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর ও পূর্ব্ব দিগে গলি পশ্চিম দিগে উক্ত আসামীর অপর এক বাটী ও ভূমি দক্ষিণ দিগে জলা ভূমি।

এবং উক্ত জিলায় রূপগঞ্জের শামিল ও তন্মধ্যস্থিত যে এক তালুক আছে তাহার।৬= চারি আনা ছয় গণ্ডা দুই ক্রান্তিতে ও তাহার।৬= চারি আনা ছয় গণ্ডা দুই ক্রান্তির মধ্যে ও তাহার।৬= চারি আনা ছয় গণ্ডা দুই ক্রান্তির উপরে উক্ত গেব্রিএল আবিএটিক টের ষ্টেফানুসের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক।

এবং উক্ত জিলায় ভোলাবনের শামিল ও তন্মধ্যস্থিত অপর যে এক তালুক আছে তাহার।৬= চারি আনা ছয় গণ্ডা দুই ক্রান্তির ভাগে ও তাহার ঐ ভাগের মধ্যে ও তাহার ঐ ভাগের উপর উক্ত গেব্রিএল আবিএটিক টের ষ্টেফানুসের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক।

এবং সুধারাম জিলার দক্ষিণ শাহাবাদপুর পরগনার শামিল ও তন্মধ্যস্থিত অপর যে এক তালুক অথবা জমী দাবী আছে তাহার /১৬= এক আনা ষোল গণ্ডা দুই ক্রান্তি ভাগে ও তাহার ঐ ভাগের মধ্যে ও তাহার ঐ ভাগের উপর উক্ত গেব্রিএল আবিএটিক টের ষ্টেফানুসের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক।

এবং উক্ত জিলার হাটী পরগনায় চ[illegible]ক্ষ্মী নামক অপর যে এক তালুক আছে তাহার।৬= চারি আনা ছয়গণ্ডা দুই ক্রান্তি ভাগে ও তাহার ঐ ভাগের মধ্যে ও তাহার ঐ ভাগের উপর উক্ত গেব্রিএল আবিএটিক টের ষ্টেকানুসের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক।

এবং উক্ত জিলার পরসথ পরগনার শামিল ও তন্মধ্যস্থিত চর আবজুল ফকিরা নামক অপর যে এক তালুক আছে তাহার।৬= চারি আনা ছয় গণ্ডা দুইক্রান্তি ভাগে ও তাহার ঐ ভাগের মধ্যে ও তাহার ঐ ভাগের উপর উক্ত গেব্রিএল আবিএটিক টের ষ্টেফানুসের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক।

সরিফ সাহেবের দপ্তরখানায় অন্বেষণ করিলে নীলামের নিয়ম জানা যাইতে পারিবেক।

MISCELLANEOUS ADVERTISEMENT

সাধারণ ব্যক্তিবদের ইস্তাহার।

☞ [গবর্ণমেন্ট গেজেট ১৮৪২। ৫ জুলাই।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত উলিয়ম মিচল সাহেবকর্ত্তৃক মুদ্রিত।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JULY 12, 1842.

কলিকাতা মঙ্গলবার ১৮৪২ সাল ১২ জুলাই।

CIRCULAR ORDERS OF THE SPECIAL COMMISSIONERS

No 249

To the Collectors, Special Deputy Collectors and Superintendent of Settlements under the jurisdiction of the Presidency Special Commissioners

We beg leave to state for your information and guidance that it has been ruled by us that all Suits to resume or to hold lakheraj tenures not in excess of 100 Begahs situated within an Estate purchased on account of Government must be tried by the Collector of the Zillah with reference to Section 30, Regulation II 1819, and Section 5, Regulation III 1828, that consequently, in future claims of the above nature should not be brought under the Provisions of Regulation VII 1822, and Section 5, Regulation IX 1825, but Officers in charge of the purchased Estates will bring their actions before the Collector of the Zillah to which the lands may attach a contrary procedure involving the liability of the reversal of the award

H Moore,

Special Commissioner Moorshedabad and Calcutta Divisions

J H D'Oyly,

Special Commissioner Calcutta and Moorshedabad Divisions

Fort William, 16th June, 1842.

শ্রীযুত স্পেসিয়ল কমিস্যনর সাহেবেরদের সরক্যুলর অর্ডর।

২৪৯ নম্বর।

শ্রীযুত কালেক্টর সাহেব ও শ্রীযুত স্পেসিয়ল ডেপুটী কালেক্টর সাহেব এবং রাজধানীর স্পেসিয়ল কমিস্যনর সাহেবেরদের অধীন বন্দোবস্তী কার্য্যে নিযুক্ত শ্রীযুত সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব বরাবরেষু।

তোমারদের বিজ্ঞাপন ও উপদেশের নিমিত্ত জানাইতেছি যে আমরা এই নির্দ্ধার্য্য করিয়াছি যে গবর্ণমেণ্টের নিমিত্তে খরীদহওয়া কোন মহালের মধ্যস্থিত ১০০/ বিঘার অনধিক কোন লাখেরাজ ভূমি বাজেয়াপ্ত বা বহাল রাখিবার নিমিত্তে যে সকল মোকদ্দমা হয় জিলার কালেক্টর সাহেব ১৮১৯ সালের ২ আইনের ৩০ ধারা এবং ১৮২৮ সালের ৩ আইনের ৫ ধারানুসারে তাহার বিচার করিবেন। অতএব উত্তর কালে উক্ত প্রকার সকল দাওয়া ১৮২২ সালের ৭ আইন এবং ১৮২৫ সালের ৯ আইনের ৫ ধারার নির্দ্দিষ্ট বিধানমতে বিচার হইবেক না। কিন্তু খরীদ হওয়া মহাল যেং কার্য্যকারকেরদের জিম্মায় থাকে তাঁহারা যে জিলাতে ঐ মহাল আছে সেই জিলার কালেক্টর সাহেবের নিকটে আপনারদের মোকদ্দমা উপস্থিত করিবেন। ইহার অন্যমত করিলে ফয়সলা রদ হইবার যোগ্য হইবেক।

এচ মোর।

জিলা মুরশিদাবাদ ও কলিকাতার স্পেসিয়ল কমিস্যনর।

জে এচ ডয়লি।

জিলা কলিকতা ও মুরশিদাবাদের স্পেসিয়ল কমিস্যনর।

ফোর্ট উলিয়ম ১৮৪২ সাল। ১৬ জুন।

CONSTRUCTIONS

কনষ্ট্রুকসন অর্থাৎ আইনের অর্থ।

CONSTRUCTIONS

The following Constructions of Regulations in the Courts of Sudder Dewanny and Nizamut Adawlut during the year 1842, are published for the information and guidance of the Courts of Justice

No 1325

1835
Act XI

On a reference from the Session Judge of Behar, "whether it is imperative upon a Magistrate under the provisions of Act XI of 1835, to sentence any person convicted of a breach of that law, to imprisonment in addition to fine? and whether in the event of a fine imposed under the above Act not being paid, the party mulcted is to be imprisoned for a further term in lieu of the fine, and for what period?"

A reply in the affirmative was given to the first question, and in answer to the second, the Session Judge was referred to Act II of 1839

Calcutta Court, 11th February, Western Court, 11th March, 1842

No 1326

1841
Act XXXI

Held on a reference from the Session Judge of Moradabad, that all appeals from a Joint Magistrate of whatever powers are appealable, under Act XXXI of 1841, exclusively to the Session Judge, and that Construction 858, is consequently no longer in force

Western Court, 12th February, Calcutta Court, 26th March, 1842

No 1327

1841
Act XXIX
Sec 2

The Judge of Moradabad having enquired, whether with reference to the comprehensiveness of the wording of the provision contained in Section 2, Act XXIX 1841, viz "in all cases in which a suit or appeal is dismissed," costs are required to be awarded to respondents who shall have made answer and appointed a Vakeel without having been first summoned to defend an appeal when such appeal may be dismissed under the Act in question It was held, that the contingency of the opposite party appearing without being summoned did not appear to be comprehended in the rule adverted to by the Judge, inasmuch as till the said party be called on to "respond" he cannot in the strict meaning of the word be termed a "respondent" The Judge was further referred to Construction 675, in which the designation is accordingly restricted to "opposite party"

Western Court, 18th February, Calcutta Court, 4th March, 1842

No 1328

1814
Reg XXV
Sec 15
1816
Reg XVII
Sec 7
Cl 8

Held on a reference from the Session Judge of Patna, that in cases before the Session Court as trials, the Session Judge is competent, under Section 15, Regulation XXV 1814, and Clause 8, Section 7, Regulation XVII 1816, to order the dismissal of Police Officers convicted of any offence which may appear to require their removal from public office

Calcutta Court, 1st March, Western Court, 15th April, 1842

No 1329

1819
Reg VII
Secs 5 and 6

The following queries were submitted by the Magistrate of the 24-Pergunnahs to which the replies in juxta-position were given

Question 1 Can workmen, such as Mysteries, Moochees, or other artizans, be brought within the meaning of the enactment quoted, supposing that they have taken advances from their employers and agreed to work for the same without any stipulation as to the precise term or specification of the job that they are to perform?

Answer 1 There must be a stipulated term of service, or a contract for the performance of a specific work to render Section 5, Regulation VII 1819, applicable to the cases alluded to

Q 2 By what Magistrate are cases under the above mentioned provisions cognizable, the Magistrate of the District wherein the agreement was entered

কনষ্ট্রক্সন অর্থাৎ আইনের অর্থ।

সদর দেওয়ানী ও নিজামৎ আদালত আইনের নীচের লিখিত যে অর্থ ১৮৪২ সালে করিলেন তাহা সকল আদালতের বিজ্ঞাপন ও উপদেশের নিমিত্তে প্রকাশ করা যাইতেছে।

১৩২৫ নম্বর।

১৮৩৫ সাল ১১ আইন।

বেহারের সেশন জজ সাহেব জিজ্ঞাসা করিলেন যে কোন ব্যক্তির ১৮৩৫ সালের ১১ আইনের উল্লঙ্ঘনের দোষ সাব্যস্ত হইলে তাহার জরীমানাকরণের অতিরিক্ত মাজিস্ট্রেট সাহেবের ঐ আইনানুসারে তাহাকে কয়েদ করিতেই হইবেক কি না এবং উক্ত আইন মতে যে জরীমানা করা যায় তাহা না দেওয়া গেলে তাহার পরিবর্ত্তে জরীমানাহওয়া ব্যক্তিকে অধিক কালের নিমিত্ত কয়েদ করিতে হইবেক কি না এবং যদি কয়েদ করিতে হয় তবে কত কালের নিমিত্ত।

প্রথম জিজ্ঞাসার এই উত্তর হইল যে তাহাই করিতে হইবেক। এবং দ্বিতীয় জিজ্ঞাসার উত্তরে সেশন জজ সাহেবকে ১৮৩৯ সালের ২ আইন দেখিতে হুকুম হইল।

কলিকাতার সদর আদালত। ১১ ফেব্রুআরি। ১৮৪২।

পশ্চিম দেশের সদর আদালত। ১১ মার্চ। ১৮৪২।

১৩২৬ নম্বর।

১৮৪১ সাল ৩১ আইন।

মুরাদাবাদের সেশন জজ সাহেবের জিজ্ঞাসা করাতে এই বিধান হইল যে জাইন্ট মাজিস্ট্রেট সাহেব যে কোন ক্ষমতা পাইয়া থাকুন তাঁহার হুকুমের উপর ১৮৪১ সালের ৩১ আইনানুসারে কেবল সেশন জজ সাহেবের নিকটে আপীল হইতে পারে। অতএব ৮৫৮ নম্বরী আইনের অর্থ রদ হইল।

পশ্চিম দেশের সদর আদালত। ১২ ফেব্রুআরি। ১৮৪২।

কলিকাতার সদর আদালত। ২৬ মার্চ। ১৮৪২।

১৩২৭ নম্বর।

১৮৪১ সাল ২৯ আইন ২ ধারা।

১৮৪১ সালের ২৯ আইনের ২ ধারায় এই কথা লেখা আছে "যে কোন গতিকে মোকদ্দমা বা আপীল ডিসমিস হয়" অতএব মুরাদাবাদের জজ সাহেব এই বিবিধ এই সাধারণ কথার বিষয়ে জিজ্ঞাসা করিলেন যে আপীলহওয়া মোকদ্দমার জওয়াব দিতে রিস্পাণ্ডেণ্টের তলব না হইলে যদি সেই ব্যক্তি জওয়াব দেয় এবং উকীলকে নিযুক্ত করে এবং ঐ আপীল উক্ত আইনঅনুসারে ডিসমিস হয় তবে ঐ রিস্পাণ্ডেণ্টকে আদালতের খরচা দেওয়াইতে ডিক্রী করিতে হইবেক কি না। তাহাতে বিধান হইল যে প্রতিবাদি ব্যক্তির তলব না হইয়া আদালতে যে উপস্থিত হইবেক এমত গতিক জজ সাহেবের উল্লেখ হওয়া ধারার অভিপ্রায়ের মধ্যে ছিল না বোধ হইতেছে। যেহেতুক ঐ প্রতিবাদি ব্যক্তিকে "রিস্পাণ্ড" করিতে অর্থাৎ জওয়াব দিতে তলব না হইলে তাহাকে প্রকৃতমতে "রিস্পাণ্ডেণ্ট" বলা যায় না। পুনশ্চ জজ সাহেবকে ৬৭৫ নম্বরী আইনের অর্থ দেখিতে হুকুম হইল। ঐ নম্বরী আইনের অর্থেতে "রিস্পাণ্ডেণ্ট" শব্দ কেবল "প্রতিবাদি ব্যক্তি" বুঝায় এমত লেখে।

পশ্চিম দেশের সদর আদালত। ১৮ ফেব্রুআরি। ১৮৪২।

কলিকাতার সদর আদালত। ৪ মার্চ। ১৮৪২।

১৩২৮ নম্বর।

১৮১৪ সাল ২৫ আইন ১৫ ধারা। ১৮১৬ সাল ১৭ আইন ৭ ধারা। ৮ প্রকরণ।

পাটনার সেশন জজ সাহেবের জিজ্ঞাসাকরাতে এই বিধান হইল যে সেশন আদালতে বিচারার্থ কোন মোকদ্দমা উপস্থিত হইলে তাহাতে পোলীসের আমলাদের কোন দোষ যদি সাব্যস্ত হয় এবং ঐ দোষপ্রযুক্ত ঐ আমলাকে সরকারী কর্ম্মহইতে তগীর করিবার আবশ্যক বোধ হয় তবে সেশন জজ সাহেব ১৮১৪ সালের ২৫ আইনের ১৫ ধারা এবং ১৮১৬ সালের ১৭ আইনের ৭ ধারার ৮প্রকরণানুসারে তাহাকে তগীর করিতে পারেন।

কলিকাতার সদর আদালত। ১ মার্চ। ১৮৪২।

পশ্চিম দেশের সদর আদালত। ১৫ আপ্রিল। ১৮৪২।

১৩২৯ নম্বর।

১৮১৯ সাল ৭ আইন ৫। ৬ ধারা।

চব্বিশপরগনার মাজিস্ট্রেট সাহেব নীচের লিখিত জিজ্ঞাসা করিয়াছিলেন তাহার উত্তর ঐ জিজ্ঞাসার নীচে লেখা আছে।

জিজ্ঞাসা।

১। কোন মিস্ত্রি কি মুচি কিম্বা অন্য কোন প্রকার কারীগর আপনার মুনিবের স্থানে টাকা দাদন লইয়া কোন বিশেষ কাল বা কোন বিশেষ কর্ম্ম নির্দিষ্ট না করিয়া যদি সামান্যতঃ কার্য্য করিতে স্বীকার করিয়া থাকে তবে তাহারদের বিষয়ে ঐ ১৮১৯ সালের ৭ আইন খাটে কি না।

উত্তর।

যদি খাটনীর কোন বিশেষ কাল নিরূপণ না হয় অথবা যদি কোন বিশেষ কর্ম্ম করিবার চুক্তি না হয় তবে ১৮১৯ সালের ৭ আইনের ৫ ধারা খাটে না।

জিজ্ঞাসা।

২। উক্ত বিধানের সম্পর্কীয় মোকদ্দমা কোন্ মাজিস্ট্রেট সাহেবের দ্বারা বিচার হইতে পারে যে জিলার মধ্যে বন্দোবস্ত হইয়াছিল কি কর্ম্ম করিতে চুক্তি হইয়াছিল

into, or the work was to be performed, or that of the district wherein the delinquents reside, or to which they may decamp?

A 2 Such cases may be prosecuted either in the district in which the agreement was executed, or in that in which the defendant resides

Calcutta Court, 18th March, Western Court, 27th May, 1842

No 1330

1841 Act XXXI

The following questions relative to the law of appeal in criminal cases, under Act XXXI of 1841, referred by the Session Judge of Tirhoot, were both answered in the negative

1st Supposing a party to appeal, the amount of whose punishment clearly gives him that right, can the Session Judge interfere with another sentence in the same case which falls within the *limitations prescribed by Sections* 8 *and* 9 *Regulation IX* 1793?

2d Supposing the party having an undoubted right to appeal, to fail or neglect to do so, can another party in the same case, whose punishment falls within the limitations specified, be permitted to appeal?

Calcutta Court, 26th March, Western Court, 20th May, 1842

No 1331

1829 Reg X

The Judge of Dacca having directed the return of a document written on plain paper in order to have a stamp affixed, which the revenue authorities were of opinion did not require a stamp, it was held, on a reference from the former Officer, that as the law vests the revenue local authorities and the Board of Customs, Salt and Opium, with the power of determining points of the kind mooted a deed declared by such authority exempt from stamp duty, must be received by the Courts

Calcutta Court, 1st April, Western Court, 15th idem, 1842

No 1332

1841 Act XXXI

Held on a reference from the Session Judge of Sylhet that appeals under Act XXXI of 1841, are not admissible unless preferred within one month from the date of sentence or order and that in this respect the law leaves no discretion to the appellate authority

Calcutta Court, 1st April, Western Court, 28th idem, 1842

No 1333

1840 Act IV

The following letter involving a reference as to the proper construction of Act IV of 1840, in regard to certain cases of dispossession was addressed by the Officiating Magistrate of Budaon to the Session Judge of Bareilly and by him forwarded to the Nizamut Adawlut for the Western Provinces

I have the honour to forward for your inspection some cases* of dispossession under Act IV of 1840

All these cases you will observe are disputes between Zemindars and Kutkenadars not for the possession of defined portions of land but for the right of management and collection of rents of estates Having great doubts whether the Act was intended to apply to such cases I have to request your opinion on the subject

I also forward three cases† of a like description decided by my predecessor, in which possession has been awarded to the Kutkenadars on the ground of their

---

1 * Plaintiffs Thansing and another, *Vs* Hurkurn Sing
2 Plaintiffs Motee and others, *Vs* Poorun Purkar Sing
3 Plaintiffs Ranee Sukhawud, *Vs* Dowlut Sing
4 Plaintiffs Motee and others, *Vs* Poorun Purkar Sing

1 † Plaintiffs Permanund, *Vs* Gungaram and others
2 Plaintiff Bukshoolla and others, *Vs* Kumalooddeen
3 Plaintiff Sudasookh Lal, *Vs*, Chowdree Ubdool Allee

তাহার কি যে জিলাতে দোষি ব্যক্তি বাস করে অথবা যে জিলাতে ঐ ব্যক্তি পলায়ন করিয়া থাকে সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা।

উত্তর।

যে জিলাতে বন্দোবস্ত করা গিয়াছিল তাহার মধ্যে অথবা আসামী যে জিলাতে বাস করে তাহার মধ্যে উক্ত প্রকার নালিশ হইতে পারে।

কলিকাতার সদর আদালত ১৮ মার্চ। ১৮৪২।

পশ্চিম দেশের সদর আদালত ২৭ মে। ১৮৪২।

১৩৩০ নম্বর।

১৮৪১ সাল ৩১ আইন।

১৮৪১ সালের ৩১ আইনানুসারে ফৌজদারী মোকদ্দমায় আপীলের আইনের বিষয়ে ত্রিহুতের সেশন জজ সাহেব নীচের লিখিত দুই জিজ্ঞাসা করিলেন।

১। যে ব্যক্তির দণ্ডের সংখ্যাপ্রযুক্ত আপীলকরণের ক্ষমতা আছে সেই ব্যক্তি আপীল করিলে ঐ মোকদ্দমাঘটিত অন্য যে দণ্ড ১৭৯৩ সালের ৯ আইনের ৮ এবং ৯ ধারার নির্দ্দিষ্ট সীমার মধ্যে পড়ে তাহা সেশন জজ সাহেব অন্যথা করিতে পারেন কি না। তাহাতে বিধান হইল যে অন্যথা করিতে পারেন না।

২। যে ব্যক্তির আপীল করিতে নিতান্ত ক্ষমতা আছে সেই ব্যক্তি যদি আপীল না করে কিম্বা আপীল করিতে গাফিলী করে তবে ঐ মোকদ্দমাসম্পর্কীয় অন্য যে ব্যক্তির দণ্ড ঐ আইনের নির্দ্দিষ্ট দণ্ডের সীমার মধ্যে পড়ে সেই ব্যক্তির প্রতি আপীল করিতে অনুমতি হইতে পারে কি না। তাহাতে বিধান হইল যে অনুমতি হইতে পারে না।

কলিকাতার সদর আদালত। ২৬ মার্চ। ১৮৪২।

পশ্চিম দেশের সদর আদালত। ২০ মে। ১৮৪২।

১৩৩১ নম্বর।

১৮১৯ সাল ১০ আইন।

শাদা কাগজে লিখিত এক দলীলের উপর ইষ্টাম্প বসাইবার নিমিত্ত ঢাকার জজ সাহেব তাহা ফিরিয়া দিলেন। কিন্তু রাজস্বের কার্য্যকারক সাহেবেরা বোধ করিলেন যে তাহাতে ইষ্টাম্প বসাইবার আবশ্যক নাই এবং উক্ত জজ সাহেব তাহার বিষয়ে জিজ্ঞাসা করাতে বিধান হইল যে উক্ত প্রকার বিষয় নির্ণয়করণের ক্ষমতা আইনমতে জিলার রাজস্বের কার্য্যকারক সাহেবেরদিগকে এবং হাসিল ও নিমক ও আফীন বোর্ডের সাহেবেরদিগকে অর্পণ হইয়াছে। অতএব তাঁহারা যদি কহেন যে কোন দলীল দস্তাবেজ ইষ্টাম্প কাগজে লিখিবার আবশ্যক নাই তবে আদালতে তাহা গ্রাহ্য করিতে হইবেক।

কলিকাতার সদর আদালত। ১ আপ্রিল। ১৮৪২।

পশ্চিম দেশের সদর আদালত। ১৫ ঐ। ১৮৪২।

১৩৩২ নম্বর।

১৮৪১ সাল ৩১ আইন।

শ্রীহট্টের সেশন জজ সাহেবের জিজ্ঞাসা করাতে এই বিধান হইল যে দণ্ডাজ্ঞা কি হুকুমের পর ১৮৪১ সালের ৩১ আইনানুসারে আপীল হইলে যদি তাহা ঐ দণ্ডাজ্ঞা কি হুকুম হওনের পর এক মাসের মধ্যে না হয় তবে তাহা অগ্রাহ্য এবং যে কার্য্যকারকের নিকটে আপীল হয় তিনি আপনার বিবেচনানুসারে আইনমতে এক মাসের পরে আপীল লইতে পারেন না।

কলিকাতার সদর আদালত। ১ আপ্রিল। ১৮৪২।

পশ্চিম দেশের সদর আদালত। ২৮ ঐ। ১৮৪২।

১৩৩৩ নম্বর।

১৮৪০ সাল ৪ আইন।

বেদখলহওনের কোন২ মোকদ্দমার বিষয়ে ১৮৪০ সালের ৪ আইনের কি প্রকার অর্থ করিতে হইবেক তাহার বিষয়ে পশ্চাৎ লিখিত পত্র বদাউনের একটিং মাজিষ্ট্রেট সাহেব বরেলির সেশন জজ সাহেবের নিকটে পাঠাইলেন এবং তিনি পশ্চিম দেশের নিজামৎ আদালতে তাহা পাঠাইলেন।

১৮৪০ সালের ৪ আইন সম্পর্কে বেদখল হওনের বিষয় কএক মোকদ্দমা * আপনার দৃষ্টির নিমিত্ত পাঠাইতেছি।

তাহা দেখিয়া আপনি অবগত হইবেন যে এই সকল মোকদ্দমা জমীদার ও কটকিনাদারের মধ্যে বিরোধের বিষয় পরন্তু ভূমির বিশেষ লেখা অংশের দখলের বিষয়ে নহে কিন্তু জমীদারীর সরবরাহকরণের এবং তাহার খাজানা আদায়করণের স্বত্বের বিষয়ে। এই প্রকার মোকদ্দমায় উক্ত আইন খাটে কি না আমার অনেক সন্দেহ হয় অতএব আপনার কি অভিপ্রায় তাহা জিজ্ঞাসা করিতেছি।

এই প্রকার যে অন্য তিন মোকদ্দমা † এই জিলার পূর্ব্বকার মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা নিষ্পত্তি হইয়াছিল তাহাও পাঠাইতেছি। ঐ মোকদ্দমায় কটকিনাদারেরদের সেই জমীদারীতে

১। * থানসিংহ ওং ফরিয়াদী। হরকরণ সিংহ আসামী।
২। মতি ওং ঐ। পূর্ণপ্রকার সিংহ ঐ।
৩। রাণী সখাবদ ঐ। দৌলত সিংহ ঐ।
৪। মতি ওং ঐ। পূর্ণপ্রকার সিংহ ঐ।

১। † পরমানন্দ ফরিয়াদী। গঙ্গারাম ওং আসামী।
২। বক্সুল্লা ওং ঐ। কমলউদ্দীন ঐ।
৩। সদাসুখ লাল ঐ। চৌধুরী আবদুল আলী ঐ।

[*Government Gazette*, 12*th July*, 1842.]

previous possession without any reference to the Zemindar's plea of their rights as land-holders

It occurs to me that if these cases came under the description of those contemplated by the enactment, they should have been governed by Section 10 of the Act, and instead of the Zemindars being dispossessed, they should have been retained in the management of their estates, and the party desirous of ousting them from their undoubted privileges referred to the Court for a title to do so As the case stands the land holders who possess the right of attachment and ejectment, have been referred to the Court for authority to exercise a power which in virtue of their position they already possess This surely could not have been the intention of the Act, which, if I understand its meaning correctly, leaves still, as heretofore, all points involving the question, whether the land-holder has justly exercised his power, to be decided under the Regulations, which grant him, under certain restrictions, the power of distraint and ejectment

(Signed) R B MORGAN

Held, that the view taken in the above Letter, in regard to the Magistrate not possessing jurisdiction in cases of the nature mentioned, was correct

Western Court, 15th April, Calcutta Court, 27th May, 1842

No 1334

1841
Act XXIX

With advertence to that part of Act XXIX of 1841, which makes the institution of a new appeal, after dismissal on default under Section 1, conditional on the party not being precluded by "lapse of time and period of appeal"—It was held on a reference from the Judge of Furruckabad, that the law being general, refers to all appeals, and that consequently, if an appellant to the Zillah Judge default under Act XXIX 1841, and his case is, in accordance with its provisions struck off, his appeal is lost

Western Court, 15th April, Calcutta Court, 27th May, 1842

No 1335

1816
Reg XV

Held on a reference from the Judge of Moradabad, that the provisions of Regulation XV 1816, are applicable to Native Officers and Soldiers of irregular Corps on service in Affghanistan that is on foreign service

Western Court, 28th April, Calcutta Court, 20th May, 1842

No 1336.

1838
Act XXVII
Sec 2

A suit instituted in Zillah Bhagulpore having been transferred to Zillah Purneah under the provisions of Section 2, Act XXVII of 1838, and by the Judge of the latter district referred to his Sudder Ameen for trial —It was held, on a reference from the Judge of Purneah, that the appeal from the Sudder Ameen's decision will be to the Purneah and not to the Bhagulpore Zillah Court

Calcutta Court, 13th, and Western Court, 27th May, 1842

No 1337

Civ Ct
Cir Ord
Vol III
No 177

The following questions were submitted by the Judge of Tipperah, with reference to the Court's printed Circular Order No. 177, dated 31st December 1841, (Western Court 17th January 1842,) relative to the duties and remuneration of Ameens

1st When the measurement of lands, in addition to other local enquiries, becomes necessary, may the Court appoint a Mohurrir and a Nullee or Nullees, subordinate to the Ameen, with allowances not exceeding those of the Ameen, but in addition thereto ?

2d In giving possession of lands, so extensive as to render it impossible for one Ameen to complete the duty within a moderate period, may the Court appoint an Assistant or Assistants on separate allowances, not exceeding those of the Ameen ?

পূর্ব্বে দখল ছিল বলিয়া তাহারদিগকে দখল দেওয়ান গেল এবং জমীদারেরা আপন২ ভূম্যধিকারের স্বত্বের বিষয়ে যে দাওয়া করিলেন তাহা অগ্রাহ্য হইল।

আমার বোধ হয় যে এই প্রকার মোকদ্দমা যদি ঐ আইনের অভিপ্রায়ের মধ্যে জ্ঞান করা যায় তবে ঐ আইনের ১০ ধারানুসারে তাহার নিষ্পত্তি করা উচিত ছিল এবং জমীদারেরদিগকে বেদখল না করিয়া বরং তাঁহারদের জমীদারীর সরবরাহকার্য্যে তাঁহার দিগকে বহালরাখা উচিত ছিল এবং যে ব্যক্তি তাঁহারদিগকে বেদখল করিতে উদ্যত হই য়াছিল তাহাকে ঐ বেদখলকরণের ক্ষমতা পাইবার নিমিত্ত দেওয়ানী আদালতে নালিশ করিতে হুকুম দেওয়া উচিত ছিল। কিন্তু এইক্ষণে যে ভূম্যধিকারিরদের ক্রোক ও বেদখলকরণের শক্তি আছে তাঁহারদের ভূম্যধিকারিত্বক্রমে সেই ক্ষমতা থাকিতেও ঐ ক্ষমতানুসারে কার্য্যকরণের নিমিত্ত আদালতে তাঁহারদের নালিশ করিতে হইতেছে। কিন্তু ঐ আইনের এমত কদাচ অভিপ্রায় হইতে পারে না। আমি তাহার এই অর্থ করি যে যে আইনের দ্বারা কোন২ নিয়মক্রমে জমীদারকে ক্রোক ও বেদখলকরণের শক্তি দেওয়া গিয়াছিল সেই শক্তিক্রমে তিনি যথার্থরূপে কার্য্য করিয়াছেন কি না এই বিষয় ঐ২ আইনানুসারে নিষ্পত্তি করিতে হইবেক এবং এই বিষয়ে ১৮৪০ সালের ৪ আইনের দ্বারা কোন মতান্তর হয় নাই। আর বি মরগেন।

তাহাতে বিধান হইল যে উক্ত প্রকার মোকদ্দমায় মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতা না থাকন বিষয়ে উক্ত পত্রে যাহা লেখেন তাহা যথার্থ।

পশ্চিম দেশের সদর আদালত। ১৫ আপ্রিল। ১৮৪২।

কলিকাতার সদর আদালত। ২৭ মে। ১৮৪২।

১৩৩৪ নম্বর।

১৮৪১ সাল ২৯ আইন।

১৮৪১ সালের ২৯ আইনের যে ভাগে লেখে যে ১ ধারানুসারে কসুরপ্রযুক্ত মোকদ্দমা ডিসমিস হইলেও যদি কালের এবং আপীল করণের মিয়াদের খেলাফ হওয়া প্রযুক্ত আপীলকরণের প্রতিবন্ধক না থাকে তবে আপেলাণ্ট নূতন আপীল করিতে পারেন। এই ভাগের উপলক্ষে ফরক্কাবাদের জজ সাহেবের জিজ্ঞাসা করাতে এই বিধান হইল যে ঐ আইনের কথা সাধারণ এবং সকল আপীলের বিষয়ে খাটে অতএব যদি জিলার জজ সাহেবের আদালতে কোন আপেলাণ্ট ১৮৪১ সালের ২৯ আইনানুসারে কসুর করে এবং ঐ আইনের বিধির অনুসারে যদি তাহার মোকদ্দমা নথীহইতে উঠান যায় তবে তাহার আপীল মিথ্যা হইল।

পশ্চিম দেশের সদর আদালত। ১৫ আপ্রিল। ১৮৪২।

কলিকাতার সদর আদালত। ২৭ মে। ১৮৪২।

১৩৩৫ নম্বর।

১৮১৬ সাল ১৫ আইন।

মুরাদাবাদের জজ সাহেবের জিজ্ঞাসা করাতে এই বিধান হইল যে আফগানস্থান অর্থাৎ বিদেশে উপরি সৈন্যের যে এতদ্দেশীয় জমাদার ও সিপাহী যুদ্ধকার্য্যে নিযুক্ত আছে তাহারদের বিষয়ে ১৮১৬ সালের ১৫ আইনের বিধি খাটে।

পশ্চিম দেশের সদর আদালত। ২৮ আপ্রিল। ১৮৪২।

কলিকাতার সদর আদালত। ২০ মে। ১৮৪২।

১৩৩৬ নম্বর।

১৮৩৮ সাল ২৭ আইন ২ ধারা।

জিলা ভাগলপুরে উপস্থিত এক মোকদ্দমা ঐ জিলাহইতে খারিজ হইয়া ১৮৩৮ সালের ২৭ আইনের ২ ধারার বিধির অনুসারে জিলা পূরণিয়াতে দাখিল হইল এবং ঐ জিলার জজ সাহেব বিচারার্থ তাহা সদর আমীনের নিকটে অর্পণ করেন্। তাহাতে পূরণিয়ার জজ সাহেবের জিজ্ঞাসা করাতে এই বিধান হইল যে ঐ সদর আমীনের ফয়সলার উপর আপীল পূরণিয়ার জিলা আদালতে হইবেক এবং ভাগলপুরের জিলাতে হইবেক না।

কলিকাতার সদর আদালত। ১৩ মে। ১৮৪২।

পশ্চিম দেশের সদর আদালত। ২৭ মে। ১৮৪২।

১৩৩৭ নম্বর।

দেওয়ানী আদালতে সরক্যুলর অর্ডর। ৩ বালম ১৭৭ নম্বর।

১৮৪১ সালের ৩১ ডিসেম্বর তারিখের সদর আদালতের ছাপাহওয়া ১৭৭* নম্বরী সরক্যুলর অর্ডরের সম্পর্কে আমীনেরদের কার্য্য ও মেহনতানার বিষয়ে ত্রিপুরার জজ সাহেব নীচের লিখিত জিজ্ঞাসা করিলেন।

১। যখন সরেজমীনে তদারকের অতিরিক্ত ভূমির জরীপ করিতে হয় তখন ঐ আমীনের অধীনে এক জন মুহুরীর এবং এক বা কএক জন নলি নিযুক্ত করিতে এবং আমীনের মেহনতানাছাড়া অথচ ঐ আমীনের মেহনতানার অধিক না হয় এমত মেহনতানা তাহার দিগকে দিতে আদালতের শক্তি আছে কি না। তাহাতে বিধান হইল যে আদালতের শক্তি আছে।

২। যদি ভূমির পরিমাণ এমত অধিক হয় যে এক জন আমীন উপযুক্ত সময়ের মধ্যে তাহার দখল দেওয়াইতে পারে না তবে আমীনের মেহনতানার অনধিক পৃথক্২ মেহনতানা দিয়া এক বা কএক জন আসিষ্টাণ্টকে সেই কর্ম্মে নিযুক্ত করিতে আদালতের ক্ষমতা আছে কি না। তাহাতে বিধান হইল যে আদালত নিযুক্ত করিতে পারেন।

---

* পশ্চিম দেশের আদালত। ১৮৪২ সাল। ১৭ জানুআরি।

3rd Has the Court no power to appoint an Ameen to give possession, with larger allowances than 12 Annas per diem, however extensive the lands may be, and however important the duty?

The reply to the 1st and 2d questions was in the affirmative, and to the third in the negative

Calcutta Court, 13th May, Western Court, 3d June, 1842

No 1338

1832 Reg II Sec 2 Cl 2

On a reference from the Officiating Session Judge of Mymensing, whether under the rule of Class 2, Section 2, Regulation II 1832, which prescribes that in cases of burglary and thefts, unattended with personal violence, the inquiry is optional and rests with the injured party, such party is notwithstanding bound to give notice of the burglary to the police It was held, that the party suffering the injury is not bound by the law to make any report of the kind referred to, unless he should be a Zumeendar, and have to report the occurrence in that capacity

Calcutta Court, 13th May, Western Court, 10th June, 1842

No 1339

1841 Act XXIX

On a reference from the Judge of Allahabad, relative to the applicability or otherwise of the provisions of Act XXIX 1841, to the Moonsiffs' Courts, in the stage of a case *prior to the filing of the answer* —The Courts of Sudder Dewanny Adawlut were of opinion that the Act in question must be held applicable in supersession of Construction 758 and that no suit can be struck off on default prior to the filing of the answer, before the expiration of six weeks

Western Court, 18th May, Calcutta Court, 10th June, 1842

No 1340

1829 Reg X Sch B Art 8 Note

Held, on a reference from the Judge of Meerut, that in suits for fractional portions of Malgoozaree estates, the valuation according to the note at Article 8, Schedule B Regulation X 1829, is to be computed on a portion of the jumma of the entire estate corresponding with the fractional share sued for, and not, as has been the erroneous practice in some districts, according to the estimated selling price —Thus, for instance, if the suit be for a four Anna share of an estate, assessed at 1000 Rs and within the range of the perpetual settlement, the valuation will be 750 Rs or three times the Jumma (250 Rs) of the fractional portion

Western Court, 18th May Calcutta Court, 17th June, 1842

No 1341

Rule regulating the course of procedure in the event of a decree holder transferring his decree to another party

Held, on a reference from the Judge of Futtehpore, that in the event of A, endorsing over a decree passed in his favour to B it is essential to the formal recognition by a Civil Court of such a transfer, that A, the transferring party should certify in person or by Mookhtar appointed for that special purpose, either verbally or by petition, his having made the transfer to B, whose name should then be inserted, in place of that of the original decree-holder, in the execution of decree process

Western Court, 20th May, Calcutta Court, 17th June, 1842

NOTIFICATION

APPOINTMENT BY THE SUDDER DEWANNY ADAWLUT

THE 1st JULY, 1842

Moulvy Abdool Hossein, Moonsiff of Sundeep, to be Moonsiff of Bhojpoor, Zillah Chittagong

J HAWKINS, *Register*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের নিয়োগ।

১৮৪২ সাল। ১ জুলাই।

সন্দ্বীপের মুনসেফ শ্রীযুত মৌলবী আবদুল হুসেন জিলা চাটিগাঁর ভোজপুরের মুনসেফ হইবেন।

জে হকিন্স। রেজিষ্টর।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ১২ জুলাই।]

৩। ভূমির পরিমাণ যত অধিক হউক এবং কার্য্যের যত বাহুল্য হউক যে আমীন তাহার দখল দেওয়াইবার কার্য্যে নিযুক্ত হয় তাহাকে প্রতিদিন ৮০ আনার অধিক মেহনতানা আদালত নির্দ্দিষ্ট করিয়া দিতে পারেন কি না। তাহাতে বিধান হইল যে পারেন না।

পশ্চিম দেশের সদর আদালত। ১৩ মে। ১৮৪২।
কলিকাতার সদর আদালত। ৩ জুন। ১৮৪২।

১৩৩৮ নম্বর।

১৮৩১ সাল ২ আইন ২ ধারা ২ প্রকরণ।

১৮৩১ সালের ২ আইনের ২ ধারার ২ প্রকরণে লেখে যে সিধ বা চুরী হইলে যদি তাহাতে কোন শারীরিক হানি না হয় তবে যে ব্যক্তির ক্ষতি হইয়া থাকে সে ব্যক্তি তহকীকের দরখাস্ত না করিলে তহকীক হইতে পারে না। তাহাতে ময়মনসিংহের একটিং সেশন জজ সাহেব জিজ্ঞাসা করিলেন যে এই আইন থাকিতেও ঐ ব্যক্তির পোলীসে সিঁধের বিষয়ে সম্বাদ দিতে হয় কি না। তাহাতে বিধান হইল যে আইনের দ্বারা ঐরূপ ক্ষতি বিশিষ্ট ব্যক্তির কোন সংবাদ দিবার আবশ্যক নাই কিন্তু যদি সেই ব্যক্তি জমীদার হয় এবং তদুপলক্ষে তাহার রিপোর্ট করিতে হয় তবে দেওনের আবশ্যক আছে।

কলিকাতার সদর আদালত। ১৩ মে। ১৮৪২।
পশ্চিম দেশের সদর আদালত। ১০ জুন। ১৮৪২।

১৩৩৯ নম্বর।

১৮৪১ সাল ২৯ আইন।

আলাহাবাদের জজ সাহেব জিজ্ঞাসা করিলেন যে মুনসেফের আদালতে কোন মোকদ্দমার জওয়াব দাখিলকরণের পূর্ব্বে ১৮৪১ সালের ২৯ আইনের বিধি খাটিতে পারে কি না। তাহাতে উক্ত সদর দেওয়ানী আদালত এই বিধান করিলেন যে ৭৫৮ নম্বরী আইনের অর্থ পরিবর্ত্ত হইয়া উক্ত আইন খাটিবেক এবং জওয়াব দাখিলকরণের পূর্ব্বে ছয় সপ্তাহ অতীত না হইলে কোন মোকদ্দমা কসুরপ্রযুক্ত নথীহইতে উঠান যাইতে পারে না।

পশ্চিম দেশের সদর আদালত। ১৮ মে। ১৮৪২।
কলিকাতার সদর আদালত। ১০ জুন। ১৮৪২।

১৩৪০ নম্বর।

১৮১৯ সাল ১০ আইন। B চিহ্নিত তফসীল ৮ প্রকরণ।

মীরটের জজ সাহেবের জিজ্ঞাসা করাতে বিধান হইল যে খেরাজী জমীদারীর নানা অংশের বিষয়ে মোকদ্দমা হইলে সমুদয় জমীদারীর জমার অনুসারে প্রত্যেক অংশের জমা ধরিয়া ১৮১৯ সালের ১০ আইনের B চিহ্নিত তফসীলের ৮ প্রকরণানুসারে মূল্যের হিসাব করিতে হইবেক এবং কোন হিসাব ঐ অংশের আন্দাজী বিক্রয়ের কিম্মৎঅনুসারে মূল্য ধার্য্যকরণের যে বেআইনী ব্যবহার হইতেছে তদনুসারে করিতে হইবেক না। যথা যদি দশসনী বন্দোবস্তের শামিল মালিয়ানা ১০০০৲ টাকা জমার কোন মহালের সিকীর বিষয়ে মোকদ্দমা হয় তবে তাহার মূল্য ৭৫০৲ টাকা ধরিতে হইবেক অর্থাৎ সেই অংশের মালিয়ানা ২৫০৲ টাকা জমার তিনগুণ।

পশ্চিম দেশের সদর আদালত। ১৮ মে। ১৮৪২।
কলিকাতার সদর আদালত। ১৭ জুন। ১৮৪২।

১৩৪১ নম্বর।

ডিক্রীদার আপনার ডিক্রী অন্যকে দিলে তাহার বিষয়ে যাহা কর্ত্তব্য তাহার বিধান।

ফতেপুরের জজ সাহেবের জিজ্ঞাসা করাতে বিধান হইল যে রামের পক্ষে ডিক্রী হইয়া যদি সে ব্যক্তি তাহার পিঠে লিখিয়া গোপালকে ঐ ডিক্রী দেয় তবে দেওয়ানী আদালত ঐ খারিজদাখিল রীতিমতে মঞ্জুরকরণের নিমিত্ত খারিজ দাখিলকরণিয়া রামের আবশ্যক যে সে স্বয়ং অথবা সেই বিশেষ কারণে মোখ্তার নিযুক্ত করিয়া তাহার দ্বারা জোবানীতে বা দরখাস্তের দ্বারা গোপালকে ঐ ডিক্রী দেওনের সম্বাদ দেয় পরে ডিক্রী জারীকরণের হুকুমে আসল ডিক্রীদারের নাম কাটিয়া গোপালের নাম লেখা যাইবেক।

পশ্চিম দেশের সদর আদালত। ২০ মে। ১৮৪২।
কলিকাতার সদর আদালত। ১৭ জুন। ১৮৪২।

CIVIL APPOINTMENTS

No 392
FORT WILLIAM,
FINANCIAL DEPARTMENT,
The 29th June, 1842

Mr G F McClintock received charge of the Government Agency Office and of the Office of Secretary to the Government Savings' Bank, from Mr R. H Snell on the 23d instant

H V BAYLEY,
Deputy Secretary to the Govt of Bengal

রাজকর্ম্মে নিযোগ।

৩৯২ নম্বর।
ফোর্ট উলিয়ম।
ফিনান্সিয়ল ডিপার্টমেন্ট।
১৮৪২ সাল। ২৯ জুন।

শ্রীযুত জি এফ মাক্লিন্টক সাহেব বর্ত্তমান মাসের ২৩ তারিখে শ্রীযুত আর এচ স্নেল সাহেবের স্থানে গবর্ণমেন্টের সেবিংস্ ব্যাঙ্কের সেক্রেটারীর কর্ম্ম এবং গবর্ণমেন্টের এজেন্সী দফ্তরখানার কর্ম্মের ভার গ্রহণ করিলেন।

এচ বি বেলি।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের ডেপুটী সেক্রেটারী।

[*Government Gazette, 12th July*, 1842]

No 373

FORT WILLIAM,

GENERAL DEPARTMENT

The 29th June, 1842

Mr W Grey, of the Civil Service, reported his return from leave at Darjeeling to the Presidency, 23d instant

Surgeon N Wallich, M D, Superintendent of the Hon'ble Company's Botanic Garden, has obtained leave of absence, for two years, to proceed to the Cape of Good Hope or New South Wales, for the benefit of his health

H V Bayley,
Depy Secy to the Govt of Bengal

No 1137

FORT WILLIAM,

GENERAL DEPARTMENT

The 29th June, 1842

EDUCATION

Mr T Bruce, Mr J Alexander, and Mr H Roe, and Mahomed Nazim, Sudder Ameen, Golaum Ahya Hazee and Gour Mohun Roy, Sheristadar, have been appointed Members of the Local Committee of Education at Comillah

By Order of the Honourable the President in Council

H V Bayley,
Depy Secy to the Govt of India

No 375

FORT WILLIAM

GENERAL DEPARTMENT

The 29th June, 1842

The Honourable the Deputy Governor is pleased to permit Mr E H Lushington, who was reported qualified for the public service, on the 16th April last, by proficiency in two languages, viz Hindee and Persian, to remain attached to the College for another month, in order to prosecute his studies in a third language Bengalee

H V Bayley,
Depy Secy to the Govt of Bengal

No 825

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL

JUDICIAL AND REVENUE DEPARTMENT

The 4th July, 1842

Mr C K Robison, a Magistrate of the Police of Calcutta, has obtained leave of absence, for one month, under Medical Certificate

The leave of absence granted under date the 30th May last, to Moulvie Mahomed Furrook, Sudder Ameen of Balasore, for ten days, is to take effect from the 15th instant

The Orders of the 13th ultimo, appointing Mr C A Ravenshaw, an Assistant to the Joint Magistrate and Deputy Collector of Furreedpore, have been cancelled at his own request Mr Ravenshaw will continue an Assistant to the Magistrate and Collector of Bhaugulpore until further orders

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ১২ জুলাই।]

৩৭৩ নম্বর।

ফোর্ট উলিয়ম।

জেনরল ডিপার্টমেণ্ট।

১৮৪২ সাল ২৯ জুন।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত ডবলিউ গ্রে সাহেব ছুটী পাইয়া দারজিলিঙ্গে গমনের পর তৎস্থানহইতে বর্ত্তমান মাসের ২৩ তারিখে রাজধানীতে আপনার পঁহুছনের রিপোর্ট করিয়াছেন।

কোম্পানির বাগানের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ডাক্তর এন উয়ালিক সাহেব স্বীয় স্বাস্থ্যার্থে কেপে অথবা নিউ সৌথ উএল্সে গমনার্থে দুই বৎসরের ছুটী পাইয়াছেন।

এচ বি বেলি।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ডেপুটী সেক্রেটারী।

১১৩৭ নম্বর।

ফোর্ট উলিয়ম।

জেনরল ডিপার্টমেণ্ট।

১৮৪২ সাল ২৯ জুন।

বিদ্যাধ্যাপন।

শ্রীযুত টি ব্রুস্ সাহেব ও শ্রীযুত জে আলেকজান্দর সাহেব ও শ্রীযুত এচ রো সাহেব ও সদর আমীন শ্রীযুত মহম্মদ নাজিম ও শ্রীযুত গোলাম আহিয়া হাজি এবং সিরিশতাদার শ্রীযুত গৌরমোহন রায় কমিল্লার বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বরী পদে নিযুক্ত হইয়াছেন।

কৌন্সেলের শ্রীযুত প্রসীডেণ্ট সাহেবের হুকুমক্রমে।

এচ বি বেলি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের ডেপুটী সেক্রেটারী।

---

৩৭৫ নম্বর।

ফোর্ট উলিয়ম।

জেনরল ডিপার্টমেণ্ট।

১৮৪২ সাল ২৯ জুন।

শ্রীযুত ই এচ লশিংটন সাহেব গত ১৬ আপ্রিল তারিখে দুই ভাষাতে অর্থাৎ হিন্দী ও পারসী ভাষায় সুশিক্ষিত হইয়া সরকারী কর্ম্মের নিমিত্তে উপযুক্ত এমত রিপোর্ট হওয়াতে শ্রীযুত ডেপুটী গবরনর সাহেব তাঁহাকে বাঙ্গলা ভাষাও শিক্ষাকরণের নিমিত্তে আর এক মাস পর্য্যন্ত কালেজে থাকিবার অনুমতি দিয়াছেন।

এচ বি বেলি।
বাঙ্গলাদের গবর্ণমেণ্টের ডেপুটী সেক্রেটারী।

---

৮২৫ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবরনর্ সাহেবের হুকুম।

জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেণ্ট।

১৮৪২ সাল ৪ জুলাই।

কলিকাতার পোলীসের মাজিষ্ট্রেট শ্রীযুত সি কে রাবিসেন সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

বালেশ্বরের সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ ফরূককে গত মে মাসের ৩০ তারিখে যে ১০ দিনের ছুটী দেওয়া যায় তাহা বর্ত্তমান মাসের ১৫ তারিখঅবধি চলিবেক।

গত মাসের ১৩ তারিখের যে হুকুমক্রমে শ্রীযুত সি এ রেবনসা সাহেব ফরিদপুরের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের আসিষ্টাণ্টী পদে নিযুক্ত হইয়াছিলেন তাহা ঐ সাহেবের প্রার্থনায় রহিত হইয়াছে। শ্রীযুত রেবনসা সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত ভাগলপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টরের আসিষ্টাণ্টী পদে থাকিবেন।

NOTIFICATION

Lieutenant W H Oakes received charge of the Chybassa District, South Western Frontier, from Lieutenant J H Fulton, on the 14th ultimo

F J HALLIDAY,
Secy to the Govt of Bengal

বিজ্ঞাপন।

শ্রীযুত লেপ্টেনেন্ট উবলিউ এচ ওক্স সাহেব গত মাসের ১৪ তারিখে শ্রীযুত লেপ্টেনেন্ট জে এচ ফুল্টন সাহেবের স্থানে দক্ষিণ পশ্চিম প্রদেশের চৈবাসা জিলার অধ্যক্ষতা কর্ম্ম গ্রহণ করিলেন।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

SALT

নিমক।

বাকীজাত নেমক সন ১৮৪২ সাল তারিখ ৩১ মে।

	হিজলি	
ঘাট দক্ষিণ কালীনগর	১২৪৬ সাল	১৪৯০৭২॥৫
ঐ ঐ	১২৪৭	৫৯৯৯৯৪॥
ঐ ঐ	১২৪৮	৩৩০২১৯॥
উত্তর কালীনগর	১২৪৬	২২৭৫/০
ঐ ঐ	১২৪৭	২৯৮৭৯৪/০
কৃষ্ণনগর	”	২০৯০৯৭।৫॥
ঐ	১২৪৮	২২৮৯৯৪/০
রামনগর	”	২৪৭৭৭/
তেরোপাইকা	”	২০২০০৭/০
	তমলুক	
নারায়ণপুর	১২৪৭	২৭৬০৭৩॥৬॥
ঐ	১২৪৮	৪২০০৮৯,০
ক্রোকী নেমক	”	৯৮।৪৶৵
	২৪ পরগনা	
নারায়ণপুর বাটির বুনি	১২৪৭	১২৫০/০
ঐ ঐ	১২৪৮	৮৯৫৫॥০
ঐ তাফাল	১২৪৭	২১৮১।৮।৵
রেওতা	”	৩১।৪॥
শ্রীযুত প্রিন্সেপ সাহেবের সিকাণ্ড কোয়ালিটি	১২৪৪	৩।১
ঐ ঐ	১২৪৮	৫৪০৪।০
ডাইমন হারবোর	১২৪৭	২৫৮৫৪/৫
বাগুণ্ডি	”	১৩৬২৩/০
	চট্টগ্রাম	
নেজামপুর ডোমখালি	”	৮৮৭৩।১॥
ঐ ঐ	১২৪৮	২৮০৯১৶০
আরাকেন পাঙ্গা	১৮৪০। ৪১	২৭৩৫৶০
ঐ ঐ	১৮৪১। ৪২	১০২৯৫৯৵০
সদর ঘাট	১২৪৮	১২১০০৯/০
ক্রোকী পাঙ্গা নেমক	১৮৪২	২৭।৬
	শালিখা।	
মাদরাজ পরমিট	১৮৪১। ৪২	৩৪৪২৪৯।৪
ঐ	১৮৪২। ৪৩	৮০২৪/
মক্কা নেমক	১৮৩৯। ৪০	১৮/৮
ঐ	১৮৪০। ৪১	২৩/৫
গুড়াসৈন্ধব ইনফিরিয়র	”	৭৮॥৭॥/
ক্রোকী করকচ	১৮৪১। ৪২	৮॥০
ঐ	১৮৪২। ৪৩	১৪/৮
কটক পাঙ্গা নেমক	১২৪০	৫০০০৪।২॥
ঐ	১২৪৭	৩২৫৩৫২।০
ঐ	১২৪৮	৮৬৩৫১।০
খোরদা পাঙ্গা	১২৪৬	১৫৫৩০৭॥৫
ঐ	১২৪৭	১৪২২৪৬।০
বালেশ্বর পাঙ্গা	১২৪৬	৫৩৮৶৫
ঐ	১২৪৭	৩৫৪০০৭৶৫
ঐ	১২৪৮	১২১০৮৭৶১
বালিয়াঘাটা	১২৪৭	১৮।০
ক্রোকী পাঙ্গা	১৮৪১। ৪২	১৪৶৩
ঐ	১৮৪২। ৪৩	১৪।৭।

বিমৌজিব হুকুম সাহেবান আলিসান বোর্ড পরমিট নেমক ও আফিম ইতি সন ১৮৪২ সাল তারিখ ২৮ জুন।

এচ টরেন্স সেক্রেটারী।

[*Government Gazette*, 12*th July*, 1842]

এস্তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৪২ সাল তারিখ ১৪ জুলাই রোজ বৃহস্পতিবার বেলা দুই প্রহর এক ঘন্টার পূর্ব্বে যে কোন সময়ে চউক্ নীচের লিখিত মোয়াজি নেমক যাহা মোং শালিখার সরকারি গোলায় মৌজুদ আছে তাহার খরিদের জন্য দরখাস্ত শিল মোহর বন্দ করা এই দপ্তরখানায় লওয়াযাইবেক তদন্তর ঐ নেমকের দর শ্রীযুত সাহেবান আলিশান বোর্ড পরমিট নেমক ও আফিমের হুকুমানুসারে নির্দ্ধারিত হইবেক। ঐ সকল দরখাস্তে ফিশত মোন নেমকের উপর যে ব্যক্তি যত মূল্য দিতে চাহিবেক তাহা কোম্পানির টাকায় লিখিতে হইবেক আর ঐ দরখাস্তের উপর এমত জিকির থাকিবেক যে কটক পাঙ্গা নেমকের বাবদ দরখাস্ত এবং দরখাস্তের শিরনামার উপর দরখাস্তকারি অথবা তাহার মোক্তার কিম্বা তাহার গোমাস্তার নাম লিখিত থাকিবেক ও দরখাস্ত খুলিবার নিরূপিত সময়ে দরখাস্তকারি অথবা তাহার মোক্তার কিম্বা গোমাস্তা কেহ এক জন উপস্থিত না থাকিলে দরখাস্ত খোলা যাইবেক না এবং দরখাস্তের মাতবরির জন্য একং শত টাকা আমানতের স্বরূপ দাখিল করিতে হইবেক তৎব্যতীত কোন দরখাস্ত মাতবর জ্ঞান করা যাইবেক না ঐ ১০০ টাকা যে ব্যক্তির দরখাস্ত মঞ্জুর হইবেক তাহার নামে এই নেমক খরিদের হিসাবে জমা হইবেক কিম্বা দরখাস্ত মঞ্জুর না হইলে ফেরত দেওয়া যাইবেক।

যে সকল ব্যক্তি নেমক খরিদের জন্য দরখাস্ত করিবেক তাহারদিগের উচিত যে দরখাস্তকরণের পূর্ব্বে ঐ নেমকের নমুনা মোং শালিখার গোলায় স্বচক্ষে দেখিয়া নেমকের রকম বুঝিয়া আপনার খাতিরজমা মতে দরখাস্ত করে ইতি।

নেমকের রেওরা।

এজেন্সী অর্থাৎ জিলার নাম	ঘাটের নাম	কোন সনের পোক্তান	মোয়াজিয়ে নেমক
কটক পাঙ্গা নেমক	শালিখা	১২৪৬ সাল	৭৫০০/ মোন

বিয়োজির হুকুম সাহেবান আলিসান বোর্ড পরমিট নেমক ও আফিম হইতে সন ১৮৪২ সাল তারিখ ৭ জুলাই।
এচ টরেন্স। সেক্রেটারী।

ইস্তেহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত পাঙ্গা নেমক পশ্চাদুক্ত নিরিখ দরে বিক্রয়ার্থে প্রস্তুত আছে খরিদারানের উচিত যে ঐ নেমকের রকম মোং চট্টগ্রামের সরকারী গোলার নমুনাদৃষ্টে খাতিরজমামত বুঝিয়া খরিদ করেন আর যে ব্যক্তি মোকাম মজকুরে প্রথমে রওয়ানা দাখিল করিবেক সেই ব্যক্তি পাহেলা ওজন পাইবার যোগ্য হইবেক।

নেমকের রেওরা।

এজেন্সী অর্থাৎ জেলার নাম	ঘাটের নাম	কোন সনের পোক্তান	মওয়াজি নেমক	নিরিখ দর ফি ১০০৲ মোন
চট্টগ্রাম সদর ঘাট ডোমখালি	সদর ঘাট ঐ	১২৪৮ সাল	১০০০০০৲ মোন ১০০০০০৲	কোং টাকা ৪১৭৲ ৪১৭৲

বোর্ড পরমিট নেমক ও আফিম সন ১৮৪২ সাল তাং ৯ জুলাই। এচ টরেন্স। সেক্রেটারী।

SHERIFF'S SALES — সরিফের নীলাম।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে গেব্রিএল আরিএটিক টের ষ্টেফানুস সাহেবের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক যে এক পরওয়ানা কলিকাতার সরিফ সাহেবের হাতে আছে তদনুসারে তিনি আগামি ১৪ জুলাই তারিখ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময়ে সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারাণ্ডায় সরিফ সাহেবের দপ্তরখানায় প্রবেশ দ্বারের নিকটে নীচে লিখিত বিষয় নীলাম করিবেন।

ঢাকা জিলার মাহুৎটুলির শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টক নির্ম্মিত বসত বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ ৷৷॰ দশ কাটা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত গেব্রিএল আরিএটিক টের ষ্টেফানুসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব ও দক্ষিণ দিগে দাউদ সাহেবের বাটী ও ভূমি পশ্চিম দিগে গলি উত্তর দিগে মীর মহম্মদ আলির একখণ্ড ভূমি।

এবং উক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ বাইয়তী ভূমি কম বেশ ৷৷২ বার কাটা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত গেব্রিএল আরিএটিক টের ষ্টেফানুসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে জলা ভূমি পশ্চিম দিগে আমামীর অপর এক বাটী দক্ষিণ দিগে দাউদ সাহেবের বাগাং ভূমি এবং উত্তর দিগে উক্ত মীর মহম্মদ আলির এক খণ্ড ভূমি।

এবং উক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ বাগাংভূমি কম বেশ ২৷॰ দুই বিঘা দশ কাটা তাহাতে নানা জাতীয় বৃক্ষ আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত গেব্রিএল আরিএটীক টের ষ্টেফানুসের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহার নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব ও পশ্চিম দিগে গলি দক্ষিণ দিগে চাতুর সাহেবের বাটী ও ভূমি উত্তর দিগে সাবেক জেহেলখানা।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ১২ জুলাই।]

এবং উক্ত বাগানের নিকটে যে এক খণ্ড ও বন্দ ভূমি কম বেশ /৩ তিনকাটা এবং তাহাতে যে দুইটা ইষ্টক নির্ম্মিত এক তলা বাটী নির্ম্মিত হইয়াছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত গেব্রিএল আবিএটিক টেব ষ্টেফানূসের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে গলি পশ্চিম ও উত্তর দিগে জেহেলখানা দক্ষিণ দিগে উক্ত বাগান।

এবং উক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক এক তালা ইষ্টক্ নির্ম্মিত গৃহ বসত বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কম বেশ ৩/ তিন বিঘা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত গেব্রিএল আবিএটিক টের ষ্টেফানূসের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর ও পূর্ব্ব দিগে গলি পশ্চিম দিগে উক্ত আসামীর অপর এক বাটী ও ভূমি দক্ষিণ দিগে জলা ভূমি।

এবং উক্ত জিলায় রূপগঞ্জের শামিল ও তন্মধ্যস্থিত যে এক তালুক আছে তাহার।৬ = চারি আনা ছয় গণ্ডা দুই ক্রান্তিতে ও তাহার।৬ = চারি আনা ছয় গণ্ডা দুই ক্রান্তির মধ্যে ও তাহার।৬ = চারি আনা ছয় গণ্ডা দুই ক্রান্তির উপরে উক্ত গেব্রিএল আবিএটিক টেব ষ্টেফনূসের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক।

এবং উক্ত জিলায় ভোলাবনের শামিল ও তন্মধ্যস্থিত অপর যে এক তালুক আছে তাহার।৬= চারি আনা ছয় গণ্ডা দুই ক্রান্তির ভাগে ও তাহার ঐ ভাগের মধ্যে ও তাহার ঐ ভাগের উপর উক্ত গেব্রিএল আবিএটিক টেব ষ্টেফানূসের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক।

এবং সুধারাম জিলার দক্ষিণ শাহাবাদপুর পরগনার শামিল ও তন্মধ্যস্থিত অপর যে এক তালুক অথবা জমীদারী আছে তাহার /১৬ = এক আনা ষোল গণ্ডা দুই ক্রান্তি ভাগে ও তাহার ঐ ভাগের মধ্যে ও তাহার ঐ ভাগের উপর উক্ত গেব্রিএল আবিএটিক টেব ষ্টেফানূসের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক।

এবং উক্ত জিলার হাটা পরগনায় চরলক্ষ্মী নামক অপর যে এক তালুক আছে তাহার। ৬ = চারি আনা ছয় গণ্ডা দুই ক্রান্তি ভাগে ও তাহার ঐ ভাগের মধ্যে ও তাহার ঐ ভাগের উপর উক্ত গেব্রিএল আবিএটিক টেব ষ্টেফানূসের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক।

এবং উক্ত জিলার পরসথ পরগনার শামিল ও তন্মধ্যস্থিত চর আবদুল ফকিরা নামক অপর যে এক তালুক আছে তাহার । ৬ = চারি আনা ছয় গণ্ডা দুই ক্রান্তি ভাগে ও তাহার ঐ ভাগের মধ্যে ও তাহার ঐ ভাগের উপর উক্ত গেব্রিএল আবিএটিক টের ষ্টেফানূসের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক।

সরিফ সাহেবের দপ্তরখানায় অন্বেষণ করিলে নীলামের নিয়ম জানা যাইতে পারিবেক।

MISCELLANEOUS ADVERTISEMENT

সাধারণ ব্যক্তিরদের ইস্তাহার।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত উলিয়ম মিচল সাহেবকর্ত্তৃক মুদ্রিত।

Numb. 108. ১০৮)

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JULY 19, 1842.

কলিকাতা মঙ্গলবার ১৮৪২ সাল ১৯ জুলাই।

DRAFTS OF ACTS

FORT WILLIAM,
LEGISLATIVE DEPARTMENT,
THE 3D JUNE, 1842

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 3d of June 1842

ACT No —— OF 1842.

An Act for regulating the Emigration of the Native Inhabitants of the Territories under the Government of the East India Company to the Island of Mauritius

I Whereas it hath been ordered by the Queen's Most Excellent Majesty, by and with the advice of Her Majesty's Privy Council, as follows

AT THE COURT AT WINDSOR,
THE 15TH OF JANUARY, 1842

PRESENT—

THE QUEEN'S MOST EXCELLENT MAJESTY
HIS ROYAL HIGHNESS PRINCE ALBERT.
Lord President
Lord Privy Seal
Lord Steward.
Lord Chamberlain
Earl of Jersey
Earl of Ripon
Lord Stanley
Lord FitzGerald & Vesci
Sir Robert Peel, Bt
Mr Chancellor of the Exchequer
Sir James Graham, Bt
Sir Edward Knatchbull, Bt

Whereas it is probable that the Laws now in force in British India for preventing the emigration of the Inhabitants thereof to Her Majesty's Colonial Possessions will be shortly repealed so far as regards emigration to the Island of Mauritius, and that such last mentioned emigration will be sanctioned by Laws to be for that purpose enacted in India, subject to various provisions to be in such

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
লেজিসলেটিব ডিপার্টমেণ্ট।
ইঙ্গরেজী ১৮৪২ সাল ৩ জুন।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪২ সালের ৩ জুন তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

১৮৪২ সাল —— আক্ট।

কোম্পানি বাহাদুরের অধীন দেশনিবাসি দেশীয় লোকেরদের মরিচ উপদ্বীপে গমনের নিয়মকরণার্থ আইন।

১। যেহেতুক ইঙ্গলণ্ড দেশের শ্রীশ্রীমতী মহারাণীর হজুর কৌন্সেলের পরামর্শক্রমে শ্রীশ্রীমতী মহারাণী নীচের লিখিত হুকুম করিয়াছেন।

উইনজরের দরবার।
১৮৪২ সাল ১৫ জানুআরি।
বর্ত্তমান।

শ্রীশ্রীমতী ইঙ্গলণ্ডের মহারাণী।
শ্রীলশ্রীযুক্ত প্রিন্স আলবর্ট।
শ্রীযুক্ত লার্ড প্রেসীডেণ্ট।
শ্রীযুক্ত লার্ড প্রিবি সিল।
শ্রীযুক্ত লার্ড ষ্টুআর্ড।
শ্রীযুক্ত লার্ড চেম্বরলেন।
শ্রীযুক্ত অর্ল জর্সি।
শ্রীযুক্ত অর্ল রিপন।
শ্রীযুক্ত লার্ড ষ্টান্‌লি।
শ্রীযুক্ত লার্ড ফিটসজেরাল্ড ও বেস্‌সী।
শ্রীযুক্ত সর রাবর্ট পিল।
শ্রীযুক্ত চান্সেলর অফ দি এক্সচেকর।
শ্রীযুক্ত সর জেম্‌স গ্রেহেম।
শ্রীযুক্ত সর এড্বার্ড নাচবুল।

যেহেতুক ভারতবর্ষনিবাসি লোকেরদিগকে শ্রীশ্রীমতী মহারাণীর দেশান্তর রাজ্যে গমন করিতে ভারতবর্ষীয় যে আইনের দ্বারা এক্ষণে নিষেধ আছে তাহা অল্প কালের মধ্যে মরিচ উপদ্বীপের সম্পর্কে রদহওনের কল্প আছে এবং ঐ ব্যক্তিরদের ঐ উপদ্বীপে গমনের অনুমতি দেওনের আইন ঐ ভারতবর্ষের মধ্যে অল্প কালে জারী হইবার সম্ভাবনা আছে এবং ঐ আইনের মধ্যে ঐ দেশান্তর গমনকারি ব্যক্তিরদের রক্ষণার্থ এবং মন্দাচরণ

Laws made for the protection of such Emigrants, and for the prevention of abuses And whereas it is probable that amongst the provisions so to be made, as last aforesaid, will be a provision for enabling the Governor General of India to appoint at ports or places in India, Officers charged with the care, protection and superintendence of all persons proposing to emigrate as Labourers from India to Mauritius And whereas it is probable that provision will be made by Law at Mauritius for defraying from the public Revenue of that Island the expense of introducing emigration thither from British India And whereas it is necessary that effectual provision should be made by Law at Mauritius for regulating any such expenditure, and for the prevention of abuses in the introduction of Emigrants from British India into that Island—It is therefore hereby ordered by the Queen's Most Excellent Majesty, by and with the advice of Her Majesty's Privy Council that in the event of any Law being made in British India, authorizing the emigration to Mauritius of the Natives of India, and repealing the restrictions now in force there in regard to such Emigrations, and in the event of any such Laws, containing provisions, enabling the Governor General of India to appoint at the several ports of embarkation in India, officers charged with the protection of persons emigrating from such ports to Mauritius, the various Rules and Regulations comprized, and set forth in the Schedule to this present order subjoined, shall within the Island of Mauritius have the force and effect of Law, and shall be observed and carried into effect by all Her Majesty's Officers, Civil and Military, in Mauritius, and by all Her Majesty's subjects within the same Island as to them may respectively appertain

And the Right Honourable Lord Stanley, one of Her Majesty's Principal Secretaries of State, is to give the necessary instructions herein accordingly.

(Signed) C GREVILLE

The Schedule referred to in the preceding Order, comprising the Rules and Regulations to be observed at Mauritius in regard to Emigrants from British India, resorting to and arriving at that Island

1st The Governor of Mauritius may from time to time nominate such persons as he shall see fit to act as Emigration Agents at any port or place in India which the Governor General of India may designate as a port or place for the embarkation of Emigrants to Mauritius, and may also from time to time nominate a proper person to act as Protector of Immigrants at Mauritius —

2nd The remuneration to be given to any such Agent in India, shall not depend upon or be regulated by the number of the Emigrants sent to Mauritius by him, but shall be in the nature of an annual salary

3rd Every such Emigration Agent shall ascertain by personal communication with every Emigrant previously to his or her embarkation from the port or place for which such Agent shall be ap-

নিবারণার্থ বিধি থাকিবার সম্ভাবনা আছে। এবং যেহেতুক পূর্ব্বোক্তমতে যে আইনকরণের সম্ভাবনা আছে সেই আইনের মধ্যে এমত বিধান থাকিবার কল্প আছে যে ভারতবর্ষহইতে যে মজুরেরা মরিচ উপদ্বীপে গমনোদ্যত আছে তাহারদের নেগাহবানী ও রক্ষাকরণের এবং কর্ত্তৃত্ব করণের নিমিত্ত ভারতবর্ষের নানা বন্দরে ও স্থানে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর কার্য্যকারকদিগকে নিযুক্ত করিবেন। এবং যেহেতুক অনুমান হয় যে ঐ মরিচ উপদ্বীপের মধ্যে ভারতবর্ষহইতে মজুর আনয়নের যে খরচ হয় তাহা ঐ উপদ্বীপের রাজস্বহইতে দেওনের বিষয়ে ঐ উপদ্বীপে এক আইন জারী হইবেক। এবং যেহেতুক ঐ খরচের সুনিয়মকরণের বিষয়ে এবং ভারতবর্ষহইতে ঐ উপদ্বীপে মজুরপ্রভৃতি আনয়নকরণেতে মন্দাচরণ নিবারণকরণের বিষয়ে মরিচ উপদ্বীপে আইনকরণের আবশ্যক আছে। অতএব শ্রীশ্রীমতী মহারাণীর হজুর কৌন্সেলের পরামর্শক্রমে শ্রীশ্রীমতী মহারাণী হুকুম করিতেছেন যে ভারতবর্ষহইতে দেশান্তরে গমনের নিবারণার্থ যে আইন চলন আছে তাহা রদ করণের বিষয়ে এবং ভারতবর্ষীয় ব্যক্তিরদিগকে মরিচ উপদ্বীপে গমনকরণের অনুমতিদেওনের বিষয়ে ভারতবর্ষের মধ্যে যদি কোন আইন জারী হয় এবং যদি ঐ আইনের মধ্যে এমত বিধান থাকে যে ভারতবর্ষের বন্দর হইতে মরিচ উপদ্বীপে গমনোদ্যত ব্যক্তিরদের রক্ষাকরণার্থ শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর ভারতবর্ষহইতে বহিস্থহওনের নিরূপিত বন্দরে কার্য্যকারকদিগকে নিযুক্ত করিতে পারেন তবে এই হুকুমের শামিল যে তফসীল আছে তাহার নির্দ্ধারিত সকল নিয়ম ও বিধান মরিচ উপদ্বীপে আইনের ন্যায় বলবৎ ও জারী হইবেক এবং ঐ উপদ্বীপের মধ্যে শ্রীশ্রীমতী মহারাণীর যে দেওয়ানী ও যুদ্ধসম্পর্কীয় সমস্ত কর্ম্মকারক থাকেন তাঁহারা এবং ঐ উপদ্বীপের শ্রীশ্রীমতীর সকল প্রজা আপন২ সাধ্যপর্য্যন্ত ঐ সকল নিয়ম প্রতিপালন ও জারী করিবেন ইতি।

এবং শ্রীশ্রীমতী মহারাণীর রাজ্যের এক প্রধান সেক্রেটারী শ্রীযুক্ত লার্ড ষ্টানলি সাহেব এই বিধানসম্পর্কীয় যে সকল হুকুমের আবশ্যক হয় তাহা দিবেন ইতি।

সি গ্রেবিল।

উক্ত বিধানের নির্দ্দিষ্ট তফসীল অর্থাৎ ভারতবর্ষ হইতে মরিচ উপদ্বীপে যে সকল ব্যক্তি গমন করে এবং পঁহুছে তাহারদের বিষয়ি নিয়ম ও বিধান ইতি।

১। ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর ভারতবর্ষের যে২ বন্দর অথবা স্থানহইতে দেশান্তর গমনকারি ব্যক্তিরদিগকে মরিচ উপদ্বীপে গমন করিতে অনুমতি দেন সেই২ বন্দর বা স্থানে মরিচের গবরনর সাহেব যে ব্যক্তিরদিগকে উচিত বোধ করেন তাঁহারদিগকে দেশান্তর গমনের কার্য্যের এজেণ্টী কর্ম্মে সময়ক্রমে নিযুক্ত করিতে পারেন এবং মরিচ উপদ্বীপে যাহারা এইরূপে পঁহুছে তাহারদের রক্ষাকরণার্থে উপযুক্ত ব্যক্তিকে সময়ে২ নিযুক্ত করিতে পারেন ইতি।

২। ভারতবর্ষের মধ্যে যে২ ব্যক্তি এইরূপে এজেণ্টী কর্ম্মে নিযুক্ত হন তাঁহারা মরিচ উপদ্বীপে গমনকারি ব্যক্তিরদের সংখ্যানুসারে মেহনতানা পাইবেন না কিন্তু সালিয়ানা বেতন পাইবেন ইতি।

৩। এইমত দেশান্তর গমনকারি ব্যক্তিরদের প্রত্যেক এজেণ্ট সাহেব যে বন্দরে বা স্থানে নিযুক্ত হন সেই বন্দর বা স্থানহইতে গমনকারি প্রত্যেক পুরুষ বা স্ত্রীর সঙ্গে নিজে কথাবার্ত্তার দ্বারা এই নিশ্চয় করিবেন যে ঐ

pointed, that such Emigrant has not been induced to emigrate by any fraud, false nor unreasonable expectation, and is aware of the distance of Mauritius from the place where he or she is about to emigrate, and such Agent shall explain the real advantages likely to be derived by such Emigrants from a removal to Mauritius, at the same time cautioning such Emigrant against unreasonable and unwarrantable expectations, and such Agent shall also ascertain that every such Emigrant is in good health, and not incapacitated from labour by old age, bodily infirmity, or disease

4th It shall not be lawful to ship on board of any Ship or Vessel carrying Emigrants from India to Mauritius, any number of Passengers exceeding the proportion of one person for every two Tons of the Registered burthen of such Ship or Vessel, and no such ship or vessel carrying Emigrants, and having more than one Deck, shall have less than the height of six feet at the least between Decks, and in case such Ship or Vessel shall have only one Deck, a Platform shall be laid beneath such Deck, and in such manner as to afford a space of the height of six feet at the least, and that such Platform shall not be so laid as that the lower beams shall project above the same, and that no such Ship or Vessel shall have more than two tiers of berths, and that no such Ship or Vessel shall carry Passengers on any such voyage to Mauritius unless there shall be an interval of six inches at least between the Deck or Platform, and the floor of the lower tier throughout the whole extent thereof, and whatever may be the Tonnage of the Ship or Vessel, no greater number of Passengers shall be taken on board of such Ship or Vessel than shall be after the rate of one such person for every twelve superficial feet of the lower Deck or Platform, unoccupied by goods or stores, not being the personal luggage of such persons

5th In the computation of the number of Passengers within the meaning of these Regulations, two children under the age of ten years, shall be considered as equal to and shall be reckoned as one person only

6th There shall be actually laden and on board of every Ship or Vessel bringing Emigrants into Mauritius at the time of departure of such Ship or Vessel from the port or place at which such Labourers shall be embarked good and wholesome Provisions for the use and consumption of the said Passengers over and above the victualling of the crew to the amount or in the proportion following, that is to say, a supply of water to the amount of five gallons to every week of the computed voyage for every Passenger on board such Ship or Vessel, such water being carried in Tanks or sweet Casks and a supply of Rice, Bread, Biscuit, Flour, Oatmeal, or Bread Stuffs, to the amount of seven pounds weight to every week of the computed voyage for every such Passenger Provided always that when any such Ship or Vessel shall be destined to call at a port or place in the course of her voy-

[*Government Gazette*, 19*th July*, 1842]

দেশান্তর গমনকারি ব্যক্তিকে ছল চক্রান্তে কিম্বা মিথ্যা ও বড় আশার দ্বারা দেশান্তরে গমনের প্রবোধ দেওয়া যায় নাহি এবং ঐ পুরুষ বা স্ত্রী যে স্থানহইতে গমন করিতে উদ্যত আছে সেই স্থানহইতে মরিচ উপদ্বীপ কত দূর ইহা নিতান্ত অবগত আছে। এবং ঐ গমনকারি ব্যক্তিরদের মরিচ উপদ্বীপে গমনে যে২ উপকার নিতান্ত হইতে পারে তাহা ঐ এজেন্ট সাহেব তাহারদিগকে বুঝাইয়া দিবেন এবং ঐ গমনকারি ব্যক্তিরদিগকে যুক্তি বিরুদ্ধ এবং অন্যায় প্রত্যাশা করিতে নিবারণ করিবেন। এবং ঐ গমনকারি ব্যক্তি বিলক্ষণ সুস্থ এবং বার্দ্ধক্যপ্রযুক্ত কিম্বা শারীরিক দৌর্ব্বল্য অথবা পীড়াপ্রযুক্ত পরিশ্রম করিতে অক্ষম নহে ইহা তিনি নিশ্চয় অবগত হইবেন ইতি।

৪। এবং ভারতবর্ষহইতে মরিচ উপদ্বীপে গমনকারি ব্যক্তিরদিগকে লইয়া যাইবার নিমিত্ত যে জাহাজ ভাড়া হয় ঐ জাহাজের রেজিষ্টরীহওয়া পরিমাণদৃষ্টে দুই২ টনের হিসাবে এক২ ব্যক্তির অধিক তাহাতে লইয়া যাইতে নিষেধ হইল। এবং গমনকারি ব্যক্তিরদিগকে লইয়া যাইবার নিমিত্ত যে প্রত্যেক জাহাজ নিযুক্ত হয় সেই জাহাজে যদি এক তালার অধিক থাকে তবে দুই তালার মধ্যে ছয় ফুট অর্থাৎ চারি হাতের কম ব্যবধান থাকিবেক না। এবং যদি ঐ জাহাজের কেবল এক তালা থাকে তবে ঐ তালার নীচে এক কাষ্ঠের মেজ্যা করিতে হইবেক এবং ঐ মেজ্যা অবধি তালাপর্য্যন্ত ছয় ফুটের কম ব্যবধান থাকিবেক না এবং ঐ মেজ্যা এমত তৈয়ার করিতে হইবেক না যে তাহার তালার কড়িকাষ্ঠ তাহার উপর রাখা যায়। এবং এইমত কোন জাহাজে শুইবার নিমত্ত দুই থাক মাচানের অধিক থাকিবেক না এবং জাহাজের নীচের তালা অথবা মেজ্যার উপর যে নীচস্থ থাক থাকে সেই থাক এবং ঐ মেজ্যা কিম্বা তালার মধ্যে সমস্ত জাহাজ ব্যাপিয়া ছয় বুরুল ব্যবধান না থাকিলে কোন জাহাজ চড়নদারেরদিগকে মরিচ উপদ্বীপে লইয়া যাইতে পারিবেক না। এবং জাহাজের যত পরিমাণ হউক তাহার নীচের তালা অথবা মেজ্যার চতুরস্র বারো ফুট প্রত্যেক গমনকারি ব্যক্তির নিমিত্ত নির্দ্দিষ্ট করিতে হইবেক এবং সেই স্থানের মধ্যে ঐ চড়নদার ব্যক্তির লওয়াজেমা দ্রব্য ছাড়া কোন মাল কি দ্রব্যাদি থাকিবেক না এবং ঐ বারো ফুট হিসাব করিয়া যত চড়নদারের স্থান হয় তাহার অধিক চড়নদার সেই জাহাজে যাইবেক না ইতি।

৫। এই নিয়মের অর্থের মধ্যে চড়নদারেরদের সংখ্যা হিসাবকরণেতে দশ বৎসরের ন্যূন দুই বালক এক পুরুষের তুল্য গণ্য করা যাইবেক ইতি।

৬। যে জাহাজ এইরূপে দেশান্তর গমনকারি ব্যক্তির দিগকে মরিচ উপদ্বীপে লইয়া যায় যে বন্দর বা স্থানে ঐ মজুরেরা জাহাজে আরোহণ করে সেই বন্দর বা স্থান হইতে ঐ জাহাজের রওনহওনের সময়ে জাহাজীয় ব্যক্তিরদের আহারের অতিরিক্ত চড়নদারেরদের ব্যবহার ও ব্যয়ের কারণ নীচের লিখিত নিরিখানুসারে উত্তম এবং স্বাস্থ্যজনক আহারীয় দ্রব্য ঐ জাহাজে দিতে হইবেক অর্থাৎ ঐ জাহাজের সমুদ্রপথে থাকনের আন্দাজী সময় হিসাব করিয়া ঐ জাহাজের প্রত্যেক চড়নদারের নিমিত্ত প্রত্যেক সপ্তাহে পাঁচ২ গ্যালন অর্থাৎ কুড়ি সের করিয়া জল এবং ঐ জল জলাশয়েতে অথবা উত্তম পীপাতে রাখিতে হইবেক এবং আন্দাজী সমুদ্রপথে থাকনের প্রত্যেক সপ্তাহের হিসাবে প্রত্যেক চড়নদারের নিমিত্ত সাত পৌণ্ড অর্থাৎ সাড়ে তিন সেরের হিসাবে চাউল কি রুটি অথবা বিস্কুট কি গোম কিম্বা ওটমিল অথবা অন্য আহারীয় দ্রব্য জাহাজে লইতে হইবেক। কিন্তু যদি ঐ জাহাজের পথিমধ্যে কোন বন্দর বা স্থানে আপনার জলের পীপা পূর্ণ করিবার নিমিত্ত লাগান হরিবার কল্প হয়

age for the purpose of filling up her water casks, a supply of water at the rate before mentioned for every week of an average voyage to such port or place of calling shall be deemed to be a compliance with this Regulation And provided that the preceding Regulation regarding food shall be deemed to have been complied with in any case where it shall be made to appear that by the special authority of the Governor General of India, any other articles of food were substituted for the Articles above enumerated as being in his judgment equivalent thereto

তবে ঐ বন্দর বা স্থানে গমন করিতে আন্দাজী যত কাল লাগে তাহার প্রত্যেক সপ্তাহের নিমিত্ত উপরের উক্ত নিরিখানুসারে জল লইলে এই বিধানের অভিপ্রায় সিদ্ধ হইল জ্ঞান করিতে হইবেক। এবং যদ্যপি এইমত দর্শান যায় যে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের বিশেষ অনুমতিক্রমে উপরের উক্ত আহারীয় দ্রব্যের পরিবর্ত্তে সেই২ পরিমাণের অন্য কোন আহারীয় দ্রব্য নিরূপণ হয় তবে আহারীয় দ্রব্যের বিষয়ে উক্ত বিধানে যে হুকুম আছে তাহার অভিপ্রায় সিদ্ধ হইল বোধ করিতে হইবেক ইতি।

7th. The number of weeks which shall be deemed necessary for the voyage to Mauritius from any Port or Ports in India, shall be such as shall from time to time be determined by any Law or Ordinance to be promulgated for that purpose by the Governor General of India in Council, and according to any such Law or Ordinance shall and may be further determined whether at different periods of the year different estimations are to be made of the probable length of any such voyage, and if by any such Law or Ordinance the removal of Emigrants should during any particular period of the year be prohibited altogether, then any such removal during such prohibited period, shall in Mauritius be regarded, dealt with and punished as an infringement of these present Regulations

৭। ভারতবর্ষের কোন বন্দরহইতে মরিচ উপদ্বীপে গমন করিতে যত সপ্তাহের গণনা করিতে হইবেক তাহা ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে সেই নিমিত্ত জারীকরা আইন বা বিধানের দ্বারা সময়ে২ নিরূপণ করিবেন এবং বৎসরের ভিন্ন২ ঋতুতে ঐ যাত্রার আন্দাজী সময়ের ভিন্ন২ অনুমান করিতে হইবেক কি না তাহা ঐরূপ আইন বা বিধানের দ্বারা নির্ণয় হইবেক। এবং যদি বৎসরের কোন বিশেষ সময়েতে দেশান্তর গমনকারি ব্যক্তিরদিগকে দেশান্তর গমন করিতে একেবারে নিষেধ হয় তবে ঐ নিষিদ্ধ কালের মধ্যে যদি তাহারদিগকে দেশান্তর করা যায় তবে অপরাধি ব্যক্তি মরিচ উপদ্বীপে এই আইনের উল্লঙ্ঘনের বিষয়ে দণ্ডনীয় হইবেক ইতি।

8th Before any such Ship or Vessel shall be cleared out, on any such voyage, the Agents appointed under this Ordinance for the port or place from which such Ship or Vessel shall be cleared out, shall survey or cause to be surveyed by some competent person, the provisions and water hereinbefore required to be on board for the consumption of Passengers, and shall ascertain that the same are in good and sweet condition, and also that over and above the same there is on board an ample supply of water and stores for the victualling of the Crew of the Ship or Vessel and shall also ascertain that such Ship or Vessel is generally reputed sea worthy, and that the directions hereinbefore contained for insuring the health and safety of the Passengers have been complied with, and shall grant a Certificate thereof under his hand to the Master of such Ship or Vessel

৮। এইরূপ কোন জাহাজ বন্দরহইতে বরখস্তহওনের পূর্ব্বে যে বন্দর বা স্থানহইতে ঐ জাহাজ এইরূপে বরখস্ত হন সেই বন্দর বা স্থানে এই বিধানক্রমে যে এজেণ্ট সাহেব নিযুক্ত হন তাঁহার উচিত যে ঐ জাহাজের চড়নদারের নিমিত্ত পূর্ব্বোক্ত দফায় যে আহারীয় দ্রব্য এবং জল জাহাজে লইতে হুকুম আছে সেই দ্রব্য ও জলের তদারক আপনি করেন্ অথবা কোন উপযুক্ত ব্যক্তির দ্বারা তদারক করান্ এবং ঐ দ্রব্য যে উত্তম ও স্বাস্থ্যজনক ইহা নিশ্চয় অবগত হন্ এবং চড়নদারেরদের ঐ দ্রব্যাদির অতিরিক্ত জাহাজীয় লোকেরদের নিমিত্ত যথোচিত জল ও আহারীয় দ্রব্য আছে এবং ঐ জাহাজ সামান্যতঃ সমুদ্রপথে যাইবার যোগ্য এবং চড়নদারেরদের স্বাস্থ্য ও নির্বিঘ্নে থাকনের বিষয়ে পূর্ব্বোক্ত বিধানে যে সকল নিয়ম আছে তাহার মতাচরণ হইয়াছে কি না ইহা নিশ্চয় করিয়া জানেন্ এবং তদ্বিষয়ে আপনার দস্তখৎকরা এক সর্টিফিকট ঐ জাহাজের অধ্যক্ষকে দেন ইতি।

9th The Master of every Ship or Vessel bringing Emigrants to Mauritius shall be bound to provide for and furnish to every such Emigrant and his wife and children a sufficient quantity of good and wholesome provisions, for his, her and their daily maintenance during such voyage, and during the space of 48 hours next after the arrival of such Ship or Vessel in Mauritius

৯। যে সকল জাহাজ এইরূপে দেশান্তর গমনকারি ব্যক্তিরদিগকে মরিচ উপদ্বীপে লইয়া যায় তাহার অধ্যক্ষের প্রতি হুকুম হইল যে যাত্রাকালে এবং মরিচ উপদ্বীপে জাহাজ পঁহুছিলে পর ৪৮ ঘণ্টাপর্য্যন্ত গমনকারি প্রত্যেক ব্যক্তি ও তাহার স্ত্রী ও সন্তানকে দৈনিক আহারের নিমিত্ত উত্তম ও স্বাস্থ্যজনক ভক্ষ্যদ্রব্য প্রচুরমতে যোগাইয়া দেন্ ইতি।

10th Two copies of these Regulations authenticated by the signature of the Agent at the port or place from which such Emigrants shall come shall be delivered to the Master by such Agent on demand at the time of clearance, and shall be kept on board of every Ship or Vessel carrying such Emigrants as aforesaid, and one of such copies shall upon request made at seasonable times to the Master of

১০। যে বন্দর বা স্থানহইতে ঐরূপ দেশান্তর গমনকারি ব্যক্তিরা বরখস্ত হয় সেই স্থানের এজেণ্ট সাহেব এই বিধানের দুই খান নকলে দস্তখৎ করিয়া জাহাজ বরখস্ত হওনের সময়ে তাহার অধ্যক্ষ চাহিলে তাহাকে দিবেন এবং ঐ দুই নকল দেশান্তর গমনকারি ব্যক্তিরা যে জাহাজে গমন করে সেই জাহাজে থাকিবেক এবং ঐ জাহাজের কোন এক জন চড়নদার উপযুক্ত সময়ে ঐ জাহাজের অধ্যক্ষের স্থানে ঐ বিধির এক খান নকল পাঠ

the Ship or Vessel be produced to any Passenger for his perusal

11th The Master of every Ship or Vessel carrying Emigrants from India to Mauritius, shall before clearing out such Ship or Vessel deliver to such Agent at the port or place from which such vessel shall be cleared out a list in writing, together with a Duplicate of the same specifying as accurately as may be the names ages and occupations of all and every the Emigrants on board such Ship or Vessel, and such Agent shall thereupon deliver to the said Master the counterpart of such lists, signed by such agent, and the said Master shall on the arrival of such Ship or Vessel at Mauritius, and previous to the disembarkation of any such Emigrants give notice of the arrival of such Ship or Vessel, and deliver the said counterpart of such list to the protector of Immigrants hereinbefore mentioned And such Protector of Immigrants shall forthwith proceed on board of such Ship or Vessel and shall ascertain as far as possible by personal inspection of the Ship or Vessel and Passengers whether the directions hereinbefore contained with regard to the situation of the berth of such Ship or Vessel, the proportion of the Passengers to the burthens and measurement of such Ship or Vessel, and the maintenance of the Emigrants during such passage have been complied with and such Protector of Immigrants shall personally muster such Emigrants and compare the number and names of such Emigrants with the said counterparts of such lists and shall certify in writing under his hand upon such counterpart of the total number of Emigrants then leaving and being on board of such Vessel, and in case any such Emigrant shall have died during the passage, or the number of names of the Emigrants shall differ from the number or names stated in such counterpart, the Protector of Immigrants shall note such death or difference upon such counterpart, and thereupon shall grant a License under his hand for the disembarkation and landing of such Emigrants

12th If the Protector of Immigrants on such personal inspection of the Ship or Vessel and Emigrants shall be satisfied that the preceding Regulations have been complied with, he shall grant a Certificate under his hand of the arrival in Mauritius of such Emigrants respectively and the place from which, and the Ship or Vessel in which such Emigrants shall have arrived

13th No money shall be payable by the Colonial Treasurer of Mauritius in respect of any such Emigrants as aforesaid except on the Warrant of the Governor of that Island, which Warrant shall not be issued except on such Certificate as aforesaid of the said Protector of Immigrants

14th The Protector of Immigrants shall keep a Register of all persons in respect of whom any such Certificate as aforesaid shall be granted, and of the Ship or Vessel in which the port from which and the time at which such person shall have arrived in this Colony, a copy of which Registry shall be

[*Government Gazette*, 19*th July*, 1842]

করিবার নিমিত্ত চাহিলে তিনি তাহা তাহাকে দিবেন ইতি।

১১। যে প্রত্যেক জাহাজ ভারতবর্ষহইতে দেশান্তর গমনকারি ব্যক্তিবদিগকে মরিচ উপদ্বীপে লইয়া যায় তাহার অধ্যক্ষের উচিত যে ঐ জাহাজের বক্ত হওনের পূর্ব্বে যে বন্দর বা স্থানহইতে বক্ত হয় সেই বন্দর বা স্থানের এজেন্ট সাহেবকে ঐ জাহাজের উপর প্রত্যেক দেশান্তর গমনকারি ব্যক্তির নাম ও বয়স ও ব্যবসায়ের দুই খান ফর্দ্দ যথাসাধ্য ঠিক করিয়া লিখিয়া দেন। এবং ঐ এজেন্ট সাহেব তাহার এক ফর্দ্দেতে আপনি দস্তখৎ করিয়া তাহা ঐ জাহাজের অধ্যক্ষকে দেন। এবং ঐ জাহাজ মরিচ উপদ্বীপে পঁহুছিলে এবং ঐ জাহাজহইতে কোন দেশান্তর গমনকারি ব্যক্তির নামিবার পূর্ব্বে ঐ জাহাজাধ্যক্ষ ঐ জাহাজের আগমনের সংবাদ এবং ঐ এজেন্ট সাহেবের দস্তখৎকরা পূর্ব্বোক্ত ফর্দ্দ আগত বিদেশীয়েরদের রক্ষক সাহেবকে দিবেন। এবং ঐ আগত বিদেশীয়েরদের রক্ষক সাহেব তৎক্ষণাৎ ঐ জাহাজের উপর গমন করিবেন এবং যথাসাধ্য ঐ জাহাজের তদারক স্বয়ং করিয়া ও চড়নদারেরদিগকে জিজ্ঞাসা করিয়া এই নিশ্চয় করিবেন যে ঐ জাহাজে দেশান্তর গমনকারি ব্যক্তিরদের শয়ন স্থানের বিষয়ে এবং ঐ জাহাজের মাপ ও পরিমাণের হিসাবে যত চড়নদার লইতে হয় তাহার বিষয়ে এবং সমুদ্রপথে ঐ দেশান্তর গমনকারি ব্যক্তিরদের আহারাদির বিষয়ে যে সকল হুকুম এই বিধানের মধ্যে পূর্ব্বে লেখা গিয়াছে তাহার মতাচরণ হইয়াছে কি না। পরে ঐ আগত বিদেশীয়েরদের রক্ষক সাহেব স্বয়ং ঐ ব্যক্তিরদিগকে একত্র করিয়া তাহারদের সংখ্যা ও নাম ঐ ফর্দ্দের লিখিত নাম ও সংখ্যার সঙ্গে মোকাবিলা করিবেন এবং ঐ জাহাজের উপর যত আগত বিদেশীয় থাকে এবং ঐ জাহাজহইতে যাইতেছে তাহারদের সমুদায় সংখ্যা ঐ ফর্দ্দের নকলে লিখিয়া তাহাতে দস্তখৎ করিবেন। এবং যদি সেইরূপ কোন দেশান্তর গমনকারি ব্যক্তি যাত্রাকরণ সময়ে মরিয়া থাকে অথবা যদি ঐ দেশান্তর গমনকারি ব্যক্তিরদের প্রকৃত সংখ্যা ও নাম ঐ ফর্দ্দের লিখিত নাম ও সংখ্যার সঙ্গে না মিলে তবে আগত বিদেশীয়েরদের রক্ষক সাহেব ঐ মৃত্যু অথবা বৈলক্ষণ্যের কথা ঐ ফর্দ্দের নকলেতে লিখিবেন পরে ঐ দেশান্তর গমনকারি ব্যক্তিরদিগকে জাহাজহইতে নামিতে বা তটে উঠিতে আপনার দস্তখৎকরা এক পরওয়ানা দিবেন ইতি।

১২। যদি ঐ বিদেশাগত ব্যক্তিরদের রক্ষক সাহেব ঐ জাহাজ এবং দেশান্তর গমনকারি ব্যক্তিরদিগের তদারক স্বয়ং করিয়া খাতিরজমারূপে বোধ করেন যে পূর্ব্বোক্ত সকল নিয়মের মতাচরণ নিতান্ত হইয়াছিল তবে ঐ দেশান্তর গমনকারি ব্যক্তিরদের মরিচ উপদ্বীপে পঁহুছনের বিষয়ে এবং তাহারা যে স্থানহইতে আগমন করিয়াছিল ও যে জাহাজের দ্বারা পঁহুছিল এই সকল বিষয়ের এক সর্টিফিকটে দস্তখৎ করিয়া তাহা দিবেন ইতি।

১৩। মরিচ উপদ্বীপের খাজাঞ্চী ঐ উপদ্বীপের বড় সাহেবের পরওয়ানা না পাইলে ঐ আগত বিদেশীয়েরদের বিষয়ে কিছু টাকা দিবেন না এবং ঐ আগত ব্যক্তিরদের রক্ষক সাহেবের পূর্ব্বোক্তমত সর্টিফিকট না পাইলে ঐ উপদ্বীপের গবরনর সাহেব কোন পরওয়ানা দিবেন না ইতি।

১৪। যে সকল ব্যক্তির বিষয়ে ঐ আগত বিদেশীয়েরদের রক্ষক সাহেব এইরূপে সর্টিফিকট দেন সেই প্রত্যেক ব্যক্তির এবং তাহারা যে জাহাজের দ্বারা পঁহুছিল ও যে বন্দরহইতে বক্ত হইয়াছিল এবং যে সময়ে ঐ উপদ্বীপে পঁহুছিল তাহার এক রেজিষ্টর রাখিবেন এবং ঐ রেজিষ্টরের এক নকল প্রতিবৎসরের ৩১

laid before the Council of Government on the 31st day of March, the 30th of June, the 30th day of September and the 31st of December in each year

15th If any Ship or Vessel bringing Immigrants from India to Mauritius shall carry any number of Passengers exceeding the proportion authorized and allowed by these Regulations, a Penalty of Five Pounds per head shall be payable in respect of each Passenger so carried in excess of such proportion, or if such Ship or Vessel shall not be of the height between Decks hereinbefore required, or if such a Platform is hereinbefore directed shall not be laid and continued throughout the whole duration of any such voyage in such manner as is hereinbefore required, or if there shall be more than two tiers of berths, or if there shall not be throughout the whole duration of any such voyage, such an interval as is hereinbefore prescribed between the Deck and the Floor of the lower tier of berths, or if any such Ship or Vessel shall clear out, and put to sea not having on board such Water and Provisions as aforesaid for the use and consumption of the Passengers of the kind, and to the amount and in the proportion hereinbefore directed, or if any such Ship or Vessel shall be cleared out before such lists of Emigrants shall have been delivered in manner and form aforesaid, or if any such lists shall be wilfully false, or if the copy of these Regulations be not produced as hereinbefore required, or if any Emigrant shall not be maintained during such voyage, and for 48 hours after his arrival, the Master of any such Ship or Vessel shall for and in respect of each and every such offence be liable on summary conviction before any Stipendiary Magistrate at any time within the space of 12 calendar months next after the arrival of such Master within the Colony of Mauritius to the payment of a fine not less than £5, nor more than £20, British Sterling, and in default of payment of the fine abovementioned either immediately, or at the time fixed by such Stipendiary Magistrate at the time of making such conviction to imprisonment for any time not less than one nor more than three calendar months

16th Provided nevertheless that nothing herein contained shall take away or abridge any right of suit or action which may accrue to any Emigrant in any such Ship or Vessel, or to any other person in respect of the breach or non performance of any contract made or entered into between, or on the behalf of, any such Emigrant, or other person and the Master Owner or Owners, of any such Ship or Vessel

Who with the greatest promptitude and fidelity, always attend to Predial and Indigo monetary transactions, *only from undoubtedly respectable European, or Native Zemindaurs and Talookdaurs or Landholders, Indigo Planters, &c* for the negotiation of advantageous Loans, under proper Mortgage Bonds, Securities, &c, of their Estates, Rent Rolls, &c provided they be duly Registered in Court, unentailed, and, (save the actual arrears of Government Revenue,) be perfectly unincumbered and free from pre-mortgages, doubtful claimants, and possessors coparcenary disputes, law suits debts, &c and the applications be invariably accompanied by unreserved and correct particulars of Title Deeds Rent Rolls, &c, otherwise, applicants will meet with no kind of attention whatever

☞ Messrs Thomas Wiltshire and Co, beg to be understood in the most distinct manner possible, that, *none but principals shall be negotiated with*, and, for the security of their Landholder—constituents in general, they, instead of at once paying the full amount of mortgages, purpose, (with the most prudential motives and for manifestly obvious reasons) *in the first instance, strictly paying up only the whole of the arrears of Government Revenue* and then guaranteeing, to pay punctually the subsequent instalmental rents, as they fall due, in the names of the several Zemindaurs, &c, either by drafts from the Government General Treasury here, on the different Zillah Collectors, or, remitting the same to them, either in Bank of Bengal Notes and Hoondees, or, whichever mode might be considered most conducive to general convenience and security

[*Government Gazette, 2nd August,* 1842]

সাধারণ ব্যক্তিরদের ইশতিহার।

ভারতবর্ষের মধ্যে এতদ্দেশ আগ্রা ইত্যাদি প্রদেশীগুেন্সীর মধ্যে জমীদারাণ ও তালুকদারাণ ও নীলকর কোঠীদারাণ সকলকে এই বিজ্ঞাপনের দ্বারা জ্ঞাত করা যাইতেছে।

যে কোন ব্যক্তি আপনার এলাকার মালগুজারি যদ্যপি বৃটিস গবর্ণমেণ্টকে সরবরাহ করিতে অশক্ত হইয়া পূর্ব্বাকে স্বেচ্ছাধীন নিম্নে লিখিত ঐ কোম্পানির অধ্যক্ষ মহাশয়দিগের নিকট ডাকযোগে মাসুল দিয়া পত্র দ্বারা সেই বিষয় রক্ষার্থে অনুরোধ করেন এবং সেই পত্র সম্বলিত ১০০ এক শত টাকা (ফি) অগ্রে পাঠাইয়া দেন তাহা হইলে তাঁহারদিগের পৈতৃক কিম্বা স্বোপার্জ্জিত জমীদারী অথবা তালুকাত বৃত্তি বিগানাদি যাহা গবর্ণমেণ্টের রাজস্বের বাকীতে অধিক মূল্যের বিষয় অল্প মূল্যে প্রকাশ্য নীলামে বিক্রয় হইয়া যায় তাহা একেবারে অনায়াসে নিবারণ হইবেক এবং ঐ সকল জমীদার ও তালুকদারাণের পরিবারেরা বিষয়চ্যুত হইয়া যাবজ্জীবন দুঃখ ভোগ করেন তাহাহইতে পরিত্রাণ পাইবেন।

মিসিঅর্স তামস উইলসায়ের এণ্ড কোম্পানি মফঃসলের জমীদারাণ ও তালুকদারাণ ও নীলকরাদি সর্ব্ব সাধারণের এজেণ্ট।

কলিকাতা ওয়েলসলী ইষ্ট্রিট ৯১ নম্বর বাটীতে আফিস।

ইহারা অত্যন্ত উৎসাহপূর্ব্বক এবং সদ্ভাব সহিত সর্ব্বদা জমীদার ও তালুকদার ও নীলকরদিগের সুসারসুসারে আবশ্যকমতে কারবার করিবেন যে সকল সম্ভ্রান্তশীল ইউরোপীয় ও এতদ্দেশীয় মর্য্যাদাবন্ত জমীদার ও তালুকদার ও ভূম্যধিকারী ও নীলকর ইহাদিগের যদ্যপি ঐ সকল সম্পত্তির উত্তম দলিলাদি কোবালা মাতবরি কাগজ পত্র থাকে এবং ঐ সকল দলিল দস্তাবেজে আদালতের সহিমোহর নিসানি থাকে এবং ঐ সকল বিষয় যাহাতে কোন গোলযোগ না থাকে এবং ভূম্যধিকারী আপনং বিষয়ে দান বিক্রয়ের স্বত্বাধিকারী থাকেন সেওয়ায় গবর্ণমেণ্টের খাজানা বাকী ব্যতীত ইহার পূর্ব্বে ঐ জমীদারী অন্য কাহার নিকট মার্টগেজ না থাকে অথবা অন্য কোন অনিশ্চয় হিস্যাদার ও দখলীকার ও দাওয়াদার ও সরিকী বিবাদ কিম্বা ঐ বিষয়ের উপর কেহ আদালতে কোন মোকদ্দমা এবং ঐ বিষয়ের উপর কোন দেনা না থাকে এমত বিষয় হইলে উল্লেখিত কোম্পানি ঐ সকল বিষয় মার্টগেজ রাখিয়া টাকা দিতে পারিবেন টাকা গ্রহীতাদিগের কর্ত্তব্য আপন দরখাস্তের সহিত তাঁহারদিগের ঐ সম্পত্তির যথার্থ দলিল দস্তাবেজের এক প্রস্তুত নকল এই কোম্পানিরদিগের হৌসে পাঠাইয়া দেন এতদ্ভিন্ন অন্য কোন গোলযোগ বিশিষ্ট জমীদারী ইত্যাদির মালিক এপ্রকার প্রার্থনা করিলে তাহার প্রতি কোন মনোযোগ করা যাইবেক না।

এই মেস্তর উইল সায়ের কোম্পানি সুস্পষ্টরূপে সর্ব্ব সাধারণের বোধ সুগমার্থে অনুরোধ প্রকাশ করিতেছেন বিষয়ের মালিক খোদ জমীদার ব্যতীত তাঁহারদিগের কর্ম্মকারক নায়েব কিম্বা মোক্তারের সহিত এ কারবার করিবেন না আর জমীদার ও ভূম্যধিকারিদিগের সুবিধা নিমিত্তে উত্তমাভিপ্রায়ে এমত মনস্থ করিয়াছেন বন্দকীয় বিষয়ের সকল টাকা একেবারে না দিয়া গবর্ণমেণ্টের খাজানা বাকী যাহা থাকিবেক তাহা অগ্রে দিবেন তাহার পরে খাজানা কিস্তীং যে প্রকার বাকী পড়িবেক ঐ বাকী খাজানা নিরূপিত দিবসে নিঃসন্দেহে ঐ জমীদারদিগের নামে কিস্তীং হয় ত্রেজরিতে টাকা আমানত করিয়া তাহার দ্রাপ সেইং জেলার কালেক্টরিতে পাঠাইবেন অথবা বাঙ্গাল ব্যাঙ্ক নোট কিম্বা হুণ্ডী খোদ জমীদারদিগের নিকটে পঁহুছিবেক কিম্বা আর কোন রকমে যে প্রকারে সকলের সুবিধা হয় এমত করিবেন।

Messrs Thomas Wiltshire and Co, also embrace the present opportunity of notifying to non-defaulter Zemindaurs, or Landholders, and the Mofussil Community in general that for the accommodation and perfect safety of those constituents, who may feel desirous of making remittances, with the view of opening running accounts with them, they, invariably, in the first instance, invest all the surplus funds or monies remitted to them in the Honourable East India Company's Government Papers or Securities, and immediately after, reinvest the same, only in very lucrative and safe Zemindaurees, and Talooks or Landed Estates, Properties, &c and for the present, they allow Interest at the rate of Co's Rs. 8 per cent per annum, on all fixed or floating balances The Principal or Interest of which, are withdrawable and drawable at pleasure at current dates Government Revenue or Rents are made remittible or payable hence on account of Zemindaurs, either by orders from the Government General Treasury here, on the different Zillah Collectors direct, or Bank of Bengal Notes and Hoondees are transmitted to the Zemindaurs themselves

Messrs Thomas Wiltshire and Co, also profess to buy and sell unexceptionably eligible Zemindaurees, Talooks, Putnees, Indigo, Silk, Sugar, Saltpetre Factories, &c And their established rates of Commission and Interest, for buying and selling and advancing and receiving money, may be known, on paid postage applications, to them

N B Without the "*sine qua non*" Fee, mentioned in the preliminary part of this notification, no letters on Zemindaurees alone can be attended to

মিসিঅর্স তামস উঈল সাহেব কোম্পানি আরো এই সময় অন্যান্য জমীদার ও তালুকদার এবং মফঃসলের আর২ সর্ব্ব সাধারণকে জ্ঞাত করাইতেছেন যে ঐ সকল খোদ জমীদারেরা যাহারা উক্ত কোম্পানির সহিত খোলা খাতায় কারবার রাখিবার নিমিত্তে তাঁহারদিগের হস্তে টাকা পাঠাইতে ইচ্ছা করিবেন তাঁহারদিগের সুগম এবং নিশ্চিন্তের কারণ যে সকল টাকা পাঠাইবেন কিম্বা যে সকল বাকী টাকা থাকিবেক তাহাতে প্রথমে অনরবল ই এষ্ট ইণ্ডিয়া কোম্পানির কাগজ খরিদ করিবেন তাহার পরেতেই সেই টাকা কোন বেখিরকীচ অথচ উত্তম মুনাফার জমীদারী অথবা তালুকইত্যাদি খরিদ করা যাইবেক এবং তাহা সেওয়ায় অনির্দ্ধার্য্য কি নির্দ্ধার্য্য যে টাকা তহবিলে বাকী জমা থাকিবেক তাহার সুদ শতকরা কোম্পানির ৮ আট টাকার হিসাবে জমীদারদিগকে দেওয়া যাইবেক ঐ বাকী টাকা আসল কি সুদ ঐ চলিত খাতার টাকা যাহা থাকিবেক তাহা প্রয়োজন মতে যে দিবস চাহিবেন সেই দিবসেই পাইতে পারিবেন আর তাঁহারদিগের জমীদারীর বাকী গবর্ণমেণ্টের রাজস্ব খাজানা হয় জেনরেল ত্রেজুরিতে আমানত করিয়া ঐ ত্রেজুরি হুকুম সকল জেলার কালেক্টরিতে পাঠান যায় কিম্বা বাঙ্গাল ব্যাঙ্ক নোট অথবা হুণ্ডী জমীদারদিগের নিকট পাঠাইয়া দেওয়া যায়।

মিসিআস তামস উইল সায়েব এণ্ড কোম্পানি আরো মনস্থ করিয়াছেন যে নিরাপদীয় জমীদারি ও তালুকাত ও পত্তনীয় বিষয় ও নীলের কুঠী ও চিনি ও রেসম ও শোরার কুঠী ভাল হইলে ক্রয়বিক্রয় করিবেন এবং এই ক্রয় বিক্রয় যে কমিস্যন এবং টাকা অগ্রে দেওয়া লওয়ার সুদ কিম্বা সুদের নিয়ম যাহা স্থির করা গিয়াছে তাহা তাঁহারদিগের ডাকযোগে পত্র লিখিলেই জানিতে পারিবেন।

এই বিজ্ঞাপনের অগ্রভাগে ১০০ এক শত টাকা ফি যে লেখা হইয়াছে ইহা ব্যতীত জমীদারির বিষয়ের কোন পত্র লিখিলে তাহার প্রতি মনোযোগ হইবেক না।

TO THE UNITED SERVICE REGIMENTAL MESSES, INDIGO, SUGAR AND COTTON PLANTERS—MERCANTILE AND OTHER GENTLEMEN, IN THE MOFUSSIL OR OUT-STATIONS OF THE PRESIDENTIAL DISTRICTS OF BENGAL, AGRA, MADRAS, BOMBAY, &c AS WELL AS AFGHANISTAN, STRAITS, COASTS, CHINA &c

☞ All Commissions or Orders from the above, for Supplies of any kind and quantity of Wines, Beer Spirits and Comestibles, as well as for every other description of English, French, American, China, Straits, Coast and Country Goods, of the greatest variety that could be possibly enumerated, all of first rate quality, procurable in Calcutta, at the very lowest Market prices of the day too, are promptly attended to and executed with great judgment, fidelity, punctuality and despatch by

MESSRS THOS WILTSHIRE AND CO
United Service, Indigo Planters' and General Mofussil Agents,
No 91, Wellesley Street, Calcutta

Provided, they be previously amply furnished with funds, in Bank Notes, or Drafts, Hoondees, &c, at either short or long dates

Messrs Thomas Wiltshire and Co, will also always be very happy indeed to undertake Agency business of the most diversified, or Miscellaneous nature from the above, on immediate application, with equal promptitude and fidelity

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ২ আগষ্ট।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত উলিয়ম মিচল সাহেব কর্ত্তৃক মুদ্রিত।

Numb. 111. ১১১) (৩৯১)

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, AUGUST 9, 1842.

কলিকাতা মঙ্গলবার ১৮৪২ সাল ৯ আগষ্ট।

ACTS

FORT WILLIAM,
LEGISLATIVE DEPARTMENT,
THE 22D JULY, 1842

The following Act is passed by the Honourable the President of the Council of India in Council on the 22d of July 1842, with the assent of the Right Honourable the Governor General of India, which has been read and recorded

Ordered, that the Act be promulgated for general information

ACT No III OF 1842

An Act for extending the Provisions of Act XXI of 1839, to certain Petty Thefts, not being cases of simple Larceny

1 —Whereas it has been found that property has been rendered insecure in many cases, by reason of the impunity with which petty thefts, not being simple larcenies, have been committed, it is hereby enacted, that Act No XXI of 1839, shall be extended to the following cases where the property stolen does not exceed in value 20 Rupees, that is to say, to stealing any goods or merchandize in any vessel barge or boat of any description whatsoever, or from any dock, wharf or quay—to stealing, by any servant, any chattel or money belonging to or in possession or power of his Master—to stealing any chattel or money from the person of another

F J HALLIDAY,
Offg Secy to the Govt of India

SUDDER DEWANNY ADAWLUT.

আইন।

ফোর্ট উলিয়ম।
লেজিসলেটিব ডিপার্টমেণ্ট।
ইঙ্গরেজী ১৮৪২ সাল ২২ জুলাই।

ভারতবর্ষের কৌন্সেলের শ্রীযুত প্রেসীডেণ্ট সাহেব হজুর কৌন্সেলে ১৮৪২ সালের ২২ জুলাই তারিখে নীচের লিখিত আইন জারী করিলেন। ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর তাহাতে সম্মতি দিয়াছেন এবং ঐ সম্মতি পাঠ হইয়া সেরেস্তাদারের মধ্যে লেখা গিয়াছে।

হুকুম হইল যে এই আইন সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্ত প্রকাশ হয়।

ইঙ্গরেজী ১৮৪২ সাল ৩ আইন।

অস্থাবর বস্তু চুরীর অপরাধভিন্ন কোন২ ক্ষুদ্র চুরীর বিষয়ে ১৮৩৯ সালের ২১ আইনের বিধি খাটাইবার আইন।

১ ধারা। যেহেতুক দৃষ্ট হইয়াছে যে যে ক্ষুদ্র চুরী অস্থাবর সম্পত্তির চুরীর অপরাধের মধ্যে গণ্য নহে তাহা করিয়াও অপরাধিরদের দণ্ড হয় নাই এবং দণ্ড না হওয়াতে অনেক২ গতিকে সম্পত্তির বিঘ্ন হইতেছে অতএব ইহাতে হুকুম হইল যে নীচের লিখিত যে২ গতিকে চুরীহওয়া বস্তু ২০৲ টাকা মূল্যের উর্দ্ধ নহে সেই২ গতিকে ১৮৩৯ সালের ২১ আইন খাটিবেক অর্থাৎ কোন বড় বা ছোট জাহাজ বা কোন প্রকার নৌকাহইতে কিম্বা কোন গুদী বা ঘাট কি পোস্তাহইতে কোন জিনিস বা বাণিজ্যদ্রব্য চুরীকরণ এবং কোন চাকর আপন মুনিবের অথবা মুনিবের দখলে কি অধীনে কোন দ্রব্য বা টাকা চুরীকরণ অথবা অন্য ব্যক্তির শরীরহইতে কোন জিনিস বা টাকা চুরীকরণ ইতি।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।
JOHN C MARSHMAN, *Bengalee Translator*

সদর দেওয়ানী আদালত।

SUDDER DEWANNY ADAWLUT

The following Rules and Constructions which have been adopted on various dates by the Court of Sudder Dewanny Adawlut for the Regulation of the practice of the Court, are published for facility of reference

Hours of Attendance

The hours of attendance at the Sudder Dewanny Adawlut are from 11 A M to 5 P M, during which time the attendance of the Native Officers and Pleaders of the Court is strictly required, except in cases of leave of absence obtained, or certified sickness

14th Nov 1834

Appeals

A party having applied for a review of judgment, under the provisions of Clause 2, Section 4, Regulation XXVI 1814, in a case open to appeal but in which no appeal may have been preferred and such application having been rejected, is not entitled of right to the deduction of the time, during which his application for a review was pending before the lower Court, in calculating the period allowed him under the Regulations for preferring a regular appeal from the original decision, but where such party may plead as the reason of his not having presented his petition of appeal within the period prescribed by law, that the case was pending before the lower Court on an application for a review of judgment it will be the duty of the appellate Court to take such plea into consideration, and to admit it or not, according as under all the circumstances of the case, it may appear just and proper, in like manner with any other cause assigned for delay

3d Feb 1838
Cons No 1127

With reference to Clause 2 Section 5 Regulation XXVI 1814, all pleadings filed in the Court to be prepared according to the standard of the form prescribed by the Court any deviation from the same renders the party filing the pleading irregularly prepared, liable to the penalties laid down in the Section above cited

29th May, 1810

If a decision of a lower Court be confirmed without the attendance of the opposite party, the appellant is not entitled to receive back any portion of the value of the stamp paper on which his petition of appeal is written and the appellant's Vakeel is entitled to the whole of the fee deposited by the appellant

16th Feb 1832
Cons No 675

If the attendance of the opposite party should not be required, and the said party shall nevertheless, file an answer to the petition of appeal through a Vakeel of the Court, the fee of the said Vakeel shall be payable by the opposite party himself

Ibid

If an injunction be issued for the revision of the decision, the stamp duty to be paid by the appellant, or his petition of appeal shall be returned to him, in conformity to the rule prescribed in Section 8, Regulation XIV 1817, and the fees of the Vakeel of the appellant and respondent (if attending) limited to a sum not exceeding one fourth of the established fee

Ibid

Whenever a decision of a Zillah Judge shall be confirmed under the provisions of Clause 2, Section 2, Regulation IX 1831 the Judge by whom it is confirmed, is to direct a copy of his order to be forwarded to the Zillah Judge, with a view to enable the opposite party to take immediate means for the execution of the decree given in his favour

20th Feb 18[illegible]

In cases remanded back for re trial, the order of the appellate Court, remanding back the suit, shall specify that the Court to which it may be so referred, shall pass such an order as may appear to it just and proper, subject to appeal, in respect to the payment of its own costs, as of those already incurred by the parties in the progress of the suit through the different Courts before which it may have been brought since the date of the original action, unless any special reasons should exist rendering it equitable in the judgment of the appellate Court, that the costs incurred up to the date of its decision should be borne by one of the parties, or by the parties respectively, in which case the appellate Court shall direct the payment of the same accordingly

Cir Ord 4th Nov 1836

After a Judge has recorded his opinion on a case and referred it to another Judge, it is contrary to Clause 3, Section 6, Regulation XXVI 1814 which prescribes that no supplementary pleadings shall be admitted without the express sanction of the Court, for the parties or their Vakeels to file a petition objecting to the recorded opinion

11th Nov 1836

সদর দেওয়ানী আদালত।

সদর দেওয়ানী আদালতে কার্য্য নির্ব্বাহের নিমিত্ত ঐ আদালতের সাহেবেরা নানা সময়ে পশ্চাৎ লিখিত যে২ বিধান ও আইনের অর্থ করিয়াছেন তাহা কার্য্যের সুগমের নিমিত্ত সংগ্রহ করিয়া প্রকাশ করা যাইতেছে।

আদালতে হাজির হইবার সময়।

সদর দেওয়ানী আদালতে পূর্ব্বাহ্নের ১১ ঘণ্টাবধি অপরাহ্নের ৫ ঘণ্টাপর্য্যন্ত হাজির থাকিবার নিরূপণ আছে এবং যদি ঐ আদালতের আমলারা ও উকীলেরা ছুটী না পাইয়া থাকেন অথবা পীড়িতহওন বিষয় না জানাইয়া থাকেন তবে সেই সময়ের মধ্যে তাঁহারদের প্রতি নিতান্ত হাজির হইবার হুকুম আছে। — ১৮৩৪। ১৪ নবেম্বর।

আপীল।

যে মোকদ্দমার আপীল হইতে পারে পরন্ত আপীল প্রজরাণ যায় নাই এমত মোকদ্দমায় যদি কোন ব্যক্তি ১৮১৪ সালের ২৬ আইনের ৪ ধারার ২ প্রকরণানুসারে তাহার পুনর্ব্বিচারের নিমিত্ত দরখাস্ত করে এবং সেই দরখাস্ত মঞ্জুর না হয় তবে প্রথম ডিক্রীর উপর জাবেতামত আপীলকরণের যে মিয়াদ আইনে নিরূপা আছে তাহা হিসাবকরণেতে অধস্থ আদালতে তাহার পুনর্ব্বিচারের দরখাস্ত যত কাল উপস্থিত ছিল সেই কাল ঐ মিয়াদহইতে বাদ দিতে আপন হক বলিয়া তিনি দাওয়া করিতে পারেন না। কিন্তু যদি সেই ব্যক্তি আইনের নিরূপিত মিয়াদের মধ্যে তাহার আপীলের দরখাস্ত না দেওনের এই কারণ জানায় যে পুনর্ব্বিচারের দরখাস্তপ্রযুক্ত তাহার মোকদ্দমা অধস্থ আদালতে উপস্থিত ছিল তবে ঐ আপীল আদালতের উচিত যে সেই কারণের বিষয় বিবেচনা করিয়া বিলম্বের অন্য কোন কারণ দর্শান গেলে যেরূপ হইত সেইরূপে মোকদ্দমার বৃত্তান্ত বুঝিয়া যেমতে যথার্থ উচিত বোধ হয় সেমতে ঐ কারণ মঞ্জুর করেন কি না করেন। ৩ — ১১২৭ নং আইনের অর্থ ১৮৩৮। ২ ফেব্রুআরি।

১৮১৪ সালের ২৬ আইনের ৫ ধারার ২ প্রকরণের সম্পর্কে সদর আদালতে যে সকল সওয়াল জওয়াব দাখিল হয় তাহা আদালতের নিরূপণহওয়া পাঠানুসারে তৈয়ার করিতে হইবেক এবং যদি তাহা অন্য কোন প্রকারে তৈয়ার করা যায় তবে যে ব্যক্তি এইরূপে বেদাড়া সওয়াল জওয়াব করে সেই ব্যক্তি উক্ত ধারার লিখিত দণ্ডের যোগ্য হইবেক। — ১৮৪০। ২৯ মে।

যদি রেস্পাণ্ডেণ্টকে হাজির না করাইয়া অধস্থ আদালতের কোন ডিক্রী বহাল হয় তবে আপেলাণ্ট যে ইষ্টাম্প কাগজে আপীলের দরখাস্ত লিখিয়াছিল সেই ইষ্টাম্পের মূল্যের কোন অংশ ফিরিয়া পাইবেক না এবং আপেলাণ্ট উকীলের যে রসুম আমানৎ করিয়াছিল তাহা সমুদয় ঐ উকীল পাইবেন। — ৬৭৫ নং আইনের অর্থ। ১৮৩২। ১৬ ফেব্রুআরি।

যদি রেস্পাণ্ডেণ্টের হাজির হইতে তলব না হয় এবং যদি সেই ব্যক্তি তথাপি আদালতের এক জন উকীলের দ্বারা আপীলের দরখাস্তের উত্তর দাখিল করে তবে সেই উকীলের রসুম ঐ রেস্পাণ্ডেণ্ট আপনি দিবেক। — ঐ ঐ।

যদি ডিক্রী পুনর্দৃষ্টি করিবার হুকুম অধস্থ আদালতে পাঠান যায় তবে ১৮১৭ সালের ১৯ আইনের ৮ ধারার নিরূপিত বিধির অনুসারে আপেলাণ্ট আপন আপীলের দরখাস্তের যে ইষ্টাম্পের মাসুল দিয়াছিল তাহা তাহাকে ফিরিয়া দেওয়া যাইবেক অথবা আপীলের দরখাস্ত তাহাকে ফিরিয়া দেওয়া যাইবেক এবং যদি আপেলাণ্ট ও রেস্পাণ্ডেণ্টের উকীল হাজির ছিলেন তবে তাঁহারা নিরূপিত রসুমের চারি অংশের এক অংশের অধিক পাইবেন না। — ঐ ঐ।

যখন ১৮৩১ সালের ৯ আইনের ২ ধারার ২ প্রকরণের বিধির অনুসারে জিলার জজ সাহেবের ডিক্রী বহাল হয় তবে রেস্পাণ্ডেণ্ট আপনার পক্ষের ডিক্রী জারী করণার্থ অগোণে উদ্যোগ করিতে পারেন এইনিমিত্ত যে জজ সাহেবের দ্বারা ডিক্রী বহাল হইয়াছিল তিনি আপনার হুকুমের এক নকল জিলার জজ সাহেবের নিকটে পাঠাইতে হুকুম দিবেন। — ১৮৩২। ২০ ফেব্রুআরি।

যখন মোকদ্দমা পুনর্ব্বার তজবীজ হইবার নিমিত্ত অধস্থ আদালতে ফিরিয়া পাঠান যায় তখন মোকদ্দমা ফিরিয়া পাঠাইবার হুকুমে আপীল আদালতের জজ সাহেব এমত লিখিবেন যে যে আদালতের মোকদ্দমা এরূপে পাঠান যায় সেই আদালতে মোকদ্দমার যে খরচা লাগিয়াছিল তাহা দেওনের বিষয়ে এবং মোকদ্দমা প্রথম উপস্থিত হওনঅবধি ক্রমে২ যে নানা আদালতে ভ্রমণ করিয়া থাকে সেই২ আদালতে উভয় বিবাদির যে খরচ হইয়াছে তাহার বিষয়ে যেমত যথার্থ ও উচিত বোধ হয় সেইমত হুকুম দিবেন কিন্তু যদি কোন বিশেষ কারণপ্রযুক্ত আপীল আদালত আপনার ফয়সলাকরণের তারিখপর্য্যন্ত যে সকল খরচা লাগিয়াছে তাহা উভয় বিবাদির এক জনের শিরে রাখা অথবা উভয়কেই আপন২ খরচা দিবার হুকুম করা যথার্থ বোধ করেন তবে আপীল আদালত খরচার বিষয়ে সেইরূপ হুকুম করিতে পারেন। — ১৮৩৬ সালের ৪ নবেম্বরের সর ক্যুলর অর্ডর।

কোন মোকদ্দমায় এক জন জজ সাহেব আপনার মত লিখিয়া সেই মোকদ্দমা অন্য জজ সাহেবের নিকটে সোপর্দ্দ করিলে পর যদি উভয় বিবাদী কিম্বা তাহারদের উকীল দরখাস্তের দ্বারা ঐ লিখিত মতে আপনারদের আপত্তি জানায় তবে তাহা ১৮১৪ সালের ২৬ আইনের ৬ ধারার ১ প্রকরণের বিরুদ্ধ হয় যেহেতুক ঐ প্রকরণে লেখে যে আদালতের বিশেষ অনুমতি না হইলে কোন অবশেষ আরজী লওয়া যাইবেক না। — ১৮৩৬। ১১ নবেম্বর।

[*Government Gazette, 9th August,* 1842]

In the event, however, of the parties or their Vakeels considering a supplementary petition necessary to elucidate their case, the petition shall be referred to the Judge who may have disposed of the case in the first instance who, after perusal thereof, will pass such orders, as on consideration of the contents of such supplementary pleading or representation, may in his judgment be required, for the ends of justice

11th Nov 1836

After a Civil case has been decided, should a difference of opinion regarding the amount, or adjudication of costs, mesne profits, or other matters of a similar nature arise between the Judges who passed the decision, the point at issue only shall be referred to a third Judge, who shall not however be at liberty to impugn the judgment recorded on the case, but shall confine himself strictly to the point referred to him

4th Sept 1835

Special Appeals

8th Jan 1839 Cons No 637

Exhibits filed along with petitions for the admission of Special Appeals, are not subject to the payment of a fee on being filed

On the Special Appeal being admitted, the exhibit fees due under the general regulations are to be paid within six weeks on all papers (whether copies or original) not on the record of the case appealed

7th May 1841

In the event of failure of payment, the case will be dealt with as any other case of default

Ibid

As by Clause 1, Section 28, Regulation V 1831, the decisions of Zillah Judges in appeals from the decisions of Sudder Ameens are final and as by Section 7, Regulation VII 1832, the orders of the Judges in the execution of such decisions are also final, interlocutory orders passed by the Zillah Judges on the hearing of such appeals are not appealable to the Sudder Dewanny Adawlut

13th Dec 1833

Appeals to Queen in Council

At a Court at Buckingham Palace

18th April, 1838

Present

The Queen's Most Excellent Majesty

Lord Chancellor	Earl of Minto
Lord President	Lord John Russell
Lord Steward	Viscount Palmerston
Lord Chamberlain	Viscount Melbourne

Lord Glenelg

Whereas by an Act passed in the Fourth year of the Reign of His late Majesty King William the Fourth, intituled 'An Act for the better administration of justice in His Majesty's Privy Council it is amongst other things enacted That "it shall be lawful for His Majesty in Council from time to time to make any such Rules and Orders as may be thought fit, for the regulating the Mode Form and Time of appeal to be made from the decisions of the Courts of Sudder Dewanny Adawlut, or any other Courts of Judicature, in India or elsewhere, to the Eastward of the Cape of Good Hope (from the decisions of which an appeal lies to His Majesty in Council) and in like manner from time to time to make such other regulations for the preventing delays in the making or hearing of such appeals, and as to the expences attending the said appeals, and as to the amount or value of the Property in respect of which any such appeal may be made'—And Whereas His said late Majesty did, by his Order in Council, on the 16th day of January 1836, approve certain Rules and Orders for regulating the Mode, Form, and Time of appeal from the Decisions of the said Courts of Sudder Dewanny Adawlut, and also certain Regulations for the preventing delays in the making or hearing of such appeals, and as to the expences attending such appeals, and the said Rules, and Orders, and Regulations, were set forth in certain Schedules A and B, to and by the said Order in Council of the 16th of January annexed and approved, And Whereas His late Majesty did, by his further Order in Council made on the 10th day of August, 1836, alter and amend the said Schedule B, by cancelling the Rule No 5 of the said Schedule B so approved as aforesaid, and ordering that, in lieu of the said 5th Rule thereof a certain other Rule in such last mentioned order, set forth should be substituted And Whereas the Queen's Most Excellent Majesty in Council hath deemed it

কিন্তু যদি উভয় বিবাদি কি তাঁহারদের উকীল আপনারদের মোকদ্দমা স্পষ্ট করণের নিমিত্ত এক অবশেষ আরজী দেওয়া নিতান্ত আবশ্যক বোধ করে তবে যে জজ সাহেব ঐ মোকদ্দমা প্রথমে নিষ্পত্তি করিলেন সেই আরজী তাঁহাকে অর্পণ হইবেক এবং তিনি তাহা পাঠ করিলে পর ঐ অবশেষ সওয়াল জওয়াব বা আরজীর মর্ম্ম বিবেচনা করিয়া যথার্থ বিচারের নিমিত্ত যেরূপ উচিত বোধ হয় সেই মত হুকুম দিবেন। — ১৮৩১। ১১ নবেম্বর।

দেওয়ানী মোকদ্দমার নিষ্পত্তি হইলে পর খরচার সংখ্যা অথবা তাহা বিলিকর ণের বিষয়ে কিম্বা ওয়াসীলাৎ অথবা সেই প্রকার অন্য কোন বিষয়ে যে জজ সাহেবেরা ডিক্রী করিয়াছিলেন তাঁহারদের মধ্যে যদি অনৈক্য হয় তবে কেবল সেই বিরোধি বিষয় তৃতীয় জজ সাহেবের নিকটে সোপর্দ্দ হইবেক এবং ঐ মোকদ্দমাতে যে ডিক্রী হইয়াছিল তাহাতে তিনি দোষ দিতে পারিবেন না কেবল যে বিষয় তাঁহার নিকটে সোপর্দ্দ হইল তাহারই বিবেচনা করিবেন। — ১৮৩৫। ৪ সেপ্টেম্বর।

খাস আপীল।

খাস আপীলের আরজীর সঙ্গে যে দলীলদস্তাবেজ দাখিল হয় তাহার বিষয়ে দাখিল করণের সময়ে কিছু রসুম দিতে হইবেক না। — ৫৩৭ নং আইনের অর্থ। ১৮৩০। ৮ জানুআরি।

খাস আপীলের দরখাস্ত মঞ্জুর হইলে আপীলহওয়া মোকদ্দমার মিসিলে যে সকল আসল কাগজপত্র কি নকল ছিল তাহাছাড়া অন্য সকল কাগজপত্রের উপর ছয় সপ্তাহের মধ্যে সাধারণ আইনানুসারে দস্তাবেজের যে রসুম দেয় হয় তাহা দিতে হইবেক। — ১৮৪১। ৭ মে।

যদি রসুমের টাকা না দেওয়া যায় তবে অন্য২ প্রকার কসুর হইলে যেরূপ করা যায় সেইরূপ এই স্থলে করা যাইবেক। — ১৮৪১। ৭ মে।

যেহেতুক ১৮৩১ সালের ৫ আইনের ২৮ ধারার ১ প্রকরণানুসারে সদর আমীনের ফয়সলার উপর আপীল হইলে জিলার জজ সাহেব যে ডিক্রী করেন তাহা চূড়ান্ত হইবেক এবং যেহেতুক ১৮৩২ সালের ৭ আইনের ৭ ধারানুসারে ঐ ডিক্রী জারী করণের বিষয়ে জজ সাহেব যে হুকুম দেন তাহা চূড়ান্ত অতএব এপ্রকার আপীল শুনিবার সময়ে জজ সাহেব যে২ হুকুম করেন তাহার উপর আপীল সদর দেওয়ানী আদালতে হইতে পারে না। — ১৮৩৩। ১৩ ডিসেম্বর।

শ্রীশ্রীমতী মহারাণীর হজুর কৌন্সেলে আপীল।
বকিংহাম রাজবাটীর দরবার।
১৮৩৮ সালের ১৮ আপ্রিল।

বর্ত্তমান।
শ্রীশ্রীমতী মহারাণী।

শ্রীযুত লার্ড চানসেলর।	শ্রীযুত অর্ল অফ মিন্টো।
শ্রীযুত লার্ড প্রসীডেন্ট।	শ্রীযুত লার্ড জান রসল।
শ্রীযুত লার্ড ষ্টুআর্ড।	শ্রীযুত বৈকৌন্ট পামরষ্টন।
শ্রীযুত লার্ড চেম্বরলেন।	শ্রীযুত বৈকৌন্ট মেলবর্ণ।

শ্রীযুত লার্ড গ্রেনেল্গ।

যেহেতুক শ্রীশ্রীযুক্ত "মহারাজার হজুর কৌন্সেলে পূর্ব্বাপেক্ষা উত্তমরূপে যথার্থ বিচার হওনের নিমিত্ত আইন' নামে বিখ্যাত মৃত চতুর্থ উলিয়ম বাদশাহের অধিকারের চতুর্থ বৎসরে এক আইন হয় এবং যেহেতুক ঐ আইনে অন্যান্য বিষয়ের মধ্যে এমত হুকুম আছে যে "সদর দেওয়ানী আদালতের অথবা ভারতবর্ষের অন্য যে কোন আদালতের অথবা কেপ অফ গুডহোপের পূর্ব্ব দিগে অন্য কোন স্থানে যে কোন আদালতের নিষ্পত্তির উপর শ্রীযুক্ত মহারাজার হজুর কৌন্সেলে আপীল হইতে পারে সেই আদালতের নিষ্পত্তির উপর আপীল যে রীত্যনুসারে ও যে প্রকারে ও যে মিয়াদের মধ্যে করিতে হইবেক তাহা নির্ণয় করণের জন্য যে কোন বিধান ও হুকুম উচিত বোধ হয় তাহা ইঙ্গলণ্ডের শ্রীযুক্ত বাদশাহ হজুর কৌন্সেলে সময়ে২ করিতে পারেন এবং ঐ প্রকার আপীলকরণের অথবা শুননির বিলম্ব নিবারণের নিমিত্ত এবং ঐ আপীলের খরচার বিষয়ে এবং যে সংখ্যা অথবা মূল্যের সম্পত্তির মোকদ্দমার আপীল হইতে পারে সেই মূল্য বা সংখ্যার বিষয়ে সময়ে২ নিয়ম করিতে পারেন।" এবং যেহেতুক উক্ত মৃত মহারাজা উক্ত সদর দেওয়ানী আদালতের নিষ্পত্তির উপর আপীলের রীতি ও প্রকার ও মিয়াদ নিরূপণকরণের জন্য ১৮৩৬ সালের ১৬ জানুআরিতে কএক বিধান ও হুকুম মঞ্জুর করিয়াছিলেন এবং ঐ আপীলকরণের বা শুননির বিলম্ব নিবারণার্থ এবং ঐ আপীলসম্পর্কীয় খরচের বিষয়ে কএক নিয়ম করিয়াছিলেন এবং ঐ বিধান ও হুকুম ও নিয়ম A এবং B চিহ্নিত তফসীলের মধ্যে লিখিত হইয়াছিল এবং ১৬ জানুআরিতে ঐ হজুর কৌন্সেলের হুকুমে তাহা সংযোগ হইল। এবং যেহেতুক মৃত মহারাজা ১৮৩৬ সালের ১০ আগষ্টের হজুর কৌন্সেলের অন্য হুকুমক্রমে ঐ B চিহ্নিত তফসীল মতান্তর করিয়া শুধরিয়াছিলেন এবং উক্ত প্রকারে মঞ্জুরহওয়া ঐ B চিহ্নিত তফসীলের পঞ্চম ধারা রদ করিয়া হুকুম দিলেন যে ঐ পঞ্চম ধারার পরিবর্ত্তে ঐ ১৮৩৬ সালের ১০ আগষ্টের হুকুমের লিখিত অন্য এক বিধান নির্দ্দিষ্ট হয়। এবং যেহেতুক শ্রীশ্রীমতী মহারাণী হজুর কৌন্সেলে উক্ত বিধান ও হুকুম

expedient to cancel and rescind the said Rules, Orders, and Regulations, and to make and substitute others in lieu thereof

Her Majesty is therefore pleased by and with the advise of Her Privy Council, to cancel and rescind all the said Rules, Orders, and Regulations in the said recited Orders in Council of the 16th day of January, 1836, and 10th day of August, 1836, respectively contained and thereby or by either of them approved and to approve of the several Rules, Orders, and Regulations contained in the Schedule hereunder written or hereunto annexed, and to Order, as it is hereby Ordered, that the same be respectively observed by Her Majesty's Supreme Courts of Judicature at Fort William in Bengal, Fort St George, and Bombay, respectively, by the Court of Judicature of Prince of Wales' Island, Singapore and Malacca and by the said several Courts of Sudder Dewanny Adawlut and all other Courts of Judicature in the Territories under the Government of the East India Company and by all persons whom it shall or may concern Whereof the Governor General and the Council of India the Governor of Fort William in Bengal, the Governor in Council at Fort St George, the Governor in Council at Bombay, the Governor of Agra, the Chief Justice and Judges of Her Majesty's Supreme Court of Judicature at Fort William aforesaid, the Chief Justice and Judges of Her Majesty's Supreme Court of Judicature at Fort Saint George, the Chief Justice and Judges of Her Majesty's Supreme Court of Judicature at Bombay, the Court of Judicature of Prince of Wales' Island, Singapore and Malacca, the Judges of the several Courts of Sudder Dewanny Adawlut in the East Indies, and the Judges of all other Courts of Judicature in the Territories under the Government of the East India Company, and all other persons whom it may concern, are to take notice and govern themselves accordingly

(Signed) C C GREVILLE

The Schedule above referred to

I That from and after the 31st day of December next, no appeal to Her Majesty, Her Heirs and Successors in Council, shall be allowed by any of Her Majesty's Supreme Courts of Judicature at Fort William in Bengal, Fort St George, Bombay, or the Court of Judicature of Prince of Wales' Island, Singapore, and Malacca or by any of the Courts of Sudder Dewanny Adawlut, or by any other Courts of Judicature in the Territories under the Government of the East India Company, unless the Petition for that purpose be presented within six calendar months from the day of the date of the Judgment, Decree, or Decretal Order complained of, and unless the value of the matter in dispute in such appeal shall amount to the sum of Ten Thousand Company's Rupees at least and that from and after the said 31st day of December next, the limitation of Five Thousand Pounds sterling heretofore existing in respect of appeals from the Presidency of Fort William in Bengal, shall wholly cease and determine

II That in all such cases in which any of such Courts shall admit an appeal to Her Majesty, her Heirs and Successors in Council, it shall specially certify on the Proceedings that the value of the matter in dispute in such appeal amounts to the sum of Ten Thousand Company's Rupees or upwards, which certificate shall be deemed conclusive of the fact, and not be liable to be questioned on such appeal by any party to the suit appealed

III Provided nevertheless, that nothing herein contained shall extend, or be construed to extend, to take away, diminish, or derogate from the undoubted power and authority of Her Majesty, her Heirs and Successors in Council, upon the Petition at any time of any Party aggrieved by any Judgment, Decree, or Decretal Order, of any of the aforesaid Courts, to admit an appeal therefrom upon such other Terms, and upon and subject to such other Limitations, Restrictions, and Regulations, as Her Majesty, Her Heirs and Successors, shall in any such special case think fit to prescribe

IV That on the arrival of the transcripts of Proceedings in an appeal to Her Majesty, Her Heirs and Successors in Council from any of the said Courts of Sudder Dewanny Adawlut, or any other Courts in the East Indies constituted by the East India Company, or any of their Governments from which an appeal lies to Her Majesty in Council, such Officer of the East India Company as the Court of Directors of the said Company, shall from time to time appoint, shall forthwith give notice to the Clerk of the Council thereof, stating at the same

ও নিয়ম বদ ও বাতিল করিতে এবং তাহার পরিবর্ত্তে অন্য হুকুম ও বিধান ও নিয়ম নির্দ্দিষ্ট করিতে উচিত বোধ করিয়াছেন অতএব

শ্রীশ্রীমতী মহারাণী হজুর কৌন্সেলের পরামর্শক্রমে উক্ত ১৮৩৬ সালের ১৬ জানুআরি এবং ১৮৩৬ সালের ১০ আগস্টের হজুর কৌন্সেলের হুকুমে নির্দ্দিষ্ট উক্ত সকল বিধান ও হুকুম ও নিয়ম বদ ও বাতিল করিয়াছেন এবং এই হুকুমের নিম্নে সংযোগহওয়া পশ্চাৎ লিখিত নানা বিধান ও হুকুম ও নিয়ম মঞ্জুর করিয়াছেন। এবং ইহাতে হুকুম হইল যে ঐ সকল নিয়ম বাঙ্গলা দেশস্থ ফোর্ট উলিয়ম এবং ফোর্ট সেন্ট জর্জ অর্থাৎ মান্দ্রাজ এবং বোম্বাইয়ের শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টে এবং পুলোপিনাঙ্গ ও সিংহপুর ও মলাকার আদালতে এবং কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে নানা সদর দেওয়ানী আদালতে এবং অন্যান্য আদালতে চলন হইবেক এবং যত ব্যক্তির তাহার সঙ্গে সম্পর্ক থাকে তাঁহারা ঐ নিয়ম প্রতিপালন করিবেন। এবং ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর এবং ভারতবর্ষের হজুর কৌন্সেল এবং বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়মের গবরনর সাহেব এবং ফোর্ট সেন্ট জর্জ অর্থাৎ মান্দ্রাজের গবরনর সাহেব হজুর কৌন্সেলে এবং বোম্বাইয়ের গবরনর সাহেব হজুর কৌন্সেলে এবং আগরার গবরনর সাহেব এবং ফোর্ট উলিয়মে শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টের চিফ জষ্টিস ও অন্য জজ সাহেব এবং মান্দ্রাজের শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টের চিফ জষ্টিস ও অন্য জজ সাহেব এবং বোম্বাইয়ের শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টের চিফ জষ্টিস এবং অন্য জজ সাহেব এবং পুলোপিনাঙ্গ ও সিংহপুর ও মলাকার আদালতের জজ সাহেব ও কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে ভারতবর্ষের নানা সদর দেওয়ানী আদালতের জজ এবং অন্যান্য সকল আদালতের জজ সাহেব এবং অন্যান্য যে সকল ব্যক্তি ঐ হুকুমের সঙ্গে সম্পর্ক রাখেন তাঁহারা সেই হুকুম অবধান করিয়া তদনুসারে কার্য্য করিবেন।

সি সি গ্রেবিল।

উক্ত তফসীল।

১। আগামি ৩১ ডিসেম্বরঅবধি এবং তাহার পর যে ফয়সলা কি ডিক্রী বা ডিক্রীর হুকুমের উপর আপীল হয় ঐ ফয়সলা কি ডিক্রীর তারিখের পর ছয় মাসের মধ্যে যদি শ্রীশ্রীমতী মহারাণীর হজুর কৌন্সেলে যে আপীল হয় তাহার দরখাস্ত এদেশে না দেওয়া যায় এবং যদি ঐ আপীল সম্পর্কে বিরোধি বিষয়ের মূল্য ন্যূন সংখ্যা কোম্পানির দশ হাজার টাকা না হয় তবে বাঙ্গলা ও মান্দ্রাজ ও বোম্বাইয়ের শ্রীশ্রীমতী মহারাণীর আদালত ও পুলোপিনাঙ্গ ও সিংহপুর ও মলাকার আদালত কিম্বা কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যের কোন সদর দেওয়ানী আদালত বা অন্য কোন আদালত ঐ শ্রীশ্রীমতী মহারাণী কি তাহার উত্তরাধিকারী অথবা তাঁহার পর রাজত্বপ্রাপ্ত অন্যান্য রাজার হজুর কৌন্সেলে যে কোন আপীল হয় তাহা গ্রাহ্য করিবেন না। এবং আগামি ৩১ ডিসেম্বরঅবধি এবং তাহার পর বাঙ্গলা দেশস্থ ফোর্ট উলিয়মহইতে আপীলের বিষয়ে যে পাঁচ হাজার পৌণ্ড ষ্টর্লিঙ্গের নিয়ম ইহার পূর্ব্বে নির্দ্দিষ্ট ছিল তাহা সম্পূর্ণরূপে শেষ ও রহিত হইল।

২। যে কোন গতিকে শ্রীশ্রীমতী মহারাণী ও তাঁহার উত্তরাধিকারী ও তাঁহার পর রাজত্ব প্রাপ্ত অন্যান্য রাজার হজুর কৌন্সেলে আপীল উক্ত কোন আদালতে গ্রাহ্য হয় সেই গতিকে ঐ আদালত আপনার রুবকারীতে সর্টিফিকট করিয়া ইহা লিখিবেন যে ঐ আপীলসম্পর্কীয় বিরোধি বিষয়ের মূল্য নিতান্ত দশ হাজার টাকা কিম্বা তাহাহইতে অধিক এবং ঐ সর্টিফিকটের দ্বারা ঐ মূল্যের বিষয়ে চূড়ান্তরূপে নির্ণয় হইল এমত জ্ঞান করিতে হইবেক এবং ঐ আপীলহওয়া মোকদ্দমাসম্পর্কীয় কোন ব্যক্তি ঐ আপীলী মোকদ্দমার মূল্যের বিষয়ে তাহার পর আর কোন ওজর করিতে পারিবেন না।

৩। কিন্তু এই হুকুমের লিখিত কোন কথার এমত অভিপ্রায় নহে এবং তাহার এমত অর্থও করিতে হইবেক না যে পূর্ব্বোক্ত কোন আদালতের কোন ফয়সলা কি ডিক্রী অথবা ডিক্রীর হুকুমের দ্বারা যে ব্যক্তি অন্যায়গ্রস্ত হয় সেই ব্যক্তি দরখাস্ত করিলে শ্রীশ্রীমতী মহারাণীর কি তাঁহার উত্তরাধিকারী অথবা তাঁহার পর রাজত্বপ্রাপ্ত অন্য রাজার হজুর কৌন্সেলে অন্য কোন নিয়মে এবং অন্য যে কোন সীমা ও নিষেধ ও হুকুম ঐ বিশেষ গতিকে নির্দ্দিষ্ট করিতে উচিত বোধ করেন সেই২ নিয়মপ্রভৃতিক্রমে আপীলের দরখাস্ত মঞ্জুর করিতে যে ক্ষমতা ও পরাক্রম নিতান্ত আছে তাহা রহিত বা কম কি ব্যাঘাত হইয়াছে।

৪। উক্ত সদর দেওয়ানী আদালত অথবা ভারতবর্ষের মধ্যে কোম্পানি বাহাদুরের দ্বারা কি তাঁহারদের কোন গবর্ণমেন্টের দ্বারা নিযুক্ত অন্য যে কোন আদালতের হুকুমের উপর শ্রীশ্রীমতী মহারাণীর হজুর কৌন্সেলে আপীল হইতে পারে তাঁহার হুকুমের উপর শ্রীশ্রীমতী মহারাণী কি তাঁহার উত্তরাধিকারী অথবা তাঁহার পর রাজত্বপ্রাপ্ত অন্য রাজার হজুর কৌন্সেলে আপীল হইলে ঐ আপীলের কাগজপত্রের নকল পঁহুছিলে পর কোম্পানি বাহাদুরের কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরা সময়ে২ যে কর্ম্মকারককে নিযুক্ত করেন তিনি তৎক্ষণাৎ হজুর কৌন্সেলের ক্লার্ক সাহেবকে তাহার বিষয় এত্তেলা করিবেন এবং আপী

time the Names of the Parties to the Appeal, and the date of the decree appeal ed from, and that such notice shall be duly registered in the Council Office

V That the said transcripts of Proceedings shall be kept at the East Indi House, or at such other convenient place within the Cities of London or West minster as the said Court of Directors shall from time to time appoint, the Agent respectively conducting and defending such appeals in this country, being at li berty to take all the necessary copies and extracts from the said Proceedings, an to examine the same from time to time, and it shall be the duty of such office by himself or his sufficient Deputy, to produce the original transcripts befor the Judicial Committee, upon the hearing of such appeal, upon due notice for tha purpose previously given, and upon all other occasions when thereunto require by the Privy Council or the Judicial Committee

VI That in default of the Petition of Appeal or the appellant's being lodge in the Council Office within three calendar months from the Registration of th arrival of such transcripts, or in default of the appellant's case being carried i within one year from the time of such Registration, the Respondent shall be en titled in either case to move to dismiss the appeal for want of Prosecution, an in the event of the Respondents not bringing in his case within one year from th time of such Registration, the appellant shall be entitled to apply to have th case heard ex parte

(Signed) C C GREVILLI

I certify that the foregoing is a True Copy of the original Order in Council o the 10th day of April, 1838

(Signed) T B LENNARI

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT

No 2402

To the Several Civil Authorities in the Lower Provinces

With a view to define and fix the practice of the judicial tribunals, in disposing of cases involving objections to the sale of property in execution of decrees the Courts of Sudder Dewanny Adawlut at Calcutta and Allahabad have determined on adopting the following rules hereby prescribed for the guidance of the Courts —

I The objections usually brought forward to the sale of property, moveable and immoveable, in such cases are of three kinds

1st That the property advertized for sale is already mortgaged to the objector

2d That the party liable for the claim in satisfaction of which the property is advertised for sale, has only a limited interest therein there being other share holders, including the objector, and the property being undivided

3d That the party liable for the demand has no interest whatever in the property attached and advertised for sale, never having possessed any, or whatever interest he or his ancestors may have enjoyed therein having been previously transferred by them either to the objector, or other party from whom he may have derived the right, by a deed of sale gift, or other mode of absolute conveyance

II It has been already ruled, as regards the first class of objections, in Circular Order, No 106, dated 4th September, 1840, that no summary investigation is to be made into the claim of the mortga

সদর দেওয়ানী আদালতের সরকুলর অর্ডর।

২৪০২ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত নানা দেওয়ানীর কার্য কারক সাহেব বরাবরেষু।

ডিক্রী জারীকরণার্থ সম্পত্তি বিক্রয়ের বিষয়ে যে২ ওজর হয় তাহার নিষ্পত্তিকরণে দেওয়ানী আদালতের রীতি নির্ণয় ও স্থিরকরণের নিমিত্ত কলিকাতা ও আলাহাবাদের সদর দেওয়ানী আদালত নীচের লিখিত বিধি স্থির করি য়াছেন এবং তাহা সকল আদালতের উপদেশের নিমিত্ত এই সরকুলর অর্ডরের দ্বারা নির্দ্ধার্য্য হইতেছে।

১। এমত গতিকে স্থাবর বা অস্থাবর সম্পত্তির বিক্রয় করণের সামান্যতঃ যে২ ওজর করা যায় তাহা তিন প্রকার।

প্রথম। নীলামহওনের নিমিত্ত যে সম্পত্তির ইশ্‌তিহার হইয়াছে তাহা ওজরদারের নিকটে বন্ধক আছে।

দ্বিতীয়। যে টাকার নিমিত্ত ঐ সম্পত্তির নীলামহওনের ইশ্‌তিহার হইয়াছে সেই টাকার দায়ি জনের ঐ সম্পত্তিতে সম্পূর্ণ লাভ নাহি কেননা ঐ সম্পত্তির অন্য২ শরীক আছে এবং তাহারদের মধ্যে ওজরদার এক জন এবং ঐ সম্পত্তির বিভাগ হয় নাহি।

তৃতীয়। যে ব্যক্তি সেই টাকার দায়ী তাহার ঐ ক্রোক ও নীলামের জন্য ইশ্‌তিহারহওয়া সম্পত্তিতে কোন লাভ নাই এবং কোন লাভ কখন ছিল না অথবা ঐ ব্যক্তি কি তাহার পূর্ব্বপুরুষের ঐ সম্পত্তিতে যে লাভ ছিল তাহা তাহারা ইহার পূর্ব্বে সওদাপত্র কি দানপত্রের দ্বারা কিম্বা সম্পূর্ণরূপে হস্তান্তরকরণের অন্য কোনপ্রকারে ওজরদারকে দিয়াছিল কিম্বা ওজরদার যে ব্যক্তির স্থানে স্বত্ব পাইয়াছে তাহাকে দিয়াছিল।

২। প্রথম প্রকার ওজরের বিষয়ে ১৮৪০ সালের ৪ সেপ্টেম্বর তারিখের ১০৬ নম্বরী সরকুলর অর্ডরে বিধান হইয়াছে যে বন্ধকলওনিয়ার দাওয়ার বিষয়েতে কোন সরাসরী তহকীক করিতে হইবেক না যেহেতুক

লের উভয় বিবাদির নাম এবং রেজিষ্টারীর উপর আপীল হইয়াছে তাহার তারিখ তৎসময়ে তাঁহাকে জানাইবেন এবং ঐ এক্তেলানামা কৌন্সেলের দফ্তরে রীতিমতে রেজিষ্টরী হইবেক।

৫। ঐ কাগজপত্রের নকল ইষ্ট ইণ্ডিয়া হৌসনামক বাটীতে অথবা লণ্ডন কি ওএষ্ট মিনষ্টর শহরে কি অন্য যে কোন উপযুক্ত স্থান কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরা সময়ক্রমে নির্দ্দিষ্ট করেন্ তথায় রাখা যাইবেক এবং ইঙ্গলণ্ড দেশে ঐ আপীলের আপেলাণ্টের ও রেস্পাণ্ডেণ্টের মোখ্তারেরা ঐ কাগজপত্রের যে সকল নকল বা চুম্বকের আবশ্যক রাখে তাহা লইতে পারেন্ এবং সময়ে২ ঐ কাগজপত্রের তদারক করিতে পারেন্ এবং ঐ কর্ম্মকারকের উচিত যে তিনি অথবা তাঁহার উপযুক্ত কোন প্রতিনিধি রীতিমতে হুকুম পাইলে ঐ আপীল শুননিহওনের সময়ে এবং অন্য যে কোন সময়ে শ্রীশ্রীমতী মহারাণীর হজুর কৌন্সেল অথবা ঐ কৌন্সেলের বিচারসম্পর্কীয় কমিটি তাহা তলব করেন্ ঐ বিচারসম্পর্কীয় কমিটির সম্মুখে আসল কাগজপত্রের নকল উপস্থিত করেন্।

৬। ঐ নকল পঁহুছনের সম্বাদ রেজিষ্টরীহওনের পর যদি তিন মাসের মধ্যে আপেলাণ্টের আপীলের দরখাস্ত কৌন্সেলের সিরিশ্তায় দাখিল না করা যায় অথবা যদি ঐ রেজিষ্টরীহওনের পর এক বৎসরের মধ্যে আপেলাণ্ট মোকদ্দমা না চালায় তবে রেস্পাণ্ডেণ্ট ঐ উভয় গতিকে এমত দরখাস্ত করিতে পারেন্ যে কসুরপ্রযুক্ত ঐ আপীল ডিসমিস হয় এবং যদি ঐ রেজিষ্টরীহওনের পর এক বৎসরের মধ্যে রেস্পাণ্ডেণ্ট আপনার মোকদ্দমা না চালান্ তবে ঐ মোকদ্দমা একতরফা শুননি হইবার নিমিত্ত আপেলাণ্ট দরখাস্ত করিতে পারেন্।

সি সি গ্রেবিল।

১৮৩৮ সালের ১০ আপ্রিলের হজুর কৌন্সেলের আসল হুকুমের ইহা যথার্থ নকল এমত সর্টিফিকট লিখিয়া দিলাম।

টি বি লেমার্ড।

JOHN C MARSHMAN, *Bengalee Translator.*

---

gee, the auction purchaser standing in precisely the same position to the property after, as the mortgager did before, the sale, and the rights and interests of the mortgagee being in no way affected by such sale It was at the same time provided, that the existence of such prior claims should, time permitting it be made known by the auctioneer to the bidders at a sale

The principle which governs this rule is, that the objector does not deny the fact of the defendant having some right and interest in the property, so that the result of any investigation which should be made, would not be the total prohibition of the sale, but simply the determination of the extent of the objector's right and the validity of his lien, which cannot properly be effected by summary enquiry

III A similar principle will guide the disposal of objections under the second head, viz where the objector may claim to have a share in the property attached and advertised for sale, and may pray that such share be exempted from sale, and that the sale may be restricted to the share of the person liable for the demand in satisfaction of which the property has been advertised for sale.

The Courts will, therefore, refuse to take cognizance of such objections, with a view of determining in the miscellaneous department, the specific amount of the share in the property advertised for sale, of the party liable for the demand, as well as of the objecting parties, in order to the restriction of sale to the share of the former, and the exemption from sale of the share or shares of the latter, since the rights and interests only of the party liable for the demand being sold, such sale cannot affect injuriously the rights and interests of any other share-holders in the property. In such cases, also, intimation

নীলামের পূর্ব্বে সম্পত্তির সঙ্গে বন্ধকদেওনিয়া ব্যক্তির যে সম্পর্ক ছিল নীলামের পর নীলামের খরীদারের ঠিক সেই সম্পর্ক আছে এবং বন্ধকলওনিয়া ব্যক্তির যে অধিকার এবং লাভ আছে নীলামের দ্বারা তাহার কোন প্রকারে ব্যাঘাত হয় নাই। সেই সময়ে আরো বিধান হইল যে সময় থাকিলে নীলামের কর্ত্তা এমত দাওয়া থাকনের সম্বাদ নীলামে ডাকনিয়া ব্যক্তিরদিগকে জানাইবেন।

এই বিধানের মূল নিয়ম এই যে ঐ সম্পত্তিতে আসামীর কোন২ অধিকার ও লাভ আছে ইহা ওজরদার অস্বীকার করে না অতএব ঐ বিষয়ে যে কোন তহকীক হইত তাহাতে ঐ নীলামের একেবারে নিষেধ হইত না কিন্তু ওজরদারের কিপর্য্যন্ত স্বত্ব আছে এবং সম্পত্তির উপর তাহার স্বত্বাধিকার যথার্থ কি না এইমাত্র নির্ণয় হইত এবং সরসরী তহকীকের দ্বারা এমত বিষয় উচিতমতে নিশ্চয় হইতে পারে না।

৩। দ্বিতীয় প্রকার ওজর এই যে ওজরদার ক্রোকহওয়া এবং নীলামের ইশ্তিহারহওয়া সম্পত্তির অংশের উপর দাওয়া রাখে এবং এমত দরখাস্ত করে যে ঐ অংশ নীলাম না হয় এবং যে টাকার নিমিত্ত সম্পত্তি নীলাম হওনের জন্য ইশ্তিহার হয় সেই টাকার দায়ি ব্যক্তির অংশ মাত্র নীলাম হয়। এই প্রকার ওজর উক্ত মূল নিয়মানুসারে নিষ্পত্তি করিতে হইবেক।

অতএব আদালত এই প্রকার ওজর শুনিবেন না এবং যে ব্যক্তি টাকার দায়ী কেবল তাহার অংশ নীলামহওনের নিমিত্ত এবং ওজরদারের অংশ বা অংশসকল নীলাম না হইবার নিমিত্ত ঐ টাকার দায়ি ব্যক্তির এবং ওজরদার ব্যক্তিরদের নীলামের ইশ্তিহারহওয়া সম্পত্তিতে যে২ বিশেষ অংশ আছে তাহা মুৎফরক্কা সিরিশ্তায় নিশ্চয় করিবেন না যেহেতুক যে ব্যক্তি টাকার দায়ী কেবল তাহার স্বত্ব ও লাভ বিক্রয় হয় অতএব ঐ সম্পত্তিতে অন্য২ শরীকেরদের যে অধিকার ও লাভ থাকে তাহার কিছু ব্যাঘাত হইবেক না। এইমত গতিকেও নীলামের সময়ে নীলামের কর্ত্তা ঐ সম্পত্তিতে ওজরদার বা ওজর

[*Government Gazette, 9th August,* 1842.]

should be given by the auctioneer at the time of sale of the claim brought by the objector or objectors to the property

IV With respect to third class of objections, viz claims founded on unconditional purchase, or other absolute acquisition of the property put up for sale, the plea advanced being that the latter is not the property of the debtor, the Courts have ruled that such claims *should* be made the subject of a summary investigation, because on the result depends whether the contemplated sale shall take place at all or not The principle, however, which will govern all such enquiries shall be that *possession* is the sole point to be looked to and determined in the Miscellaneous department, and that, should the possession of the objector or claimant, prior to the attachment of the property or advertisement of sale be satisfactorily established, sufficient ground will be held to exist for stopping the sale, without enquiry into the validity of the alleged title, any dissatisfied party being left to bring a regular suit

V It must be expressly borne in mind that sales of the description contemplated convey to the purchaser nothing beyond what was enjoyed at the time of sale by the person whose interests are sold, and the Court, in the execution of its process, will only place the purchaser in the position, with respect to the thing sold in which it found the defendant

VI The above rules will be considered equally applicable to moveable and immoveable property

W Kirkpatrick, *Deputy Register*

Fort William, 10th June, 1842

No 2448

To the Civil Judges in the Lower Provinces

I am directed by the Court to transmit to you for your information and guidance, and for communication to the Principal Sudder Ameen, a copy of a Resolution dated 4th July, 1834, regarding the local investigation of objections which may be urged against execution of Decrees of the Sudder Dewanny Adawlut in certain cases

W Kirkpatrick, *Deputy Register*

Fort William, 8th July, 1842

Resolution of the Presidency Court of Sudder Dewanny Adawlut, dated the 4th July, 1834

Present

R H Rattray,
H Shakespear,
W Braddon,
C R Barwell, and
T C Robertson, Esquires, *Judges*

The Court have been pleased to adopt the following rule of Practice to simplify the process for the execution of Decrees issued from this Court,

Whenever it may be necessary under any of the circumstances stated in Clause 8, Section 15, Regulation XXVI 1814, to issue a notice calling on the party against whom execution is sued to show cause why it should not be executed, it will be sufficient to direct the Zillah or City Judges to issue the required notice If no objections be made by

দারসকল যে দাওয়া উপস্থিত করিয়াছে তাহা সকলকে জানাইবেন্।

৪। তৃতীয় প্রকার ওজর এই যে ওজরদার নীলামে ধরিয়া দেওয়া সম্পত্তি বেকবার কটে খরীদ করিয়াছে বা অন্য প্রকারে তাহার সম্পূর্ণরূপে স্বত্বাধিকার প্রাপ্ত হই য়াছে অতএব ঐ সম্পত্তি দেমদারের নহে। এই প্রকার ওজ রের বিষয়ে সদর আদালতের সাহেবেরা বিধান করিয়া ছেন যে ঐ প্রকার দাওয়ার সরাসরী তহকীক করিতে হইবেক কেননা ঐ কল্পিত নীলাম হইবেক কি না তাহা ঐ তহকীকের দ্বারা নিশ্চয় হইবেক। কিন্তু এই প্রকার সকল তহকীকের মূল নিয়ম এই যে মুৎফরক্কা সিরিশ্তায় সম্পত্তি কাহার দখলে আছে কেবল তাহাই তজবীজ করিয়া নিশ্চয় করিতে হইবেক এবং যদ্যপি এমত মাতবর প্রমাণ হয় যে সম্পত্তি ক্রোকহওনের পূর্ব্বে অথবা নীলামের জন্যে ইশ্তিহার দেওনের পূর্ব্বে তাহা ওজর দার কি দাওয়াদারের দখলে ছিল তবে তাহার কথিত স্বত্ব যথার্থ কি না এই বিষয়ের তজবীজ না করিয়া নীলাম স্থগিতকরণের উপযুক্ত কারণ আছে বোধ করিতে হইবেক এবং যে ব্যক্তি ইহাতে নারাজ হন তিনি জাবেতামত মো কদ্দমা করিতে পারিবেন।

৫। এবং ইহা বিশেষরূপে স্মরণে রাখিতে হইবেক যে এই প্রকার নীলাম হইলে যে ব্যক্তির বিষয় বিক্রয় হয় নীলামের সময়ে তাহার ঐ সম্পত্তিতে যে স্বত্ব ও লাভ ছিল তাহাবিনা খরীদারকে আর কিছু বিক্রয় হয় নাই এবং আদালত আপনার ডিক্রী জারী করণেতে বিক্রীত দ্রব্যের সম্পর্কে আসামী যে স্থানে ছিল কেবল সেই স্থানে খরীদারকে স্থাপন করিবেন।

৬। উক্ত বিধি স্থাবর ও অস্থাবর সম্পত্তির বিষয়ে সমানরূপে খাটিবেক।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিযম ১৮৪২। ১০ জুন।

২৪৪৮ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহেব বরাবরেষু।

কোন২ গতিকে সদর দেওয়ানী আদালতের ডিক্রী জারী করণের বিষয়ে যে ওজর হয় তাহা সরেজমীনে তহকীক করণের বিষয়ে ১৮৩৪ সালের ৪ জুলাই তারিখের সদর আদালতের নির্দ্ধারণ তোমার এবং তোমার এলাকার প্রধান সদর আমীনের বিজ্ঞাপন ও উপদেশের নিমিত্ত পাঠান যাইতেছে।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম ১৮৪২। ৮ জুলাই।

১৮৩৪ সালের ৪ জুলাই তারিখের কলিকাতার সদর আদালতের নির্দ্ধারণ।

বর্ত্তমান।

শ্রীযুত আর এচ রেট্রি সাহেব।
শ্রীযুত এচ সিক্সপিয়র সাহেব।
শ্রীযুত ডবলিউ ব্রাডেন সাহেব।
শ্রীযুত সি আর বারউএল সাহেব।
শ্রীযুত টি সি রাবর্টসন সাহেব।

সদর আদালতের ডিক্রী জারীকরণের কার্য্য সহজ করি বার নিমিত্ত পশ্চাৎ লিখিত ব্যবহারের নিয়ম ঐ আদা লতের সাহেবেরা স্থির করিয়াছেন।

যখন ১৮১৪ সালের ২৬ আইনের ১৫ ধারার ৮ প্রক রণের লিখিত কোন গতিকে যে ব্যক্তির প্রতিকূলে ডিক্রী জারী করণের দরখাস্ত হইয়াছে সেই ডিক্রী জারী না কর ণের কারণ দর্শাইতে ঐ ব্যক্তির প্রতি এত্তেলা দেওনের আবশ্যক হয় তখন উক্ত এত্তেলা দিতে জিলা ও শহরের জজ সাহেবদিগকে হুকুম লিখিলেই হইবেক। তাহার পর যে ব্যক্তির প্রতিকূলে ডিক্রী জারীর দরখাস্ত হয় সে ব্যক্তি

XIII In the event of the demise of a party to an appeal, the Deputy Register will take the necessary steps for causing the attendance of his or her representatives. Should this enquiry involve a question as to who are the representatives of the deceased, the Deputy Register will lay the case before the Judge selected as Referee

Ibid

XIV In the event of the legal representative of a deceased party being a minor or lunatic, the Deputy Register will lay the case before the Judge as above, in order that the necessary measures may be taken for having a Guardian appointed

Ibid

XV Should the representatives of a party appellant fail to attend within the time allowed for their appearance, or such representatives, or guardian appointed in the manner referred to in the preceding rule, neglect to proceed with the appeal within a period of six weeks from the date of admission to appear as representatives, or of appointment as Guardian, as the case may be, the Deputy Register shall lay the case before the Judge selected as Referee, to be dealt with according to the provisions of Act XXIX of 1841

Ibid

XVI Information of the death, suspension, resignation, or removal of a pleader of the Court, is to be given by the Deputy Register in the manner prescribed by Clause 3, Section 18, Regulation XXVII. 1814

Ibid

XVII Should an appellant neglect to proceed with his case by the appointment of another Vakeel, or by failure to attend in person within the period allowed by Clause 3, Section 18, Regulation XXVII 1814, the Deputy Register shall lay the case before the Judge selected as Referee, to be dealt with according to the provisions of Act XXIX of 1841.

Ibid

XVIII. In the event of any delay on the part of the Zillah Courts in the execution of the requisitions made to them by the Deputy Register, that officer shall bring the same to the notice of the Court to which the requisition has been made. Any continued delay after such second requisition he will report to the Judge selected as Referee.

Ibid

XIX Special appeals (after admission) to be dealt with in regard to the preparation of the cases for trial, the same as regular appeals.

Ibid

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ১৬ আগষ্ট ॥

৫। যে কাগজপত্র এইরূপে তলব হয় তাহা যদি পূর্ব্বোক্ত বিধির নিরূপিত মিয়াদের মধ্যে সিবিশ্‌তায় দাখিল হয় তবে দ্বিতীয় বিধির অনুসারে জিলার আদালতে যে হুকুম পাঠান গিয়াছিল তাহার রিটর্ণ না পঁহুছনপর্য্যন্ত ডেপুটী রেজিষ্টর ঐ মোকদ্দমা আপনার দপ্তরে রাখিবেন। ১৮৪২। ১১ জানুআ'

৬। যদি নিরূপিত সময়ের মধ্যে আপীলের হেতু এবং ডিক্রীর নকল দাখিল না হয় তবে ডেপুটী রেজিষ্টরের জিজ্ঞাসিত সকল বিষয়ের নিষ্পত্তি করিতে সদর আদালতের যে২ জজ সাহেব নিযুক্ত হইয়াছেন তাঁহার কোন এক জন জজ সাহেবকে ডেপুটী রেজিষ্টর নিরূপিত মিয়াদ অতীত হইলে তাহা জানাইবেন। ঐ ঐ।

৭। যদি আপীলের দরখাস্ত জিলার আদালতের সিবিশ্‌তায় দাখিল হইয়া থাকে তবে আপীলের হেতু এবং ডিক্রীর নকল দাখিলকরণের নিমিত্ত যে ছয় সপ্তাহ মিয়াদের নিরপণ আছে তাহা সদর আদালতে দরখাস্ত পঁহুছনের তারিখঅবধি গণ্য হইবেক। ঐ ঐ।

৮। যদি ১৮৪১ সালের ২৯ আইনের ১ ধারার বিধির অনুসারে আপেলাণ্ট আপনার আপীলের হেতু দাখিল করিতে অধিক মিয়াদের দরখাস্ত করেন্ তবে পূর্ব্বোক্ত মতে সদর আদালতে যে জজ সাহেব নিযুক্ত হইয়াছেন তাঁহাকে ডেপুটী রেজিষ্টর ঐ দরখাস্ত এবং আপীলের দরখাস্ত দিবেন। ঐ ঐ।

৯। আপেলাণ্টের মোকদ্দমার সমস্ত তদবীর সমাপ্ত হইলে এবং জিলার আদালত হইতে আবশ্যকসকল রিটর্ণ এবং মিসিল পঁহুছিলে পর রেস্পাণ্ডেণ্টকে আপনার জওয়াব দাখিলকরণের নিমিত্ত ডেপুটী রেজিষ্টর পনের দিন মিয়াদ দিবেন। ঐ ঐ।

১০। রেস্পাণ্ডেণ্টের জওয়াব দাখিল হইলে অথবা না হইলে দাখিলকরণের নিরূপিত মিয়াদ অতীত হওনের পর ডেপুটী রেজিষ্টর বিলিকরণের উপযুক্ত মোকদ্দমার ফিরিস্তিতে ঐ মোকদ্দমা রাখিবেন। যদি ঐ জওয়াব নিরূপিত মিয়াদের পর কিন্তু কোন এক জন জজ সাহেবের নিকটে মোকদ্দমা সোপর্দ্দহওনের পূর্ব্বে গুজরাণ যায় তবে ডেপুটী রেজিষ্টর তাহা লইয়া মোকদ্দমার মিসিলের সঙ্গে রাখিবেন। ঐ ঐ।

১১। আপীলকরণের যে মিয়াদ নিরূপণ আছে তাহা অতীত হইলে যদি আপীল মঞ্জুরকরণের দরখাস্ত দেওয়া যায় তবে যে জজ সাহেব ডেপুটী রেজিষ্টরের সিরিশ্‌তার জিজ্ঞাসিত বিষয় নিষ্পত্তি করিতে নিযুক্ত আছেন্ তাঁহার নিকটে তাহা অর্পণ হইবেক। ঐ ঐ।

১২। যদি ডেপুটী রেজিষ্টর দেখেন্ যে অধস্থ আদালতের ডিক্রীর নকল প্রস্তুত এবং পৃষ্ঠে দস্তখৎ করিতে ঐ আদালতে কোন বেদাঁড়া হইয়াছে তবে তাঁহার উচিত যে ঐ বেদাড়ার রিপোর্ট পূর্ব্বোক্তমতে নিযুক্তহওয়া জজ সাহেবকে দেন্। ঐ ঐ।

১৩। কোন আপীলের বাদী বা প্রতিবাদী মরিলে ডেপুটী রেজিষ্টর তাহার স্থলাভিষিক্ত ব্যক্তিকে হাজির করাইবার যথোচিত উদ্যোগ করিবেন। যদি তহকীককরণেতে মৃত ব্যক্তির স্থলাভিষিক্ত কে এই বিষয়ে সন্দেহ হয় তবে ডেপুটী রেজিষ্টর পূর্ব্বোক্তমতে নিযুক্তহওয়া জজ সাহেবকে সেই বিষয় জানাইবেন। ঐ ঐ।

১৪। যদি মৃত ব্যক্তির আইনমতে স্থলাভিষিক্ত নাবালক কিম্বা উন্মাদ হয় তবে এক জন সংসারাধ্যক্ষ নিযুক্ত হওনের নিমিত্ত যথোচিত উদ্যোগ হয় এতদর্থেডেপুটী রেজিষ্টর পূর্ব্বোক্তমত নিযুক্তহওয়া জজ সাহেবকে ঐ বিষয় জ্ঞাত করিবেন। ঐ ঐ।

১৫। আপেলাণ্টের স্থলাভিষিক্ত ব্যক্তিরদের হাজির হওনের যে মিয়াদ নিরূপণ হইয়াছে যদি সেই মিয়াদের মধ্যে তাহারা হাজির না হয় অথবা স্থলাভিষিক্তের ন্যায় হাজির হওনের অনুমতি হইলে পর অথবা সংসারাধ্যক্ষরূপে নিযুক্তহওনের পর যদি ঐ স্থলাভিষিক্ত ব্যক্তি কিম্বা পূর্ব্বোক্ত বিধির অনুসারে নিযুক্ত সংসারাধ্যক্ষ ছয় সপ্তাহের মধ্যে আপীলের সওয়ালজওয়াব করিতে ত্রুটি করে তবে পূর্ব্বোক্তমতে নিযুক্তহওয়া জজ সাহেবকে ডেপুটী রেজিষ্টর ঐ বিষয় জানাইবেন এবং ১৮৪১ সালের ২৯ আইনের বিধির অনুসারে কার্য্য হইবেক। ঐ ঐ।

১৬। সদর আদালতের উকীলের মরণ বা সস্‌পেণ্ড হওন কি ইশ্‌তাফা দেওন বা তগীর হওনের সম্বাদ ডেপুটী রেজিষ্টর ১৮১৪ সালের ২৭ আইনের ১৮ ধারার ৩ প্রকরণের নিরূপিতমতে দিবেন। ঐ ঐ।

১৭। যদি ১৮১৪ সালের ২৭ আইনের ১৮ ধারার ৩ প্রকরণের নিরূপিত মিয়াদের মধ্যে আপেলাণ্ট অন্য উকীল নিযুক্ত করিয়া অথবা স্বয়ং হাজির হইয়া মোকদ্দমা চালাইতে ত্রুটি করে তবে ডেপুটী রেজিষ্টর পূর্ব্বোক্ত মতে নিযুক্তহওয়া জজ সাহেবকে তাহা জানাইবেন এবং ১৮৪১ সালের ২৯ আইনের বিধির অনুসারে কার্য্য হইবেক। ঐ ঐ।

১৮। জিলার আদালতের স্থানে ডেপুটী রেজিষ্টর যে বিষয় তলব করেন্ সেই বিষয়েতে কিছু বিলম্ব হইলে যে আদালতের স্থানে তলব হইয়াছিল সেই আদালতের জজ সাহেবকে ডেপুটী রেজিষ্টর তাহা জানাইবেন। যদি এইরূপে দ্বিতীয়বার তলব হইলে পর বিলম্ব হয় তবে পূর্ব্বোক্তমতে নিযুক্তহওয়া সদরের জজ সাহেবের নিকটে ডেপুটী রেজিষ্টর তাহার রিপোর্ট করিবেন। ঐ ঐ।

১৯। খাস আপীল মঞ্জুর হইলে বিচারার্থে মোকদ্দমা তৈয়ার করণের বিষয়ে জারেতামত আপীলের যে বিধি আছে সেই অনুসারে কার্য্য হইবেক। ঐ ঐ।

JOHN C MARSHMAN, *Bengalee Translator.*

[*Government Gazette*, 16*th August*, 1842.]

CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE.

No. 19.

To the Commissioner of Revenue for the Division of ——

I am directed by the Sudder Board of Revenue to send you the annexed copy of a letter from Mr Secretary Halliday, under date the 4th instant, (No 861,) and its enclosures, and to request that after consulting your subordinates, and obtaining their replies, you will submit them together with your own opinion on the subject referred to for transmission to Government

. E CURRIE, *Secretary*

Fort William, 20th July, 1842

No 861,

From the Secretary to the Government of Bengal in the Judicial Department, to the Secretary to the Sudder Board of Revenue, dated Fort William, the 4th July, 1842

1 I am directed by the Honourable the Deputy Governor of Bengal to transmit herewith for the information of the Board, copy of a communication from the Junior Secretary to the Government of India with the Governor General (No 25, of the 23d ultimo, and two accompaniments,) relative to a method adopted in the Cawnpore District for procuring carriage cattle, &c for the purposes of Government

2 Although the plan is not literally applicable here, in all its parts, the Deputy Governor considers it capable of being modified, so as to suit circumstances, and it will then be, in all probability, extensively useful The Board are accordingly desired to circulate copies of the correspondence among their subordinates, and invite suggestions on the whole subject of providing and supplying carriage for Troops, &c and after the Board shall have received their replies they will be pleased to submit them together with their own recommendations for the consideration of Government

(Signed) F J HALLIDAY,
Secy to the Govt of Bengal

Fort William, 4th July, 1842

No 25 of 1842

From the Junior Secretary to Government of India with the Governor General, to F J. Halliday, Esq Secretary to Government, Judicial Department, Fort William, dated Allahabad, 23d June, 1842,

In transmitting for the information of His Honor the Deputy Governor of Bengal the annexed correspondence with the Government of Agra relating to the procuring of carriage cattle, &c. I am desired by the Governor General to request that you will draw His Honor's attention to the question of adopting Mr. Craigie's suggestions, in the Bengal

সদর বোর্ড রেবিনিউর সরকুলর অর্ডর।

১৯ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেব বরাবরেষু।

সদর বোর্ড রেবিনিউর হুকুমক্রমে তোমার নিকটে শ্রীযুত সেক্রেটারী হালিডে সাহেবের বর্ত্তমান মাসের ৪ তারিখের ৮৬১ নম্বরী পত্রের এবং তাহার সঙ্গে অন্যান্য যেং লিপি ছিল তাহার এক নকল পাঠাইয়া আদেশ করিতেছি যে ঐ পত্রে যে বিষয় লেখা আছে তাহাতে তোমার অধীন কার্য্যকারকেরদের পরামর্শ লইয়া তাঁহারদের উত্তর পাইলে তুমি সেই উত্তর এবং তদ্বিষয়ে তোমার মত লিখিয়া গবর্ণমেণ্টে পাঠাইবা।

ই করি। সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম ১৮৪২। ২০ জুলাই।

৮৬১ নম্বর।

সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের প্রতি জুডিসিয়ল ডিপার্টমেণ্টে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের শ্রীযুত সেক্রেটারী সাহেবের ১৮৪২ সালের ৪ জুলাইর পত্র।

১। সরকারী কার্য্যের নিমিত্তে গাড়ি বলদইত্যাদি যোগাইয়া দিবার বিষয়ে কানপুর জিলাতে যে রীতি চলন হইয়াছে তাহার বিষয়ে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের সমভিব্যাহারি ভারতবর্ষের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটারী সাহেবের গত মাসের ২৩ তারিখের ২৫ নম্বরী যে পত্র পাঠাইলেন এবং তাহার সঙ্গে অন্য যে দুই লিপি ছিল তাহার এক নকল বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবরনর্ সাহেবের হুকুমক্রমে সদর বোর্ডের বিজ্ঞাপনার্থ ইহার সঙ্গে পাঠাইতেছি।

২। যদিও এদেশে ঐ রীতি সর্ব্বতোভাবে চলন হইতে পারে না তথাপি শ্রীযুত ডেপুটী গবরনর সাহেব বোধ করেন্ যে দেশের অবস্থামতে তাহা মতান্তর করা যাইতে পারে এবং তাহা হইলে বোধ হয় যে ঐ রীতি চলন হইলে অত্যন্ত কর্ম্ম দেখিবেক। অতএব বোর্ডের সাহেবেরদিগকে হুকুম দেওয়া যাইতেছে যে তাঁহারা এই পত্রের নকল আপনারদের অধীন কার্য্যকারকেরদের নিকটে পাঠাইয়া সৈন্যাদির নিমিত্ত গাড়ি বলদইত্যাদি যোগাইয়া দেওনের বিষয়ে ঐ কার্য্যকারকেরদের পরামর্শ চাহেন্ এবং বোর্ডের সাহেবেরা তাঁহারদের উত্তর পাইলে পর ঐ উত্তর এবং তদ্বিষয়ে আপনারদের পরামর্শ গবর্ণমেণ্টের বিবেচনার নিমিত্ত পাঠাইয়া দেন্।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম ১৮৪২। ৪ জুলাই।

১৮৪২ সাল ২৫ নম্বর।

ফোর্ট উলিয়ম জুডিসিয়ল ডিপার্টমেণ্টে গবর্ণমেণ্টের সেক্রেটারী শ্রীযুত এফ জে হালিডে সাহেবের প্রতি শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুরের সমভিব্যাহারি ভারতবর্ষের গবর্ণমেণ্টের শ্রীযুত দ্বিতীয় সেক্রেটারী সাহেবের আলাহাবাদের লিখিত ১৮৪২ সালের ২৩ জুন তারিখের পত্র।

গাড়ি বলদইত্যাদি পাইবার বিষয়ে আগরার গবর্ণমেণ্টের নীচের লিখিত লিপুলেখনের নকল বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবরনর সাহেবের বিজ্ঞাপনার্থ পাঠাইতেছি। শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের হুকুমক্রমে আদেশ করিতেছি যে বাঙ্গলা দেশের মধ্যে যেপর্য্যন্ত উপযুক্ত বোধ হয় এবং স্থান বিবেচনা করিয়া যেপর্য্যন্ত সাধ্য হয় সেইপর্য্যন্ত বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবরনর্

Provinces so far as may seem fit and be locally practicable

(Signed) C G MANSEL,
Jun Sec to Govt of India, with the Gov General

Allahabad, the 23d June, 1842

No 24 of 1842

From the Junior Secretary to the Government of India, with the Governor General, to R N C Hamilton, Esq, Secretary to Lieutenant Governor, North Western Provinces, dated Allahabad, 23d June, 1842

I have the honour to acknowledge the receipt of your despatch, dated 7th instant, No 1065, submitting certain suggestions by the officiating Magistrate of Cawnpore on the provision of carriage, and in reply am directed to state, that the Governor General entirely coincides in the opinion expressed by his Honour the Lieutenant Governor in regard to those suggestions and approves of the circulation of them

(Signed) C G MANSEL,
Jun Sec to Govt of India, with the Gov General

Allahabad, the 23d June, 1842

No 1065

To T H MADDOCK, ESQ

Secy to Govt of India, Judicial Department, with the Governor General

I am directed by the Honourable the Lieutenant Governor to request that you will submit for the consideration of the Right Honourable the Governor General, the annexed extract paragraph 27 of a letter No 31, dated the 16th February, 1842, from Mr J A Craigie, the acting Magistrate of Cawnpore, to the address of the Commissioner, Allahabad Division which contains some very judicious remarks on the provision of carriage, such as are calculated to prove of extensive relief to the country His Honour deems the suggestions therein embraced worthy of adoption, and deserving of the widest circulation in the Districts and Divisions of the Lower Provinces

(Signed) R N C HAMILTON,
Secy to Govt N W P

Agra, the 7th June, 1842

Extract of a report from Mr J A Craigie officiating Magistrate of Zillah Cawnpore, No 31, dated the 16th February, 1842, to the address of R Lowther, Esq Commissioner of the Allahabad Division

Carriage—27 But I fear that I may be tedious and will offer one point more only for your perusal The crying evil of the inadequacy of means for providing Carriage to any extent, without (not to say permitting, but certainly) winking at the harsh measures resorted to by Thannadars, viz seizing tripple the number required, extorting handsome douceurs from the more respectable not to press their carts, and to a smaller amount from the less wealthy, to release theirs after impressment, &c &c

[*Government Gazette, 16th August, 1842*]

নর সাহেব শ্রীযুত ক্রেগি সাহেবের পরামর্শানুসারে কার্য্য করণের বিষয়ে বিবেচনা করিবেন।

সি জি মানসেল।
শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের সমভিব্যাহারি
ভারতবর্ষের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটারী।

আলাহাবাদ ১৮৪২। ২৩ জুন।

১৮৪২ সাল ২৪ নম্বর।

উত্তর পশ্চিম দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের সেক্রেটারী শ্রীযুত আর এন সি হামিল্টন সাহেবের প্রতি শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের সমভিব্যাহারি ভারতবর্ষের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটারী সাহেবের আলাহাবাদে লিখিত ১৮৪২ সালের ২৩ জুন তারিখের পত্র।

বর্ত্তমান মাসের ৭ তারিখের ১০৬৫ নম্বরী তোমার পত্র পাইলাম তাহাতে গাড়ি বলদ ইত্যাদি যোগাইবার বিষয়ে কানপুরের শ্রীযুত একটিং মাজিস্ট্রেট সাহেব কএক পরামর্শ দিয়াছেন। এইক্ষণে আজ্ঞাক্রমে তোমাকে জানাইতেছি যে ঐ পরামর্শের বিষয়ে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব যে মত জানাইয়াছেন তাহাতে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর সম্মত আছেন এবং ঐ পরামর্শ অন্যান্য কার্য্যকারকদিগকে জানাইতেও সম্মত আছেন।

সি জি মানসেল।
শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের সমভিব্যাহারি
ভারতবর্ষের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটারী।

আলাহাবাদ ১৮৪২। ২৩ জুন।

১০৬৫ নম্বর।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের সমভিব্যাহারি জুডিসিয়ল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী শ্রীযুত টি এচ মাডক সাহেব বরাবরেষু।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের হুকুমক্রমে আদেশ করিতেছি যে তুমি কানপুরের সাবেক একটিং মাজিস্ট্রেট শ্রীযুত জে এ ক্রেগি সাহেব ১৮৪২ সালের ১৬ ফেব্রুআরি তারিখের ৩১ নম্বরী যে পত্র জিলা আলাহাবাদের এলাকার শ্রীযুত কমিসনর সাহেবের নিকটে পাঠাইয়াছিলেন তাহার নীচের লিখিত চুম্বক অর্থাৎ ২৭ ধারা শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের বিবেচনার্থে অর্পণ করিবা। ঐ পত্রে গাড়ি বলদ ইত্যাদি যোগাওনের বিষয়ে অতিবিবেচনাসিদ্ধ কএক পরামর্শ লিখিত হইয়াছে তাহাতে দেশের অনেক উপকার হইতে পারে। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব বোধ করেন যে তাহার মধ্যে যে সকল পরামর্শ লিখিত হইয়াছে তদনুসারে কার্য্যকরা উচিত এবং ঐ পরামর্শ বাঙ্গলাপ্রভৃতি দেশের নানা জিলা ও এলাকায় জানান উপযুক্ত।

আর এন সি হামিল্টন।
উত্তর পশ্চিম দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

আগরা ১৮৪২। ৭ জুন।

আলাহাবাদের এলাকার কমিসনর শ্রীযুত আর লোথর সাহেবের প্রতি জিলা কানপুরের একটিং মাজিস্ট্রেট শ্রীযুত জে এ ক্রেগি সাহেবের ১৮৪২ সালের ১৬ ফেব্রুআরি তারিখের ৩১ নম্বরী রিপোর্টের চুম্বক।

গাড়ি। ২৭ ধারা। পত্র বাহুল্য ভয়ে অধিক লিখিলাম না কেবল এক বিষয় তোমার বিবেচনার্থ লিখিতেছি। থানাদারেরদিগকে সৈন্যের নিমিত্ত গাড়ি যোগাইয়া দেওনের হুকুম হইলে তাহারা যত গাড়ির আবশ্যক তাহার তিনগুণ ধরে এবং ধনাঢ্য ব্যক্তিরদের গাড়ি আটক না করণের নিমিত্ত তাঁহারদের স্থানে অনেক টাকা লয় এবং বাহারদের অল্প ধন তাহারদের গাড়ি আটক করণের পরে তাহা খালাস করিয়া দিতে কিঞ্চিৎ২ লয়। এইরূপ ব্যবহার সর্ব্বত্র প্রচার থাকাতে তাহার বেওরা লেখা অনাবশ্যক তাহাতে সর্ব্বদাই প্রজারদের পীড়া এবং সরকারেরও ক্ষতি হয় যেহেতুক গ্রামে২ অতিকদর্য্য যে সকল গাড়ি পাওয়া যায় তাহাই সরকারী কার্য্যের নিমিত্ত যোগাইয়া

modes of proceeding too well known to require any detail ending as they invariably do in the oppression of the people and the loss of Government who are eventually supplied with the very worst carriage in every village, has often attracted my notice, but in this District, where carriage to so great an extent is always in demand, no duty struck me as more imperative than the endeavour to ameliorate the system of supplying it. After a perusal of Regulations on this head, it seemed to me that there was no positive injunction for furnishing carts, through the Magistrate's office, and that officer need not indeed be applied to, unless the Collector failed. This was the chief difficulty to surmount, for unless I could throw the work into the Tehseeldar's hands I had little hope of succeeding with an underpaid body with one of whose chief sources of gain I was about to interfere. On the 27th of March, then I transferred this duty to the Collector's office and immediately called for returns of the Carts and Bullocks in each Tehseeldaree to be registered, and there are in the District

	1,153	4 Bullock Carts	
	927	3 Do	Do
	8 003	2 Do	Do
Total	10,083		
and	57,566	Plough Bullocks	
	19,906	Cart Bullocks	
Total	77,472		

Many of the Plough Bullocks can be used in carts. The Bullocks in villages where there are no carts, are not included in this statement. I pledged myself to the proprietors of the above never to call for more than ¼th of their carts or cattle at once, never to draw on the same village again till every other village in the district had furnished its quota. Not to permit under any circumstances the impressment of carts by the Police or Commissariat (this last point caused great opposition and correspondence, but I brought the matter to issue by fining 2 men styling themselves Commissariat Chowdries 5 Rupees, for as it had been customary for them to seize carts. I would not fine beyond a trifle to settle the question, adding that the next case would be seriously visited—the matter was referred to the Commissary General who sided with me), and to the Commissariat I promised to supply carriage when requisite, and have done so when called on. In return for these advantages I notified to the proprietors that no excuse for the non-provision of carriage would be listened to as it was very improbable that ¼th of the carriage in any village could not be supplied and when by any accident such might be the case, the Zemindars must hire or borrow, that the supply of bad carriage would not be allowed, and that any delay in furnishing it would be met by a severe fine under Section 2, Regulation VII 1825. At first as is always the case with Natives till they see that one is in earnest,

[গবর্ণমেন্ট গেজেট ১৮৪২। ১১ আগষ্ট।]

দেওয়া যায়। থানাদারেরদের এই কুব্যবহারের অনুমতি না দিলে কিম্বা তাহা দেখিয়াশুনিয়া চুপ করিয়া না থাকিলে গাড়ি পাইবার অন্য কোন উপায় নাই ইহা অত্যন্ত অনিষ্ট কর্ম্ম এবং তাহার বিষয়ে আমি বারম্বার বিবেচনা করিয়াছি। পরন্তু এই জিলাতে প্রায় সর্ব্বদাই গাড়ির প্রয়োজন হইয়া থাকে অতএব তাহা যোগাইবার কোন উত্তম উপায় নিরূপণ করিবার উদ্যোগকরা আমার অত্যাবশ্যক কর্ম্ম বোধ করিলাম। এই বিষয়ের নানা আইন পাঠ করিয়া আমার বোধ হইল যে মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা গাড়ি যোগাইবার কোন বিশেষ হুকুম নাই এবং কালেক্টর সাহেব তাহা যোগাইতে অক্ষম না হইলে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে সেই বিষয়ের দরখাস্ত করণের আবশ্যক নাই তাহাতে আমি দেখিলাম যে থানাদারেরা অতিঅল্পমাহিযানা পায় এবং বেগার ধরা তাহারদের লাভের এক প্রধান উপায় তাহাতে হস্তক্ষেপ করিলে তাহারদের দ্বারা কোন সুনিয়ম করা অসাধ্য তাহাতে বোধ হইল যে বলদইত্যাদি যোগাওনের ভার যদি তহসীলদারের প্রতি অর্পণ করিতে না পারি তবে দায়হইতে মুক্ত হইতে পারি না। অতএব ২৭ মার্চ তারিখে আমি ঐ কর্ম্মের ভার কালেক্টর সাহেবের সিরিশ্তায় অর্পণ করিয়া আজ্ঞা করিলাম যে প্রত্যেক তহসীলদারীতে যত গাড়ি ও বলদ আছে তাহার এক রেজিষ্টর অর্থাৎ করিয়া কৈফিয়ৎ আমার নিকটে পাঠান যায়। ঐ জিলাতে

	৪ গরুর	১,১৫৩	গাড়ি।
	৩ ঐ	৯২৭	ঐ।
	২ ঐ	৮০০৩	ঐ।
সর্ব্বসুদ্ধ		১০,০৮৩	গাড়ি।
		৫৭,৫৬৬	লাঙ্গলা গরু।
		১৯,৯০৬	গাড়ির গরু।
সর্ব্বসুদ্ধ		৭৭,৪৭২	বলদ।

অনেক লাঙ্গলা গরু গাড়িতেও যোড়া যাইতে পারে। যে২ গ্রামে কোন গাড়ি নাই সেই২ গ্রামের বলদ ঐ কৈফিয়তে লেখা যায় নাই। ঐ সকল গাড়ি ও বলদের মালিকেরদের নিকটে আমি এইমত অঙ্গীকার করিলাম যে একি কালে তোমারদের গাড়ি কি বলদের চতুর্থাংশের অধিকের দাওয়া করিব না এবং এক গ্রামহইতে বলদইত্যাদি লওনের পরে এই জিলার অন্য প্রত্যেক গ্রামহইতে গাড়ি ও বলদ না লওনপর্য্যন্ত আমি ঐ প্রথম গ্রামহইতে আর দাওয়া করিব না এবং কোন গতিকে পোলীসের কি কমিসেরিয়েটের আমলাকে কোন গাড়ি বেগার ধরিতে দিব না। ইহাতে কমিসেরিয়েটেরদের সঙ্গে অনেক বিবাদ এবং লিখনপঠন হইল কিন্তু পরিশেষে যাহারা আপনারদিগকে কমিসেরিয়াট চৌধুরী বলিল এমত দুই ব্যক্তির পাঁচ২ টাকা জরীমানা করিয়া কর্ম্ম সাঙ্গ করিলাম বলদ গাড়ি আটক করিয়া রাখণের ঐ ব্যক্তিরদের ব্যবহার ছিল অতএব তাহারা ঐ কর্ম্ম আর না করে এনিমিত্তে আমি তাহারদের অল্প জরীমানা করিয়া কহিলাম যে পুনর্ব্বার এমত হইলে তোমারদের ভারি দণ্ড হইবেক পরে ঐ বিষয় শ্রীযুত কমিসারি জেনরল সাহেবের প্রতি অর্পণ হইল এবং তিনিও আমার পক্ষে নিষ্পত্তি করিলেন। আরো আমি কমিসারিয়েটের নিকটে অঙ্গীকার করিলাম যে আবশ্যকমতে তোমারদিগকে গাড়ি যোগাইয়া দিতে ত্রুটি করিব না এবং গাড়ির তলব যখন হইয়াছে তখনি আমি তাহা করিয়াছি। এই সকল বিষয়েতে ঐ গাড়ি বলদের মালিকেরদের যেমন উপকার করিলাম তেমনি আমি তাহারদিগকে কহিলাম যে গাড়ি বলদ জুটিয়া না দেওনের কোন ওজর শুনা যাইবেক না যেহেতুক কোন গ্রামের লোকেরা গাড়ি বলদের চতুর্থাংশ যোগাইয়া দিতে না পারে ইহা অসম্ভব এবং আমি কহিলাম যে যদিও দৈবাৎ এইমত হয় তথাপি জমীদারদিগকে ভাড়া করিয়া কি ধার করিয়া লইয়া যোগাইতে হইবেক এবং কদর্য্য গাড়ি

there were deficiencies, but a fine followed so soon, that I have established the change completely and all to whom I have spoken seem to approve of it. The merchant and traveller are not subjected to the inconvenience and loss they formerly encountered (for the district bears its own burdens) while the residents of the Zillah also are not deterred from bringing their marketable goods to the city in times of movement of Troops. I append to this report one of the printed Perwannahs for carriage which are filled up in a few seconds—in it you may remark the Zemindar is addressed personally and not through the Tehseeldar (though the order goes through that officer of course) the object of this is to save time and to ensure regularity of demand according to the Register which is kept with scrupulous care, and the Zemindar can only challenge the Register and is in no way in the power even of the Tehseeldar On the obverse of the Perwannah, when he returns it, he must enter the names of the Assamees whose carts he supplies, so that they also, when the village be again called on in rotation may complain against the Zemindar if he take them out of their turn The witnesses who sign the return would be sufficient evidence on which to fine the Zemindar, when I get warning long before the carriage be required, I send to the distant Pergunnahs, reserving the carriage of those neighbouring to the office for emergencies This reform could not have been more fortunately timed than in last season when the tide of demand never ebbed in consequence of the constant move of Troops, and in no one instance was a single cart rejected that I supplied On the march of the 6th Native Infantry, whose orders were urgent, I was enabled to give the Commanding Officer, Lieutenant Colonel Eckford, 75 carts, and 224 Bullocks at 48 hours warning, and he stated to me that he never marched with such good carriage I could have doubled perhaps trebled, the quantity if requisite within the same time. The demand in this district is very heavy, but the supply fully equal to it, if either the system I have had the honour of explaining to you, or some other methodical one, which some of my successors may strike out, be adopted; and as there are 10,083 carts in the district, and the drain on them 1126 per annum, each cart will be required by Government, but once in nine years!! (the inconsiderable fraction less need not be noticed,) and to determine this, I have taken last year as my standard, which is much above average so that the tax will be even lighter When proprietors send in

[*Government Gazette*, 16*th August*, 1842]

বলদ দিতে পারিবেক না এবং ঐ গাড়ি বলদ যোগাইতে কিছু বিলম্ব হইলে ১৮২৫ সালের ৬ আইনের ২ ধারানুসারে অতিতারি জরীমানা করা যাইবেক। কোন ব্যক্তি কোন কর্ম্ম সিদ্ধ করিতে প্রতিজ্ঞা করিয়াছে এদেশীয় লোকেরা যেপর্য্যন্ত ইহা না দেখে সেইপর্য্যন্ত উপযুক্তযত্নে কর্ম্ম করে না অতএব এই গতিকেও এরূপ হইল এবং প্রথমে অনেক ত্রুটি হইতে লাগিল কিন্তু তৎক্ষণাৎ ত্রুটিকারিরদের জরীমানাকরাতে আমি ঐ কার্য্য সম্পূর্ণরূপে সিদ্ধ করিয়াছি এবং যাহারদের নিকটে এই কার্য্যের বিষয় উল্লেখ করিয়াছি তাহারা সকলেই তাহাতে সম্মত আছে। সওদাগরেরদের এবং যাত্রিরদের পূর্ব্বে যে ক্লেশ ও ক্ষতি হইত তাহাহইতে এক্ষণে তাহারা মুক্ত হইয়াছে এবং সৈন্যেরদের যাত্রাকরণের সময়েও যাহারা জিলার মধ্যে বাস করে তাহারদের বেচিবার জিনিস শহরে আনিতে আর ভয় নাই। এই রিপোর্টের শেষে গাড়ি বলদইত্যাদি যোগাইবার এক ছাপাহওয়া পরওয়ানা পাঠাইয়াছি ঐ পরওয়ানার মধ্যে আবশ্যক কথা ক্ষণেক কালে লেখা যাইতে পারে এবং তাহাতে তুমি দেখিবা যে ঐ পরওয়ানা যদ্যপি তহসীলদারের দ্বারা জারী হয় তথাপি তাহা তহসীলদারের নামে না হইয়া জমীদারের নামে হইয়াছে। ইহার অভিপ্রায় এই যে তাহাতে সময় বাঁচে এবং গাড়ি বলদের দাওয়া রেজিষ্টরঅনুসারে ঠিকরূপে করা যায় ঐ রেজিষ্টর অতিসাবধানপূর্ব্বক রাখা যাইতেছে এবং জমীদার কেবল ঐ রেজিষ্টরের দোষ ধরিতে পারেন্ আরো এই নিয়মেতে জমীদারের উপর তহসীলদারের কোন পরাক্রম নাই। জমীদার যখন ঐ পরওয়ানা ফিরিয়া পাঠান্ তখন যে আসামীরদের গাড়ি লইয়াছিলেন তাহারদের নাম পরওয়ানার পিঠে লিখিতে হয় তাহাতে যখন ঐ গ্রামের পালি হইয়াছে বলিয়া গাড়ি যোগাওনের দাওয়া হয় তখন যদি জমীদার পালি ব্যতিক্রম করিয়া দাওয়া করেন্ তবে ঐ আসামীরা জমীদারের নামে নালিশ করিতে পারে। যে সাক্ষিরা ঐ পরওয়ানার পিঠে দস্তখৎ করে তাহারদের সাক্ষ্যের দ্বারা ঐ জমীদারের জরীমানা করা যাইতে পারে। যে সময়ে গাড়ি বলদের আবশ্যক হয় তাহার অনেক দিন পূর্ব্বে যদি আমাকে সম্বাদ দেওয়া যায় তবে আমি অতিদূরের পরগনাহইতে তাহা আনাইয়া থাকি এবং হঠাৎ আবশ্যক হইলে নিকটে যে সকল গ্রাম আছে ঐ সকল গ্রামহইতে গাড়ি বলদ তলব করি। সৌভাগ্যক্রমে আমি এই নিয়ম গত শীত কালে করিয়াছিলাম যেহেতুক তৎসময়ে সৈন্যের দের অনবরত যাত্রা হওয়াতে গাড়ি বলদের সর্ব্বদাই তলব হইল এবং আমি যে সকল গাড়ি যোগাইয়াছিলাম তাহার একখানও মন্দ বলিয়া ফিরিয়া দেওয়া যায় নাই। এদেশীয় পদাতিক সৈন্যের ৬ সংখ্যক পল্টনের যাত্রার সময়ে তাহারদের গাড়ি যোগাওনের হঠাৎ জরুরী হুকুম হইল ঐ সৈন্যের যাত্রাকরণের ৪৮ ঘন্টার পূর্ব্বে আমাকে সম্বাদ দেওয়া গেল এবং আমি ঐ পল্টনের সৈন্যাধ্যক্ষ শ্রীযুত লেফ্টেনেন্ট কর্ণেল এক্‌ফোর্ড সাহেবকে ৭৫ খানা গাড়ি এবং ২২৪ বলদ যোগাইয়া দিলাম এবং ঐ সাহেব আমাকে লিখিলেন যে ইহার পূর্ব্বে এমত উত্তম গাড়ি বলদ লইয়া কখন যাত্রা করি নাই। ঐ সময়ে আমি যত গাড়ি বলদ যোগাইয়া দিয়াছিলাম যদি আবশ্যক হইত তবে তাহার তিনগুণ ঐ কালের মধ্যে যোগাইয়া দিতে পারিতাম। এই জিলাতে গাড়ি বলদ যোগাওনের তলব সর্ব্বদাই হইতেছে কিন্তু আমি যে নিয়ম এক্ষণে ব্যক্ত করিয়াছি তদনুসারে কিম্বা আমার পরে যাঁহারা এই কর্ম্মে নিযুক্ত হইবেন তাঁহারদের কেহ যদি অন্য কোন উত্তম নিয়ম করিতে পারেন্ তবে তাহার অনুসারে কর্ম্ম করিলে যত গাড়ির তলব হয় তত গাড়ি দেওয়া যাইতে পারিবেক যেহেতুক এক্ষণে এই জিলাতে ১০,০৮৩ গাড়ি আছে এবং প্রতিবৎসরে তাহার ১,১২৬ গাড়ির দাওয়া হয় অতএব প্রত্যেক গাড়ি নয় বৎসরের মধ্যে গবর্ণমেণ্ট একবারমাত্র লইবেন এবং ইহা স্থির করণের নিমিত্ত আমি গত বৎসরে যত গাড়ির দাওয়া

Urzees stating that they have sold their carts, (and not unfrequently they give a false statement that they may not be called on for carriage,) I send the Urzee to the Tehseeldar to be checked and the carts to be entered in the village to an inhabitant of which it may have been sold; who send an acknowledgment of having purchased it, and were the same system in vogue in adjoining districts, a notification would of course be sent to the Collector and the Register be kept correctly Added to this, the Register should be revised every second or third year

Having transferred this duty to the Collector's office, it ought perhaps to have been reported from thence, but I have introduced the subject here as it is always treated and acted on as a Magisterial function, though I think erroneously

True Extract

(Signed) R. N C HAMILTON,

Sec to Govt N W P

হইয়াছিল তাহা ধরিয়া গণনা করিয়াছি তাহাতে অন্য বৎসরঅপেক্ষা অধিক গাড়ির তলব হইল গড়ে প্রতিবৎসর তত হইবেক না। যখন কোন মালিক আপনার গাড়ি বিক্রী করিয়াছে বলিয়া এক আরজী লেখে তখন আমি ঐ আরজী তহকীককরণের নিমিত্ত তহসীলদারের নিকটে পাঠাই যেহেতুক কখন২ ঐ গাড়ির মালিকেরা আপনার দের গাড়ির দাওয়া না হয় এই অভিপ্রায়ে মিথ্যা আরজী লেখে ও ঐ বিক্রয়হওয়া গাড়ি যে গ্রামনিবাসির নিকটে বিক্রয় হইয়াছে সেই গ্রামের মধ্যে তাহা রেজিষ্টরী করিবার হুকুম দিই ও যে ব্যক্তি তাহা খরীদ করিয়াছে সেই ব্যক্তি তাহা খরীদকরণের এক নিদর্শনপত্র পাঠায়। এই নিয়ম যদি চতুর্দিগের জিলাতে চলন হইত তবে গাড়ি বিক্রয় হওনের এক নিদর্শনপত্র সর্ব্বদাই কালেক্টর সাহেবের নিকটে পাঠান যাইত এবং রেজিষ্টরও ঠিকরূপে রাখা যাইত। আরো দুই তিন বৎসর পরে ঐ রেজিষ্টরের পুনর্ব্বার তহকীককরা উচিত।

এই কর্ম্ম কালেক্টর সাহেবের সিরিশ্তায় অর্পণ করিলাম অতএব হইতে পারে যে ঐ সিরিশ্তাহইতে তাহার রিপোর্টকরা উচিত ছিল কিন্তু ঐ কার্য্য সর্ব্বদাই মাজিষ্ট্রেটের সম্পর্কীয় কার্য্য বোধ হইয়া মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা নির্ব্বাহ হইতেছে এই নিমিত্তে আমি এই বিষয়ের রিপোর্ট করিয়াছি কিন্তু বোধ করি যে এই কার্য্য মাজিষ্ট্রেটের সম্পর্কীয় নহে।

প্রকৃত নকল।

আর এন সি হামিল্টন।

উত্তর পশ্চিম দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

NOTIFICATION

APPOINTMENT BY THE SUDDER DEWANNY ADAWLUT

THE 5TH AUGUST, 1842

Syed Noor ool Hossein, who has obtained a Diploma, to be Moonsiff of Putneetullah, Zillah Dinagepore

J HAWKINS, *Register*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের নিযোগ।

১৮৪২ সাল ৫ আগষ্ট।

শ্রীযুত সায়দ নুরউল হুসেন যোগ্যতার পত্র প্রাপ্ত হওয়াতে জিলা দিনাজপুরের পাটনিটোলার মুনসেফ হইবেন।

জে হকিন্স। রেজিষ্টর।

CIVIL APPOINTMENTS

No. 1026

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL

JUDICIAL AND REVENUE DEPARTMENT APPOINTMENTS

The 1st August, 1842

Moulvie Abdoollah to be Sudder Ameen of Jessore, from the 13th of June last, vice Moulvie Mahomed Kulleem

Moulvie Abdool Wahid to be Mahomedan Law Officer of the Civil and Session Judge's Court of Dacca

LEAVES OF ABSENCE

The 5th August, 1842

Mr J Shaw, a Temporary Judge of the Courts of Sudder Dewanny and Nizamut Adawlut, for five weeks, to proceed to Sea on the "Amherst," for the benefit of his health

The 8th August, 1842

Mr W Bell, Magistrate of Dinagepore, from the 30th June to the 27th of July 1842, in extension, under Medical Certificate

F J HALLIDAY,

Secy to the Govt of Bengal

[গেবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ১৬ আগষ্ট।]

রাজকর্ম্মে নিয়োগ।

১০২৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেণ্ট। নিয়োগ।

১৮৪২ সাল ১ আগষ্ট।

শ্রীযুত মৌলবী মহম্মদ কলিমের পরিবর্ত্তে শ্রীযুত মৌলবী আবদুল্লা গত জুন মাসের ১৩ তারিখঅবধি যশোহরের সদর আমীন হইবেন।

শ্রীযুত মৌলবী আবদুল ওয়াহিদ ঢাকার সিবিল ও সেশন জজ সাহেবের আদালতের ব্যবস্থাদায়ক মৌলবী হইবেন।

ছুটী।

১৮৪২ সাল ৫ আগষ্ট।

সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের এক জন কায়েম মোকাম জজ শ্রীযুত জে শা সাহেব স্বীয় স্বাস্থ্যার্থে "আমহর্ষ্ট" নামক জাহাজের দ্বারা সমুদ্রে গমনার্থ পাঁচ সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৪২ সাল ৮ আগষ্ট।

দিনাজপুরের মাজিষ্ট্রেট শ্রীযুত বেল সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে ১৮৪২ সালের ৩০ জুনঅবধি ২৭ জুলাইপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

No 378
FORT WILLIAM
GENERAL DEPARTMENT
The 10th August, 1842

Mr H Fraser, of the Civil Service, reported his arrival at Bombay, on return from England, on the 8th ultimo

Surgeon N Wallich, M D, Superintendent of the Honourable Company's Botanic Garden, embarked for the Cape of Good Hope on board the Ship "Mount Stuart Elphinstone" which vessel was left by the Pilot at Sea on the 4th instant

H V BAYLEY,
Depy Secy to the Govt of Bengal.

৩৭৮ নম্বর।
ফোর্ট উলিয়ম।
জেনরল ডিপার্টমেন্ট।
১৮৪২ সাল ১০ আগষ্ট।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত এচ ফ্রেজর সাহেব ইঙ্গলণ্ড হইতে পুনরাগমন করিয়া গত মাসের ৮ তারিখে বোম্বাইতে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন।

কোম্পানির বাগানের সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত ডাক্তর এন উয়ালিক সাহেব "মৌণ্ট ষ্টুয়ার্ট এলফিনষ্টন" নামক জাহাজের দ্বারা কেপে গমন করিয়াছেন এবং ঐ জাহাজ বর্ত্তমান মাসের ৪ তারিখে আড়কাটি সমুদ্রে ছাড়ে।

এচ বি বেলি।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ডেপুটী সেক্রেটারী।

No 582
FORT WILLIAM,
FINANCIAL DEPARTMENT,
The 3d August, 1842
PROCLAMATION

With reference to the Proclamation, dated the 11th November 1840, published in the Supplement to the *Calcutta Gazette* of the 14th November 1840, requiring the Silver Coin to be milled on the edge with a serrated or upwright milling, the Honourable the President in Council is pleased to notify that the Silver Two Anna Pieces to be issued from the Government Mints of Calcutta, Fort St George and Bombay, will be struck with a plain milling

Published by order of the Honourable the President in Council,

G A BUSHBY,
Secy to the Govt of India

৫৮২ নম্বর।
ফোর্ট উলিয়ম।
ফিনান্সিয়ল ডিপার্টমেন্ট।
১৮৪২ সাল ৩ আগষ্ট।
বিজ্ঞাপন।

১৮৪০ সালের ১১ নবেম্বর তারিখের যে বিজ্ঞাপন ১৮৪০ সালের ১৭ নবেম্বর তারিখের বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটে প্রকাশ হয় তাহাতে লেখে যে রৌপ্য মুদ্রার ধারে দাঁড়িব মত সবল রেখার শ্রেণী থাকিবেক। তদ্বিষয়ে শ্রীযুত প্রসীডেন্ট সাহেব হজুর কৌন্সেলে এই বিজ্ঞাপন করিতেছেন যে কলিকাতার এবং ফোর্ট সেণ্ট জর্জ অর্থাৎ মান্দ্রাজ এবং বোম্বাইর গবর্ণমেন্টের টাকশালে যে সকল দুআনি রূপার মুদ্রা প্রস্তুত হইবেক তাহার ধারে উক্ত প্রকার রেখার শ্রেণী থাকিবেক না।

শ্রীযুত প্রসীডেন্ট সাহেবের হজুর কৌন্সেলের আজ্ঞাক্রমে প্রকাশিত।

জি এ বুসবি।
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS
গবর্ণমেন্টের ইশ্‌তিহার।

SALT
নিমক।

এস্তেহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত পাঙ্গা নেমক পশ্চাদুক্ত নিরিখ দরে বিক্রয়ার্থে প্রস্তুত আছে খরিদাবানের উচিত যে ঐ নেমকের রকম চট্টগ্রামের সরকারি গোলায় নমুনা দৃষ্টে খাতিরজমামত বুঝিয়া খরিদ করেন আর যে ব্যক্তি মোকাম মজকুরে প্রথমে রওয়ানা দাখিল করিবেক সেই ব্যক্তি পহিলা ওজন পাইবার যোগ্য হইবেক।

নেমকের রেওরা।

এজেন্সী অর্থাৎ জেলার নাম	ঘাটের নাম	কোন সনের পোক্তান	মওয়াজি নেমক	নিরিখ দর ফি ১০০৲ মোন
চট্টগ্রাম	সদর ঘাট	১২৪৮ সাল	১০০০০০৲ মোন	কোং টাকা ৪১৭৲

বোর্ড পরমিট নিমক ও আফিম তাং ১০ আগষ্ট সন ১৮৪২ সাল। এচ টরেন্স। সেক্রেটারী।

এস্তেহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত করকচ নেমক পশ্চাদুক্ত নিরিখ দরে বিক্রয়ার্থে প্রস্তুত আছে খরিদাবানের উচিত যে ঐ নেমকের রকম মোং শালিখার সরকারি গোলায় নমুনা দৃষ্টে খাতিরজমামত বুঝিয়া খরিদ করেন আর যে ব্যক্তি মোকাম মজকুরে প্রথমে রওয়ানা দাখিল করিবেক সেই ব্যক্তি পহিলা ওজন পাইবার যোগ্য হইবেক।

নেমকের রেওরা।

এজেন্সী অর্থাৎ জিলার নাম	ঘাটের নাম	কোন সনের পোক্তান	মওয়াজি নেমক	নিরিখদর ফি ১০০৲ মোন
মান্দরাজ পরমিট নেমক ৩ তেসরা রকম	শালিখা	১৮৪১। ৪২ সাল	মোন	কোং টাকা ৩৯০৲

বোর্ড পরমিট নিমক ও আফিম তাং ১০ আগষ্ট সন ১৮৪২ সাল। এচ টরেন্স সেক্রেটারী।

[*Government Gazette, 16th August*, 1842]

বাকীজাত মমক সন ১৮৪২ সাল তাবিখ ৩০ জুন।

জেলা হিজলী।

দক্ষিণ কালীনগর	১২৪৬ সাল	৮৪১৯৭॥৫
ঐ ঐ	১২৪৭	৫৯৯৬৯৪॥০
ঐ ঐ	১২৪৮	৪২৬৪৩৮॥০
উত্তর কালীনগর	১২৪৬	৯২৫/০
ঐ ঐ	১২৪৭	২৯৮৭৯৪/০
কৃষ্ণনগর	১২৪৭	১৯৫৫০২।৫॥
রামনগর	১২৪৮	৫০৪৮১/০
তেরোপাইকা	”	২৪৫৮২৬/০

জেলা তমলুক।

নারায়ণপুর	১২৪৭	২৪৭৯৪৮॥৬॥
ঐ	১২৪৮	৪৯৬৬৩৯/০
ক্রোকি নেমক	”	১০০।৬।৶

জেলা ২৪ পবগনা।

নাবায়ণপুব বাহিরবুনি	১২৪৭	১১৫০/০
ঐ তাফাল	”	২১৮১।৮।৶
শ্রীযুত প্রিন্সেপ সাহেবের নাবায়ণপুর ফাষ্ট কোয়ালিটি	১২৪৮	১৪২৫/০
ঐ ঐ সিকাণ্ড কোয়ালিটি	১২৪৪	১/৩॥
ঐ ঐ ঐ	১২৪৮	৩৭৮৭।০
বালিয়াঘাটা	”	১৮৫॥৪
দেঁওডা	১২৪৭	৩১।৪॥
ঐ	১২৪৮	৫২৬॥০
গোরদা	”	”
ডাইমন হারবোর	১২৪৭	২৪৬৫৭/৫
ঐ ঐ	১২৪৮	৪৯৫৪/০
বাগুণ্ডি	১২৪৭	৫০৭৬/০

জেলা চট্টগ্রাম।

নেজামপুব ডোমখালি	১২৪৭	৭৬১৮॥০
ঐ ঐ	১২৪৮	১৪৩০৩১/০
সদর ঘাট	১২৪৮	৪৩৬৪১৬॥৩
আবাকেন পাঙ্গা	১৮৪০।৪১	২৭৩৫৸০
ঐ ঐ	১৮৪১।৪২	৯০৮৫৯৸০
ক্রোঙ্কি পাঙ্গা	১৮৪২	৫১॥৪।৶

শালিখা।

মাদবাজ পবমিট নেমক	১৮৪১।৪২	৩১১৪৭৭।৪
ঐ ঐ	১৮৪২।৪৩	৪৭০০৪/
মকক্কা নেমক	১৮৩৯।৪০	১৮/৮
ঐ	১৮৪০।৪১	২৩/৫
সৈন্ধব লবণ	”	
ঐ প্রডাইন ফিবিয়ব	”	৭৮॥৭॥/
ক্রোকি কবকচ	১৮৪১।৪২	৮॥০
ঐ	১৮৪২।৪৩	৩৭॥৮
কটক পাঙ্গা	১২৪৬	৯৯৩৯॥৭
ঐ	১২৪৭	৩২৫৩৫৸০
ঐ	১২৪৮	৮৬৩৫১।০
খোবদা পাঙ্গা	১২৪৫	১৯/০
ঐ	১২৪৬	৯১০৪৭॥৫
ঐ	১২৪৭	১৪২২৪৬।০
বালেশ্বর পাঙ্গা	১২৪৬	৫৩৮৸৫
ঐ ঐ	১২৪৭	৩৫৪০০৭॥৫
ঐ ঐ	১২৪৮	১২১০৮৭৸১
বালিয়াঘাটা	১২৪৭	১৮।০
ক্রোক পাঙ্গা	১৮৪১।৪২	১৪৸৩
”	১৮৪২।৪৩	১৪।৭।

বিমৌজিব হুকুম সাহেবান অসীসান বোর্ড পবমিট নেমক ও আফিম ইতি সন ১৮৪২ সাল তারিখ ৩০ জুলাই।

এচ টবেন্স সেক্রেটাবী।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ১৬ আগষ্ট।]

SALES OF LAND — জমীদারী নীলাম।

এস্তাহারনামা কাছারী ডেপুটী কালেক্টরি জেলা মেদিনীপুর বৈঠক শ্রীযুত রাবর্ট ফেনি সাহেব ডেপুটী কালেক্টর লাখরাজদারান। পরগনে দোবদুরনান।

যেহেতুক সংপ্রতি পরগনে দুরদুরনানের মাল ও লাখেরাজ হররকম জমিনের বন্দোবস্ত হইতেছে ও প্রকাশ যে বহু লাখেরাজদারান গরহাজির থাকাতে ১৭৯০ সালের পূর্ব্বাবধি নিষ্কর ভোগ দখলের প্রমাণ না পঁহুছিবায় সন ১৭৯৩ সালের ১৯ আইনের ১০ ধারার মর্ম্মমতে ঐ সকল ব্যক্তির লাখরাজ মাল ভুক্ত করা উচিত হইয়া এবিষয়ের পূর্ব্বাক্তে লাখরাজদারানকে জ্ঞাত কারণ কর্ত্তব্য ও ব্যক্ত যে লাখরাজদারানের নিবাস জেলা ২৪ পরগনা ও মুরশিদাবাদ ও ঢাকা ও নদীয়া ও বর্দ্ধমান ও হুগলী ও শহর কলিকাতা ও ফরাসডাঙ্গা ও বাঁকুড়া ও কটক ও বালেশ্বর ও পুরী ওগয়রহ শামিল অতএব এই এস্তাহারের দ্বারা বাক্ত করা যায় যে যদ্যপি লাখরাজদার লোক হাজির হইয়া ইঙ্গরেজী সন ১৭৯০ সালের পূর্ব্বাবধি নিষ্করের ভোগদখলের সাবুদ দিয়া বন্দবস্ত গ্রহণ না করে তবে তাহারদিগের লাখরাজ পুরা জমাতে মালে দাখিল দেওয়া যাইবেক পশ্চাৎ কোন ওজর শুনা যাইবেক না এবং উহার লাখরাজের দাবি করিলে শুনিবার যোগ্য হইবেক না ইতি।

Midnapore Collectorate — R Finney, *Depy Collector*

SHERIFF'S SALES — সরিফের নীলাম।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেমস ব্লাক সাহেবের বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াস নামক যে পরওয়ানা কলিকাতার সরিফ সাহেবের হাতে আছে তাহার ক্ষমতাতে তিনি বর্ত্তমান আগস্ট মাসের ১৮ তারিখ বৃহস্পতিবারে বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারাণ্ডায় সরিফের দফ্তরখানায় প্রবেশ দ্বারের নিকটে নীচের লিখিত বিষয় নীলাম করিবেন।

বিশেষতঃ ঘরের সরঞ্জাম অর্থাৎ খাট দেওয়ালগিরি কেদারা সিন্দুকইত্যাদি উক্ত জেমস ব্লাক সাহেবের সম্পত্তি নীলাম হইবেক।

সরিফ সাহেবের দফ্তরখানায় অন্বেষণ করিলে নীলামের নিয়ম জানা যাইতে পারিবেক।

সাবেক সরিফের নীলাম।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে হেনরি কাইট সাহেবের বিরুদ্ধে বেন্দিসিয়োনি এক্সপোনাস নামক যে এক পরওয়ানা কলিকাতার সাবেক সরিফ শ্রীযুত তামস ব্রাকেন সাহেবের হাতে আছে তাহার ক্ষমতাতে তিনি বর্ত্তমান আগস্ট মাসের ১৮ তারিখ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময়ে সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারাণ্ডায় সরিফের দফ্তরখানায় প্রবেশ দ্বারের নিকট নীচের লিখিত বিষয় নীলাম করিবেন।

বিশেষতঃ জিলা চব্বিশ পরগনার ইটালির শামিল ও তন্মধ্যস্থিত যে এক একতালা ইষ্টক নির্ম্মিত বসত বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ ১/২ এক বিঘা দুই কাটা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত হেনরি কাইট সাহেবের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে কোল সাহেবের বাটী ও ভূমি পশ্চিম দিগে সরকারী রাস্তা দক্ষিণ দিগে বিবি এলিয়সের বাটী ও ভূমি পূর্ব্ব দিগে লালা বাবুর এক খণ্ড ভূমি।

এবং কলিকাতা নগরে মলঙ্গার ব্যাপারিটোলার শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টক নির্ম্মিত বসত বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড বন্দ ভূমি কমবেশ ।০ পাঁচ কাটা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত হেনরি কাইট সাহেবের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নিলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে উক্ত হেনরি কাইট সাহেবের অপর এক বাটী উত্তর দিগে গলি পশ্চিম দিগে বাদামিয়া পুকুরেতে যাইবার রাস্তা দক্ষিণ দিগে সেফর্ড সাহেবের এক খণ্ড ও বন্দ ভূমি এবং কাপ্তান মিলেট সাহেবের বাটী ও ভূমি।

এবং উক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত উক্ত বাটীর লাগাও যে এক একতালা ইষ্টক নির্ম্মিত বসত বাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি কমবেশ ।৪ ময় কাটা তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর উক্ত হেনরি কাইট সাহেবের যে স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নীলাম হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে সরকারী রাস্তা পূর্ব্ব দিগে ইঙ্গলিস সাহেবের বাটী ও ভূমি দক্ষিণ দিগে সেফর্ড সাহেবের ভূমি এবং কাপ্তান মিলেট সাহেবের বাটী ও ভূমি পশ্চিম দিগে উক্ত বাটী।

সরিফের দফ্তরে অন্বেষণ করিলে এই নীলামের নিয়ম জানা যাইতে পারিবেক।

MISCELLANEOUS ADVERTISEMENTS — সাধারণ ব্যক্তিবদের ইশতিহার।

কলিকাতা শহরের বড়বাজারের কালাকর রাস্তা নিবাসি বণিক মৃত উদান্ত দ বসাকের দানপত্রের প্রবেট বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়মের সুপ্রিম কোর্ট এক্লিসিয়াষ্টিকল ডিপার্টমেণ্টে অর্থাৎ উক্ত কলিকাতার যোড়াসাকো নিবাসি ভূম্যধিকারী এবং কলিকাতার ইউনিয়ন ব্যাঙ্কের খাজাঞ্চী শ্রীরমানাথ ঠাকুরকে এবং উক্ত কলিকাতা নগরের পাঁচু ধোপানির রাস্তা নিবাসি ভূম্যধিকারী এবং উক্ত কলিকাতা নগরের সওদাগর ও এজেন্ট শ্রীযুত কার ঠাকুর কোম্পানির কুঠীতে নিযুক্ত আসিষ্টাণ্ট শ্রীমদনমোহন চাটুয্যেকে অর্থাৎ উক্ত দানপত্রে নামাঙ্কিত টর্ষ্টির দিগকে দেওয়া গিয়াছে অতএব উক্ত মৃত ব্যক্তির সম্পত্তির উপর যাহারদের কোন দাওয়া থাকে তাহারা ঐ দাওয়া উক্ত টর্ষ্টিরদিগকে জানাইবেন এবং যাহারদের স্থানে উক্ত মৃত ব্যক্তির পাওনা থাকে তাহারা ঐ পাওনা অবিলম্বে উক্ত টর্ষ্টিরদিগকে দিবেন।

হেজর ও আলি। প্রক্টর।

TO PROPRIETARY ZEMINDAURS AND TALOOKDAURS, OR LANDHOLDERS, INDIGO PLANTERS, &c, IN THE PRESIDENTIAL DISTRICTS OF BENGAL, AGRA, &c

ALL casual defaulters in the payment of Government Revenues, might, henceforth if they choose, with the greatest facility imaginable, perpetually finally prevent their ancestral, or self acquired Zemindaurries and Talooks, or Landed Estates, Properties, &c. from being peremptorily and absolutely sold off by the Fiscal Authorities of Government, by Public Auction, to the highest bidders, for the veriest trifles and save themselves and their families, from being totally ruined for life—by merely seasonably applying by *paid-postage* letters, accompanied by a Fee of Company's Rupees one Hundred (100) to

MESSRS THOMAS WILTSHIRE AND CO,

UNITED SERVICE, INDIGO PLANTERS, AND GENERAL MOFUSSIL AGENTS,

No 91, Wellesley Street, Calcutta

Who, with the greatest promptitude and fidelity, always attend to Predial and Indigo monetary transactions, *only from undoubtedly respectable European, or Native Zemindaurs and Talookdaurs or Landholders, Indigo Planters, &c* for the negotiation of advantageous Loans, under proper Mortgage Bonds, Securities, &c, of their Estates, Rent Rolls, &c provided, they be duly Registered in Court, unentailed, and, (save the actual arrears of Government Revenue,) be perfectly unincumbered and free from pre mortgages, doubtful claimants, and possessors coparcenary disputes, law suits debts, &c. and the applications be invariably accompanied by unreserved and correct particulars of Title Deeds, Rent Rolls, &c, otherwise, applicants will meet with no kind of attention whatever

☞ Messrs Thomas Wiltshire and Co beg to be understood in the most distinct manner possible, that *none but principals shall be negotiated with*, and, for the security of their Landholder—constituents in general, they, instead of at once paying the full amount of mortgages, purpose, (with the most prudential motives and for manifestly obvious reasons) *in the first instance, strictly paying up only the whole of the arrears of Government Revenue* and then guaranteeing, to pay punctually the subsequent instalmental rents as they fall due, in the names of the several Zemindaurs, &c either by drafts from the Government General Treasury here, on the different Zillah Collectors, or, remitting the same to them; either in Bank of Bengal Notes and Hoondees, or, whichever mode might be considered most conducive to general convenience and security

Messrs Thomas Wiltshire and Co, also embrace the present opportunity of notifying to non-defaulter Zemindaurs, or Landholders, and the Mofussil Com

ভারতবর্ষের মধ্যে এতদ্দেশ আগ্রা ইত্যাদি প্রেসীডেন্সীর মধ্যে জমীদারান ও তালুকদারান ও নীলকর কোঠীদারান সকলকে এই বিজ্ঞাপনের দ্বারা জ্ঞাত করা যাইতেছে।

যে কোন ব্যক্তি আপনার এলাকার মালগুজারি যদ্যপি বৃটিস গবর্ণমেণ্টকে সরবরাহ করিতে অশক্ত হইয়া পূর্ব্বাক্ষে স্বেচ্ছাধীন নিম্নে লিখিত ঐ কোম্পানির অধ্যক্ষ মহাশয়দিগের নিকট ডাকযোগে মাশুল দিয়া পত্র দ্বারা সেই বিষয় রক্ষার্থে অনুরোধ করেন এবং সেই পত্র সম্বলিত ১০০ এক শত টাকা (ফি) অগ্রে পাঠাইয়া দেন তাহা হইলে তাঁহারদিগের পৈতৃক কিম্বা স্বোপার্জ্জিত জমীদারী অথবা তালুকাত বৃত্তি বিধানাদি যাহা গবর্ণমেণ্টের রাজস্বের বাকীতে অধিক মূল্যের বিষয় অল্প মূল্যে প্রকাশ্য নীলামে বিক্রয় হইয়া যায় তাহা একেবারে অনায়াসে নিবারণ হইবেক এবং ঐ সকল জমীদার ও তালুকদারানের পরিবারেরা বিষয়চ্যুত হইয়া যাবজ্জীবন দুঃখ ভোগ করেন তাহাহইতে পরিত্রাণ পাইবেন।

মিসিতার্স তামস উইলসায়ের এণ্ড কোম্পানি মফঃসলের জমীদারান ও তালুকদারান ও নীলকরাদি সর্ব্ব সাধারণের এজেণ্ট।

কলিকাতা ওয়েলেসলী ষ্ট্রিট ৯১ নম্বর বাটীতে আফিস।

ইহারা অত্যন্ত উৎসাহপূর্ব্বক এবং সদ্ভাব সহিত সর্ব্বদা জমীদার ও তালুকদার ও নীলকরদিগের মুনাবমুনাবে আবশ্যকমতে কারবার করিবেন যে সকল সম্ভ্রান্তশীল ইউরোপীয় ও এতদ্দেশীয় মর্য্যাদাবন্ত জমীদার ও তালুকদার ও ভূম্যধিকারী ও নীলকর ইহাঁদিগের যদ্যপি ঐ সকল সম্পত্তির উত্তম দলিলাদি কোবালা মাতবরি কাগজ পত্র থাকে এবং ঐ সকল দলিল দস্তাবেজ আদালতের সহিমোহর নিসানি থাকে এবং ঐ সকল বিষয় যাহাতে কোন গোলযোগ না থাকে এবং ভূম্যধিকারী আপনং বিষয়ে দান বিক্রয়ের স্বত্বাধিকারী থাকেন সেওয়ায় গবর্ণমেণ্টের খাজানা বাকী ব্যতীত ইহার পূর্ব্বে ঐ জমীদারী অন্য কাহার নিকট মার্টগেজ না থাকে অপর অন্য কোন অনিশ্চয় হিস্যাদার ও দখলীকার ও দাওয়াদার ও সরিকী বিবাদ কিম্বা ঐ বিষয়ের উপর কেহ আদালতে কোন মোকদ্দমা এবং ঐ বিষয়ের উপর কোন দেনা না থাকে এমত বিষয় হইলে উক্ত লিখিত কোম্পানি ঐ সকল বিষয় মার্টগেজ রাখিয়া টাকা দিতে পারিবেন টাকা গ্রহীতাদিগের কর্ত্তব্য আপন দরখাস্তের সহিত তাঁহারদিগের ঐ সম্পত্তির যথার্থ দলিল দস্তাবেজের এক প্রস্থ নকল এই কোম্পানিরদিগের কৌসে পাঠাইয়া দেন এতদ্ভিন্ন অন্য কোন গোলযোগ বিশিষ্ট জমীদারী ইত্যাদির মালিক এপ্রকার প্রার্থনা করিলে তাহার প্রতি কোন মনোযোগ করা যাইবেক না।

এই মেস্তর উইলসায়র কোম্পানি সুস্পষ্টরূপে সর্ব্ব সাধারণের বোধ সুগমার্থে অনুরোধ প্রকাশ করিতেছেন বিষয়ের মালিক খোদ জমীদার ব্যতীত তাঁহারদিগের কর্ম্মকারক নায়েব কিম্বা মোক্তারের সহিত এ কারবার করিবেন না আর জমীদার ও ভূম্যধিকারিদিগের সুবিধা নিমিত্তে উত্তমাভিপ্রায়ে এমত মনস্থ করিয়াছেন বন্ধকীয় বিষয়ের সকল টাকা একেবারে না দিয়া গবর্ণমেণ্টের খাজানা বাকী যাহা থাকিবেক তাহা অগ্রে দিবেন তাহার পরে খাজানা কিস্তীং যে প্রকার বাকী পড়িবেক ঐ বাকী খাজানা নিরূপিত দিবসে নিঃসন্দেহে ঐ জমীদারদিগের নামে কিস্তীং হয় ট্রেজরিতে টাকা আমানত করিয়া তাহার দাখিলা সেইং জেলার কালেক্টরিতে পাঠাইবেন অথবা বাঙ্গাল ব্যাঙ্ক নোট কিম্বা হুণ্ডী খোদ জমীদারদিগের নিকটে পহুছিবেক কিম্বা আর কোন রকমে যে প্রকারে সকলের সুবিধা হয় এমত করিবেন।

মিসিতার্স তামস উইলসায়ের কোম্পানি আপনি এই সময়ে অন্যান্য জমীদার ও তালুকদার এবং মফঃসলের আরং সর্ব্ব সাধারণকে জ্ঞাত করাইতেছেন যে ঐ সকল

munity in general that for the accommodation and perfect safety of those constituents, who may feel desirous of making remittances, with the view of opening running accounts with them, they, invariably in the first instance, invest all the surplus funds or monies remitted to them in the Honourable East India Company's Government Papers or Securities, and immediately after, reinvest the same, only in very lucrative and safe Zemindaurees, and Talooks or Landed Estates, Properties, &c and for the present they allow Interest at the rate of Co's Rs 8 per cent per annum, on all fixed or floating balances The Principal or Interest of which, are withdrawable and drawable at pleasure at current dates Government Revenue or Rents are made remittible or payable hence on account of Zemindaurs, either by orders from the Government General Treasury here, on the different Zillah Collectors direct, or Bank of Bengal Notes and Hoondees are transmitted to the Zemindaurs themselves

Messrs Thomas Wiltshire and Co, also profess to buy and sell unexceptionably eligible Zemindaurees Talooks Putnees Indigo, Silk, Sugar, Saltpetre Factories &c And their established rates of Commission and Interest, for buying and selling and advancing and receiving money, may be known on paid postage applications, to them

N B Without the "*sine qua non*' Fee, mentioned in the preliminary part of this notification, no letters on Zemindaurees alone can be attended to

TO CAPITALISTS

☞ *With reference to the foregoing Notification, Messrs Thomas Wiltshire and Co have the honor to notify to European and Native Capitalists universally, that they are now at all times prepared to receive Loans for the investment of Surplus Funds, in the manner and terms stated therein and for which, they grant their Bonds, Promissory Notes, or Receipts*

[*United Service and General Mofussil Agency*]

TO THE UNITED SERVICE REGIMENTAL MESSES, INDIGO, SUGAR AND COTTON PLANTERS—MERCANTILE AND OTHER GENTLEMEN, IN THE MOFUSSIL OR OUT-STATIONS OF THE PRESIDENTIAL DISTRICTS OF BENGAL, AGRA, MADRAS, BOMBAY, &c AS WELL AS AFGHANISTAN, STRAITS, COASTS, CHINA, &c

☞ All Commissions, or Orders from the above, for Supplies of any kind and quantity of Wines, Beer, Spirits and Comestibles, as well as for every other description of English, French, American, China, Straits, Coast and Country Goods, of the greatest variety that could be possibly enumerated, all of first rate quality, procurable in Calcutta, at

খোদ জমীদারেরা যাহারা উক্ত কোম্পানির সহিত খোলা খাতায় কারবার রাখিবার নিমিত্তে তাঁহারদিগের হস্তে টাকা পাঠাইতে ইচ্ছা করিবেন তাঁহারদিগের সুগম এবং নিশ্চিন্তের কারণ যে সকল টাকা পাঠাইবেন কিম্বা যে সকল বাকী টাকা থাকিবেক তাহাতে প্রথমে অনরবল ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির কাগজ খরিদ করিবেন তাহার পরেতেই সেই টাকা কোন বেশিবকীচ অথচ উত্তম মুনাফার জমীদারী অথবা তালুকইত্যাদি খরিদ করা যাইবেক এবং তাহা দেওয়ায় অনির্দ্ধার্য্য কি নির্দ্ধার্য্য যে টাকা তহবিলে বাকী জমা থাকিবেক তাহার সুদ শতকরা কোম্পানির ৮ আট টাকার হিসাবে জমীদারদিগকে দেওয়া যাইবেক ঐ বাকী টাকা আসল কি সুদ ঐ চলিতখাতার টাকা যাহা থাকিবেক তাহা প্রয়োজন মতে যে দিবস চাহিবেন সেই দিবসেই পাইতে পারিবেন আর তাহারদিগের জমীদারীর বাকী গবর্ণমেন্টের রাজস্ব খাজানা হয় জেনরেল ট্রেজুরিতে আমানত করিয়া ঐ ট্রেজরি হুকুম সকল জেলার কালেক্টরিতে পাঠান যায় কিম্বা বাঙ্গাল ব্যাঙ্ক নোট অথবা হুণ্ডী জমীদারদিগের নিকট পাঠাইযা দেওয়া যায়।

মিসিতস তামস উইলসায়ের এণ্ড কোম্পানি আরো মনস্থ করিয়াছেন যে নিরাপদীয় জমীদারি ও তালুকাত ও পত্তনী বিষয় ও নীলের কুঠী ও চিনি ও রেসম ও শোরার কুঠী ভাল হইলে ক্রয়বিক্রয় করিবেন এবং এই ক্রয় বিক্রয় যে কমিস্যন এবং টাকা অগ্রে দেওয়া লওয়ার সুদ কিম্বা সুদের নিযম যাহা স্থির করা গিয়াছে তাহা তাঁহারদিগের ডাকযোগে পত্র লিখিলেই জানিতে পারিবেক।

এই বিজ্ঞাপনের অগ্রভাগে ১০০ এক শত টাকা ফি যে লেখা হইয়াছে ইহা ব্যতীত জমীদারির বিষয়ের কোন পত্র লিখিলে তাহার প্রতি মনোযোগ হইবেক না।

ধনবান ব্যক্তিরদের প্রতি।

উক্ত এত্তেলা সম্পর্কে শ্রীযুত তামস উইলসায়ের কোম্পানি এক্ষণে ইউরোপীয় এবং এদেশীয় ধনি ব্যক্তিরদিগকে জানাইতেছেন যে তাঁহারা এক্ষণে উপরের উক্ত প্রকারে এবং নিয়মে টাকা লইতে প্রস্তুত আছেন এবং তাহার নিমিত্ত তাঁহারা আপনারদের বণ্ড অথবা প্রোমিসরি নোট কি রসীদ দিবেন।

---

the very lowest Market prices of the day too, are promptly attended to and executed with great judgment, fidelity, punctuality and despatch, by

MESSRS THOS WILTSHIRE AND CO

United Service, Indigo Planters' and General Mofussil Agents,

No 91, Wellesley Street, Calcutta

Provided, they be previously amply furnished with funds, in Bank Notes, or Drafts, Hoondees, &c, at either short or long dates

Messrs Thomas Wiltshire and Co, will also always be very happy indeed to undertake Agency business of the most diversified, or Miscellaneous nature from the above, on immediate application, with equal promptitude and fidelity

[*Government Gazette, 16th August,* 1842]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত উলিয়ম রিচল সাহেবকর্ত্তৃক মুদ্রিত।

Numb. 113. ১১৩)

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, AUGUST 23, 1842.

কলিকাতা মঙ্গলবার ১৮৪২ সাল ২৩ আগষ্ট।

CIRCULAR ORDERS OF THE SUDDER NIZAMUT ADAWLUT

No 2474

To the Several Session Judges in the Lower Provinces

The Court of Nizamut Adawlut publish the following instructions regarding the applicability of the provisions of Act XXXI 1841 to the orders passed by Magistrates on the cases of prisoners detained in confinement, in default of security for good conduct, agreeably to Regulation VIII 1818

2 Under Clause 2, Section 8, of that Regulation those cases, in which the demand for security does not exceed one year, do not need to be laid before Session Judges, such cases, consequently, are not in future to be revised by Session Judges, except on appeal by the parties

3 But those cases in which security for more than a year is demanded must still be submitted, for confirmation, to the Session Judge, who is competent, under Clause 2, Section 9, of the enactment cited, to modify or annul the orders passed by the Magistrate, should he see grounds for so doing

W KIRKPATRICK, *Deputy Register*

Fort William, 1st July, 1842

সদর নিজামৎ আদালতের সরক্যুলর অর্ডর।

২৪৭৪ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সেশন জজ সাহেব বরাবরেষু।

যে ব্যক্তিরা ফেয়ালজামিন না দেওযাতে ১৮১৮ সালের ৮ আইনানুসারে কয়েদ থাকে তাহারদের বিষয়ে মাজিষ্ট্রেট সাহেব যে হুকুম করেন্ তাহাতে ১৮৪১ সালের ৩১ আইনের বিধান যেরূপ খাটে তাহার বিষয়ে সদর নিজামৎ আদালতের সাহেবেরা নীচের লিখিত কার্য্যোপদেশ করিতেছেন।

২। যে মোকদ্দমায় মাজিষ্ট্রেট সাহেব এক বৎসরের অনধিক কাল ফেয়ালজামিন তলব করেন্ সেই মোকদ্দমা উক্ত আইনের ৮ ধারার ২ প্রকরণানুসারে সেশন জজ সাহেবের হজুরে দাখিলকরণের আবশ্যক নাই। অতএব উত্তর কালে উক্ত প্রকার মোকদ্দমায় যদি আসামী কিম্বা ফরিয়াদী আপীল না করে তবে সেশন জজ সাহেবেরা তাহার তহকীক করিবেন না।

৩। কিন্তু যে মোকদ্দমায় এক বৎসরের অধিক কাল ফেয়ালজামিন দেওনের হুকুম হয় সেই মোকদ্দমা মঞ্জুর হওনের নিমিত্ত সেশন জজ সাহেবের সম্মুখে পূর্ব্ববৎ দর পেশ হইবেক এবং ঐ সাহেব কোন উপযুক্ত হেতু দেখিলে উক্ত আইনের ৯ ধারার ২ প্রকরণানুসারে মাজিষ্ট্রেট সাহেবের ঐ হুকুম মতান্তর বা রদ করিতে পারেন্।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম ১৮৪২। ১ জুলাই।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

SUDDER DEWANNY ADAWLUT.

সদর দেওয়ানী আদালতের বিধান।

RULES OF THE SUDDER DEWANNY ADAWLUT

Execution of Decrees

XX The Deputy Register will receive all applications for the execution of Decrees, and after comparing them in the usual manner, will forward them for execution to the Zillah Court

21st Jan 1842

XXI The Deputy Register shall record in a proceeding any errors that may appear in an application for execution of a decree, for the information of the decree holder or his Vakeel, and the decree shall not be forwarded to the Zillah Court for execution, until such errors have been corrected Should any objection arise or be raised, to the execution of a decree, the Deputy Register will lay the case before the Judge selected as Referee

Ibid

XXII When a decree has been returned by a Zillah Court before completion of execution and application for revival of execution has been made to this Court, the Deputy Register shall submit such application to the Judge selected as Referee

Ibid

But see Rule XXVII

XXIII All applications for the execution of decrees, preferred by any other than the person or persons named in the decree as the party in whose favor the decree was given, are to be laid before the Judge selected as Referee

Ibid

XXIV A written notice to a Vakeel or Mookhtar engaged in a case of any order passed by the Deputy Register shall be considered as sufficient intimation to such Vakeel or Mookhtar of such order having been passed , such notice shall not of course be necessary when the order may have been passed in the presence of the Vakeel or Mookhtar

Ibid

XXV Wilful neglect on the part of any Pleader or Mookhtar attached to the Court to attend the office of the Deputy Register shall subject such Pleader or Mookhtar to dismissal from his situation

Ibid

XXVI The Deputy Register shall address the Zillah authorities by Roobukaree without precept

Ibid

XXVII The Court resolve that application for the revival of such decrees be referred to the Deputy Register under Act XXII 1841, who will admit the applications provided the decrees are not of a later date than 12 years, and no objection be raised by the opposite party, or refer them to the Judge who has been appointed as Referee should any objections exist

15th April, 1842

Pleaders and Agents

Mookhtyars or Agents who have cases in Court are required to attend regularly or send an Urzee accounting for their absence, as long as their cases are pending , failure to comply with these rules is punishable by exclusion from acting as Agents

20th Nov 1840

In the event of a Vakeel being absent on leave, he shall return to the Court on the day on which his leave may expire Any deviation from this rule will render him liable to be struck off the list of Vakeels

27th March 1840

In the event of a Vakeel absent on leave, wishing to obtain additional leave of absence, he shall send in his application to the Court for such additional leave in time enough to enable him, in the event of such additional leave being refused, to rejoin the Court by the expiration of the leave originally granted Any prolonged absence without the sanction of the Court previously obtained, in the manner above stated, will render a Vakeel liable to be struck off the list of Vakeels

Ibid

Vakeels and Agents under Regulation XII 1833, are allowed to enter the room appropriated to the use of the Mohurrirs of the Court, for the purpose of inspecting the proceedings in cases in which they are engaged, presenting petitions, pleadings &c

18th Feb 1834

Each Vakeel and Agent is authorized to nominate a Mohurrir, for whose conduct he will be responsible, who will be allowed access to the record room for the purpose of taking copies of such papers as may be required by them

Ibid

Vakeels and their Mohurrirs filing Vakalutnamehs and other papers in the office of the Serishtadar of the Sudder Dewanny Adawlut, shall sign their entry in the book kept by the officer appointed to receive such papers, in proof that they have filed them

9th Jan 1835

সদর দেওয়ানী আদালতের বিধান।

ডিক্রী জারী।

১০। ডিক্রী জারীর সকল দরখাস্ত ডেপুটী রেজিষ্টর লইবেন এবং রীতিমত তাহার মোকাবিলা করিয়া জিলার আদালতে জারী হইবার নিমিত্ত পাঠাইবেন। ১৮৪২। ২১ জানুআরি।

১১। ডিক্রী জারীকরণের দরখাস্তে যদি ডেপুটী রেজিষ্টর কোন দোষ দেখেন তবে ডিক্রীদার অথবা তাহার উকীলের বিজ্ঞাপনের নিমিত্ত তাহা এক রুবকারীতে লিখিবেন এবং যাবৎ ঐ দোষ সংশোধিত না হয় তাবৎ ঐ ডিক্রী জারী হইবার নিমিত্তে জিলার আদালতে পাঠাইবেন না। যদি ডিক্রী জারী করিতে কোন ওজর হয় তবে ডেপুটী রেজিষ্টর পূর্ব্বোক্তমতে নিযুক্তহওয়া জজ সাহেবকে তাহা জানাইবেন। ঐ ঐ।

১২। যখন জিলার আদালতের জজ কোন ডিক্রী জারী না হওনের পূর্ব্বে তাহা ফিরিয়া পাঠান্ এবং তাহা জারী করিবার বিষয়ে সদর আদালতে পুনর্ব্বার দরখাস্ত হয় তখন ডেপুটী রেজিষ্টর পূর্ব্বোক্তমতে নিযুক্তহওয়া জজ সাহেবকে তাহা জানাইবেন।

কিন্তু পশ্চাৎ লিখিত ১৭ বিধি দেখ। ঐ ঐ।

১৩। যে ব্যক্তির পক্ষে ডিক্রী হওনের বিষয় ডিক্রীতে লেখা থাকে সেই ব্যক্তি বা ব্যক্তিরা ছাড়া যদি অন্য কোন ব্যক্তি ডিক্রী জারীকরণের দরখাস্ত করে তবে সেই দরখাস্ত পূর্ব্বোক্তমতে নিযুক্তহওয়া জজ সাহেবকে জানাইতে হইবেক। ঐ ঐ।

১৪। কোন মোকদ্দমায় নিযুক্তহওয়া উকীল কিম্বা মোখ্তারকে ডেপুটী রেজিষ্টরের কোন হুকুমের লিখিত এত্তেলা দেওয়া গেলে সেই হুকুম হওনের বিষয়ে ঐ উকীল বা মোখ্তারকে যথোচিত সম্বাদ দেওয়া হইয়াছে এমত জ্ঞান করা যাইবেক। কিন্তু যদ্যপি সেই হুকুম উকীল অথবা মোখ্তারের সাক্ষাতে দেওয়া গিয়া থাকে তবে সেইমত এত্তেলা সুতরাং তাঁহাকে দেওনের আবশ্যক হইবেক না। ঐ ঐ।

১৫। আদালতের মোতবরী কোন উকীল অথবা মোখ্তার যদি জানিয়াশুনিয়া ডেপুটী রেজিষ্টরের দফ্তরে হাজির হইতে ত্রুটি করেন তবে সেই উকীল বা মোখ্তার আপন কর্ম্মহইতে তগীর হওনের যোগ্য হইবেন। ঐ ঐ।

১৬। ডেপুটী রেজিষ্টর জিলার আদালতের সাহেবের নিকটে প্রিসেপ্ট না পাঠাইয়া রুবকারী পাঠাইবেন। ঐ ঐ।

১৭। সদর আদালত নিশ্চয় করিয়াছেন যে ডিক্রী জারীকরণের পুনর্ব্বার যে দরখাস্ত হয় তাহা ১৮৪১ সালের ১৭ আইনানুসারে ডেপুটী রেজিষ্টরের নিকটে অর্পণ হয় এবং যদি ঐ ডিক্রী বারো বৎসরের অধিক কালের না হয় এবং যদ্যপি প্রকাণ্ডর ব্যক্তি তাহাতে কোন ওজর না করে তবে ডেপুটী রেজিষ্টর ঐ দরখাস্ত গ্রাহ্য করিবেন কিন্তু যদি কোন ওজর হয় তবে পূর্ব্বোক্তমতে নিযুক্তহওয়া জজ সাহেবের নিকটে তাহা অর্পণ করিবেন। ১৮৪২। ১৫ আপ্রিল।

উকীল এবং মোখ্তার।

সদর আদালতে যে উকীল অথবা মোখ্তারেরদের মোকদ্দমা থাকে সেই মোকদ্দমা যত কাল উপস্থিত থাকে তত কাল তাঁহারা নিয়মমতে সদর আদালতে হাজির হইবেন অথবা হাজির না হওনের কারণ এক আরজীর দ্বারা জানাইবেন। যদি তাঁহারা এই বিধানানুসারে কার্য্য না করেন্ তবে মোখ্তারী কর্ম্মহইতে তগীরহওনরূপ দণ্ডের যোগ্য হইবেন। ১৮৪০। ২০ নবেম্বর।

যদি কোন উকীল ছুটী লইয়া স্থানান্তর হন তবে যে দিবসে তাঁহার ছুটীর শেষ হয় সেই দিবসে ফিরিয়া আসিতে হইবেক এবং যদ্যপি তিনি এমত না করেন্ তবে তাঁহার নাম উকীলের ইসমনবিসীহইতে কাটা যাওনের যোগ্য হইবেক। ১৮৪০। ২৭ মার্চ।

যদি ছুটী পাইয়া কোন উকীল স্থানান্তরে যান্ এবং অতিরিক্ত কালের ছুটী পাইবার বাসনা করেন্ তবে ঐ অতিরিক্ত ছুটীর দরখাস্ত আদালতে এমত সময়ে দাখিল করিবেন যে অতিরিক্ত ছুটী না দেওয়া গেলে পূর্ব্বকার দেওয়া ছুটীর মিয়াদের মধ্যে আদালতে ফিরিয়া আসিতে পারেন। যদি পূর্ব্বোক্তমতে আদালতের অনুমতি না পাইয়া কোন উকীল প্রাপ্ত ছুটীর অতিরিক্ত কাল গরহাজির থাকেন তবে তাঁহার নাম উকীলেরদের ইসমনবিসীহইতে উঠান যাইবার যোগ্য হইবেক। ঐ ঐ।

১৮৩৩ সালের ১২ আইনানুসারের নিযুক্ত উকীল অথবা মোখ্তার যেং মোকদ্দমাতে মোকরর হন্ সেইং মোকদ্দমার কাগজপত্র দৃষ্টি করিতে এবং দরখাস্ত ও সওয়ালজওয়াব প্রভৃতি দাখিল করিবার জন্য আদালতের মুহুরীরদের নির্দ্দিষ্ট কামরায় যাইতে পারিবেন। ১৮৩৪। ১৮ ফেব্রুআরি।

প্রত্যেক উকীল এবং মোখ্তার এক জন মুহুরীর নিযুক্ত করিতে পারেন্ এবং তাহার কার্য্যের বিষয়ে ঐ উকীল অথবা মোখ্তার দায়ী হইবেন এবং তাঁহারদের যে সকল কাগজপত্রের আবশ্যক হয় তাহার নকল লইবার নিমিত্ত ঐ মুহুরীর রিকার্ডদফ্তরে যাইতে পারিবেক। ঐ ঐ।

যে উকীল এবং মুহুরীর সদর দেওয়ানী আদালতের সিরিশ্তাদারের দফ্তরে আপনারদের ওকালৎনামা ও অন্যান্য কাগজপত্র দাখিল করেন্ ঐ কাগজপত্র দাখিলকরণের প্রমাণের ন্যায় তাহা লইবার নিমিত্ত যে আমলা নিযুক্ত আছেন্ তাঁহার বহীতে তাঁহারা সহী করিবেন। ১৮৩৫। ৯ জানুআরি।

[*Government Gazette*, 23rd *August*, 1842]

Vakeels and Agents appointed under Regulation XII 1833 are required to write (under their own responsibility) on all petitions presented by them in cases or matters which are pending before, or belonging to any particular Judge, the name of the Judge, in order that it may be referred to him direct without the necessity of its going before the Judge conducting the duties of the miscellaneous department

8th Augt 1834

On any case being decided in the Sudder Dewanny Adawlut, in which the Government is a party, the presiding Judge shall add to his order a Note specifying the amount due to the Government Pleader, to afford that officer the means of recovering his fees from the Government direct through the Revenue Board, or other authority, who may have preferred or defended the appeal

In cases in which the Court have awarded to Vakeels a portion only of the fees deposited, and ordered that the remainder be returned to the parties, or in which a portion or the whole of the value of the Stamp paper on which petitions of appeal, special &c have been written, was returnable to the parties under the certificate required by Article 8 Schedule B, Regulation X of 1829, the Treasurer of the Court is prohibited from paying money under the above circumstances to any Vakeel or Mokhtar, unless he shall be authorized to receive it by a special Clause in his Vakulatnameh or Mookhtearnameh, and that when no such authority is produced, the money shall remain in deposit until the party entitled to receive it, shall apply to the Court for an order for payment and such order be obtained

3d Jan 1834

Vakeels of the Court to be held responsible for the correctness of all representations made by them to the Court

8th July, 1842

When any Pleader may apply for leave of absence for a period exceeding ten days, he shall give in a statement of the number of cases in which he is engaged, both singly, and jointly with another Vakeel

1 th July 1842

The Nazir of the Court is not at liberty to receive applications for leave of absence from the Vakeels, but all such applications must be given in to the Register, who will lay them before the Court

Ibid

Copies of Papers

The Register of the Sudder Dewanny Adawlut is authorized to grant copies of papers from the department in the native language, applying for the Court's special orders in cases in which he may doubt the propriety of granting them

24th Augt 1832

The Register is to lay all applications for copies of letters, reports, minutes &c in the department in the English language before the Court for their orders

Ibid

The question having been put to the Court by the Register whether copies of decrees of the Sudder Court taken out as precedents, by other than the parties to the suit, should be written on stamp paper of 4 Rs or 8 Annas value, the Court passed the following Resolution

Resolution

The Court having had before them the Register's note of the 5th instant, are of opinion that the practice which has hitherto prevailed of granting copies of decrees when not required by the parties on stamp paper value 8 Annas, should not be interfered with

12th Feb 1836

The Register is not authorized to grant attested copies of the Roobukarees of the Judges, in which their individual opinions as to the merits of cases are recorded, but only copies of the final decision

24th Septr 1841

The following orders were passed by the Court in continuation of their Resolution dated 24th September 1841

I That the term "final decision" in the above resolution refers, not to the mere Roobukaree of the Judge passing final judgment, but to the decree embodying the details of the case, and the collective opinions of the Judges in those cases in which more than one opinion has been recorded This order refers to cases finally disposed of by the Court

8th July, 1842

১৮৩৩ সালের ১২ আইনানুসারের নিযুক্ত উকীল অথবা মোখ্তার কোন বিশেষ জজ সাহেবের নিকটে উপস্থিতথাকা কিম্বা তাঁহার সম্পর্কে হওয়া মোকদ্দমা বা বিষয়ের দরখাস্ত দাখিল করিলে সেই দরখাস্তে তাঁহারা আপনারদের ঝুঁকীতে ঐ জজ সাহেবের নাম লিখিবেন। তাহার অভিপ্রায় এই যে সেই বিষয় মুৎফরক্কা সিরিশ্তার ভারপ্রাপ্ত জজ সাহেবের নিকটে দরপেশ করণের আবশ্যক না হইয়া একেবারে ঐ বিশেষ জজ সাহেবের নিকটে অর্পণ হয়।

১৮৩৪ সাল। ৮ আগষ্ট।

যে মোকদ্দমায় সরকার এক পক্ষ হন্ সেই মোকদ্দমার নিষ্পত্তি সদর দেওয়ানী আদালতে হইলে সরকারী উকীল রেবিনিউ বোর্ডের দ্বারা অথবা অন্য যে কর্ম্মকারক ঐ আপীল করিয়াছিলেন কিম্বা জওয়াব দিয়াছিলেন সেই কর্ম্মকারকের দ্বারা সরকারের স্থানে তাহার পাওনা রসুম আদায় করিতে পারেন এই নিমিত্ত মোকদ্দমা নিষ্পত্তিকারি জজ সাহেব ঐ সরকারী উকীলের পাওনা রসুম আপন হুকুমের উপর টুকিয়া রাখিবেন।*

যে গতিকে সদর আদালত আমানৎহওয়া রসুমের কতক অংশ উকীলেরদিগকে দিতে এবং অবশিষ্টাংশ উভয় বিবাদিকে ফিরিয়া দিতে হুকুম করিয়া থাকেন্ অথবা যে গতিকে যে ইষ্টাম্প কাগজে আপীল ও খাস আপীলপ্রভৃতির দরখাস্ত, লেখা গিয়া থাকে সেই ইষ্টাম্পের সমুদয় টাকা কিম্বা কতক অংশ ১৮২৯ সালের ১০ আইনের B চিহ্নিত তফসীলের ৮ প্রকরণের লিখিত সর্টিফিকটক্রমে উভয় বিবাদিকে ফিরিয়া দিতে হয় সেই২ গতিকে যদি ঐ উকীল বা মোখ্তার আপনার ওকালৎনামার অথবা মোখ্তারনামার লিখিত বিশেষ কথার দ্বারা ঐ টাকা লইতে ক্ষমতা না পাইয়া থাকেন তবে আদালতের খাজাঞ্চীর প্রতি ঐ উকীল অথবা মোখ্তারকে টাকা দিতে নিষেধ আছে এবং তাঁহারা যখন টাকা লইবার একপ ক্ষমতা দেখাইতে না পারেন্ তখন যে ব্যক্তি ঐ টাকা পাইবার অধিকার রাখেন তিনি যাবৎ ঐ টাকার নিমিত্ত সদর আদালতে দরখাস্ত না করেন এবং ঐ টাকা দিতে সদর আদালত হুকুম না করেন তাবৎ ঐ টাকা সদর আদালতে আমানৎ থাকিবেক।

১৮৩৪। ১ জানুআরি।

সদর আদালতের উকীলেরা আদালতে যে সকল বিজ্ঞাপন করেন্ তাহার সত্যাসত্যতার বিষয়ে তাঁহারদিগকে দায়ী জ্ঞান করা যাইবেক।

১৮৪২। ৮ জুলাই।

যখন কোন উকীল দশ দিনের অধিক কালের নিমিত্ত ছুটীর দরখাস্ত করেন্ তখন যত মোকদ্দমায় তিনি একাকী অথবা অন্য উকীলের সঙ্গে মোকরর থাকেন তাহার এক কৈফিয়ৎ দাখিল করিবেন।

১৮৪২ ১৫। জুলাই।

উকীলের ছুটীর দরখাস্ত সদর আদালতের নাজির লইতে পারে না কিন্তু সেই প্রকার সকল দরখাস্ত রেজিষ্টর সাহেবের নিকটে করিতে হইবেক এবং তিনি তাহা সদর আদালতে জানাইবেন।

ঐ ঐ।

কাগজপত্রের নকল।

সদর দেওয়ানী আদালতের রেজিষ্টর সাহেব এদেশীয় ভাষার সিরিশ্তাহইতে কাগজপত্রের নকল দিতে পারেন এবং যদি কোন সময়ে ঐ প্রকার কাগজ দেওয়া উচিত কি না এবিষয়ে সন্দেহ হয় তবে সদর আদালতের বিশেষ হুকুম প্রার্থনা করিবেন।

১৮৩২। ২৪ আগষ্ট।

ইঙ্গরেজী ভাষার সিরিশ্তার পত্র ও রিপোর্ট এবং লিপি প্রভৃতির নকলের বিষয়ে যে সকল দরখাস্ত হয় তাহা রেজিষ্টর সাহেব সদর আদালতের হুকুম পাইবার নিমিত্ত তথায় জানাইবেন।

ঐ ঐ।

রেজিষ্টর সাহেব সদর আদালতে জিজ্ঞাসা করিলেন যে সদর দেওয়ানী আদালতের যে ডিক্রী মোকদ্দমার বাদি বা প্রতিবাদি ছাড়া অন্য ব্যক্তিরা দৃষ্টান্ত অর্থাৎ নজিরের কার্য্যের নিমিত্ত চাহে তাহার নকল ৪৲ টাকা কি ।।০ আনা মুল্যের ইষ্টাম্প কাগজে দিতে হইবেক তাহাতে সদর আদালত এই নির্দ্ধারণ করিলেন।

নির্দ্ধারণ।

সদর আদালত রেজিষ্টর সাহেবের ৫ তারিখের পত্র বিবেচনা করিয়া এই স্থির করিয়াছেন যে বাদি বা প্রতিবাদি ছাড়া অন্যেরদিগকে ।।০ আনা মুল্যের ইষ্টাম্প কাগজে ডিক্রীর নকল দিতে যে ব্যবহার এইপর্য্যন্ত হইয়া আসিতেছে তাহার কিছু মতান্তর না হয়।

১৮৩৬। ১১ ফেব্রুআরি।

জজ সাহেবেরদের যে২ রুবকারীতে মোকদ্দমার দোষগুণের বিষয়ে তাঁহারদের নিজের মত লেখা আছে সেই রুবকারীর দস্তখতী নকল রেজিষ্টর সাহেব দিতে পারেন্ না কিন্তু কেবল চূড়ান্ত ডিক্রীর নকল দিবেন।

১৮৪১। ২৪ সেপ্টেম্বর।

১৮৪১ সালের ২৪ সেপ্টেম্বর তারিখের সদর আদালতের নির্দ্ধারণের অনুক্রমে সদর আদালত এই২ হুকুম করিয়াছেন।

১। উক্ত নির্দ্ধারণের "শেষ নিষ্পত্তি" এই কথাতে কেবল শেষ ফয়সলাকারি জজ সাহেবের রুবকারী বুঝায় না কিন্তু যে ডিক্রীর মধ্যে মোকদ্দমার বিবরণ লেখা থাকে এবং দুই বা ততোধিক জজ সাহেব আপন২ মত লিখিলে সেই সকল জজ সাহেবেরদের মত লেখা থাকে সেই ডিক্রী বুঝায়। আদালতের দ্বারা যে সকল মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তি হয় তাহার বিষয়ে এই হুকুম খাটে।

১৮৪২। ৮ জুলাই।

---

*چونکه اس مقدمه میں روپیه سرکار بهادر نے وکیل سرکار بهادر کا ادا کیا ہی اسلیے حکم هوا که نقل اس نوشته کے معه نام متخاصمین و نام ضلع که جہاں سے مقدمه دائر فیصل هوا تها اور تاریخ فیصله صدر کے سرکار کے وکیل کو دیا جاے تا که وه اپنے مبلغ کا روپیه اس سررشته سے که مناسب ہی ادا کرلے فقط

[Government Gazette, 23rd August, 1842]

II That in cases remanded to the lower Courts for re investigation, a copy may be granted of the last order remanding the case, and that in such cases it is not necessary for the party who applies for a copy, also to take copies of the opinions or orders of any other Judges who may have sat in the same case

8th July, 1842

III That in miscellaneous cases disposed of by the Court at sittings of more than one Judge copies shall not be granted of any single Judge's order or opinion, but the applicant shall be required to take copies of all the opinions that may have been recorded in consecutive order, on pieces of stampt paper joined to each other

Ibid

IV That as a general rule no copy shall be granted of any Roobukaree in cases either regular or miscellaneous, containing the opinion of a Judge which is not the final or deciding opinion in the case Copies of single Roobukarees may be granted under the second of the rules now adopted, and in miscellaneous cases decided by a single Judge

Ibid.

V The above rules do not apply to intermediate orders of form, or others which do not contain the *opinions* or *decisions* of the Judges of the Court

Ibid.

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT

No 2583

To the Civil Authorities in the Lower Provinces

The preparation of cases in the Sudder Dewanny Adawlut for hearing is often delayed by the omission of parties to insert in their petition of appeal, whether presented to the local Courts, or to the Sudder Court, the names of *all* the respondents (some of whom are referred to by the words Oghyra and others) and the consequent inability to issue the prescribed process on the whole of them As such practice is opposed to the Rule of Section 10, Regulation VI 1793, (Clause 3, Section 10 Regulation V 1803, for Ceded Provinces) petitions of appeals deficient in the respect adverted to must be considered as incomplete and inadmissible under the regulations and not to be acted upon as in any way having the effect of a petition of appeal, with reference to the calculation of the period allowed for appeal

2 Whenever, therefore, in future an appellant shall omit the names of any persons who were opposed to him in the lower Court (without stating grounds for such omission) he shall be allowed to supply the defect within the period of appeal, but in the event of neglect so to do his appeal shall be rejected as incomplete

3 The Judges and Principal Sudder Ameens to whom such incomplete petitions of appeal may be presented, for transmission to the Sudder Court, will apprise the parties of the foregoing orders

W KIRKPATRICK, *Deputy Register*

Fort William, 1st July, 1842

No 2553

To the Civil Judges in the Lower Provinces

With reference to the Circular Order, No 140, 1st March (Western Provinces, 18th June) 1841, conveying instructions on the subject of Act XXIII, 1840, the Court circulate, for general information the opinion delivered by the acting Advocate General on the course to be pursued when claims are set up to property, for the sale of which a writ may have been issued by a Mofussil Court

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ২৩ আগষ্ট।

সদর দেওয়ানী আদালতের সরকুলর অর্ডর।

২৫৮৩ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

ফরিয়াদী কি আসামী আপীলের যে সকল দরখাস্ত মফঃসলের আদালতে অথবা সদর আদালতে দাখিল করে তাহার মধ্যে সমস্ত রেস্পাণ্ডেণ্টের নাম না লিখিয়া ওগয়রহ অথবা অন্যান্য ব্যক্তি এমত শব্দ লিখিয়া থাকে তাহাতে প্রত্যেক রেস্পাণ্ডেণ্টের নামে নির্দ্দিষ্ট হুকুম জারী হইতে পারে না এইপ্রযুক্ত ঐ মোকদ্দমা সদর দেওয়ানী আদালতে শুননির নিমিত্ত প্রস্তুত করিতে বারবার বিলম্ব হইতেছে। এই ব্যবহার ১৭৯৩ সালের ৬ আইনের ১০ ধারার (নূত্ন দেশের নিমিত্ত ১৮০৩ সালের ৫ আইনের ১০ ধারার ৩ প্রকরণের) বিধানের বিরুদ্ধ। অতএব আপীলের যেং দরখাস্তে সমস্ত রেস্পাণ্ডেণ্টের নাম না লেখা যায় তাহা বেদাড়া জ্ঞান করিতে হইবেক এবং আইনানুসারে তাহা গ্রাহ্য হইতে পারে না। এবং রীতিমতে আপীলের দরখাস্ত হইলে আপীলকারণের নিরূপিত মিয়াদ হিসাব করণের বিষয়ে যেরূপ কার্য্য হয় সেইরূপ কার্য্য এই প্রকার বেদাড়া দরখাস্তের বিষয়ে হইবেক না।

২। অতএব ইহার পর অধস্থ আদালতে আপেলাণ্টের বিপক্ষ যাহারা ছিল তাহারদের কোন এক ব্যক্তির নাম লিখিতে যদি আপেলাণ্ট ত্রুটি করে এবং তাহা না লিখনের কোন কারণ না দর্শায় তবে আপীলের মিয়াদের মধ্যে তাহারদের নাম লিখিয়া দাখিল করিতে তাহাকে অনুমতি দেওয়া যাইবেক কিন্তু তাহা যদি না করে তবে তাহার আপীল বেদাঁড়া বোধ হইবেক।

৩। আপীলের উক্ত প্রকার বেদাড়া দরখাস্ত সদর আদালতে পাঠাইবার নিমিত্ত যে জজ সাহেবেরদের এবং প্রধান সদর আমীনেরদের হুজুরে দাখিল হয় তাঁহারা ঐ দরখাস্তকারিরদিগকে পূর্ব্বোক্ত হুকুমের বিষয় জানাইবেন। ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম ১৮৪২। ১ জুলাই।

২৫৫৩ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহেব বরাবরেষু।

১৮৪১ সালের ১ মার্চ তারিখের ১৪০ নম্বরী (পশ্চিম দেশের ১৮ জুন তারিখের) সরকুলর অর্ডরের মধ্যে ১৮৪০ সালের ২৩ আইনের বিষয়ে কার্য্যোপদেশ লেখা আছে ঐ সরকুলর অর্ডরের সম্পর্কে যে সম্পত্তির নীলামের নিমিত্ত মফঃসল আদালত হুকুম দিলে তাহার উপর কোন দাওয়া হইলে যেরূপ কার্য্য করিতে হইবেক তাহার বিষয়ে শ্রীযুত একটিং আডবোকেট জেনরল সাহেব যে মত লিখিয়াছেন তাহা সদর আদালতের সাহেবেরা সর্ব্ব সাধারণ লোকদিগকে জানাইবার নিমিত্ত প্রকাশ করিতেছেন।

২। অধস্থ আদালতে পুনর্ব্বার তজবীজ হওনের নিমিত্তে যে সকল মোকদ্দমা ফিরিয়া পাঠান যায় সেই২ মোকদ্দমা ফিরিয়া পাঠাওনের শেষ হুকুমের নকল দেওয়া যাইতে পারে। এমত মোকদ্দমায় যে ব্যক্তি নকলের দরখাস্ত করে তাহার এমত কিছু আবশ্যক নাই যে অন্যান্য যে জজ সাহেব সে মোকদ্দমার বিচারের সময়ে বৈঠক করিয়াছেন তাঁহারদের মত লিখিয়া হুকুমের নকল লয়। — ১৮৪২। ৮ জুলাই।

৩। এক জন জজ সাহেবের অধিক জজের বৈঠকে যে২ মুৎফরককা মোকদ্দমা সদর আদালতের দ্বারা নিষ্পত্তি হয় সেই২ মোকদ্দমায় কোন এক জন জজ সাহেবের হুকুম অথবা মতের নকল দেওয়া যাইবেক না কিন্তু দরখাস্তকারির উচিত যে এক্রাদিক্রমে যে সকল মত রোবকারে লেখা গিয়া থাকে তাহার নকল যোড়াদেওয়া কএক ইষ্টাম্প কাগজে লয়। • — ঐ ঐ।

৪। সদর আদালত এই বিধান করিয়াছেন যে জাবেতামত অথবা মুৎফরককা মোকদ্দমায় জজ সাহেবের মত যে কোন রুবকারীতে লেখা থাকে সেই মত যদি ঐ মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তিকারক মত না হয় তবে সে রুবকারীর নকল দেওয়া যাইবেক না। যে বিধান এক্ষণে ধার্য্য হইল তাহার দ্বিতীয় বিধানের অনুসারে এর রুবকারীর নকল দেওয়া যাইতে পারে এবং এক জন জজ সাহেবের দ্বারা নিষ্পত্তিহওয়া মুৎফরককা মোকদ্দমায় তাহার রুবকারীর নকল দেওয়া যাইতে পারে। • — ঐ ঐ।

৫। যে মিয়াদী হুকুম কেবল কর্ম্মের দাঁড়ার বিষয়ে হয় অথবা যে হুকুমে সদর আদালতের জজ সাহেবের মত অথবা ডিক্রী না থাকে তাহার বিষয়ে উক্ত বিধান খাটিবেক না। • — ঐ ঐ।

---

2 A writ for the sale of property situated in Calcutta, will be drawn up in the form No 9, which the Sheriff after endorsement by a Judge of Her Majesty's Court, will execute in like manner as if the writ had been issued by that Court

3 The Court further direct that the following be substituted for the 2d paragraph of the Form A of the Circular above mentioned in issuing Civil processes

2nd "It will rest with the party at whose instance the process has been issued to pay the expences of serving it"

W Kirkpatrick, *Deputy Register*

Fort William, 15th July, 1842

২। কলিকাতার মধ্যে যে সম্পত্তি থাকে তাহার নীলামের হুকুম ৯ নম্বরী কৈফিয়ৎঅনুসারে প্রস্তুত করা যাইবেক। এবং তাহার পৃষ্ঠে শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টের এক জন জজ সাহেবের দস্তখৎ হইলে পর সরিফ সাহেব ঐ আদালতহইতে বাহির হওয়া হুকুমনামা যে মতে জারী করেন সেইমতে তাহা জারী করিবেন।

৩। সদর আদালতের সাহেবেরা আরো হুকুম করেন যে দেওয়ানী আদালতের পরওয়ানা বাহির করিলে উপরের লিখিত সরকুলর অর্ডরের A চিহ্নিত পাঠের দুই দফার পরিবর্ত্তে নীচের লিখিত কথা লেখা যায়।

২ দফা। "যে ব্যক্তির দরখাস্তে পরওয়ানা বাহির হয় সে ব্যক্তি ঐ পরওয়ানা জারীকরণের সমস্ত খরচা দিবেক।"

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম ১৮৪২। ১৫ জুলাই। •

Opinion of the officiating Advocate General, dated 12th July, 1842

The Sheriff is expressly enjoined by Act XXIII of 1840, Sections 2 and 3, to execute writs, warrants, and other process issued by the Mofussil Courts and Judicial Officers, precisely in like manner, as if the same had originally issued from the Supreme Court, to which alone he is made responsible for the due execution thereof, and in order to facilitate such execution, the Judge of the Supreme Court who shall endorse the process, is invested with certain power as to correction of the process, and other particulars

In the instance before me, the Sheriff appears to have proceeded in the regular course to seize the rights and title of the defendants in execution, in certain parcels of real property pointed out to him on the part of the plaintiffs That right and title may be none at all, or may be qualified or subject to mortgage, prior seizures, or the like As the Sheriff seizes and sells at his own peril, or refuses to do so at his own peril, (by return of nulla bona, &c) he, in practice calls upon the parties calling upon him to seize, or pointing out the property, to indemnify him whenever a third party claims an interest, and if both parties offer indemnity, he

শ্রীযুত একটিং আডবোকেট জেনরল সাহেবের ১৮৪২ সালের ১২ জুলাই তারিখের মত।

১৮৪০ সালের ২৩ আইনের ২ এবং ৩ ধারাতে এমত বিশেষ হুকুম আছে যে সরিফ সাহেব কোন পরওয়ানা সুপ্রিম কোর্টহইতে বাহির হইলে যেরূপে জারী করিতেন সেই রূপে মফঃসল আদালতের এবং জজেরদের হুকুমনামা ও ওয়ারণ্ট কি অন্য কোন হুকুম জারী করেন্ এবং তাহা উপযুক্তমতে জারীকরণের বিষয়ে ঐ সাহেব কেবল সুপ্রিম কোর্টে জওয়াব দিবেন এবং তাহা জারীকরণের সুগম হয় এ নিমিত্ত সুপ্রিম কোর্টের যে জজ সাহেব ঐ হুকুমের পৃষ্ঠে দস্তখৎ করেন তাঁহাকে ঐ হুকুম শুদরাইতে এবং অন্যান্যবিশেষ কার্য্য করিতে ক্ষমতা দেওয়া গিয়াছে।

এইক্ষণে আমার নিকটে যে বিষয় অর্পিত হইয়াছে তাহাতে দৃষ্ট হইতেছে যে যে আসামীরদের প্রতিকূলে পরওয়ানা বাহির হইয়াছিল তাহারদের যে কএক খণ্ড স্থাবর সম্পত্তি ফরিয়াদীরা সরিফ সাহেবকে দেখাইয়া দিয়াছিল আসামীরদের ঐ সম্পত্তির স্বত্ত্ব ও অধিকার সরিফ সাহেব রীতিমতে ক্রোক করিলেন। এমত হইতে পারে যে আসামীরদের ঐ জায়দাদে কোন স্বত্ত্ব ও অধিকার নাই অথবা তাহাতে তাহারদের সম্পূর্ণ স্বত্ত্ব বা সম্পর্ক নাই কি তাহা পূর্ব্বে বন্ধক দেওয়া গিয়াছে কিম্বা পূর্ব্বেই তাহা ক্রোক হইয়া রহিয়াছে অথবা এইরূপ অন্য কোন ব্যাপার ঘটিয়াছে। এবং সরিফ সাহেব আপনার ঝুঁকীতে ঐ সম্পত্তি ক্রোক করিয়া বিক্রয় করেন অথবা (নলা বোনা ইত্যাদি পরওয়ানাক্রমে) বিক্রয় করিতে অস্বীকার করেন্ অতএব যে ব্যক্তিরা তাহাকে সম্পত্তি ক্রোক করিতে বলে অথবা সম্পত্তি তাঁহাকে দেখাইয়া দেয় তাহারদিগকে কার্য্যে২ তিনি ইহা জানান যে যদি ফরিয়াদী এবং আসামী ছাড়া অন্য ব্যক্তি সেই সম্পত্তির উপর দাওয়া করে তবে ফরিয়াদী তাঁহাকে নিরাপদ রাখিবেক। এবং যদি উভয় পক্ষের ব্যক্তি তাঁহাকে নিরাপদ রাখিতে অঙ্গীকার করে

[*Government Gazette, 23rd August,* 1842]

may, at his own peril, elect which indemnity he thinks the best, and either sell or release accordingly, being liable in damages to the opposite party if he shall make out his case to be the true one

I would however suggest, as an act of prudence, that the Mofussil Judicial Officers mix themselves up in these matters as little as possible, and leave it to the parties interested to give the directions and information to the Sheriff, which of course they must do at their own charge and peril It would in English Judges be thought not only a loss of dignity, but an act of impropriety, to interfere in any execution whatever, unless formally applied to judicially by some of the parties litigating The Mofussil Judge, in the instance before me, corresponds with the Sheriff, nay goes so far as to engage for his expenses or fees—such a proceeding may perhaps be regular or even necessary in Mofussil executions, but will appear very strange in an English Court of Justice

(Signed) C R Prinsep

Offg Advocate General

ভবে যাহার নিরাপদ রাখণের অঙ্গীকার ঐ সরিফ সাহেবের উত্তম বোধ হয় সেই অঙ্গীকার আপন ইচ্ছানুসারে গ্রাহ্য করিয়া তদনুসারে ঐ ভূমি বিক্রয় করিতে অথবা খালাস করিতে পারেন্ কিন্তু তাহা তিনি আপনার ঝুঁকীতে করেন্ এবং যদি পক্ষান্তর ব্যক্তি আপনার দাওয়া সাব্যস্ত করিতে পারে তবে সরিফ সাহেবের উপর ক্ষতির দাওয়া হইতে পারে।

পরন্তু আমি এই পরামর্শ দিই যে মফঃসলের বিচার কর্তারা সাধ্যপর্য্যন্ত এই বিষয়ে হস্তক্ষেপ না করেন এবং যাহারা মোকদ্দমায় লিপ্ত আছে তাহারাই সরিফ সাহেবকে আদেশ ও বিজ্ঞাপন করুক তাহারদের সুতরাং তাহা আপনারদের খরচা ও আপনারদের ঝুঁকীতে করিতে হইবেক। ইঙ্গলণ্ড দেশের কোন জজ সাহেব যদি এং ডিক্রী জারীকরণের কার্য্যে হস্তক্ষেপ করিতেন তবে তাহাতে তাঁহার মর্য্যাদার হানি হইত কেবল নহে কিন্তু তাহা তাঁহার অকর্ত্তব্য কার্য্যই বোধ হইত। কেবল ফরিয়াদী অথবা আসামী যদি জজ সাহেবের নিকটে আদালতের সময়ে রীতিমতে দরখাস্ত করে তবে তিনি তাহাতে হস্তক্ষেপ করিতে পারেন। এইক্ষণে যে বিষয় আমার নিকটে অর্পণ হইয়াছে তাহাতে দৃষ্ট হইতেছে যে মফঃসলের জজ সরিফ সাহেবের সঙ্গে লিখনপঠন করিয়াছিলেন এবং তাঁহার খরচা অথবা রসুম দিতে অঙ্গীকার করিয়াছিলেন। হইতে পারে যে মফঃসলের হুকুম জারীকরণেতে এমত ব্যবহার নিয়মমত হইয়াছে এবং তাহা আবশ্যকও হইতে পারে কিন্তু ইঙ্গলণ্ড দেশের কোন আদালতে ইহা অসম্ভব বোধ হইত।

সি আর প্রিন্সেপ।

একটিং আডবোকেট জেনরল।

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY AND NIZAMUT ADAWLUT

No 2367

To the Civil and Criminal Authorities in the Bengal Districts

It appearing that proceedings in Bengalee are occasionally sent to authorities of Districts where Urdu is the Vernacular, I am directed by the Court to request that you will strictly conform to the 7th of the Rules circulated on the 5th July 1839, which relates to correspondence with other districts

W Kirkpatrick *Deputy Register*

Fort William, 24th June, 1842

No 2455

To the Several Civil and Session Judges in the Lower Provinces

1 I am directed by the Court to request that whenever any of the Ministerial Officers attached to your Court, receiving a salary of not less than 10 Rs a month, may be dismissed from the public service for misconduct, a report of the same be submitted, according to the annexed form, with a view to a register of their names being kept in this office, in conformity to orders recently received from the Honourable the Court of Directors

2 An extract from the Register will be forwarded to you annually, to enable you to guard against the admission of improper persons into the public Offices

W Kirkpatrick, *Deputy Register.*

Fort William, 8th July, 1842

সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের সরক্যুলর অর্ডর।

২৩৬৭ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানীর ও ফৌজদারীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

দৃষ্ট হইতেছে যে যে জিলাতে উর্দ্দু ভাষার চলন আছে তাহার কার্য্যকারক সাহেবেরদের নিকটে কখনং বাঙ্গলা ভাষায় লিখিত মোকদ্দমার কাগজপত্র পাঠান যাইতেছে। অতএব সদর আদালতের হুকুমক্রমে তোমাকে আদেশ করিতেছি যে তুমি ১৮৩৯ সালের ৫ জুলাই তারিখের সরক্যুলর অর্ডরের ৭ বিধির অনুসারে অবিকলরূপে কার্য্য করিবা। ঐ বিধিতে অন্যান্য জিলার সঙ্গে লিখনপঠনের বিষয়ের নিয়ম আছে।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম ১৮৪২। ২৪ জুন।

২৪৫৫ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল ও সেশন জজ সাহেব বরাবরেষু।

সদর আদালতের হুকুমক্রমে আদেশ করিতেছি যে তোমার আদালতের যে আমলারা অন্যূন ১০২ টাকা মাহিয়ানা পাইয়া থাকে তাহারদের কোন ব্যক্তি যদি কুক্রিয়াকরণপ্রযুক্ত সরকারী কর্ম্মহইতে তগীর হয় তবে শ্রীযুত কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরা সম্প্রতি যে হুকুম পাঠাইয়াছেন তাহার অনুসারে এই সিরিশ্তায় উক্ত প্রকার তগীরহওয়া ব্যক্তিরদের নামের এক রেজিষ্টর রাখিবার নিমিত্ত তুমি তাহার বিষয়ের রিপোর্ট নীচের লিখিত পাঠানুসারে করিবা।

২। সরকারী কার্য্যের অনুপযুক্ত কোন ব্যক্তিকে তুমি কর্ম্মে নিযুক্ত না কর এনিমিত্ত প্রতিবৎসরে ঐ রেজিষ্টরের এক চুম্বক তোমার নিকটে পাঠান যাইবেক।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪২। ৮ জুলাই।

Ministerial Officers of the Civil Court of Zillah dismissed from Office for misconduct

1	2	3	4	5	6
Name of the Employee	Name of his Father	Office held by him	Cause of Dismission	Date of Dismission	Remarks

NOTIFICATION

APPOINTMENTS BY THE SUDDER DEWANNY ADAWLUT

THE 12TH AUGUST, 1842

Moonshee Mahomed Wullee to be officiating Moonsiff of Cusba Noornuggur, Zillah Tipperah

Mr I N Thomas, 1st grade Moonsiff of Singhea, to be Moonsiff of Jessore

Baboo Kylas Chunder Day (who obtained a Diploma) to be Moonsiff of Singhea, Zillah Jessore

THE 15TH AUGUST, 1842

Moulvee Abdoos Summud, who has obtained a Diploma, to officiate as Moonsiff of Bishenpore, in the 24 Pergunnahs

J HAWKINS, *Register*

CIVIL APPOINTMENTS

No 379

FORT WILLIAM,

SEPARATE DEPARTMENT,

The 10th August, 1842

Mr S G Palmer Commissioner for the Superintendence of Abkarry Revenue, embarked for the Cape of Good Hope on board the Ship Mount Stuart Elphinstone which Vessel was left by the Pilot at Sea on the 4th instant

H V BAYLEY

Depy Secy to the Govt of Bengal

No 1071

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL

JUDICIAL AND REVENUE DEPARTMENT

APPOINTMENTS

The 8th August, 1842

Mr J H Patton to be a Member of the Fever Hospital and Municipal Committee

The 12th August, 1842

Mahomed Cassim Allee, Native Doctor, to be attached to the Jail at Kamroop in Assam vice Sheikh Badul deceased

LEAVE OF ABSENCE

The 15th August, 1842

Mr H Atherton Joint Magistrate and Deputy Collector of Pubna, for two years, under Medical

[*Government Gazette*, *August* 23rd 1842.]

অমুক জিলার দেওয়ানী আদালতের যে আমলারা কুক্রিয়া করণপ্রযুক্ত তগীর হইয়াছে।

১	২	৩	৪	৫	৬
আমলার নাম।	তাহার পিতার নাম।	ঐ আমলা যে কর্ম্ম করিত।	তাহার তগীর হওনের কারণ।	তগীর হওনের তারিখ।	মন্তব্য কথা।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের নিয়োগ।

১৮৪২ সাল ১২ আগস্ট।

শ্রীযুত মুনসী মহম্মদ ওলি জিলা ত্রিপুরার কসবা নুরনগরের একটিং মুনসেফ হইবেন।

সিংঘিয়ার প্রথম শ্রেণীর মুনসেফ শ্রীযুত আই এন তামস সাহেব যশোহরের মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু কৈলাশচন্দ্র দে যোগ্যতার পত্র প্রাপ্ত হওয়াতে যশোহর জিলার সিংঘিয়ার মুনসেফ হইবেন।

১৮৪২ সাল ১৫ আগস্ট।

শ্রীযুত মৌলবী আবদস সমদ যোগ্যতার পত্র প্রাপ্ত হওয়াতে চব্বিশ পরগনার বিষ্ণুপুরের মুনসেফী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

জে হকিন্স। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

৩৭৯ নম্বর।

ফোর্ট উলিয়ম।

স্বতন্ত্র ডিপার্টমেন্ট।

১৮৪২ সাল ১০ আগস্ট।

আবকারীর রাজস্বের তত্ত্বাবধারণের কর্ম্মের নিমিত্ত কমিস্যনর শ্রীযুত এস জি পামর সাহেব "মৌন্ট ষ্টুয়ার্ট এলফিনষ্টোন" নামক জাহাজে কেপ গমন করিয়াছেন। ভাড়কাটি ঐ জাহাজ বর্ত্তমান মাসের ৪ তারিখে সমুদ্রে ছাড়িয়া আইসে। এচ বি বেলি।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের ডেপুটী সেক্রেটারী।

১০৭১ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবর্নর সাহেবের হুকুম।

জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেন্ট।

নিয়োগ।

১৮৪২ সাল ৮ আগস্ট।

শ্রীযুত জে এচ পাটন সাহেব কলিকাতাস্থ জ্বরের হাসপিটলের এবং নগরীয় কমিটির মেম্বর হইবেন।

১৮৪২ সাল ১২ আগস্ট।

সেখ বাদুলের মৃত্যু হওয়াতে এদেশীয় চিকিৎসক শ্রীযুত মহম্মদ কাশিম আলি আসাম কামরূপের জেলখানায় চিকিৎসা কার্য্যে নিযুক্ত হইলেন।

ছুটী।

১৮৪২ সাল ১৫ আগস্ট।

পাবনার জাইন্ট মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ আথর্টন সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে স্বাস্থ্য

Certificate, to proceed to the Cape of Good Hope, or to New South Wales, for the benefit of his health —Mr F Lushington will officiate for Mr Atherton as Joint Magistrate and Deputy Collector of Pubna, until further orders

র্থে কেপে অথবা নিউসৌথ উয়েলসে গমনের নিমিত্ত দুই বৎসরের ছুটী পাইয়াছেন। অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত আথর্টন সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত এফ লশিংটন সাহেব পাবনার জাইন্ট মাজিষ্ট্রেটী ও ডেপুটী কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

NOTIFICATION

Joogulkishore Sein late Treasurer of the Collectorate of Mymensing, having been convicted of embezzling the public money entrusted to his care, is, under Section IV Regulation II of 1813, hereby declared incapable of again serving the Government in any public capacity

বিজ্ঞাপন।

ময়মনসিংহের কালেক্টরীর খাজাঞ্চী যুগলকিশোর সেনের নামে তাহার জিম্মায় রাখা সরকারী টাকা তসরুফ করণের দোষ সাব্যস্ত হওয়াতে ইহার দ্বারা প্রকাশ হইতেছে যে ঐ ব্যক্তি ১৮১৩ সালের ২ আইনের ৪ ধারানুসারে উত্তর কালে কোন সরকারী কর্ম্ম করিতে পারিবেক না।

F J Halliday
Secy to the Govt of Bengal

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

No 1087

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL

JUDICIAL AND REVENUE DEPARTMENT

APPOINTMENTS

The 8th August 1842

Mr F Skipwith, Officiating Civil and Sessions Judge of Chittagong to exercise the powers of a Special Commissioner under Regulation III of 1828, in that District, including the Islands of Sundeep and Hattea—and the Pergunnah of Dukhin Shabazpore attached to the Civil Jurisdiction of Backergunge and the Joint Magistracy of Bulloah

১০৮৭ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবর্নর সাহেবের হুকুম।

জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেন্ট।

নিয়োগ।

১৮৪২ সাল ৮ আগস্ট।

চাটিগাঁর একটিং সিবিল ও সেশন জজ শ্রীযুত এফ স্কিপউইথ সাহেব ১৮২৮ সালের ৩ আইন মতে ঐ এলাকায় ও সন্দীপ ও হাতিয়া দ্বীপে এবং বাকরগঞ্জের দেওয়ানী এলাকার অন্তঃপাতী ভুলুয়ার জাইন্ট মাজিষ্ট্রেটীর অধীন পরগনা দক্ষিণ শাহবাজপুরে স্পেসিয়াল কমিসনরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

The 15th August, 1842

Moulvie Abdool Jubbar to be Law Officer to the Civil and Session Judge's Court at Moorshedabad, vice Moulvie Mozun Hussein promoted to the office of Sudder Ameen of Shahabad

১৮৪২ সাল ১৫ আগস্ট।

শ্রীযুত মৌলবী মাজিন হুসেন শাহাবাদের সদর আমীনী পদে নিযুক্ত হওয়াতে তাহার পরিবর্ত্তে শ্রীযুত মৌলবী আবদল জব্বার মুরশিদাবাদের সিবিল ও সেশন জজ সাহেবের আদালতে ফতওয়াদায়ক হইবেন।

LEAVES OF ABSENCE

Mr H P Russell, Civil and Sessions Judge of Moorshedabad, for fifteen days, on private affairs, making over charge of the current duties of his office to the Principal Sudder Ameen Moulvie Mahomed Kulleem

ছুটী।

মুরশিদাবাদের সিবিল ও সেশন জজ শ্রীযুত এচ পি রসল সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে পনের দিনের ছুটী পাইয়াছেন এবং আপনার সিরিশতার চলিত কর্ম্মের ভার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ কলীমের প্রতি অর্পণ করিলেন।

Mr R N Farquharson Collector of Sarun, for one month, under Section XI of the Rules of 29th January 1840, making over charge of his office to his Assistant Mr W H Brodhurst

সারণের কালেক্টর শ্রীযুত আর এন ফারকুর্সন সাহেব ১৮৪০ সালের ২৯ জানুআরি তারিখের বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন এবং আপনার কর্ম্মের ভার আপনার আসিস্টান্ট শ্রীযুত ডবলিউ এচ ব্রডহর্স্ট সাহেবের প্রতি অর্পণ করিলেন।

Baboo Hurreenarain Ghose, Principal Sudder Ameen of the 24 Pergunnahs, for one month under Medical Certificate Baboo Lokenath Bose, the Sudder Ameen will officiate for Baboo Hurreenarain as Principal Sudder Ameen, and Moulvie Mahomed Ruffa, 1st Grade Moonsiff will officiate for Baboo Lokenath Bose as Sudder Ameen, during the absence of Baboo Hurreenarain The above supersedes the leave for seven days granted to Baboo Hurreenarain on the 1st instant

চব্বিশপরগনার প্রধান সদর আমীন শ্রীযুত বাবু হরিনারায়ণ ঘোষ চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন। শ্রীযুত বাবু হরিনারায়ণ ঘোষের অনুপস্থানপর্য্যন্ত তাহার পরিবর্ত্তে সদর আমীন শ্রীযুত বাবু লোকনাথ বসু প্রধান সদর আমীনী কর্ম্ম একটিংরূপে নির্ব্বাহ করিবেন এবং শ্রীযুত বাবু লোকনাথ বসুর পরিবর্ত্তে প্রথম শ্রেণীর মুনসেফ শ্রীযুত মহম্মদ রফা সদর আমীনী কর্ম্ম একটিংরূপে নির্ব্বাহ করিবেন। শ্রীযুত বাবু হরিনারায়ণ ঘোষ বর্ত্তমান মাসের ১ তারিখে যে ৭ দিনের ছুটী পাইয়াছিলেন তাহা উক্ত ছুটীর দ্বারা রহিত হইল।

Baboo Kewulkissen Roy, Deputy Collector under Regulation IX of 1833 in the Division of Chittagong for one month, in further extension, under Medical Certificate

১৮৩৩ সালের ৯ আইনানুসারে চাটিগাঁর ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কেবলকৃষ্ণ রায় চিকিৎসকের সর্টিফিকটক্রমে অতিরিক্ত এক মাসের ছুটী পাইয়াছেন।

Baboo Ramlochun Ghose Principal Sudder Ameen of Nuddea, from the 31st instant to the 6th proximo, on private affairs

নদীয়ার প্রধান সদর আমীন শ্রীযুত বাবু রামলোচন ঘোষ স্বীয় কর্ম্মোপলক্ষে বর্ত্তমান মাসের ৩১ তারিখ অবধি আগামি মাসের ৬ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

[গবর্ণমেন্ট গেজেট ১৮৪২। ২৩ আগস্ট।

NOTIFICATION

Mr A Turnbull made over charge of the Magistracy of East Burdwan to Mr R Abercrombie on the 5th, and resumed charge of the same on the 8th instant

Mr F B Kemp received charge of the Magistracy of Dinagepore, from Mr E Lautour on the 5th idem

Lieutenant L P D Eld received charge of the Division of Kamroop, in Assam, from Captain J Butler on the 23d ultimo

F J HALLIDAY,
Secy to the Govt of Bengal

বিজ্ঞাপন।

শ্রীযুত এ টর্নবল সাহেব পূর্ব্ব বর্দ্ধমানের মাজিষ্ট্রেটী কর্ম্মের ভার বর্ত্তমান মাসের ৫ তারিখে শ্রীযুত আর আবরক্রম্বি সাহেবের প্রতি অর্পণ করেন এবং বর্ত্তমান মাসের ৮ তারিখে তাহা পুনর্গ্রহণ করেন।

শ্রীযুত এফ বি কেম্প সাহেব বর্ত্তমান মাসের ৫ তারিখে শ্রীযুত ই লাটুর সাহেবের স্থানে দিনাজপুরের মাজিষ্ট্রেটী কর্ম্মের ভার পুনর্গ্রহণ করিলেন।

শ্রীযুত লেপ্টেনেন্ট এল পি ডি এল্ড সাহেব গত মাসের ২৩ তারিখে শ্রীযুত কাপ্তান জে বটলর সাহেবের স্থানে আসামে কামরূপের এলাকার কর্ম্ম গ্রহণ করিলেন।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

SALT

নিমক।

ইস্তেহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত নবরচ নেমক পশ্চাদুক্ত নিরিখ দরে বিক্রয়ার্থে প্রস্তুত আছে খরিদারানের উচিত যে ঐ নেমকের বরম মোং শালিখার সরকারি গোলায় নমুনা দৃষ্টে খাতিরজমামত বুঝিয়া খরিদ করেন আর যে ব্যক্তি মোকাম মজকুরে প্রথমে রওয়ানা দাখিল করিবেক সেই ব্যক্তি পহিলা ওজন পাইবার যোগ্য হইবেক।

নেমকের রেওরা।

এজেন্সী অর্থাৎ জেলার নাম	ঘাটের নাম	কোন সনের পোক্তান	মওযাফি নেমক	নিরিখ দর ফি ১০০১ মোন
মান্দরাজ পরমিট নেমক ১ পহিলা বরম ২ দোসরা বরম	শালিখা ঐ	১৮৪১। ৪২ সাল ,		কোং টাকা ৪০২১ ৩৯৬১

বোর্ড পারমিট নিমক ও আফিম তাং ১৮ আগষ্ট সন ১৮৪২ সাল।   এচ টরেন্স। সেক্রেটারী।

SALES OF LAND

জমীদারী নীলাম।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা মুরশিদাবাদ এই যে এজেলার অধীন থানা ভবানীপুরের সংক্রান্ত ঝিকরা সাকিনের মোকররান আলি সেখ গোল মহম্মদের আগমা তাওদ যাহার সদরজমা মং ৪/১১ পাই তাহার পণ ফাজিলের টাকা পাইবার বাসনায় এক কেতা দরখাস্ত গুজরাইলেক মতে এস্তাহার দেওয়া যাইতেছে যে সেওয়ায় মজকুর উক্ত পণ ফাজিলের যে কেহ দাবিদার থাকহ ১৫ রোজ মধ্যে হাজির হইয়া সাবুদ সমেত দরখাস্ত করহ নচেৎ মেয়াদ গতে কাহার কোন আপত্তি গ্রাহ্য না হইয়া টাকা দেওয়ার পক্ষে উচিত হুকুম হইবেক এবিষয় সর্ব্ব সাধারণের জ্ঞাত কারণ ইস্তাহার দেওয়া গেল ইতি সন ১৮৪২। তাং ২১ জুলাই মোতাবেক সন ১২৪৯। তাং ৭ শ্রাবণ।

Moorshedabad Collectorate, 21st July, 1842   C D RUSSELL *Actg Collector*

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা মুরশিদাবাদ এই যে

রামানন্দ দফাদার এক কেতা দরখাস্ত এই মর্ম্মে গুজরায় যে কীং পরগনে চুণাখালি সরকারের বাকী আদায় কারণ ৩১৫০০১ টাকা পণে বিক্রী হইয়া সরকারের পাওনা ২৮৮৬।৶ টাকা বাদে ২৮৬১৩।/ টাকা তহবিলে মজুদ আছে তাহার মধ্যে রামরত্ন সান্যালের পাওনা ৭১৫৩।/৩ পাই টাকা আর প্রাণনাথ চট্টোপাধ্যায়ওগয়রহের পাওনা ১৩৯৫/৭ পাই টাকা আর ভগীরথ দফাদারের পাওনা ১১৯৬৯৷৪ পাই টাকা ও চন্দ্রচূড় রায়ওগয়রহের পাওনা ৫৬০২৷৶৫ পাই টাকা মজকুরের পাওনা ২৪৯৩৶৫ পাই মতে প্রার্থনা রাখে যে উক্ত টাকা উহাকে দেওয়ান যায় মতে ইস্তাহার দেওয়া যাইতেছে যে সেওয়ায় মজকুর মজকুরের পাওনা উক্ত টাকায় অন্য কেহ দাবিদার থাকে তবে ১৫ রোজ মধ্যে হুজুরে হাজির হইয়া আপনং দরখাস্ত মায় সাবুদ গুজরায় নচেৎ মেয়াদ গতে উচিত হুকুম হইবেক ইতি সন ১৮৪২। তাং ২০ জুলাই মং সন ১২৪৯ সাল তাং ৬ শ্রাবণ।

Moorshedabad Collectorate 20th July, 1842   C D RUSSELL, *Actg Collector*

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা মুরশিদাবাদ এই যে

রূপলাল চট্টোপাধ্যায় এক কেতা দরখাস্ত এই মর্ম্মে গুজরায় যে কীং পরগনে চুণাখালি সরকারের বাকী আদায় কারণ ৩১৫০০১ টাকা পণে বিক্রী হইয়া সরকারের পাওনা ২৮৮৬৷৶ টাকা বর্জন বাদে ২৮৬১৩।/ টাকা তহবিলে মজুদ আছে তাহার মধ্যে রামরত্ন সান্যালের পাওনা ৭১৫৩।/৩ পাই টাকা আর ভগীরথ দফাদারের পাওনা ১১৯৬৯৷৪ পাই টাকা আর রামানন্দ দফাদারের পাওনা ২৪৯৩৶৫ পাই আর চন্দ্রচূড় রায়ওগয়রহের পাওনা ৫৬০২৷৶৫ পাই আর মজকুরের ও প্রাণনাথ চট্টোপাধ্যায়ের পাওনা ১৩৯৫/৭ পাই তাহার মধ্যে মজকুরের পাওনা ৬৯৭৷৯ পাই টাকা মতে প্রার্থনা রাখে যে উক্ত টাকা উহাকে দেওয়ান যায় মতে ইস্তাহার দেওয়া যাইতেছে যে

সেওয়ায় মজকুর মজকুরের পাওনা টাকার কেহ দাবিদার থাকে ১৫ রোজ মধ্যে হাজির হইয়া আপনং দরখাস্ত মায় সাবুদ পেশ করায় নচেৎ মেয়াদ গতে উচিত হুকুম হইবেক ইতি সন ১৮৪২ সাল ২২ জুলাই মং ১২৪৯ সাল ৮ শ্রাবণ।

Moorshedabad Collectorate, 22d July, 1842 — C D RUSSELL, *Actg Collector*

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জিলা মুরশিদাবাদ এই যে এজেলার অধীন ভবতপুর থানার সংক্রান্ত ঝিকরা সাকিনের কোবরান আলি সেখ শাহাবদ্দীনের আয়মা কীং সন্তোষপুর যাহার সদর জমা ৩৷৷৴৭ পাই এই তাহাদের পণ ফাজিলের টাকা পাইবার বাসনায় দরখাস্ত করিয়াছে মতে ইস্তাহার দেওয়া যাইতেছে যে সেওয়ায় মজকুর অন্য যে কেহ উক্ত পণ ফাজীলের দাবিদার থাকে ১৫ রোজ মধ্যে হজুরে হাজির হইয়া সাবুদ সমেত দরখাস্ত করে নচেৎ মেয়াদ গতে কাহার কোন আপত্তি গ্রাহ্য না হইয়া টাকা দেওয়ার পক্ষে উচিত হুকুম হইবেক এবিষয়ে সর্ব্ব সাধারণের জ্ঞাত কারণ এস্তাহার দেওয়া গেল ইতি সন ১৮৪২ সাল তাং ২১ জুলাই মোতাবক সন ১২৪৯ সাল তাং ৭ শ্রাবণ।

Moorshedabad Collectorate, 21st July, 1842 — C D RUSSELL *Actg Collector*

ইস্তাহার নামা কাছারি কালেক্টরি জেলা মুরশিদাবাদ এই যে অত্র জেলার অধীন থানা ভবতপুরের সংক্রান্ত ঝিকরা শাকিনের শ্রীকোবরান আলি সেখ আতাউল্লার আয়মা তাহুদ কীং সন্তোষপুরের ফাজিল টাকা পাওনের প্রার্থনায় দরখাস্ত করিয়াছে মতে ইস্তাহার দেওয়া যাইতেছে যে সেওয়ায় মজকুর অন্য কেহ দাবিদার থাকে ১৫ রোজ মধ্যে হাজির হইয়া মায় সাবুদ দরখাস্ত করে নচেৎ মেয়াদ গতে কাহার কোন আপত্তি গ্রাহ্য না হইয়া উচিত হুকুম হইবেক এ বিষয় সর্ব্বসাধারণের জ্ঞাত কারণ এস্তাহার দেওয়া গেল ইতি সন ১৮৪২ সাল তাং ২১ জুলাই মোতাবেক সন ১২৪৯ সাল তাং ৭ শ্রাবণ।

Moorshedabad Collectorate, 21st July, 1842 — C D RUSSELL *Actg Collector*

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা মুরশিদাবাদ এই যে এজেলার অধীন থানা ভবতপুরের সংক্রান্ত ঝিকরা সাকিনের শ্রী এরসাদ আলি সৈয়দ হানিফের আয়মা তাহুদ কীং সন্তোষপুরের ফাজিল টাকা পাইবার প্রার্থনায় দরখাস্ত করিলেক মতে এস্তাহার দেওয়া যাইতেছে যে সেওয়ায় মজকুর উক্ত ফাজিল টাকার যে কেহ দাবিদার থাকহ ১৫ রোজ মধ্যে হাজির হইয়া মায় সাবুদ দরখাস্ত করহ নচেৎ মেয়াদ গতে কাহার কোন ওজর গ্রাহ্য না হইয়া টাকা দেওয়ার পক্ষে উচিত হুকুম হইবেক এবিষয় সর্ব্ব সাধারণের জ্ঞাত কারণ এস্তাহার দেওয়া গেল ইতি সন ১৮৪২। ২১ জুলাই মং সন ১২৪৯ সাল তাং ৭ শ্রাবণ।

Moorshedabad Collectorate 21st July 1842 — C D RUSSELL, *Actg Collector*

এস্তাহার নামা কাছারি কালেক্টরী জেলা মুরশিদাবাদ এই যে

সেখ মমতাজ আলি এক কেতা দরখাস্ত এই মর্ম্মে পেশ করায় যে সেখ ফজলে উমর আয়মা কীং তালিবপুর যাহার সদর জমা ৩৷৷৯ পাই সরকারের বাকী আদায় কারণ নীলাম হওয়াতে তালিবপুর সাকিনের সেখ মেহরাদ্দীন ৬১ টাকা মূল্যে খরিদ করাতে উক্ত মূল্যের টাকা সরকারের তহবিলে আমানৎ আছে অতএব মজকুর সরকারের পাওনা বাদে বক্রী পণফাজীলের টাকা পাওনের প্রার্থনা রাখে এবিধায় এস্তাহার দেওয়া যাইতেছে যে সেওয়ায় মজকুর অন্য কেহ উক্ত পণফাজীলের টাকার দাবিদার থাকহ ১৫ রোজ মধ্যে হজুরে হাজির হইয়া তাহার দরখাস্ত মায় ও যে সাবুদ পেশ করায় নচেৎ মেয়াদ গতে মনাসেব হুকুম প্রকাশ হইবেক ইতি সন ১৮৪২ সাল তারিখ ২৩ জুলাই।

Moorshedabad Collectorate, 23rd July, 1842 — C D RUSSELL, *Actg Collector*

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা মুরশিদাবাদ এই যে সন ১৮৪১ ইঙ্গরেজীর ১২ দ্বাদশ আইনের ৮ অষ্টম ধারার মর্ম্মানুসারে মেং রাবর্ট ওয়াটসেন সাহেব ও বাও রামশঙ্করের এবং পরগনে বকুনপুরের সন ১২৪৯ সাল লাগায়েদ কীস্তি জ্যৈষ্ঠের মালগুজারির বাকী আদায় কারণ উক্ত মহাল নীচের তপশীল মোতাবেক সন ১৮৪২ ইঙ্গরেজীর তারিখ ১ সেপ্টেম্বর মোতাবেক সন ১২৪৯ সাল তারিখ ১৭ ভাদ্র নীলাম হওনের ইস্তাহার জারি হইল যদ্যপি উক্ত বাকীদার নীলামের পূর্ব্ব দিবস সূর্য্যাস্তপর্য্যন্ত ইস্তাহারের লিখিত সমুদয় বাকী টাকা দাখিল না করে তবে ঐ নীলামের নিরূপিত দিবসে বাকী টাকা গ্রহণ না করিয়া এই কালেক্টরির সদর কাছারিতে নীলাম হইবেক যে কেহ খরিদের বাসনা রাখহ ঐ নীলামের তারিখে ফিশত ২৫৲ টাকা হিসাবে ফিসের টাকা সমেত হাজির হইয়া আইনমত খরিদ করহ এবিষয় সকলের জ্ঞাতার্থে ইস্তাহার দেওয়া গেল ইতি সন ১৮৪২ ইঙ্গরেজী তারিখ ১১ আগস্ট মোতাবেক সন ১২৪৯ সাল তারিখ ২৮ শ্রাবণ।

নম্বর লাট	নম্বর রেজিষ্টরী	নাম মহালাত তালুকদার	জমা সালিয়ানা সদর	তায়দাদ রকম যাহা বিক্রী হইবেক	বাকী মালগুজারী ইং কীং মাঘ সন ১২৪৮। লাং কীং জ্যৈষ্ঠ সন ১২৪৯।	কৈং
১	১১৪২	পরগনে বকুনপুর তালুক মেস্তর রাবর্ট ওয়াটসেন সাহেব ও বাও রামশঙ্কর	৬১৭৬১৮১১	মজ্জুলম মহাল	১৯০১৭।১১	

Moorshedabad Collectorate, 11th August, 1842 — C D RUSSELL, *Actg Collector*

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ২৩ আগস্ট।]

ইস্তাহাবনামা কাছাবি কালেক্টব জেলা মুবশিদাবাদ এই যে

অনুপচন্দ্র তেওয়াবি কীৎ মৌজে আলমপুব যাহাব সদব জমা ৭৫১৲ টাক, বাজচন্দ্র মজমদাব নীলাম খবিদা বেব নামে তাতদ লেখা যায় উক্ত মজুমদাবেব মহাল খবিদ কবিযা আপন নাম জাবিব প্রার্থনায় দবখাস্ত কবিয়াছে মতে এস্তাহাব দেওয়া যাইতেছে যে সেওয়ায় মজহব উক্ত মহালেব অন্য কেহ দাবিদাব থাকে ১৫ বোজ মধ্যে হুজুবে হাজিব হইয়া আপন২ দবখাস্ত মায় সাবুদ গুজরায নচেৎ মেযাদ গতে উচিত হুকুম হইবেক ইতি সন ১৮৪২ সাল তাৎ ১ আগষ্ট মোতাবেক সন ১২৪৯ সাল তাৎ ১৮ শ্রাবণ।

Moorshedabad Collectorate, 1st August, 1842 — C D RUSSELL, *Actg Collector*

ইস্তাহাবনামা কাছাবি কালেক্টবি জেলা মুবশিদাবাদ এই যে হুদা ইকুডাব জমীদাব বাজা কৃষ্ণচন্দ্র বাহাদুব ও কোঙাব বামচন্দ্র উক্ত মহালেব বাটোওয়াবাব জুজ আমীনেব দবমাহা সন ১৮৪১ সালেব ইয়্যক জুলাই লাগাইদ অক্টোবব না দেওয়াতে এই কালেক্টবিব বর্ত্তমান সনেব ৫ আগস্ট তাবিখেব আজ্ঞানুযাযি উক্ত টাকা আদায় কাবণ ঐ জমীদাবেব কথিত মহালেব হিস্যা নীচেব তপশীল মত সন ১৮৪১ সালেব দ্বাদশ আইনেব ৮ ধাবাব মর্ম্মানুসাবে সন ১৮৪২ ইঙ্গবেজীব তাবিখ ৯ সেপ্টেম্বব মোতাবেক সন ১২৪৯ সালেব তাবিখ ২৫ ভাদ্র নীলাম হওনেব ইস্তাহাব জাবি হইল যদি ঐ জমীদাবগণ এই ইস্তাহাবেব লিখিত সমুদয় দবমাহাব টাকা নীলামেব পূর্ব্ব দিবস সূর্য্যাস্ত পর্য্যন্ত দাখিল না কবে তবে ঐ নীলামেব নিরূপিত দিবসে উক্ত জমীদাবেবা টাকা দিলে তাহা গ্রহণ না হইয়া এ কালেক্টবিতে নীলাম হইবেক যে কেহ খবিদেব বাসনা বাখহ ফিশত ২৫৲ টাকাব হিসাবে ফিস সমেত হাজিব হইযা আইনমত খবিদ কবহ এ বিষয় সকলেব জ্ঞাত কাবণ ইস্তাহাব দেওযা গেল ইতি সন ১৮৪২ সাল তাবিখ ১১ আগষ্ট মোতাবেক সন ১২৪৯ সাল তাবিখ ২৮ শ্রাবণ।

নম্বব লাট	নম্বব বেজিষ্টবী	নাম মহাল	নাম তালুকদাব	সদব জমা শালিয়ানা মায থানাদাবী	তাযদাদ বকম যাহা নীলাম হইবেক	তাইন জুজ আমীনেব দবমাহাব টাকা	কৈৎ
				১ ৫৪২৮।।৮			
১	১৪৩৭৲	হুদা ইকুডা ওগযবহ	বাজাকৃষ্ণচন্দ্র বাহাদুব ও কোঙাব বামচন্দ্র ও বাণী হুউজে কোঙাবী		এই মহালেব মধ্যে বকম ।৵৯।।৵১৬ বাজা কৃষ্ণচন্দ্র বাহাদুবেব হিস্যা ও বকম ।।২/১৬৸ কোঙাব বামচন্দ্রেব হিস্যা পৃথক নীলাম হইবেক	দেনা বাজা কৃষ্ণচন্দ্র বাহাদুব ১২৵৬ দেনা কোঙাব বামচন্দ্র ১০৪।৬ ২২৬।।০	

Moorshedabad Collectorate 11*th August,* 1842 — C D RUSSELL, *Actg Collector*

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 16th of September, 1842 —

ACT No —— OF 1842

An Act for amending the Law concerning Appeals from Justices of the Peace, and from Magistrates acting under the Statute 53 Geo III Ch 155

Whereas, in many cases provided by law, offences may be prosecuted before Magistrates not acting within the local limits of the jurisdiction of Her Majesty's Supreme Courts, and which such Magistrates may take cognizance of either in their Magisterial capacity under the Regulations, or as Justices of the Peace And whereas the Appeal from convictions before Magistrates acting in their Magisterial capacities, and from the like convictions before Justices of the Peace are subject to different rules And whereas in all cases of convictions before Justices of the Peace in the Mofussil and before Magistrates exercising jurisdiction under the provisions of Statute 53 Geo III c 155, in cases of assaults, forcible entries, or other injuries accompanied with force committed by British subjects, the law as to Appeals requires amendment

I It is hereby enacted, that an Appeal shall lie from all sentences passed by any Justice of the Peace acting without the local limits of any of Her Majesty's Supreme Courts upon convictions had before him for any offence, and from all sentences passed by any Magistrate upon convictions had before him exercising such jurisdiction as aforesaid to the same authority and subject to the same rules as are provided by the Regulations and Acts of the Government in the case of sentences passed by Magistrates in the exercise of their ordinary jurisdiction

II And it is hereby provided that nothing in this Act contained shall be held to take away the power of quashing any conviction by means of a Writ of Certiorari.

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২ । ২৫ অক্টোবর ।]

ব্যক্তির এই আইনের লিখিত অপরাধকরণের দোষ মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে ঐ ব্যক্তির দণ্ড হইতে পারে কিন্তু যদি ঐ দাঙ্গাহঙ্গামাতে প্রাণহানি হয় তবে মাজিষ্ট্রেট সাহেব সেই অপরাধের বিচার করিতে পারেন্ না ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্ত প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ২৬ নবেম্বর তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের প্রথম যে বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনর্ব্বার বিবেচনা করা যাইবেক। এফ জে হালিডে।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

JOHN C MARSHMAN *Bengalee Translator*

ফোর্ট উলিয়ম।
লেজিসলেটিব ডিপার্টমেণ্ট।
ইঙ্গরেজী ১৮৪২ সাল ১৬ সেপ্টেম্বর।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪২ সালের ১৬ সেপ্টেম্বর তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪২ সাল——আক্ট।

জুষ্টিস অফ দি পীসেরদের এবং তৃতীয় জর্জের ৫৩ বৎসরীয় আক্ট অর্থাৎ আইনের ১৫৫ অধ্যায়অনুসারে যে মাজিষ্ট্রেট সাহেবেরা কার্য্য করেন্ তাঁহারদের হুকুমের উপর আপীলবিষয়ক আইন শুধরিবার আইন।

যেহেতুক আইনের নির্দ্দিষ্ট নানা গতিকে যে মাজিষ্ট্রেট সাহেবেরা শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টের এলাকার বিশেষ সীমাসরহদ্দের বাহিরে নিযুক্ত আছেন্ সেই মাজিষ্ট্রেট সাহেবেরদের নিকটে কোন২ অপরাধের নালিশ হইতে পারে এবং ঐ মাজিষ্ট্রেট সাহেবেরা আইনানুসারে তাঁহারদের যে মাজিষ্ট্রেটী ক্ষমতা আছে তদুপলক্ষে অথবা তাঁহারদের জুষ্টিস অফ দি পীসের পদের উপলক্ষে ঐ নালিশের বিচার করিতে পারেন্। এবং যেহেতুক মাজিষ্ট্রেটী পদের উপলক্ষে মাজিষ্ট্রেট সাহেবেরা যে২ দণ্ডের হুকুম করেন্ তাহার উপর এবং জুষ্টিস অফ দি পীসের পদের উপলক্ষে তাঁহারা যে২ দণ্ডের হুকুম দেন তাহার উপর আপীলকরণবিষয়ের ভিন্ন২ বিধি আছে। এবং যেহেতুক ব্রিটনীয় প্রজারা চড়াউ করিলে বা কোন স্থানে বলপূর্ব্বক প্রবেশ করিলে অথবা বলপূর্ব্বক অন্য কোন প্রকার ক্ষতি করিলে তাহারদের ঐ দোষ মফঃসলে জুষ্টিস অফ দি পীসের সমক্ষে এবং তৃতীয় জর্জের ৫৩ বৎসরীয় আক্ট অর্থাৎ আইনের ১৫৫ অধ্যায়ের বিধানমতে ক্ষমতাপ্রাপ্ত মাজিষ্ট্রেট সাহেবের সমক্ষে সাব্যস্ত হইলে তাঁহারদের হুকুমের উপর আপীল করণের যে আইন আছে তাহা শুধরণের আবশ্যক।

১ ধারা। অতএব ইহাতে হুকুম হইল যে মাজিষ্ট্রেট সাহেব আপনার সামান্য ক্ষমতার উপলক্ষে দণ্ডাজ্ঞা করিলে সরকারের আইনানুসারে যে কার্য্যকারকের নিকটে এবং যে২ বিধির অনুসারে আপীল হইবার হুকুম আছে শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টের বিশেষ সীমাসরহদ্দের বাহিরে কোন জুষ্টিস অফ দি পীস্ কোন অপরাধ সাব্যস্তহওয়াতে যে দণ্ডাজ্ঞা করেন্ তাহার উপর এবং উক্ত আক্ট অর্থাৎ আইনানুসারে যে কোন মাজিষ্ট্রেট সাহেব কার্য্য করেন্ তাঁহার দ্বারা কোন অপরাধ সাব্যস্তহওয়াতে তিনি যে দণ্ডাজ্ঞা করেন তাহার উপর আপীল সেই কার্য্যকারকের নিকটে এবং সেই২ বিধির অনুসারে হইবেক ইতি।

২ ধারা। এবং ইহাতে নির্দ্দিষ্ট হইল যে কোন দণ্ডাজ্ঞা সর্সিওরারাই নামক পরওয়ানার দ্বারা রদকরণের যে ক্ষমতা এক্ষণে আছে তাহা এই আইনের কোন কথাতে রহিত হইল এমত বোধ করিতে হইবেক না ইতি।

Ordered, that the Draft now read be published for general information

Ordered, that the said Draft be reconsidered at the first meeting of the Legislative Council of India after the 16th day of December next

F J Halliday,
Offg Secy to the Govt of India

FORT WILLIAM,
LEGISLATIVE DEPARTMENT,
The 7th October, 1842

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 7th of October 1842 —

Act No —— of 1842

An Act to facilitate the Execution of Process issued by any of her Majesty's Courts of Justice in India and for the improvement of the administration of Justice therein

Whereas it is desirable to render more effectual the execution of the Judgments, Decrees, Orders and of all Process of Her Majesty's Courts of Justice in India, beyond the local limits of their respective jurisdictions, and to that end to apply the provisions of the Act No XXIII of 1840, for the execution within the Local Limits of Her Majesty's Courts in India of Legal Process issued by the authorities in the Mofussil, to the execution without such Local Limits of the Legal Process issued by Her said Majesty's Courts as nearly as the same may be made applicable thereto

I It is hereby enacted that any Writ, Order, Warrant, or other Process whatsoever issued by any of Her Majesty's Courts of Justice in India may be executed as follows out of the Local Limits of those Courts respectively and within the respective Presidencies in which they are established in addition to such ways and means whereby the same may now be executed A copy of such Writ, Order, Warrant or other Process and of all indorsements thereon purporting to be made by the Court issuing the same or any Judge thereof and authenticated by the Seal of the Court out of which it issues, and which Seal shall be taken to prove itself, and shall be sufficient proof of such Writ, Order, Warrant, Process, and of such Indorsements as aforesaid, shall be forwarded to any Judge of any Court of the Honourable East India Company, Justice of the Peace, or any Magistrate in the Service of the said Honourable Company in and for the district or place wherein the same is to be executed, and whose aid in the execution of the said Writ, Order, Warrant or other Process is desired, who is hereby authorized and required under his hand and signature to endorse the same, and to direct the same to be executed within the limits of his jurisdiction according to the nature of such Writ, Order, Warrant or other Process, as nearly as may be as any Writ, Warrant, Order, Process or Proceeding for the like purpose would be executed when originally issued or made by any such Judge, Justice of the Peace or Magistrate as aforesaid

[*Government Gazette*, *25th October*, 1842]

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্ত প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ডিসেম্বর মাসের ১৬ তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের প্রথম যে বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যাইবেক। এফ জে হালিডে।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।
John C Marshman, *Bengalee Translator*.

ফোর্ট উলিয়ম।
লেজিসলেটিব ডিপার্টমেণ্ট।
ইঙ্গরেজী ১৮৪২ সাল ৭ অক্টোবর।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪২ সালের ৭ অক্টোবর তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪২ সাল——আক্ট।

ভারতবর্ষে শ্রীশ্রীমতী মহারাণীর কোন আদালতের হুকুম জারীর সুগমকরণার্থ এবং ঐ আদালতে পূর্ব্বাপেক্ষা উত্তমরূপে বিচার হইবার নিমিত্ত আইন।

যেহেতুক ভারতবর্ষে শ্রীশ্রীমতী মহারাণীর আদালতের এলাকার বিশেষ সীমাসরহদ্দের বাহিরে ঐ আদালতের ফয়সলা ও ডিক্রী ও সর্ব্ব প্রকার হুকুমনামা পূর্ব্বাপেক্ষা উত্তম রূপে জারী করিতে এবং সেই কর্ম্ম সিদ্ধ করিবার নিমিত্ত মফঃসলের কর্ম্মকারকেরদের হুকুম ভারতবর্ষে শ্রীশ্রীমতী মহারাণীর আদালতের বিশেষ সীমাসরহদ্দের মধ্যে জারী করণার্থ ১৮৪০ সালের ২৩ আইনে যে২ বিধান আছে সেই২ বিধান যেপর্য্যন্ত খাটিতে পারে সেইপর্য্যন্ত ঐ শ্রীশ্রীমতী মহারাণীর আদালতের বিশেষ সীমাসরহদ্দের বাহিরে ঐ আদালতের হুকুম জারীকরণের বিষয়ে খাটাইতে উচিত বোধ হইল।

১ ধারা। অতএব ইহাতে হুকুম হইল যে ভারতবর্ষে শ্রীশ্রীমতী মহারাণীর আদালতহইতে যে কোন হুকুমনামা কিম্বা রিট কি ওয়ারণ্ট অথবা অন্য কোন প্রকার পরওয়ানা ঐ২ আদালতের বিশেষ সীমাসরহদ্দের বাহিরে এবং যে রাজধানীতে আদালত স্থাপিত আছে সেই রাজধানীর অধীন দেশের মধ্যে এক্ষণে যে প্রকারে এবং যে উপায়ের দ্বারা জারী হইতে পারে তাহার অতিরিক্ত নীচের লিখিত প্রকারে জারী হইতে পারিবেক। অর্থাৎ ঐ প্রকার যে হুকুমনামা কি রিট কি ওয়ারণ্ট অথবা অন্য কোন প্রকার পরওয়ানা এবং তাহার পৃষ্ঠের লিখিত কথা ঐ শ্রীশ্রীমতী মহারাণীর আদালতের কিম্বা তাহার কোন এক জন জজ সাহেবের হুকুমে বাহির হয় সেই হুকুমনামাপ্রভৃতি সেই আদালতের মোহরে প্রবল হইলে ঐ হুকুমনামাপ্রভৃতি যে জিলা বা স্থানে জারী করিতে হইবেক সেই জিলার বা স্থানের কোম্পানি বাহাদুরের আদালতের যে জজ সাহেব অথবা যে জুষ্টিস অফ দি পীস সাহেব অথবা কোম্পানি বাহাদুরের কর্ম্মে নিযুক্ত যে কোন মাজিষ্ট্রেট সাহেবের সাহায্যেতে ঐ হুকুমনামাপ্রভৃতি জারী করণের আবশ্যক আছে তাঁহার নিকটে পাঠান যাইবেক। এবং ইহার দ্বারা ঐ জজপ্রভৃতিকে ক্ষমতা দেওয়া গেল এবং তাঁহারদের প্রতি হুকুম হইল যে ঐ হুকুমনামাপ্রভৃতির পৃষ্ঠে দস্তখৎ করেন এবং ঐ জজ অথবা জষ্টিস অফ দি পীস অথবা মাজিষ্ট্রেট সাহেব আপনারাই সেই প্রকার হুকুমনামাপ্রভৃতি বাহির করিলে যেরূপে জারী হইত সেই রূপে ঐ শ্রীশ্রীমতী মহারাণীর আদালতের হুকুমনামাপ্রভৃতির ভাব বুঝিয়া তাহা আপন২ এলাকার সীমাসরহদ্দের মধ্যে জারী করিতে হুকুম দেন। এবং ঐ হুকুমনামাপ্রভৃতিতে শ্রীশ্রীমতী মহারাণীর আদালতের মোহর থাকিলে তাহাতেই প্রমাণ হইবেক যে ঐ মোহর নিতান্তই সেই আদালতের এবং ঐ হুকুমনামাপ্রভৃতি এবং তাহার পৃষ্ঠে লেখা কথা সেই আদালতহইতে বাহির হইয়াছে ইতি।

II. And it is hereby provided, that the person or persons to whom the delivery of such Order, Writ, Warrant or Process so endorsed as aforesaid is made shall execute the same according to the said direction, and the same shall be executed in all cases as nearly as may be as if the same had originally been issued or made by the said Judge, Justice of the Peace or Magistrate, and shall be subject to the same rules touching priority and the mode and order of execution as shall be then in force in respect of process or proceedings originally issued by such Judge, Justice of the Peace or Magistrate Provided always that no Judge, Justice of the Peace, or Magistrate, nor any person acting according to the said direction, shall be liable to any suit or action or other proceeding for putting in execution the said Writ, Warrant, Order, or other Process aforesaid according to the direction therein contained

III And it is hereby provided, that if the said Writ, Order, Warrant or Process shall be bailable, and shall by endorsement under the hand of any Judge of the Court issuing the same direct in what amount and with what number of Sureties bail shall be taken, the said Judge, Justice of the Peace, or Magistrate aforesaid is hereby authorized and required to take such bail as is thereby directed to be taken, but if no such direction be given then to take such bail as he shall think fit, and the same shall in either case to all intents and purposes be as valid and the Recognizance or other instrument of bail shall be as binding to all intents and purposes as well for purposes of jurisdiction as otherwise, and shall have all the like consequences as if the same had been taken before the said Court from which such Writ, Order, Warrant or Process originally issued, or before any Judge thereof

IV And it is hereby enacted, that all persons disobeying or obstructing the execution of any Order, Writ, Warrant, or other Process endorsed under this Act, shall be punishable in like manner and amenable to the same jurisdiction for such disobedience or obstruction, as if the same had been originally issued by such Judge, Justice of the Peace or Magistrate as aforesaid Provided always that in the case of Process for the attendance of Witnesses, the same rules shall be observed concerning the tender of expences and other matters as are established in regard to Subpoenas issued from Her Majesty's said Courts

V And it is hereby enacted, that in the case of persons seized or detained by virtue of any Order, Writ, Warrant or other Process executed under the authority of this Act, where the same is endorsed as hereinafter mentioned, it shall be the duty of such Judge, Justice of the Peace, or Magistrate, and they are hereby required to deliver the person or persons in custody to the authority of persons specified by endorsement on the said Writ, and who shall have been charged with the execution of the Writ, Warrant, or other Process by the authority originally issuing the same, and for that purpose to cause the party to be conveyed to any place within the Com

২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্তমতে পৃষ্ঠে দস্তখৎহওয়া হুকুমনামা কি রিট অথবা ওয়ারেন্ট বা অন্য কোন পরওয়ানা যে ব্যক্তি বা ব্যক্তিবর্গদিগের নামে হয় সেই ব্যক্তি বা ব্যক্তিরা তাহার মধ্যের লিখিত নিয়মানুসারে তাহা জারী করিবেক। এবং ঐ হুকুমনামাপ্রভৃতি আদৌ জজ কি জুষ্টিস অফ দি পীস অথবা মাজিষ্ট্রেট সাহেবের হুকুমে বাহির হইলে যেরূপে জারী হইত সাধ্য পর্য্যন্ত তাহা প্রত্যেক গতিকে সেইরূপে জারী হইবেক। এবং জজ অথবা জুষ্টিস অফ দি পীস কি মাজিষ্ট্রেট সাহেবেরা নিজে যে২ হুকুম দেন সেই হুকুমনামাপ্রভৃতি যে ক্রমে ও যে প্রকারে ও যে অনুসারে জারী করিতে হয় সেই বিষয়ে যে দাঁড়া আছে সেই দাঁড়ামতে শ্রীশ্রীমতী মহারাণীর আদালতের ঐ হুকুমনামাপ্রভৃতি জারী হইবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে ঐ হুকুমনামাপ্রভৃতির মধ্যে যে নিয়ম লেখা থাকে তদনুসারে তাহা জারীকরণের নিমিত্ত কোন জজ বা জুষ্টিস অফ দি পীস কি মাজিষ্ট্রেট সাহেবের নামে কি সেই নিয়মানুসারে যে কোন ব্যক্তি কর্ম্ম করেন তাঁহার নামে কোন প্রকারে নালিশ হইতে পারিবেক না ইতি।

৩ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে ঐ হুকুমনামাপ্রভৃতিক্রমে যদি জামিন লওয়া যাইতে পারে এবং যে আদালতহইতে তাহা বাহির হয় সেই আদালতের কোন এক জন জজ সাহেব কত টাকার এবং কয় জন জামিন লইতে হইবেক ইহা যদি তাহার পৃষ্ঠে লিখিয়া থাকেন্ তবে পূর্ব্বোক্ত জজ কি জুষ্টিস অফ দি পীস অথবা মাজিষ্ট্রেট সাহেবের প্রতি হুকুম হইল যে তাহার মধ্যে যে জামিন লইবার হুকুম আছে সেই জামিন লন্। কিন্তু যদি ঐ হুকুমনামাপ্রভৃতির মধ্যে জামিনের বিশেষ কোন নিয়ম লেখা না থাকে তবে ঐ জজ অথবা জুষ্টিস অফ দি পীস কি মাজিষ্ট্রেট সাহেব যেমত উচিত বুঝেন সেইমত জামিন লইবেন। এবং যে আদালতহইতে ঐ হুকুমনামাপ্রভৃতি বাহির হয় সেই আদালতের মধ্যে অথবা তাহার কোন এক জন জজ সাহেবের সম্মুখে জামিন লওয়া গেলে যেরূপ হইত মফঃসলের জজ অথবা জুষ্টিস অফ দি পীস কি মাজিষ্ট্রেট সাহেবের লওয়া জামিন সর্ব্ব প্রকারে সেইরূপ মাতবর জ্ঞান হইবেক এবং যে মুচলকা কিম্বা জামিনী পত্র লওয়া যায় তাহা আদালতের এলাকার সম্পর্কে এবং অন্যান্য বিষয়ের সম্পর্কে সেইরূপ বলবৎ হইবেক এবং তাহার সেইরূপ ফলও হইবেক ইতি।

৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইনক্রমে যে হুকুমনামাপ্রভৃতির পৃষ্ঠে দস্তখৎ হয় ঐ হুকুমনামাপ্রভৃতি যে সকল ব্যক্তি না মানে অথবা তাহা জারীর বাধকতা করে ঐ হুকুমনামাপ্রভৃতি জজ বা জুষ্টিস অফ দি পীস কি মাজিষ্ট্রেট সাহেবের আদালতহইতে আদৌ বাহির হইলে তাহা না মাননংকি তাহার বাধকতা করণের যেরূপ ও যে আদালতে দণ্ডনীয় হইত সেইরূপ ও সেই আদালতে ঐ ব্যক্তিরা দণ্ডনীয় হইবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে সাক্ষিরদিগকে হাজিরকরাওণের হুকুম হইলে খরচা দেওনের বিষয়ে এবং অন্যান্য বিষয়ে শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টহইতে বাহিরহওয়া সফীনার বিষয়ে যে২ নিয়ম করা গিয়াছে সেই২ নিয়ম খাটিবেক ইতি।

৫ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে যে হুকুমনামাপ্রভৃতির পৃষ্ঠে নীচের লিখিত মতে লেখা যায় সেই হুকুমনামাপ্রভৃতি এই আইনানুসারে জারী হইলে যদি কোন ব্যক্তি ধৃত বা কয়েদ হয় তবে জজ অথবা জুষ্টিস অফ দি পীস কি মাজিষ্ট্রেট সাহেবের উচিত এবং তাঁহারদের প্রতি হুকুম হইল যে যে ব্যক্তিরদের নাম ঐ হুকুমনামাপ্রভৃতির পৃষ্ঠে লেখা থাকে এবং ঐ হুকুমনামাপ্রভৃতি প্রেরণকারি আদালত যে ব্যক্তিকে তাহা জারী করিতে হুকুম দিলেন সেই ব্যক্তিরদের নিকটে ঐ কয়েদী ব্যক্তিকে অর্পণ করেন্ এবং সেই নিমিত্ত ঐ জজ অথবা জুষ্টিস অফ দি পীস কি মাজিষ্ট্রেট সাহেবের উচিত যে তাঁহারদের এলাকার বিশেষ সীমানারহদ্দের বাহিরে কোম্পানি বাহাদুরের রাজ্যের মধ্যে কোন স্থানে ঐ কয়েদী

pany's Territories beyond the Local Limits of the jurisdiction of such Judge, Justice of the Peace or Magistrate And it is further provided that the same indorsement shall be signed by one of the Judges of the said Court

VI And it is hereby enacted, that all Writs, Process and other proceedings as aforesaid of Her said Majesty's Courts which are intended to be executed by the aid of any Judge of any of the Courts of the Honourable East India Company, or of any Justice of the Peace, or of any such Magistrate as aforesaid, shall be in the same form and be addressed in like manner as they are now addressed, but in addition thereto shall have endorsed on the same under the hand of any of the Judges of the Court out of which the same shall issue

The following word or words to the like effect

"This (describing the instrument,) may be executed under the provisions of the Act of by any Judge, Justice of the Peace, or Magistrate thereby authorized to act in aid of the execution of the Process of Her Majesty's Courts in India,' and thereupon the same may either be executed by and under the provisions of this Act, or in any manner in which the same may otherwise by Law be executed, and the party or parties suing out such Process as aforesaid may instead of delivering the same to the Sheriff or other person to whom the same is addressed, transmit the same for execution to the Judge, Justice of the Peace or Magistrate, by whom the same is intended to be executed in aid, and in such case the Sheriff or other person to whom the same is addressed shall not be liable in any way in respect of the execution or non-execution of the same, nor be in any manner called upon to return the same

VII And it is hereby enacted, that every Judge of the Honourable the East India Company's Courts, or any Magistrate in the Service of the said Company or any Justice of the Peace, shall within the limits of their respective Jurisdictions and without the local limits of Calcutta, Madras or Bombay respectively, have authority and power to take any affidavit or solemn declaration that shall be made before them in any proceeding then pending in the Supreme Court of the Presidency, or that shall be made with a view to institute and as the foundation for instituting any proceeding in the Supreme Court of that Presidency in which their respective jurisdiction lies, and all such affidavits and solemn declaration so made and taken as aforesaid shall be as valid to all intents and purposes as if the same had been made and taken before such Court or Judge thereof, or any Commissioner under any Commission issuing therefrom, and shall be deemed to have been taken judicially, and any person or persons making any affidavit or solemn declaration under the powers given by this Act, shall be liable if he swear falsely or make a false declaration to be indicted for misdemeanour in the Supreme Court of that Presidency to which the proceeding relates

[*Government Gazette*, 25th *October*, 1842.]

ব্যক্তিকে চালান করেন্। এবং ইহাতে আরো হুকুম হইল যে ঐ শ্রীশ্রীমতী মহারাণীর আদালতের এক জন জজ সাহেব ঐ হুকুমনামাপ্রভৃতির পৃষ্ঠে সেইরূপে দস্তখৎ করিবেন ইতি।

৬ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে শ্রীশ্রীমতী মহারাণীর কোন আদালতের যে সকল হুকুমনামাপ্রভৃতি কোম্পানি বাহাদুরের কোন আদালতের কোন জজ সাহেব অথবা কোন জুষ্টিস অফ দি পীস সাহেব কি পূর্ব্বোক্ত প্রকার নির্দ্দিষ্ট কোন মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা জারী করিবার কল্প হইয়াছে সেই সকল হুকুমনামাপ্রভৃতি এক্ষণে যে প্রকারে লেখা যায় এবং তাহাতে যেরূপ শিরনামা দেওয়া যায় তাহা সেইমতে লেখা যাইবেক এবং সেইরূপে তাহার উপর শিরনামা দেওয়া যাইবেক কিন্তু তাহার অতিরিক্ত যে আদালতহইতে সেই হুকুমনামা বাহির হয় সেই আদালতের কোন এক জন জজ সাহেব তাহার পৃষ্ঠে নীচের লিখিত প্রকার কথা লিখিবেন।

"ভারতবর্ষের মধ্যে শ্রীশ্রীমতী মহারাণীর আদালতের হুকুম জারীর সাহায্য করিতে যে জজ বা জুষ্টিস অফ দি পীস কি মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতা আছে সেই জজপ্রভৃতির দ্বারা এই হুকুমনামাপ্রভৃতি অমুক সালের অমুক আইনের বিধির অনুসারে জারী হইতে পারে।' এবং তাহার পৃষ্ঠে এরূপ লেখা হইলে তাহা এই আইনের বিধির অনুসারে অথবা আইনমতে অন্য যে কোন প্রকারে জারী হইতে পারিত সেই প্রকারে জারী হইবেক। এবং যে ব্যক্তি বা ব্যক্তিরা ঐ হুকুমনামাপ্রভৃতির বিষয়ে আরজী দিয়াছিল সেই ব্যক্তি বা ব্যক্তিরা ঐ হুকুমনামাপ্রভৃতি সরিফ সাহেবকে অথবা অন্য যে ব্যক্তির নামে তাহা হইয়াছিল তাঁহাকে না দিয়া যে জজ অথবা জুষ্টিস অফ দি পীস কি মাজিষ্ট্রেট সাহেবের সাহায্যের দ্বারা তাহা জারী করিবার কল্প হইয়াছিল সেই জজপ্রভৃতির নিকটে তাহা পাঠাইতে পারে। এবং এইরূপ হইলে সরিফ সাহেব অথবা অন্য যে ব্যক্তির নামে হুকুমনামা হইয়াছিল সেই ব্যক্তি তাহা জারীকরণ কি না করণের বিষয়ে কোন প্রকারে দায়ী হইবেন না এবং কোন প্রকারে ঐ হুকুমনামাপ্রভৃতি ফিরিয়া পাঠাইতে তাঁহারদের তলব হইবেক না ইতি।

৭ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে কোম্পানি বাহাদুরের আদালতের প্রত্যেক জন জজ সাহেবকে এবং কোম্পানি বাহাদুরের কর্ম্মে নিযুক্ত কোন মাজিষ্ট্রেট সাহেবকে অথবা কোন জুষ্টিস অফ দি পীসকে আপন২ এলাকার সীমাসরহদ্দের মধ্যে এবং কলিকাতা কি মান্দ্রাজ অথবা বোম্বাইয়ের বিশেষ সীমাসরহদ্দের বাহিরে এমত ক্ষমতা দেওয়া গেল যে ঐ রাজধানীর সুপ্রিম কোর্টে উপস্থিতহওয়া কোন মোকদ্দমার সম্পর্কে কোন আফিডেবিট অর্থাৎ শপথ বা সুকৃতিপূর্ব্বক এজহার হইলে তাহা লন্ অথবা যে রাজধানীর দেশের মধ্যে তাঁহারদের এলাকা থাকে সেই রাজধানীর সুপ্রিম কোর্টে কোন মোকদ্দমা উপস্থিতকরণের অভিপ্রায়ে অথবা উপস্থিতকরণের মূল স্বরূপ আফিডেবিট অর্থাৎ শপথ বা সুকৃতিপূর্ব্বক যে কোন এজহার করা যায় তাহা লন্। এবং যে সকল আফিডেবিট অর্থাৎ শপথ বা সুকৃতিপূর্ব্বক এজহার সেইরূপে করা যায় এবং ঐ জজপ্রভৃতির দ্বারা লওয়া যায় সেই আফিডেবিট ঐ শ্রীশ্রীমতী মহারাণীর আদালতে কিম্বা তাহার কোন জজ সাহেবের সমক্ষে কিম্বা আদালতের কমিশ্যনক্রমে কোন কমিশ্যনর সাহেবের সম্মুখে করা গেলে যেরূপ বলবৎ হইত সর্ব্ব প্রকারে সেইরূপ বলবৎ হইবেক এবং তাহা আইনমতে লওয়া গিয়াছে এমত জ্ঞান করা যাইবেক। এবং এ আইনের দেওয়া ক্ষমতাক্রমে যে কোন ব্যক্তি বা ব্যক্তিরা কোন আফিডেবিট অর্থাৎ শপথ কিম্বা সুকৃতিপূর্ব্বক এজহার করে সেই২ ব্যক্তি যদি মিথ্যা শপথ বা মিথ্যা সুকৃতি করে তবে যে রাজধানীর সুপ্রিম কোর্টে মোকদ্দমা হইতেছে সেই সুপ্রিম কোর্টে অপরাধের বিষয়ে তাহার নামে নালিশ হইতে পারে ইতি।

Ordered, that the Draft now read be published for general information

Ordered, that the said Draft be re-considered at the first meeting of the Legislative Council of India after the 7th day of January next

F J HALLIDAY,
Offg Secy to the Govt of India

FORT WILLIAM,
LEGISLATIVE DEPARTMENT,
THE 30TH SEPTEMBER, 1842

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 30th of September, 1842

ACT No —— OF 1842

An Act for the better Regulation of Cantonments

I It is hereby enacted, that any person, whether European or Native, not being a Sutler, or amenable to the Articles of War, or a Camp Follower, who shall convey Liquor of any description into Military Cantonments or Bazars, without written authority from the Officer commanding at the Station, or shall without such authority, sell or supply the same to any European Soldier or European Woman, shall be punishable before any Magistrate or Justice, in a fine not exceeding 20 Rupees or imprisonment not exceeding one month

---

Ordered, that the Draft now read be published for general information

Ordered, that the said Draft be re-considered at the first meeting of the Legislative Council of India after the 30th day of December next

F J HALLIDAY,
Offg Secy to the Govt of India

CIRCULAR ORDERS OF THE SUDDER NIZAMUT ADAWLUT

No 3165

To the Several Criminal Authorities in the Lower Provinces

1 The Court are pleased to direct that it be explained to the Darogahs and other Police Officers that they are to make use of the form of declaration circulated on the 3rd April 1840, in all Cases wherein they are authorised by the Regulations to take a deposition on Oath, by causing the deponent to repeat the words of the form before giving his deposition, and stating at the head of the written deposition that he was sworn according to the provisions of Act V 1840

2 Copies of the forms of declaration in Bengalee and Urdu are forwarded herewith, for the use of the Thannas of every district

W KIRKPATRICK, *Deputy Register*

Fort William, 26th August, 1842

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ২৫ অক্টোবর।]

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ৭ জানুআরি তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের প্রথম যে বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনর্ব্বার বিবেচনা করা যাইবেক।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।
JOHN C MARSHMAN, *Bengalee Translator*

ফোর্ট উলিয়ম।
লেজিসলেটিব ডিপার্টমেণ্ট।
১৮৪২ সাল ৩০ সেপ্টেম্বর।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪২ সালের ৩০ সেপ্টেম্বর তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪২ সাল —— আক্ট।

সৈন্যের ছাউনির মধ্যে পূর্ব্বাপেক্ষা উত্তম নিয়ম করণার্থ আইন।

ইহাতে হুকুম হইল যে ছাউনির মধ্যে শুঁড়ি অথবা যুদ্ধসম্পর্কীয় আইনের অধীন কোন ব্যক্তি অথবা সৈন্য সমভিব্যাহারি ব্যক্তি না হইয়া ইউরোপীয় বা এদেশীয় যে কোন ব্যক্তি সৈন্যের স্থানের সৈন্যাধ্যক্ষের লিখিত অনুমতি না পাইয়া সৈন্যের ছাউনির মধ্যে অথবা তাহার বাজারে কোন প্রকার শরাব আনে কিম্বা যে কেহ সেইরূপ অনুমতি না পাইয়া কোন ইউরোপীয় সৈন্যকে কি ইউরোপীয় স্ত্রীকে ঐ শরাব বিক্রয় করে কি কোন প্রকারে দেয় সেই ব্যক্তিকে কোন মাজিষ্ট্রেট কি জষ্টীস অফ দি পীস সাহেব ২০ টাকার অনধিক জরীমানা অথবা এক মাসের অনধিক মিয়াদে কয়েদ করিতে পারেন্ ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ৩০ সেপ্টেম্বর তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের প্রথম যে বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনর্ব্বার বিবেচনা করা যাইবেক।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।
JOHN C MARSHMAN, *Bengalee Translator*

সদর নিজামৎ আদালতের সরকুলর অর্ডর।

৩১৬৫ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত ফৌজদারীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

১। সদর আদালতের সাহেবেরা দারোগারদিগকে এবং পোলীসের অন্যান্য আমলারদিগকে জানাইতে হুকুম করিতেছেন যে তাহারা যে২ গতিকে আইনানুসারে কোন ব্যক্তিকে শপথ করাইয়া জোবানবন্দী লইতে ক্ষমতাপন্ন থাকে সেই২ গতিকে তাহারা জোবানবন্দী লওনের পূর্ব্বে ১৮৪০ সালের ৩ আপ্রিল তারিখের সরক্যুলর অর্ডরের নির্দ্দিষ্টমতে সাক্ষিকে প্রতিজ্ঞাপত্রের পাঠানুসারে প্রতিজ্ঞা করাইবেক এবং ঐ সাক্ষির লিখিত জোবানবন্দীর শিরোভাগে ঐ দারোগা কি অন্য আমলা লিখিবেক যে এই ব্যক্তি ১৮৪০ সালের ৫ আইনের বিধানমতে প্রতিজ্ঞা করিয়াছে।

২। প্রত্যেক জিলার থানায় ব্যবহারের নিমিত্ত বাঙ্গলা ও উর্দ্দুভাষাতে প্রতিজ্ঞাপত্রের পাঠের নকল এই পত্রের সঙ্গে পাঠান যাইতেছে।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪২। ২৬ আগষ্ট।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

اقرار ہندوںکا
میں دہرم سے پرمیشر کے حضور میں
اقرار کرتاہوں کہ اس مقدمہ میں میں سچ
کہونگا بالکل جو جانتاہوں سچ کہونگا اور
سوای سچ کے کچھہ نہیں

আমি পরমেশ্বরকে প্রত্যক্ষ জানিয়া ধর্মতঃ প্রতিজ্ঞা করিতেছি যে এক্ষণে যাহা কহিব তাহা সত্য ও সম্পূর্ণ সত্য হইবেক এবং সত্যভিন্ন হইবেক না ইতি।

CIVIL APPOINTMENTS

No 223
FORT WILLIAM
GENERAL DEPARTMENT,
The 18th October, 1842

The Honourable the President in Council is pleased to attach Mr H D Maconochie, of the Civil Service, reported qualified for the Public Service, to the Bengal Division of the Presidency of Fort William

H V BAYLEY,
Depy Secy to the Govt of India

No 386
FORT WILLIAM,
GENERAL DEPARTMENT,
The 12th October, 1842

Mr H D Maconochie of the Civil Service, is reported qualified for the public service by proficiency in two of the Native Languages

The Honourable Robt Drummond and Mr A Adam Swinton and Mr Vernon H Schalch, appointed by the Honourable the Court of Directors, Members of the Honourable Company's Civil Service, on the Bengal Establishment, reported their arrival at the Presidency, the two former on the 8th, and the third on this date

ECCLESIASTICAL DEPARTMENT

The Reverend Charles J Quartley reported his arrival on the Ship "Bucephalus" as an Assistant Chaplain on the Bengal Establishment, which Vessel reached Kedgeree on the 8th instant

H V BAYLEY,
Depy Secy to the Govt of Bengal

No 1367
ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL
JUDICIAL AND REVENUE DEPARTMENT
APPOINTMENTS
The 10th October, 1842

Mr D Cunliffe to be a Joint Magistrate and Deputy Collector at Patna.

Mr E Lautour to be ditto ditto at Monghyr

LEAVES OF ABSENCE

Mr A Sconce, Magistrate and Collector of Chittagong, for one month, on private affairs, from the 15th proximo, under Section XI of the Rules of 29th January 1840, making over charge of his office to Mr H D H Fergusson

[*Government Gazette, 25th October,* 1842]

اقرار مسلمانونکا
میں ایمان سے خدای تعالے کے
حضور میں اقرار کرتاہوں کہ اس مقدمہ
میں میں سچ کہونگا بالکل جو جانتاہوں
سچ کہونگا اور سوای سچ کے کچھہ نہیں

আমি খোদাতালাকে প্রত্যক্ষ জানিয়া ধর্মতঃ প্রতিজ্ঞা করিতেছি যে এক্ষণে যাহা কহিব তাহা সত্য ও সম্পূর্ণ সত্য হইবেক এবং সত্যভিন্ন হইবেক না ইতি।

রাজকর্ম্মে নিয়োগ।

২২৩ নম্বর।
ফোর্ট উলিয়ম।
জেনরল ডিপার্টমেন্ট।
১৮৪২ সাল ১৮ অক্টোবর।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত এচ ডি মাকনকি সাহেব সরকারী কর্ম্মের নিমিত্ত উপযুক্ত এমত রিপোর্ট হওয়াতে শ্রীযুত প্রসীডেন্ট সাহেব বাহাদুর হজুর কৌন্সেলে ঐ সাহেবকে ফোর্ট উলিয়ম রাজধানীর বাঙ্গলা দেশে নিযুক্ত করিয়াছেন।

এচ বি বেলি।
ভারতবর্ষের গবর্ণমেন্টের ডেপুটী সেক্রেটারী।

৩৮৬ নম্বর।
ফোর্ট উলিয়ম।
জেনরল ডিপার্টমেন্ট।
১৮৪২ সাল ১২ অক্টোবর।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত এচ ডি মাকনকি সাহেব এ দেশীয় দুই ভাষায় সুশিক্ষিত হওয়াতে সরকারী কর্ম্মের নিমিত্ত উপযুক্ত এমত রিপোর্ট হইয়াছে।

শ্রীযুত অনরবল রাবর্ট ড্রমণ্ড সাহেব এবং শ্রীযুত এ আডম সুইন্টন সাহেব এবং শ্রীযুত বর্ণন এচ সল সাহেব শ্রীযুক্ত কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের দ্বারা বাঙ্গলা দেশে কোম্পানি বাহাদুরের সিবিলসম্পর্কীয় কর্ম্মের মেম্বরী পদে নিযুক্ত হওয়াতে প্রথমোক্ত দুই সাহেব বর্ত্তমান মাসের ৮ তারিখে এবং শেষোক্ত সাহেব অদ্য রাজধানীতে আপনারদের পঁহুছনের রিপোর্ট করিয়াছেন।

একিলিয়াষ্টিকেল ডিপার্টমেন্ট।

শ্রীযুত সি জে কার্টলি সাহেব বাঙ্গলা দেশের আসিষ্টান্ট ধর্ম্মোপদেশকতা কর্ম্মে নিযুক্ত হইয়া "বুসিফালস" নামক জাহাজের দ্বারা পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন। ঐ জাহাজ বর্ত্তমান মাসের ৮ তারিখে খাজুরীতে পঁহুছে।

এচ বি বেলি।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের ডেপুটী সেক্রেটারী।

১৩৬৭ নম্বর।
বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবরনর সাহেবের হুকুম।
জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেন্ট।
নিয়োগ।
১৮৪২ সাল ১০ অক্টোবর।

শ্রীযুত ডি কনলিফ সাহেব পাটনার জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত ই লাটুর সাহেব মুঙ্গেরের ঐ ঐ হইবেন।

ছুটী।

চাটিগাঁর মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এ স্কন্স সাহেব ১৮৪০ সালের ২৯ জানুআরি তারিখের বিধির ১১ ধারানুসারে স্বীয় কর্ম্মোপলক্ষে আগামি মাসের ১৫ তারিখঅবধি এক মাসের ছুটী পাইবেন এবং আপনার সিরিশতার কর্ম্মের ভার শ্রীযুত এচ ডি এচ ফর্গসন সাহেবের প্রতি অর্পণ করিবেন।

The 13th October, 1842

Mr A Forbes, Collector of Midnapore, for one month, under Medical Certificate, making over charge of his Office to the Magistrate of that District, who will conduct the duties of the Collectorate in addition to his own, until further orders.

APPOINTMENT

The 18th October, 1842

Mr H D Maconochie to be an Assistant under the Commissioner of the 19th or Cuttack Division

NOTIFICATIONS

Mr H M Reid made over charge of the Collectorate of Purneah, to Mr W T Taylor, on the 1st Instant

The leave of absence granted on the 30th ultimo, to Pundit Govindpersaud, Deputy Collector under Regulation IX of 1833, in Sylhet will take effect from the 19th instant, instead of from the 5th ultimo F J HALLIDAY,

Secy to the Govt of Bengal

ORDERS BY THE HONORABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL

JUDICIAL AND REVENUE DEPARTMENT

NOTIFICATIONS

The leave of absence granted on the 26th ultimo to Mr Sub Assistant and Uncovenanted Deputy Collector W S Hudson, attached to the District of Gowalparah, on private affairs, has been commuted to sick leave

Mr C D Russell made over charge of the Collectorate of Moorshedabad to Mr R H Russell, on the 7th instant

Mr W Bell made over charge of the Joint Magistracy and Deputy Collectorate of Maldah to Mr R P Harrison on the 30th ultimo

LEAVES OF ABSENCE

The 3rd October, 1842

Moulvie Hedayet Alli Khan, Principal Sudder Ameen, and Mahomed Ibrahim Khan, Sudder Ameen of Behar, during the Dussarah Vacation

The 17th October, 1842

Mr R P Harrison, Officiating Joint Magistrate and Deputy Collector of Maldah for one month, on urgent private affairs, from the 1st proximo, under Section XI of the Rules of 29th January 1840

Mr C A Ravenshaw, Assistant to the Magistrate and Collector of Bhaugulpore, for two years, to proceed to the Cape of Good Hope, under Medical Certificate, and permitted to remain at the Presidency until the sailing of the Ship Hindoostan

APPOINTMENTS

Mr R H Russell to Officiate as Joint Magistrate and Deputy Collector of Maldah, during the absence of Mr Harrison, making over charge of the Collectorate of Moorshedabad to the Magistrate, Mr W H Elliott, who will conduct the duties of that Office in addition to those of his own until further orders.

Mr John Mackenzie to be a Member of the Ferry Fund Committee of Champarun, vice Mr J Baillie deceased. J S TORRENS,

Offg Depy Secy, to the Govt of Bengal.

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ২৫ অক্টোবর।]

১৮৪২ সাল ১৩ অক্টোবর।

মেদিনীপুরের কালেক্টর শ্রীযুত এ ফরবস সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন এবং আপনার সিরিশ্তার কর্ম্মের ভার ঐ জিলার মাজিষ্ট্রেট সাহেবের প্রতি অর্পণ করিবেন এবং ঐ সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত আপনার কর্ম্মের অতিরিক্ত কালেক্টরী কর্ম্মও চালাইবেন।

নিয়োগ।

১৮৪১ সাল ১৮ অক্টোবর।

শ্রীযুত এচ ডি মাকন্নকি সাহেব ১৯ সংখ্যক অর্থাৎ কটক এলাকার কমিস্যনরের আসিষ্টাণ্ট হইবেন।

বিজ্ঞাপন।

শ্রীযুত এচ এম রীড সাহেব বর্ত্তমান মাসের ১ তারিখে পূরণিয়ার কালেক্টরীর কর্ম্মের ভার শ্রীযুত ডবলিউ টি টেলর সাহেবের প্রতি অর্পণ করিলেন।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে ছিলটের ডেপুটী কালেক্টর শ্রীযুত গোবিন্দপ্রসাদ পণ্ডিত বর্ত্তমান মাসের ৩০ তারিখে যে ছুটী পান্ তাহা গত মাসের ১৯ তারিখঅবধি আরম্ভ হইবেক। এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

গোআলপাড়ার সব-আসিস্টাণ্ট এবং সনদঅপ্রাপ্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ এস হডসন সাহেব গত মাসের ২৬ তারিখে স্বীয় কর্ম্মোপলক্ষে যে ছুটী পান্ তাহার পরিবর্ত্তে তিনি ঐ ছুটী চিকিৎসকের সর্টিফিকটক্রমে পাইয়াছেন।

শ্রীযুত সি ডি রসেল সাহেব বর্ত্তমান মাসের ৭ তারিখে মুরশিদাবাদের কালেক্টরী কর্ম্মের ভার শ্রীযুত আর এচ রসেল সাহেবের প্রতি অর্পণ করিলেন।

শ্রীযুত ডবলিউ বেল সাহেব গত মাসের ৩০ তারিখে মালদহের জাইণ্ট মাজিষ্ট্রেটী ও ডেপুটী কালেক্টরী কর্ম্মের ভার শ্রীযুত আর পি হারিসন সাহেবের প্রতি অপর্ণ করেন।

ছুটী।

১৮৪২ সাল ৩ অক্টোবর।

বেহারের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী হেদায়ৎ আলী খাঁ এবং সদর আমীন শ্রীযুত মহম্মদ ইবরাহিম খাঁ দশহরার বন্দে ছুটী পাইয়াছেন।

১৮৪২ সাল ১৭ অক্টোবর।

মালদহের একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত আর পি হারিসন সাহেব আপনার আবশ্যক কর্ম্মোপলক্ষে ১৮৪০ সালের ২৯ জানুআরি তারিখের বিধির ১১ ধারানুসারে আগামি মাসের ১ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

ভাগলপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টরের আসিষ্টাণ্ট শ্রীযুত সি এ রাবেন্সা সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে কেপে গমনার্থ দুই বৎসরের ছুটী পাইয়াছেন এবং "হিন্দুস্থান" নামক জাহাজের না গমনপর্য্যন্ত রাজধানীতে থাকিবার অনুমতি পাইয়াছেন।

নিয়োগ।

শ্রীযুত হারিসন সাহেবের অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত আর এচ রসেল সাহেব মালদহের জাইণ্ট মাজিষ্ট্রেটী ও ডেপুটী কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন এবং মুরশিদাবাদের কালেক্টরী কর্ম্মের ভার তথাকার মাজিষ্ট্রেট শ্রীযুত ডবলিউ এচ এলিয়ট সাহেবের প্রতি অর্পণ করিবেন এবং অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত এলিয়ট সাহেব আপনার কর্ম্মের অতিরিক্ত ঐ সিরিশ্তার কর্ম্ম চালাইবেন।

জে বেলি সাহেবের মৃত্যুহওয়াতে শ্রীযুত জান মাকেঞ্জি সাহেব চম্পারণের গুদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয়করণের কমিটির এক জন মেম্বর হইবেন।

জান এস টরেন্স।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের একটিং ডেপুটী সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গুবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

SALT নিমক।

ইস্তেহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত পাঙ্গা নেমক পশ্চাদুক্ত নিরিখ দরে বিক্রয়ার্থে প্রস্তুত আছে খরিদদারেরদের উচিত যে ঐ নেমকের রকম মোং নারায়ণপুরের গোলার নমুনা দৃষ্টে খাতিরজমামত বুঝিয়া খরিদ করেন আর যে ব্যক্তি মোকাম মজকুরে প্রথমে রওয়ানা দাখিল করিবেক সেই ব্যক্তি পহিলা ওজন পাইবার যোগ্য হইবেক।

নেমকের বেওরা।

এজেন্সী অর্থাৎ জেলার নাম	ঘাটের নাম	কোন্ সনের পোক্তান	মওয়াজি নেমক	নিরিখদর ফি ১০০/ মোন
জেলা ২৪ পরগনা তাফাল নেমক	নারায়ণপুর	১২৪৮ সাল	মোন ১১৫০০/	কোং টাকা ৪৩০৲

বোর্ড পরমিট নেমক ও আফিম তারিখ ২১ অক্টোবর সন ১৮৪২ সাল। এচ টরেন্স।সেক্রেটারী।

এস্তেহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত পাঙ্গা নেমক পশ্চাদুক্ত নিরিখ দরে বিক্রয়ার্থে প্রস্তুত আছে খরিদদারেরদের উচিত যে ঐ নেমকের রকম মোং চট্টগ্রামের সরকারি গোলার নমুনা দৃষ্টে খাতিরজমামত বুঝিয়া খরিদ করেন আর যে ব্যক্তি মোকাম মজকুরে প্রথমে রওয়ানা দাখিল করিবেক সেই ব্যক্তি পহিলা ওজন পাইবার যোগ্য হইবেক।

নেমকের বেওরা।

এজেন্সী অর্থাৎ জেলার নাম	ঘাটের নাম	কোন সনের পোক্তান	মওয়াজি নেমক	নিরিখদর ফি ১০০৲ মোন
জেলা চট্টগ্রাম	সদর ঘাট	১২৪৮ সাল	৫০০০০/ মোন	কোং টাকা ৪১৫

বোর্ড পরমিট নিমক ও আফিম তাং ২১ অক্টোবর সন ১৮৪২ সাল। এচ টরেন্স। সেক্রেটারী।

NOTICE

Required a Treasurer for the Mymensing Collectorate, unexceptionable security to the extent of Co's Rs. 38,351, Salary 50 Co's Rs. per mensem

R M Skinner, *Collector*

Mymensing, Collector's Office,
The 11th October, 1842

ইশতিহার।

ময়মনসিংহের কালেক্টরীতে এক জন খাজাঞ্চীর দরকার আছে যে কেহ এই কর্ম্ম লইতে চাহেন ইহার ৩৮,৩৫১ টাকার মাতবর জামিন দিতে হইবেক। মাসিক বেতন ৫০ টাকা।

আর এম স্কিনর। কালেক্টর।

ময়মনসিংহের কালেক্টরের কাছারী।
১৮৪২ সাল ১১ অক্টোবর।

[*Government Gazette, 25th October*, 1842]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত উলিয়ম মিচল সাহেবকর্ত্তৃক মুদ্রিত।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, NOVEMBER 1, 1842.

কলিকাতা মঙ্গলবার ১৮৪২ সাল ১ নবেম্বর।

ACTS

FORT WILLIAM,
LEGISLATIVE DEPARTMENT,
THE 14TH OCTOBER, 1842

The following Act is passed by the Honourable the President of the Council of India in Council on the 14th of October, 1842, with the assent of the Right Honourable the Governor General of India, which has been read and recorded

Ordered, that the Act be promulgated for general information

ACT No X OF 1842

An Act for enabling the Inhabitants of any place of public resort or residence under the Presidency of Fort William, not within the Town of Calcutta, to make better provision for purposes connected with public health and convenience

I It is hereby enacted, that if it shall appear to either of the Governments of the Presidency of Fort William, that two-thirds in number of the householders of any Town, Suburb, Settlement or place of public resort and residence within that Presidency are desirous of making better provision for the repairing cleansing, lighting, draining or watching of any public streets, roads, drains or tanks, or any like local purpose, it shall be lawful for the Local Government to which such place as above described is subject to authorize the same in manner following

II And it is hereby enacted, that the Local Government, upon any application made to it for the purpose by or on the part of the householders aforesaid, may, at its discretion, authorize the persons whose names shall be presented or so many of them as may be thought proper being inhabitants of the place as above described to be a Committee for the purpose of effecting the local objects specified in the application

[*Government Gazette, 1st November*, 1842]

আইন।

ফোর্ট উলিয়ম।
লেজিসলেটিব ডিপার্টমেণ্ট।
ইঙ্গরেজী ১৮৪২ সাল ১৪ অক্টোবর।

ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের অনুমতিক্রমে ভারতবর্ষের কৌন্সেলের শ্রীযুত প্রসাডেণ্ট সাহেব বাহাদুর হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৪২ সালের ১৪ অক্টোবর তারিখে নীচের লিখিত আইন জারী করিলেন। শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের ঐ অনুমতিপত্র পাঠ হইয়া কৌন্সেলের বহীতে লেখা গেল।

হুকুম হইল যে এই আইন সকল লোককে জানাইবার নিমিত্ত প্রকাশ হয়।

ইঙ্গরেজী ১৮৪২ সাল ১০ আইন।

কলিকাতা শহরের বাহিরে ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন সাধারণ লোকেরদের গমনাগমনের কোন স্থানের অথবা কোন বাসস্থানের নিবাসিরদিগকে সাধারণের স্বাস্থ্য ও উপকারের বিষয়ে পূর্ব্বাপেক্ষা উত্তম উপায় করণের ক্ষমতা দেওনের আইন।

১ ধারা। ইহাতে হুকুম হইল যে ফোর্ট উলিয়ম রাজধানীর দুই গবর্ণমেণ্টের কোন এক গবর্ণমেণ্টের যদ্যপি এমত বোধ হয় যে ঐ রাজধানীর অন্তঃপাতি কোন শহর কি শহরতলী কি বসতি কি সাধারণ লোকেরদের গমনাগমনের স্থানের ও নিবাসের গৃহস্থেরদের তিন অংশের দুই অংশ ব্যক্তি কোন সরকারী রাস্তা বা পথ বা নরদমা কি পুষ্করিণী মেরামৎ ও পরিষ্কারকরণের ও তাহাতে আলো দেওনের ও জলপথ করণের অথবা চৌকী দেওনের নিমিত্ত কিম্বা সেইরূপ অন্য কোন স্থানবিশেষের কার্য্যের নিমিত্তে পূর্ব্বাপেক্ষা উত্তম উপায় করিতে চাহে তবে উপরের লিখিত সেই স্থান যে গবর্ণমেণ্টের অধীন সেই গবর্ণমেণ্ট নীচের লিখিতমতে তাহার হুকুম দিতে পারেন ইতি।

২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে গবর্ণমেণ্ট উক্ত গৃহস্থেরদের স্থানে অথবা তাহারদের পক্ষে উক্ত অভিপ্রায়ের বিষয়ের দরখাস্ত পাইলে যে ব্যক্তিরদের নাম গবর্ণমেণ্টে অর্পণ হয় অথবা তাহারদের মধ্যে ঐ স্থাননিবাসিরদের যত ব্যক্তিকে উচিত বোধ হয় তাহারদিগকে দরখাস্তের নির্দ্দিষ্ট তৎস্থানীয় কার্য্য সম্পাদনের নিমিত্তে আপন বিবেচনাক্রমে এক কমিটিস্বরূপ নিযুক্ত করিতে পারেন ইতি।

III And it is hereby enacted, that any such Committee may make such assessments and at such rates as may be necessary for effecting the objects aforesaid, and may make all necessary contracts and appoint such servants as may be required with reasonable salaries Provided always that no rate exceeding the amount of five per cent on the rent or yearly value of the premises within the place as above described, or more than one rate in any year shall be raised without the express sanction of the Local Government Provided also that no Member of any such Committee shall be personally liable in respect of any contract entered into by such Committee on behalf of the inhabitants of any place as above described Provided that the said Committee and every Member thereof shall be liable for the misapplication of all monies collected, and the same shall be recoverable in a Civil action as the money and at the suit of the Local Government

৩ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে উক্ত অভিপ্রায় সম্পাদনের নিমিত্ত যে টাক্সের আবশ্যক হয় তাহা এবং যে হারে ঐ টাক্স বসান যাইবেক তাহা ঐ কমিটি নিরূপণ করিতে পারেন এবং তাঁহারা আবশ্যক সকল বন্দোবস্ত করিতে পারেন এবং যে২ চাকরের আবশ্যক হয় তাহারদিগকে উপযুক্ত বেতন দিয়া নিযুক্ত করিতে পারেন। কিন্তু ঐ গবর্ণমেণ্টের বিশেষ অনুমতিব্যতিরেকে ঐ স্থানের মধ্যে বাটীর খাজানার কি বার্ষিক মূল্যের উপর শতকরা ৫ টাকার অধিক টাক্সের হার নির্দ্দিষ্ট হইবেক না এবং সম্বৎসরে এক টাক্সের অধিক লইতে হইবেক না। কিন্তু ঐ স্থাননিবাসি লোকেরদের পক্ষে ঐ কমিটি যে কোন বন্দোবস্ত করেন তাহার বিষয়ে ঐ কমিটির কোন এক জন মেম্বর অর্থাৎ অন্তঃপাতী স্বয়ং দায়ী হইবেন না। এবং উক্ত প্রকারে যে সকল টাকা আদায় হয় তাহা অনুপযুক্ত মতে খরচ হইলে ঐ কমিটি এবং তাহার প্রত্যেক জন মেম্বর তাহার দায়ী হইবেন এবং ঐ টাকা গবর্ণমেণ্টের টাকা বলিয়া গবর্ণমেণ্টের নালিশক্রমে দেওয়ানী মোকদ্দমার দ্বারা পুনর্ব্বার পাওয়া যাইতে পারিবেক ইতি।

IV And it is hereby enacted, that the Local Government shall in every case prescribe such rules for every Committee as may appear necessary for the proper security of the funds collected from the inhabitants And shall have the power of removing any Member of every such Committee on its appearing to such Government that the security or efficiency of the trust is in danger of being impaired And in case of no person being named by the remaining Members of the Committee to the satisfaction of the Local Government to act upon such Committee in the place of the person removed within one month, the Local Government may appoint a Member of the Committee in the place of the person removed

৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে গৃহস্থেরদের স্থানে যে টাকা আদায় হয় তাহা নির্ব্বিঘ্নে থাকিবার নিমিত্ত যে বিধি আবশ্যক বোধ হয় তাহা ঐ স্থানের গবর্ণমেণ্ট প্রত্যেক গতিকে প্রত্যেক কমিটির নিমিত্তে নিরূপণ করিতে পারেন। এবং ঐ গবর্ণমেণ্টের যদি এমত বোধ হয় যে ঐ টাকা অপচয় হইবার অথবা ঐ কর্ম্মের ব্যাঘাতহওনের সম্ভাবনা আছে তবে ঐ কমিটির কোন এক জন মেম্বরকে কর্ম্মচ্যুত করিতে পারেন। এবং ঐ কর্ম্মচ্যুত ব্যক্তির পরিবর্ত্তে ঐ কমিটিতে কার্য্য করিতে যদ্যপি কমিটির অবশিষ্ট মেম্বরেরা এক মাসের মধ্যে ঐ রাজধানীতে গবর্ণমেণ্টের খাতিরজমামত কোন এক জনকে মনোনীত না করেন তবে ঐ রাজধানীর গবর্ণমেণ্ট ঐ কর্ম্মচ্যুত ব্যক্তির পরিবর্ত্তে অন্য কাহাকে নিযুক্ত করিতে পারেন ইতি।

V And it is hereby enacted, that every such Committee shall on the 30th day of April, in every year, or oftener, if required by the Local Government, render to the Local Government an account of all sums received and expended in the preceding year, in such form and with such vouchers as the Local Government may from time to time require

৫ ধারা। প্রতিবৎসরে একবার আপ্রিল মাসের ৩০ তারিখে অথবা গবর্ণমেণ্ট হুকুম করিলে বৎসরে ততোধিকবার উক্ত কমিটি গত বৎসরের সকল টাকার জমা খরচের হিসাব গবর্ণমেণ্ট সময়ে২ যে কোন পাঠ নিরূপণ করেন ও খরচের যে নিদর্শনপত্র দেখাইতে হুকুম করেন সেই পাঠানুসারে এবং সেই নিদর্শনপত্র সমেত গবর্ণমেণ্টকে অর্পণ করিবেন ইতি।

VI And it is hereby enacted, that upon the application of such Committee to any Magistrate or Justice of the Peace, such Magistrate or Justice is required to exercise the same powers for levying the rate which may be due from any defaulter as are specified in Act II of 1839

৬ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে ঐ কমিটি কোন মাজিষ্ট্রেট অথবা জষ্টিস অফ দি পীসের নিকটে দরখাস্ত করিলে ১৮৩৯ সালের ২ আইনে যে ক্ষমতা নির্দ্দিষ্ট আছে সেই ক্ষমতানুসারে ঐ মাজিষ্ট্রেট অথবা জষ্টিস অফ দি পীস সাহেব কোন বাকীদারের স্থানে পাওনা টাক্স আদায় করিবেন ইতি।

VII And it is hereby enacted, that no rate shall be invalidated for defect of form, and it shall be sufficient if in any such rate as aforesaid, or any assessment for the purposes of such rate the property assessed shall be sufficiently identified, and it shall not be necessary to specify the name of the owner or occupier thereof And all property found at any time upon the premises rated shall be liable to be seized and sold under Warrant from a Magistrate or Justice of the Peace for the payment of the rate

৭ ধারা। আরো ইহাতে হুকুম হইল রীতিব্যতিক্রম হইয়াছে বলিয়া কোন টাক্স অসিদ্ধ হইবেক না এবং যদ্যপি উক্তমতে কোন হার নিরূপণকরণেতে অথবা ঐ হারের অনুসারে কোন টাক্স বসানেতে টাক্সহওয়া বাটী ইত্যাদি প্রচুরমতে চেনা যাইতে পারে তবে কর্ম্ম সিদ্ধ হইবেক। এবং ঐ বাটী ইত্যাদির স্বামী বা দখীলকার ব্যক্তির নাম বিশেষরূপে লিখনের আবশ্যক নাহি। এবং ঐ টাক্সহওয়া বাটীর মধ্যে কোন সময়ে যে সকল দ্রব্য পাওয়া যায় তাহা ঐ টাক্সের টাকা আদায়ের নিমিত্ত মাজিষ্ট্রেট অথবা জষ্টিস অফ দি পীস সাহেবের পরওয়ানাক্রমে ক্রোক ও বিক্রয়হওনের যোগ্য হইবেক ইতি।

VIII And it is hereby further enacted, that it shall be competent at all times to the Local Government to dissolve any such Committee, and to

৮ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে গবর্ণমেণ্ট সর্ব্বদাই উক্ত প্রকার কোন কমিটি রহিত করিতে পারেন এবং ঐ কমিটি কি তাহার কোন মেম্বরেরা যে কার্য্যে

appoint any person or persons to enquire into and report upon the conduct of such Committee or of any Members thereof in the execution of their Trusts, and such person or persons so appointed shall have power to send for persons, papers and records, and to compel the attendance or delivery of the same and to examine witnesses upon oath

F J HALLIDAY,
Offg Secy to the Govt of India

FORT WILLIAM,
LEGISLATIVE DEPARTMENT,

THE 21ST OCTOBER, 1842

Resolution —The following Act read a second time on the 2d ultimo, is brought up again before the Legislative Council on this day—The Honourable the President in Council being desirous that no time should be lost in passing the Act

Resolved, that the Rule requiring a previous publication of three months before the passing of any Act of the Government of India be suspended in respect to the following Act, which is passed by the Honourable the President of the Council of India in Council on this date, with the assent of the Right Honourable the Governor General of India, which has been read and recorded

ACT No XI OF 1842

An Act for amending and explaining the Law concerning the importation of Foreign Sugar

It is hereby enacted and declared that the prohibition and penalties contained in Acts No XXXII of 1836 and No XV of 1839, against the landing or attempting to land in any part of the Territories subject to the Presidency of Fort William in Bengal or the Presidency of Fort St George, of any Foreign Sugar, or any Sugar which is the growth of any British possession into which Foreign Sugar can be legally imported, shall apply and be deemed to apply to such Sugar otherwise imported into any part of the Territories subject to the said Presidencies

F J HALLIDAY,
Offg Secy to the Govt of India

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT

No 3333

To the Civil Judges in the Lower Provinces

In modification of the Circular of the 24th June last, the Court are pleased to direct, that uncovenanted Judges may at their option sign their names in the English or in any other character, but that they shall always sign in full instead of employing initials, and only use one character on all occasions, instead of having recourse to different characters at different times

W KIRKPATRICK, *Deputy Register*
Fort William, 9th September, 1842

[*Government Gazette*, 1st *November*, 1842]

নিযুক্ত ছিলেন সেই কার্য্য কিরূপে নির্ব্বাহ করিয়াছেন তাহার বিষয় অনুসন্ধান করিয়া রিপোর্ট করিতে কোন ব্যক্তি বা ব্যক্তিরদিগকে নিযুক্ত করিতে পারেন্ এবং উক্ত প্রকার যে ব্যক্তি বা ব্যক্তিরা নিযুক্ত হন তাঁহারা কোন লোকেরদিগকে ও কোন কাগজপত্র ও রোয়দাদ তলব করিতে এবং বলপূর্ব্বক লোকেরদিগকে হাজির করিতে কি ঐ কাগজপত্র দাখিল করিতে এবং সুকৃতিপূর্ব্বক সাক্ষির দের জোবানবন্দী লইতে ক্ষমতাপন্ন হইবেন ইতি।

এফ জে হালিডে।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।
JOHN C MARSHMAN, *Bengalee Translator*

ফোর্ট উলিয়ম।
লেজিসলেটিব ডিপার্টমেণ্ট।
ইঙ্গরেজী ১৮৪২ সাল ২১ অক্টোবর।

নির্দ্ধারণ।—নীচের লিখিত আইন গত মাসের ২ তারিখে দ্বিতীয়বার পাঠ হইয়া অদ্য পুনর্ব্বার ব্যবস্থাপক কৌন্সেলের সম্মুখে উপস্থিত করা গেল। শ্রীযুত প্রসীডেণ্ট সাহেব বাহাদুর হজুর কৌন্সেলে এই আইন অগৌণে জারী করিতে ইচ্ছুক হইয়া

এই নির্দ্ধারণ করিয়াছেন যে ভারতবর্ষের গবর্ণমেণ্টের কোন আইন জারীকরণের তিন মাস পূর্ব্বে তাহা প্রকাশ করিতে যে বিধান আছে সেই বিধান নীচের লিখিত আইনের বিষয়ে স্থগিত হইবেক। এবং ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের অনুমতিক্রমে ভারতবর্ষের কৌন্সোলের শ্রীযুত প্রসীডেণ্ট সাহেব বাহাদুর হজুর কৌন্সেলে ঐ আইন অদ্য জারী করিলেন। শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের ঐ অনুমতিপত্র পাঠ হইয়া কৌন্সেলের বহীতে লেখা গেল।

ইঙ্গরেজী ১৮৪২ সাল ১১ আইন।
ভিন্ন দেশজাত চিনি আমদানীকরণবিষয়ক আইন
স্পষ্টকরণ ও সংশোধনের আইন।

The Governor General has this day received the reports of three victories obtained, on the 30th of August, by Major General Nott, over twelve thousand Affghans, 38 miles south west of Ghuznee, on the 8th of September by Major General Pollock, over the troops of Mahomed Akbar Khan and the Ghilzie Chiefs at Jugdulluck and on the 16th of June, by the expedition on the coast of China within the mouth of the river Yang tse Kiang at the city of Woosung

In this last operation and those immediately succeeding it Vice Admiral Sir W Parker and Lieutenant General Sir Hugh Gough took 364 guns from the Chinese

On the 3d of September Major General Nott had advanced to Nanee, within a short march of Ghuznee

On the 9th of September Major General Pollock had advanced to Kutta Sung, and had experienced no opposition

Formed as the troops under Major General Nott have mostly been by four years of constant service, and habituated as they have been to victory under their able Commander the Governor General had anticipated their success against any force which could be brought against them It is to the Governor General a subject of sincere satisfaction, that the events of the campaign should have opened a more extensive field to that brave army on which it may make manifest to the world the high qualities he has long known it to possess

Major General Pollock has, through the pru-

৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে কোন ব্যক্তির এই আইনের লিখিত অপরাধ করণের দোষ মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে ঐ ব্যক্তির দণ্ড হইতে পারে কিন্তু যদি ঐ দাঙ্গাহঙ্গামাতে প্রাণহানি হয় তবে মাজিষ্ট্রেট সাহেব সেই অপরাধের বিচার করিতে পারেন না ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্ত প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ২৬ নবেম্বর তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের প্রথম যে বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনর্ব্বার বিবেচনা করা যাইবেক।

এফ জে হালিডে।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

আইনের অর্থ।

অশুদ্ধশোধন।

১৮৪২ সালের ১৫ নবেম্বর তারিখে যে আইনের অর্থ ছাপা হইয়াছে তাহার ১৩৫৬ এবং ১৩৫৭ নম্বরের পরিবর্ত্তে ১৩৬৩ ও ১৩৬৪ নম্বর পাঠ করিতে হইবেক।

জে হকিন্স। রেজিষ্টর।

ভারতবর্ষের শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের সাধারণ হুকুম।

সীমলা। ১৮৪২ সাল ২১ সেপ্টেম্বর।

পোলিটিকাল ডিপার্টমেণ্ট।

অদ্য শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর তিনস্থানীয় জয় সংবাদ প্রাপ্ত হইয়াছেন অর্থাৎ গজনেন নগরের দক্ষিণ পশ্চিম উনিশ ক্রোশ অন্তরে শ্রীযুত মেজর জেনরল নট সাহেব আগষ্ট মাসের ৩০ তারিখে বারো হাজার আফগানীলোকদিগকে জয় করিলেন এবং জগদলক স্থানে শ্রীযুত মেজর জেনরল পলক সাহেব সেপ্টেম্বর মাসের ৮ তারিখে মহম্মদ আকবর খাঁর এবং ঘিলজীর অধ্যক্ষেরদের সৈন্যেরদিগকে জয় করেন এবং য়াঙ্গ সি কিয়াং নদীর মোহানায় উসঙ্গ শহরে চীন দেশে প্রেরিত ইঙ্গলণ্ডীয় সৈন্যেরা জুন মাসের ১৬ তারিখে চীনীয়েরদিগকে জয় করেন্।

এই শেষোক্ত যুদ্ধেতে এবং তৎপরে যে নানা যুদ্ধ হইয়াছিল তাহাতে বৈস আদমিরাল শ্রীযুত সর ডবলিউ পার্কর সাহেব এবং লেপ্টেনেণ্ট জেনরল শ্রীযুত সর হিউ গফ সাহেব চীনীয় লোকেরদের স্থানহইতে ৩৬৪ কামান হস্তগত করিলেন।

সেপ্টেম্বর মাসের ৩ তারিখে শ্রীযুত মেজর জেনরল নট সাহেব গজনেন নগরের কিঞ্চিৎ অন্তরিত নানিস্থানপর্য্যন্ত পঁহুছিলেন।

সেপ্টেম্বর মাসের ৯ তারিখে শ্রীযুত মেজর জেনরল পলক সাহেব কট্টা সঙ্গ স্থানপর্য্যন্ত পঁহুছিয়াছিলেন শত্রুরা পথিমধ্যে তাঁহার যুদ্ধযাত্রার কোন বাধা জন্মায় নাই।

মেজর জেনরল নট সাহেবের অধীন সৈন্যেরা চারি বৎসর ব্যাপিয়া অনবরত যুদ্ধ করিতে২ যুদ্ধ ব্যাপারে সুশিক্ষিত হইয়াছে এবং তাহারদের নিপুণতর সৈন্যাধ্যক্ষের অধীনে সংগ্রামে সর্ব্বদাই জয়ী হইয়াছে অতএব শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর পূর্ব্বেই অনুমান করিয়াছিলেন যে ঐ সৈন্যেরদের প্রতিকূলে যে কোন শত্রু উপস্থিত হয় তাহার নিতান্ত পরাভব হইবেক। শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর অনেক কালাবধি অবগত আছেন যে ঐ সাহসিক সৈন্যেরদের বিলক্ষণ শৌর্য্যগুণ আছে অতএব এই বৎসরীয় যুদ্ধের ব্যাপারের দ্বারা তাহারদের ঐ গুণ পৃথিবীর মধ্যে প্রকাশ করণার্থ পূর্ব্বাপেক্ষা উত্তম সুযোগ হওয়াতে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর পরমাহ্লাদিত আছেন।

শ্রীযুত মেজর জেনরল পলক সাহেব অতি বিচক্ষণতা-

dence of his arrangements, and the correctness of the movements directed by him, had the gratification of affording to his troops the opportunity of proving their superiority to the Affghans on the very scene of the last disaster on the retreat from Cabool, and Major General Sir R. Sale, at the head of the garrison of Jellalabad, worthily supported by the reinforcements from India, has had the glory of leading the army on its triumphant return to the capital of Affghanistan

The Governor General regards with the highest admiration the noble ardour which has, in these several operations, been manifested, equally by the officers and soldiers of both nations and of all arms He sees, in the successes already obtained, the certain promise of other more decisive victories calculated to impress upon all the enemies of the British Government a conviction of the futility of resistance to the forces under his direction, and tending, under the continued favor of Providence, to effect the first object of his desire, the restoration of peace to Asia

By order of the Right Honourable the Governor General of India,

T H Maddock,

Secy to the Govt of India, with the Govr Genl

SECRET DEPARTMENT,

Simla, the 30th September, 1842

The Governor General announces to the army and to the people of India, the occupation of Ghuznee by Major General Nott on the 6th of September, and its entire destruction by the Candahar division of the army

Major General Nott had the satisfaction of releasing in the neighbourhood of Ghuznee three hundred and twenty seven Sepoys, of the 27th native infantry from the slavery to which they had been reduced by the Affghans

The Governor General likewise announces the complete defeat of Mahomed Akbar Khan at the head of 16 000 men at Tezeen on the 13th of September, by Major General Pollock, and the occupation of Cabool by the Troops under that General, on the 16th of September

The British flag waves in triumph from the highest point of the Bala Hissar

Thus have all past disasters been retrieved and avenged on every scene on which they were sustained, and repeated victories in the field and the capture of the cities and citadels of Ghuznee and Cabool have advanced the glory and established the accustomed superiority of the British arms

The Governor General has derived much satisfaction from the report made by Major General Pollock, of the admirable conduct of the troops of His Highness the Maharajah Shere Sing acting in co operation with the British army

The Governor General rejoices in this new proof of the cordial good understanding which prevails

পূর্ব্বক আপন যুদ্ধের নিয়ম করাতে এবং অতি সদ্বিবেচনাপূর্ব্বক সৈন্যেরদের যাত্রা নির্দ্দিষ্ট করাতে কাবলহইতে প্রস্থান করণসময়ে যেং স্থানে ইঙ্গলণ্ডীয় সৈন্যেরদের বিভ্রাট হইয়াছিল সেইং স্থানেই আফগানীয় সৈন্যেরদের উপর স্বীয় সৈন্যেরদের পরাক্রম প্রকাশ করিবার সুযোগ করিয়া দিলেন এবং শ্রীযুত মেজর জেনরল সর রাবর্ট সেল সাহেব জলালাবাদের সৈন্যের সৈন্যাধ্যক্ষ হইয়া এবং ভারতবর্ষহইতে প্রেরিত নূতন সৈন্যেরদের পোষকতা পাইয়া আফগানস্থানের রাজধানীতে সৈন্যেরদিগকে জয় করত পুনর্ব্বার লইয়া গিয়া অত্যন্ত যশঃপ্রাপ্ত হইয়াছেন।

এই সকল যুদ্ধেতে ইঙ্গলণ্ড দেশীয় ও এতদ্দেশীয় নানা দলের সমস্ত সেনাপতি ও সৈন্যেরা যে অত্যন্ত প্রশংস্য উৎসাহ প্রকাশ করিয়াছেন তাহা শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর দেখিয়া অত্যন্ত আশ্চর্য্য জ্ঞান করিতেছেন। সম্প্রতি যে সকল জয় কার্য্য সম্পন্ন হইয়াছে তদ্দৃষ্টে শ্রীযুত নিশ্চয় বোধ করেন যে ইহাঅপেক্ষা ভাবি জয় হইবার সম্ভাবনা আছে এবং তাহাতে ব্রিটিস গবর্ণমেন্টের তাবৎ শত্রুর এই জ্ঞান হইবেক যে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের অধীন যে সৈন্য আছে তাহারদের প্রতিবন্ধকতা করা অসাধ্য। এবং শ্রীশ্রীঈশ্বরের কৃপাতে শ্রীযুতের পরম বাঞ্ছা সিদ্ধ হইয়া আসিয়াতে শান্তির পুনঃস্থাপন হইবেক।

ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের হুকুম ক্রমে।

টি এচ মাডক।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের সমভিব্যাহারি ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

John C Marshman, *Bengalee Translator.*

সিক্রেট ডিপার্টমেন্ট।

সীমলা।

১৮৪২ সাল ৩০ সেপ্টেম্বর।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর ভারতবর্ষস্থ সৈন্যের দিগকে এবং সর্ব্ব সাধারণ লোককে জানাইতেছেন যে সেপ্টেম্বর মাসের ৬ তারিখে শ্রীযুত মেজর জেনরল নট সাহেব গজনিন নগর অধিকার করিলেন এবং তাঁহার অধীন সৈন্যেরদের দ্বারা ঐ নগর একেবারে উচ্ছিন্ন হইল।

এতদ্দেশীয় পদাতিক সৈন্যেরদের ২৭ সংখ্যক পল্টনের যে সিপাহীরদিগকে আফগানীরেরা গোলাম করিয়া রাখিয়াছিল এমত ৩২৭ জন সিপাহীকে শ্রীযুত মেজর জেনরল নট সাহেব অত্যাহ্লাদপূর্ব্বক গজনেনের অঞ্চলে মুক্ত করিলেন।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর আরো প্রকাশ করিতেছেন যে শ্রীযুত মেজর জেনরল পলক সাহেব সেপ্টেম্বর মাসের ১৩ তারিখে টিজিন স্থানে মহম্মদ আকবর খাঁকে ষোল হাজার সৈন্য সহিত সম্পূর্ণরূপে পরাজয় করিলেন এবং সেপ্টেম্বর মাসের ১৬ তারিখে ঐ জেনরল সাহেবের সৈন্যেরাই কাবল দখল করিল।

বালা হিসারের সর্ব্বোপরিস্থ স্থানে ইঙ্গলণ্ডীয়েরদের জয়পতাকা উড্ডীয়মানা হইতেছে।

এতদ্রূপে যেং স্থানে বিভ্রাট হইয়াছিল সেই সকল স্থানে তাহার প্রতিকার ও প্রতিফল হইয়াছে এবং রণভূমিতে ইঙ্গলণ্ডীয় সৈন্যেরদের বারম্বার জয় এবং গজনেন ও কাবলের নগর ও কিল্লা দখল হওয়াতে ইঙ্গলণ্ডীয় সৈন্যেরদের শৌর্য্যের বৃদ্ধি হইয়াছে এবং তাহারদের প্রাদুর্ভাবের উন্নতি হইয়াছে।

শ্রীযুত মেজর জেনরল পলক সাহেব শ্রীযুতকে জ্ঞাপন করিয়াছেন যে শ্রীযুত মহারাজা শের সিংহের সৈন্যেরা ইঙ্গলণ্ডীয় সৈন্যেরদের সাহায্য করত অত্যন্ত প্রশংস্য আচরণ করিয়াছেন। তাহা শুনিয়া শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর পরমাপ্যায়িত হইয়াছেন।

এই সাহায্যের দ্বারা ইঙ্গলণ্ডীয় গবর্ণমেণ্ট ও লাহোরের গবর্ণমেণ্টের মধ্যে মৈত্রীভাবের নূতন প্রমাণ দেখা যাই-

between the British Government and that of Lahore

The report of Major General Pollock leads the Governor General to expect that long before this day all the British prisoners taken by the Affghans will have been brought into the General's camp Those who had been left near Cabool were already at liberty

The Governor General, in the name of the Government and of all the people of India, offers to Major General Pollock and Major General Nott, and all the officers and troops under their respective commands, his grateful and heartfelt acknowledgments of the important services they have performed

The Governor General directs that the recent successes obtained by the armies in Affghanistan be fully made known to all the troops at all the stations of the army, and that at all those stations a salute of 21 guns be fired for the capture of Ghuznee, and a similar salute for the capture of Cabool

By order of the Right Honourable the Governor General of India,

T H MADDOCK
Sec to the Govt of India, with the Gov General

NOTIFICATIONS

APPOINTMENTS BY THE SUDDER DEWANNY ADAWLUT

THE 11TH NOVEMBER, 1842

Baboo Gopeemohun Ghose (who has obtained a Diploma) to be acting Moonsiff of Khundghose, Zillah East Burdwan, during the absence on leave of the Incumbent

Baboo Greeschunder Chatterjee (who has obtained a Diploma) to be Acting Moonsiff of Noabad, Jessore

THE 18TH NOVEMBER, 1842

Baboo Ramgopal Roy (who has obtained a Diploma) to be Acting Moonsiff of Kishnaghur, Zillah Nuddea.

J HAWKINS, *Register*

CIVIL APPOINTMENTS

No 1507

ORDERS BY THE HONORABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL

JUDICIAL AND REVENUE DEPARTMENT

LEAVE OF ABSENCE

The 1st November, 1842.

Major A. Davidson, Principal Assistant to the Commissioner of Assam, from the date of his arrival at the Presidency to the 31st ultimo, in extension of the leave granted to him by the Commissioner, and confirmed by Government in the Political Department under date the 4th May last

APPOINTMENTS

The 7th November, 1842

Lieut. H. L. Bigge, Principal Assistant to the

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ২২ নবেম্বর।]

তেছে ইহাতে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর পরম আনন্দিত আছেন।

শ্রীযুত মেজর জেনরল পলক সাহেব যে সম্বাদ পাঠাইয়াছেন তাহার দ্বারা শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের বোধ হয় যে আফগানীয়েরদের দ্বারা ইঙ্গলণ্ডীয় যে সকল ব্যক্তি ধৃত হইয়াছিলেন তাঁহারা ইহার অনেক দিন পূর্ব্বে মুক্ত হইয়া উক্ত জেনরল সাহেবের ছাউনিতে পঁহুছিয়া থাকিবেন। আফগানীসেরা যাঁহারদিগকে কাবলের নিকটে রাখিয়াছিল তাঁহারা মুক্ত হইয়াছেন।

শ্রীযুত মেজর জেনরল পলক সাহেব ও শ্রীযুত মেজর জেনরল নট সাহেব এবং তাঁহারদের অধীন সমস্ত সেনাপতি ও সৈন্যেরা এইমত যে অতিগুরুতর কার্য্য সম্পন্ন করিয়াছেন তাহার নিমিত্তে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর গবর্ণমেণ্টের পক্ষে ও ভারতবর্ষস্থ সর্ব্ব সাধারণ লোকের পক্ষে আপনার আন্তরিক কৃতজ্ঞতা স্বীকার করিতেছেন।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হুকুম করিতেছেন যে আফগান দেশে সম্প্রতি ইঙ্গলণ্ডীয় সৈন্যেরদের যে জয় হইয়াছে তাহার সংবাদ প্রত্যেক সৈন্যের শিবিরে সমস্ত সৈন্যেরদিগকে প্রকাশ করা যায় এবং সেই প্রত্যেক শিবিরে গজনেন অধিকার করণের নিমিত্ত ২১ করিয়া তোপ এবং কাবল দখলকরণের নিমিত্ত আরো ২১ করিয়া তোপ ছোড়া যায়।

ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের হুকুমক্রমে।

টি এচ মাডক।

ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের সমভিব্যাহারি ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের নিযোগ।

১৮৪২ সাল ১১ নবেম্বর।

পূর্ব্ব বর্দ্ধমান জিলার খণ্ডঘোষের মুনসেফের অনুপস্থানপর্য্যন্ত যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু গোপীমোহন ঘোষ ঐ স্থানের একটিং মুনসেফ হইবেন।

যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু গিরিশচন্দ্র চাটুয্যা যশোহরের নওয়াবাদের একটিং মুনসেফ হইবেন।

১৮৪২ সাল ১৮ নবেম্বর।

যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু রামগোপাল রায় নদীয়া জিলার কৃষ্ণনগরের একটিং মুনসেফ হইবেন।

জে হকিন্স। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিযোগ।

১৫০৭ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেণ্ট।

ছুটী।

১৮৪২ সাল ১ নবেম্বর।

আসামের কমিস্যনরের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত মেজর এ ডেবিডসন সাহেব কমিস্যনর সাহেবের স্থানে যে ছুটী পান অথচ যে ছুটী গত মাসের ৪ তারিখে পোলিটিকাল ডিপার্টমেণ্টে গবর্ণমেণ্ট মঞ্জুর করিয়াছেন তদতিরিক্ত রাজধানীতে তাঁহার পঁহুছনের তারিখঅবধি গত মাসের ৩১ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

নিয়োগ।

১৮৪২ সাল ৭ নবেম্বর।

আসামের কমিস্যনরের প্রধান আসিষ্টাণ্ট অথচ কাম-

Commissioner of Assam, in charge of the Division of Kamroop, to have charge of the District of Durrung, vice Lieut Scott

Lieut C Scott, ditto ditto, in charge of the Division of Durrung, to have charge of the District of Kamroop, vice Lieut Bigge

NOTIFICATIONS

The 14th November, 1842

Messrs T C Trotter and C A Ravenshaw, of the Civil Service, reported their having sailed for the Cape of Good Hope, on the Ship "Hindoostan," on the 31st ultimo

Mr W Tayler, of the Civil Service, reported his return from the Cape of Good Hope, on the Ship "Maidstone," under date the 5th instant

Mr J W Templer received charge of the Office of Civil and Session Judge of West Burdwan from Mr F A E Dalrymple on the 3d instant

Mr B H Cooper received charge of the Magistracy of Mymensingh from Mr A Littledale on the 3d idem

Mr R H Russell received charge of the office of Joint Magistrate and Deputy Collector of Maldah from Mr R P Harrison on the 31st ultimo

The leave of absence granted to Mr H B Brownlow, Judge of Cuttack, under date the 12th September last, has been cancelled at his own request

F J HALLIDAY,
Secy to the Govt of Bengal

No 606

FORT WILLIAM

FINANCIAL DEPARTMENT,

The 18th November, 1842

Mr C Trower, Civil Auditor is permitted to be absent from his Office on account of indisposition

Mr J A Dorin is appointed to officiate as Civil Auditor until further orders

By order of the Honourable the Deputy Governor of Bengal,

H V BAYLEY,
Depy Secy to the Govt of Bengal

No 1521

ORDERS BY THE HONORABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL

JUDICIAL AND REVENUE DEPARTMENT

LEAVES OF ABSENCE

The 1st November, 1842

Mr F A E Dalrymple, Officiating Joint Magistrate and Deputy Collector of Bancoorah, to the 5th September, in addition to the time allowed for joining his Station

The 14th November, 1842

Mr R J Loughnan, Civil and Sessions Judge of Backergunge, for two months, from the 1st proximo, on private affairs

Mr J French, Additional Judge of Tirhoot, for one month, under Section XI of the Rules of 29th

[*Government Gazette, 22d November, 1842*]

রূপ জিলার অধ্যক্ষতা কর্ম্মে নিযুক্ত শ্রীযুত লেপ্টেনেন্ট এচ এল বিগ সাহেব লেপ্টেনেন্ট স্কট সাহেবের পরিবর্ত্তে ডরঙ্গ জিলার অধ্যক্ষতা কর্ম্ম গ্রহণ করিবেন।

আসামের ঐ ঐ অর্থাৎ ডরঙ্গ জিলার অধ্যক্ষতা কর্ম্মে নিযুক্ত শ্রীযুত লেপ্টেনেন্ট সি স্কট সাহেব শ্রীযুত লেপ্টেনেন্ট বিগ সাহেবের পরিবর্ত্তে কামরূপ জিলার অধ্যক্ষতা কর্ম্ম গ্রহণ করিবেন।

বিজ্ঞাপন।

১৮৪২ সাল ১৪ নবেম্বর।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত টি সি ট্রাটর সাহেব এবং শ্রীযুত সি এ রাবন্সা সাহেব গত মাসের ৩১ তারিখে "হিন্দুস্থান" নামক জাহাজে কেপে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত ডবলিউ টেলর সাহেব বর্ত্তমান মাসের ৫ তারিখে "মেডষ্টন" নামক জাহাজের দ্বারা কেপ হইতে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করেন।

বর্ত্তমান মাসের ৩ তারিখে শ্রীযুত জে ডবলিউ টেম্প্লর সাহেব পশ্চিম বর্দ্ধমানের সিবিল ও সেশন জজী কর্ম্ম শ্রীযুত এফ এ ই ডালরিম্পল সাহেবের স্থানে গ্রহণ করেন।

শ্রীযুত বি এচ কুপর সাহেব বর্ত্তমান মাসের ৩ তারিখে ময়মনসিংহের মাজিস্ট্রেটী কর্ম্ম শ্রীযুত এ লিটলডেল সাহেবের স্থানে গ্রহণ করেন।

শ্রীযুত আর এচ রসেল সাহেব গত মাসের ৩১ তারিখে মালদহের জাইন্ট মাজিস্ট্রেটী ও ডেপুটী কালেক্টরী কর্ম্ম শ্রীযুত আর পি হারিসন সাহেবের স্থানে গ্রহণ করেন।

কটকের জজ শ্রীযুত এচ বি ব্রৌনলো সাহেবকে গত সেপ্টেম্বর মাসের ১২ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহা তাঁহার প্রার্থনায় রহিত হইয়াছে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৬০৬ নম্বর।

ফোর্ট উলিয়ম।

ফিনান্সিয়ল ডিপার্টমেণ্ট।

১৮৪২ সাল ১৮ নবেম্বর।

সিবিল আডিটর শ্রীযুত সি ট্রৌয়র সাহেব ব্যামোহপ্রযুক্ত আপনার দফ্তরখানায় উপস্থিত না থাকিবার অনুমতি পাইয়াছেন।

অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত জে এ ডোরিন সাহেব সিবিল আডিটরের কর্ম্ম নির্ব্বাহ করিতে নিযুক্ত হইয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবরনর সাহেবের হুকুম ক্রমে।

এচ বি বেলি।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ডেপুটী সেক্রেটারী।

১৫২১ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেণ্ট।

ছুটী।

১৮৪২ সাল ১ নবেম্বর।

বাঁকুড়ার একটিং জাইন্ট মাজিস্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত এফ এ ই ডালরিম্পল সাহেব আপনার কর্ম্ম স্থানে গমনার্থ যে ছুটী পান্ তদতিরিক্ত ৫ সেপ্টেম্বর তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৪২ সাল ১৪ নবেম্বর।

বাকরগঞ্জের সিবিল ও সেশন জজ শ্রীযুত আর জে লফনন সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে আগামি মাসের ১ তারিখঅবধি দুই মাসের ছুটী পাইয়াছেন।

ত্রিহুতের অতিরিক্ত জজ শ্রীযুত জে ফ্রেঞ্চ সাহেব গত আগষ্ট মাসের ৩০ তারিখে যে ছুটী পান্ তাহার অতি-

January 1840, in extension of the leave granted to him on the 30th August last

Mr E DaCosta, Additional Principal Sudder Ameen of Behar, for six weeks, from the 7th instant, in extension, to enable him to rejoin his Station

Mr R B Garrett, Collector of Rajeshye, for six weeks on private affairs, under Section XI of the Rules of 29th January 1840 Mr Garrett will make over charge to Mr T C Loch, the Officiating Magistrate, who will conduct the duties of the Collectorate in addition to those of his present office during Mr Garrett's absence, or until further orders

Mr C D Russell, Collector of Dinagepore for two months, on private affairs, in extension of the leave granted to him on the 10th ultimo

APPOINTMENTS

Mr W Tayler to officiate as Civil and Sessions Judge of Backergunge during the absence of Mr Loughnan

Moulvie Fuzulool Rahman to officiate as Chief Cazee of the Court of Sudder Dewanny and Nizamut Adawlut during the absence of Moulvie Gholam Sobhan

LEAVE OF ABSENCE

The 16th November 1842

Mr J E Wilkinson, Collector of Tirhoot, for six weeks from the 1st November, the date on which he made over charge of his office to Mr A R Young

I J HALLIDAY,

Secy to the Govt of Bengal

রিক্ত ১৮৪০ সালের ২৯ জানুআরি তারিখের বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

বেহারের অতিরিক্ত প্রধান সদর আমীন শ্রীযুত ই ডাকষ্টা সাহেব আপনার কর্ম্মস্থানে গমনার্থ বর্ত্তমান মাসের ৭ তারিখঅবধি অতিরিক্ত ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

রাজশাহীর কালেক্টর শ্রীযুত আর বি গারেট সাহেব ১৮৪০ সালের ২৯ জানুআরি তারিখের বিধির ১১ ধারানুসারে স্বীয় কর্ম্মোপলক্ষে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন। শ্রীযুত গারেট সাহেব আপনার কর্ম্মের ভার একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত টি সি লক সাহেবের প্রতি অর্পণ করিবেন এবং গারেট সাহেবের অনুপস্থান কি অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত শ্রীযুত লক সাহেব আপনার কর্ম্মের অতিরিক্ত কালেক্টরী কর্ম্মও চালাইবেন।

দিনাজপুরের কালেক্টর শ্রীযুত সি ডি রসেল সাহেব গত মাসের ১০ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে দুই মাসের ছুটী পাইয়াছেন।

নিয়োগ।

শ্রীযুত লফনন সাহেবের অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত ডবলিউ টেলর সাহেব বাকরগঞ্জের সিবিল ও সেশন জজী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত মৌলবী গোলাম সোভানের অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত মৌলবী ফজলউল রহমান সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের কাজীয়ল কুজ্জাতের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৪২ সাল ১৬ নবেম্বর।

ত্রিহুতের কালেক্টর শ্রীযুত জে ই উইল্কিনসন সাহেব নবেম্বর মাসের ১ তারিখঅবধি অর্থাৎ যে তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত এ আর ইয়ং সাহেবের প্রতি অর্পণ করেন সেই তারিখঅবধি ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

এক জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS

গবর্ণমেণ্টের ইশ্তিহার।

SALT

নিমক।

ইস্তাহার দেওয়া যাইতেছে যে মন ১৮৪২ সাল তারিখ ২৪ নবেম্বর রোজ বৃহস্পতিবার বেলা দুই প্রহর এক ঘন্টার পূর্ব্বে যে কোন সময়ে হউক নীচের লিখিত মোয়াজি সৈন্ধব নেমক যাহা মোং শালিখার সরকারী গোলায় মৌজুদ আছে তাহার খরিদের জন্য দরখাস্ত সিল মোহর করিয়া এই দপ্তরখানায় লওয়া যাইবেক তদনন্তর ঐ নেমকের দর শ্রীযুত সাহেবান আলিশান বোর্ড পরমিট নেমক ও আফিমের হুকমানুসারে নির্দ্ধারিত হইবেক ঐ সকল দরখাস্তে ফি শত মোন নেমকের উপর যে ব্যক্তি যত মূল্য দিতে চাহিবেক তাহা কোম্পানির টাকায় লিখিতে হইবেক আর ঐ দরখাস্তের উপর এমত লিখিত থাকিবেক যে সৈন্ধব নেমকের বাবদ দরখাস্ত এবং দরখাস্তের শিরনামার উপর দরখাস্তকারী অথবা তাহার মোক্তার কিম্বা গোমাস্তার নাম লিখিত থাকিবেক ও দরখাস্ত খুলিবার নিরূপিত সময়ে দরখাস্তকারি অথবা তাহার মোক্তার কিম্বা গোমাস্তা কেহ এক জন উপস্থিত না থাকিলে দরখাস্ত খোলা যাইবেক না এবং দরখাস্তের সহিত ফি শত মোন এক শত টাকা আমানতের স্বরূপ দাখিল করিতে হইবেক তৎব্যতীত কোন দরখাস্ত মাতবর জ্ঞান করা যাইবেক না ঐ ১০০ টাকা যে ব্যক্তির দরখাস্ত মঞ্জুর হইবেক তাহার নামে এই নেমক খরিদের হিসাবে জমা হইবেক কিম্বা দরখাস্ত মঞ্জুর না হইলে ফেরত দেওয়া যাইবেক।

যে ব্যক্তি নেমক খরিদের জন্য দরখাস্ত করিবেক তাহারদিগের উচিত যে দরখাস্তকরণের পূর্ব্বে ঐ নেমকের নমুনা মোং শালিখার গোলায় স্বচক্ষে দেখিয়া নেমকের রকম বুঝিয়া আপনার খাতিরজমামতে দরখাস্ত করে ইতি।

নেমকের রেওরা।

এজেন্সী অর্থাৎ জেলার নাম	ঘাটের নাম	কোন সনের পেক্কান	মোয়াজিয়ে নেমক
সৈন্ধব গুড়া ইন ফিরিয়র	শালিখা	১৮৪০। ৪১ সাল	ন্যূনাতিরেক ১০০/ মোন

বিমোঃ শ্রীযুত সাহেবান আলিশান বোর্ড পরমিট নেমক ও আফিম ইতি সন ১৮৪২। তারিখ ১৬ নবেম্বর।

এচ টরেন্স। সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ২২ নবেম্বর।]

বাকীজাত নমক সন ১৮৪২ সাল তারিখ ৩০ সেপ্টেম্বর।

	হিজলী।	
ঘাট দক্ষিণ কালীনগর	১২৪৬ সাল	৭৫১/ মোন
ঐ ঐ	১২৪৭	৫৯২৫৫৯॥০
ঐ ঐ	১২৪৮	৭১০৫৭৩॥০
উত্তর কালীনগর	১২৪৭	২৮০৯৯৪/০
তেরে পাইকা	১২৪৮	৩৬৬৩৬০/০
কৃষ্ণনগর	১২৪৭	৮৯৮৫৮।৫॥০
ঐ	১২৪৮	৪১০৭৫৮/০
রামনগর	,,	৯২৫০৬/০
	তমলুক।	
নারায়ণপুর	১২৪৭	৮০২৯৯৸৬॥০
ঐ	১২৪৮	৫৬৭২৩৮/০
ক্রোকী নেমক	,,	৮৯৸৮৸৶
	২৪ পরগনা।	
নারায়ণপুর বাহিরমুনি	১২৪৭	১২৫০/০
ঐ ঐ	১২৪৮	৬৫৫৪/০
ঐ তাফাল	১২৪৭	২১৭০/০
ঐ ঐ	১২৪৮	৯২১৩৩।০
বেঁওতা	১২৪৭	৩১।৪॥
ঐ	১২৪৮	১৬৪০॥০
শ্রীযুত প্রিন্সেপ সাহেবের		
নারায়ণপুর প্রথম রকম	১২৪৪	২।১
ঐ ঐ	১২৪৮	২৭৮৯॥৯
ঐ ঐ দ্বিতীয় রকম	,,	৬০৭৭।৩॥
বালিয়াঘাটা	১২৪৮	৩৫৬॥০
ডাইমন হারবোর	১২৪৭	১৯৯২৯/৫
ঐ ঐ	১২৪৮	৬১৯৭০/০
বাগুণ্ডি	১২৪৭	১৪০২/০
ঐ	১২৪৮	১২৫৬৩১/০
	চট্টগ্রাম।	
নেজামপুর ডোমখালি	১২৪৭	১১১৮॥০
ঐ ঐ	১২৪৮	১৩২৬৭২/০
সদর ঘাট	,,	৩০৩৪১০॥৯।৶
আরাকেন পাঙ্গা	১৮৪১।৪২	৬৫৫৮০/০
ক্রোবা পাঙ্গা নেমক	১৮৪২।	৮৯।৭
	শালিখা।	
মাদরাজ পরমিট	১৮৪১।৪২	২৪১১০২/৯
ঐ ঐ	১৮৪২।৪৩	২১৪৬২০/৫
গুড়া সৈন্ধব ইনফিরিয়র	১৮৪০।৪১	৭৮॥৭॥/
ক্রোবী করকচ	১৮৪২।৪৩	১৪।০
কটক পাঙ্গা	১২৪৬	১২০২/৭
ঐ ঐ	১২৪৭	২৮৯০৭১৸৫
ঐ ঐ	১২৪৮	৮৬৩৭১।০
খোরদা পাঙ্গা	১২৪৬	৪৬৬।৯
ঐ ঐ	১২৪৭	৪০৩৪০।০
বালেশ্বর পাঙ্গা	,,	৬১৯৫৩/৯
ঐ ঐ	১২৪৮	২২১০৮৭৸১
ক্রোকী পাঙ্গা নমক	১৮৪২।৪৩	১৬৯৸৫।

বিজ্ঞাপনের হুকুম সাহেবান আলীশান বোর্ড পরমিট নমক ও আফিম ইতি সন ১৮৪২ সাল তারিখ ৩১ অকটোবর।

এচ টরেন্স। সেক্রেটারী।

INSOLVENT COURT

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA

In the matter of Kenneth Ross Mackenzie and William Stewart Smith lately carrying on business in Co-partnership in the Town of Calcutta with one Henry Gouger (who is a resident of England in Great Britain) under the style or firm of Gilmore and Company as merchants and agents, but which said Kenneth Ross Mackenzie and William Stewart Smith are now respectively residing at the Danish settlement of Serampore in the Province of Bengal

[*Government Gazette*, *22d November*, 1842]

যোত্রহীনেরদের আদালত।

কলিকাতার যোত্রহীন ঋণিরদের পরিত্রাণার্থ আদালত।

গ্রেট বৃটন্‌স্থ ইঙ্গলণ্ড নিবাসি হেনরি গুজর নামক একজন সাহেবের সঙ্গে কলিকাতা শহরে কেনেথ রস্ মাকেঞ্জি এবং উলিয়ম ষ্টুয়ার্ট স্মিথ নামক যে দুই জন সাহেব গিলমোর কোম্পানির নামে সওদাগরি এবং এজেন্টী কর্ম্ম পূর্ব্বে চালাইতেন তাঁহারদের বিষয়ে এই ইশ্তিহার দেওয়া যাইতেছে। উক্ত কেনেথ রস্ মাকেঞ্জি সাহেব এবং উলিয়ম ষ্টুয়ার্ট স্মিথ সাহেব এইক্ষণে বাঙ্গলা প্রদেশে দেনমার্কীয় শ্রীরামপুর শহরে বাস করিতেছেন।

Notice is hereby given that by an Order made on the above matter on the fifth day of November instant. It is ordered that John Wallis Alexander and Charles Jones Richards, the assignees of the Estate and Effects of the above-named Insolvents, be at liberty to take such reasonable parts of any debts due jointly to the said Insolvents and the said Henry Gouger as may by composition be gotten in full discharge of such debts, and to submit to arbitration any difference or dispute between the said assignees and any other person or persons for or on account or by reason of any thing relative to the said Joint Estate of the said Insolvents and Henry Gouger, and to enter into all agreements, Bonds and consent Rules as may be necessary for that purpose, and also to commence and prosecute or defend, compromise or refer to arbitration with powers as aforesaid any suits or actions at law or in Equity, which the said Insolvents and Henry Gouger might have commenced, prosecuted and defended, compromised or referred and to defray the costs, charges and expences to which they may be put in respect of the said suits actions and references to arbitration out of the proceeds of the Estate and Effects of the Joint Estate of the said late firm of Gilmore and Company, and that the said assignees do join the said Henry Gouger as such partner of the said Insolvents with themselves as such assignees as aforesaid as Plaintiffs and parties in said suits, actions and references to arbitration. It is also ordered that the said assignees do sign the name of the said Henry Gouger to and execute and deliver in his name and on his behalf all deeds, conveyances agreements and assurances and assignments of any real or personal property of the said joint Estate of Gilmore and Company, and do use and sign his name in entering into such references to arbitration and consent rules as aforesaid, and to execute and deliver in his name and on his behalf all Bonds and agreements for the purposes aforesaid, unless cause be shewn to the contrary on Saturday the seventh day of January next.

Ogilvie, Paul and Smith,

Solicitors for John Wallis Alexander and Charles Jones Richards, Esquires, Assignees of the above Estate.

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান নবেম্বর মাসের ৫ তারিখে উক্ত বিষয়ে যে হুকুম দেওয়া গিয়াছে তাহার দ্বারা আজ্ঞা হইল যে উক্ত যোত্রহীন ব্যক্তিরদের ইষ্টেট ও জায়দাদের আসৈনি শ্রীযুত জান ওয়ালিস আলেকজান্দর সাহেব এবং শ্রীযুত চালস জোন্স রিচার্ডস সাহেব উক্ত যোত্রহীনেরদের এবং উক্ত হেনরি গুজর সাহেবের যে সকল টাকা অন্যের স্থানে পাওনা আছে তাহার মধ্যে যে উপযুক্ত অংশ টাকা বন্দোবস্তক্রমে পাওয়া যাইতে পারে তাহা লইয়া সমুদায় পাওনা টাকার রসীদ অর্থাৎ ফারখত দেন্ এবং উক্ত যোত্রহীনেরদের ও হেনরি গুজর সাহেবের উক্ত ইষ্টেটের সম্পর্কীয় কোন বিষয়ে উক্ত আসৈনিরদের এবং অন্য কোন ব্যক্তি বা ব্যক্তিরদের মধ্যে যে কোন বিবাদ ছিল তাহা ঐ আসৈনিরা সালিসীতে অর্পণ করিবার ক্ষমতা পাইয়াছেন। এবং তাহার নিমিত্তে যে সকল বন্দোবস্ত ও একরারনামা এবং সম্মতিপত্রের আবশ্যক হয় তাহা করিবেন এবং উক্ত যোত্রহীনেরা ও হেনরি গুজর সাহেব আইনমতে কি একুইটি পক্ষে যে কোন মোকদ্দমা আরম্ভ করিয়াছিলেন কি নির্ব্বাহ করিতেছিলেন কি জওয়াব দিতেছিলেন কি বন্দোবস্ত করিতেছিলেন কি সালিসীতে অর্পণ করিতেছিলেন সেই সকল মোকদ্দমা ঐ আসৈনিরা আপনারদের প্রতি অর্পিত পূর্ব্বোক্ত ক্ষমতাক্রমে আরম্ভ করিবেন কি তাহা নির্ব্বাহ করিবেন কি জওয়াব দিবেন অথবা তাহার বন্দোবস্ত করিবেন বা সালিসীতে অর্পণ করিবেন এবং উক্ত মোকদ্দমা চালাওন কি সালিসীতে অর্পণ করণের দ্বারা তাহারদের যে সকল খরচা লাগে সেই খরচা উক্ত সাবেক গিলমোর কোম্পানির কুঠীর ইষ্টেট ও মাল বিক্রয় দ্বারা পরিশোধ করিবেন। এবং উক্ত আসৈনিরা উক্ত যোত্রহীনেরদের অংশি হেনরি গুজর সাহেবকে উক্ত সকল মোকদ্দমা চালাওন এবং সালিসীতে অর্পণ করণের কায়েতে ফরিয়াদী কি সওয়াল জওয়াব করণিয়া স্বরূপ আপনারদের সঙ্গে এক জন আসৈনি জ্ঞান করিবেন। আরো হুকুম হইল যে উক্ত গিলমোর কোম্পানির কোন স্থাবর কি অস্থাবর সম্পত্তির সকল দলীলদস্তাবেজ ও বিক্রয়পত্র ও একরারনামার এর আশুরান্সে ও আসৈনমেন্টে উক্ত হেনরি গুজর সাহেবের নাম সহী করেন্ এবং ঐ সকল দলীলদস্তাবেজ প্রভৃতি তাহার নামে ও তাহার পক্ষে সহী করিয়া দিবেন এবং পূর্ব্বোক্ত সালিসীতে অর্পণ করণের পত্রে ও সম্মতি পত্রে উক্ত সাহেবের নাম ব্যবহার করিবেন ও তাহা সহী করিবেন এবং পূর্ব্বোক্ত কার্য্যের উপলক্ষে উক্ত সাহেবের পক্ষে ও তাহার নামে সকল খত ও একরারনামা সহী করিয়া অর্পণ করিবেন। কিন্তু আগামি জানুআরি মাসের ৭ তারিখ শনিবারে এমত না করণের কারণ যদি ইনশালবেন্ট আদালতে দর্শান যায় তবে তাহা করিবেন না।

ওগিল্বি পাল এবং স্মেল্ট।

উক্ত ইষ্টেটের আসৈনি শ্রীযুত জান ওয়ালিস আলেকজান্দর সাহেব ও শ্রীযুত চার্লস জোন্স রিচার্ডস সাহেবের উকীল।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of the Petition of Omachurn Bonnerjie, formerly of Sulkeah in the district of Twenty-four Pergunnahs in the Province of Bengal, late of Churruckdangah in the Town of Calcutta, Zemindar, adjudged entitled on Saturday the fourth day of June, One Thousand Eight Hundred and Forty-two, to the benefit of the Act of the Ninth George fourth, chapter seventy three, entitled an Act to provide for the relief of Insolvent debtors in the East Indies.

Notice is hereby given, that by an order made in the above matter on the ninth day of November in-

কলিকাতার যোত্রহীন ঋণিরদের পরিত্রাণার্থ আদালতে।

বাঙ্গলা দেশের জিলা চব্বিশ পরগনার শালিখার পূর্ব্বনিবাসী এইক্ষণে কলিকাতা শহরের চড়কডাঙ্গা নিবাসী যে জমীদার উমাচরণ বন্দ্যোপাধ্যায় "ভারতবর্ষস্থ যোত্রহীন ঋণিরদের পরিত্রাণার্থ আইন" নামে চতুর্থ জর্জের নবম বৎসরীয় আইনের ৭৩ অধ্যায়ের দ্বারা ১৮৪২ সালের ৪ জুন তারিখ শনিবার মুক্তকরণের হুকুম পাইয়াছিলেন তাহার দরখাস্তের সম্পর্কে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত বিষয়ে বর্ত্তমান নবেম্বর মাসের ৯ তারিখে হুকুম হইল যে উপ-

tant It is ordered that John Wallis Allexander, he assignee of the estate of the abovenamed Insolents, be at liberty to refer all matters in dispute etween the estate of the said Insolvent and one Radamaudub Bonnerjie to arbitration, and that the state of the said Insolvent be bound by such reference and the award to be made thereunder, unless ause be shewn to the contrary on Saturday, the eventh day of January next

OEHME, PAUL AND SMELT,

Attornies for John Wallis Allexander Esq

alcutta, 18th November, 1842

বের উক্ত যোত্রহীনের ইষ্টেটের আসৈনি শ্রীযুত জান ওয়ালিস আলেকজান্দর সাহেব উক্ত যোত্রহীনের ইষ্টেট এবং রাধামাধব বন্দ্যোপাধ্যায়ের মধ্যে যে সকল বিরোধ আছে তাহা সালিসীতে অর্পণ করণের ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন এবং উক্ত যোত্রহীনের ইষ্টেটের সম্পর্কে ঐ সালিসের ফয়সলায় যে হুকুম হয় তাহার অন্যথা হইতে পারিবেক না কিন্তু আগামি জানুআরি মাসের ৭ তারিখ শনিবার যদি এমত না করণের কোন কারণ ইনসালবেন্ট আদালতে দর্শান যায় তবে তাহা হইবেক না।

ওমি পাল এবং স্মেল্ট।

শ্রীযুত জান ওয়ালিস আলেকজান্দর সাহেবের উকীল।

কলিকাতা। ১৮৪২ সাল। ১৮ নবেম্বর।

শহর কলিকাতার যোত্রহীনেরদের পরিত্রাণার্থ আদালত।

রাবর্ট উলিয়ম জার্জ ফিথ এবং হেনরি ফ্রেদ্রিক বুচর ামক যোত্রহীন সাহেবেরদের মোকদ্দমায়।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৪২ সা ের ৫ নবেম্বর তারিখে উক্ত আদালতের বৈঠকে এক কুম করা গিয়াছিল তাহাতে এমত আজ্ঞা হইল যে উক্ত াত্রহীনেরদের সম্পত্তি ও সমস্ত দ্রব্যের আসৈনি শ্রীযুত ান আলেন সাহেবের হাতে কোম্পানির যে ৩১,৯৪১/৬ াকা আছে তাহাহইতে তিনি উক্ত যোত্রহীনেরদের সকল াজনকে এবং ঐ সম্পত্তির সকল দাওয়াদারকে সর্ব্বসুদ্ধ ২৭,৮৪৬৲ টাকা দিবেন অর্থাৎ উক্ত যোত্রহীনেরদের ফন্দেতে যে সকল দাওয়া গ্রাহ্য হইয়াছে সেই দাওয়াদার ব্যক্তিরা আপনারদের সমস্ত দাওয়া কি কোন দাওয়া এই আদালতে অর্পণ করা আফিডেবিটের দ্বারা উক্ত আসৈনির খাতিরজমামতে নিশ্চয় করিলে তাহারদিগকে আপন২ পাওনা অনুসারে শতকরা ৬৲ টাকার হিসাবে দিবেন এবং কোন দাওয়া কি তৎসম্পর্কীয় কোন বিষয়ে হুকুমের আবশ্যক হইলে উক্ত সাহেব ঐ হুকুম পাওনের নিমিত্ত সময়ে২ এই আদালতে দরখাস্ত করিবার অনুমতি পাইয়াছেন।

ডবলিউ টম্পসন।

কলিকাতা। ১৮৪২ সাল। ১৪ নবেম্বর।

NOTICE

Required a Treasurer for the Mymensing Collectorate, unexceptionable security to the extent Co's Rs 38,351 Salary 50 Co's Rs per mensem

R M SKINNER, *Collector*

Mymensing, Collector's Office,

The 11th October, 1842

ইশতিহার।

ময়মনসিংহের কালেক্টরীতে এক জন খাজাঞ্চীর আবশ্যক আছে ঐ কর্ম্ম যে কেহ লইতে চাহেন তাঁহার ৩৮,৩৫১৲ টাকার মাতবর জামিন দিতে হইবেক। মাসিক বেতন ৫০ টাকা।

আর এম স্কিনর। কালেক্টর।

ময়মনসিংহের কালেক্টরের কাছারী।

১৮৪২ সাল ১১ অক্টোবর।

Government Gazette, 22d November, 1842

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত উলিয়ম মিচল সাহেবকর্ত্তৃক মুদ্রিত।

গবর্ণমেন্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, NOVEMBER 29, 1842

কলিকাতা মঙ্গলবার ১৮৪২ সাল ২৯ নবেম্বর।

DRAFTS OF ACTS

[*Second Insertion.*]

FORT WILLIAM,
LEGISLATIVE DEPARTMENT,
THE 16TH SEPTEMBER, 1842

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 16th of September 1842 —

ACT No —— OF 1842

An Act for amending the Law concerning Appeals from Justices of the Peace, and from Magistrates acting under the Statute 53 Geo III Ch 155

Whereas, in many cases provided by law, offences may be prosecuted before Magistrates not acting within the local limits of the jurisdiction of Her Majesty's Supreme Courts, and which such Magistrates may take cognizance of either in their Magisterial capacity under the Regulations, or as Justices of the Peace. And whereas the Appeal from convictions before Magistrates acting in their Magisterial capacities, and from the like convictions before Justices of the Peace are subject to different rules. And whereas in all cases of convictions before Justices of the Peace in the Mofussil and before Magistrates exercising jurisdiction under the provisions of Statute 53 Geo III c 155 in cases of assaults, forcible entries, or other injuries accompanied with force committed by British subjects, the law as to Appeals requires amendment

I. It is hereby enacted, that an Appeal shall lie from all sentences passed by any Justice of the Peace acting without the local limits of any of Her Majesty's Supreme Courts upon convictions had before him for any offence, and from all sentences passed by any Magistrate upon convictions had

আইনের মুসাবিদা।

[দ্বিতীয়বার প্রকাশিত।]

ফোর্ট উলিয়ম।
লেজিসলেটিব ডিপার্টমেণ্ট।
ইঙ্গরেজী ১৮৪২ সাল ১৬ সেপ্টেম্বর।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪২ সালের ১৬ সেপ্টেম্বর তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪২ সাল —— আকট।

জুষ্টিস অফ দি পীসেরদের এবং তৃতীয় জর্জের ৫৩ বৎসরীয় আকট অর্থাৎ আইনের ১৫৫ অধ্যায়অনুসারে যে মাজিষ্ট্রেট সাহেবেরা কার্য্য করেন তাহারদের হুকুমের উপর আপীলবিষয়ক আইন শুধরিবার আইন।

যেহেতুক আইনের নির্দ্দিষ্ট নানা গতিকে যে মাজিষ্ট্রেট সাহেবেরা শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টের এলাকার বিশেষ সীমাসরহদ্দের বাহিরে নিযুক্ত আছেন সেই মাজিষ্ট্রেট সাহেবেরদের নিকটে কোন২ অপরাধের নালিশ হইতে পারে এবং ঐ মাজিষ্ট্রেট সাহেবেরা আইনানুসারে তাঁহারদের যে মাজিষ্ট্রেটী ক্ষমতা আছে তদুপলক্ষে অথবা তাঁহারদের জুষ্টিস অফ দি পীসের পদের উপলক্ষে ঐ নালিশের বিচার করিতে পারেন। এবং যেহেতুক মাজিষ্ট্রেটী পদের উপলক্ষে মাজিষ্ট্রেট সাহেবেরা যে২ দণ্ডের হুকুম করেন তাহার উপর এবং জুষ্টিস অফ দি পীসের পদের উপলক্ষে তাঁহারা যে২ দণ্ডের হুকুম দেন তাহার উপর আপীল করণবিষয়ের ভিন্ন২ বিধি আছে। এবং যেহেতুক ব্রিটনীয় প্রজারা মারপিট করিলে বা কোন স্থানে বলপূর্ব্বক প্রবেশ করিলে অথবা বলপূর্ব্বক অন্য কোন প্রকার ক্ষতি করিলে তাহারদের ঐ দোষ মফঃসলে জুষ্টিস অফ দি পীসের সমক্ষে এবং তৃতীয় জর্জের ৫৩ বৎসরীয় আকট অর্থাৎ আইনের ১৫৫ অধ্যায়ের বিধানমতে ক্ষমতাপ্রাপ্ত মাজিষ্ট্রেট সাহেবের সমক্ষে সাব্যস্ত হইলে তাঁহারদের হুকুমের উপর আপীল করণের যে আইন আছে তাহা শুধরণের আবশ্যক

১ ধারা। অতএব ইহাতে হুকুম হইল যে মাজিষ্ট্রেট সাহেব আপনার সামান্য ক্ষমতার উপলক্ষে দণ্ডাজ্ঞা করিলে সরকারের আইনানুসারে যে কার্য্যকারকের নিকটে এবং যে২ বিধির অনুসারে আপীল হইবার হুকুম আছে শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টের বিশেষ সীমাসরহদ্দের বাহিরে কোন জুষ্টিস অফ দি পীস কোন অপরাধ

before him exercising such jurisdiction as aforesaid to the same authority and subject to the same rules as are provided by the Regulations and Acts of the Government in the case of sentences passed by Magistrates in the exercise of their ordinary jurisdiction

II And it is hereby provided that nothing in this Act contained shall be held to take away the power of quashing any conviction by means of a Writ of Certiorari

---

Ordered, that the Draft now read be published for general information

Ordered, that the said Draft be re-considered at the first meeting of the Legislative Council of India after the 16th day of December next

F J HALLIDAY,

Offg Secy to the Govt of India

সাব্যস্ত হওয়াতে যে দণ্ডাজ্ঞা করেন তাহার উপর এবং উক্ত আক্ট অর্থাৎ আইনানুসারে যে কোন মাজিস্ট্রেট সাহেব কার্য্য করেন তাঁহার দ্বারা কোন অপরাধ সাব্যস্ত হওয়াতে তিনি যে দণ্ডাজ্ঞা করেন তাহার উপর আপীল সেই কার্য্যকারকের নিকটে এবং সেই২ বিধির অনুসারে হইবেক ইতি।

২ ধারা। এবং ইহাতে নির্দ্দিষ্ট হইল যে কোন দণ্ডাজ্ঞা সর্সিওরারাই নামক পরওয়ানার দ্বারা রদ করণের যে ক্ষমতা এক্ষণে আছে তাহা এই আইনের কোন কথাতে রহিত হইল এমত বোধ করিতে হইবেক না ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্ত প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ডিসেম্বর মাসের ১৬ তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের প্রথম যে বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যাইবেক। এফ জে হালিডে।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

CONSTRUCTIONS

ERRATUM

Construction No 1350, page 480 of the Bengalee Gazette, line 7,

For "or" read "on"

J HAWKINS, *Register*

আইনের অর্থ।

অশুদ্ধ শোধন।

বর্ত্তমান বৎসরের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের ৪৮১ পৃষ্ঠায় ১৩৫০ নম্বরী আইনের অর্থের অষ্টম পংক্তিতে "খরীদার রায়নার যত টাকা দিয়াছিল অথবা যত টাকা ডাকিয়াছিল সেই সমুদায় হারিবেক" এই কথার পরিবর্ত্তে "খরীদার আপনি যত টাকা ডাকিয়াছিল তাহার উপর যে টাকা বায়না দিয়াছিল তাহা হারিবেক" ইহা পাঠ করিতে হইবেক। জে হকিন্স। রেজিষ্টর।

SUDDER DEWANNY ADAWLUT

Rules in Cases of appeal to England, by the Sudder Dewanny Adawlut

That Government Promissory notes tendered as security for Costs in cases of appeal to the Privy Council, be received at their market value

25th Nov 1842

That the amount of security in each case to be given by the appellant, be fixed at 25,000 Company's Rupees

25th Nov 1842

J HAWKINS, *Register*

সদর দেওয়ানী আদালত।

শ্রীশ্রীমতী মহারাণীর হজুর কৌন্সেলে আপীলহওয়া মোকদ্দমার বিষয়ে সদর দেওয়ানী আদালতের হুকুম।

শ্রীশ্রীমতী মহারাণীর হজুর কৌন্সেলে যে মোকদ্দমার আপীল হয় সেই মোকদ্দমার খরচার জামিনস্বরূপ কোম্পানির প্রোমিসরি নোট দাখিল হইলে সেই নোটের বাজারে সময়ক্রমে যে মূল্য হয় সেই মূল্যে গ্রহণ হইবেক।

১৮৪২ সাল ২৫ নবেম্বর।

প্রতিমোকদ্দমার খরচার দরুন আপেলান্টের যে জামিন দিতে হইবেক তাহা ২৫,০০০ কোম্পানির টাকায় নিরূপণ হইল। ১৮৪২ সাল ২৫ নবেম্বর।

জে হকিন্স। রেজিষ্টর।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

EDUCATION

No 813

To G A BUSBBY, ESQ

Secy to the Government of India,

General Department

I am directed by the Council of Education to acknowledge the receipt of your Letter, dated 19th October, No 1820, forwarding for the consideration and report of the Council various Letters in original, shewing the difficulty experienced in inducing the holders of Junior Scholarship, in Zillah Schools to proceed to the Central Colleges to which their Scholarships are attached by the Scheme laid down in p cc to ccii of the Appendix to the General Report for 1839-40

2 The Council direct me in reply to observe, that the Rule prescribing that the Scholarships

বিদ্যাধ্যাপন।

৮১৩ নম্বর।

জেনরল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী শ্রীযুত জি এ বুসবি সাহেব বরাবরেষু।

১৮২০ নম্বরী আপনকার ১৯ নবেম্বর তারিখের পত্র বিদ্যাধ্যাপনের কৌন্সেল প্রাপ্ত হইয়াছেন তাহাতে ঐ কৌন্সেলের বিবেচনা ও রিপোর্ট করণের নিমিত্তে নানা পত্র আপনি পাঠাইয়াছেন ঐ নানা পত্রের দ্বারা দৃষ্ট হইতেছে যে ১৮৩৯। ৪০ সালের সাধারণ রিপোর্টের এপেণ্ডিক্সের ২০০। ২০১। ২০২ পৃষ্ঠায় যে নিয়ম লেখা আছে তদনুসারে যে২ কালেজের সম্পর্কে ছাত্রবৃত্তি নিযুক্ত হইয়াছে সেই২ কালেজে জিলার বিদ্যালয়ের দ্বিতীয় শ্রেণীর ছাত্রবৃত্তি ভোগিরদিগকে গমন করণের প্রবোধ দেওয়া দুঃসাধ্য হইয়াছে।

২। তাহাতে বিদ্যাধ্যাপনের কৌন্সেল আমাকে এই উত্তর দিতে আজ্ঞা করিয়াছেন যে মধ্যস্থিত কালেজসম্পর্কে

should be attached to central places of Education had its origin in the desire to establish the larger Seminaries as Colleges to which youths educated in inferior Schools should resort in order to attain a higher proficiency by availing themselves of the superior facilities and better Teachers of these Institutions

3 But it appears evident from the references made, that these central places of Instruction are not yet regarded in this light in the Districts, and some of them are not in the requisite state of forwardness to be entitled to be so considered Under these circumstances, the Council see no objection to the Mofussil Schools, to which Scholarships at a Central College have been attached, being allowed to take them, subject of course to the same tests of proficiency, with an option to successful competitors either to join the Central College, or to enjoy the allowance and prosecute their studies at the Mofussil School

4 There can be no objection to this course on the score of account, for the Scholarships have been granted from the separate extra grant made by Government in 1840, and have not been regarded as appropriations to the Funds of the Central Colleges, that the option thus proposed to be given should be considered a re alienation

5 But though the Council admit that in the present state of the Government Institutions there are grounds for this change of plan, the Council think the arrangement should be temporary, and subject to be discontinued whenever the state of the Central Colleges, and of feeling in respect to them, shall enable the original Rule to be carried out with advantage

H V Bayley, *Secretary*

Council of Education, 1st Nov 1842

To H V Bayley, Esq

Secretary to the Council of Education

I am directed to acknowledge the receipt of your Letter, No 813, dated the 1st instant, and in reply to state that the Honourable the President in Council concurring generally in the opinion of the Council, approves of the suggestion submitted in your Letter for temporarily authorizing Mofussil Schools to which Scholarships at a Central College have been attached, to take them, subject to the usual tests of proficiency, with an option to successful competitors either to join the Central College, or to draw the allowance and prosecute their studies at the Institutions to which they may belong

2 The necessary communication will be made to all the Mofussil Schools under the Government of India

H V Bayley,

Depy Secy to the Govt of India

Council Chamber, the 16th November, 1842

PROCLAMATION

Secret Department,

Simla, the 1st October, 1842

The Government of India directed its army to

ছাত্রবৃত্তি নিযুক্ত করিবার বিধির এই অভিপ্রায় ছিল যে মধ্যস্থানের বিদ্যালয় কালেজের ন্যায় স্থাপিত হয় এবং অধস্থ বিদ্যালয়ে শিক্ষিত ছাত্রেরা সেই স্থানে গমন পূর্ব্বক তথায় শিক্ষা করিবার অত্যুত্তম উপায়ের দ্বারা এবং ঐ বিদ্যালয়ের উত্তমতর শিক্ষকের উদ্যোগক্রমে তাহারদের নানা বিদ্যাতে অধিক সংস্কার হয়।

৩। কিন্তু নানা জিজ্ঞাসা করাতে যে উত্তর পাওয়া গিয়াছে তদ্দ্বারা বোধ হইতেছে যে ঐ মধ্যস্থিত বিদ্যালয় অদ্যাপি এমত পারিপাটী হয় নাই যে তাহা কালেজের ন্যায় জ্ঞান হইতে পারে। ইহা বিবেচনা করিয়া কৌন্সেলের সাহেবেরা বোধ করেন যে মধ্যস্থি কালেজের সম্পর্কে যে বৃত্তি নিযুক্ত হইয়াছে সেই বৃত্তি মফঃসলের বিদ্যালয়ের ছাত্রেরদিগের সংস্কারের প্রমাণ হইলে তাহারদিগকে ভোগ করিতে অনুমতি দিলে এবং যাহারা কৃতবিদ্য হইয়া বৃত্তি প্রাপ্ত হয় তাহারদিগকে আপন২ ইচ্ছামতে মধ্যস্থানের কালেজে গমন করিতে অথবা মফঃসলের বিদ্যালয়ে থাকিয়া বিদ্যা শিক্ষা করিতে অনুমতি দিলে হানি নাই।

৪। এইমত নিয়ম করাতে হিসাবের বিষয়ে কিছু আপত্তি হইতে পারে না যেহেতুক ১৮৪০ সালে গবর্ণমেণ্ট যে পৃথক উপরি দান করিয়াছিলেন তাহাহইতে এই বৃত্তির টাকা দেওয়া গিয়াছে এবং তাহা মধ্যস্থানের কালেজের স্থিতের মধ্যে গণ্য হয় না অতএব ছাত্রেরদিগকে মফঃসলে আপন২ পাঠশালায় থাকিয়া বৃত্তি ভোগ করিতে অনুমতি দিলে ঐ কালেজের টাকার কিছু হস্তান্তর হইয়াছে এমত বোধ হইবেক না।

৫। কিন্তু যদ্যপি কৌন্সেলের সাহেবেরা স্বীকার করেন যে সরকারের বিদ্যালয়ের বর্ত্তমান অবস্থা বিবেচনা করিয়া নিয়মের এইরূপ মতান্তর করা উচিত তথাপি তাঁহারা বোধ করেন যে এইরূপ নিয়মের মতান্তর কেবল কিঞ্চিৎ কালের নিমিত্তে করিতে হইবেক এবং যখন মধ্যস্থানের কালেজের পারিপাট্য হইয়াছে এবং তথায় গমন করিতে ছাত্রেরদের আপত্তি খণ্ডন হইয়াছে তখন ঐ মূল নিয়মের মতাচরণ করিলে অত্যুপকার হইবেক।

এচ বি বেলি। সেক্রেটারী।

বিদ্যাধ্যাপনের কৌন্সল। ১৮৪২। ১ নবেম্বর।

বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সেক্রেটারী শ্রীযুত এচ বি বেলি সাহেব বরাবরেষু।

তোমার এই মাসের ১ তারিখের ৮১৩ নম্বরী পত্র প্রাপ্ত হওয়া গিয়াছে এবং কৌন্সেলের শ্রীযুত প্রসীডেণ্ট সাহেব বিদ্যাধ্যাপনের কৌন্সেলের মতে সম্মত হইয়া মধ্যস্থানের কালেজের সম্পর্কে মফঃসলের বিদ্যালয়ে ছাত্রেরদের যে বৃত্তি নিযুক্ত হইয়াছে বিদ্যার রীতিমত প্রমাণ হইলে সেই বৃত্তি ভোগ করিতে এবং কৃতার্থ প্রতিযোগিরদিগকে আপন২ ইচ্ছাক্রমে মধ্যস্থানের কালেজে গমন করিতে অথবা আপন২ বিদ্যালয়ে বিদ্যা শিক্ষা করিয়া সেই বৃত্তি ভোগ করিতে কিছু কালের নিমিত্তে নিয়ম করণের বিষয়ে কৌন্সেলের সাহেবেরা যে পরামর্শ দিয়াছেন তাহাতে শ্রীযুতও ঐক্য আছেন।

২। ভারতবর্ষের গবর্ণমেণ্টের অধীন সকল বিদ্যালয়ে এই নিয়ম জ্ঞাপন করা যাইবেক।

এচ বি বেলি।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের ডেপুটী সেক্রেটারী।

কৌন্সেল চেম্বর। ১৮৪২। ১৬ নবেম্বর।

John C Marshman, *Bengalee Translator*

বিজ্ঞাপন।

সিক্রেট ডিপার্টমেণ্ট।

সীমলা। ১৮৪২ সাল ১ অক্টোবর।

যে অধ্যক্ষ ইঙ্গলণ্ডীয়েরদের প্রতিকূল বোধ হইলেন

pass the Indus in order to expel from Affghanistan a Chief believed to be hostile to British interests, and to replace upon his throne a Sovereign represented to be friendly to those interests, and popular with his former subjects

The Chief believed to be hostile became a prisoner and the Sovereign represented to be popular was replaced upon his throne but after events which brought into question his fidelity to the Government by which he was restored, he lost by the hands of an assassin the throne he had only held amidst insurrections and his death was preceded and followed by still existing anarchy

Disasters unparalleled in their extent, unless by the errors in which they originated, and by the treachery by which they were completed, have in one short campaign been avenged upon every scene of past misfortune, and repeated victories in the field, and the capture of the cities and citadels of Ghuznee and Cabool, have again attached the opinion of invincibility to the British arms

The British army in possession of Affghanistan will now be withdrawn to the Sutlej

The Governor General will leave it to the Affghans themselves to create a Government amidst the anarchy which is the consequence of their crimes

To force a Sovereign upon a reluctant people would be as inconsistent with the policy as it is with the principles of the British Government, tending to place the arms and resources of that people at the disposal of the first invader and to impose the burthen of supporting a Sovereign without the prospect of benefit from his alliance

The Governor General will willingly recognize any Government approved by the Affghans themselves, which shall appear desirous and capable of maintaining friendly relations with neighbouring States

Content with the limits nature appears to have assigned to its empire the Government of India will devote all its efforts to the establishment and maintenance of general peace, to the protection of the Sovereigns and Chiefs its allies and to the prosperity and happiness of its own faithful subjects

The rivers of the Punjab and the Indus, and the mountainous passes and the barbarous tribes of Affghanistan, will be placed between the British army and an enemy approaching from the West, if indeed such enemy there can be, no longer between the army and its supplies

The enormous expenditure required for the support of a large force, in a false military position, at a distance from its own frontier and its resources will no longer arrest every measure for the improvement of the country and of the people

The combined army of England and of India, superior in equipment in discipline, in valour, and in the Officers by whom it is commanded, to any force which can be opposed to it in Asia, will stand in unassailable strength upon its own soil, and for

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪২। ২৯ নবেম্বর।]

তাহাকে আফগানস্থানহইতে দূর করিতে এবং যে রাজা ইঙ্গলণ্ডীয়েরদের অনুকূল কথিত হইলেন এবং আপন প্রাচীন প্রজার প্রিয়পাত্র সেই রাজাকে আপন সিংহাসনে পুনঃস্থাপনের নিমিত্ত ভারতবর্ষের গবর্ণমেণ্ট আপনার সৈন্যেরদিগকে সিন্ধু নদীর পারে পাঠাইলেন।

যে অধ্যক্ষ ইঙ্গলণ্ডীয়েরদের প্রতিকূল বোধ হইলেন তিনি ধৃত হইলেন এবং যে রাজা আপন প্রজার প্রিয়পাত্র বোধ ছিলেন তিনি পুনর্ব্বার সিংহাসনোপবিষ্ট হইলেন কিন্তু তৎপরের ঘটনাতে যে গবর্ণমেণ্ট তাহাকে সিংহাসনে উপবিষ্ট করাইলেন সেই গবর্ণমেণ্টের প্রতি তাঁহার বিশ্বস্ততার বিষয়ে সন্দেহ হইল এবং নিয়ত উপদ্রব হওনের পর তিনি এক জন দস্যুর দ্বারা মারা পড়িলেন এবং তাহার মরণের পূর্ব্বে দেশ যেমত বিশৃঙ্খল হইয়াছিল তাহার মরণের পরেও দেশ সেইমত বিশৃঙ্খলাবস্থায় আছে।

অপূর্ব্ব কুপ্রসঙ্গ অপূর্ব্ব বিভ্রাট হইয়াছিল এবং অপূর্ব্ব বিশ্বাসঘাতকতার দ্বারা সেই বিভ্রাট সম্পন্ন হইল কিন্তু অল্প কালস্থায়ি যুদ্ধে তাহার প্রতিফল পূর্ব্বের দুর্ঘটনার প্রত্যেক স্থানে দেওয়া হইয়াছে এবং ইঙ্গলণ্ডীয়েরদের সৈন্যেরা রণস্থলে বারম্বার জয়ি হওয়াতে এবং গজনের ও কাবলের শহর ও কিল্লা অধিকার করাতে তাহারা পুনর্ব্বার অজেয়রূপে বিখ্যাত হইয়াছেন।

ইঙ্গলণ্ডীয় সৈন্যেরা আফগানস্থান পুনঃদখল করিয়া এক্ষণে শতদ্রু নদীর দক্ষিণপর্য্যন্ত ফিরিয়া আসিবেন।

শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর জানাইতেছেন যে আফগানীয়েরদের দোষপ্রযুক্ত যে দেশে যে অরাজকতা হইয়াছে তাহাহইতে আফগানীয়েরা আপনারদিগকে উদ্ধার করিয়া রাজ্য স্থাপন করুন।

III And it is hereby enacted, that at each of the three ports aforesaid, it shall be lawful for the Government of the Presidency within which the port is situated to authorize the persons nominated by the Government of Mauritius, under the order hereinbefore inserted to act as Emigration Agents at the aforesaid ports respectively, and to exercise the powers conferred on Emigration Agents by this Act And every such Emigration Agent shall make monthly reports to the Government to which he is subordinate of all matters transacted by him in pursuance of this Act

IV And it is hereby enacted, that it shall not be lawful to convey any Emigrant, being a Native of India, who may embark for the purpose of labouring for hire in the Colony of Mauritius from either of the ports aforesaid, in any Ship or Vessel, unless a License be obtained for carrying Emigrants in such Ship or Vessel from the Government of the Presidency in which the port is situated A fee not exceeding one Rupee per Emigrant, as may be regulated from time to time by the Local Government, shall be demandable in respect of every such License, which fee shall be carried to the credit of the said Government and the granting or withholding any such License shall be entirely discretionary with the Government, and in consideration of such License the Master of every Ship conveying or destined to convey Emigrants from India shall execute a Bond, binding himself and his owners in a penal sum of 10 000 Rupees to conform to the several conditions hereunder provided, and the said Bond shall be executed in duplicate that it may be put in suit either at the place of execution or in the Colony of Mauritius, and one copy shall be forwarded to the Government of Mauritius to be dealt with as the case may require And every Ship or Vessel in which any such Emigrant shall be conveyed without a License being obtained as aforesaid shall be liable to be forfeited, and the Master thereof shall be liable as for a misdemeanor in a fine of 1,000 Rupees for every such Emigrant so illegally conveyed

V And it is hereby enacted, that it shall not be lawful for the Master of any Vessel licensed as above to receive on board any Emigrant labourer as above provided, unless such labourer shall have in his possession and show a Certificate or pass to be given to him by the Emigration Agent of the port, stating his name and the name of his father and his age, and certifying that having appeared before such Agent he has declared his willingness and desire to proceed to work for hire in the said Colony of Mauritius

VI And it is hereby enacted that before any Ship or Vessel so licensed to carry Emigrant labourers as above provided shall be cleared out from any of the aforesaid ports for the Mauritius, it shall be necessary for the Master of such Ship or

মান্দ্রাজ ও বোম্বাইয়ের বন্দর দিয়া মরিচ উপদ্বীপে যাইতে এবং তথায় তাহারদিগকে লইয়া যাইতে অনুমতি হইবেক কিন্তু এই আইনের বিধানের অন্যমতে তাহারা যাইতে পারিবেক না ইতি।

৩ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে পূর্ব্বোক্ত বিধানানুসারে যে২ ব্যক্তিকে মরিচের গবরনর সাহেব নিযুক্ত করেন উক্ত তিন বন্দরের প্রত্যেক বন্দর যে রাজধানীর মধ্যে থাকে সেই রাজধানীর গবর্ণমেন্ট সেই২ ব্যক্তিকে উক্ত বন্দরে দেশান্তরে গমনের কার্য্যের এজেন্টী কর্ম্ম করিতে এবং এই আইনের দ্বারা ঐ এজেন্টের প্রতি যে ক্ষমতার্পণ হইয়াছে তদনুসারে কার্য্য করিতে হুকুম দিতে পারেন। এবং ঐ দেশান্তরে গমনের কার্য্যের প্রত্যেক এজেন্ট যে গবর্ণমেন্টের অধীনে থাকেন সেই গবর্ণমেন্টের নিকটে এই আইনানুসারে করা তাঁহার সমস্ত কার্য্যের রিপোর্ট মাসে২ করিবেন ইতি।

৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে রাজধানীর মধ্যে বন্দর থাকে সেই রাজধানীর গবর্ণমেন্টের স্থানে কোন জাহাজ দেশান্তরে গমনকারি ব্যক্তিকে লইয়া যাইবার নিমিত্ত পরওয়ানা না পাইলে ঐ জাহাজে সেই বন্দর হইতে মরিচ উপদ্বীপে মজুরী করিবার নিমিত্ত ভারতবর্ষজাত দেশান্তর গমনকারি ব্যক্তিরদিগকে লইয়া যাইতে নিষেধ হইল। ঐ প্রত্যেক পরওয়ানার নিমিত্ত দেশান্তর গমনকারি প্রত্যেক ব্যক্তির নিমিত্তে সময়ে২ গবর্ণমেন্ট যে নিয়ম করেন সেই নিয়মানুসারে অনধিক ১ টাকা রসুম লওয়া যাইবেক এবং ঐ রসুমের টাকা উক্ত গবর্ণমেন্টের খাজানাখানাতে দাখিল হইবেক এবং গবর্ণমেন্ট আপন বিবেচনাক্রমে ঐ পরওয়ানা দিতে বা না দিতে পারেন। এবং ঐ পরওয়ানা পাইবার নিমিত্ত ভারতবর্ষহইতে দেশান্তর গমনকারি ব্যক্তিরদিগকে যে প্রত্যেক জাহাজ লইয়া যায় বা লইয়া যাওনার্থ ভাড়া হয় ঐ প্রত্যেক জাহাজের অধ্যক্ষ এক বণ্ড অর্থাৎ তমঃসুক লিখিয়া দিবেন ও সেই বণ্ডে এমত লেখা থাকিবেক যে ঐ জাহাজের অধ্যক্ষ কিম্বা তাহার মালিক এই আইনের পশ্চাৎ লিখিত নানা নিয়মের মতাচরণ না করিলে তিনি দশ হাজার টাকা জরীমানা দিবেন। এবং যে স্থানে ঐ বণ্ডে দস্তখৎ হয় সেই স্থানে অথবা মরিচ উপদ্বীপে ঐ বণ্ড দৃষ্টে নালিশ হইবার নিমিত্ত ঐ প্রকার দুই খান বণ্ডে দস্তখৎ করিতে হইবেক এবং তাহার এক খান মরিচ উপদ্বীপের গবর্ণমেন্টের নিকটে পাঠান যাইবেক এবং তাহারা সেই বিষয়ে যাহা আবশ্যক বোধ করেন তাহাই করিবেন। এবং যে সকল জাহাজের বিষয়ে পূর্ব্বোক্তমতে পরওয়ানা না দেওয়া গিয়া থাকে তাহাতে যদি জাহাজাধ্যক্ষ কোন দেশান্তর গমনকারি ব্যক্তিকে লইয়া যান তবে ঐ জাহাজ জব্দ হইবেক এবং জাহাজের অধ্যক্ষ দেশান্তর গমনকারি যত ব্যক্তিকে ঐরূপ বেআইনমতে লইয়া যান তাহারদের জনপ্রতি হাজার টাকা করিয়া জরিমানা দিবেন ইতি।

৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে দেশান্তর গমনকারি যে২ মজুরের নিকটে ঐ বন্দরের দেশান্তরে গমনকার্য্যের এজেন্ট সাহেবের দেওয়া সর্টিফিকট কিম্বা পাস না থাকে এবং সে ব্যক্তি তাহা দেখাইতে না পারে এমত মজুরেরদিগকে পরওয়ানাপ্রাপ্ত জাহাজের অধ্যক্ষ আপন জাহাজে লইতে পারিবেন না। ঐ সর্টিফিকটের মধ্যে ঐ মজুরের নাম ও তাহার বাপের নাম ও তাহার বয়ঃক্রম লেখা থাকিবেক এবং তাহাতে আরো ইহা লেখা যাইবেক যে ঐ মজুর ঐ এজেন্ট সাহেবের সম্মুখে উপস্থিত হইয়া ঐ মরিচ উপদ্বীপে বেতনের জন্য খাটিবার নিমিত্ত তথায় যাইতে আপনার সম্মতি ও ইচ্ছা জানাইয়াছে ইতি।

৬ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে পূর্ব্বোক্তমতে দেশান্তর গমনকারি মজুরেরদিগকে লইয়া যাইতে যে জাহাজকে পরওয়ানা দেওয়া যায় সেই জাহাজ পূর্ব্বোক্ত কোন বন্দরহইতে মরিচ উপদ্বীপে যাত্রা করণের পূর্ব্বে যদ্যপি সেই প্রকার দেশান্তর গমনকারি কোন ব্যক্তি

Vessel, provided any Emigrant of the description aforesaid shall embark therein, to obtain from the Emigration Agent so nominated and authorized at such port as aforesaid, a Certificate under the hand of such Agent to the effect following, that is to say—

1 That such Agent has, by personal communication, done what is required on the part of such Agent by the *third* Article of the Schedule herein before inserted, provided always that every such Agent shall make the inquiries specified in such Schedule, in an open Court or public office, to which all persons shall have admission

2 That all the directions contained in the 4th, 5th, 6th and 8th Articles of the Schedule hereinbefore inserted for ensuring the health and safety of Passengers have been duly complied with

3 That (in addition to the directions contained in the said Schedule) such rules have been complied with as the Governor General in Council, or in his absence, the President in Council, shall from time to time frame touching the Medical attendance and Medical Stores to be provided, the species of provisions suited to native habits, the number of women that should accompany the Emigrants, or other matters

VII And it is hereby enacted, that with reference to Article 7 of the Schedule hereinbefore inserted, the probable lengths of a voyage to the Mauritius from the respective ports aforesaid, shall, for the purposes of this Act be deemed to be for the port of Calcutta,

Between the month of April and October inclusive, ten weeks

Between the month of November and March inclusive, eight weeks.

For the Port of Madras, between the months of April and October inclusive seven weeks and between the months of November and March inclusive five weeks.

For the Port of Bombay, the months of April to September inclusive, five weeks, and between the months of October to March inclusive, six weeks.

VIII And it is hereby enacted, that before any Ship or Vessel shall be cleared out from any of the aforesaid Ports for the Mauritius, it shall be necessary for the Master thereof to deliver to the Emigration Agent so nominated and authorised at such Port as aforesaid the list specified in Article 11 of the Schedule hereinbefore inserted, and to obtain such duplicate thereof as is required by the said Article.

IX And it is hereby enacted, that if the Master of any Ship or Vessel shall at any of the Ports aforesaid take on board such Ship or Vessel any Emigrant labourer of the description aforesaid, and shall clear such Ship or Vessel for the Mauritius without having fully complied with every particular hereinbefore required previous to clearance, he shall be liable, on conviction before any Magistrate or Justice of the Peace, in a penalty of 200 Rs. for every Emigrant labourer so taken on board his Ship or Vessel

X And it is hereby enacted, that if the Master

[*Government Gazette, 13th December, 1842*]

তাহাতে আরোহণ করিয়া থাকে তবে ঐ জাহাজের অধ্যক্ষের আবশ্যক যে ঐ বন্দরে নিযুক্তহওয়া ও ক্ষমতাপ্রাপ্ত দেশান্তরে গমনের কার্য্যের এজেন্ট সাহেবের দস্তখৎকরা এই মজমুনে এক সার্টিফিকট প্রাপ্ত হন্ অর্থাৎ

১। যে উপরের লিখিত তফসীলের ৩ দফার ঐ এজেন্টের প্রতি যাহা করিতে হুকুম হইয়াছে তাহা তিনি স্বয়ং জিজ্ঞাসাবাদের দ্বারা করিয়াছেন। এবং ঐ তফসীলে যে তহকীক করিতে হুকুম আছে তাহা ঐ এজেন্ট কোন খোলা আদালতে অথবা সরকারী যে দপ্তরে সকল লোকের অনায়াসে গমনাগমন হইতে পারে সেই দপ্তরে করিবেন।

২। যে পূর্ব্বলিখিত তফসীলের ৪। ৫। ৬। এবং ৮ দফাতে চড়নদারেরদের স্বাস্থ্য ও নির্ব্বিঘ্নে থাকিবার বিষয়ে যে সকল হুকুম আছে তাহার প্রকৃতরূপে মতাচরণ করিয়াছেন।

৩। যে ঐ তফসীলের নির্দ্দিষ্ট হুকুমের অতিরিক্ত চিকিৎসক নিযুক্ত করণ ও ঔষধাদি সঙ্গে দেওনের বিষয়ে এবং দেশের ব্যবহার বুঝিয়া উপযুক্ত প্রকার আহারীয় দ্রব্যাদি যোগাইবার বিষয়ে এবং দেশান্তর গমনকারি ব্যক্তিবদের সঙ্গে যত স্ত্রীলোক যাইবেক তাহার সংখ্যার বিষয়ে এবং অন্যান্য বিষয়ে সময়ে২ শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে অথবা তাঁহার অবর্ত্তমানে কৌন্সেলের শ্রীযুত প্রসীডেন্ট সাহেব যে২ বিধি করেন্ তাহার প্রতিপালন হইয়াছে ইতি।

৭ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে পূর্ব্বোক্ত তফসীলের ৭ দফার উপলক্ষে ঐ২ বন্দরহইতে মরিচ উপদ্বীপে যাইতে অনুমান যত কাল লাগিবেক তাহা এই আইনের অভিপ্রায় সিদ্ধ করণের নিমিত্ত এইরূপে নিরূপণ হইবেক ইতি।

কলিকাতা বন্দরহইতে আপ্রিল মাসের আরম্ভাবধি অক্টোবর মাসের শেষপর্য্যন্ত দশ সপ্তাহ।

নবেম্বর মাসের আরম্ভাবধি মার্চ মাসের শেষপর্য্যন্ত আট সপ্তাহ।

মান্দ্রাজ বন্দরহইতে আপ্রিল মাসের আরম্ভাবধি অক্টোবর মাসের শেষপর্য্যন্ত সাত সপ্তাহ এবং নবেম্বর মাসের আরম্ভাবধি মার্চ মাসের শেষপর্য্যন্ত পাঁচ সপ্তাহ।

বোম্বাইয়ের বন্দরহইতে আপ্রিল মাসের আরম্ভাবধি সেপ্টেম্বর মাসের শেষপর্য্যন্ত পাঁচ সপ্তাহ এবং অক্টোবর মাসের আরম্ভাবধি মার্চ মাসের শেষপর্য্যন্ত ছয় সপ্তাহ।

৮ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে পূর্ব্বোক্ত নানা বন্দরহইতে মরিচ উপদ্বীপে কোন জাহাজ রপ্ত হওনের পূর্ব্বে ঐ জাহাজের অধ্যক্ষের উচিত যে পূর্ব্বে প্রকাশিত তফসীলের ১১ দফায় যে তালিকার বিষয় লেখা আছে তাহা ঐ বন্দরে নিযুক্তহওয়া এবং ক্ষমতাপ্রাপ্ত দেশান্তরে গমনের কার্য্যের এজেন্ট সাহেবকে দেন্। এবং ঐ ১১ দফায় যেরূপ হুকুম আছে সেইরূপে তাঁহার স্থানে ঐ তালিকার এক নকল লন্ ইতি।

৯ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে জাহাজ রপ্ত হওনের পূর্ব্বে যে সকল কার্য্য করিতে এই আইনের পূর্ব্ব ভাগে হুকুম আছে তাহারসম্পূর্ণরূপে মতাচরণ না করিয়া যদ্যপি কোন জাহাজের অধ্যক্ষ পূর্ব্বোক্ত কোন্ বন্দরে উক্ত প্রকার দেশান্তর গমনকারি মজুরকে ঐ জাহাজে লইয়া মরিচ উপদ্বীপে গমন করেন্ তবে যে প্রত্যেক দেশান্তর গমনকারি মজুরকে এইরূপে জাহাজে লন তাহার নিমিত্ত মাজিষ্ট্রেট অথবা জুষ্টিস্ অফ দি পীসের সম্মুখে তাঁহার দোষ প্রমাণ হইলে তিনি ২০০৲ টাকা জরীমানার যোগ্য হইবেন ইতি।

১০ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে যদি কোন

of any Ship or Vessel shall, after having cleared such Ship or Vessel at any such Port as aforesaid, for Mauritius, take on board any such Emigrant labourer as aforesaid without having entered such Emigrant labourer in such list as aforesaid, or without having obtained such duplicate as aforesaid containing the entry of such Emigrant, prior to clearance, he shall be liable, on conviction before any Magistrate or Justice of the Peace, in a penalty not exceeding 500 Rs for every Emigrant so taken on board his Ship or Vessel

XI And it is hereby enacted, that if any Master of any Ship or Vessel cleared for the Mauritius as aforesaid shall after having obtained such Certificate as aforesaid fraudulently do or suffer to be done any act or thing whereby such Certificate shall become inapplicable to the altered state of the Ship or Vessel, its passengers, or other matters to which such Certificate relates, such Master shall be liable, on conviction, in any Penalty not exceeding 5,000 Rupees, beside incurring a forfeiture of any Bond executed in consideration of any License obtained for the Vessel as originally described

XII And it is hereby enacted, for the greater security against Emigrant Labourers being embarked for the Mauritius contrary to the provisions of this Act, that all the powers vested by law in the Officers of Customs in regard to the searching and detention of Ships or Vessels, or otherwise for the prevention of smuggling on board thereof may be exercised by such Officers for the prevention of the illegal embarkation of such Emigrants as aforesaid on board Ships or Vessels bound for the Mauritius, and of other offences against this Act , and it is further enacted, that all Pilots in the service of the East India Company shall be invested with the same powers and be charged with the same duties as preventive Officers of Customs in this behalf

XIII And it is hereby enacted, that every person who shall attempt by means of intoxication, or by false imprisonment, or other means of crimping to export any native on board any Ship or Vessel contrary to the provisions of this Act, shall be liable to be punished before a Magistrate in a fine not exceeding 500 Rupees, or imprisonment not exceeding six months, provided that nothing in this Act contained shall prevent the offender from being proceeded against by indictment but the offender shall only be liable to one of these courses of proceeding

XIV And it is hereby enacted, that whenever a Vessel shall clear from Calcutta for Mauritius with Emigrant Labourers duly embarked thereon, the Customs Officer on board such Vessel shall countersign the Pass or Certificate brought on board by every such Emigrant Labourer, and shall keep a Register of every such Emigrant Labourer as may come on board. And such Customs Officers shall remain on board such Vessel until she shall arrive in Saugor Roads, and shall not come away until a muster of the Crew and Passengers has been made in his presence and in that of the Pilot in charge of the Vessel and after the Cus-

জাহাজের অধ্যক্ষ পূর্ব্বোক্ত কোন বন্দরহইতে মরিচ উপদ্বীপে গমনার্থ জাহাজ রুক্ত করণের পর ঐ জাহাজে ঐ প্রকার দেশান্তর গমনকারি কোন মজুরকে লন এবং যদি জাহাজ রুক্ত হওনের পূর্ব্বে দেশান্তর গমনকারি ঐ মজুরের নাম পূর্ব্বোক্ত তালিকার মধ্যে লেখা না গিয়া থাকে কিম্বা যদি ঐ অধ্যক্ষ ঐ দেশান্তর গমনকারি ব্যক্তির নামের তালিকার নকল পূর্ব্বোক্তমতে না লইয়া থাকেন্ তবে ঐ জাহাজাধ্যক্ষের ঐ অপরাধ কোন মাজিষ্ট্রেট অথবা জুষ্টিস অফ দি পীসের সমক্ষে প্রমাণ হইলে জাহাজে সেইরূপে যত মজুরকে লন্ তাহার প্রত্যেকের নিমিত্তে ৫০০৲ টাকা করিয়া জরীমানা হইবেক ইতি।

১১ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে পূর্ব্বোক্তমতে মরিচ উপদ্বীপে রুক্ত হওয়া কোন জাহাজের অধ্যক্ষ পূর্ব্বোক্তমত সর্টিফিকট পাইলে পর প্রবঞ্চনা করিয়া এমত কোন কর্ম্ম স্বয়ং করেন্ বা অন্যকে করিতে দেন যে তাহার দ্বারা ঐ জাহাজের বা চড়নদারের কি ঐ সর্টিফিকটসম্পর্কীয় অন্যান্য বিষয়ের অন্যাবস্থা হওয়াতে ঐ সর্টিফিকট আর তাহাতে খাটিতে না পারে তবে ঐ জাহাজের অধ্যক্ষের অপরাধ প্রমাণ হইলে ৫০০০৲ টাকার ঊর্দ্ধ না হয় তিনি এমত জরীমানার যোগ্য হইবেন এবং তদতিরিক্ত ঐ জাহাজের নিমিত্ত পূর্ব্বের নির্দ্দিষ্ট যে পরওয়ানা পাইয়া থাকেন তাহার সম্পর্কে যে বণ্ড লিখিয়া দিয়াছিলেন তাহার মধ্যের লিখিত জরীমানা দেওনের যোগ্য হইবেন ইতি।

১২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইনের বিধির বিরুদ্ধে মরিচ উপদ্বীপে দেশান্তর গমনকারি মজুরেরদিগকে লইয়া যাইবার যথাসাধ্য নিবারণ করিবার জন্য জাহাজে মাসুল না দিয়া জিনিস উঠাওনের নিবারণার্থে জাহাজের তালাশী লওন এবং আটক করণের বিষয়ে হাসিলের কার্য্যকারকদিগকে আইনমতে যে সকল ক্ষমতা দেওয়া গিয়াছে মরিচে গমনশীল জাহাজের উপর উক্ত প্রকার দেশান্তর গমনকারি ব্যক্তিদিগকে বেআইনরূপে জাহাজ আরোহণের নিবারণজন্য ঐ২ কার্য্যকারক সেই ক্ষমতানুসারে কার্য্য করিতে পারেন। এবং আরো হুকুম হইল যে এই বিষয়ে হাসিলের কার্য্যকারকেরদের প্রতি যে কার্য্যের ভারার্পণ হইল এবং তাঁহারদিগকে যে ক্ষমতা দেওয়া গেল কোম্পানি বাহাদুরের সকল আড়কাটিরও সেইরূপ ক্ষমতা ও ভার হইবেক ইতি।

১৩ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে যদি কোন ব্যক্তি বেহোশ করণের দ্বারা অথবা বেআইনী কয়েদ করণের দ্বারা কি অন্যায়রূপে ঘুটিয়া দেওনের দ্বারা এই আইনের বিরুদ্ধে কোন এদেশীয় লোককে জাহাজে রুক্ত করিতে উদ্যোগ করে তবে সেই অপরাধি ব্যক্তির মাজিষ্ট্রেট সাহেব ৫০০ টাকা জরীমানা করিতে পারেন্ অথবা ছয় মাসের অনূর্দ্ধ মিয়াদে কয়েদ করিতে পারেন। কিন্তু ঐ অপরাধি ব্যক্তির নামে নালিশ করিতে এই আইনের লিখিত কোন কথার দ্বারা প্রতিবন্ধক নাহি পরন্তু ঐ অপরাধি ব্যক্তির বিষয়ে উক্ত দুই প্রকার কার্য্যের কেবল এক প্রকার কার্য্য হইতে পারে ইতি।

১৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে রীতিমতে আরোহণহওয়া দেশান্তর গমনকারি মজুরেরদিগকে লইয়া যদি কোন জাহাজ কলিকাতাহইতে রুক্ত হয় তবে ঐ জাহাজে নিযুক্ত হাসিলের কার্য্যকারকের উচিত যে এ বিদেশ গমনকারি মজুর যে পাস অথবা সর্টিফিকট লইয়া জাহাজে আইসে তাহাতে দস্তখৎ করেন এবং ঐরূপ দেশান্তর গমনকারি যত মজুর জাহাজে উঠে তাহারদের এক রেজিষ্টর রাখেন্। এবং ঐ জাহাজ সাগরে না পঁহুছনপর্য্যন্ত ঐ হাসিলের কার্য্যকারক জাহাজে থাকিবেন এবং আপনার সম্মুখে ও জাহাজের আড়কাটির সম্মুখে জাহাজের মল্লাপ্রভৃতি, ও চড়নদারের গণ্তি না হওয়াপর্য্যন্ত জাহাজহইতে চলিয়া আসিবেন না এবং হাসিলের কার্য্যকারক ঐ গণ্তি করিয়া জাহাজ ছাড়িবার

toms Officer has taken muster, and quitted the Vessel the Pilot shall continue to exercise the duties indicated in Section XII. of this Act. And it shall be lawful for him if he shall deem it necessary to require the Master or Commander to take a general Muster of the Crew and Passengers and Emigrant Labourers on board, and [illegible] Muster Roll so taken. And every such Custom House Officer and Pilot shall make a complete report of the Emigrant Labourers on board of any Ship at the time of his quitting the same, and such report shall contain a declaration, that to the best of the Declarant's belief no additional Coolies have been received on board since obtaining the Certificate, and that nothing else has been done or omitted to be done in the Ship or Vessel contrary to the provisions of this Act, and every such report, or muster, if any, shall be transmitted without delay to the Emigration Agent of the Port. And any Custom House Officer or Pilot who shall wilfully make a false, erroneous or incomplete report of the Emigrant Laborers on board of any Ship, or who shall connive at the unauthorized embarkation of any such Emigrant Labourers, shall be liable, besides dismissal, to a fine of 500 Rupees commutable, if not paid, to imprisonment in the Calcutta Jail for six months, and the penalty shall be adjudged in like manner as similar penalties are adjudged for offences committed in respect to the Customs Revenue.

XV. And it is hereby enacted, that if any person shall forge or shall use knowing it to be forged, any document required by this Act, such person shall be liable to be imprisoned for any period not exceeding seven years.

XVI. And it is hereby enacted, that all the several penalties to which Masters of Ships or Vessels are liable by this Act shall be enforced by information laid before any Justice of the Peace at the instance of the Emigration Agent, or of any Officer appointed for the purpose by the Government of the Place or Presidency, or may be enforced by putting in suit the Bond given by the Master if such Bond has been given in consideration of the licence granted to the Ship.

F. J. HALLIDAY,

Offg. Secy. to the Govt. of India.

No. 235.

FORT WILLIAM.

GENERAL DEPARTMENT.

The 2nd December, 1842.

NOTIFICATION.

The President of the Council of India in Council having received from the Government of Mauritius, the annexed Public Ordinance passed by that Government, and having had it duly Certified to him, that Regulations and Measures have been provided and taken for the protection of Emigrant Labourers from India, on their passage to that Co-

পরে আড়কাটি এই আইনের ১২ ধারার নির্দিষ্ট কার্য্য নির্ব্বাহ করিতে থাকিবেন। এবং তাঁহার এমত ক্ষমতা থাকিবেক যে আবশ্যক বোধ করিলে ঐ জাহাজে দেশান্তর গমনকারি [illegible] তাহারদের এবং মাল্লাপ্রভৃতি ঐ [illegible] গণতি করিতে জাহাজের অধ্যক্ষকে হুকুম করেন্ এবং ঐ গণ্তির তালিকায় [illegible] করেন। এবং হাসিলের এইমত প্রত্যেক কার্য্যকারক ও আড়কাটি যে সময়ে জাহাজ ছাড়িয়া আসিবেন সেই সময়ে ঐ জাহাজের উপর দেশান্তর গমনকারি যত মজুর [illegible] তাহারদের বিষয়ের সম্পূর্ণ রিপোর্ট করিবেন এবং ঐ রিপোর্টে এমত কথা লিখিবেন যে আমার জ্ঞাতসার-পর্য্যন্ত আমি কহিতে পারি যে সর্টিফিকট প্রাপ্ত হওনের পর জাহাজে অতিরিক্ত কোন মজুর লওয়া যায় নাই এবং এই আইনের বিধানের বিপরীত কোন কার্য্য করা যায় নাই কিম্বা যাহা করিতে হুকুম আছে তাহার ত্রুটি হয় নাই এবং এইমত রিপোর্ট এবং গণতি হইলে সেই গণতির তালিকা ঐ বন্দরের দেশান্তরে গমনের কার্য্যের এজেন্ট সাহেবের নিকটে অবিলম্বে পাঠাইবেন। এবং হাসিলের যে কোন কার্য্যকারক কিম্বা আড়কাটি জানিয়া শুনিয়া ঐ জাহাজের উপর দেশান্তর গমনকারি মজুরের দের মিথ্যা বা অশুদ্ধ কিম্বা অসম্পূর্ণ রিপোর্ট করেন্ অথবা বেআইনমতে দেশান্তর গমনকারি মজুরেরদিগের আরোহণ করণের বিষয় জানিয়াশুনিয়া চুপ করিয়া থাকেন্ সেই কার্য্যকারক বা আড়কাটি কর্ম্মহইতে ভ্রষ্ট হওনের যোগ্য হইবেন এবং তদতিরিক্ত ৫০০ টাকা জরীমানা দেওনের যোগ্য হইবেন এবং যদি ঐ জরীমানার টাকা না দেওয়া যায় তবে কলিকাতার জেলখানায় ছয় মাস মিয়াদে কয়েদের যোগ্য হইবেন এবং হাসিলের রাজস্বের বিষয়ে অপরাধ হইলে যে রূপ দণ্ড নিরূপণ হয় সেই রূপে এই অপরাধের বিষয়েও দণ্ড নিরূপণ হইবেক ইতি।

১৫ ধারা। আরো ইহাতে হুকুম হইল যে যদি কোন ব্যক্তি এই আইনের হুকুমকরা কোন দলীলদস্তাবেজ জাল করে অথবা জাল হইয়াছে জানিয়া তাহা লইয়া ব্যবহার করে তবে সে ব্যক্তি সাত বৎসরের অনধিক কালপর্য্যন্ত কয়েদের যোগ্য হইবেক ইতি।

১৬ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে দেশান্তর গমনের কার্য্যের এজেন্ট সাহেব অথবা তৎস্থানের কি রাজধানীর গবর্ণমেণ্ট সেই কর্ম্মের নিমিত্তে যে কোন কর্ম্মকারককে নিযুক্ত করেন তিনি কোন জষ্টিস অফ দি পীসের নিকটে এজহার দিলে জাহাজের অধ্যক্ষেরা এই আইনের দ্বারা যে২ দণ্ডের যোগ্য হন সেই২ দণ্ডের হুকুম জারী হইবেক অথবা ঐ জাহাজাধ্যক্ষ যে বণ্ড লিখিয়া দিয়া থাকেন্ তাহা যদি জাহাজকে দেওয়া পরওয়ানার নিমিত্ত লেখা গিয়া থাকে তবে সেই বণ্ড ধরিয়া নালিশ করণের দ্বারা এই আইনের নিরূপিত দণ্ডের হুকুম জারী হইবেক ইতি।

এফ জে হালিডে।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

---

২৩৫ নম্বর।

ফোর্ট উলিয়ম।

জেনরল ডিপার্টমেণ্ট।

১৮৪২ সাল ২ ডিসেম্বর।

বিজ্ঞাপন।

মরিচ উপদ্বীপের গবর্ণমেণ্ট পশ্চাৎ লিখিত যে আইন [illegible] করিয়াছেন তাহা ভারতবর্ষের কৌন্সেলের শ্রীযুত [illegible] সাহেব হজুর কৌন্সেলে প্রাপ্ত হইয়াছেন এবং [illegible] হইতে গমনকারি মজুরেরা সেই উপদ্বীপে [illegible] এবং সেখানে তাহারদের বাসসময়ে তাহারদিগকে [illegible] করণের নিমিত্ত এবং পাঁচ বৎসর অতীত হইলে কিম্বা তাহার পরে যে কোন সময়ে তাহারা ফিরিয়া আসিতে চাহে

lony, and during their residence there, and for their safe return at the expiration of five years, or at any subsequent period when they may desire to return, such as are deemed by him sufficient. It is hereby notified, that in conformity with the provision to that effect contained in Section 1 of Act No XV of this year, the provisions of that Act in respect to the exportation of Emigrants from the Ports of India therein mentioned, will take effect from this day

By order of the Honourable the President in Council,

G A Bushby,
Secy to the Govt of India

ORDINANCE
No 11 of 1842
Mauritius and Dependencies

Enacted by the Honourable the Officer administering the Government of Mauritius with the advice and consent of the Council of Government thereof

Title

For the purpose of securing in favour of Indian Emigrant Labourers the execution of the formalities relative to their future Emigration to the Island of Mauritius

Preamble

Whereas by Her Majesty's Order in Council, under date 15th January of the present year, it is among other provisions enacted, that in the event of any Law being made in British India, authorizing the Emigration to Mauritius of the Natives of India, and repealing the restrictions now in force there in regard to such Emigration, the various Rules and Regulations comprized and set forth in the Schedule to this present Order subjoined, shall, within the Island of Mauritius, have the force and effect of law, and shall be observed and carried in to effect by all Her Majesty's Officers, Civil and Military in Mauritius, and by all Her Majesty's subjects within the said Island, as to them may respectively appertain

And whereas the Government of India has communicated to the Governor of Mauritius, the Draft of a Legislative Act made by that Government for the purpose of repealing in so far as concerns the Island of Mauritius only, the Act No XIV of 1839, establishing general restrictions against the Emigration of Natives of India, and also for regulating in future such Emigration to the Island of Mauritius subject to certain measures to be adopted by the Government of this Colony, for the protection of the Emigrant Labourers from India, during their passage to and residence in the said Island of Mauritius, and also for ensuring the return of the said Emigrant Labourers at the Expiration of five years' residence in the Colony, or at any other subsequent period when they may be desirous of going back to their country—The Honourable the Officer administering the Government in Council has ordered and does hereby order—

Art 1

Date of the putting in force in the Colony of the

সেই সময়ে তাহারদের নির্ব্বিঘ্নে ফিরিয়া আইসনের নিমিত্তে আইন এবং উদ্যোগ করা গিয়াছে এইমত সম্বাদ ভারতবর্ষের কৌন্সেলের শ্রীযুত প্রসীডেণ্ট সাহেবকে দেওয়া গিয়াছে এবং তাহাতে তিনি সম্মত হওয়াতে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে এই বৎসরের ১৫ নম্বরী আইনের ১ ধারার যে বিধি আছে তদনুসারে ঐ আইনের নির্দিষ্ট ভারতবর্ষের বন্দরহইতে গমনকারি ব্যক্তিরদিগকে লইয়া যাওনের বিষয়ে ঐ আইনে যে২ হুকুম আছে তাহা অদ্যাবধি জারী হইবেক।

ভারতবর্ষের কৌন্সেলের শ্রীযুত প্রসীডেণ্ট সাহেবের হুকুমক্রমে।

জি এ বুসবি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

আইন।
১৮৪২ সাল ১১ নম্বর।
মরিচ উপদ্বীপ এবং তাহার অধীন দেশ।

মরিচ উপদ্বীপের শ্রীযুত অনরবিল গবরনর সাহেব ঐ গবর্ণমেণ্টের কৌন্সেলের পরামর্শ ও সম্মতিক্রমে এই আইন জারী করিলেন।

আইনের নাম।

মরিচ উপদ্বীপে আগমনকারি ভারতবর্ষে মজুরেরদের উত্তর কালে আগমনের বিষয়ে যে২ নিয়ম হইয়াছে তাহা ঐ মজুরেরদের পক্ষে জারী করণার্থ আইন।

হেতুবাদ।

যেহেতুক এই বৎসরের ১৫ জানুআরি তারিখে শ্রীশ্রীমতী মহারাণীর হজুর কৌন্সেলের হুকুমের অন্যান্য বিধির মধ্যে এইমত বিধি আছে যে ভারতবর্ষস্থ লোকেরদের মরিচ উপদ্বীপে গমনের বিষয়ে এক্ষণে যে নিষেধ আছে তাহা রদ করণের এবং ঐ ব্যক্তিরদিগকে মরিচ উপদ্বীপে আগমনের অনুমতি দেওনের কোন আইন ভারতবর্ষে করা গেলে ঐ হজুর কৌন্সেলের হুকুমের শেষে লেখা তফসীলে যে নানা বিধি ও হুকুম আছে তাহা মরিচ উপদ্বীপের মধ্যে আইনের মত প্রবল হইবেক এবং মরিচে শ্রীশ্রীমতী মহারাণীর দেওয়ানী ও যুদ্ধসম্পকীয় কর্ম্মকারকের দ্বারা এবং ঐ উপদ্বীপের মধ্যে শ্রীশ্রীমতী মহারাণীর সকল প্রজারদের দ্বারা ঐ নিয়ম যেপর্য্যন্ত সম্পর্ক রাখে সেইপর্য্যন্ত প্রতিপালন ও জারী করা যাইবেক।

এবং যেহেতুক ১৮৩৯ সালের যে ১৪ নম্বরী আইনের দ্বারা ভারতবর্ষীয় ব্যক্তিরদের বিদেশে গমনের বিষয়ে সাধারণ নিষেধ হইয়াছিল কেবল মরিচ উপদ্বীপের সম্পর্কে সেই আইন রদ করণের নিমিত্ত এবং মরিচ উপদ্বীপে ঐ ব্যক্তিরদের গমনের বিষয়ে নিয়ম করণের নিমিত্ত ভারতবর্ষের গবর্ণমেণ্টের এক আইনের মুসাবিদা মরিচ উপদ্বীপের শ্রীযুত গবরনর সাহেবকে জ্ঞাত করা গিয়াছে এবং তাহার বিষয়ে এই হুকুম হইয়াছে যে ভারতবর্ষহইতে আগমনকারি মজুরেরদের সমুদ্রপথে আইসন সময়ে এবং মরিচ উপদ্বীপে বাস করণের সময়ে তাহারদিগকে রক্ষা করিবার নিমিত্ত এবং ঐ উপদ্বীপে পাঁচ বৎসর বাস করণানন্তর অথবা তৎপরে যে কোন সময়ে তাহারা স্বদেশে ফিরিয়া যাইতে চাহে সেই সময়ে তাহারদিগকে নির্ব্বিঘ্নে ফিরিয়া যাইবার উপায়ের নিমিত্ত মরিচের গবর্ণমেণ্ট কোন২ সুনিয়ম করিলে ঐ আইন জারী হইবেক। অতএব মরিচের শ্রীযুত গবরনর সাহেব গবর্ণমেণ্টের হজুর কৌন্সেলে পশ্চাৎ লিখিতমতে হুকুম করিয়াছেন ও করিতেছেন।

১ ধারা।

শ্রীশ্রীমতী মহারাণীর হজুর কৌন্সেলের বর্ত্তমান বৎসরের

Order in Council, dated 15th January of the present year.

Her Majesty's Order in Council, under date 15th January of the present year, as also the Regulations, Conditions, Penalties and all the provisions contained and set forth in the Schedule annexed to such Order, shall have force of Law and be put into execution in the Island of Mauritius from the day on which the Honourable the Officer administering the Government of the Colony shall have made known by a Proclamation, that the Government of India by a definitive Act, has removed the restrictions with respect to the Emigration of Natives of India to the Island of Mauritius, and has regulated the conditions of their future Emigration to this Colony

ART 2

Penal Obligation subscribed in India by the Masters or Captains of Ships conveying Emigrants cognizable at the Mauritius

All Penal Obligations which shall have been established in India with a view to secure on the part of the Master or Captain of any Ship or Vessel conveying Emigrants to Mauritius, the execution of the conditions and formalities prescribed for the conveyance of such Emigrants, either by Her Majesty's Order in Council of the 15th of January last, or by any other Law which may be passed in India for the same object, shall in case of infringement of any of the conditions of the said Obligations be cognizable in the Island of Mauritius and the proceedings for the recovery of the Penalties shall be carried on before the Ordinary Courts of the Colony

ART. 3

Penalty against any Captain who shall not be furnished with the License or Document prescribed by any Law which shall have been passed in India

Confiscation of the Ship.

Every Vessel on which Emigrants may be conveyed to Mauritius, there to be hired and employed as labourers, and which shall not be furnished with the License or Document without which, according to any Law which may be passed in India, no Vessel can be permitted to convey Emigrants shall be liable to be confiscated, and the Master of such Vessel to be prosecuted before the Court of Correctional Police, and condemned in a fine of One Hundred Pounds for each Emigrant thus illegally conveyed

ART 4

Penalty against any Captain who shall introduce into the Colony Emigrants not borne on the List or Duplicate of the Act prescribed.

Every Master or Captain of a Vessel cleared at one of the Ports designated for Emigration and on board of which any Emigrant or Emigrants may or shall be conveyed from India and introduced into Mauritius, there to be hired and employed as a labourer or labourers, who shall not be borne on the List or Duplicate of the List prescribed by the Art 11th of the aforesaid Order in Council, shall

১৫ জানুআরি তারিখের হুকুম মরিচ উপদ্বীপে জারী হওনের তারিখ।

যে দিবস মরিচের শ্রীযুত গবরনর সাহেব ইশ্‌তিহারের দ্বারা সকল লোককে ইহা জানান যে মরিচ উপদ্বীপে ভারতবর্ষীয় লোকেরদের গমনের যে নিষেধ ছিল তাহা ভারতবর্ষের গবর্ণমেণ্ট আইনের দ্বারা রহিত করিয়াছেন এবং মরিচে উত্তর কালে তাহারদের গমনের বিষয়ে আইনের দ্বারা নিয়ম করিয়াছেন সেই দিবসাবধি বর্ত্তমান বৎসরের ১৫ জানুআরি তারিখের শ্রীশ্রীমতী মহারাণীর হজুর কৌন্সেলের হুকুম এবং সেই হুকুমের শেষে লেখা তফসীলের মধ্যে যে সকল বিধান ও নিয়ম ও দণ্ড ও হুকুম আছে তাহা মরিচ উপদ্বীপে আইনের ন্যায় প্রবল হইয়া জারী হইবেক ইতি।

২ ধারা।

গমনকারি মজুরেরা যে জাহাজে চড়িয়া যায় সেই জাহাজের অধ্যক্ষ ভারতবর্ষে যে মুচলকা লিখিয়া দিয়াছিলেন তাহা মরিচ উপদ্বীপে জারী হইবেক।

ঐরূপে গমনকারি মজুরেরদিগকে আনয়নের বিষয়ে যে সকল নিয়ম ও দাঁড়া গত ১৫ জানুআরি তারিখে শ্রীশ্রীমতী মহারাণীর হজুর কৌন্সেলের হুকুমে অথবা সেই অভিপ্রায়ে ভারতবর্ষে করা কোন আইনে লেখা থাকে তাহা প্রতিপালনের নিমিত্ত মরিচে গমনকারি মজুরেরদিগকে বহনিয়া জাহাজের অধ্যক্ষ ভারতবর্ষে যে সকল মুচলকা লিখিয়া দিয়া থাকেন সেই সকল মুচলকার কোন নিয়ম উলঙ্ঘন হইলে সেই অপরাধের বিচার মরিচ উপদ্বীপে হইবেক এবং ঐ অপরাধির স্থানে ঐ জরীমানা পাইবার নিমিত্ত মরিচ উপদ্বীপের সামান্য আদালতে নালিশ হইবেক ইতি।

৩ ধারা।

ভারতবর্ষে করা কোন আইনের দ্বারা যে পরওয়ানা বা অন্য দস্তাবেজ জাহাজের অধ্যক্ষের নিকটে থাকিবার হুকুম আছে তাহা তাঁহার নিকটে না থাকনের দণ্ড।

জাহাজ জব্দ হওন।

যে পরওয়ানা অথবা দস্তাবেজ না পাইয়া ভারতবর্ষহইতে গমনকারি মজুরেরদিগকে লইয়া যাইতে নিষেধ আছে মরিচ উপদ্বীপে বৈতনিকরূপে খাটিবার নিমিত্ত মজুরেরা যে জাহাজের দ্বারা আনীত হয় সেই জাহাজে যদি সেই পরওয়ানা অথবা দস্তাবেজ না থাকে তবে সেই জাহাজ জব্দ হওনের যোগ্য হইবেক এবং ঐ জাহাজের অধ্যক্ষের নামে পোলীসের আদালতে নালিশ হইবেক এবং যে প্রত্যেক মজুরকে সেই ব্যক্তি এইমত বেআইনীতে আনিয়াছেন এমত প্রত্যেক ব্যক্তির নিমিত্ত ১০০ পৌণ্ড করিয়া জরীমানা দিবেন ইতি।

৪ ধারা।

আইনের নিরূপিত তালিকা অথবা তাহার নকলে যে মজুরেরদের নাম লেখা না থাকে তাহারদিগকে মরিচ উপদ্বীপে আনয়ন করিলে-জাহাজের অধ্যক্ষের যে দণ্ড হইবেক তাহা।

বিদেশে গমনকারি ব্যক্তিরদের যাত্রার নিমিত্ত ভারতবর্ষে যে বন্দর নির্দিষ্ট হইয়াছে সেই বন্দরহইতে রওয়া জাহাজে যদি ভারতবর্ষহইতে কোন মজুরদিগকে মজুরী করিবার নিমিত্ত ঐ মরিচ উপদ্বীপে আমান যায় এবং শ্রীশ্রীমতী মহারাণীর হজুর কৌন্সেলের ঐ হুকুমের ১১ দফার নিরূপিত তালিকা অথবা তালিকার নকলে ঐ মজুর বা মজুরেরদের নাম না থাকে তবে ঐ জাহাজের অধ্যক্ষের নামে

be liable, on conviction before the Court of Correctional Police to a fine of Fifty Pounds for each Emigrant not borne on the said list.

ART 5

Penalty against any Captain who shall change or alter the Certificates required for the conveyance of Emigrants

Every Master or Captain of a Vessel cleared from any such Port as aforesaid for Mauritius with Emigrants who after having obtained the prescribed Certificates shall during the course of the voyage fraudulently make or suffer to be made any change or other alteration in the said Certificates, so far as concerns the state of the Ship, the Passengers, Provisions, or any other purpose for which the said Certificates were granted, shall be punishable by a fine of Five Hundred Pounds, independently of any penal clause to which he may be subject under any Obligations entered into in India, on account of the License obtained for the Vessel

ART 6

Penalty against any person who shall counterfeit or falsify any paper or document relative to the conveyance of Emigrants and against any person who shall make use of the same

Every person who shall have forged, counterfeited or falsified any of the papers, certificates, or documents of whatsoever description, required as well by the above mentioned Order in Council as by the Act, which to the same effect shall have been passed by the Government of India, concerning the emigration of Natives of India to Mauritius, and every person who shall have made use of any document thus forged, counterfeited or falsified, shall be punished by the Court of Correctional Police with an imprisonment, which shall not exceed two years, subject, should need require to the application of more severe penalties, conformably to Articles 108 and 109 of the Penal Code in cases of forgery, in what places soever the forgery may have been committed

ART 7

Penalty against any person who shall aid or favour the illegal importation into the Colony of Emigrants from India

Every person who shall have wilfully aided or favoured in any manner whatsoever the importation into the Colony of Emigrant Labourers from India by non-observance or infraction of any of the formalities prescribed as well by the above mentioned Order in Council as by the Act which shall have been passed to the same effect by the Government of India shall be liable to a fine of not less than Fifty Pounds, nor more than Three hundred Pounds, with or without an imprisonment not exceeding one year, which penalty shall be pronounced by the Court of Correctional Police

ART 8

Every Indian Emigrant Labourer is entitled to return passage after five years' residence in the Colony —Duty of Protector

The return passage of all and every Immigrant

পোলীসের আদালতে ঐ তালিকার মধ্যে না লেখা প্রত্যেক মজুরের নিমিত্ত ৫০ পৌণ্ড করিয়া জরীমানা হইবেক ইতি।

৫ ধারা।

বিদেশে গমনকারি ব্যক্তিরদিগকে লইয়া যাওনের নিমিত্ত যে সর্টিফিকটের আবশ্যক আছে তাহা কোন জাহাজের অধ্যক্ষ ফেরফার বা মতান্তর করিলে যে দণ্ড হইবেক তাহা।

পূর্ব্বোক্তমতে নির্দ্দিষ্ট বন্দরহইতে যে কোন জাহাজের দ্বারা মজুর মরিচ উপদ্বীপে আনীত হয় সেই জাহাজের অধ্যক্ষ নিয়মিত সর্টিফিকট পাইলে পর যদি ঐ জাহাজের অবস্থা বা চড়নদার কি আহারীয় দ্রব্যের বিষয়ে অথবা যে কারণে ঐ সর্টিফিকট দেওয়া গিয়াছিল সেই কারণের বিষয়ে পথিমধ্যে ঐ সর্টিফিকটে প্রবঞ্চনা করিয়া কোন ফেরফার বা মতান্তর করেন বা করিতে দেন তবে ঐ জাহাজের অধ্যক্ষ ঐ জাহাজের নিমিত্ত যে পরওয়ানা পাইয়াছিলেন তাহার বাবৎ ভারতবর্ষে যে মুচলকা লিখিয়া দিয়াছিলেন সেই মুচলকায় লিখিত জরীমানার অতিরিক্ত ৫০০ পৌণ্ড জরীমানার যোগ্য হইবেন ইতি।

৬ ধারা।

বিদেশে গমনকারি ব্যক্তিরদিগকে লইয়া যাওনের সম্পর্কে কোন কাগজপত্র বা দস্তাবেজ জাল করণের বা তাহাতে বিপরীত লিখনের দণ্ড এবং যে ব্যক্তি ঐ জাল বা বিপরীত করা কাগজ লইয়া ব্যবহার করে তাহার জরীমানা।

শ্রীশ্রীমতী মহারাণীর হজুর কৌন্সেলের হুকুমক্রমে অথবা ভারতবর্ষের গবর্ণমেণ্টের কোন আইনক্রমে ভারতবর্ষীয় লোকেরদিগকে মরিচ উপদ্বীপে লইয়া যাওনের বিষয়ে যে কোন কাগজপত্র বা সর্টিফিকট বা কোন দস্তাবেজ প্রস্তুত করণের হুকুম আছে সেই প্রকার কাগজপত্র ইত্যাদি যে কোন ব্যক্তি জাল করে কিম্বা তাহাতে বিপরীত লেখে এবং সেই জালকরা বা বিপরীতহওয়া কাগজপত্র যে ব্যক্তি লইয়া ব্যবহার করে সেই২ ব্যক্তি পোলীসের আদালতের দ্বারা দুই বৎসরের অধিক না হয় এমত মিয়াদে কয়েদ হওনের যোগ্য হইবেক এবং ঐ জাল যে স্থানে করা হউক আবশ্যক হইলে জাল করণের মোকদ্দমায় মরিচ উপদ্বীপে ফৌজদারী আইনের ১০৮ ও ১০৯ ধারার নিয়মানুসারে অধিক কঠিন দণ্ডের যোগ্য হইবেক ইতি।

৭ ধারা।

বিদেশে গমনকারি ব্যক্তিরদিগকে ভারতবর্ষহইতে মরিচ উপদ্বীপে বেআইনীমতে আনিতে যে ব্যক্তি সাহায্য বা আনুকূল্য করে তাহার দণ্ড।

শ্রীশ্রীমতী মহারাণীর হজুর কৌন্সেলের পূর্ব্বোক্ত হুকুমে এবং ভারতবর্ষের গবর্ণমেণ্টের করা আইনে যে সকল বিধান নির্দ্দিষ্ট আছে সেই২ বিধান প্রতিপালন না করিয়া অথবা তাহা উল্লঙ্ঘন করিয়া যে ব্যক্তি ভারতবর্ষহইতে মরিচ উপদ্বীপে গমনকারি মজুরেরদিগকে আনয়ন করিতে জানিয়া শুনিয়া কোন প্রকারে সাহায্য বা আনুকূল্য করে সেই ব্যক্তি এক বৎসরের অনধিক মিয়াদে কয়েদের সহিত বা কয়েদছাড়া ৫০ পৌণ্ডের কম ৩০০ পৌণ্ডের অধিক না হয় এমত জরীমানার যোগ্য হইবেক। এবং পোলীসের আদালত সেই জরীমানার হুকুম দিবেন ইতি।

৮ ধারা।

ভারতবর্ষহইতে আগত প্রত্যেক মজুর মরিচ উপদ্বীপে পাঁচ বৎসর বাস করিলে পর স্বদেশে ফিরিয়া যাইতে অধিকার রাখে।—মজুররক্ষকের কর্ত্তব্য কার্য্য।

ভারতবর্ষজাত যে প্রত্যেক মজুর ও মজুরেরা মরিচ

labourer and labourers, Natives of India, who after five years residence in the Colony, shall desire to return to their country, shall be paid out of the Immigration Fund and for that purpose advanced by the Colonial Treasurer upon an order on him to be given by the Governor

For this purpose the Protector to be named for the said Immigrants in the Island of Mauritius, shall inform and assure himself by a personal communication with each and every such Immigrant who shall have been hired and employed as labourer in this Colony for five years whether it be his or her wish and intention to return to their own country, and if any such Immigrant shall express such to be his or her wish or intention, then it shall be the duty of such Protector to take all necessary measures for procuring and providing every such Immigrant a return passage as before mentioned, but nevertheless without prejudice to the right of every such Immigrant to leave the Colony and return to his own country at his own expense, before the expiration of the said five years

ART 9

Certificate of the Protector necessary for the validity of any contract of service with any Indian Immigrant Labourer having resided five years in the Colony

Conformably to the preceding Article it shall not be lawful for the Stipendiary Magistrates, or any other competent authority to sanction, authorize or allow any contract of service, with any Indian Emigrant Labourer who shall have resided five years and more in the Colony, otherwise than upon a Certificate granted by the Protector, certifying that such Immigrant Labourer is no longer desirous of returning to his country

Every Contract for Hiring without this previous formality shall be null and void

ART 10

Date of the putting in force of the present Ordinance

The present Ordinance shall have force and shall be carried into effect from the day which shall for that purpose be fixed by a Proclamation of the Governor

Passed in Council at Port Louis, Island of Mauritius, this Twentieth day of August 1842

(Signed) D W RICKETTS,
Secy to the Council

(A true Copy)
(Signed) GEO F DICK
Colonial Secretary

(A true Copy)
G A BUSHBY
Secy to the Govt of India

উপদ্বীপে পাঁচ বৎসর বাস করণের পর স্বদেশে ফিরিয়া যাইতে চাহে তাহারদের ফিরিয়া যাইবার জাহাজের ভাড়া আগমনকারি মজুরসম্পর্কীয় সরকারী টাকা হইতে দেওয়া যাইবেক এবং মরিচ উপদ্বীপের খাজাঞ্চী তথাকার শ্রীযুত গবরনর সাহেবের হুকুম পাইয়া সেই টাকা দিবেন ইতি।

এই নিমিত্ত মরিচ উপদ্বীপে ঐ আগমনকারি মজুরেরদের রক্ষা করিবার নিমিত্ত যে সাহেব নিযুক্ত হন তিনি ঐ মরিচ উপদ্বীপে পাঁচ বৎসরপর্য্যন্ত যে২ মজুর বেতন পাইয়া খাটিয়াছে এমত প্রত্যেক মজুরের সঙ্গে নিজে কথোপকথন করিয়া নিশ্চয়রূপে অবগত হইবেন যে ঐ মজুর স্বদেশে ফিরিয়া যাইতে চাহে কি না এবং যদি ঐ বিদেশহইতে আগত ব্যক্তি আপনার সেইরূপ ইচ্ছা জানায় তবে ঐ রক্ষক সাহেবের কর্ত্তব্য যে পূর্ব্বোক্ত মতে ঐ বিদেশহইতে আগত ব্যক্তিকে স্বদেশে ফিরিয়া পাঠাইবার নিমিত্ত যে সকল উদ্যোগের আবশ্যক তাহা করেন কিন্তু ঐ বিদেশহইতে আগত প্রত্যেক ব্যক্তি পাঁচ বৎসর অতীত না হইলে আপন খরচে আপন দেশে ফিরিয়া যাইবার অধিকার রাখে ইতি।

৯ ধারা।

ভারতবর্ষহইতে আগত মজুর পাঁচ বৎসরপর্য্যন্ত মরিচ উপদ্বীপে বাস করণের পর ঐ রক্ষক সাহেবের সর্টিফিকটভিন্ন খাটনির বন্দোবস্ত করিলে তাহা অসিদ্ধ হইবেক।

পূর্ব্বোক্ত ধারানুসারে বেতনভোগি মাজিষ্ট্রেট বা অন্য ক্ষমতাপ্রাপ্ত কর্ম্মকারকের এমত ক্ষমতা নাই যে ভারতবর্ষ হইতে আগত যে মজুর পাঁচ বৎসরপর্য্যন্ত কিম্বা ততোধিক কাল ঐ উপদ্বীপে বাস করিয়াছে সেই মজুর যদি রক্ষক সাহেবের নিকটে এইমত সর্টিফিকট না পায় যে ঐ মজুর স্বদেশে ফিরিয়া যাইতে চাহে না তবে তাহাকে খাটনির বিষয়ে কোন বন্দোবস্ত করিতে হুকুম কিম্বা অনুমতি দেন।

এইরূপ সর্টিফিকট না পাইয়া যে সকল খাটনির বন্দোবস্ত হয় তাহা রদ ও বাতিল হইবেক ইতি।

১০ ধারা।

এই আইন জারী হওনের তারিখ।

এই আইন জারী করণের যে তারিখ মরিচের শ্রীযুত গবরনর সাহেব ইশতিহারের দ্বারা প্রকাশ করেন সেই তারিখঅবধি তাহা জারী হইবেক।

মরিচ উপদ্বীপের পোর্ট লুইস শহরে ১৮৪২ সালের ২০ আগষ্ট তারিখে হজুর কৌন্সেলে জারী হইল।

ডি ডবলিউ রিকেট্স।
কৌন্সেলের সেক্রেটারী।

যথার্থ নকল। জর্জ এফ ডিক।
কলোনিয়াল সেক্রেটারী।

যথার্থ নকল। জি এ বুসবি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

SUDDER DEWANNY ADAWLUT

Rule in Cases of Special Appeal, by the Sudder Dewanny Adawlut

Parties engaging Pleaders to present application for the admission of Special Appeal, must distinctly state in their Wakulutnamahs, whether the Pleader

সদর দেওয়ানী আদালত।

সদর দেওয়ানী আদালত খাস আপীলের বিষয়ে যে বিধান করিয়াছেন তাহা।

কোন বাদী কি প্রতিবাদী খাস আপীলের দরখাস্ত দাখিল করিবার নিমিত্ত উকীলদিগকে নিযুক্ত করিলে তাহারদের উচিত যে ঐ উকীলনামায় কেবল ঐ প্রথম দরখাস্ত

is merely to make the preliminary application, or to conduct the case to its final issue.

25th Nov 1842

J HAWKINS, *Register.*

রাখিল করিবেন কি চূড়ান্ত নিষ্পত্তি না হওয়াপর্য্যন্ত মোকদ্দমা নির্ব্বাহ করিবেন ইহা তাহারদের ওকালৎনামায় স্পষ্ট করিয়া লেখে ।

১৮৪২ । ২৫ নবেম্বর ।

জে হকিন্স । রেজিষ্টর ।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator*

CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE

সদর বোর্ড রেবিনিউর সরকুল্যর অর্ডর ।

No 26.

From the Secretary to the Sudder Board of Revenue to the Commissioner of Revenue for the Division of ———

I am directed by the Sudder Board of Revenue to transmit for your information and for Communication to your Subordinates the accompanying Copy of the orders of Government, No 1304, dated 24th ultimo, prescribing rules to be observed whenever it may be necessary that Sales under Act XII of 1841 should be held by Uncovenanted Deputy Collectors

E CURRIE, *Secretary*

Fort William, 9th November, 1842

২৬ নম্বর ।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের নিকটে সদর বোর্ড রেবিনিউর সেক্রেটারী সাহেবের পত্র ।

১৮৪১ সালের ১২ আইনানুসারে ভূমি নীলাম অচিহ্নিত ডেপুটী কালেক্টরের দ্বারা করিতে হইলে যে২ বিধানের মতাচরণ করিতে হইবেক তাহার বিষয়ি গত মাসের ২৪ তারিখের ১৩০৪ নম্বরী গবর্ণমেণ্টের হুকুমের নকল তোমার বিজ্ঞাপন এবং তোমার অধীন কার্য্যকারকদিগকে জানাইবার নিমিত্ত সদর বোর্ডের আজ্ঞাক্রমে তোমার নিকটে পাঠাইতেছি ।

ই করি । সেক্রেটারী ।

ফোর্ট উলিয়ম । ১৮৪২ । ৯ নবেম্বর ।

No. 1304

From the Secretary to the Government of Bengal Revenue Department, to E Currie, Esq Secretary to the Sudder Board of Revenue, dated Fort William, the 24th October, 1842.

With reference to your letter No 207 of the 6th June last, submitting, in consequence of a reference from Government the Board's opinion on the power of Uncovenanted Deputy Collectors to hold Sales under Act XII. 1841, I am directed by the Honourable the Deputy Governor of Bengal to request that the following Rules may in future be observed on the subject

2nd. No Uncovenanted Deputy Collector should be allowed to hold Sales without express authority from Government in each instance, if there be time to obtain such authority The application for authority should specify the name of the Deputy Collector who may have been selected for the purpose, and if there be more than one such officer in the District, the reasons for the selection

3rd If owing to urgent circumstances, the Commissioner, or in cases still more urgent, the Collector find it necessary to empower a Deputy Collector, without previous reference to higher authority, to hold sales under Clause VI Act XII 1841, a report of the circumstances is immediately to be made, through the proper channel, for the confirmation of Government.

F J. HALLIDAY,

Secy to the Govt. of Bengal.

Fort William, 24th October, 1842.

১৩০৪ নম্বর ।

সদর বোর্ড রেবিনিউর সেক্রেটারী শ্রীযুত ই করি সাহেবের নিকটে রেবিনিউ ডিপার্টমেণ্টে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের পত্র । ফোর্ট উলিয়ম ১৮৪২ । ২৪ অক্টোবর ।

১৮৪১ সালের ১২ আইনমতে ভূমি নীলাম করিবার অচিহ্নিত ডেপুটী কালেক্টরের ক্ষমতার বিষয়ে গবর্ণমেণ্টের জিজ্ঞাসা করাতে বোর্ডের যে মত গত জুন মাসের ৬ তারিখের ২০৭ নম্বরী তোমার পত্রে লিখিয়াছ সেই পত্রের সম্পর্কে বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবরনর সাহেব হুকুম করিতেছেন যে সেই বিষয়ে উত্তর কালে নীচের লিখিত বিধানমতে কর্ম্ম করা যায় ।

২ । প্রত্যেক গতিকে গবর্ণমেণ্টের অনুমতি পাইবার সময় থাকিলে গবর্ণমেণ্টের বিশেষ অনুমতি না পাইলে অচিহ্নিত কোন ডেপুটী কালেক্টর ভূমি নীলাম করিতে পারিবেন না । যে ডেপুটী কালেক্টরকে ঐ কার্য্যের নিমিত্ত পসন্দ করা গিয়াছে তাঁহার নাম ঐ অনুমতি পাইবার দরখাস্তে লেখা থাকিবেক এবং যদি ঐ জিলার মধ্যে কএক জন ডেপুটী কালেক্টর থাকেন তবে যে কারণে ঐ ব্যক্তিকে পসন্দ করা গিয়াছে তাহা ঐ দরখাস্তে লেখা থাকিবেক ।

৩ । যদি আবশ্যক গতিকে কমিস্যনর সাহেব কি অত্যাবশ্যক গতিকে কালেক্টর সাহেব বোধ করেন যে উপরিস্থ কার্য্যকারকেরদের অনুমতি না লইয়া ১৮৪১ সালের ১২ আইনের ৬ ধারানুসারে ভূমি নীলাম করিতে ডেপুটী কালেক্টরকে ক্ষমতা না দিলে নয় তবে গবর্ণমেণ্টে তাহা মঞ্জুর হওনের নিমিত্ত উপযুক্ত কার্য্যকারকের দ্বারা ঐ বিষয়ের রিপোর্ট তৎক্ষণাৎ করিতে হইবেক ।

এফ জে হালিডে ।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী ।

কোর্ট উলিয়ম ১৮৪২ । ২৪ অক্টোবর ।

JOHN C MARSHMAN, *Bengalee Translator*

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৪২ । ১৩ ডিসেম্বর ।]

FORT WILLIAM,
SECRET DEPARTMENT
THE 30TH NOVEMBER, 1842
NOTIFICATION,
POLITICAL DEPARTMENT,

SIMLA, THE 16TH NOVEMBER, 1842.

The Governor General is pleased to direct the publication of the following letter, which translated into the Hindee language, has been transmitted to the several Princes and Chiefs to whom it is addressed, and circulated generally throughout India.

By Order of the Right Honourable the Governor General of India.

T. H. MADDOCK,
Secy. to the Govt. of India
With the Governor General.

FROM THE GOVERNOR GENERAL TO ALL THE PRINCES AND CHIEFS, AND PEOPLE OF INDIA.

My Brothers and my Friends,

Our victorious army bears the gates of the temple of Somnauth, in triumph from Affghanistan, and the despoiled tomb of Sultan Mahmood looks upon the ruins of Ghuznee.

The insult of 800 years is at last avenged. The gates of the temple of Somnauth, so long the memorial of your humiliation, are become the proudest record of your national glory, the proof of your superiority in arms over the nations beyond the Indus.

To you, Princes and Chiefs of Sirhind, of Rajwara, of Malwa, and of Guzerat, I shall commit this glorious trophy of successful war.

You will yourselves, with all honour, transmit the gates of sandal wood through your respective territories to the restored temple of Somnauth.

